শব্দার্থ প্রকাশিকা।

অর্থাৎ

বিবিধ কোষহইতে সঙ্কলিত বহুতর শব্দের

ধাতু সম্বলিত

অর্থ প্রকাশক গ্রন্থ।

শ্রীকেদারনাথ ভট্টাচার্য্য এবং শ্রীযদুনাথ চট্টোপাধ্যায়ের সাহায্যে

শ্রীকেশবচন্দ্র রায় কর্ম্মকার কর্ত্তৃক সংগৃহীত

হইয়া

শ্রীযুত বিশ্বম্ভর লাহার অনুমত্যনুসারে

শ্রীরামপুর

চন্দ্রোদয় যন্ত্রে মুদ্রাঙ্কিত হইল।

শকাব্দাঃ ১৭৮৩ সন ১২৬৮

এই গ্রন্থ যাঁহার প্রয়োজন হইবেক তিনি কলিকাতার চিৎপুর রোড, ৯৭২ নং স্থানে তত্ত্ব করিলে প্রাপ্ত হইবেন।

মূল্য ৩ তিনটাকামাত্র।

ভূমিকা।

বঙ্গভাষার শ্রীবৃদ্ধি সাধনজন্য অনেকানেক সুধীগণ কর্তৃক বহুবিধ সংপুস্তক প্রকাশিত হওয়াতে এতদ্ভাষা দিন দিন বহুল শব্দাশ্রয় হইতেছে। শব্দসমুদ্র সংস্কৃত ভাষা এতদ্ভাষার জননী বলিয়া গ্রন্থকারেরা তদ্ভাষাহইতে অসংখ্য শব্দ আহরণপূর্ব্বক বঙ্গভাষার অঙ্গসৌষ্ঠব করিতে সর্ব্বদা প্রবৃত্ত [illegible] তদ্ভাষার এতাদৃশী পুষ্টিতা প্রাপ্তি হইয়াছে যে কোন অভিনব অভিধানের আশ্রয় ব্যতিরিক্ত এতদ্ভাষায় ভাষিত বহুল সংস্কৃত শব্দ পরিপূরিত গ্রন্থ সকলের ভাবার্থ বোধগম্য হওয়া সুকঠিন। যদিও অভিধানের অপ্রতুল নাই, শব্দাম্বুধি, শব্দ কল্পদ্রুম, উইলসন সাহেবের সংস্কৃত অভিধান এবং কেরিসাহেবকৃত বাঙ্গালা ইংরাজী অভিধান, ও অন্যান্য অনেক অভিধান বিদ্যমান আছে তথাচ শব্দাম্বুধি ভিন্ন অন্যান্য অভিধান সকল ভিন্ন ভাষায় ভাষিত প্রযুক্ত শুদ্ধ বঙ্গ-ভাষাভিজ্ঞ ব্যক্তিগণের পক্ষে অকর্ম্মণ্য। বিশেষতঃ বঙ্গভাষা সংস্কৃত মূলক হেতু এতদ্ভাষার প্রত্যেক শব্দের মুল সংস্কৃত ধাতু হইতে সঙ্কলিত হইয়াছে। বঙ্গভাষার উত্তমরূপ পরিজ্ঞানার্থ যে শব্দ যে ধাতু হইতে নিষ্পন্ন হইয়াছে তাহা জ্ঞাত হওয়া নিতান্ত আবশ্যক, কিন্তু শব্দাম্বুধি প্রভৃতি শুদ্ধ বঙ্গীয় অভিধানে তাদৃশ নিয়মে ধাতুসকল বিবৃত না থাকায় অনেকানেক সাধুভাষাধ্যায়ি সাধুগণের শব্দার্থ সাধন বিষয়ে সম্পূর্ণ পরিতৃপ্তি জন্মে না। এই হেতু সকল শব্দের ধাতু এবং অর্থ সহিত "শব্দার্থ প্রকাশিকা" নামে এই এক অভিনব অভিধান সংগৃহীত হইল ইহাতে শব্দাম্বুধি অপেক্ষা অন্যূন চারি সহস্র শব্দ অধিক সঙ্কলিত হইয়াছে, এবং প্রায় সকল শব্দের ধাতু লিখিত হইয়াছে কেবল এক ধাতু নিষ্পন্ন বহুশব্দ পর্য্যায়ক্রমে থাকিলে পুনরুক্তি না করিয়া সেই সকল শব্দের কেবল প্রতিশব্দমাত্র উক্ত হইয়াছে, এবং অনেকানেক যৌগিক শব্দের ধাতু লিখিত হয় নাই তাহার কারণ এই যে সেই শব্দসকল যে যে শব্দযোগে নিষ্পন্ন হইয়াছে তাহার ধাতু সেই২ স্থলে দৃষ্টি করিলে প্রাপ্ত হইতে পারিবেন, যে স্থলে ধাতু লিখিত হইয়াছে তাহার উভয় পার্শ্বে "( )" এই চিহ্ন দেওয়া হইয়াছে, এবং যাবনিক শব্দের স্থলে (যাং) এই চিহ্ন প্রদত্ত হইয়াছে ইতি।

শব্দার্থ প্রকাশিকা

অ, আদ্য স্বর; বিষ্ণু; আক্ষেপোক্তি; অ
ভাব; নিষেধ; অল্প। যে শব্দের পূর্ব্বে থাকে
তাহার অর্থের অন্যথা হয় যথা—অকর্ম্মণ
অর্থাৎ কর্ম্মের উপযুক্ত নহে। বিভিন্ন ও
নাদৃশ্যের ভাবার্থবোধক স্বরবর্ণের পূর্ব্ব
হইলে অন হয়, যথা—অধিক, অনধিক।
অই, (অসম্) পূর্ব্বস্মৃত; সম্মুখস্থিত, দৃষ্টি
গোচর, সমক্ষে উপস্থিত, নয়নাগ্রবর্ত্তী
পুরোবর্ত্তী; ওখানে।
অইন, (অল্প) ক্ষুদ্র গাছ; মদ্য বিশেষ।
অঋণী, (অ-ঋণ) যে ঋণগ্রস্ত নহে, ঋণ
রহিত, দেনারহিত।
অওঘর্ষণ, (অব-ঘৃষ) সঙ্গীতে স্বরের ঐক্যতা
অওরো, (অব-রুহ) অভীবর্ণ, অষ্টম স্বরহ-
ইতে ক্রমশঃ নামান।
অংশ, ভাগ, বণ্টন, বিলী, পৃথক্।
অংশক, (অংশ) জ্ঞাতি, দায়াদ, অংশাধি-
কারী; ভাগ; দিন।
অংশকরণ, (অংশ-কৃ) বিভাগকরণ, ভাগ-
নির্দ্দেশ করা, বণ্টন। [ক্কীয়
অংশগত, ভাগভুক্ত, অংশনিষ্ঠ, ভাগ সম্ব-
অংশনির্ণয়, বিভাগকরণ, ভাগ নিরূপণ,
ভাগনির্দ্দেশ। [ভাগী
অংশভাজ, (অংশভাক্) উত্তরাধিকারী.
অংশয়িতব্য, (অংশ) বিভাজ্য, অংশনীয়।
অংশল (অংশ) বলবান, শক্তিমন্ত, হৃষ্টপুষ্ট
অংশহর, (অংশ-হৃ) ভাগী, অংশের অধি
কারী; অংশ হরণকারী, অংশলোপকারী
অংশাংশ, (অংশ-অংশ) বণ্টন, বিভাগ;
ভিন্ন ভিন্ন অংশ; পৃথক পৃথক ভাগ।
অংশাংশি (অংশ-অংশ) পরস্পর অংশ-
করণ, বণ্টন, বিভাগ করণ।
অংশাকাঙ্ক্ষক, (অংশ-আকাঙ্ক্ষ) অংশাভি-
লাষী

অংশাপহারক, (অংশ-অপ হৃ) অংশ হরণ
কর্ত্তা, অংশহারী।
অংশাপেক্ষক, (অংশ-অপ-ঈক্ষ) অংশ প্র-
তীক্ষক, ভাগপ্রাপ্তেচ্ছুক। [প্রেচ্ছুক।
অংশাভিলাষী (অংশ-অভি-লষ) ভাগ প্রা-
অংশিত, (অংশ) বিভক্ত, পৃথককৃত।
অংশিতা, (অংশ) ভাগিতা, বিভাগিত্ব,
ভাগাধিকার, অংশহরণে ক্ষমতা।
অংশিত্ব, (অংশ) ভাগাধিকার, অংশগ্রহ-
ণের স্বত্ব। [ভাগাধিকারী।
অংশী, (অংশ) ভাগী, অংশযোগ্য, ভাগার্হ,
অংশু, (অশ) কিরণ, প্রভা, রশ্মি, দীপ্তি;
সূত্রাদির সূক্ষ্মাংশ, আঁশ; সূর্য্য।
অংশুক, (অংশু) বসন; সূক্ষ্মবস্ত্র; উত্তরীয়
বস্ত্র; পত্র বিশেষ অর্থাৎ তেজপাত।
অংশুধর, (অংশু-ধৃ) সূর্য্য, রবি, আদিত্য,
ভানু; সূর্য্যবংশীয় অসমঞ্জ রাজা।
অংশুভর্ত্তা, (অংশুভর্ত্তৃ) সূর্য্য, রবি, দিবা-
কর, প্রভাকর। [ইন গাছ।
অংশুমতী, (অংশু) শালপর্ণী বৃক্ষ, শালপা-
অংশুমৎ (অংশু) জ্যোতিঃপদার্থ হইতে
নির্গত রশ্মি, জ্যোতিবিশিষ্ট, কিরণযুক্ত
দীপ্তিমান; প্রভাযুক্ত। [কলাগাছ।
অংশুমৎফলা, (অংশুমৎ-ফল) কদলীবৃক্ষ,
অংশুমান, (অংশু) সূর্য্য; অসমঞ্জ রাজপু-
ত্র অর্থাৎ সগর রাজার পৌত্র। [শুল
অংশুমালা, (অংশু) জ্যোতির্মালা, সূর্য্যাং-
অংশুমালী, (অংশু) সূর্য্য, রবি, ভানু।
অংশুল, (অংশু) চাণক্য মুনি, মুনি বিশেষ;
উজ্জ্বল, সুন্দর, জ্যোতির্যুক্ত।
অংশুবান, (অংশু) সূর্য্য, দিবাকর, ভাস্কর।
অংশুহস্ত, ভানু, সূর্য্য, দিবাকর। [ভাগকৃৎ
অংস, স্কন্ধ, কন্ধর, কাঁধ স্কন্ধাস্থি; পৃথক-কৃৎ

হ, (অংহস) পাপ, পাতক, দুষ্কৃত, কলুষ।
[illegible]তি, (অংহ-অতি) দান; ত্যাগ; রোগ, পীড়া।
অংহিতি, (অংহ-অতি) বিতরণ, দান, অ-ন্যের উদ্দেশে স্বত্বত্যাগ। [বৃক্ষমূল
অংহ্রি, (অংহ্রি-ক্রিণ্) পদ. চরণ, চতুর্থাংশ;
অংহ্রিপ, (অংহ্রি-পা) তরু, বৃক্ষ, দ্রুম, গাছ
অংহ্রিস্কন্ধ, গুল্ফ, পায়ের গোড়ালী।
অংকোঠ, (অঙ্কোঠ) বৃক্ষ বিশেষ
অক, (অ-ক) বক্রগতি-ক্রু, বক্রগমন-ক্রু।
অকঙ্কর, (অ-কঙ্কর) কঙ্করহীন, কাঁকর রহিত।
[illegible]কেতুগ্রহ; কেশশূন্য মুণ্ড, মুণ্ডিত মস্তক, নেড়া; ক্রান্তিপাত চিহ্ন; পৃথিবীর ছায়া। [বলোকন
অকটাক্ষ, (অ-কটাক্ষ) একদৃষ্টে দেখন, অ-
অকটু, (অ-কটু) সুস্বাদু, কটুতারহিত।
অকট্কিনা, (অকঠিন) অকঠিন; অপ্রতি-বন্ধক।
অকঠিন, কোমল, মৃদু, নরম।
অকঠোর, সহজ, সরল, অকর্কশ। [হীন
অকড়িয়া, (অকড়ি) ধনহীন, দরিদ্র; মূল্য-
অকণ্টক, নিঃসপত্ন, শত্রুরহিত, নিরুপদ্রব;
অকণ্ঠস্থ, অনভ্যাস্ত, মুখস্থ না করণ।
অকণ্ডুয়ন, নখাঘাত না করণ, না চুলকান।
অকথা, কুকথা; মন্দ কথা, অপভাষা।
অকথ্য, (অকথা) অবক্তব্য; ব্যক্ত করণানর্হ
অকনিষ্ঠ, কনিষ্ঠ ভিন্ন জ্যেষ্ঠ; প্রধান; শ্রেষ্ঠ
অকপট, চাতুর্য্যহীন, অচ্ছল, সরল। [রিক্ত
অকরজ, (অ-করজ) অনধিকার, ক্ষমতাতি-
অকবি, কবিশূন্য; কবিতাশক্তি রহিত; অধম কবি।
অকম্প, কম্পন না, স্থির।
অকম্পজ্বর, যে জ্বরেতে কম্প না হয়।
অকম্পিত, কম্পরহিত; বৌদ্ধগণাধিপ।
অকর, হস্তহীন, নিষ্কর।
অকরণি, (অ-কৃঞ) আক্রোশ, শাপ, অভিসম্পাত, নৈরাশ্য।
অকরণীয়, করণের উপযুক্ত নহে, অশক্য, যাহা হইতে পারে না।
অকরা, আমলকী; কররহিত। [নিষ্ঠুর
অকরুণ, (অকরুণা) করুণাশূন্য, নির্দয়,
অকর্কশ, কোমল, স্নিগ্ধ, নরম।
অকর্জ্জ, অঋণী, কর্জ্জরহিত, ধাররহিত।

অকর্ণ, কর্ণেন্দ্রিয় রহিত, বধির, কালা।
অকর্ণবেধ, কর্ণবিদ্ধ রহিত, যবন।
অকর্ত্তন, কর্ত্তন না করা; বামন, খর্ব্ব, খাট
অকর্ত্তব্য, অকরণীয়, অকার্য্য, কর[illegible]
অকর্ত্তা (অ-কর্ত্তৃ) কর্ত্তা নহে, কারণ
অকর্ত্তৃক, (অ-কর্ত্তৃ) কর্ত্তারহিত, বিশৃঙ্খ[illegible] অশাসন।
অকর্ত্তৃবাচ্য, সকর্ম্মক নহে, অকর্ম্মক
অকর্ম্ম, কুক্রিয়া কদর্য্য কার্য্য, কুৎসিত নিরর্থক কর্ম্ম।
অকর্ম্মকক্রিয়া, যে ক্রিয়ার কর্ম্ম নাই, [illegible] শূন্য ধাতু। [অকেজো।
অকর্ম্মণ্য, কর্ম্মের অযোগ্য, ক্রিয়ানুপযুক্ত,
অকর্ম্মা, (অ-কর্ম্মণ) কার্য্যাক্ষম; নিষ্কর্ম্মা; বিপরীত কর্ম্মকারী।
অকর্ম্মান্বিত, দুষ্কর্ম্মযুক্ত, কুকর্ম্ম বিশিষ্ট।
অকল, (যাং) বুদ্ধি, জ্ঞান।
অকলঙ্ক, নির্দোষ, নির্ম্মল, স্বচ্ছ।
অকল্ক, ফেণা রহিত, পাকার্থ উষ্ণীকৃত তৈলাদির ফেণ বিগম;
অকল্কা, জ্যোৎস্না; কল্করহিত, ফেণাহীন
অকল্পন, প্রকৃত, যথার্থ, কল্পনা না করা; অনারোপিত।
অকল্পিত, (অকল্পন) কল্পনারহিত অকাল্প-নিক, অকৃত্রিম; যথার্থ।
অকল্য, রোগী, পীড়িত; অসমর্থ।
অকল্যাণ, অমঙ্গল, অশুভ, মন্দ।
অকষায়, কটু নহে, সুস্বাদ।
অকষ্ট, কষ্ট রহিত, ক্লেশহীন, স্বচ্ছন্দ।
অকষ্টবদ্ধ, অপ্রতীকার্য্য, আপদ, অপ্রতি বিধেয় সঙ্কট, পেঁচ।
অকস্মাৎ, দৈবাৎ, হঠাৎ, সহসা, বিনা কারণে
অকাণ্ড, অকস্মাৎ, হঠাৎ।
অকাতর, দুঃখ বোধ হীন; অনায়াস।
অকাপট্য, কপটতাশূন্য, অচ্ছল, সরল।
অকাম, অনিচ্ছুক, নিষ্কাম, ইন্দ্রিয়পরাঙ্মুখ
অকামকার, অনিচ্ছাপূর্ব্বক করণ, আহ্লাদ পূর্ব্বক না করণ।
অকাম্য, অনিচ্ছনীয়, অনভিলষনীয়।
অকায, কুক্রিয়া, কুকর্ম্ম, মন্দ কার্য্য।
অকার, (অ-কৃ) অ অক্ষর, আদ্য স্বর।
অকারণ, কারণশূন্য, নির্হেতু, ব্যর্থ।
অকারান্ত, (অকার-অন্ত) যে শব্দের শেষে অ আছে।

অকার্পণ্য, কৃপণতা রহিত, কৃপণাভাব

অকার্কশ্য, কোমলতা, মৃদুতা, কঠিনতার অভাব

অকার্য্য, কার্য্যাভাব ; কুৎসিত বা নিন্দিত কর্ম্ম ; অপকর্ম্ম ; কার্য্যাযোগ্য।

অকাল, অপ্রশস্ত কাল ; অশুদ্ধ কাল, অসময় ; অন্নাভাব, দুর্ভিক্ষ।

অকালকুষ্মাণ্ড, দুষ্কর্ম্মা ; দুর্লক্ষণ ; অকাল জাত কুমড়া।

অকালকুসুম, অসময়ের ফুল, অকাল প্রস্ফো- [টিত পুষ্প

অকালজ, উপযুক্ত কালের পূর্ব্বে অথবা পরে জাত, অসময়োৎপন্ন।

অকালজলদোদয়, কুজ্ঝটিকা, কুয়াসা।

অকালসহ, অধৈর্য্য, অপক্ক।

অকিঞ্চন, দরিদ্র, ধনহীন, নিঃস্ব।

অকিঞ্চনতা, দারিদ্র্য, নির্ধনতা, নিঃস্বতা।

অকিঞ্চিৎ, তুচ্ছ ; সামান্য ; হেয় ; কিছুই নয়

অকিঞ্চিৎকর, যাহাতে কিছুই হয় না, তুচ্ছ, ।

অকিল্বিষ, নিষ্পাপ, পাপ রহিত।

অকীর্ত্তি, অযশঃ, অখ্যাতি, দুর্নাম। [কারক

অকীর্ত্তিকর, অযশস্কর, অযশস্য ; অখ্যাতি-

অকুটিল, সরল, খল নহে, অবক্র।

অকুতোভয়, নিঃশঙ্ক, নির্ভয়, সাহসী।

অকুৎসিত, অনিন্দিত, সুন্দর, সম্ভ্রান্ত।

অকুণ্ঠ, অসঙ্কুচিত।

অকুণ্ঠিত, অসঙ্কুচিত, অক্ষুব্ধ।

অকুপিত, অক্রোধিত, শান্ত।

অকুপ্য, স্বর্ণ ; রূপ্য।

অকুল, মন্দ বংশ, ইতর বংশ।

অকুলন, অনাটন, অপ্রতুল, অভাব।

অকুলীন, কুল মর্য্যাদা হীন ; জঘন্য, ইতর।

অকুশল, অমঙ্গল ; অপারক।

অকুশলী, অমঙ্গলযুক্ত ; পীড়িত।

অকূট, অকৃত্রিম, যথার্থ।

অকূপার, জলধি, সাগর, সমুদ্র।

অকূবক, (যাং) বুদ্ধি, জ্ঞান। [অচ্ছল।

অকূর্চ্চ, বুদ্ধ ; কৈতব শূন্য, কাপট্যরহিত,

অকূল, কূলহীন, অপার, কিনারা রহিত।

অকূলপাথার, অগাধ জল ; মহাবিপদ ; যাহার কূল পাওয়া যায় না

অকৃত, (অ-কৃ) অনিষ্পাদিত, অসম্পন্ন ; নিরর্থক, বৃথা

অকৃতকার্য্য, নিষ্ফল, অসাফল্য।

অকৃতজ্ঞ, কৃতঘ্ন, প্রত্যুপকার স্বীকারের বোধশূন্য ব্যক্তি।

অকৃতদার, অবিবাহিত পুরুষ।

অকৃতাপরাধ, অনপরাধ, নির্দ্দোষ।

অকৃতার্থ, ইচ্ছিত বিষয়ের অসম্পন্ন।

অকৃতিত্ব, অক্ষমতা, অপটুতা, অযোগ্যতা, অনৈপুণ্য।

অকৃতী, (অ-কৃতিন) কর্ম্মাক্ষম, অনুপযুক্ত, অযোগ্য। [ষ্টিত, অযত্নশীল।

অকৃতোদ্যোগী, (অ-কৃতোদ্যোগিন) অচে-

অকৃতোদ্বাহ, অবিবাহিত, অনূঢ়। [বাস্তব।

অকৃত্রিম, যথার্থ, অকাল্পনিক ; প্রকৃত, সত্য

অকৃপ, দয়া শূন্য, নিষ্ঠুর, নির্দয়।

অকৃপণ, কার্পণ্যহীন, অকাতরে ব্যয়কারী।

অকৃষ্ণকর্ম্মা, (অ-কৃষ্ণকর্ম্মন) দুষ্কর্ম্ম রহিত, নিষ্পাপ, শুদ্ধাচার।

অকেযুয়া, (অকার্য্য) অকর্ম্মণ্য, কর্ম্মানর্হ [গ্য

অকেযো, (অকার্য্য) অকর্ম্মণ্য, কর্ম্মের অযো

অকেশ, কেশ রহিত ; অল্প কেশ, মন্দ কেশ, কুৎসিত কেশ।

অকৈতব, অকপট, অচ্ছল সরল।

অকোট, (অ-কূট) গুবাক, সুপারি।

অকোবিদ, (অ-কবিদ) অপণ্ডিত, মূর্খ।

অকৌটিল্য, কুটিলতা হীন, সরল।

অকৌশল, অপ্রণয়, অসম্প্রীতি, মনোমালিন্য, মনোভঙ্গ, ঘৃণা, অনিপুণ

অক্কা, (অক্কেশ কৈ-শব্দ) মাতা, জননী, মা।

অক্ত, (অঞ্জ) মিশ্রিত, মিশান, লিপ্ত, ম্রক্ষিত

অক্রম, ক্রম বিপর্য্যয়, ক্রমের ব্যতিক্রম, বিশৃঙ্খল, অনিয়মিত

অক্রান্ত, অনতিবাহিত, বর্ত্তমান, উপস্থিত।

অক্রান্তা, বৃহতীবৃক্ষ ; অনাক্রান্তা।

অক্রোধ, (অ-ক্রোধ) রাগরহিত, ক্রোধশূন্য।

অক্রিয়, কুকার্য্যান্বিত, কুকর্ম্মবিশিষ্ট ; ক্রিয়া রহিত, জড়। [পার।

অক্রিয়া, কুকর্ম্ম, বিরুদ্ধ ক্রিয়া, কুৎসিত ব্যা-

অক্রিয়ান্বিত, কুকর্ম্মশালী, মন্দ কার্য্যে রত

অক্রীড়া, অযোগ্য ক্রীড়া, অনুপযুক্ত খেলা।

অক্রীত, যাহা ক্রয় করা নহে, বিনা মূল্যে প্রাপ্ত

অক্রুদ্ধ, অকোপন, রোষ হীন, অক্রোধী।

অক্রূর, শ্রীকৃষ্ণের পিতৃব্য, গান্দিনী পুত্র খলতা শূন্য

অক্রূরতা, খলতাভাব, দুষ্টতার অভাব।

অক্রেয়, আক্রা, মহার্ঘ, অধিক মূল্য। [চিত্ত।
অক্রোধ, ক্রোধ রহিত, নির্ব্বিকার, প্রশান্ত
অক্লম, শ্রান্তিহীন, বিশ্রাম।
অক্লান্ত, অনবসন্ন, ক্লান্তিরহিত, শ্রান্তি হীন,
অক্লিকা, নীল গাছ।
অক্লিষ্টকর্ম্মা, (অক্লিষ্ট কর্ম্ম) অক্লেশে কর্ম্ম কর্ত্তা, অক্ষুব্ধ।
অক্লেদ্য, ক্লেশের অযোগ্য, অনায়াসে সাধ্য।
অক্লেশ, অনায়াস, ক্লেশশূন্য, অকষ্ট।
অখট্টি, (অ-খট) অসদ্ব্যসনী, আপুটি।
অখণ্ড, খণ্ডরহিত, সম্পূর্ণ, সমস্ত।
অখণ্ডন, (অ-খড়ি অর্থাৎ ভাঙ্গন) কাল; অনিবারণ।
অখণ্ডনীয়, খণ্ডনের অযোগ্য, যাহা নিরাকরণ করা যায় না।
অখণ্ডিত, সম্পূর্ণ, অবিকল। [ফল।
অখণ্ডিতর্ত্তু, (অখণ্ডিত) ফলবতী সময়ের
অখনন, অখনিত, খোঁড়া নহে। [শেষ
অখরোট (অক্ষোড়) ফল বিশেষ; বৃক্ষ বি-
অখর্ব্ব, বামন নহে, লম্বা, দীর্ঘ।
অখাত, দেবখাত, অকৃত্রিম জলাশয়, সমুদ্রের অংশ বিশেষ। [খুঁড়া নহে।
অখাদ্য, অভক্ষ্য, খাদ্যাযোগ্য, খাইবার উপ
অখিন্ন, খেদহীন, অদুঃখিত, অশ্রান্ত।
অখিল, সমস্ত, সকল, সমুদায়।
অখেদ, অনুতাপিত নহে, দুঃখিত নহে।
অখ্যাত, অখ্যাতি বিশিষ্ট; অপ্রসিদ্ধ।
অখ্যাতি, অমান, অযশঃ, অপ্রতিষ্ঠা, নিন্দা কলঙ্ক, অপবাদ।
অখ্যাতিকর অযশস্কর, দুর্নামজনক।
অখ্যাতিকারক, নিন্দাকারক, অযশঃ কারক
অগ, (অ-গম) পর্ব্বত, বৃক্ষ; স্থাবর, অটল।
অগর্হী, (অগম) ফলতাল বৃক্ষ বিশেষ।
অগঙ্গ, গঙ্গাহীন দেশ।
অগচ্ছ (অ-গম) বৃক্ষ; পর্ব্বত।
অগজ, পর্ব্বতজাত; শিলাজতু, উদ্ভিজ্জ।
অগঠন, অনির্ম্মিত, গড়ান নহে।
অগড়বগড় (অ-লগ অর্থাৎ যোগ) ভালমন্দ মিশ্রিত, অসংলগ্ন বাক্য।
অগণক, গণক নহে, অঙ্কশাস্ত্রাজ্ঞ।
অগণনীয়, যাহার গণনা হয় না, অসংখ্য, অগণ্য। [অসংখ্য।
অগণিত, গণিত নহে, সংখ্যাহীন, অগণ্য, অগণনীয়, অসংখ্য।

অগত, বিদ্যমান, বর্ত্তমান, উপস্থিত।
অগতি, গতিহীন, আশ্রয়হীন, উপায় হীন
অগত্যা, (অগতি) অনুপায়ে, সুতরাং।
অগদ, ঔষধ, ভেষজ, রোগনাশক দ্রব্য।
অগদঙ্কার, (অগদ-কার) বৈদ্য, চিকিৎসক।
অগদ্য, কবিতা, সদোষ গদ্য। [নহে।
অগন্তব্য, গমনের অনুপযোগী; গন্তব্য
অগভীর, গভীর নহে, গর্ত্ত নহে, সমানস্থান
অগম, বৃক্ষ; পর্ব্বত; দুর্গম।
অগমতা, (অগম) অপমান, অমর্য্যাদা, অসম্ভ্রম, মান হানি।
অগমন, (অ-গম) গতিহীন, গত্যাভাব।
অগম্ভীর, অগভীর, সমান স্থল।
অগম্য, (অ-গম) গমনাসাধ্য দুর্গম। [ক হয়
অগম্যা, যে স্ত্রীর সহিত সংসর্গে মহাপাত
অগরী (অ-গর) বৃক্ষ বিশেষ, দেবতাড় বৃক্ষ
অগরু (অ-গুরু) চন্দনবিশেষ, সুগন্ধিদ্রব্য।
অগর্ব্ব, গর্ব্বহীন, অহঙ্কার হীন।
অগর্ত্তবতী, গর্ব্বিনী নহে।
অগর্হিত, অনিন্দিত; নির্দোষ।
অগলগ্রহ, শত্রুহীন।
অগলন, গলিত নহে, আর্দ্রিত নহে।
অগস্তি, বকবৃক্ষ, অগস্ত্যমুনি।
অগস্ত্য (অগ-স্তৈ) স্বনাম প্রসিদ্ধ মুনি, বকপুষ্প।
অগাড়ী, (অগ্রেঅগ্রে, অগ্রবর্ত্তি স্থান।
অগাত্মজা, পার্ব্বতী, দুর্গা, গিরিকন্যা।
অগাধ, অতলস্পর্শ, গভীর, গম্ভীর।
অগাধজল, গভীর জল, অতলস্পর্শ জল, যে জলের তল পাওয়া যায় না।
অগার, (অ-গৃ) গৃহ, ঘর, বাসস্থল।
অগিন, (অগ) সূর্য্য, রবি, ভানু।
অগির, (অগ) অগ্নি; সূর্য্য; রাক্ষস।
অগু, রাহুগ্রহ, কিরণরহিত; প্রভাহীন।
অগুণ গুণহীন; মন্দ, অনুপকার।
অগুরু, শিংশপাবৃক্ষ; সুগন্ধিকাষ্ঠ বিশেষ; গুরুভিন্ন লঘু।
অগুপ্ত, অগোপনীয়, অলুক্কায়িত।
অগূঢ়, অগোপন; প্রকাশ।
অগূঢ়গন্ধ, হিঙ্গু।
অগূঢ়ভাব, সৎ, সরল, অখল।
অগো, সম্বোধনার্থ অব্যয়শব্দ; প্রধানের সম্বোধন।
অগোচর, অবিষয়; অজানত; প্রত্যক্ষের-

অবিষয় অপ্রত্যক্ষ; ব্রহ্ম। [সরত।
অগৌকস. (অগ-ওকস্) পক্ষিবিশেষ; সিংহ
অগৌণে. অবিলম্বে. শীঘ্র. আশু।
অগ্নায়ী. (অগ্নি) অগ্নিভার্য্যা; ত্রেতাযুগ।
অগ্নি, (অগ) তেজঃ পদার্থ বিশেষ, বহ্নি. অনল. আগুন; পিত্ত; স্বর্ণ।
অগ্নিক. (অগ্নি) রক্তবর্ণ কীট বিশেষ।
অগ্নিকণ, অগ্নিকণা, স্ফুলিঙ্গ।
অগ্নিকল্প. অগ্নিতুল্য উষ্ণ।
অগ্নিকার্য্য, অগ্নিসংস্কার, শবদাহ।
অগ্নিকাষ্ঠ, অগুরুকাষ্ঠ। [তৃণ, জলন্ত নুড়া।
অগ্নিকুক্কুট, জলদগ্নি তৃণোল্কা. অগ্নিসংযুক্ত
অগ্নিকুমার, ক্ষুধাবর্দ্ধক ঔষধ বিশেষ।
অগ্নিকোণ. পূর্ব্ব দক্ষিণ কোণ।
অগ্নিক্রিয়া, অগ্নিকার্য্য, সংকার, শবদাহ।
অগ্নিক্রীড়া, অগ্নিদ্বারা খেলা. আতশ বাজী।
অগ্নিগর্ভ, অগ্নিজার বৃক্ষ; মণিবিশেষ, সূর্য্য কান্ত মণি, আতসী পাথর।
অগ্নিচিৎ, অগ্নিহোত্রী. সাগ্নিক।
অগ্নিচিত্যা. যজ্ঞাগ্নির সংস্থাপন।
অগ্নিজ. অগ্নিজার বৃক্ষ; অগ্নিজাত।
অগ্নিজার. ঔষধ বিশেষ; বৃক্ষবিশেষ।
অগ্নিজ্বাল, অগ্নিকারক ঔষধ; বৃক্ষবিশেষ।
অগ্নিজ্বালা. অগ্নিশিখা. জলপিপ্পলী; ধাত কীবৃক্ষ।
অগ্নিজিহ্ব, অগ্নিশিখা; লাঙ্গলী; বৃক্ষ।
অগ্নিত্রেতা. গার্হপত্য, আহোবনয়. দাক্ষিণ্য এই ত্রিবিধ অগ্নি সংস্থাপনা।
অগ্নিদ. অগ্নিদাতা. শবদাহে অধিকারী; অগ্ন্যুপরি সংস্থাপন; উদারাগ্নি।
অগ্নিদমনী, কন্টকারিকা। [হইয়াছে।
অগ্নিদগ্ধ, যে পিতৃলোকের অগ্নিসংস্কার
অগ্নিদীপনী. (অগ্নি-দীপ) অগ্নিবর্দ্ধক।
অগ্নিদীপ্ত, অগ্নিজ্যোতিঃ বিশিষ্ট।
অগ্নিদীপ্তা. মহা জ্যোতিষ্মতী বৃক্ষ।
অগ্নিদেবা, কৃত্তিকা নক্ষত্র।
অগ্নিনির্যাস, বৃক্ষবিশেষ, অগ্নিজার।
অগ্নিপক্ব. রন্ধন করা. পাককরা।
অগ্নিপরীক্ষা. পরীক্ষা বিশেষ, যথা বিধি অগ্নি হাতে করাইয়া শুদ্ধ বা অশুদ্ধ নির্ণয় করণ। [পাতর।
অগ্নিপ্রস্তর, অগ্নিজনক পাষাণ, চকমকির
অগ্নিবর্দ্ধক, আগ্নেয়, অগ্নি বৃদ্ধিকারী, ক্ষুধা. বর্দ্ধক।

অগ্নিবলভ, শাল বৃক্ষ. শাল গাছ।
অগ্নিবাণ. বাণবিশেষ, যে বাণে অগ্নিবৃষ্টি হয়
অগ্নিবাহ. (অগ্নি-বহ) ধূম, ধুঁয়া।
অগ্নিবিকার, ধূমকেতু; উল্কাপাত।
অগ্নিবিৎ, অগ্নিহোত্রী, সাগ্নিক।
অগ্নিবিসর্প, স্ফোটকজন্য ক্লেশ।
অগ্নিবীজ, স্বর্ণ, কাঞ্চন, সুবর্ণ সোণা।
অগ্নিবীর্য্য, হেম, সুবর্ণ, সোণা।
অগ্নিবৃষ্টি, অগ্নি বর্ষণ। [বর্ণ।
অগ্নিভ. (অগ্নি-ভা) হেম, স্বর্ণ, সোণা; অগ্নি
অগ্নিভু. কার্ত্তিকেয়, বহ্ন্যুৎপন্ন।
অগ্নিমণি, সূর্য্যকান্তমণি।
অগ্নিমন্থ, গণিকারিকা বৃক্ষ, গণেরিরগাছ।
অগ্নিমারুতি, অগস্ত্য মুনি; হনুমান।
অগ্নিমুখ. দেবতা; চিত্রকবৃক্ষ, চিতাগাছ; ভল্লাতক, ভেলা; ব্রাহ্মণ।
অগ্নিযন্ত্র. আগ্নেয় যন্ত্র. কামান. বন্দুক। [কীট
অগ্নিরজ. (অগ্নি-রজস) ইন্দ্রগোপ নামক
অগ্নিরক্ষণ. অগ্ন্যাধান. অগ্নিহোত্র।
অগ্নিরুহা. বৃক্ষবিশেষ।
অগ্নিশর্ম্মা. (অগ্নি-শর্ম্মণ) মহাক্রোধী, উদ্দীপ্ত ক্রোধান্বিত. ক্রোধে অগ্নিতুল্য।
অগ্নিশিখা. আগুনের শিখা; বিষলাঙ্গলা-বৃক্ষ; কুঙ্কুম। [বিশেষ।
অগ্নিশেখর. কুঙ্কুম।
অগ্নিষ্টোম. (অগ্নি-স্তোম) যজ্ঞ বিশেষ, যাগ
অগ্নিষ্ঠ. (অগ্নি-স্থা) তণ্ডুলাদি ভর্জ্জনার্থ লৌহময় পাত্র. কড়া, কটাহ।
অগ্নিষ্বাত্ত. (অগ্নি-স্ব) উপদেবতা; পুত্র; দেবতাগণের পূর্ব্বপুরুষ।
অগ্নিসংস্কার, দাহাদি কর্ম্ম।
অগ্নিসখ. (অগ্নি-সখি) বায়ু, পবন, বাতাস।
অগ্নিসম্ভব, অরণ্য কুসুম. বন পুষ্প।
অগ্নিসহায়. বন কপোত, বন পায়রা; বায়ু, পবন, বাতাস।
অগ্নিসার. চক্ষুর ঔষধ, অঞ্জন।
অগ্নিহোত্র, যজ্ঞ বিশেষ; যজ্ঞে দীক্ষা গ্রহণ
অগ্নিহোত্রী (অগ্নিহোত্র) অগ্নিতে হোমকর্ত্তা, যজ্ঞে দীক্ষিত।
অগ্নীধ, (অগ্নি-ইন্ধ) অগ্নিহোত্রী পুরোহিত
অগ্নীধ্র, (অগ্নি-ইন্ধ) অগ্নিহোত্রকারী পুরোহিত।
অগ্নীন্ধন, (অগ্নি-ইন্ধন) অগ্নি প্রজ্বলিত করণ, অগ্নি জ্বালান।

অগ্ন্যবতার, অতি কোপান্বিত।
অগ্ন্যস্ত্র, অগ্নি ঘটিত অস্ত্র, কামান বন্দুক।
অগ্ন্যাগার, (অগ্নি-আগার) যজ্ঞ মন্দির, যে মন্দিরে যজ্ঞাগ্নি রক্ষিত হয়।
অগ্ন্যাধান, (অগ্নি-আধান) যজ্ঞারম্ভ, যজ্ঞে মন্ত্র পাঠপূর্ব্বক বহ্নি স্থাপন।
অগ্ন্যুৎপাত, আকাশাদি হইতে উল্কাপাত অগ্নিভয়। [উপরি ভাগ।
অগ্র, (অগ) আদ্য, প্রথম, উত্তম, প্রধান;
অগ্রকর, দক্ষিণহস্ত ; রশ্মির শেষভাগ।
অগ্রগ, অগ্রগামী ; অগ্রসর।
অগ্রগণ্য, অগ্রে গণনীয়, অগে গণ্য।
অগ্রগামী, অগ্রে গমনকর্ত্তা, অগ্রসর।
অগ্রজ, জ্যেষ্ঠ ভ্রাতা ; ব্রাহ্মণ জাতি; প্রথম জাত সন্তান।
অগ্রজঙ্ঘা, জঙ্ঘার অগ্রভাগ।
অগ্রজন্মা, (অগ্র-জন্মন) ব্রাহ্মণ ; পুরোহিত ; জ্যেষ্ঠভ্রাতা ; ব্রহ্মা ; দেবগণের মধ্যে প্রথম জাত।
অগ্রজাতক, ব্রাহ্মণ, দ্বিজশ্রেষ্ঠ, অগ্রজন্মা।
অগ্রজাতি, ব্রাহ্মণজাতি, শ্রেষ্ঠজাতি।
অগ্রজ্যা, সূর্য্যের বক্রাতিচার গমন।
অগ্রণী, যে অগ্রে লইয়া যায় ; শ্রেষ্ঠ, প্রধান ; সেনাপতি।
অগ্রতঃ (অগ্র) পুরত ; অগ্রে, প্রথমে।
অগ্রতঃসর (অগ্রতস-সৃ) অগ্রগামী পুরোবর্ত্তী, অগ্রগ, অগ্রেসর।
অগ্রদানী, (অগ্র-দান) পতিত ব্রাহ্মণ বিশেষ
অগ্রনিরূপণ, অগ্রে স্থিরকরণ, ভবিষ্যৎকথন
অগ্রপর্ণী, (অগ্র-পর্ণ) অজলোমাবৃক্ষ, আলকুশী।
অগ্রপশ্চাৎ, পূর্ব্বাপর ; বহুকালীন, চিরকাল, আবহমান কাল।
অগ্রপাণি, হস্তের অগ্রভাগ, দক্ষিণহস্ত।
অগ্রবীজ, বীজাগ্র ; বৃক্ষের অঙ্কুর। [শেষ।
অগ্রমাংস, বক্ষঃস্থলে মাংসবর্দ্ধক রোগ বি-
অগ্রযান, সেনার অগ্রে গমন।
অগ্রসন্ধানী, চিত্রগুপ্তের জীবনের কার্য্যাকার্য্য লিখনের পুস্তক।
অগ্রসর, (অগ্র-সৃ) অগ্রগামী ; অগ্রগ।
অগ্রসার, (অগ্র-সর) অগ্রবর্ত্তী, অগ্রগামী।
অগ্রহ, গ্রহশূন্য, বিরুদ্ধ গ্রহের অদর্শন।
অগ্রহায়ণ, হেমন্তের প্রথম মাস।
অগ্রহার, (অগ্র-হৃ) ব্রাহ্মণকে দত্ত ভূমি।
অগ্রাহ্য, গ্রহণাযোগ্য তুচ্ছ হেয়
অগ্রিম, (অগ্র) আদ্য প্রথম উৎকৃষ্ট, জ্যেষ্ঠ, শ্রেষ্ঠ।
অগ্রীয় (অগ্র-ঈয়) প্রধান ; অগ্র ভাগ।
অগ্রেগ, (অগ্র-গ) অগ্রগামী, অগ্রসর।
অগ্রেদিধিষু, দ্বিতীয় বিবাহিতা স্ত্রীর স্বামী ; অবিবাহিতা জ্যেষ্ঠাভগিনী বর্ত্তমানে বিবাহিতা কনিষ্ঠাভগিনী।
অগ্রেবন, বনের অগ্রভাগ।
অগ্রেসর, অগ্রগামী, অগ্রবর্ত্তী, অগ্রগ।
অগ্রেসরিক, দলপতি, পথদর্শক ; অগ্রগামী
অগ্র্য, (অগ্র) প্রধান, শ্রেষ্ঠ, উত্তম।
অঘ, অধর্ম্ম, পাপ, অপরাধ, দুষ্কৃত; দৈত্যের নাম ; কংসের সেনাপতি।
অঘটনা, যাহা ঘটে না।
অঘটনীয়, যাহা ঘটিবে না, দুর্ঘট।
অঘন, মেঘ রহিত ; বিরল।
অঘনাশক, পাপনাশক, কিল্বিষ নাশক
অঘবান, দুষ্কৃতী, পাপী।
অঘময়, (অঘ) পাপময়, পাপবিশিষ্ট
অঘমর্ষণ, (অঘ-মৃষ) পাপনাশক। [ঘাট
অঘাট, নদী বা পুষ্করিণীর যে পার্শ্বে ঘাট
অঘাহ, (অঘ-অহ) অশৌচ দিন।
অঘৃণ, (অঘৃণা) ঘৃণা রহিত, নির্ঘৃণ।
অঘাসুর, অসুর বিশেষ, অঘ নামে অসুর।
অঘোর, মহাদেবের এক নাম।
অঘোরপন্থী, (অঘোর-পথিন) উন্মার্গগামী, দুরাচার। [দশী।
অঘোরা, (অ-ঘোর) ভাদ্রমাসের কৃষ্ণা চতুর্দশী।
অঘোষ, নিঃশব্দ গোপাল বা ঘোষশূন্য দেশ
অঘ্ন, ব্রহ্ম ; অবধ্য।
অঘ্ন্যা, গাভী।
অঙ্ক, (অঙ্ক) আঁক ; চিহ্ন ; উৎসঙ্গ, ক্রোড় সংখ্যা, সংস্থান; রেখা; নাটকাংশ, চিত্রকরণ, অঙ্কগ, ক্রোড়স্থ ; অপোগণ্ড, বালক।
অঙ্কতি, (অঙ্ক) অগ্নিহোত্রী ব্রাহ্মণ ; ব্রহ্ম ; অগ্নি ; বায়ু, বাতাস।
অঙ্কন, (অঙ্ক) চিহ্ন দেওন, চিত্র করণ ; দাগ দেওন ; আঁক দেওন। [গ্য।
অঙ্কনীয়, (অঙ্ক) অঙ্কনার্হ ; চিহ্ন করণযোগ্য।
অঙ্কপালিকা, আলিঙ্গন, কোলাকোলি।
অঙ্কপালী, (অঙ্কপলি) আলিঙ্গন, কোলদেওয়া।
অঙ্কপাশ, অঙ্কপাতন ; আঁক রাখা।

অঙ্কপূরণ অঙ্ক সকলের গুণ করণ।
অঙ্কবিদ্যা, অঙ্কশাস্ত্র. গণিত বিদ্যা।
অঙ্কবৃদ্ধি আঁক বাড়ান, অধিক অঙ্ক।
অঙ্কশাস্ত্র. অঙ্কবিদ্যা. গণিতবিদ্যা।
অঙ্কিত, (অঙ্ক) অঙ্কনযুক্ত, চিহ্নিত, কৃতাঙ্ক।
অঙ্কা. (অঙ্ক) ক্ষুদ্র কড়া ঢাক ; মৃদঙ্গ।
অঙ্কট, (অঙ্ক) চাবি, কলুপকাটি, ছোড়া।
অঙ্কুর. (অঙ্ক) বীজোদ্ভব, নূতনোৎপত্তি ; বৃক্ষের মূলোচ্ছেদ. ; ধান্যাদির কল।
অঙ্কুরক. (অঙ্কুর) নীড়. কুলায়. পক্ষির-বাসস্থান. পাখির বাসা।
অঙ্কুরায়িত. অঙ্কুরের তুল্য হওন।
অঙ্কুশ, (অক্) হস্তি শাসন দণ্ড. ডাঙ্গশ
অঙ্কুশগ্রহ, মাহুত. হস্তিপক। [ম্য হাতী।
অঙ্কুশদুর্দ্ধর, (অঙ্কুশ-দুর) দুরন্ত হস্তী. দুর্দ-
অঙ্কুর. বীজোদ্ভব ; নূতনোৎপত্তি।
অঙ্কুষ. (অঙ্কুশ) হস্তিশাসন দণ্ড, ডাঙ্গস।
অঙ্কোট. (অঙ্ক) বৃক্ষ বিশেষ।
অঙ্কোঠ. (অঙ্ক) বৃক্ষ বিশেষ।
অঙ্কোল. (অঙ্ক) বৃক্ষ বিশেষ।
অঙ্কোলিকা, (অঙ্ক) আলিঙ্গন. আশ্লেষ।
অঙ্ক্য. (অঙ্ক) হরতকী ; মৃদঙ্গাকৃতি. পাখওয়াজ ; অঙ্কনার্হ।
অঙ্গ, (অগ) গাত্র অবয়ব. ; অপ্রধান ; প্রধানের সহকারী ; দেশবিশেষ।
অঙ্গক. (অঙ্গ) শরীর. গা।
অঙ্গগ্রহ. আকর্ষণী ; গাত্রবেদনা।
অঙ্গজ. তনয়. সন্তান. পুত্র. আত্মজ ; শরীরজাত রোগাদি ; কেশ ; কাম।
অঙ্গজা, কন্যা, পুত্রী, আত্মজা
অঙ্গঠা, অঙ্গারধানী. অঙ্গার. রক্ষণপাত্র।
অঙ্গণ. (অঙ্গ) উঠান ; রাজবাটী. কাছারি।
অঙ্গতি. (অঙ্গ) ব্রহ্মের নাম ; শ্রীকৃষ্ণের নাম ; অগ্নিহোত্রী ব্রাহ্মণ। [ঙ্গার পুত্র।
অঙ্গদ, (অঙ্গ) কেয়ূর. কড়. বাজু ; বালি রা
অঙ্গদা, (অঙ্গ) দক্ষিণদিগ হস্তির ভার্য্যা।
অঙ্গন. প্রাঙ্গণ ভুমি. আঙ্গিনা, উঠান।
অঙ্গনা, নারী ; উত্তর দিগ হস্তির পত্নী।
অঙ্গনাজন, স্ত্রীজাতি, স্ত্রীলোক।
অঙ্গনাপ্রিয়, অশোকবৃক্ষ ; স্ত্রীর কমনীয়।
অঙ্গন্যাস, পূজাকরণ সময়ে ভিন্ন২ প্রত্যঙ্গস্পর্শ।
অঙ্গপালি, আলিঙ্গন, আশ্লেষ। [য়ব।
অঙ্গপ্রত্যঙ্গ. (অঙ্গ-প্রতি-অঙ্গ) [illegible]

অঙ্গপ্রায়শ্চিত্ত. শরীরের শোধনার্থ প্রায়শ্চিত্ত বিশেষ।
অঙ্গবশ. স্বায়ত্ত হস্ত পদাদি। [মৃগীরোগ।
অঙ্গবিকৃতি. অঙ্গের বিকার ; রোগবিশেষ.
অঙ্গবিক্ষেপ. অঙ্গচালন। [অঙ্গের বিকার
অঙ্গবৈকৃত. (অঙ্গ-বিকৃত) আকার ভঙ্গি.
অঙ্গভঙ্গি. অভিনয়. হস্তাদি দ্বারা সঙ্কেত বা ইঙ্গিত করণ। [সংবাহক।
অঙ্গমর্দ্দক. অঙ্গমর্দ্দনকারক ভৃত্য ; শরীর
অঙ্গরক্ত. বৃক্ষবিশেষ ; সুন্দর ক্ষণী।
অঙ্গরক্ষণী. (অঙ্গ-রক্ষণ) অঙ্গত্রাণ, কবচ, সাজোয়া ; অঙ্গরক্ষক
অঙ্গরাগ, অঙ্গ সৌন্দর্য্যকারক দ্রব্য, গাত্ররঞ্জন. অঙ্গে চন্দনাদি লেপন
অঙ্গরাজ, (অঙ্গ-রাট্) অঙ্গদেশাধিপতি।
অঙ্গরুহ. শরীরাচ্ছাদিত লোম. ঊর্ণা।
অঙ্গলেপ. অনুলেপন।
অঙ্গলোড্য. (অঙ্গ-লোড) আদা।
অঙ্গসংস্কার. কুঙ্কুমাদি দ্বারা শরীরে শোভা করণ. স্নানকালে গাত্রমার্জ্জনাদি ক্রিয়া ; ঘর্ম্মাদিতে গাত্রগন্ধ দূরী করণার্থ চন্দনাদি লেপন ; পরিকর্ম্ম. প্রভৃতি কর্ম্ম।
অঙ্গসঙ্গ, অঙ্গের পরস্পর সংযোগ।
অঙ্গহার অঙ্গচালন. অঙ্গ বিক্ষেপ।
অঙ্গহীন. অবয়ব রহিত ; অঙ্গহানি ; পঙ্গু ; মদন. কাম.।
অঙ্গাঙ্গি. (অঙ্গ-অঙ্গ) গণতা. পক্ষপাত।
অঙ্গাধিপ. (অঙ্গ-অধিপ) অঙ্গ দেশাধিপতি ; কুন্তীপুত্র কর্ণ।
অঙ্গার (অগি) গ্রহ বিশেষ. মঙ্গলগ্রহ ; অলাত, দগ্ধকাষ্ঠ, কয়লা, আঙ্গরা।
অঙ্গারক. (অঙ্গার) মঙ্গলগ্রহ ; করুন্টক বৃক্ষ ; ভৃঙ্গরাজ বৃক্ষ।
অঙ্গারকতৈল (অঙ্গার-তৈল) স্বনাম প্রসিদ্ধ পক্বতৈল. পক্ব তৈল বিশেষ।
অঙ্গারকমণি. (অঙ্গার-মণি) প্রবাল. পলা. মণি বিশেষ।
অঙ্গারধানিকা. অঙ্গার ধারণ পাত্র. আঙ্গাঠা।
অঙ্গারপরিপাচিত. অঙ্গারপক্ব. অঙ্গার দ্বারা দগ্ধ. কাবাব. শূল্যপক্ব।
অঙ্গারপর্ণ. গন্ধর্ব্বগণের অধ্যক্ষ ; চিত্ররথ।
অঙ্গারপুষ্প. ইঙ্গুদী বৃক্ষ।
অঙ্গারবল্লরী. গুঞ্জা. কুঁচ ; কুরঙ্গ বিশেষ।

অঙ্গারমঞ্জী করঞ্জ বিশেষ, ডহরকরমচা।
অঙ্গারশকটী, ক্ষুদ্র আগ্নেয় কটাহ বা কড়া
অঙ্গারি, (অঙ্গার) ক্ষুদ্র আগ্নেয় কটাহ।
অঙ্গারিকা, ইক্ষুকাণ্ড ; পলাশ কলিকা।
অঙ্গারিণী (অঙ্গার) ক্ষুদ্র উনান বা দিক্ যে দিক হইতে সূর্য্য অস্ত হয়।
অঙ্গিকা, কঞ্চুক, কাঁচলী।
অঙ্গিরা (অঙ্গ-রস) মুনি বিশেষ।
অঙ্গী, (অঙ্গ) অবয়ব বিশিষ্ট ; প্রধান, মুখ্য
অঙ্গীকরণ, (অঙ্গ-কৃ) প্রতিজ্ঞা করণ।
অঙ্গীকার, (অঙ্গী-কৃ) স্বীকার, অভ্যুপগম, প্রতিশ্রুত, কবুল। [প্রতিশ্রুত, কবুলকরা
অঙ্গীকৃত, স্বীকৃত, প্রতিজ্ঞাত, অভ্যুপগত
অঙ্গীভূত, অঙ্গবিশিষ্ট হওয়া।
অঙ্গুরী, (অঙ্গ) অঙ্গুলী ভূষণ, আঙ্গুটী।
অঙ্গুরীয়ক, অঙ্গুলীভূষণ আঙ্গুটী।
অঙ্গুল, (অঙ্গ) অঙ্গুলি, অষ্ট যব পরিমাণ।
অঙ্গুলি, (অঙ্গ) করশাখা, হস্ত ও পদের প্রান্ত অবয়ব, আঙ্গুল।
অঙ্গুলিতোরণ, চন্দনাদি দ্বারা ললাটে অর্দ্ধ চন্দ্র করণ। [ষ্টানা।
অঙ্গুলিত্র (অঙ্গুলি-ত্রৈ) অঙ্গুলি, রক্ষক অঙ্গু
অঙ্গুলিপর্ব্ব অঙ্গুলের গ্রন্থি।
অঙ্গুলিমুদ্রা, স্বাক্ষরনির্ম্মিত মুদ্রা, স্বনামাঙ্কিত আঙ্গুটি ; ছাপের আঙ্গুটি, মোহরখোদা আঙ্গুটি। [মুটকী ; অঙ্গুল মটকান।
অঙ্গুলিমোটন, অঙ্গুলীদ্বয়ের মোটন শব্দ
অঙ্গুলিস্ফোট অঙ্গুলিদ্বয়ের শব্দ, টুস্কি মারণ
অঙ্গুলী করশাখা, হস্ত ও পদের শেষ অবয়ব, আঙ্গুল। [ঙ্কক।
অঙ্গুলীত্র (অঙ্গুলী-ত্রৈ) অঙ্গুষ্ঠানা, অঙ্গুলির
অঙ্গুলীপঞ্চক, হস্তের পঞ্চাঙ্গুল।
অঙ্গুলীয়ক, (অঙ্গুলী) অঙ্গুটি।
অঙ্গুলীসম্ভূত, নখ, নখর।
অঙ্গুল্যগ্র, (অঙ্গুলী-অগ্র) অঙ্গুলের অগ্রভাগ
অঙ্গুষ্ঠ, (অঙ্গু-স্থা) বৃদ্ধাঙ্গুলী, বুড়া অঙ্গুল।
অঙ্গুষ্ঠানা, (অঙ্গুষ্ঠ) অঙ্গুত্র
অঙ্গুষ, (অঘি) নকুল, বেজী ; শর তীর।
অঙ্গুর, দ্রাক্ষাফল, আঙ্গুর ফল।
অঙ্ঘ, (অঘি) পাপ, অধর্ম্ম, কলুষ, কিল্বিষ
অঙ্ঘ্রি, (হন) চরণ ; চতুর্থাংশ ; বৃক্ষমূল।
অঙ্ঘ্রিপ, বৃক্ষ, তরু, গাছ।
অঙ্ঘ্রিবল্লিকা, চিত্রপর্ণী, চাকলিয়ালতা।

অচণ্ডী, (অচণ্ড) অকোপনা ; সুশীলা, শান্ত
অচরিত, অচল ; অকৃত।
অচরিত্র, কদর্য্য চরিত্র কুস্বভাব ; স্থির।
অচরিষ্ণু, অচল, স্থির, চলংশক্তি রহিত।
অচল, পর্ব্বত ; অনড়, স্থির ; অনির্বাহ অনির্বর্ত্তি।
অচলকীলা, (অচল-কীল) পৃথ্বী ধরণী, অবনী
অচলা, (অচল) পৃথ্বী মেদনী, ধরিত্রী, স্থির
অচঞ্চল, স্থির ; স্থায়ী।
অচিকিৎসনীয়, (অ-চিকিৎসা) যে রোগের চিকিৎসা নাই ; দুশ্চিকিৎস্য।
অচিকিৎস্য, অপ্রতীকার্য্য, অপ্রতিবিধেয়।
অচিকীর্ষ, (অ-কৃ) কর্ম্ম করিতে অনিচ্ছুক,
অচিন্ত, (অ-চিন্তা) চিন্তারহিত।
অচিক্কণ, অস্নিগ্ধ ; মেদযুক্ত ; অস্থির।
অচিৎ, অজ্ঞান, মূর্খ অচেতন।
অচির, শীঘ্র, আশু, অনতিবিলম্ব।
অচিরক্রিয়, শীঘ্রকর্ম্মকর্ত্তা, ক্ষিপ্রকারী ; সতর্ক।
অচিরস্থ, ক্ষণিক, অল্পকালিক।
অচিরদ্যুতি, বিদ্যুৎ, তড়িৎ।
অচিরপ্রভা, বিদ্যুৎ, সৌদামিনী।
অচিররোচি (অ-চির-রোচিস্) বিদ্যুৎ, সৌদামিনী ; অস্থির দীপ্তি।
অচিরস্থায়ি, নশ্বর, অনিত্য।
অচিরাংশু, (অচির-অংশু) বিদ্যুৎ, চপলা।
অচিরায়, শীঘ্র, অল্পকাল।
অচিরাৎ, (অচির) অবিলম্বে, আশু, শীঘ্র।
অচিহ্নিত, চিহ্নরহিত ; অপরিচিত।
অচীরবস্ত্র, বল্কল ; বস্ত্ররহিত।
অচীন, অবিভক্ত, ভাগ করা নহে।
অচীনব্রত, নিয়ত ধর্ম্ম কর্ম্মে রত।
অচেতন, মূর্চ্ছা, অচৈতন্য, চেতনারহিত, অজ্ঞান।
অচেষ্ট, (অচেষ্টা) চেষ্টারহিত।
অচৈতন্য, সংজ্ঞাহীন, অজ্ঞান।
অচ্ছ, (অ-ছো) স্বচ্ছ, নির্ম্মল, পরিষ্কৃত।
অচ্ছট, (অছটা) শোভাহীন, জ্যোতিহীন।
অচ্ছত্র, (অ-ছত্র) অরাজক, রাজহীন।
অচ্ছদ, (অছদ) অনাবৃত, ঢাকানহে, খোলা
অচ্ছদ্ম, অনাবৃত, অনাচ্ছিদিত ; নিষ্কপট।
অচ্ছন্ন অনাবৃত, খোলা।
অচ্ছভল্ল, ঋক্ষ, ভল্লুক, ভাল্লুক।

অচ্ছিদ্র, নিশ্ছিদ্র, ছিদ্রহীন।
অচ্যুত, শ্রীকৃষ্ণ ; অক্ষয়, স্থির, অনশ্বর।
অচ্যুতাগ্রজ, বলদেব, বলরাম, শ্রীকৃষ্ণের জ্যেষ্ঠ। [দ্বারকাপুরী, শ্রীকৃষ্ণের বাস স্থল।
অচ্যুতাবাস, যজ্ঞ ডুম্বুর বৃক্ষ ; অশ্বত্থ বৃক্ষ ;
অচ্ছিদ্রাবধারণ, সমাপন, শেষ।
অজ, জন্ম রহিত ; ব্রহ্মা ; বিষ্ণু ; শিব ; কামদেব ; রাজা দশরথের পিতা ; মেষ ; ছাগল ; ধাতু।
অজকর্ণ, বৃক্ষবিশেষ ; ছাগকর্ণ।
অজকরণক, বৃক্ষবিশেষ ; শালগাছ।
অজকব, শিবের ধনুঃ, পিনাক।
অজগন্ধা, (অজ-গন্ধ) বৃক্ষবিশেষ, বনযবনী, বনযোআইন।
অজগন্ধিকা, বনযোয়ান।
অজগব, পিনাক, শিবের ধনুঃ।
অজগর, বৃহৎসর্প, অজাগর সর্প।
অজগরব্রত, অলস, কুড়ে। [মেষোপজীবী।
অজজীবক, অজাজীবী ; ছাগল পালক ;
অজটা, জটাহীন ; ভূমি আমলকী। [বিশেষ
অজথ্যা, (অজ) হরিদ্রাবর্ণ চন্দ্রমল্লিকা ; বৃক্ষ
অজনক, (অ-জন) অনুৎপাদক, অজন্মদাতা, অস্রষ্টা ; জন্ম রহিত, অনুৎপন্ন
অজননি, অনুৎপন্ন ; উৎপত্তি রহিত , অভিশাপ, শাপ। [স্বরবর্ণ থাকে ; স্বরান্ত।
অজন্ত, (অচ-অন্ত) যেশব্দের শেষে অ আদি
অজন্ম, জন্মরহিত ; অজাত।
অজন্মা, (অ-জন্ম) অবৈধ জাত, জারজ।
অজন্য, (অ-জন) অশুভ চিহ্ন, অমঙ্গলের লক্ষণ, ভূমিকম্প প্রভৃতির স্বাভাবিক অশুভ চিহ্ন।
অজপ, ছাগল পালক ; কুপাঠক।
অজপা, (অ-জপ) হংস মন্ত্র, স্বাভাবিক নিশ্বাস প্রশ্বাসে জীবের জপ। [মিত্র।
অজমীঢ়, (অজ-ইহ) রাজা যুধিষ্ঠির ; অজ
অজমোদা, (অজ-মুদ) যবানিকা, যোয়ানি।
অজম্ভ, ভেক, বেঙ, মণ্ডুক।
অজয়, পরাজয় ; প্রসিদ্ধ নদ বিশেষ।
অজয়া, বিজয়া ; সিদ্ধি, ভাঙ্গ।
অজয্য, জয় অশক্য, অজেয়। [দেবতা।
অজর, জরা রহিত ; বার্দ্ধক্য হীন, অমর,
অজরা, মুসব্বর।
অজর্য্য, (অ-জৃ) সঙ্গত, বিহিত ; সৌহার্দ্দ।
অজলম্বন, (অজ-লম্বন) রসাঞ্জন ; সুর্ম্মা।

অজশৃঙ্গী, বৃক্ষবিশেষ ; মেড়াশৃঙ্গী
অজস্র, নিরন্তর, সর্ব্বদা, সতত
অজহৎস্বার্থা, লক্ষণাখ্যাবৃত্তি বিশেষ, উপাদান লক্ষণা, স্বীয় অর্থের অত্যাগিনী লক্ষণা। [গী শব্দ।
অজহল্লিঙ্গ, বিশেষণীভূত স্বলিঙ্গের অত্যা-
অজহা, অপরিত্যাগ।
অজা, ছাগী ; প্রকৃতি, মায়া, আদ্যা শক্তি।
অজাগর, ভৃঙ্গরাজ বৃক্ষ ; জাগরণরহিত ; বৃহৎ সর্প।
অজাজী, (অজ-অজ) জিরা। [ছাগ বিক্রয়ী
অজাজীব, ছাগোপজীবী ; মেষোপজীবী ;
অজাত, জন্মরহিত, অনুৎপন্ন।
অজাতশত্রু, রাজা যুধিষ্ঠির ; শত্রুহীন।
অজানয়, (অজ-অনয়) সুজাত ঘোটক, উত্তম ঘোড়া। [ভয়রহিত।
অজানেয়, (অজ-অনয়) নির্ভয়, শঙ্কাহীন,
অজান্ত্রী, (অজ-অন্ত্র) শাকবিশেষ ; ছাগলান্ত্রী
অজাপালক, অজাজীবী, ছাগরক্ষক, মেষপালক।
অজিঘাংস, (অ-জিঘাংসা) অহিংস্রক।
অজিঘাংসু, অহিংস্রক, ঘাতক নহে।
অজিজ্ঞাসু, জিজ্ঞাসেচ্ছুক নহে।
অজিজ্ঞাস্য, জিজ্ঞাসার উপযুক্ত নহে।
অজিত, অনির্জ্জিত ; অপরাজিত ; বিষ্ণু ; বুদ্ধ ; শিব। [বশীভূত।
অজিতেন্দ্রিয়, (অজিত-ইন্দ্রিয়) ইন্দ্রিয়ের
অজিন, চর্ম্ম, চামড়া ; মৃগ চর্ম্ম।
অজিনপত্রা, চর্ম্মচটিকা, চামচিকা।
অজিনযোনি, মৃগ, হরিণ।
অজির, (অজ) চত্বর, অঙ্গন, উঠান ; বায়ু।
অজিহ্ব, (অজিহ্বা) ভেক ; জিহ্বা রহিত।
অজিহ্ম, অবক্র, সরল ; ভেক বেঙ।
অজিহ্মগ, বাণ ; সরলগামী।
অজিগর্ত্ত, ঋষিবিশেষ।
অজীব, মৃত ; নির্জ্জীব ; অবসন্ন।
অজীবনি, জীবনাভাব ; শাপ।
অজীর্ণ, অপাক, রোগ বিশেষ।
অজুরা, (যাং) মজুরীর মূল্য ; অপ্রাচীন।
অজুহন্নামা, (যাং) মোকদ্দমার কারণ লিখন ; অজুহাৎনামা।
অজেয়, অজনীয়, অজেতব্য, দুর্জ্জয়। [য়।
অজৈকপাদ, একাদশ রুদ্রের এক জন, [
অজ্জুকা, ([illegible]) নাট্যোক্তিতে বেশ্যা।

অজ্ঞ, (অজ্ঞা) মূর্খ, জড়, অজ্ঞান।
অজ্ঞতা, (অ-জ্ঞা) মূর্খতা, জড়তা, অবিদ্যা।
অজ্ঞাত, অগোচর, না জানা।
অজ্ঞাতসার, অসাক্ষাৎ, পরোক্ষ।
অজ্ঞান, নির্বোধ; বিরুদ্ধ জ্ঞান; অবিদ্যা মায়া
অজ্ঞানতা, জ্ঞানাভাব; না জানা।
অজ্ঞানী, মূর্খ, অনভিজ্ঞ, মূঢ়।
অজ্ঞেয়, জানিবার অযোগ্য, কষ্টেজ্ঞানগম্য।
অজ্বর, (অ-জ্বঃ) সুস্থ, রোগহীন, পীড়াহীন।
অঞ্চতি, (অঞ্চ) বায়ু, বাতাস। [কৃ, প্রদেশ
অঞ্চল, (অঞ্চ) বস্ত্রের শেষাংশ. আঁচল; দি-
অঞ্চিত, (অঞ্চ-অর্চনা) পূজিত, অর্চিত।
অঞ্চিতজ্র, সুন্দর জ্রযুক্ত।
অঞ্জ, (অঞ্জ) পরিস্কার করণ, সৌন্দর্য্য করণ
অঞ্জন, (অঞ্জ) কজ্জল, কাজল; রসাঞ্জন; পশ্চিম দিগ হস্তী; মসী। [শেষ
অঞ্জনা, (অঞ্জ) বানরী বিশেষ, দিগগজী বি-
অঞ্জনাকেশী, (অঞ্জন-কেশ) হরিদ্রা; গন্ধ দ্রব্য বিশেষ।
অঞ্জনাধিক, (অঞ্জন-অধিক) জ্যেষ্ঠীবিশেষ।
অঞ্জনাবতী, (অঞ্জন-বৎ) সুপ্রতীক নামে দিগগজ ভার্য্যা, অঞ্জনা।
অঞ্জনাম্ভস্, অশ্রু, চক্ষের জল।
অঞ্জনিকা, (অঞ্জন) জ্যেষ্ঠী বিশেষ, আঁজনাই
অঞ্জলি, (অঞ্জল) যুক্তকরদ্বয়, যোড় হস্ত, করপুট, হস্তসম্পুট, আঁজলা। [বৃক্ষ বিশেষ
অঞ্জলিকারিকা, পুত্তলিকা; চৈতন্য যুক্ত-
অঞ্জলিকর্ম্মন্, সুশীলতা; প্রণাম।
অঞ্জলিবন্ধন, করপুটে নমস্কার।
অঞ্জস, অবক্র, ঋজু, সরল। [প্রকৃত
অঞ্জসা, (অঞ্জস) দ্রুত, শীঘ্র; যথার্থ, তথা,
অঞ্জাম, আয়োজন, আহরণ; সমাপন।
অঞ্জি, (অঞ্জি) প্রধান ব্যক্তি; আজ্ঞাকারক;
অঞ্জিষ্ঠ, (অঞ্জপ্রকাশার্থ) সূর্য্য, রবি, অরুণ।
অঞ্জীর, অঞ্জীর নামে বৃক্ষ; ফলবিশেষ; আঁজির, পেয়ারা।
অট, (অট্) গমন, ভ্রমণ;
অটন, (অট্) চলন, গমন, ভ্রমণ।
অটনি, (অট-অনি) ধনুর অগ্রভাগ, ধনুষ্কোটি, ধনুকের হুল।
অটবি, (অট) বন, অরণ্য, কানন, জঙ্গল।
অটবিক, (অট্) কাষ্ঠ নির্ম্মিত; অরণ্যবাসী
অটবী, (অট) বন, অরণ্য, কানন, জঙ্গল।
[illegible]

অটল, দৃঢ়, স্থির, স্থায়ী, অচল। [তিশয় ভ্রমণ
অটাট্যা, (অট্) পর্য্যটন, পুনঃ২ ভ্রমণ, অ-
অটুট, অখণ্ড, অভগ্ন; সম্পূর্ণ।
অট্ট, রাজবাটী; উচ্চগৃহ, অট্টালিকা।
অটুট, অত্যুচ্চ, অতিশয়।
অট্টন, (অট্ট) গোলাকৃতি অস্ত্রবিশেষ।
অট্টহাস, (অট্-হাস) অতিশয় শব্দযুক্তহাস্য
অট্টহাসক, কুন্দ পুষ্পের বৃক্ষ, কুঁদফুলের গাছ। [উচ্চ স্থান।
অট্টাল, (অট্ট-অল) প্রাচীরের উপরিভাগের
অট্টালক, (অট্ট- অল) ইষ্টকাদি নির্ম্মিত গৃহ। [ধবলাগার, বৃহৎ বাটী।
অট্টালিকা, (অট্ট-অল) রাজগৃহ, প্রসাদ;
অট্টালিকাকার, গৃহ গাথক; শূদ্রা গর্ভে চিত্রকার ঔরসে জাত জাতি বিশেষ।
অঠেল, প্রচুর, যথেষ্ট; দৃঢ়; স্থির।
অড, (অড়) গমন; চেষ্টা।
অড়র, (আঢ়কী) কলায় বিশেষ, অড়হর।
অড়হর, (আঢ়কী) কলায় বিশেষ, অড়র।
অণক, (অণ) নীচ, ক্ষুদ্র।
অণি, (অণ্) হুড়কা; শস্ত্রের অগ্রভাগ। [ষ।
অণিমা, (অণ) অণুত্ব, সূক্ষ্মতা; ঐশ্বর্য্যবিশে
অণীয়স, (অণু) অত্যল্প, অতি সূক্ষ্ম।
অণু, (অণ) ধান্য বিশেষ; সূক্ষ্ম ধান্য; সূক্ষ্ম বস্তু; ক্ষুদ্রতর ভাগ, কণিকা।
অণুক, (অণু) বিদ্বান; শিল্পি; ক্ষুদ্র।
অণুভা, বিদ্যুৎ, ক্ষণপ্রভা।
অণুরেণু, ধূলিকণা। [দেখা যায়।
অণুরেণুজাল, সূর্য্যরশ্মিতে ধূলিকাণিকা
অণুব্রীহি, সূক্ষ্ম ধান্য।
অণ্ড, (অম্) ডিম্ব, ডিম্ব, অণ্ডকোষ।
অণ্ডক, (অণ্ড) ক্ষুদ্র ডিম্ব; অণ্ডকোষ।
অণ্ডকটাহ, জগৎ, বিশ্ব, ব্রহ্মাণ্ড, ত্রিলোক।
অণ্ডকোটপুষ্পা, বৃক্ষ বিশেষ। [বিশেষ।
অণ্ডকোষ, মুষ্ক, বৃষণ, শরীরের অবয়ব
অণ্ডজ, পক্ষী; সর্প; মৎস্য; টিকটিকি; অণ্ডহইতে জন্মে যাহা।
অণ্ডজা, মৃগনাভি, কস্তুরী; পক্ষিণী।
অণ্ডজা, অসাহস, ভীরুতা; ভবে বিমুচভাব
অণ্ডস্ফোটন ডিম্বফুটান, ডিম্বহইতে শাবক জন্মান।
অণ্ডাকার, ডিম্বাকার, বাদামে।
অণ্ডাকৃতি, অণ্ডের ন্যায় আকার, ডিম্বাকার
অণ্ডাল, (অণ্ড- আল) মৎস্য, মীন, মাছ।

অণ্ডির, (অণ্ড-ইর) মনুষ্য, মনুজ; বলবান।
অম্বী, (অণু) অঙ্গুলী, অঙ্গুল
অতএব, এই হেতু, একারণ।
অতঃপর, ইহার পর, ইহার পশ্চাৎ।
অতট, পর্ব্বতের উচ্চ স্থান, প্রপাত।
অতথ্য মিথ্যা, অনৃত; সত্য নহে।
অতনু, বৃহৎ, বড়; অনঙ্গ, কাম। [ধীনতা।
অতন্ত্রতা, বিস্তার; সংক্ষেপ না করা: অন-
অতন্দ্রিত, অনলস, সতর্ক
অতন্দ্র, (অতন্দ্রা) কর্ম্মঠ; চালাক; জাগ্রত;
অতপ, (অ-তপস্) শীতল; দুঃখিত নহে;
অনাকাঙ্ক্ষী।
অতপস্য, ধর্ম্মাধর্ম্ম রহিত; তপস্যা রহিত।
অতম্, (অতমস্) দীপ্তিবিশিষ্ট।
অতর, (যাং) আতর গোলাপ প্রভৃতি।
অতরণীয়, অনুত্তীর্ণ, অগম্য।
অতরদান, আতরদান; গোলাপাধার।
অতরুণ, পুরাতন, নূতন নহে।
অতর্ক, অহেতুক, শুষ্ক তর্ক।
অতর্কিত, অলক্ষিত, অদৃশ্য। [ওয়া যায় না।
অতল, প্রথম খণ্ড পাতাল; যাহারতল পা-
অতলস্পর্শ, অগাধ, অতি গভীর।
অতলস্পৃশ, অগাধ, অতলস্পর্শ।
অতস্, (অৎ) বায়ু; বস্ত্র; অস্ত্র।
অতসী, কৃষ্ণ পুষ্প বিশেষ; ক্ষুদ্র বৃক্ষ-
বিশেষ; মসীনা, শণ।
অতি, (অত) অতিশয়, অতিবাদ; শব্দের
পূর্ব্বে থাকিলে তাহার অর্থের আধিক্য
বুঝায়। [বাক্য; ব্যর্থ ভাষন, বহু বাক্য।
অতিকথা, জাতীয় ধর্ম্ম কর্ম্ম বর্জ্জিত; বৃথা
অতিকন্দক, (অতি-স্কন্দ) বৃক্ষ বিশেষ।
অতিকায় প্রকাণ্ড শরীর, বৃহৎ দেহ
অতিকৃচ্ছ, ব্রত বিশেষ, ছয় দিবস ক্রমাগত
এক মুষ্টি অন্ন ভক্ষণ করিয়া তিন দিন
উপবাস; অতিশয় কষ্ট।
অতিকৃশ, অতিশয় ক্ষীণ। [ভঙ্গ।
অতিক্রম, অন্যথাচরণ; লঙ্ঘন, পর্য্যায়
অতিক্রান্ত, অন্যথাকৃত; কৃতাতিক্রম;
অতীত। [ক্রমোল্লঙ্ঘক।
অতিক্রামক, (অতি-ক্রম) অতিক্রমণ কর্ত্তা,
অতিগণ্ড, বিষ্কুম্ভাদি যোগ মধ্যে ষষ্ঠ যোগ।
অতিগন্ধ, সৌরভযুক্ত তৃণ; চমপক; গন্ধক।
অতিগন্ধালু, (অতি-গন্ধ) লতাবিশেষ।
অতিগর্ব্বিত, মহা অহঙ্কৃত, অতি

অতিচর, সীমা লঙ্ঘন; বৃক্ষ বিশেষ
অতিচার, (অতিচর) শীঘ্র গমন; অতিক্র-
মণ করিয়া গমন।
অতিচ্ছত্রক, ছত্রবৃক্ষ, ছাতারিয়াগাছ।
অতিজগতি, ছন্দবিশেষ, ত্রয়োদশ বর্ণযুক্ত
চতুষ্পাদী ছন্দ।
অতিজব, অতিশীঘ্র, শীঘ্রগামী, বেগবান।
অতিডীন, পক্ষিদিগের বেগান্বিত গমন।
অতিথি, (অত-গমনার্থে) অজ্ঞাতপূর্ব্ব গৃহ-
গত ব্যক্তি, আগন্তু; গৃহাগত; অভ্যাগত;
কুশের পুত্র, শ্রীরামচন্দ্রের পৌত্র।
অতিথিপূজন, অতিথি সেবা, আতিথ্য
ক্রিয়া, অভ্যাগতের সৎকার। [স্থানার্থ গৃহ
অতিথিশালা, অভ্যাগত ব্যক্তিদিগের অব-
অতিথিসেবা, আতিথ্যক্রিয়া, অভ্যাগত লো
কের সৎকার।
অতিদাতৃ, অতিদাতা, অতিবদান্য।
অতিদান, বহু বিতরণ; অপরিমিত দান।
অতিদাহ, অতিজ্বালা; অত্যুত্তাপ।
অতিদিষ্ট, অতি দেশ বিশিষ্ট, একে অন্যের
আরোপ করা। [রংচিতাগাছ।
অতিদীপ্য, (অতিদীপ,) রক্তচিত্রক বৃক্ষ,
অতিদুঃসহ, (অতি-দুর-সহ) অসহনীয়।
অতিদুর্গত, অতিক্লেশ, অতিদুঃখ।
অতিদেশ, অন্য ধর্ম্মের অন্যত্র আরোপ।
অতিধৃতি, চতুর্বিংশতি বর্ণবিশিষ্ট চতুষ্পাদী।
অতিনৌ, নৌকাহইতে অবরোহণ। [নাশ।
অতিপতন, অতিক্রমণ; অতিশয়পতন; বি
অতিপন্থা, সন্মার্গ, সুপথ; রাজপথ।
অতিপর, অতিশত্রু, মহাশত্রু; উদাসীন;
নিঃসম্বন্ধ, অসম্পর্ক।
অতিপশু, ঘোর মূর্খ; নিঃসম্বন্ধ, অসম্পর্ক।
অতিপাত, অতিক্রম ব্যাঘাত; পর্য্যায় ভঙ্গ;
বিরুদ্ধ আচরণ।
অতিপাতক, নববিধ পাতক মধ্যে গুরুতর
ত্রিবিধ পাপ, মাতৃ কন্যা পুত্রবধূগমনাদি-
জন্য পাপ
অতিপার্শ্ব, সন্নিকট, সমীপ, অতি নিকট
অতিপেশ, (অতি-পেশ জ্ঞানার্থে) অতিচা-
লাক; সতর্ক। [বিশেষ; ব্যভিচার।
অতিপ্রসঙ্গ, অতিবিস্তার; পুনরুক্তি; দোষ
অতিবর্ত্তুল, কলায় বিশেষ, বাঁটুলাকলায়;
অতিশয় গোলাকার।
, প্রবল, অতিশয় [illegible]

অতিবলা, বৃক্ষবিশেষ ; বাট্যপুষ্পী।
অতিবাদ, অতিশয়, অত্যন্ত। [কামী।
অতিবাদন, (বাদন-কথন) বাচালতা ; ব-
অতিবিকট, অতি করাল, অতি ভয়ানক।
অতিবিষ, লতা বিশেষ। [ওন।
অতিবৃষ্টি, অতিশয় বর্ষণ ; অধিক জল হ-
অতিবেল, অতিশয়, অত্যন্ত, বারম্বার।
অতিব্যথা, গুরুবেদনা ; অতিশয় যাতনা ; তীব্রবেদনা।
অতিব্যাপ্তি, অতিশয় ব্যাপন ; অলক্ষ্যে লক্ষণের গমন ; পূর্ব্বপক্ষের ব্যভিচারে সিদ্ধান্ত করণ।
অতিভক্ত, অতিরিক্ত শ্রদ্ধা ; অত্যন্ত সমাদর
অতিভূম, আধিক্য, অতিশয়।
অতিমঙ্গল্য, (অতি-মঙ্গল) বিল্ববৃক্ষ ; অতিশয় মঙ্গল জনক, অত্যন্ত শুভদ।
অতিমর্য্যাদ, মর্য্যাদার বহির্ভূত।
অতিমাত্র, অতিশয়, অত্যন্ত। [নির্ব্বাণ।
অতিমুক্ত, মাধবীলতা ; তিনিশ বৃক্ষ ; প্রাপ্ত
অতিমুক্তক, তিনিশ বৃক্ষ ; তিন্দুক বৃক্ষ ; পুষ্প বৃক্ষ বিশেষ।
অতিমোদা, পুষ্প লতা বিশেষ, নবমল্লিকা।
অতিরথী, অতিশয় যোদ্ধা। [স্থ, জিয়াদা
অতিরিক্ত, অধিক, অতিশয়, সমধিক, অত্য
অতিরেক, আধিক্য ; নিয়ম ভিন্ন।
অতিরোগ, ক্ষয়ব্যাধি, ক্ষয় রোগ।
অতিরোমশ, বনছাগল ; বৃহৎ বানর ; অতিশয় রোমযুক্ত। [চতুষ্পদী ছন্দ।
অতিশক্করী, ছন্দবিশেষ ; পঞ্চদশ বর্ণযুক্ত
অতিশক্তি, বিক্রম, অতিশয় বল, বিস্তর সামর্থ্য।
অতিশক্তিভাক, (অতি-শক্তি-ভাজ্) অতিশয় শক্তি বিশিষ্ট, অতি সমর্থ।
অতিশয়, (অতি-শি-নিদ্রার্থ) অধিক, অতিরেক, ভৃশ, অত্যর্থ, অতিমাত্র, অতিরিক্ত, সমধিক, বিস্তর, অত্যন্ত, বাহুল্য। [ত্যন্ত।
অতিশয়িন, (অতিশয়) শ্রেষ্ঠ ; অধিক, অ-
অতিশয়োক্তি, অসম্ভব রূপে প্রতিষ্ঠা করণ, কাব্যের অলঙ্কার বিশেষ। [শস্ত, অত্যুত্তম।
অতিশোভন, অতিশয় শোভাযুক্ত, অতি প্র
অতিসংহিত, (অতি-সংহতি) বঞ্চনা, ঠকান
অতিসন্ধান, (অতি-সন্ধান) মিথ্যা, বঞ্চনা ; জাল। [নিষ্ট
অতিসর্জ্জন, (অতি-সৃজ) দান ; [illegible]

অতিশান্তপন, অতিকষ্ট ; দুই দিনান্তে ঘৃত দুগ্ধ ছানা গোমূত্র আহার করিয়া জীবন ধারণ।
অতিসাম্যা, বৃক্ষ বিশেষ। [পীড়া।
অতিসার, উদরাময়, উদরভঙ্গ, পেটের
অতিসারকী, উদরাময়ী, অতিসার রোগযুক্ত
অতিসারী, (অতি-সার) উদরাময়ী, পেটের পীড়াযুক্ত।
অতিস্ফর, (অতি-স্ফির) ত্রাসযুক্ত কম্পমান।
অতিহসিত, অতিশয় হাস্য, শব্দযুক্ত হাস্য।
অতিহাস, সশব্দ হাস্য ; অধিক হাস্য।
অতীত, (অতি-ইত) গত, অতিক্রান্ত।
অতীন্দ্রিয়, (অতি-ইন্দ্রিয়) ইন্দ্রিয়ের অগোচর, অপ্রত্যক্ষ, প্রত্যক্ষের অবিষয়। [থেষ্ট
অতীব, (অতি-ইব) অতিশয়, অত্যন্ত, য-
অতীব্র, ধারাল নহে, ভোঁতা ; অচালাক।
অতীয়, (অতি) বহুত্ব, বৃহত্ব। [মাণ, বৃহত্ত্ব।
অতীয়ত্তা, বহুত্ব ; অপরিমিততা ; বহু পরি
অতীক্ষ্ণ, অপ্রখর, উদ্যম শূন্য, জড়।
অতুঙ্গ, অমুচ্চ, খর্ব্ব ; বামন, খাট।
অতুন্দ, কৃশ, ক্ষীণ, অতিশয় পাতল।
অতুর, পীড়িত, অসুস্থ, রোগী।
অতুল, অনুপম, অসদৃশ, তুলনা রহিত।
অতুল্য, তুলনা রহিত, অনুপম, অসদৃশ।
অতুষ্টি, অসন্তোষ, বিরাগ, বৈরক্তি। [নহে
অতুহিনরশ্মি, সূর্য্য ; যাহার কিরণ শীতল
অতৃপ্তি, তৃপ্তিহীন ; অপরিতুষ্টি।
অতৃষ, তৃষ্ণারহিত, তৃষ্ণাভাব।
অতৈল, তিলভবস্নেহ সদৃশ।
অতোক, নিঃসন্তান, পুত্রহীন।
অৎক, (অৎ) শরীরের অবয়ব, অঙ্গ ; বর্ত্মবাহী, পান্থ, পথিক।
অত্তা, (অত) মাতা ; জ্যেষ্ঠা ভগিনী, অগ্রজা, স্বসা ; শ্বশ্রূ, শাশুড়ী।
অত্তি, (অত) জ্যেষ্ঠা ভগিনী। [নী।
অত্তিকা, (অত্তি) নাট্যোক্তিতে জ্যেষ্ঠা ভগি-
অত্তৃ, (অদ) যে ভোজন করায়।
অত্নু, (অত) সূর্য্য, রবি, ভানু। বিস্তর।
অত্যন্ত, (অতি-অন্ত) অতীব, অতিশয়,
অত্যন্তকোপন, অতিশয় ক্রোধী, প্রচণ্ড কোপান্বিত। [গামী, দ্রুতগামী।
অত্যন্তগামী, অতিশয় গমন শীল, শীঘ্র
অত্যন্তবাসী, (অত্যন্ত-বাসিন) যোগী ; নৈষ্ঠিকব্রহ্মচারী।

অত্যন্তসুকুমার, অতিশয় কোমল
অত্যন্তাভাব, (অত্যন্ত-অভাব) ন্যায় দর্শনে সর্ব্বতোভাবে অভাব পদার্থ, সম্পূর্ণ অবর্ত্তমানত্ব। [দ্রুতগামী, শীঘ্রগ।
অত্যন্তগীন, (অত্যন্ত) অতিশয় গমনশীল;
অত্যম্ল,(অতি-অম্ল)অতিশয় অম্লরস, বড়টক
অত্যম্লা, বনবীজপুর; মধুর নেবু।
অত্যয়, (অতি-অয়) বিনাশ; মৃত্যু; দোষ।
অত্যয়িত, (অতি-অয়) অতিক্রান্ত, অন্যথা করা; বিনষ্ট; বিপন্ন। [বিস্তর।
অত্যর্থ, (অতি-অর্থ) অতিশয়, অধিক
অত্যল্প, (অতি-অল্প) যৎকিঞ্চিৎ; যৎ সামান্য; কিঞ্চিৎ, কিছু, অল্প। [সিত।
অত্যাকার, (অতি-আকার) কদাকার, কুৎ-
অত্যাচার, (অতি-আচার) অসঙ্গতাচরণ, কুব্যবহার; অন্যায়; দৌরাত্ম্য [দুষ্ট, দুরাত্মা
অত্যাচারী, বিরুদ্ধ ব্যবহারী, কুক্রিয়ান্বিত,
অত্যাজ্য, ত্যাগের অযোগ্য, ত্যাগানর্হ।
অত্যাশা, (অতি-আশা) অতিশয় আশা; অত্যন্ত অভিলাষ; অসম্ভব আকাঙ্ক্ষা।
অত্যাহার, (অতি-আহার) অতিশয় আহার যথেষ্টভক্ষণ, অপরিমিত ভোজন।
অত্যাহিত, (অতি-অহিত) বিপদ, আপদ; অতিশয় ভয়; জীবনাপেক্ষ কর্ম্ম, জীবনাশারহিত কর্ম্ম।
অত্যুক্তি, (অতি-উক্তি) আরোপিত কথন; অতিশয় উক্তি; অসম্ভব কথন।
অত্যুত্তম, (অতি-উত্তম) অতিশয় উৎকৃষ্ট।
অত্যুত্তর, (অতি-উত্তর) সিদ্ধান্ত, মীমাংসা।
অত্যুহ, (অতি-উহ) দাত্যুহপক্ষী; অতিশয় বিতর্ক।
অত্যুহা, (অতি-উহ) শেফালিকা, শিউলি।
অত্র, (ইদম্) এইখানে, এ স্থানে।
অত্রত্য, (অত্র) এ স্থানের, এই স্থলের।
অত্রপ, (অত্রপা) নির্লজ্জ, বেহায়া।
অত্রভবান, (অত্র-ভূ) পূজ্য, শ্লাঘ্য, মান্য।
অত্রস্ত, (অত্রাস) নির্ভয়; অসত্বর। [কন্যতা
অত্রাযোগ, (অত্র-অযোগ) অযোগ্যতা, অ-
অত্রি, (অদ-ত্রিপ) সপ্তর্ষি মধ্যে ঋষি বিশেষ
অত্রিজাত, চন্দ্র; অত্রি মুনির পুত্র [জ্যোতিঃ
অত্রিদৃগজ, (অত্রি-দৃশ) অত্রিমুনির নেত্রভব
অত্বক, (অ-ত্বচ) ছালহীন; চর্ম্ম বর্জ্জিত।
অত্বর, ত্বরাহীন, দীর্ঘ সূত্রী, অশীঘ্র; বিলম্ব, কালগত, গৌণ।

অথ, (অথো) অনন্তর; মঙ্গল; আরম্ভার্থ।
অথকিং, হাঁ, স্বীকার, অঙ্গীকার।
অথচ, যোজনার্থ অব্যয়শব্দ; আরো।
অথবা, কিম্বা, পক্ষান্তর, কল্পান্তর।
অথর্ব্ব, অতিবৃদ্ধ; বেদবিশেষ।
অথর্ব্বণ, (অথর্ব্ব) শিব, মহাদেব।
অথর্ব্বণি, (অথর্ব্ব) অথর্ব্ববেদজ্ঞ ব্রাহ্মণ।
অথো, (অথ) অনন্তর, পরে, পশ্চাৎ।
অদ, ভক্ষণ করণ, ভোজন করণ।
অদণ্ড্য, দণ্ডানর্হ, দণ্ডিত হইবার অযোগ্য।
অদত্তা, অবিবাহিতা, কুমারী, অনূঢ়া
অদন, (অদ্) ভোজন, ভক্ষণ, আহার।
অদনীয়, (অদন) ভক্ষণীয়, খাদ্যবস্তু। [স্ত।
অদন্ত, দন্তহীন, চর্ব্বণশক্তি শূন্য; অকারা-
অদভ্র, প্রচুর, অধিক, যথেষ্ট, প্রভূত; মহৎ
অদম্য, দমন করিবার অযোগ্য; দুর্দ্দান্ত।
অদয়, (অ-দয়া) নির্দ্দয়, নিষ্ঠুর, কৃপাহীন, দয়াশূন্য। [চর; বিনাশ, অন্তর্দ্ধান।
অদর্শন, দর্শনাভাব, অসাক্ষাৎ দৃষ্টির অগো-
অদল, হিজ্জল বৃক্ষ; দল রহিত।
অদস্, সর্ব্বনাম; উনি, ইনি।
অদহনীয়, দাহনের অনুপযুক্ত।
অদক্ষ, কুৎসীৎ, অনিপুণ।
অদাতা, (অ-দাতৃ) কৃপণ, দানশক্তি হীন।
অদান্ত, তপঃক্লেশ অসহিষ্ণু; অকৃতবাহ্য ইন্দ্রিয় নিগ্রহ।
অদামা, (অ-দামন) রজ্জুহীন; বটিবন্ধ হীন
অদীত, (অ-দা) দক্ষ প্রজাপতির কন্যা; কশ্যপ পত্নী, দেবমাতা।
অদিতিনন্দন, দেবতা, সুর। [সহজে জীত।
অদুরধৃষ্য, (অ-দুর্ধর্ষ্য) সহজে লজ্জিত;
অদুষ্ট, শুদ্ধ, নির্দোষ, পবিত্র।
অদৃক, (অ-দৃশ) দৃষ্টিরহিত, অন্ধ।
অদৃশ্য, অদর্শনীয়, অদ্রষ্টব্য।
অদৃষ্ট, ভাগ্য, কপাল; অনীক্ষিত।
অদৃষ্টবান্, ভাগ্যবান্, কপালিয়া।
অদৃষ্টি, প্রতিকূলা দৃষ্টি; কুটিল চক্ষু; কুৎসিত দৃষ্টি; দর্শনাভাব।
অদেবমাতৃক, দেবমাতৃক ভিন্ন দেশ; নদীমাতৃক দেশ, যে স্থানে বর্ষণের উপর শস্যোৎপত্তি নির্ভর হয় না নদীতে জল পাওয়া যায়।
অদেবল, যে ব্রাহ্মণ পূজাজীবী নহে।
অদেয়, দানের অযোগ্য।

অদৈন্য, দারিদ্র্যাভাব ; ধনসম্পন্ন।
অদ্ধা, (অত্-ধা) যথার্থ ; তত্ত্ব ; পথ।
অদ্ভুত, অপূর্ব্ব, বিস্ময়, আশ্চর্য্য, অলৌকিক
অদ্ভুতস্বন, আশ্চর্য্য শব্দ। [দিন।
অদ্য, (ইদম) বর্ত্তমান দিন, আইজ, এই-
অদ্যকার, (অদ্য) অদ্যতন, এই দিনের
অদ্যতন, অদ্যতব, অদ্যজাত।
অদ্যাপি, (অদ-অপি) অদ্য পর্য্যন্ত।
অদ্যাবধি, (অদ্য-অবধি) অদ্যারভ্য, আইজ অবধি। [লের উপসর্গাদি।
অদ্যশ্বীন, (অদ্য-শ্ব) প্রসব সময় ; মৃত্যুকা-
অদ্রি, (অদ) শৈল, পর্ব্বত, পাহাড়।
অদ্রিকীলা, (অদ্রি-কীল) ভূমি, পৃথিবী
অদ্রিজ, শিলাজতু, পর্ব্বতজাত বস্তু।
অদ্রিতনয়া, পার্ব্বতী, দুর্গা।
অদ্রিভিদ্, ইন্দ্র ; পর্ব্বত ভেদক ; বজ্র।
অদ্রিরাজ, হিমালয় পর্ব্বত, শ্রেষ্ঠ পাহাড়
অদ্রিসার, লৌহ ; ধাতু বিশেষ।
অদ্রীশ, মহাদেব ; হিমালয় পর্ব্বত।
অদ্রোহ, অনিষ্টাচার না করা, হিংসার অভাব। [এক।
অদ্বয়, (অ-দ্বি) যাহার দ্বিতীয় নাই, কেবল-
অদ্বয়বাদী, বুদ্ধ বিশেষ, একেশ্বরবাদী।
অদ্বিতীয়, দ্বিতীয় রহিত, অতুল্য।
অদ্বৈত, দ্বিতীয় ভিন্ন ; এক।
অধঃ (অধস) নীচে, নিম্নে, তলে।
অধঃকুন্তল, অন্তর্লোম, অধোভাগের রোম।
অধঃপাত, (অধস-পাত) নিম্নে পতিত ; ধ্বংশ, নষ্ট, নরক পাত ; সৌভাগ্য সম্পত্তি হইতে নিরাস হওন।
অধঃক্ষিপ্ত, (অধস্-ক্ষিপ্ত) অধস্ত্যক্ত বস্তু।
অধম, (অ-ধ্মা) নিকৃষ্ট, অপকৃষ্ট, নিন্দিত।
অধম, ভৃতক, অধম ভৃত্য, নীচ দাস।
অধমর্ণ, (অধম-ঋণ) ঋণী, খাদক, দেনাগ্রস্ত
অধমাঙ্গ, (অধম-অঙ্গ) পদ, চরণ, নিকৃষ্ট অবয়ব। [মন্দ।
অধমাধম, (অধম-অধম) অতি নিকৃষ্ট, বড়
অধর, মুখের অবয়ব বিশেষ, নিচের ওষ্ঠ তল ; অপকৃষ্ট।
অধরমধু, বদনামৃত, অধরামৃত, অধর রস।
অধর্ম্ম, ধর্ম্মবিরোধী, পাপ, কলুষ। [র্ম্মাত্মা।
অধর্ম্মী, (অ-ধর্ম্মিন্) পাপী, দুরাচার, অধ-
অধশ্চর, চোর ; অধোগামী।
অধশ্চৌর, নীচ চোর, সিঁদাল চোর।

অধস্তন, (অধস) নীচস্থ, নিম্নের, তলের।
অধস্তাৎ, (অধস) নীম্নে, অধোভাগে, নীচে।
অধি, মানসী ব্যথা, মনঃপীড়া ; আধিক্য বোধক, প্রাধান্য বোধক।
অধিক, (অধি) অতিরিক্ত, বহুল, বিস্তর।
অধিকতা, (অধিক) আধিক্য, অতিরিক্ততা, অধিকত্ব, বাড়তি। [শেষতঃ।
অধিকন্তু, (অধিক-তু) আরো ; অপর ; বি-
অধিকরণ, আধার, পাত্র অধিকারকরণ
অধিকর্দ্ধি, অতিশয় সম্পত্তি, সমৃদ্ধি।
অধিকর্ম্মিক, হট্টাধ্যক্ষ, হাটের দারোগা।
অধিকর্ম্মকৃৎ, কর্ম্মচারী, বৈতনিক ; উৎকৃষ্ট কর্ম্মকারী ভৃত্য ; প্রধান কর্ম্মকার।
অধিকাঙ্গ, (অধিক-অঙ্গ) বিংশতি অঙ্গুলের অতিরিক্ত অঙ্গুলি ; অধিক অবয়ব।
অধিকার, (অধি-কৃ) স্বামিত্ব, প্রভুত্ব ; স্বত্ব, দখল। [দারীর মধ্যে বাসকারী।
অধিকারস্থ, (অধিকার-স্থা) তালুক বা জমী
অধিকারী, (অধিকারিণ) প্রভু, অধিপতি অধিকার বিশিষ্ট, স্বত্ববান।
অধিকৃত, (অধি-কৃ) অধিকার করা ; কার্য্যে নিবিষ্ট ; আয় বায় দর্শক।
অধিক্রম, আক্রমণ ; দর্শক।
অধিগত, অবগত, জ্ঞাত ; প্রাপ্ত।
অধিগম, লাভ ; উপার্জ্জন ; প্রাপ্তি ; বোধ।
অধিগম্য, অপ্রাপ্ত ; অগম্য।
অধিজিহ্ব, জিহ্বাব্রণ, জিহ্বা স্ফোটক।
অধিত্যকা, পর্ব্বতের উপরিস্থ ভূমি।
অধিদন্ত, গজদন্ত ; দন্তোপরি যে দন্ত উঠে
অধিদেবতা, ইষ্টদেবতা ; অধিষ্ঠাত্রী দেবতা
অধিদৈব, দেবগণ ; অধিষ্ঠাত্রী দেবতা।
অধিদৈবত, অধিষ্ঠাত্রী দেবতা।
অধিপ, (অধি-পা) অধিপতি, স্বামী ; প্রভু।
অধিপতি, প্রভু, কর্ত্তা, স্বামী।
অধিবচন, নাম, সংজ্ঞা। [য়া ; বসতি।
অধিবাস, (অধি-বস) শুভ কর্ম্মের পূর্ব্ব ক্রি-
অধি-বিদ্য, (অধি-বিদ্য) শাস্ত্রবিদ্যাবান্, পণ্ডিত।
অধিবিন্না, প্রথম বিবাহিতা স্ত্রী।
অধিবেত্তৃ, প্রথম বিবাহের পর অতিরিক্ত বিবাহিত পুরুষ। [করণ।
অধিবেদন, এক স্ত্রী সত্ত্বে পুনর্ব্বার বিবাহ
অধিমাস, মলমাস, দুই অমাবস্যাযুক্ত মাস
অধিরাজ, ভূপতি, সম্রাট চক্রবর্ত্তী

অধিরাট, সম্রাট, চক্রবর্ত্তী।
অধিরোহিণী, কাষ্ঠাদি দ্বারা নির্ম্মিত সোপান আরোহণ পথ, সিঁড়ি।
অধিশ্রয়, স্থান, আশ্রয়।
অধিশ্রয়ণী, চুল্লী, চুলা; উনান।
অধিষ্ঠাতা, (অধি-স্থা) কর্ত্তা; অবস্থিতিকারী
অধিষ্ঠাত্রী, (অধি-স্থা) অধিদেবতা, স্থিতিকারিণী। [অধিবেশন; অধিকরণ।
অধিষ্ঠান, (অধি-স্থা) অধ্যাসন, অবস্থিতি,
অধিক্ষিপ্ত, তিরস্কৃত, নিন্দিত, ভর্ৎসিত।
অধীত, (অধি-ই) পঠিত, শিক্ষিত, কৃতাধ্যয়ন।
অধীতী, (অধি-ই) অধ্যয়ন বিশিষ্ট, ছাত্র।
অধীন, (অধি-ইন) আয়ত্ত, বশতাপন্ন পরবশ
অধীনতা, দাসত্ব, পারতন্ত্র্য, বশতা।
অধীয়ান, ছাত্র; বেদপাঠক।
অধীর, চঞ্চল, কাতর, অস্থির।
অধীরা, বিদ্যুৎ; চঞ্চলা; নায়িকাবিশেষ।
অধীশ, (অধি-ঈশ) অধ্যক্ষ, অধিপতি, প্রভু
অধীশ্বর, (অধি-ঈশ্বর) প্রণতাশেষসামন্ত, মহারাজ, চক্রবর্ত্তী, অধিরাজ।
অধুত, (অ-ধু ল্রড়ান) অকম্পিত; স্থির।
অধুনা, (ইদম) সংপ্রতি, এক্ষণে, ইদানী।
অধুনাতন, ইদানীন্তন, বর্ত্তমান কালবর্ত্তি, এতৎকালীন।
অধৃষ্ট, সলজ্জ; অপ্রগল্ভ।
অধৃষ্য; প্রগল্ভ; দুর্গম্য; অধর্ষণীয়।
অধৃষ্যা, প্রগল্ভা।
অধেয়, অধরণীয়। [কাতর।
অধৈর্য্য, ধীরতা শূন্য, ধৈর্য্যহীন; অস্থির,
অধোংশুক, পরিধান বস্ত্র।
অধোগত, (অধস-গত) অবনত; নীচগামী
অধগতি, (অধস-গতি) জীর্ণ, হজম; নরকপাত। [নিম্নগত।
অধোগামী, (অধস-গামিন) যে নীচে যায়;
অধোঘণ্টী, অপামার্গ; বৃক্ষবিশেষ।
অধোজিহ্বিকা, তালু মূলস্থ ক্ষুদ্র জিহ্বা আলজিভ। [দৃষ্টি
অধোদৃষ্টি, (অধস্-দৃষ্টি) নীম্ন দৃষ্টি, নীচ-
অধোবদন, (অধস-বদন) অধোমুখ হেটমুখ
অধোবায়ু, (অধস বায়ু) অপানবায়ু, বাতকর্ম্ম, অক্রৎক্রিয়া।
অধোভব, নীচ, নিম্নস্থিত।
অধোভুবন, (অধস-ভুবন) পাতাল রসাতল।

অধোমর্ম্ম, গুহ্যদ্বার।
অধোক্ষজ, (অধস-অক্ষ) বিষ্ণু, শ্রীকৃষ্ণ।
অধ্যগ্নি, (অধি-অগ্নি) স্ত্রীধন বিশেষ, বিবাহ সময়ে অগ্নি সমীপে স্ত্রীকে যে ধন দত্ত হয়।
অধ্যধীন, (অধি-অধীন) অত্যন্ত অধীন; ভৃত্য; দাস; নিতান্ত বশবর্ত্তী।
অধ্যবসায়, (অধি-অব-সো) যত্ন; আস্থা; উৎসাহ; কর্ম্ম উত্তম করণের ঔৎসুক্য, কর্ম্ম দৃঢ়তা করণের মানস; উদ্যম।
অধ্যবসায়ী, মনস্থ; উৎসাহ, কর্ম্ম উত্তম করণের ঔৎসুক্য, দৃঢ়তা করণের মানস।
অধ্যয়ন, পাঠ, পঠন।
অধ্যশন, (অধি-অশন) বারম্বার ভক্ষণ।
অধ্যস্ত, (অধি-অস) আরোপিত, কল্পিত, কৃতাধ্যাস।
অধ্যক্ষ, (অধি-অক্ষ) কর্ম্মকর্ত্তা, তত্ত্বাবধারক, আয় ব্যয়াদি নিরীক্ষক; প্রত্যক্ষ; ইন্দ্রিয় জন্য জ্ঞান।
অধ্যক্ষতা, কর্ত্তৃত্ব, তত্ত্বাবধারকতা।
অধ্যক্ষর, (অধি-অক্ষর) ওঁকার, ওঁ, প্রণব।
অধ্যাত্ম, (অধি-আত্মন) আত্ম সম্বন্ধী, আত্ম বিষয়ক। [শাস্ত্র।
অধ্যাত্মবিদ্যা, ব্রহ্মবিদ্যা, আত্মতত্ত্ববিষয়ক
অধ্যাত্মদৃশ, ঋষি, মুনি। [করে
অধ্যাত্মরতি, যে জন সর্ব্বক্ষণ ঈশ্বরের ধ্যান
অধ্যাপক, (অধি-ইঙ-বুন প্রত্যয়) উপদেশ কর্ত্তা, পাঠগুরু, শিক্ষক, উপাধ্যায়।
অধ্যাপন, (অধি-ই) পাঠনা, বিদ্যা দান, শিখান। [দেওন।
অধ্যাপনা, (অধি-ই) পাঠনা, পড়ান, পাঠ
অধ্যাপনীয়, পাঠনীয়, উপদিশ্য।
অধ্যাপিত, পাঠিত, গ্রাহিতবিদ্য, যাহাকে পাঠ দেওয়া হইয়াছে।
অধ্যাবাহনিক, স্ত্রীধন বিশেষ, বিবাহের পর স্বামি গৃহে গমনার্থ পিতৃকুল হইতে স্ত্রীলোক যাহা প্রাপ্ত হয়।
অধ্যায়, (অধি-ই) বেদ পুরাণাদির পরিচ্ছেদ, গ্রন্থ সম্বন্ধীয় সর্গ বর্গ অঙ্ক উল্লাস পরিচ্ছেদ পটল কাণ্ড স্তবক প্রভৃতি; পাঠ, পড়া, শিক্ষা।
অধ্যারূঢ়, (অধি-আরূঢ়) কৃতারোহণ, সমারূঢ়, আরোহণ করা, চড়া। [স, আরোপ।
অধ্যারোপ, (অধি-আরোপ) কল্পনা, অধ্যা-
অধ্যারোহণ, আরোহণ, চড়ন।

অধ্যাস, (অধি-অস) আরোপ, একে অন্যের কল্পনা, ভ্রম ; নিবাস।
অধ্যাসিত, কৃত নিবাস, বাস করা।
অধ্যাসীন, (অধি-আস্) উপবিষ্ট, আসনস্থ কৃতাধিবেশন। [করণ, বিতর্ক করণ
অধ্যাহরণ, (অধি-হৃ) কল্পনা করণ ; উহ
অধ্যাহার, (অধি-আ-হৃ) উহ্য, তর্ক ; অস্পষ্টার্থ শব্দের শব্দান্তর কল্পনা দ্বারা অর্থ স্পষ্টী করণ ; বাক্য পুরণার্থ পদযোজন, আকাঙ্ক্ষা পুরক পদানুসন্ধান। [সিত।
অধ্যুষিত অধি-উষিত) বসতি করা, অধ্যা-
অধ্যুষ্ট্র, উষ্ট্র যুক্ত রথ, উষ্ট্র বাহ্য যান। [নীত
অধ্যূঢ়া, (অধি-উঢ়া) বিবাহিতা স্ত্রী, পরি-
অধ্যেতা, অধ্যয়ন কর্ত্তা, ছাত্র, শিষ্য, পাঠক,
অধ্যেষণা, (অধি-এসনা) প্রশ্ন ; যাচ্ঞা ; আদরপূর্ব্বক প্রার্থনা।
অধ্রীয়মান, ধরণের অনুপযুক্ত।
অধ্রুব, অনিশ্চিত ; ক্ষণভঙ্গুর।
অধ্ব, (অধ্বন) বর্ত্ম, পথ, মার্গ। [সূর্য্য।
অধ্বগ, (অধ্বন-গম) পথিক, পান্থ ; উষ্ট্র ;
অধ্বগা, (অধ্বন-গম) গঙ্গা, ভাগীরথী, জাহ্নবী
অধ্বন, পথ ; স্থাপন, রক্ষণ ; কাল। [কর্ত্তা।
অধ্বনীন, (অধ্বন) পথিক, পর্য্যটক, ভ্রমণ-
অধ্বর, ভ্রমণকর্ত্তা, পান্থ।
অধ্বর, (অধ্বন-রা) যাগ, যজ্ঞ।
অধ্বরথ, পথে গমনোপযুক্ত রথ। [শেষ
অধ্বর্য্যু, (অধ্বর) যজুর্বেদজ্ঞ হোমকর্ত্তা বি-
অধ্বশল্য, অপামার্গ, আপাংগাছ।
অধ্বা, পন্থা, পথ ; সময়।
অধ্বান্ত, ঈষৎ অন্ধকার, অন্ধকার।
অনংশুনংফলা, কদলীফল, কলা।
অনক, নীচ, অধম। [রশ্মি।
অনগ্নি, শ্রুতি স্মৃতি বিহিত কর্ম্মহীন, নি-
অনঘ, (অ-অঘ) নিষ্পাপ ; নির্ম্মল।
অনঘাচ, তাল, গানের পরিমাণ বিশেষ।
অনঙ্গ, (অ-অঙ্গ) কামদেব : অঙ্গ রহিত।
অনঙ্গক, কামদেব ; অঙ্গ রহিত ; মন।
অনঙ্গাসুহৃদ, শিব, মহাদেব।
অনচ্ছ, (অ-অচ্ছ) আবিল, কলুষ, মলাযুক্ত, ঘোলা।
অনঞ্জন, অঞ্জন শূন্য, আকাশ।
অনডুহ, (অন-গাড়ি-বহ) বলিবর্দ্ধ, বলদ।
অনডুহী, (অন-ডুহ) স্ত্রীগো, ধেনু, গাভী।
অনড্বান, (অন-ডুহ) বৃষ, ষাঁড়, বলদ।

অনণু, মটর প্রভৃতি ; মোটাধান ; অক্ষুদ্র বিষয়।
অনতিক্রম, সীমা লঙ্ঘন। [গত, অজ্ঞাত।
অনধিগত, (অ-অধিগত) অপ্রাপ্ত ; অনব-
অনতিরিক্ত, অতিরিক্ত নহে, কম, অল্প।
অনধিকার, অধিকার রহিত ; স্বত্বহীন।
অনধ্যক্ষ, অপ্রত্যক্ষ ; অধ্যক্ষ ভিন্ন।
অনন্ত, (অ-অন্ত) অশেষ, অপরিসীম, নিত্য ; বিষ্ণু ; বলদেব, শেষনাগ, বাসুকি।
অনন্তবিজয়, রাজা যুধিষ্ঠিরের শঙ্খ।
অনন্তবীর্য্য, অপরিসীম পরাক্রম।
অনন্তভাব, নানাপ্রকার মর্ম্ম ; নিত্যতা।
অনন্তমূল, বৃক্ষবিশেষ। [কাশ, পশ্চাৎ।
অনন্তর, (অ-অন্তর) অব্যবহিত, অনব-
অনন্তরজ, জারজ ; যথা ক্ষত্রিয়ার গর্ভে ব্রাহ্মণের ঔরষজাত।
অনন্তশীর্ষ, বাসুকি, অসংখ্যমস্তক।
অনন্তা, অসংখ্যা ; শেষহীনা ; পৃথিবী ; পার্ব্বতী ; দূর্ব্বা। [একই।
অনন্য, (অ-অন্য) অভিন্ন, অন্য নহে, সেই
অনন্যগতিক, (অ-অন্য-গতি) গত্যন্তর রহিত, একাশ্রয়। [কন্দর্প।
অনন্যজ, (অ-অন্য-জন) কামদেব ; মদন,
অনন্যপূর্ব্বক, অনুপম, অতুল্য।
অনন্যবৃত্তি, একমাত্রবৃত্তি, একতান, একাগ্র, একনিষ্ঠ।
অনন্যহৃত, (অ-অন্য-হৃ) অচৌর্য্য, চুরি করা নহে। [য়োগ।
অনন্বিত, (অ-অন্বিত) সংযোগহীন, বি-
অনপ, (অঅপ) সলিল, বারি, জল। [নষ্ট।
অনপচয়, (অ-অপচয়) ক্ষতিরহিত, অবি-
অনপত্য, (অ-অপত্য) নিঃসন্তান, নির্ব্বংশ।
অনপত্রপ, (অ-অপত্রপা) নিলর্জ্জ, লজ্জাহীন
অনপর, (অ-অপর) নিজ, আত্মীয় ; ব্রহ্ম
অনপায়, অনশ্বর আপায় শূন্য।
অনপায়ী, স্থির, অবিনশ্বর, অপায় রহিত।
অনবধান, (অ-অবধান) অমনোযোগ, চিত্তের একাগ্রতার অভাব, অপ্রণিধান, চিত্তের অনাবেশ ; অমনোযোগী, অনাবিষ্ট।
অনবধানতা, মনোযোগ শূন্যত্ব, প্রমাদ, অনবহিতত্ব অসাবধানতা। [অন্যমনস্ক।
অনবধানী, অনবহিত, অসতর্ক, অসাবধান,
অনবর, অকনিষ্ঠ, শ্রেষ্ঠ, প্রধান। [শ্রয়হীন
অনবলম্ব, (অন্-অবলম্ব) অবলম্বন শূন্য, অ-

অনবরত, নিরন্তর, অজস্র, সর্ব্বদা।
অনবলম্ব, (অ-অবলম্ব) অবলম্বন শূন্য।
অনবলম্বন, অবলম্বন শূন্য, অনাশ্রয়
অনবসর, নিরবকাশ, অবসরাভাব।
অনবসাদ, দৃঢ়তা, স্থিরতা, অনালস্য।
অনবস্কর, নির্ম্মল, পরিষ্কার। [বসানাভাব।
অনবস্থা, (অ-অবস্থা) সীমা রাহিত্য, পর্য্য-
অনবস্থিত, অস্থির, চঞ্চল। [অস্থিরতা।
অনবস্থিতি, না থাকা, অবস্থানাভাব;
অনবহিত, অনন্যচিত্ত, অমনোযোগী
অনভিজাত, কুজন্মা, অশুভক্ষণিয়া।
অনভিজ্ঞ, মূর্খ, নির্বোধ, অজ্ঞ। [র্দ্দেশ।
অনভিধান, অকথন, অনুক্ত, অনুল্লেখ, অনি
অনভিভব, (অ-অভিভব) বিবাদ বা পরা-
জয় হইতে উদ্ধার। [লিপ্সিত।
অনভিভূত, (অ-অভিভূত) অজিত; অ-
অনভিমত, অসম্মত, মত বিরুদ্ধ।
অনভিলাষ, অনিচ্ছা, অরুচি।
অনভিষ্বঙ্গ, বিচ্ছেদ, বিয়োগ, অসংযোগ।
অনভ্যাস, অশিক্ষা; অব্যবহার।
অনম, ব্রাহ্মণ, ভূদেব, নরামর, বিপ্র।
অনমিতম্পচ, কৃপণ, অদাতা। [বিশেষ।
অনম্বর, আকাশ, শূন্য, নগ্ন, বস্ত্রহীন, বৌদ্ধ
অনমস্য, প্রণামের অযোগ্য।
অনয়, ব্যসন; বিপদ, অশুভ, দুর্নীতি [হিত
অনর্গল, (অ-অর্গল) অবাধ, প্রতিবন্ধক র-
অনর্ঘ্য, অমূল্য, অক্রেয়।
অনর্থ, (অ-অর্থ) অনিষ্ট, বৃথা; অপ্রয়োজন
অনর্থক, নিরর্থক, বৃথা, নিষ্ফল, নিষ্প্রয়োজন
অনর্হ, (অ-অর্হ) অনুপযুক্ত।
অনল, (অন-নিশ্বাসার্থ) অগ্নি, আগুন;
রাংচিতা; ভেলা। [অগ্নির দীপ্তি।
অনলপ্রভা, জ্যোতিষ্মতী নামে লতাবিশেষ,
অনলস, আলস্য বিহীন, উদ্যুক্ত, পরিশ্রমী
অনলপ্রিয়া; অগ্নিভার্য্যা, স্বাহা।
অনল্প, অধিক, বহু, বিস্তর।
অনলি, বৃক্ষবিশেষ, অগস্তিদ্রু। [উপবাস।
অনশন, (অ-অশন) অনাহার, অভোজন;
অনশ্বর, অবিনাশী, নিত্য, সনাতন।
অনস্, (অন) শকট, গাড়ি; রথ।
অনসূয়া, অসূয়ার অভাব; ঋষিকন্যা বি-
শেষ, শকুন্তলার সখী।
অনন্ত, (অ-অন্ত) অপ্রাপ্ত অন্ত।
অনহঙ্কার, অহঙ্কার শূন্য, গর্ব্বরহিত।
অনহঙ্কৃত, অহঙ্কার শূন্য, গর্ব্বহীন।
অনহঙ্কৃতি, অগর্ব্ব, অহঙ্কারাভাব।
অনক্ষ, অন্ধ, চক্ষুরহিত; কাণ।
অনক্ষর, অপণ্ডিত, মূর্খ, বর্ণজ্ঞানহীন।
অনক্ষি, কুৎসিত চক্ষু।
অনাকাঙ্ক্ষী, নিস্পৃহ, আকাঙ্ক্ষারহিত।
অনাকাল, দুর্ভিক্ষ, অকাল।
অনাকুল, অব্যাকুল, স্থির, স্বচ্ছন্দ
অনাক্রান্ত, অগৃহীত; অবেষ্টিত।
অনাক্রান্তা, কণ্টকারি; বৃক্ষবিশেষ।
অনাগত, ভবিষৎ; অনুপস্থিত।
অনাগতার্ত্তবা, অজাতরজস্কা, কুমারী, যে
বালিকা স্ত্রীধর্ম্মিণী হয় নাই।
অনাগম, ভবিষ্যৎ, অনুপস্থিত।
অনাগা, নিষ্পাপ; অনপরাধ, পবিত্র।
অনাঘ্রাত, আঘ্রাণ না করা; অস্পৃষ্ট
অনাচার, অশুচি, কদাচার; শুদ্ধাচার
শ্রুতি স্মৃতি বিরুদ্ধ কর্ম্মাচরণ।
অনাচারী, কদাচারী, অশুদ্ধাচারী।
গন্ধ, নাসিকা গ্রাহ্য পদার্থ; আমোদ, সৌরভ, ঘৃষ্টচন্দন, ঘষা চন্দন; ঘ্রাণ, কৃষ্ণঅগুরু; লেশ, সম্বন্ধ, কস্তুরী।
গন্ধক, (গন্ধ) উপধাতু বিশেষ, গন্ধপাষাণ।
গন্ধকাঠি, দিয়াশলাই। [শিল্পকারী
গন্ধকারিকা, সৈরিন্ধ্রী; পরগৃহস্থা স্বাধীনা
গন্ধকালিকা, ব্যাসমাতা, মৎস্যগন্ধা।
গন্ধকাষ্ঠ, অগুরু কাষ্ঠ, চন্দন কাষ্ঠ; শম্বরচন্দন
গন্ধকুসুমা, গণিকারী বৃক্ষ, গনেরীগাছ
গন্ধকেলিকা, কস্তুরী, মৃগমদ। [বিশেষ।
গন্ধগুরাণা, (গন্ধ-ঘ্রাণ) সৌরভযুক্ত তৃণ-
গন্ধগোকুল, চতুষ্পদ জন্তু বিশেষ।
গন্ধচেলিকা, কস্তুরী, মৃগনাভি।

গন্ধজাত, তেজপত্র, তেজপাত।
গন্ধজ্ঞা, নাসিকা, নাসা, নাক।
গন্ধতূর্য্য, বাদ্যবিশেষ, রণতূর্য্য।
গন্ধধূলি, কস্তুরী, মৃগমদ, মৃগনাভি [হিংসন
গন্ধন, (গন্ধ) সৌরভ প্রকাশন; সূচন;
গন্ধনকুল, গন্ধমূষিক, ছুছুন্দরী, ছুঁচা।
গন্ধনামা, রক্ততুলসী, রাঙ্গা তুলসী।
গন্ধনালী, নাসিকা, নাসা, নাক।
গন্ধনিলয়া, নবমল্লিকা, পুষ্প বিশেষ।
গন্ধপাষাণ, গন্ধক, উপধাতু বিশেষ।
গন্ধপিশাচ, সুগন্ধি দ্রব্য বিশেষ, ধূপ।
গন্ধপুষ্প, চন্দন ও ফুল; বেতস বৃক্ষ; চালিতা গাছ। [গনেরী গাছ।
গন্ধপুষ্পা, কেতকীপুষ্প, গণিকারীবৃক্ষ,
গন্ধপ্রিয়, ঘ্রাণলুব্ধ; গন্ধগ্রাহী।
গন্ধফল, কপিত্থ ফল; কতবেল; বিল্ব, বেল
গন্ধবণিক, বর্ণসঙ্কর জাতি বিশেষ, গান্ধিক, গন্ধবেণিয়া।
গন্ধবতী, পৃথিবী; বরুণপুরী; ব্যাসমাতা; সুরা; নবমল্লিকা; মুরানামে গন্ধ দ্রব্য।
গন্ধবধূ, শটী, চীড়া নামে গন্ধ দ্রব্য।
গন্ধবন্ধু, আম্র, চূত; আমগাছ, সহকার।
গন্ধবল্কল, সুগন্ধি ত্বক, দারুচিনি।
গন্ধবহ, বায়ু, পবন; গন্ধযুক্ত।
গন্ধবহা, নাসিকা, নাসা, নাক।
গন্ধবাহ, (গন্ধবহ) বায়ু, অনিল বাত; মৃগবিশেষ, কস্তুরীমৃগ।
গন্ধবাহা, নাসিকা, ঘ্রাণেন্দ্রিয়, নাক।
গন্ধবিরজা, গন্ধবিরজ।
গন্ধবিহ্বল, গোধূম, গম।
গন্ধবীজা, মেথিকা, মেথী
গন্ধবৃক্ষক, (গন্ধ-বৃক্ষ) শালবৃক্ষ, শালগাছ।
গন্ধভদ্রা, লতাবিশেষ, গন্ধভাদালিয়া লতা, গন্ধাদালি লতা।
গন্ধভাদালিয়া, (গন্ধভদ্রা) লতা বিশেষ।
গন্ধমাতা, অবনী, পৃথিবী, পৃথ্বী।
গন্ধমাদন, পর্ব্বত বিশেষ, ইলাবৃত ও ভদ্রাশ্ব বর্ষের সীমা পর্ব্বত; ভ্রমর; বানর বিশেষ; গন্ধক।
গন্ধমাদনী, (গন্ধ-মদ) মদিরা, সুরা, মদ্য।
গন্ধমার, তিক্তরস দ্রব্য বিশেষ।
গন্ধমার্জার, খট্টাস, খাটাস।
গন্ধমালতী, পুষ্প বৃক্ষ বিশেষ।
গন্ধমালিনী, মুরানামে গন্ধ দ্রব্য।

গন্ধমুণ্ড, লতাবিশেষ, গন্ধভাদালিয়ালতা।
গন্ধমূষিক, ছুচুন্দরী, ছুঁচা।
গন্ধমূষী, ছুচুন্দরী, ছুঁচা।
গন্ধমৃগ, খট্টাস, খাটাস।
গন্ধমৈথুন, বৃষ, ষাণ্ড, এঁড়।
গন্ধমোদন গন্ধক উপধাতু বিশেষ। [কুঁড়ি
গন্ধমোহিনী চম্পক কলিকা চাপাফুলের
গন্ধরগ, সুগন্ধিবৃক্ষ নির্য্যাসরং বস্ত্র বিশেষ
আটার ন্যায় বস্তু বিশেষ।
গন্ধরস, উপধাতু বিশেষ, মুরলস্ব
গন্ধরাজ, চন্দন; পুষ্প বিশেষ।
গন্ধর্ব্ব, (গন্ধ-অর্ব্ব) স্বর্গীয়ক, যক্ষ, উপদেব-
বিশেষ, দেবযোনি বিশেষ।
গন্ধর্ব্ববেদ, সংগীত বিদ্যা, গীতশাস্ত্র।
গন্ধর্ব্বহস্ত, এরণ্ডবৃক্ষ, ভেরেণ্ডাগাছ।
গন্ধলোলুপ, মক্ষিকা, মাছী।
গন্ধশালি শালি ধান্য বিশেষ।
গন্ধশুণ্ডিনী, গন্ধমূষিক, ছুচুন্দরী, ছুঁচা।
গন্ধশেখর, কস্তূরী, মৃগনাভি, মৃগমদ।
গন্ধসার, চন্দনবৃক্ষ, চন্দন
গন্ধসোম কুমুদপুষ্প, কহ্লার।
গন্ধহারিকা, গন্ধহরণকর্ত্রী, গন্ধনাশিনী;
পরের গৃহে গিয়া কর্ম্মকারিণী শিল্পকরী।
গন্ধা, (গন্ধ) চম্পককলিকা; শটীবৃক্ষ, শাল-
পর্ণী বৃক্ষ, শালপাইন; দুর্গন্ধ।
গন্ধাখু, গন্ধমূষিক ছুচুন্দরী ছুঁচা।
গন্ধাজীব, গন্ধবণিক, গন্ধবাণিয়া।
গন্ধান, (গন্ধ) বাস দেওন, গন্ধ করণ।
গন্ধালী, (গন্ধ) লতাবিশেষ, গন্ধভাদালিয়া-
লতা গাদালি লতা।
গন্ধাশ্মা, গন্ধক, উপধাতু বিশেষ।
গন্ধিক, গন্ধক উপধাতু বিশেষ।
গন্ধিপর্ণ, সপ্তচ্ছদবৃক্ষ, ছাতিম গাছ।
গন্ধী, (গন্ধ) গন্ধবিশিষ্ট কীট বিশেষ, ছার-
পোকা; গন্ধপোকা।
গন্ধোতু, খট্টাস, খাটাস।
গন্ধোত্তমা, মদিরা, সুরা, মদ্য।
গন্ধ্য, ছারপোকা, গন্ধপোকা
গপ্প, (জল্প) গল্প, উপকথা, অলীক বা কল্পি-
ত আখ্যান, [illegible]।
গপ্পা, [illegible] আখ্যান [illegible] প্রিয়,
গল্পকারী, বাচালুক।
গবক্কন, (গো) [illegible]; পেটী [illegible]।
লেপন আকাবিকা [illegible] করণ।

গবড়ান, (গবড়া) বিগড়ন; নষ্টকরণ
গবয়, গলকম্বলশূন্য গো সদৃশ পশু, বন-
গো, চামরী।
গবয়ী, (গবয়) স্ত্রী জাতীয় গবয়, চমরী।
গবরাজ, বৃষ ষণ্ড, বৃষভ, ষাঁড়।
গবল, মহিষ শৃঙ্গ; বন মহিষ।
গবা, (গো) নির্ব্বোধ মূর্খ।
গবাচী, মৎস্য বিশেষ, পাঁকালমাছ।
গবাদন, (গো-অদন) ঘাস, তৃণ, পত্র।
গবাদনী, গোরুর ঘাস খাইবার আধার, জাব দি-
বার গামলা বা মেচলা।
গবালুক, চমরী, বনগরু, গবয়। [মার।
গবাশন, (গো-অশন) গোভক্ষক; মুচী, চা-
গবাসন, (গো-আসন) মুচী, চামার।
গবাক্ষ, (গো-অক্ষ) জানালার জালী; ক্ষুদ্র
রন্ধ্রক, বানর বিশেষ। [সা; শেওড়া।
গবাক্ষী গোড়ুম্বাফল; গোডুক; রাখাল স-
গবী, (গো) স্ত্রী গো, ধেনু। [স্বামী।
গবীশ্বর, (গবী-ঈশ্বর) গোরুর স্বামী; গো
গবেড়ু, (গো-ঈড়ু) ধান্য বিশেষ, গড়গড়ী
ধান। [গেরীমাটী।
গবেধুক গৈরিক, রক্তবর্ণ মৃত্তিকা বিশেষ,
গবেধুকা, তৃণধান্য বিশেষ, দেধান।
গবেরুক, মৃত্তিকা বিশেষ, গেরীমাটী।
গবেষণ, মার্গণ, সন্ধান, অন্বেষণ।
গবেষণা, অন্বেষণা, অনুসন্ধান।
গবেষিত, অন্বেষিত, অনুসন্ধান করা, খো-
জা, চূণচন করা।
গব্, (গভিণী গো।
গব্য, (গো) গোসম্বন্ধি দুগ্ধ; গোময়াদি।
গব্যা, গোসমূহ; গোরোচনা; ক্রোশ।
গব্যূত, ক্রোশ, কোশ। [দুইকোশ।
গব্যূতি, (গো-যু) দ্বিসহস্র ধনু, ক্রোশদ্বয়,
গভস্তি, (গো-ভস্) কিরণ, রশ্মি; সূর্য্য।
গভস্তিমৎ, পাতাল বিশেষ, তলাতল।
গভস্তিমান, সূর্য্য, তাম্র, দিবাকর।
গভস্তিহস্ত, দিনমণি, সূর্য্য, দিবাকর।
গভীর, (গম্) নীচস্থান, নিম্ন, গম্ভীর অগাধ
গভীরতা, (গভীর) নিম্নতা, নিম্নদিকের প-
রিমাণ।
; (গম্ভীর) নিম্নতা, গভীরতা।
গভীরিকা, বৃহৎ ঢাক্কা, বড় ঢাক।
গভোলিক, মসূর কলায় মসূরীরদাইল।
গম (গম্) গমন পথ; গোধুম।

গমথ, পন্থা, পথিক, পান্থ।
গমন, (গম) প্রয়াণ যাত্রা, প্রস্থান, পাদ-বিহরণ, ভ্রমণ, সঙ্গম।
গমনশীল, চলিষ্ণু, ভ্রমণকারী।
গমনাগমন, (গমন-আগমন) গমনাগমন যাতায়াত, গতিবিধি।
গমনার্হ, (গমন-অর্হ) গম্য, গমন যোগ্য।
গমাগম, গতিবিধি, যাতায়াত।
গমী, (গম) গমনকর্ত্তা, গতি বিশিষ্ট।
গম্ভারী, (গ-ভৃ) গাম্ভারীবৃক্ষ, গামারগাছ
গম্ভীর, (গম) গভীর; অগাধ, নিম্ন; জম্বীর, নেবু, পদ্ম, পঙ্কজ।
গম্ভীরবেদী, দুর্দ্ধর হস্তী, মত্ত হস্তী।
গম্য, (গম) প্রাপ্য, সম্ভাব্য; গমনযোগ্য।
গয়, অসুরবিশেষ, বানরবিশেষ।
গয়া, (গৈ) গয়রাজর্ষির পুরী তীর্থ বিশেষ।
গয়ার (গৃ) থথু; কণ্ঠগত শ্লেষ্মা।
গয়ালী, (গয়া) গয়াতীর্থবাসী, গয়াতীর্থের-পুরোহিত, ব্রহ্ম সৃষ্ট ব্রাহ্মণ [রোগ।
গর, বিষ গরল; বৎসনাম বিষ, উপবিষ;
গরগণ্ড, (গলগণ্ড) গলদেশে মাংসপিণ্ড।
গরুঘ্নী, মৎস্য বিশেষ, গরইমাছ।
গরজ, (বাং) আবশ্যক প্রয়োজন কার্য্য।
গরণ সেচন; নিগরণ। [কর্ত্রী।
গরদ, (গৃ) পট্টবস্ত্র বিশেষ, বিষ, বিষদান
গরব- ময়ূর, শিখী, কলাপী।
গ... কর্ভ, কুক্ষি, উদর, পেট।
গরম (বাং) উষ্ণ, তপ্ত, উত্তাপিত ক্রুদ্ধ।
গরল, গ...ল, বিষ, সর্পবিষ; পরিমাণবিশেষ তৃণ, পুলাক, ঘাসের আটি বা গাদা
গরলারি মরকত মণি পান্না।
গরলী (গরলিন্) নির্বাণ; বিষধর, অহি।
গরাণ, (গর বৃক্ষবিশেষ।
গরাদিয়া, (গর লৌহ বা কাষ্ঠযষ্টি, কাষ্ঠবৃতি, কাঠগড়া, বেড়া।
গরাধিকা, লাক্ষা, লা।
গরিব, (বাং) দরিদ্র, নির্ধন, কাঙ্গাল।
গরিমা, (গুরু) গুরুতা, দম্ভ, অহঙ্কার।
গরিষ্ঠ (গুরু) অতি গুরু গরীয়ান।
গরীয়সী, (গুরু) গুরুতরা, অতিশয় গুরু।
গরু (গো) গবী; নির্বোধ; নিতান্তমূর্খ।
গরুড়, (গরুৎ-ডী) পক্ষিরাজ, গরুত্মান, বৈনতেয়।
গরুড়ধ্বজ বিষ্ণু, নারায়ণ, শ্রীকৃষ্ণ।

গরুড়াগ্রজ, অরুণ, সূর্য্য সারথি।
গরুড়াঙ্কিত, মরকত মণি, পান্না।
গরুড়াশ্ম, মরকত মণি, পান্না।
গরুড়াসন গরুড়োপরিস্থ আসন।
গরুতুল্য, গোসদৃশ; মূর্খ, মূঢ়, অজ্ঞান।
গরুৎ, (গৃ) পক্ষ, পাখা, পালথ।
গরুত্মান্ (গরুৎ) গরুড়, খগেন্দ্র, পক্ষবান্, বিহঙ্গ পক্ষী।
গর্গ, মুনিবিশেষ, ব্রহ্মার পুত্র।
গর্গর, (গৈরিক) মৎস্য বিশেষ, গাগরা মাছ, ক্রোধে অস্থির, ক্রোধে রক্তবর্ণ।
গর্গরিয়া, (গর্গর) ক্রোধেউন্মত্ত, কোপান্বিত
গর্গরী, (গর্গর), মন্থনী; দধি মন্থন পাত্র কলসী ঘট গাগরী।
গর্জ্জ (কর্জ্জ) শব্দ ধ্বনি, নাদ, রব।
গর্জ্জক, মৎস্য বিশেষ, শালমাছ, ক্রোধে ধ্বনিকারী। [ধ্বনি, সর্পধ্বনি
গর্জ্জন, শব্দ; কোপ; সক্রোধ বাক্য; মেঘ-
গর্জ্জর, মূল বিশেষ, গাজর।
গর্জ্জনক..., যুদ্ধ; ভর্ৎসন, উত্তেজন।
... মেঘশব্দ, মেঘধ্বনি, স্বার্থপর।
গর্জ্জিত, (গর্জ্জ) মেঘের শব্দ, কৃতশব্দ, শব্দকরণ। [দেশ
গর্ত্ত (গৃ) ভূমিরন্ধ্র অবট, বিবর, ত্রিগর্ত্ত
গর্ত্তিক (গর্ত্ত) তন্তুশালা, তাঁতঘর।
গর্দান (বাং) গলা ঘাড়, স্কন্ধ।
গর্দ্দভ, জন্তু বিশেষ, খর, রাসভ, গাধা।
গর্দ্দভিক (গর্দ্দভ) ক্ষুদ্রগর্দ্দভী ছোট গাধা, ক্ষুদ্র রোগ বিশেষ। [অপরাজিতা লতা।
গর্দ্দভী, গর্দ্দভ স্ত্রী গাধী; রোগবিশেষ,
গররপসন্দ (বাং) অগ্রাহ্য, অমনোনীত।
গর্দ্ধ, লিপ্সা, স্পৃহা, বাঞ্ছা।
গর্দ্ধন, লুব্ধ, লোলুপ; লোভী।
গর্ব্ব, দর্প, অহঙ্কার, দম্ভ।
গর্ব্বজনক, অহঙ্কারজনক, দম্ভান্বিত।
গর্ব্বাট, দ্বারপাল দ্বারী, দ্বারবান।
গর্ব্বিত (গর্ব্ব) দর্পিত অহঙ্কারযুক্ত।
গর্ভ, (গ)ভ্রূণ, অন্তরস্থ অপত্য; মধ্য, নদীমধ্যস্থল। [মালা, খোঁপার মালা।
গর্ভক, (গর্ভ) দুই রাত্রি; কেশ মধ্যস্থিত-
গর্ভপাত, গর্ভ হইতে পতিত, অপূর্ণকালজ গর্ভস্রাব, পেটখসা।
গর্ভজ, (গর্ভ-জন) গর্ভজাত বালক; গর্ভ-হইতে উৎপন্ন।

গর্ভণ্ড. নাভি গুণ্ডক, নাভির গাঁড়।
গর্ভধারণ, গর্ভের গ্রহণ, নিষেক গ্রহণ।
গর্ভধারিণী, জননী, মাতা।
গর্ভপাকী, ষষ্টিক ধান্য, ষেটেধান।
গর্ভপাত, গর্ভস্রাব, পেটখসা।
গর্ভবতী, অন্তরাপত্যা, গুর্ব্বিণী, গর্ভিণী, সসত্ত্বা, আপন্নসত্ত্বা।
গর্ভশয্যা, গর্ভোৎপত্তি স্থান, গর্ভরূপ আস্তর, জরায়ু, গর্ভাবরণ চর্ম্ম।
গর্ভস্রাব, গর্ভপাত পেটখসা।
গর্ভাগার, গৃহ মধ্যভাগ; শয়ন গৃহ; বাসগৃহ; প্রসব গৃহ, সূতিকাগার।
গর্ভাধান, (গর্ভ-আধান) গর্ভনিমিত্ত সংস্কার বিশেষ, প্রথম সংস্কার, নিষেকক্রিয়া।
গর্ভাশয়, জরায়ু, গর্ভশয্যা।
গর্ভাষ্টম, (গর্ভ-অষ্টম) গর্ভসঞ্চার কাল অবধি অষ্টম মাস বা অষ্টম বৎসর।
গর্ভিণী, (গর্ভ) গর্ভবতী, গুর্ব্বিণী, পোয়াতি ক্ষীরাই গাছ। [পরিচর্য্যা।
গর্ভিণীবেক্ষণ, কুমার ভৃত্যা; গর্ভিণীর
গর্ভোপঘাতিনী, গর্ভপাতিনী গো, গাবড়া ফেলা গাই। [গড়ে ধান।
গর্মুৎ, তৃণ ধান্য বিশেষ, মাড়ুয়াধান, গড়-
গর্হণ, কুৎসন, নিন্দন।
গর্হা, (গর্হ) তিরস্কার, দুর্ব্বচন, নিন্দা।
গর্হিত, (গর্হ) নিন্দিত, কুৎসিত জুগুপ্সিত।
গর্হ্য, (গর্হ) অধম, নিন্দ্য, নিন্দনীয়।
গল, (গল) কণ্ঠ, গলা; সর্জ্জরস, ধুনা; বাদ্য বিশেষ; গড়ক মৎস্য, গড়ুই মাছ।
গলকম্বল, গোরুর গলদেশ স্থিত কম্বলাকৃতি মাংস, সাস্না। [রোগ বিশেষ।
গলগণ্ড, গরগণ্ড, গলদেশে মাংসপিণ্ড;
গলগ্রহ, স্বয়ং উত্থাপিত অপরিহার্য্য আপদ; ব্যঞ্জন বিশেষ, মৎস্যঘণ্ট।
গলিত, (গল) অশুদ্ধ; দ্রব; স্রবণ, ক্ষরণ
গলদ, অশুদ্ধ, অপবিত্র।
গলন, (গল) দ্রবহওন, গলিয়া যাওন।
গলনীয়, (গল) দ্রব হওনোপযুক্ত।
গলন্তিকা, অল্পধারিধানিকা, ক্ষুদ্রজলপাত্র, ছোট কুঁজা।
গলনীল, ময়ূর, শিখী কলাপী।
গলভঙ্গ, স্বরভঙ্গ, কণ্ঠবদ্ধ।
গলমেখলা, গলসূত্র, কণ্ঠাভরণ বিশেষ।
গলশুণ্ডিকা, তালুমধ্যস্থ সূক্ষ্ম জিহ্বা।

গলস্তনী, ছাগী, অজা।
গলহস্ত, গলাদেশে হস্ত প্রদান, গলাধাক্কা।
গলস্থ, (গল-স্থা) গলস্থিত, কণ্ঠস্থিত। [ভুক্ত।
গলা, (গল) গলদেশ, কণ্ঠ; গলিত; দবী-
গলাঙ্কুর, গলরোগবিশেষ, গলদেশস্থ পীড়া
গলাট, (গল) জীর্ণ, পচা, বিকৃত।
গলাটিপি, গলহস্ত, গলাধাক্কা।
গলাটিয়া, (গলা) জীর্ণ, পচা, গলিত, বিকৃত
গলাধাক্কা, গলাটিপি, গলহস্ত।
গলানিয়া, দ্রব, গলিত, দ্রবীভূত।
গলানিল, মৎস্য বিশেষ, চিঙ্গড়ীমাছ।
গলাভাঙ্গা, বদ্ধকণ্ঠ, স্বরভঙ্গ বিশিষ্ট।
গলায়দড়িয়া, (গলায়-দড়ি) যে ব্যক্তি গলদেশে রজ্জু দিয়া প্রাণত্যাগ করে।
গলাশী, (গলা-অস) গবাদির গলবন্ধন রজ্জু।
গলি, (গল) দুষ্ট বৃষ, গড়িয়া গরু; অল্পপরিসর পথ, ক্ষুদ্র পথ।
গলিত, পতিত, ভ্রষ্ট, চ্যুত; দ্রবীভূত।
গলেস্তনা, ছাগী অজা।
গলু, মণি বিশেষ, রত্ন বিশেষ।
গলুই, (গল) নৌকার অগ্রভাগ।
গলগলিয়া, অতিশয় পক্ক ফলাদি; বারদুক, বাচাল।
গল্প, (জল্প) উপন্যাস, কল্পিত কথা, উপকথা।
গল্পিয়া, (গল্প) বাচাল, বহুভাষী, বারদুক।
গল্ল, গণ্ড, গাল; কপোল।
গল্লচাতুরী, উপধান বিশেষ, গালবালিশ।
গল্লক, চষক, মদ্যপান পাত্র, সুরাপাত্র, ইন্দ্রনীলমণি।
গল্লা, (গল) আটি, পুলা, গোছা।
গল্লাচিঙ্গড়ি, (গলাবিল-চিঙ্গড়ি) বড় অথচ স্থূল চিঙ্গড়ি মৎস্য।
গল্লান, আটিবন্ধন, গুচ্ছ করণ।
গসগসান, (গস্‌গস্‌) ক্রোধে উন্মত্ত হওন, উত্তপ্ত হওন রাগান্বিত প্রকাশন।
গহ, গহন, অতিশয় জঙ্গল, বড় বন।
গহন, (গহ) দুর্গম, দুষ্প্রবেশ্য; নিবিড় বন, ঘন অরণ্য; গহ্বর।
গহনা, (গহ) অলঙ্কার, ভূষণ, আভরণ।
গহরা, (গভীর) গহেরা, গর্ত্ত, দহ।
গহরী, (গম) বিলম্ব, গৌণ, ব্যাজ।
গহীন, (গভীর) গম্ভীর অতলস্পর্শ।
গহেরা, (গভীর) গর্ত্ত; বিলম্ব।
গহ্বর, (গাহ) গর্ত্ত; গুহা; বন; নিকুঞ্জ।

গহ্বরী, গুহা ; গর্ত্ত
গা, (গাত্র) শরীর, দেহ।
গাই, স্ত্রী গো, গুরু, গবী, ধেনু।
গাইন, (গৈ) গায়ক, গাথক।
গাইল,(গালি) কটূক্তি ; কটুক্তি ; অভিশাপ
গাওন. (গৈ) গান করণ, গীত গাওন।
গাওনী, গৈ) গায়কের বেতন।
গাং. (গঙ্গা) নদী ; ভাগীরথী।
গাঁ, (গ্রাম) বহু জন বসতি স্থান।
গাঁইট, (গ্রন্থি) গাঁটি, গিরা ; মোট ; বস্তা।
গাঁইটকাটা, চোর বিশেষ, গ্রন্থি ভেদি তস্কর।
গাঁইটছড়া, বরকন্যার বস্ত্রের গ্রন্থি।
গাঁজন. (গজ) দ্রব দ্রব্যের বিকৃতি হওন ; ফেণা উঠন।
গাঁজা, (গঞ্জ) মাদক দ্রব্য বিশেষ, ত্বরিতা-[নন্দ, গাঞ্জা।
গাঁজিয়াল, (গাঁজা) গাঞ্জার ধুমপায়ী, গাঁজাখোর।
গাঁটা, দ্রব্যবিশেষে বর্ত্তুলাকার বন্ধন ; [গাঁটা ; গুপ্তশ্রবণ।
গাঁটা দেওন,বঞ্চনা করিয়া লওন ; অপহরণ
গাঁঠরী, (গ্রন্থি) পুটলি ; বস্তা।
গাঁঠলী. (গাঁঠা-লী) মন্ত্র পূর্ব্বক বিষবন্ধন ; মোট. পুটালি।
গাঁতাল, (গাঁং) শঠ, ধূর্ত্ত ; জুয়াচোর।
গাঁথন, (গাঁথ) গ্রন্থন ; গঠন, রচন
গাঁথনি গ্রন্থন. গাঁথা।
গাঁকাঁটা, গাত্রে রোমোদ্গম. লোমাঞ্চ।
গাখসা. গর্ত্তস্রাব গর্ভপাত।
গাগরী. ক্ষুদ্র কলসী. গর্গরী, ঘট।
গাঙ্গী (গৈ) শুকপক্ষি বিশেষ। [কেয়
গাঙ্গ (গঙ্গা) গঙ্গাসম্বন্ধীয় ; ভীষ্ম ; কার্ত্তি-
গাঙ্গেয় (গঙ্গা) ভীষ্ম ; কার্ত্তিকেয়।
গাঙ্গেয় স্বর্ণ ; ধুস্তুর ; মুস্তা ; ভীষ্ম ; কার্ত্তিকেয় ; ইলীশ মৎস্য।
গাছ,(গচ্ছ) বৃক্ষ. তরু ; সংখ্যাবাচক শব্দের পর স্বার্থে প্রযুজ্য প্রত্যয়। [নিপুণ।
গাছড়িয়া, গাছুয়া. বৃক্ষারোহী. বৃক্ষারোহণে
গাছমরিচ, লঙ্কামরিচ।
গাছান, (গাছ) গজান ; অঙ্কুরণ ; বৃক্ষারোহণ, গাছে চড়ন। [রোহী।
গাছুয়া, (গাছ) নিয়ত বৃক্ষে নিবাসী ; বৃক্ষা-
গাজন, (গর্জ্জ) চৈত্র সংক্রান্তিতে বাণরাজ কৃত পর্ব্ব বিশেষ, শিবের উৎসব
গাজর, (গার্জ্জর) মুলা বিশেষ, গর্জ্জর।

গাঞ্জা, মাদক দ্রব্যবিশেষ, ত্বরিতানন্দ।
গাড়. (গড়) গর্ত্ত, গাড়া ; প্রোথন।
গাড়ন, পোতন, প্রোথিত করণ, মৃত্তিকায় প্রবেশ করান। [ভেড়া।
গাড়র, (গড়) গড্ডলিকা. মেষ, মেড়া,
গাড়ল. (গাড়র) মেষ, মেড়া, ভেড়া।
গাড়া. (গাড়) পোঁতা ; গর্ত্ত ; গহ্বর।
গাড়ী (গন্ত্রী) শকট. রথ।
গাড়ীবান্, শকটাদি চালক, গাড়োয়ান।
গাড়ু, (গড়) ভৃঙ্গার, ঝারী, গড়ডুক, জলপাত্র বিশেষ ; গলগণ্ড।
গাঢ়. (গাহ) ঘন ; অতরল ; অতিশয় দৃঢ়।
গাঢ়মুষ্টি. গড়্গ. কৃপাণ ; দৃঢ়মুষ্টি, শক্তমুটা।
গাঢ়া, (গাঢ়) গহ্বর, গর্ত্ত, বিবর।
গাঢ়াবটী, চতুরঙ্গ ক্রীড়া বিশেষ।
গাণপত্য, (গণপতি) গণেশোপাসক ; গণপতি সম্বন্ধীয়।
গাণিক্য, (গণিকা) গণিকা সমূহ, বহুবেশ্যা।
গাণ্ডার, (গণ্ডক) গণ্ডার, খড়্গী. বন্যজন্তু বিশেষ। [কি, কার্ম্মুক
গাণ্ডীব. (গণ্ড) অর্জ্জুনের ধনু ; সামান্য ধনু-
গাণ্ডীবী. অর্জ্জুন, গাণ্ডীব নামক ধনুর্দ্ধারী, দ্বিতীয় পাণ্ডব।
গাতা, (গৈ) গায়ক, গান কারক
গাতু, কোকিল, ভ্রমর ; গন্ধর্ব্ব ; গায়, সংগীতকারী।
[গা]তুয়া. (গাত্র) আলসিয়া, অলস, কর্ম্মে অনুৎসাহ, জড়। [উঠন
গাত্রোত্থান, গাত্রোত্থান, আসনাদি হইতে
গাত্র. (গম) কলেবর, বপুঃ, কায়, দেহ, মূর্ত্তি, তনু, অঙ্গ, শরীর, হস্তপদাদি সমুদায় অবয়ব. গা।
গাত্রকণ্ডু, গা চুলকানি, শরীরের কণ্ডুয়ন
গাত্রপাক, গাত্রের ভ্রমি, গাঘোরা, পীড়া জন্য শরীরের ভ্রমি।
গাত্রবেদনা, শরীরের ব্যথা, অঙ্গপীড়া।
গাত্রভঙ্গি. অঙ্গের বিকৃতি। [গামছা।
গাত্রমার্জ্জনী. শরীর মার্জ্জনার্থ বস্ত্রবিশেষ,
গাথক. (গৈ) গায়ক, গানকারক।
গাথা, (গৈ) শ্লোক ; গান ; ছন্দঃ ; আর্য্যা ; সংস্কৃত ভিন্ন ভাষা বিশেষ।
গাদ, (গার্দ্দ) মল, কিট্ট, মলা, কাইট।
গাদন, (গাদ) দৃঢ়করণ ; পোতন, ঠাসন, পূর্ণ করণ

গাদা, (গাদ্) রাশি, স্তূপ; গর্দ্দভ, খর।
গাদাগাদি, (গাদা) উপর উপরি; ঠাসাঠাসি
গাদী, (গাদা) রাশীকৃত, ঢিপি; গর্দ্দভী।
গাদীপতি, আড্ডাধারী, সন্ন্যাসী; সম্প্রদায়ের শ্রেষ্ঠ।
গাত্তলত্ত্য, অলস; অকর্ম্মণ্য।
গাধ, লিপ্সা, স্পৃহা; স্থান, স্থল।
গাধা, (গর্দ্দভ) খর; নির্বোধ।
গাধি, চন্দ্রবংশীয় কুশিক রাজপুত্র, বিশ্বামিত্র মুনির পিতা।
গাধিজ, বিশ্বামিত্র মুনি।
গাধিপুর, কান্যকুব্জদেশ, কনোজ।
গাধিভু, গাধের, বিশ্বামিত্র মুনি।
গান, (গৈ) গীত, গেয়।
গান্ত, (গৈ) গাথক, গায়ক, গীতকারী।
গান্ত্রী, বৃষবাহ্য শকট, গরুর গাড়ী।
গান্দিনী, গঙ্গা; অক্রূর মাতা।
গান্দিনীসুত, ভীষ্ম; অক্রূর। [বিশেষ
গান্ধর্ব, (গন্ধর্ব) গন্ধর্ব সম্বন্ধীয়; বিবাহ
গান্ধর্ববিদ্যা, সংগীতশাস্ত্র। [পরিণয়।
গান্ধর্ববিবাহ, বর কন্যার পরস্পর ইচ্ছায়
গান্ধার, স্বরবিশেষ; জম্বুদ্বীপস্থ উত্তর দেশ
গান্ধাররাজ, শকুনি, দুর্য্যোধন মাতুল
গান্ধারী ধৃতরাষ্ট্রপত্নী, দুর্য্যোধনমাতা।
গান্ধারেয়, দুর্য্যোধন রাজা।
গান্ধিক, (গন্ধ) লেখক; সুগন্ধি দ্রব্য ব্যবহারী, গন্ধবণিক; গাঁধিপোকা।
গাপ, (গুপ) অস্বীকার; ছাপা।
গাপন, (গাপ) অস্বীকার করণ; ছাপন।
গাফিল, (যাং) অমনোযোগী; আলস্য, জড়
গাফুলান, দম্ভকরণ; সাহঙ্কারে চলন।
গাফুলানী, দর্প, দম্ভ, অহঙ্কার।
গাবড়া, গল্প, অনর্থক জল্পান।
গাবন, (গাব) মৎস্যাদির লম্ফন; পুষ্করিণ্যাদি ঘোলাকরণ।
গাবান, (গাব) লম্ফন, লাফন; ঘোলন, প্রকাশন; গুপ্তবাক্য প্রচারণ।
গাবানিয়া, ব্যাপক; ঠক ধূর্ত্ত।
গাভা, (গর্ভ) পেট; প্রভীর।
গাভারী, (গো-ভারিন) গাত্রভার হওন; কফাদিদ্বারা শরীরের ভার; গর্ভসঞ্চার।
গাভী, (গো) গবী, স্ত্রীগো, ধেনু।
গামধুরাণ, (গা-মধুর) মিষ্টদ্রব্য ভোজনে গাত্রের বিকার জন্মান, বমন করণোদ্যোগ

গামারী, (গাম্ভারী) বৃক্ষ বিশেষ।
গামুক, গন্তা; গমনীয়, গম্য। [জ, স্তন।
গামোড়ন, আলস্য ভঞ্জন; শরীর প্রসারণ;
গামছা, (গামোছা) গাত্রমার্জ্জনী। [ধীরতা।
গাম্ভীর্য্য, (গাম্ভীর) গম্ভীরতা, গভীরতা,
গায়, (গা) বহির্দ্দেশে; উপরে; গাত্রে।
গায়ক, (গৈ) গানকর্ত্তা, গাথক, গায়ন।
গায়ত্রী, (গৈ) ষড়ক্ষর ছন্দোবিশেষ; বেদমাতা, ত্রিপদাদেবী; খদির বৃক্ষ।
গায়ন, গানোপজীবী, গায়ক, গাথক।
গারিত্র, ওদন, অন্ন, ভাত।
গারুড়, (গরুড়) মরকত মণি; গরুড় পুরাণ; স্বর্ণ, বিষমন্ত্র।
গারুড়িক, বিষবৈদ্য, সাপুড়িয়া।
গারুত্মত, মরকত মণি, পান্না।
গার্দ্ধা, লিপ্সা, স্পৃহা, বাঞ্ছা।
গার্হপত্য, (গৃহপতি) যজ্ঞীয় অগ্নি বিশেষ; গার্হস্থ্য, গৃহস্থ সম্বন্ধীয়।
গার্হস্থ, গৃহস্থধর্ম্ম, গৃহস্থ সম্বন্ধীয়।
গাল, (গল) গণ্ড, কপোল।
গালগুল, (গোলগোল) গোপনে আন্দোলন; গল্প, জনরব। [গলান।
গালন, ক্ষারণ ছাঁকন, গড়ান; দ্রবকরণ,
গালব, মুনিবিশেষ; লোধ্র বৃক্ষ, লোধগাছ
গালা, লাক্ষা, লা। [গালাগালি।
গালি, (গাল) শাপ, অভিসম্পাত, কটুবাক্য
গালিচা, (যাং) উর্ণানির্ম্মিত আসন বিশেষ।
গালিত, দ্রবীকৃত, গলান।
গালিম, (যাং) শত্রু, দুসমন।
গালুনিয়া, দুর্ম্মুখ, কলহপ্রিয়, কুন্দলিয়া।
গালুয়া, (গাল) বাচাল; কটুভাষী; দাম্ভিক।
গালোড্য, পদ্মবীজ, পদ্মের বীচি।
গাহক, (গাথক) গানকর্ত্তা।
গাহনা, গীত, গান।
গিন্নী, (গৃহিনী) ভার্য্যা, স্ত্রী।
গিধর, গৃধ্র পক্ষী; শৃগাল, শিব।
গিধিনী, (গৃধ) গৃধী, শকুনি। [বিশেষ।
গিনা, (গা) মৃত্তিকা; ধাতুময় ক্ষুদ্র পাত্র-
গিমা, (গ্রীষ্মজা) তিক্ত শাকবিশেষ।
গির, (গৃ) বাক্য, বাণী, কথা।
গিরা, (গ্রন্থি) গাঁটি, গাঁইট।
গিরি, (গির) পর্ব্বত; গেণ্ডুক, গেঁড়ু; চক্ষু রোগবিশেষ; সন্ন্যাসিদের উপাধি বিশেষ; নিগরণ, গেলা; বালমুষিক।

গিরিকন্টক, বজ্র, অশনি, বাজ।
গিরিকদলী, রম্ভাবিশেষ, পর্ব্বতীয় কদলী পাহাড়িয়া কলা। [তা লতা
গিরিকর্ণিকা, (গিরিকর্ণ) পৃথিবী, অপরাজি-
গিরিকর্ণী, (গিরি-কর্ণ) অপরাজিতা লতা।
গিরিকা, বালমুষিকা, নেংটিয়া ইন্দুর।
গিরিকাণ, গিরি নামক রোগ বিশেষ দ্বারা এক চক্ষুহীন।
গিরিগুড়, গেণ্ডুক, গেঁড়ু, মূল বিশেষ।
গিরিজ, অভ্রক, শিলাজাতু, শৈলজ; গৈরিক, গিরিমাটী।
গিরিজা, (গিরি-জন) পার্ব্বতী; শিলা, ক্ষুদ্রপাষাণ বিশেষ; পর্ব্বতীয় কদলী।
গিরিজামল, অভ্রক, অভ্র; ধাতু বিশেষ।
গিরিজ্বর, বজ্র, অশনি, বাজ।
গিরিত, গিলিত, ভক্ষিত, ভুক্ত।
গিরিধাতু, গৈরিক, গেরিমাটি।
গিরিপ্রিয়া, চামরী, বনগরু; মৃগ বিশেষ।
গিরিফত্তার, (যাং) আক্রমণ, আটক।
গিরিভু, পার্ব্বতী; ক্ষুদ্রপাষাণ বিশেষ।
গিরিমা, হস্তী, করী, গজ, দন্তী [গেরি মাটি
গিরিমৃৎ, রক্তবর্ণ মৃত্তিকা, গৈরিকমৃত্তিকা,
গিরিমেদ, বিট্‌খদির, বৃক্ষনির্যাসবিশেষ।
গিরিশ, শিব, মহাদেব, ত্রিলোচন।
গিরিশৃঙ্গ, পর্ব্বতশিখর; গণেশ।
গিরিসার, মলয়পর্ব্বত; লৌহ, লোহা।
গিরিসুতা, পার্ব্বতী, দুর্গা, ভগবতী।
গিরীন্দ্র, পর্ব্বত শ্রেষ্ঠ; হিমালয়পর্ব্বত; সুমেরু শৈল।
গিরীশ, শিব, মহাদেব; হিমালয়।
গিল, গ্রাহ, নক্র, কুম্ভীর, কুমীর।
গিলন, (গৃ) নিগিরণ, গেলা, গলাধঃ করণ।
গিলা, (গির) ফল বিশেষ।
গিলাফ, (যাং) আচ্ছাদন, ঢাকনি।
গিলি, গিলন, নিগিরণ; ভক্ষণ।
গিলিত, (গৃ) গেলা; ভক্ষিত, খাদিত।
গিষ্ণু, সামবেদ বেত্তা, সামবেদজ্ঞঃ; গায়ক, সংগীতকারী। [স্বর, স্বর; কবিতা।
গীত (গৈ) গান, গীতি, তালবাদ্যানুগতস্ব-
গীতমোদী, কিন্নর, স্বর্গের গায়ক।
গীতা, (গীত) গ্রন্থবিশেষ; ভগবদ্গীতা শিবগীতা গুরুগীতা ইত্যাদি।
গীতি, গান; আর্য্যাচ্ছন্দো বিশেষ।
গীষ্পতি, বৃহস্পতি, দেবগুরু, সুরাচার্য্য।
গীর্ণ, স্তুত; কথিত; গিলিত।
গীর্ণি, গিলন; ভক্ষণ; স্তুতি।
গীর্দেবী, (গীঃ) সরস্বতী, বাগ্দেবী।
গীর্ব্বাণ, দেবতা, সুর, অমর।
গীর্ব্বাণকুসুম, লবঙ্গ, লং।
গীর্ব্বাণবাণী, সংস্কৃত বাক্য, শাস্ত্রীয়ভাষা
গীষ্পতি, সুরাচার্য্য, বৃহস্পতি; পণ্ডিত।
গু, মল, বিষ্ঠা, পুরীষ।
গুঁড়, (গুড়) চূর্ণ; পিষ্ট, ধূলির তুল্য কৃত।
গুঁড়ন, চূর্ণন, পেষণ, পিষিয়া ধূলির ন্যায় করণ।
গুঁড়া, চূর্ণ; অতিক্ষুদ্র অংশ।
গুঁড়ি, (গুণ্ডিকা) তণ্ডুলাদি চূর্ণ; বৃক্ষস্কন্ধ, দ্রুমস্কন্ধ, গাছের গুঁড়ি।
গুগলী, (গোল) গেঁড়ি, ক্ষুদ্রবড়ি।
গুগ্‌গুলু, (গুজ-গুড়) বৃক্ষনির্যাস, সুগন্ধিদ্রব্য বিশেষ; ধূপনীয় দ্রব্য বিশেষ।
গুচি, (গুচ্ছ) আঁটি, স্তবক, ঝাড়।
গুচ্চার, (গুচ্ছ) কতকগুলি।
গুচ্ছ, (গুধ) স্তবক, পুষ্পাদির থলুয়া; তৃণাদির গোছ, আঁটি; বত্রিশনর হার; কলাপ, ময়ূরের পাখা; মুক্তহার।
গুচ্ছক, স্তবক; পুষ্প সমূহ; গোছা।
গুচ্ছদন্তিকা, কদলী বৃক্ষ, রম্ভা, মোচা
গুচ্ছপত্র, তালবৃক্ষ, তাল গাছ।
গুচ্ছপুষ্প, সপ্তচ্ছদ বৃক্ষ, ছাতিমগাছ।
গুচ্ছফলা, দ্রাক্ষা, আঙ্গুর বিশেষ; কদলী।
গুচ্ছার্দ্ধ, হার বিশেষ, চতুর্ব্বিংশতি যষ্টিক হার, চব্বিশ নর হার। [রাখন।
গুছন, একত্র করণ; সঞ্চয়ন; যথাস্থানে
গুছান, একত্র করণ, সঞ্চয়ন।
গুছিদেওন, পোষকতা করণ।
গুজগুজ, গোপনে আন্দোলন।
গুজরাট, গুর্জ্জর রাষ্ট্র দেশ, দাক্ষিণাত্য জনপদ বিশেষ। [শের মনুষ্য বা দ্রব্য।
গুজরাটী গুর্জ্জর রাষ্ট্র দেশীয়, গুজরাট দে-
গুজরান, (যাং) ব্যয়, খরচ।
গুজরী, পাদাভরণ, স্ত্রীলোকের চরণালঙ্কার বিশেষ। [পনে কথোপকথন।
গুজগুজনী, (গুজগুজ) গুপ্ত পরামর্শ, গো-
গুর্জ্জর, দেশবিশেষ, গুজরাট দেশ।
গুর্জ্জরী, রাগিণী বিশেষ।
গুঞ্জ, (গুঞ্জ) গুচ্ছ, পুষ্পস্তবক, গোছা, থলুয়া।
গুঞ্জকৃৎ, ভ্রমর, মধুকর, মধুপ।

গুঞ্জন, (গুন্জ) গুনগুন ধ্বনি, ভ্রমরাদির শব্দ
গুঞ্জা, (গুন্জ) লতাবিশেষ ; কুঁচ ; রক্তিকা, ত্রিযব পরিমাণ ; চতুর্ধান্য পরিমাণ, গোধূ-নম্বর পরিমাণ ; ঢাক ; কলধ্বনি, মদিরা গৃহ
গুঞ্জিকা, ত্রিযব পরিমাণ ; গুঞ্জা ; কুঁচ।
গুঞ্জিত, (গুন্জ) ভ্রমরাদিরধ্বনি, গুনগুন শব্দ
গুটন, সূত্রাদি একত্র করণ, জড়ান।
গুটিক, (গাটী) অধিক ; রাশি ; যথেষ্ট।
গুটিকা, (গুড়) বটিকা, গুলি, বড়ি।
গুটিকাপাত, গুলিবাঁট, ভাগাদি নির্ণয়ার্থ গুলি ফেলন।
গুটিপোকা, তন্তুকীট, তুঁৎপোকা।
গুটী, (গুটিকা) কীটজাত সূত্র ; বটিকা, বড়ি ; বর্ত্তুল, গোলাকার।
গুটীপাত, গুলিবাঁট ; স্ফূর্ত্তিখেলা।
গুটন, একত্র হওন ; মিলন।
ইক্ষুবিকার বিশেষ, খণ্ড, খাঁড় ; মধুর ; গোল ; গ্রাস।
গুড়ক, (গুড়) গুড়দ্বারা পক্ব ঔষধ বিশেষ।
গুড়করী, রাগিণী বিশেষ।
গুড়চী, গুলঞ্চলতা, লতাবিশেষ।
গুড়তৃণ, ইক্ষু, আউক।
গুড়ত্বচ, জায়িত্রী ; দারুচিনী ; মশলাবিশেষ।
গুড়দারু, ইক্ষু, আউক।
গুড়ন, (গুড়) জড়ান, একত্র করণ, আকুঞ্চন
গুড়পিঠা, (গুড়-পিঠ) গুড়মিশ্রিত পিষ্টক বিশেষ।
গুড়মুড়া, (গোড়-মুড়া) গুলফ, পাদমূল, গোড়ালি। [সুরা ; মধুর।
গুড়ল, গৌড়ী মদিরা, গুড়দ্বারা নির্মিত
গুড়শর্করা, গুড়বিকার বিশেষ, চিনি।
গুড়া, (গুড়) সিজগাছ ; চূর্ণ, গুঁড়া।
গুড়াকা, নিদ্রা, তন্দ্রা ; ঘুম।
গুড়াকু, (গুড়-অক্ত) মোদক ; গুড়িয়া, গুড়াক্ত
গূড়াকেশ শিব, মহাদেব ; অর্জ্জুন ; দ্বিতীয় পাণ্ডব।
গুড়ি, নম্র, নুইয়া পড়া।
গুড়িকা, গুটিকা ; বৃহদ্বটিকা, বড়ী। [লাড়ু।
গুড়িয়া, মোদক, ময়রা ; গড়ময় ; মোয়া,
গুড়ুচী, লতাবিশেষ, গুলঞ্চ লতা।
গুড়ের, গ্রাস ; গুড়পক্ব ; তামাক।
গুড়োদ্ভবা, শর্করা, চিনি।
গুড়গুড়িয়া খর্ব্ব, বামন [বিশেষ।
গুড়গুড়ী, ধূম্রপান যন্ত্র ; তাম্রকূটপানার্থ যন্ত্র

গুণ, সদ্বিদ্যা, বিনয়াদি ; ধনুরাকর্ষণরজ্জু, জ্যা, ছিলা ; রজ্জু ; সত্ত্ব রজস্তম ; শুক্ল কৃষ্ণ রক্ত পীতাদি ; অপ্রধান ; বিশেষণ।
গুণক, (গুণ) পূরক অঙ্ক ; যাহার দ্বারা পূরণ করা যায়।
গুণকথন, যশো বর্ণন ; স্তব, প্রশংসাকথন।
গুণকার, (গুণ-কৃ) লভ্যদায়ক, উপকারক, পথ্য, হিতকর ; ভীমসেন।
গুণকৃৎ, উপকারী, দাতা।
গুণগ্রাহক, গুণজ্ঞ, গুণ গ্রহণকারী।
গুণজনক, ফলজনক : উপকারকারক।
গুণজ্ঞ, (গুণ-জ্ঞা) গুণবেত্তা, গুণগ্রাহক।
গুণদর্শন, গুণাবলোকন, গুণদেখা ; ফলোৎপত্তি ; উপকার।
গুণন, পূরণ, অঙ্ক বৃদ্ধিকরণ।
গুণনিকা, নৃত্য, নাচ ; শূন্যাঙ্ক ; মালা।
গুণনিধি, বহু গুণাধার ; সদ্গুণান্বিত।
গুণপনা, (গুণ) নিপুণতা ; কৌশল ; শিল্পনৈপুণ্য ; গুণজ্ঞতা।
গুণবত্তা, (গুণবৎ) গুণযুক্ত, গুণবিশিষ্ট।
গুণবাদী, স্তাবক, গুণবক্তা, গুণকথক।
গুণবান্, (গুণ) গুণবিশিষ্ট, গুণযুক্ত ; পণ্ডিত ; বিজ্ঞ ; নিপুণ।
গুণবৃক্ষক, নৌকার গুণবন্ধন বৃক্ষ, মাস্তুল।
গুণভ্রংশ, গুণনাশ, গুণধ্বংস।
গুণযোগ, গুণসম্পর্ক ; বিদ্যাভ্যাস।
গুণলয়নী বস্ত্র নির্ম্মাণার্থ গৃহ, তাঁতঘর।
গুণসাগর, সকল গুণের আধার ; ব্রহ্মা।
গুণসিন্ধু, গুণসাগর, গুণনিধি।
গুণা, (গুণ) দূর্ব্বা ; লৌহাদির তার। [যুক্ত,
গুণাকর, (গুণ-আকর) গুণযুক্ত, গুণবিশিষ্ট ;
গুণাগুণ, (গুণ-অগুণ) দোষাদোষ, গুণদোষ
গুণিত, পূরিত, আহত, পূরণকরা।
গুণী, (গুণিন) গুণবিশিষ্ট, গুণশীল, সদগুণান্বিত, ; পণ্ডিত ; ধনুঃ।
গুণীভূত, (গুণ-ভূত) অপ্রধানীভূত ; অন্তঃপতিত ; বিশেষ স্বরূপ।
গুণীভূতব্যঙ্গ, কাব্য বিশেষ।
গুণেশ্বর, (গুণ-ঈশ্বর) গুণপতি ; চিত্রকূট পর্ব্বত। [ণের সৌষ্ঠব ; সদগুণ ব্যাখ্যা।
গুণোৎকর্ষ, (গুণ-উৎকর্ষ) গুণপ্রাধান্য ; গু-
গুণোৎকীর্ত্তন, (গুণ-উৎকীর্ত্তন) গুণকথন, গুণগান, স্তব। [করণ ; ভ্রমরাদির ধ্বনি।
গুণগুণান, গুনং শব্দ করণ ; অব্যক্তধ্বনি

গুণ্ড, (গুড়) লতাবিশেষ, কেশুরের লতা ;
গুণ্ডাহারক, দস্যুবিশেষ ; লম্পট, লোচ্চা ; নির্লজ্জ।
গুণ্ডক, (গুড়) মলিন, ময়লা, ধূলি, গুঁড়া।
গুণ্ডকন্দ, কেশুর, জলজ মূলবিশেষ।
গুণ্ডা, গুঁড়া, চূর্ণ ; লম্পট। [মতা।
গুণ্ডামি, (গুণ্ড) লম্পটতা ; দুষ্টতা, দুর-
গুণ্ডিক, তণ্ডুলাদি চূর্ণ, গুঁড়া।
গুণ্ডিকা, (গুড়) গুঁড়া, চূর্ণ।
গুণ্ডিচা, পুরুষোত্তম দেবের রথারোহণান-ন্তর বাসার্থ মণ্ডপ বিশেষ।
গুণ্ডিত, চূর্ণীকৃত, গুঁড়া করা ; মিশ্রিত।
গুতন, (গুত) আঘাত করণ, শৃঙ্গদ্বারা মারণ।
গুতা, (গু) আঘাত, শৃঙ্গাঘাত। [নর হার।
গুৎস, (গুধ) স্তবক, গুচ্ছ, থোলো ; বাত্রিশ
গুৎসক, স্তবক, গোছা ; গ্রন্থ ; গ্রন্থ পরিচ্ছেদ
গুৎসকপুষ্প, সপ্তচ্ছদবৃক্ষ, ছাতিমগাছ
গুৎসার্দ্ধ, অর্দ্ধস্তবক, চব্বিশ নর হার।
গুদ পায়ু, গুহ্যদেশ ; ভগ, যোনি।
গুদকীল, রোগবিশেষ, অর্শ রোগ।
গুদগ্রহ, রোগ বিশেষ, উদরাবর্ত্তরোগ।
গুদড়ী (যাং) কন্থা, সন্ন্যাসিদের গাত্রাচ্ছাদন
গুদাঙ্কুর, রোগবিশেষ, অর্শরোগ।
গুদাম, (গুদ) দ্রব্যাগার, গোলা।
গুদার, (গুদ) পারঘাট, খেয়া, ঘাট।
গুদী, (গুদ) নৌকানির্ম্মাণ স্থান। [দন।
গুদড়ী, (যাং) কন্থা, সন্ন্যাসিদের গাত্রাচ্ছা-
গু... ...ক্ষক, পারত্রাণ কর্ত্তা ; পালক।
গুন, ছালা, থলিয়া, বোরা ; রজ্জু, দড়ি।
গুনহগার, (যাং) কুকর্ম্মী, দোষী, অপরাধী।
গুন্দল, মন্দল শব্দ, মাদোলের ধ্বনি।
গুন্দ্র, শরতৃণ শরের গাছ।
গুন্দ্রা, ধান্যবিশেষ দেধান।
গুপিল, রাজা, নৃপতি, ভূপ। [ক্ষিত।
গুপ্ত, (গুপ্) কৃতরক্ষণ, রক্ষিত, গূঢ়, লুক্কা
গুপ্তগতি, চর, চার, দূত, বার্ত্তাবহ।
গুপ্তচর, গোপনীয় দূত, গূঢ়চার ; বলদেব, বলরাম।
গুপ্তবেশ, ছদ্মবেশ, কপটবেশ। [তা স্ত্রী
গুপ্তা, (গুপ্) গোপনে জারগামিনী ; রক্ষি-
গুপ্তি, গোপন ; রক্ষণ ; অবরুদ্ধ স্থান ; কা-রাগার ; রোধ ; পৃথিবীর গর্ত্ত ; যম ; নৌকাচ্ছিদ্র।

গুফিত, গ্রন্থিত, গাঁথা।
গুবাক, (গু) বৃক্ষ বিশেষ, সুপারি, গুয়া।
গুমট, (উষ্ণাগম) গ্রীষ্ম, উত্তাপ, গর্ম্মি।
গুমটিয়া, (গুমট) দুর্গন্ধযুক্ত ; হাতাপড়া।
গুমর, (গুম) অহঙ্কার ; দম্ভ, মাৎসর্য্য, গ্রীষ্ম
গুমরণ, (গুমর) গ্রীষ্মকরণ ; উত্তাপন।
গুমশো, (গুম) উত্তপ্ত, গরম ; হাতাপড়া, চিতা ধরা।
গুমসন, দুর্গন্ধ হওন ; গ্রীষ্ম হওন।
গুমান, (যাং) দ্বিধা, সন্দেহ ; অনুভব, অ-নুমান, কল্পনা।
গুম্ফ, গ্রন্থন, গাঁথন ; শ্মশ্রু ; গোঁপ।
গুম্ফিত, গ্রন্থিত, গাঁথা ; গ্রথীত।
গুয়া, গুবাক সুপারি।
গুরণ, উদ্যম, উঠান ; ওঁচান।
গুর, শ্বেতবর্ণ, গৌরাঙ্গ ; স্বরূপ।
গুরু (গৃ) মন্ত্রদাতা ; পিত্রাদি ; উপদেশক ; মহৎ ; বৃহস্পতি ; দ্বিমাত্র বর্ণ, দীর্ঘ ; ভারী ; অলঘু।
গুরুক্রম, পারম্পর্য্য উপদেশ ; ইতিহ।
গুরুঘ্ন, (গুরু-হন) গুরুহন্তা, গুরু ঘাতক ; শ্বেতসর্ষপ।
গুরুঘাতী, গুরুহন্তা, গুরুঘাতক।
গুরুতল্পগ, বিমাতৃ গামী, বিমাতৃহারী।
গুরুতা, (গুরু) ভারত্ব, ভার, গৌরব ; মহত্ত্ব
গুরুত্ব, (গুরু) গুরুতা, অলঘুতা, মহত্ত্ব।
গুরুদার, গুরুপত্নী, বেদাধ্যাপক অথবা মন্ত্রদাতার বনিতা।
গুরুপত্র, তিন্তিড়ী বৃক্ষ, তেঁতুল গাছ।
গুরুপত্নী, আচার্য্যের বনিতা, গুরুদার।
গুরুপাক, দুষ্পচ, যে দ্রব্য খাইলে শীঘ্র পরিপাক হয় না। [পাতক।
গুরুপাপ, কঠিন কলুষ ; মহাপাতক, অতি-
গুরুপুত্র, আচার্য্যের সন্তান, মান্যসন্তান।
গুরুবর্চ্চোঘ্ন, লেবুবিশেষ, পাতিলেবু।
গুরুবাক্য, মান্যলোকের কথা ; মন্ত্রদাতার আদেশ।
গুরুমন্ত্র, ইষ্টমন্ত্র, দীক্ষা লব্ধ মন্ত্র।
গুরুমর্দ্দল, বাদ্যবিশেষ, ডিণ্ডিমবাদ্য।
গুরুরত্ন, রত্ন বিশেষ, পুষ্পরাগ মণি।
গুরুলঘু, মান্যামান্য, প্রধান, অপ্রধান ; হ্রস্ব দীর্ঘ।
গুরুশুশ্রূষা, গুরুসেবা।
গুরুসেবা, গুরুশুশ্রূষা।

গুরুহা, (গুরু-হন) গুরুহত্যাকারী ; গুরুঘ্ন নরকীলক। [শিক্ষিত বা উপদেশ প্রাপ্ত।
গুরূপদিষ্ট, (গুরু-উপদিষ্ট) গুরুর নিকটে
গুরূপদেশ, গুরুর সমীপে শিক্ষা।
গুর্জ্জর, গুজ্জর রাষ্ট্র দেশ, গুজরাট।
গুর্জ্জরী, রাগিণী বিশেষ। [সপত্নীমাতা
গুর্ব্বঙ্গনা, (গুরু-অঙ্গনা) গুরুপত্নী ; বিমাতা
গুর্ব্বিণী, (গর্ব্বিণী) অন্তরাপত্যা, সসত্ত্বা
গুর্ব্বী, (গুরু) গুরুপত্নী, গর্ভবতী, আপন্নসত্ত্বা। [গুটিকা।
গুল, (গোল) ঐক্ষব গুড় ; বর্ত্তুল ; অঙ্গার
গুলক, (গুল) প্রচুর, অনেক, যথেষ্ট।
গুলঞ্চ, (গুডূচী) লতাবিশেষ। [কাশন।
গুলন, (গুল) দ্রবীকরণ ; একত্রীকরণ, প্র-
গুলল, (গুল) পুষ্প বিশেষ ; ব্যাধের বস্ত্র।
গুলা, (গোল) স্নুহীবৃক্ষ, সিজ গাছ, শব্দের পরে স্বার্থে বা তাচ্ছীল্যার্থে প্রযুক্ত প্রত্যয়, বহুত্ব বোধক প্রত্যয়।
গুলাক, (গুল) সমূহ বোধক।
গুলি, সমূহ বোধক ; বাটুল ; বটিকা।
গুলিক, (গুলি) বহুত্ব বা সমূহ বোধক।
গুলিন, বহুত্ব বা সমূহ বোধক।
গুলিবাঁট, গুটিকা পাত, গুটিকাক্ষেপণ।
গুলিয়া, (গুলি) গোলাকার, বর্ত্তুলাকার।
গুলী, (গুল) গুটিকা, বটিকা ; বর্ত্তুল, বাটুল ক্ষুদ্র অয়োগোল।
গুলুচ্ছ, গুচ্ছ, স্তবক, থোছা, থলুয়া।
গুলুঞ্ছ, গুচ্ছ, স্তবক, থলুয়া। [ধনুক।
গুলতাই, (গুল) গুলতি, গুলি ক্ষেপণার্থ
গুলঙ্ক, পাদগ্রন্থি, গোড়ারি, গোড়মুড়া।
গুলফ, (গুল) রোগ বিশেষ, প্লীহ, পীল ; সেনা সংখ্যা বিশেষ সৈন্যের দল ; অপ্রকাণ্ড বৃক্ষ, গুল্ম, ঝাড়।
গুল্মমূল, আর্দ্রক, আদা। [ঝাড়।
গুল্ম, (গুড়) রোগ বিশেষ ; ক্ষুদ্র গাছের
গুল্মিনী, বিস্তৃতা লতা।
গুল্মী, আমলকী ; এলাইচ ; বস্ত্রবেশ্ম, শিবির, তাঁবু ; গুল্মরোগ যুক্ত।
গুল্ফ, (গুলফ) গোড়ারি, এড়ি।
গুহ, কার্ত্তিকেয় ; ঘোটক ; নিষাদের অধিপতির নাম ; কায়স্থের পদ্ধতিবিশেষ।
গুহা, (গুহ) পর্ব্বতাদির গহ্বর, গর্ত্ত ; শালপর্ণী বৃক্ষ, শালপাইন গাছ।
গুহাশয়, ব্যাঘ্র ; বিষ্ণু।

গুহিন, বন, কানন, অরণ্য।
গুহিল, ধন, বিত্ত ; নিধি।
গুহের, লৌহকার, লোহার, কামার ; গোপ্তা।
গুহ্য, (গুহ) উপস্থ, লিঙ্গ ; ভগ ; রহস্য, গোপ্য, গোপনীয় ; কমঠ, কচ্ছপ ; দম্ভ, অহঙ্কার ; বিষ্ণু [চর।
গুহ্যক, দেবযোনি বিশেষ, কুবেরের অনু-
গুহ্যকেশ্বর, কুবের, যক্ষরাজ
গুহ্যগুরু, শিব, মহাদেব। [নাকি পোকা।
গুহ্যদীপক, খদ্যোত, জ্যোতিরিঙ্গণ, জো-
গুহ্যনিষ্যন্দ, মূত্র, মুত, প্রস্রাব।
গুহ্যপুষ্প, অশ্বত্থবৃক্ষ।
গুহ্যভাষিত, মন্ত্র ; গুপ্তবাক্য।
গূ, (গু) বিষ্ঠা, মল, উচ্চার।
গূঢ়, (গ্রহ) গুহ্য, গুপ্ত, নির্জ্জন ; লুকান, রহস্য
গূঢ়জ, গূঢ়োৎপন্ন পুত্র, গোপনে জাত সন্তান ; জারজ, গোলক।
গূঢ়নীড়, খঞ্জন পক্ষী, খঞ্জরীট।
গূঢ়পত্র, করবীর বৃক্ষ, করবী গাছ।
গূঢ়পথ, অন্তঃকরণ, চিত্ত ; গুপ্তপথ।
গূঢ়পাদ, সর্প, ভুজঙ্গ, অহি। [বিশেষ।
গূঢ়পুরুষ, চর ; গুপ্তচার ; লুক্কায়িত দুত-
গূঢ়বর্চ্চা, ভেক, মণ্ডুক, বেঙ্গ। [সিঁদ।
গূঢ়মার্গ, লুক্কায়িত পথ, গুপ্তপথ, সুড়ঙ্গ,
গূঢ়মৈথুন, কাক, বায়স ; গুপ্তসঙ্গম
গূঢ়সাক্ষী, ফরিয়াদী গোপনে রাখিয়া আসামীর কথা যাহাকে শুনাইয়াছে এমত সাক্ষী
গূঢ়াঙ্গ, কচ্ছপ, কূর্ম্ম, কমঠ।
গূঢ়াঙ্ঘ্রি, সর্প, অহি, ভুজঙ্গ।
গূঢ়াভিমানী, (গূঢ় অভিমানিন) অব্যক্ত মানী, অস্পষ্ট গর্ব্বী।
গূঢ়োৎপন্ন, দ্বাদশবিধপুত্রমধ্যে পুত্রবিশেষ, অপ্রকাশে অন্য দ্বারা উৎপন্ন পুত্র ; জারজ বিশেষ।
গূথ, গু, বিষ্ঠা, বিট, মল।
গূথলক্ত, পক্ষি বিশেষ, গুয়েশালিক।
গূন, কৃতপুরীষোৎসর্গ ; কৃতমলত্যাগ।
গূবাক, গুবা, সুপারী।
গূয়া, (গূ) বিষ্ঠাময় মললিপ্ত ; মলগন্ধযুক্ত।
গূরণ, উদ্যম ; ওঁচান, উত্থাপন।
গূষণা, ময়ূরচন্দ্রক, ময়ূর পুচ্ছের চক্র।
গৃঞ্জন, মূলবিশেষ, সলগম, গাজর ; রশুন ; বিষ দিগ্ধ পশুর মাংস।
গৃভীর, পৃথুশৃগাল, ভুঁড়ো শেয়াল।

গৃৎস, কন্দর্প, কামদেব, মদন।
গৃধু, কামদেব, অভিলাষুক; লুব্ধ।
গৃধ্নু, লুব্ধ লোভী, সস্পৃহ। [প্সতা।
গৃধ্নুতা, লোলুপতা, লোভ, আকাঙ্ক্ষা, লু-
গৃধ্র, (গৃধ) পক্ষিবিশেষ, গৃধিনী, শকুনি।
গৃধ্ররাজ, জটায় পক্ষী।
গৃধ্রসী বাতরোগ বিশেষ। [গাভী।
গৃষ্টি, সকৃৎ প্রসূতা গো, একবার প্রসূত
গৃহ, ইষ্টকাদি রচিত বাসস্থান, ঘর, গেহ,
নিকেতন, আগার, ভবন।
গৃহকচ্ছপ, পেষণশিলা, পেষণী পট।
গৃহকপোতক পারাবত, পায়রা।
গৃহকর্ত্তা, (গৃহ-কর্ত্তৃ) চটক পক্ষী, গৃহনি-
র্ম্মিতা, গৃহাধ্যক্ষ।
গৃহকারক বর্ণসঙ্কর জাতিবিশেষ, ঘরামী
গৃহকারী, কীট বিশেষ, কুমিরিকা পোকা,
গৃহ নির্ম্মিতা, ঘরামী।
গৃহগোধা, জেঠী, টিকটিকী।
গৃহগোধিকা, টিকটিকী, জেঠী।
গৃহগোলিকা, জ্যেষ্ঠী, জেঠী, টিকটিকী।
গৃহছিদ্র, (গৃহ-ছিদ্র) গৃহদোষ, গৃহ কলঙ্ক।
গৃহজাত, গৃহোৎপন্ন।
গৃহণী কাঞ্জিক, কাঁজী, আমানী।
গৃহতটী, বীথী, পিঁড়া, ঘরের দাওয়া।
গৃহনাশক, কপোত, পারাবত; পায়রা;
ঘর বিনাশ।
গৃহনীড় চটকপক্ষী, চড়া পাখী।
গৃহপতি গৃহস্থ, গৃহী; মন্ত্রী; ধর্ম্ম।
গৃহপোতক, বাস্তু, বাটী, বাড়ী।
গৃহবলিপ্রিয়, বকপক্ষী, ক্রৌঞ্চ। [কাক
গৃহবলিভুক, চটকপক্ষী, বকপক্ষী, বায়স
গৃহবাজ, কপোত বিশেষ। [নিকটস্থ উদ্যান।
গৃহবাটিক, গৃহের সমীপবর্ত্তি বন, ঘরের
গৃহবাসী, (গৃহবাসিন) গৃহে বসতিকারী।
গৃহবিচ্ছেদ, আত্মবিচ্ছেদ পরিবারাদির স-
হিত বিবাদ।
গৃহভূমি, বাস্তু, বাটী বাড়ী। [ধক।
গৃহভেদী, গৃহছিদ্র প্রকাশক, গৃহদোষ ক-
গৃহমণি, প্রদীপ, দীপ।
গৃহমাচিকা, চর্ম্মচটী, চামচিকা।
গৃহমৃগ, কুক্কুর, কুকুর।
গৃহমেধী, গৃহস্থ, গৃহী, গৃহপতি।
গৃহমেধিনী, গৃহস্থপত্নী, সাত্ত্বিকীবুদ্ধি।
গৃহযাপা, গৃহস্থ, গৃহী।

গৃহয়ালু, গ্রহীতা, গ্রাহক, গ্রহণশীল।
গৃহস্থ, (গৃহ-স্থা) দ্বিতীয়াশ্রমী, জ্যেষ্ঠাশ্রমী,
গৃহী, সংসারী।
গৃহস্থূণ, গৃহস্তম্ভ, ঘরেরখুঁটী।
গৃহাগত (গৃহ-আগত) অতিথি, অভ্যাগত
গৃহাচ্ছাদক, (গৃহ-আচ্ছাদক) গৃহদোষ গো-
পনকারক; গৃহছিদ্র আচ্ছাদক, গৃহপ্র-
তিপালক।
গৃহাধিপ, (গৃহ-অধিপা) গৃহস্থ, গৃহী, গৃহ-
পতি। [দাওয়া
গৃহাবগ্রহিণী দেহলী, হাড়িনা, ঘরের-
গৃহাম্ল, কাঞ্জিক, কাঁজী, আমানী।
গৃহমেধিক গৃহবাসী, গৃহী গৃহস্থ।
গৃহারাম, গৃহসমীপে কৃত্রিম বন, ঘরের নি-
কট উপবন।
গৃহালিকা, জ্যেষ্ঠী জ্যেঠী টিকটিকী।
গৃহাশয়া, তাম্বূলীলতা, পানের গাছ।
গৃহাশ্মা, পেষণশিলা, শিল।
গৃহাশ্রম, দ্বিতীয় আশ্রম, সংসার ধর্ম্ম।
গৃহিণী (গৃহ) ভার্য্যা, পত্নী, গৃহের কর্ত্রী।
গৃহী, (গৃহ) গৃহস্থ, গৃহাশ্রমী।
গৃহীত, (গ্রহ) স্বীকৃত; প্রাপ্ত; ধৃত; জ্ঞাত
গৃহীতদিক, পলায়িত, তিরোহিত, লুক্কা-
য়িত।
গৃহোলিকা, জ্যেষ্ঠী, টিকটিকী।
গৃহ্য, গৃহাসক্ত মৃগাদি; গৃহস্থের কর্ত্তব্য
কর্ম্মোপদেশক শাস্ত্র বিশেষ। মৃগাদি।
গৃহ্যক, অস্বতন্ত্র, পরাধীন, গৃহাসক্তপক্ষি
গৃহ্যা, শাখাপুর; নগরের নিকটস্থ গ্রাম।
গেঁজা, (গঞ্জ) গাঞ্জা, গৃঞ্জন, মাদকদ্রব্য
বিশেষ।
গেঁজিয়া, (গুঞ্জ) সূত্রনির্ম্মিত থৈলী, থলী।
গেঁজিয়াল, (গেঁজা) গুঞ্জনপায়ী, গাঁজাখোর
গেঁটা, (গ্রন্থি) গ্রন্থিযুক্ত, গাইট দেওয়া।
গেঁড়ি, (গেণ্ডু) গুগলি।
গেণ্ডু, (গা) কন্দুক গেঁড়ু; ভেঁটা।
গেন্দা, (গেণ্ডু) গেঁদাফুল।
গেবিয়া, (গর্ভ) সিন্দুকাদির খোপ, বাক্সের-
র কুঠরি। [উপযুক্ত।
গেয়, (গৈ) গানযোগ্য, সংগীত করণের
গেরণ, (গের) ক্ষরণ, পতন, পড়ন।
গেরী (গৈরিক) রক্তবর্ণ মৃত্তিকা বিশেষ, গে-
রিমাটী।
গেলন, খাদন, ভক্ষণ, গলাধঃকরণ।

গেলা, (গৄ) ভক্ষিত, খাদিত।
গেলান, (গেলা) ভক্ষণ করান, খাওয়ান।
গেলুয়া, (গল) বাচাল, গল্পিয়া, বহুভাষী
গেষ্ণু, গায়ক, গায়ন, নট, সামবেদগান কর্ত্তা
গেহ, (গ-ঈহ) গৃহ, ভবন, ঘর।
গেহী, গৃহী, গৃহস্থ, গৃহাশ্রমী।
গেহেনর্দ্দী, কাপুরুষ, পিণ্ডীশূর, অক্ষম।
গেহেশূর, কাপুরুষ, অক্ষম।
গৈগাঁ, (গম-গাঁ) পল্লীগ্রাম, ক্ষুদ্র গ্রাম।
গৈরিক, (গিরি) রক্তবর্ণ মৃত্তিকা, গেরিমাটী
গৈরেয়, (গিরি) শিলাজতু; পর্ব্বত জাত।
গো, পশুবিশেষ, গোরু; স্বর্গ; রশ্মি; বজ্র;
চন্দ্র; সূর্য্য; চক্ষু; বাণ; দিক্; বাক্য;
; মাতা।
গোআলা, (গোপাল) গোপ, দুগ্ধবিক্রেতা।
গোঁগা, বোবা, হাবা, বাক্যশক্তি হীন।
গোঁজ, কীলক, খোঁটা।
গোঁজা, (গোঁজ) কীলক; তালি।
গোঁজামিলন, অসম্যক্ হিসাব।
গোঁড় (গণ্ড) উচ্চনাভি; মাংসপিণ্ড; ফুলা।
গোঁড়া, (গোঁড়) স্তাবক, তোষামোদকারী,
চাটুকার; খোষামোদিয়া।
গোঁড়ানেবু, নেবুবিশেষ। [করণ।
গোঁড়াম, (গোণ্ড) স্তাবকতা, খোষামোদি-
গোঁফ, (গুম্ফ) মোচ, ওষ্ঠের উপরিস্থ কেশ
গোকণ্টক, বৃক্ষবিশেষ, গোক্ষুর বৃক্ষ, গো-
খুরিলতা।
গোকর্ণ, পরিমাণবিশেষ; মৃগবিশেষ; অ-
শ্বতর, খচ্চর; সর্পবিশেষ। [ঘাস।
গোকল, (গো-কবল) গোগ্রাস, গরুকে দত্ত
গোকিরাটি, সারিকা পক্ষী, সারী।
গোকিল, মুষল; হল, লাঙ্গল।
গোকুল, গো সমূহ; গোস্থান, মথুরার অ-
ন্তঃপাতি এক দেশ।
গোকৃত, গোবিষ্ঠা, গোময়, গোবর।
গোখাদক, গোমাংস ভক্ষণকারী।
গোখুর গোক্ষুর; গোখুরীলতা।
গোখুরসাপ, বিষধর সর্পবিশেষ। [অহীন।
গোগা, (গো-গম) গোঙ্গা, বোবা, হাবা, বা-
গোগোষ্ঠ, গোস্থান, গোঠ, গোষ্ঠ।
গোগৃষ্টি, সকৃৎপ্রসূতা গো, একবারপ্রসূতা
গরু। [ক্লীব, খুঁটিয়া।
গোগ্রন্থি, গোস্থান, গোষ্ঠ; শুষ্ক গোময়,
গোঘ্ন, (গো-হন) গোঘাতক, গোহত্যাকারী
গোঘৃত, গব্য ঘৃত, গাওয়া ঘি।
গোঙার, মূঢ়, অবিবেচক; নির্ব্বোধ।
গোঙ্গরান, (গোঙ্গর) মূকতা প্রকাশন, বোবা
গোঙ্গা, (গো-গম) বোবা; বৃহৎ কপর্দ্দক,
বড় কড়ি।
গোচ, সুযোগ, সদুপায়। [সার, প্রত্যক্ষ।
গোচর, ইন্দ্রিয়ের বিষয়; সাক্ষাৎ, জ্ঞাত-
গোচা, (গুচ্ছ) থোবা, আটি, পুলা।
গোচান, (গোচা) শ্রেণি বন্ধন, শৃঙ্খলা ক-
রিয়া রাখন, আটি বন্ধন।
গোচারক, গোপালক, রাখাল, গোরক্ষক।
গোচারণ, গোপালন, গোরু চরাই কারণ।
গোচাল, (গোচ) সুযোগান্বিত; কর্ম্মদক্ষ;
আটিবান্ধা।
গোছ, (গুচ্ছ) গোছা, স্তবক আটি, পুলা।
গোছা, স্তবক; আটি, পুলা; ধারা।
গোছান, (গোছা) শৃঙ্খলান্বিত করণ; আ-
টিবন্ধন। [কর্ম্মঠ, সম্পন্ন।
গোছাল, (গোছ) উপযুক্ত, পটু; চতুরী,
গোজল, গোমূত্র, চোনা। [বৃক্ষ।
গোজাগরিক, মঙ্গল, কল্যাণ; কণ্টককারী,
গোজিআ, (গোজিহ্বা) বৃক্ষবিশেষ।
গোটা, (গোষ্ঠ) অখণ্ড, আস্ত, সমুদায়;
জরির পাত।
গোটাকত, কতকগুলি, কতক। [করণ।
গোটান, (গোটা) জড়ান, গুটন, একত্র
গোটাল, সমুদায়, অখণ্ডিত, অখিল।
গোঠ, (গোষ্ঠ) মেষাদির পাল; গোষ্ঠ; সভা,
সমূহ; কটিদেশের ভূষণ।
গোড়, (গুড়) গেঁড়, উন্নত নাভি, নাভিদে
শে বর্দ্ধিত মাংস; পাদমূল, গোড়মুড়া।
গোড়মুড়া, পাদমূল, গোড়ারি।
গোড়া, (গোড়) মূল, স্তম্ভ; আদি, প্রথম।
গোড়াগোড়ি, আদ্যোপান্ত, প্রথমাবধি শেষ
পর্য্যন্ত।
গোড়ান, নিকটে গমন, সমীপস্থ হওন।
গোড়ারী, (গোড়-ঋ) গুল্ফ, পাদমূল, গো
ড়মুড়া। [শিশু।
গোড়িম্ব, পক্ষি শাবক; অপোগণ্ড, অতি
গোডুম্ব, ফলবিশেষ, তরমুজ।
গোডুম্বা, (গো-ডুম্ব) গবাদনীফল, গোমুক,
। [শেষ, গুণ, থলিয়া।

গোগু, মুক্তিদেশে বর্জ্জিত মাংস, গোঁড় অন্ত্যজ জাতি, নীচ জাতি।
গৌতম ঋষি বিশেষ, গোতম মুনি।
গোতমান্বয়, শাক্য মুনি।
গোতমী, দুর্গা; কৃপমুনির ভগিনী।
গোতল্লজ, উত্তম গো, প্রশস্ত গরু।
গোত্র, গো-ত্রৈ) কুল; আদিপুরুষ, বংশ, সন্তান প্রবর; পর্ব্বত। [সকুল্য।
গোত্রজ (গোত্র-জন) গোত্রে উৎপন্ন, জ্ঞাতি
গোত্রভিদ্, ইন্দ্র, শক্র, দেবরাজ। [পাল।
গোত্রা, পৃথিবী, ধরণী; গো সমূহ, গোরুর
গোদ (গো-দা) শ্লীপদ রোগ, শোথরোগ, পদাদি স্ফীত হওন, মস্তকের স্নেহ, মস্তিষ্ক, মগজ, মস্তকের ঘৃত।
গোদন্ত, হরিতাল।
গোদা, (গোদ) শ্লীপদী জলদোষে স্ফীতপাদ
গোদাচিল্ল, চিল্ল, পক্ষিবিশেষ।
গোদানী (গো-দান) স্ত্রীলোকের কপাল দেশে কৃষ্ণবর্ণ চিহ্ন; উল্কি, স্ফীতপদা স্ত্রী।
গোদাবরী, (গো-দা-বৃ) নদী বিশেষ।
গোদারণ, লাঙ্গল, হল; কুদ্দাল, কোদালি।
গোদোহন, গরুহইতে দুগ্ধ নিঃসারণ।
গোদোহনী, গোদোহনপাত্র, দুগ্ধের ভাণ্ড, দুধের কেঁড়ে।
গোদ্রব, গোমূত্র, গোচোনা।
গোধন, গো সমূহ, গোরুর পাল; গো স্বরূপ ধন। [পক্ষিকা বিশেষ।
গোধা (গুধ) জন্তু বিশেষ, গোসাপ, চর্ম্ম-
গোধি, ললাট, কপাল, গোধিকা, গোসাপ।
গোধিকা, (গোধা) গোসাপ।
গোধুক, গোদোগ্ধা, গোদোহনকর্ত্তা।
গোধূম, (গুধ) শস্য বিশেষ, গম।
গোধূমচূর্ণ, চূর্ণীকৃত গম, ময়দা, আটা, সুজী
গোধূলি, কাল বিশেষ সূর্য্যাস্ত কাল।
গোধেনু, দুগ্ধবতী গাভী, দুগ্ধনিঃসৃষ্টগাভী।
গোনর্দ্দী, সারস পক্ষিণী, সারসী।
গোনর্দ্দীয়, পতঞ্জলি মুনি।
গোনস, (গো-নাসিকা) সর্প বিশেষ, বোড়াসাপ, গোখুরা সাপ, মণ্ডলী বোডা।
গোনাগাষ্ঠী, (গণ-গোষ্ঠী) সকল পরিবার।
গোনাথ, অনড়ান, বণ্ড, বৃষ, ষাঁড়।
গোনিষ্যন্দ, গোমূত্র, গোরুর চোনা।
গোপ, (গো-পা) জাতি বিশেষ, গোয়ালা।
গোপকন্যা, আভীর সুতা, গোয়ালিনী, গোয়ালার কন্যা। [শেয়াকুলগাছ।
গোপঘোণ্টা, বদরী সদৃশ সূক্ষ্ম ফল বৃক্ষ,
গোপতি, বৃষ; শিব; সূর্য্য; রাজা।
গোপদল, গুবাক সুপারী; গোয়ালারপাল।
গোপন, (গুপ) অপহ্নব, অপ্রকাশ, লুকান, রক্ষণ। [ব্যক্ত, রক্ষণীয়।
গোপনীয়, (গুপ) গোপ্য, অপ্রকাশ্য, অ-
গোপবধূ, গোপস্ত্রী, গোপভার্য্যা, গোয়ালিনী
গোপাঙ্গনা, (গোপ-অঙ্গনা) গোপবালিকা, গোপস্ত্রী, গোয়ালিনী।
গোপানসী, বক্রভা, গৃহাদির অগ্রভাগের উপরিস্থ বক্রকাষ্ঠ, মুদনী।
গোপায়িত, (গুপ) রক্ষিত, লুক্কায়িত।
গোপাল, গোরক্ষক, গোয়ালা, রাখাল; শ্রীকৃষ্ণ।
গোপালক, শ্রীকৃষ্ণ; গোরক্ষক।
গোপালয়, (গোপ-আলয়) গোপগৃহ, গোয়ালার বাটী। [বিশেষ।
গোপালিকা, গোপপত্নী, গোপভার্য্যা; কীট
গোপাষ্টমী, কার্ত্তিক শুক্লাষ্টমী।
গোপিকা, গোপভার্য্যা আভীরিণী; রক্ষিত্রী
গোপিনী, গোপনারী, গোয়ালিনী, শ্যামালতা। [প্রকৃতি।
গোপী, (গোপ) গোপপত্নী, গোপাঙ্গনা;
গোপীথ, তীর্থস্থান; রক্ষণ; পালন।
গোপীমাটী, মৃত্তিকা বিশেষ, তিলকধারণ মৃত্তিকা। [বিশেষ।
গোপুচ্ছ, গোলাঙ্গুল, গরুর ল্যাজ; বানর
গোপুর নগর দ্বার, শহরের ফটক, পুরদ্বার, সহরের দরওয়াজা।
গোপুরীষ, গোময়, গোবর।
গোপেন্দ্র, বিষ্ণু, শ্রীকৃষ্ণ।
গোপেশ, নন্দঘোষ শ্রীকৃষ্ণ, শাক্যমুনি।
গোপো, সপরিবার, সগোষ্ঠি।
গোপ্তা, (গোপ্তৃ) রক্ষক, রক্ষাকর্ত্তা; অপ্রকাশক, লুক্কায়িত।
গোপ্য, (গুপ) রক্ষণীয়, গোপনীয়; দাসীপুত্র। [পালনীয়
গোপ্যক, দাস, ভৃত্য, কিঙ্কর, রক্ষণীয়,
গোপ্য ধি, বন্ধক বিশেষ যে বন্ধক কেবল প্রবোধার্থ মহাজনের নিকট রাখে, ভোগার্থ নয়। [ভজ।

গোবৎসাদী, বৃক, নেকড়িয়া বাঘ
গোবাদ, (গোদ) স্থূল, মোটা।
গোবধ, গোহত্যা, গোরু মারণ।
গোবর, (গো) গোময়, গোবিষ্ঠা, গোবিট্‌; শ্রেষ্ঠ গো, উত্তম গরু। [ভাগের কাঠ।
গোবরাট, (গোবর-রাট) দ্বারের উপরি
গোবরাণ, (গোবরা) বিবর্ণ করণ; লেপন; কদাকার করণ, অপরিষ্কার করণ।
গোবর্দ্ধন, বৃন্দাবনস্থ পর্ব্বত বিশেষ, স্বনামে বিখ্যাত পর্ব্বত।
গোবর্দ্ধনধারী, শ্রীকৃষ্ণ, বিষ্ণু।
গোবশা, বন্ধ্যা গো, বাঁঝা গরু।
গোবাঘা, (গো-বাঘ) গোঘাতক ব্যাঘ্র, বৃক, নেকড়িয়া বাঘ।
গোবাল, (গো-পাল) গোপ, গোআলা।
গোবিন্দ, শ্রীকৃষ্ণ; গবাধ্যক্ষ; বৃহস্পতি।
গোবিষ্ঠা, গোবিট, গোময়, গোবর।
গোবৈদ্য, গরুচিকিৎসক; হাতুড়ে বৈদ্য।
গোবৃন্দ, গোসমূহ, গোরুর পাল।
গোবৃন্দারক, শ্রেষ্ঠ গো, প্রশস্ত গরু।
গোবৃষ, বণ্ড, ষাঁড়।
গোদা, স্থূল, মোটা; ভারী।
গোমতল্লিকা, সুশীলা গো, উত্তমগরু।
গোমতী, স্বনাম খ্যাতা নদী বিশেষ; বৈদিক মন্ত্র বিশেষ।
গোমন্ত, পর্ব্বত বিশেষ; গোস্বামী।
গোময় (গো) গোবিট্‌, গোবর; গোস্বরূপ
গোময়চ্ছত্র, করক, কোঁড়ক, ছাতা।
গোময়প্রিয়, কোঁড়ক, ছাতা। [পোকা।
গোময়োত্থা, গোময় জাত কীট, গোবরিয়া
গোমক্ষিকা, দংশ, ডাঁশ।
গোমান্‌, বহু গোস্বামী, অনেক গো রক্ষক
গোমায়ু, (গো-মা) শৃগাল, শিয়াল; গন্ধর্ব্ব বিশেষ। [শৃগাল
গোমী, বহু গোপালক, অনেক গোরক্ষক;
গোমীন, মৎস্য বিশেষ।
গোমুখ, বাদ্যভাণ্ড; চৌরস্বরূপ; সিঁদ বিশেষ; গরুর মুখ; জপমালা গোপনার্থ বস্ত্র নির্ম্মিত যন্ত্র বিশেষ; কুম্ভীর; বক বিশেষ
গোমুখী (গোমুখ) হিমালয় পর্ব্বত হইতে গঙ্গা পতনে গোমুখাকার গুহা; রাঢ়দেশস্থ নদী বিশেষ।
গোমূঢ়, গোরুর ন্যায় অবোধ, অতিশয় মূর্খ
গোমূত্র গোপ্রস্রাব, চোনা।
গোমূত্রিকা, তৃণ বিশেষ; চিত্রকাব্যবিশেষ।
গোমেদ, পীতবর্ণ মণিবিশেষ; বিষবিশেষ
গোমেদক, (গো-মিদ) মণিবিশেষ; বিষবিশেষ।
গোমেধ, যজ্ঞ বিশেষ।
গোর, (গৌর) গৌরবর্ণ, স্বরূপ।
গোরণ, ও চাল, উত্তোলন, উত্থাপন।
গোরমা, (গো-রম) গোপ্রিয় তৃণ বিশেষ
গোরস, গব্য, দুগ্ধ, দধি, তক্র।
গোরসজ, তক্র, ঘোল। [ভূমি।
গোরস্থান, (ফাং-স্থান) কবরস্থান, শ্মশান
গোরা, গৌর) গৌরবর্ণ; শ্বেত বর্ণ।
গোরিকা, পক্ষিবিশেষ, শারিকাপক্ষী।
গোরু, (গো) গবী, গো; বৃষ।
গোরুত, ক্রোশদ্বয়, দুই ক্রোশ।
গোরোচ, হরিতাল।
গোরোচনা, (গো-রুচ) স্বনাম খ্যাত পীতবর্ণ দ্রব্য বিশেষ, গোমস্তক স্থিত শুক্লাপত্ত।
গোর্দ্দ, (গুর) মস্তিষ্ক, মস্তকস্থিত ঘৃত, মজ্জা
গোল, (গুড়) মণ্ডল; বর্ত্তুলাকার; জারজপুত্র; ভূগোল; খগোল; কলরব, কোলাহল।
গোলক, (গাল) স্বামী অবিদ্যমানে জারজপুত্র বিধবার উৎপাদিত সন্তান; কলায় বিশেষ, মটর।
গোলা, (গোল) ধান্যাদির আধার; বর্ত্তুলাকার লৌহ পিণ্ড; দুর্গা; গোদাবরী নদী; সখী।
গোলাঙ্গুল, বানর; কৃষ্ণবানর; গোপুচ্ছ।
গোলন, (গোল) প্রকাশন, ব্যক্ত করণ, প্রচার করণ; আবিল করণ।
গোলাব, (ফাং) গোলাপ পুষ্প, গোলাপজল।
গোলাম, দাস, কিঙ্কর, নিতান্ত অধীন ভৃত্য
গোলাস, গোময় ছত্রিকা, কোঁড়ক-ছাতা।
গোলোক, শ্রীকৃষ্ণের স্থান; নিত্যধাম, বৈকুণ্ঠ।
গোশকৃৎ, গোবিষ্ঠা, গোময়, গোবর।
গোশাল, গোগৃহ গোয়ালি ঘর।
গোশালা, গোগৃহ, গোয়ালঘর।
গোশীর্ষ, চন্দন, হরিচন্দন; গোরুরমস্তক
গোশৃঙ্গ, গোবিষাণ, গরুর শিং।
গোষড়্‌গব, গো, ষটক, ছয়টা গরু।
গোষ্ঠ (গো-স্থা) গোস্থান, গোঠ। [কেলি।
গোষ্ঠবিহার, গোচারণোপলক্ষে শ্রীকৃষ্ণের-

গোষ্ঠাষ্টমী, কার্ত্তিক শুক্লাষ্টমী। [সভা।
গোষ্ঠী, পোষ্যবর্গ ; পরিবার ; কুল, জ্ঞাতি;
গোষ্ঠীপতি পোষ্যবর্গের পালক, সভাপতি।
গোষ্পদ, (গো-পদ) গোসেবিত স্থান, গো-
রুর খুর পরিমাণ মাত্র স্থান।
গোস, প্রভাত, উষাকাল, প্রত্যুষ।
গোসংখ্য, গোপ, গোপাল, গোয়ালা
গোসঙ্গ, প্রত্যুষ, প্রাতঃকাল।
ভোসদৃক্ষ, গবয়, চমরী, বনগো।
গোসম্প্রদায়, গোদানকর্ত্তা, গোদাতা।
গোসব, গোমেধ যজ্ঞ।
গোসম্ভবা, শ্বেতদূর্ব্বা ; গোজাত।
গোসর্গ, প্রভাত, প্রত্যুষ, প্রাতঃকাল।
গোসর্প, (গোধিকা) গোসাপ।
গোসা, (যাং) রাগ, ক্রোধ ; অভিমান।
গোসাপ, (গোসর্প) গোধিকা। [নর হার।
গোস্তন, গরুর বাঁট, হার বিশেষ চৌত্রিশ
গোস্তনী, (গোস্তন) দ্রাক্ষা, মৃদ্বীকা, অঙ্গুর।
গোস্থান, গোষ্ঠ, গোঠ।
গোস্বামী, গোপতি ; গোরক্ষক, নিত্যানন্দ
বংশীয় ব্রাহ্মণ বিশেষ।
গোহত্যা, গোবধ, গোহিংসা। [সক, কষাই।
গোহন্তা, (গো-হন্তৃ) গোবধকারী, গোহিং-
গোহরীতকী, বিল্ববৃক্ষ, বেল গাছ।
গোহাইল, গোশালা, গোগৃহ।
গোহালী, (গোশাল) গোগৃহ। [শ্রীফলগাছ।
গোহিত, গোরুর হিতকারী : বিল্ববৃক্ষ,
গোহির, পাদমূল, গোড়মুড়া, গুলফ।
গোহ্য-গুহ্য, গোপনীয়, অপ্রকাশ্য। [র খুর
গোক্ষুর, বৃক্ষ বিশেষ, গোখুরি লতা, গোরু-
গৌঞ্জিক, স্বর্ণকার, সেকরা।
গৌড়, (গুড়) স্বনাম খ্যাত দেশ।
গৌড়ী, (গৌড়) গুড়াদি কৃত সুরা, গুড়ের-
মদ, রাগিণী বিশেষ, কাব্যরীতি বিশেষ।
গৌণ, (গুণ) অপ্রধান ; অধীনতা ; বিলম্ব।
গৌতম (গোতম) মুনিবিশেষ, শতানন্দ মুনি
গৌতমসম্ভবা, গোদাবরী নদী।
গৌতমী, দুর্গা ; রাক্ষসী বিশেষ ; গোদাবরী
নদী ; গোরোচনা।
গৌতুম, স্থাবর বিষ বিশেষ।
গৌর, (গুর) শ্বেতবর্ণ ; শুভ্রবর্ণ, শ্রীচৈতন্য-
দেব ; বিশুদ্ধ ; পদ্মকেশর ; কুঙ্কুম ; স্বর্ণ।
শ্বেত সর্ষপ।
গৌরচন্দ্র, শ্রীচৈতন্যদেব।
গৌরজীরক, শুক্লজীরক, শাদা জীরা।
গৌরনিতাই, শ্রীচৈতন্যদেব ও নিত্যানন্দ
প্রভু। [দর, সম্মান, মর্য্যাদা
গৌরব, (গুরু) ভার, গুরুত্ব ; প্রভাব সমা-
গৌরবজনক, মর্য্যাদাজনক, সম্মানসূচক।
গৌরবিত, মান্য, সমাদৃত, আর্য্যমিশ্র।
গৌরসর্ষপ, শ্বেতসর্ষপ, রাই সরিসা।
গৌরাঙ্গ, (গৌর-অঙ্গ) শ্রীচৈতন্যদেব ; শ্বে-
তকায় ; সুন্দরাঙ্গ।
গৌরার্দ্রক, স্থাবর বিষ বিশেষ।
গৌরাস্য, কৃষ্ণ বানর, কাল বানর।
গৌরিকা, অষ্টম বর্ষীয়া কন্যা।
গৌরিল, শ্বেতসর্ষপ, লৌহচূর্ণ।
গৌরী, পার্ব্বতী ; অষ্টবর্ষীয়া কন্যা, অজাত
রজস্কা কন্যা ; হরিদ্রা ; দারুহরিদ্রা, রাগিণী
বিশেষ, মালবরাগ পত্নী।
গৌরীজ, ধাতুবিশেষ, অভ্রক। [নিম্নস্থ পট্ট
গৌরীপট্ট, পেনেট, গৌরীপাট, শিবলিঙ্গের
গৌরীপাট, (গৌরী-পট্ট) পেনেট, পানিয়াট
গৌরীপুত্র, কার্ত্তিকেয়, কুমার
গৌরুতল্পিক, গুরুপত্নীগামী, বিমাতৃগ।
গৌল্য, মধুর ; সুস্বাদু [রি একশতগরু আছে
গৌশতিক, (গো-শত) শত গোস্বামী ; যাহা-
গৌষ্ঠীন, ভূতপূর্ব্ব গোস্থান, পূর্ব্বের গোঠ,
অতীত কালের গোষ্ঠ।
গ্রথিত, (গ্রন্থ) কৃতগ্রন্থন, গাঁথা, গ্রন্থিল।
গ্রন্থ, প্রবন্ধ, শাস্ত্র, পুস্তক, সম্পর্ক, গাঁইট,
অনুষ্টুপছন্দঃ ; শ্লোক ; গুলফ, গোড়মুড়া।
গ্রন্থক, (গ্রন্থ) নির্ম্মাণকর্ত্তা ; নিবন্ধকাররচক
গ্রন্থকর্ত্তা, (গ্রন্থ-কর্তৃ) গ্রন্থকারক, নিবন্ধকা-
রক, শাস্ত্রকর্ত্তা।
গ্রন্থকার, (গ্রন্থ-কৃ) গ্রন্থকারক, গ্রন্থকর্ত্তা।
গ্রন্থকুটী লেখ্যস্থান, চিত্রাধার, চিত্রফলক।
গ্রন্থন, (গ্রন্থ) গুম্ফন ; গ্রন্থিত করণ, গাঁথন,
রচন, নির্ম্মাণ।
গ্রন্থি, বংশাদির সন্ধি ; গাঁটি, গিরা ; পর্ব্ব,
বন্ধন ; রোগ বিশেষ।
গ্রন্থিক, দৈবজ্ঞ, গণক।
গ্রন্থিত, (গ্রন্থ) গথিত, গাঁথা, রচিত।
গ্রন্থিদূর্ব্বা, গণ্ডদূর্ব্বা, গেঁটেদূর্ব্বা।
গ্রন্থিপর্ণী, গণ্ডদূর্ব্বা, গেঁটে দূর্ব্বা।
গ্রন্থিফল, কপিত্থ বৃক্ষ, কয়েৎবেলগাছ।
গ্রন্থিমান্, অস্থিসংহারক বৃক্ষ, হাড়ভাঙ্গা
বা হাড় জোড়া গাছ।

গ্রন্থিমূল, গৃঞ্জন, গাজর।
গ্রন্থিল, পিপ্পলীমূল, পিপুলের মূল ; আর্দ্রক, আদা ; গ্রন্থিযুক্ত।
গ্রন্থিলা, গণ্ডদূর্ব্বা, গেটে দূর্ব্বা।
গ্রন্থিহর অমাত্য, মন্ত্রী ; পরামর্শী।
গ্রন্থী, নানাবিধ পুস্তককারী, বহু গ্রন্থবিশিষ্ট
গ্রন্থীক, গ্রন্থবিশিষ্ট, বহুপুস্তক যুক্ত।
গ্রস্ত, (গ্রস) ভুক্ত, খাদিত ; আচ্ছাদিত, লুপ্তবর্ণপদ ; অসম্পূর্ণ বাক্য।
গ্রস্তাস্ত, (গ্রস্ত-অস্ত) চন্দ্র সূর্য্যাদির গ্রহণানন্তর অস্ত। [অধ্যবসায় ; বোধ, জ্ঞান।
গ্রহ সূর্য্যাদি নব, নির্ব্বন্ধ ; রণোদ্যম,
গ্রহকল্লোল, অষ্টম গ্রহ, রাহু।
গ্রহণ, (গ্রহ) স্বীকার, আদান, উপলব্ধি, উপরাগ, রাহুগ্রস্ত চন্দ্র সূর্য্য।
গ্রহণী, (গ্রহ) রোগবিশেষ, অতিসার তুল্য রোগ ; অগ্নির অধিষ্ঠান নাড়ী।
গ্রহণীরুজ, গ্রহণী রোগ, উদরাময়।
গ্রহণীহর, লবঙ্গ, লং।
গ্রহনায়ক, শনি, সূর্য্য ; গ্রহপতি।
গ্রহনেমি, চন্দ্র, বিধু, শশী। [আকন্দ গাছ।
গ্রহপতি, সূর্য্য, রবি, দিবাকর ; অর্কবৃক্ষ,
গ্রহপীড়া, গ্রহবৈগুণ্য, গ্রহ প্রযুক্ত দুঃখ।
গ্রহপুষ, সূর্য্য, ভানু, রবি।
গ্রহযাগ, গ্রহদিগের যজ্ঞ, নবগ্রহের হোম
গ্রহরাজ, সূর্য্য, চন্দ্র ; বৃহস্পতি।
গ্রহাধার, (গ্রহ আধার) ধ্রুবনক্ষত্র। [শেষ।
গ্রহাময়, ভূতাদি হইতে উৎপন্ন রোগবি
গ্রহীতা, (গ্রহীতৃ) গ্রহণ কর্ত্তা, গ্রাহক।
গ্রাবা, প্রস্তর ; পর্ব্বত ; মেঘ।
গ্রাম, (গ্রস) বহুজন বসতি স্থান, হট্টাদিশূন্য বসতি ; স্বর বিশেষ ; সমূহ।
গ্রামকুট, শূদ্রজাতি, অবরবর্ণ।
গ্রামণী, (গ্রাম) গ্রামের প্রধান, গ্রামাধিপতি, মণ্ডল, নাপিত ; বেশ্যা।
গ্রামতক্ষা, গ্রাম্য সূত্রধর, গেঁয়েছুতার।
গ্রামত, গ্রামসমূহ, বহুগ্রাম।
গ্রামমদ্গুরিকা, মৎস্য বিশেষ, শৃঙ্গী মৎস্য, শিঙীমাছ ; গ্রামযুদ্ধ।
গ্রামমুখ, আপণ, হট্ট, হাট, বাজার।
গ্রামমৃগ, কুক্কুর, কুকুর।
গ্রামযাজক, গ্রামস্থ নানা জাতির পুরোহিত
গ্রামস্থ, গ্রামবাসী গ্রাম্য।
গ্রামবাসী পল্লীগ্রামে বসতিকারী, গ্রাম্য।
গ্রামহাসক, ভগিনীপতি।
গ্রামাধান, মৃগয়া, শীকার। [প্রান্ত।
গ্রামান্ত, (গ্রাম-অন্ত) গ্রামসমীপ ; গ্রামের
গ্রামী, (গ্রামিন) গ্রামবিশিষ্ট ; গঁাইয়া, গ্রামস্থ। [কাক, বায়স।
গ্রামীণ, গ্রামোৎপন্ন ; গ্রাম্য শূকর, কুক্কুর,
গ্রামেয়া, গ্রাম্য নারী ; গ্রামস্থা।
গ্রামেশ, গ্রামের প্রধান, গ্রামাধিপতি।
গ্রাম্য, (গ্রাম) গ্রামোৎপন্ন, গ্রামজাত ; ইতর, নীচ ; অধম।
গ্রাম্যকথা, ইতর কথা, নীচ কথা।
গ্রাম্যকর্কটী, কুষ্মাণ্ড, কুমড়া।
গ্রাম্যধর্ম্ম, মৈথুন, রমণ, স্ত্রীসংসর্গ।
গ্রাম্যপশু, গ্রামজাত জন্তু গোরুছাগলাদি
গ্রাম্যভাষা, ইতর কথা, নীচ কথা।
গ্রাম্যমৃগ, কুক্কুর, শ্বা।
গ্রাম্যশূকর, গ্রামোৎপন্ন বরাহ।
গ্রাম্যাশ্ব, গর্দ্দভ, গাধা। [র ভেড়া।
গ্রাস, (গ্রস) মুখপূরণ অন্নাদি, কবল, ভাতে
গ্রাসাচ্ছাদন, (গ্রাস-আচ্ছাদন) অন্ন বস্ত্র, ভাত কাপড়। [শিশুক, শুশুক।
গ্রাহ, (গ্রহ) গ্রহণ, জলজন্তু বিশেষ ; হাঙ্গর
গ্রাহক, (গ্রহ) হিংস্রপক্ষী, ব্যাধগ্রাহী, সপুড়িয়া, গ্রহণকারী, লোভী, ক্রেতা।
গ্রাহকতা, (গ্রাহক) লোভ ; গ্রহণার্থ উৎসুক্য। [কৎবেল, ফল বিশেষ।
গ্রাহী, (গ্রাহিন) গ্রহণকর্ত্তা ; কপিত্থবৃক্ষ,
গ্রাহ্য, গ্রহণের যোগ্য ; মনোনীত।
গ্রীবা, (গৃ) ঘাড়, গলা, কন্ধর।
গ্রীবী, উষ্ট্র, উট, ক্রমশ গ্রীবাযুক্ত।
গ্রীষ্ম, (গ্রস) ঋতু বিশেষ ; নিদাঘ, উষ্ণ, উষ্মকাল, গরমি।
গ্রীষ্মকাল, নিদাঘ, উষ্মকাল।
গ্রীষ্মকালজ, গ্রীষ্মকালোৎপন্ন।
গ্রীষ্মজা, নবমল্লিকা, লোণা।
গ্রীষ্মসুন্দরক, শাকবিশেষ, গিমাশাক।
গ্রীষ্মহাস, ইন্দ্রতুলক, আকাশ বুড়ীরসূতা
গ্রৈব, গ্রীবাভূষণ, গলার অলঙ্কার
গ্রৈবেয়, কণ্ঠভূষণ, গলার আভরণ।
গ্লস্ত, ভক্ষিত, খাদিত।
গ্লহ, অক্ষক্রীড়ার পণ, বাজি।
গ্লাতা, গ্লানিযুক্ত ; ক্ষীণ, কৃশ। [খিন্ন।
গ্লান, (গ্লৈ) রোগ দ্বারা ক্ষীণদেহ, রোগী,
গ্লানি, (গ্লৈ) রোগ, শ্রান্তি ; নিন্দা, অন,

হ্লাদ। [যুক্ত; ম্লান।

গ্লাস্নুরোগ যার। ক্ষীণদেহ, রোগী পীড়া-

গ্রস্ত, গ্লানিযোগ্য; রোগযুক্ত।

গ্লৌ চন্দ্র, শশী; বিষ্ণু; কর্পূর।

ঘ

ঘ, ঘকার, ব্যঞ্জনের চতুর্থ বর্ণ।

ঘট, কলস, কুম্ভ, গর্গরী; কুম্ভরাশি; দ্রোণ পরিমাণ; কুম্ভ পরিমাণ।

ঘটক, (ঘট) যোজক, যোজনাকারী; দূত; কোটনা; বৃক্ষ বিশেষ; বনস্পতি, পুষ্প বিনা যাহার ফল জন্মে।

ঘটকত্ব, (ঘটক) যোজকত্ব, ঘটকালি; দৌত্য; কোটনাগিরি।

ঘটকালি, (ঘটক) ঘটকত্ব, যোজকতা, মিলন। [কারিণী।

ঘটদাসী কুট্টিনী, কুটনী, দূতী, যোজনা-

ঘটন, (ঘট) মিলন, যোজন; প্রাপণ।

ঘটনা, (ঘট) যোজনা, মেলন; সংখ্যাকরণ; অকস্মাৎ প্রাপণ।

ঘটনীয়, যোজনীয়, সম্ভাব্য; ঘটিবার যোগ্য।

ঘটযোনি, অগস্ত্য মুনি।

ঘটরাজ, কুম্ভ, কলস।

ঘটা, (ঘট) সমারোহ, আড়ম্বর; সমূহ; সভা; হস্তিদিগের যুদ্ধাদিতে একত্র মিলন।

ঘটাটোপ, (ঘটা-আটোপ) যানাদির আচ্ছাদন বস্ত্র, পাল্কীর আবরণ বসন।

ঘটান, উৎপাদন; যোজকতা করণ, মিলান।

ঘটালাবু, (ঘট-অলাবু) কুম্ভতুম্বী, গোল-লাউ, বর্ত্তুলাকার লাউ।

ঘটিক, নিতম্ব, জঘন পশ্চাদ্ভাগ, পাছা।

ঘটিকা, (ঘটী) মুহূর্ত্ত; দণ্ড; ঘড়ী; পাদ, গুলফ; যোজনাকারিণী।

ঘটিত, মিলিত, যোজিত; সংযুক্ত, সংশ্লিষ্ট।

ঘটী, (ঘট) দণ্ড; ক্ষুদ্রঘট; জলপাত্র বিশেষ

ঘটীযন্ত্র, কূপ হইতে জল তুলিবার নিমিত্ত রজ্জু সহিত ঘট, জলতোলা কল; কাল নির্ণায়ক যন্ত্র, ঘড়ী। [সীর পুত্র

ঘটোৎকচ, রাক্ষস বিশেষ; হিড়িম্বা রাক্ষ-

ঘটোৎকচান্তক, কর্ণরাজ।

ঘটোদ্ভব, (ঘট-উদ্ভব) কুম্ভযোনি, অগস্ত্য মুনি। [তীর্থাবতার।

ঘট্ট, ঘাট, নদ্যাদিতে যাত্রার্থ প্রবেশ স্থান

ঘট্টগা, (ঘট্ট-গম) নদী বিশেষ

ঘট্টজীবী, বর্ণসঙ্কর জাতি বিশেষ, পাটুনি।

ঘট্টনা, চালনা, আন্দোলন; ঘোঁটন, আলোড়ন। [গুপ্তঘাট।

ঘট্টা, নদ্যাদির অবগাহন স্থান; ঘাট

ঘড়া, (ঘট) শ্রেষ্ঠ কলস, বড় কলসী; জলপাত্র বিশেষ, পিত্তলময় কলস।

ঘড়িয়াল, (গ্রাহ) ঘটীযন্ত্রবাদক; জলজন্তু-বিশেষ। [গ্রক যন্ত্র বেলাবোধক যন্ত্র।

ঘড়ী, (ঘটিকা) ঘটীযন্ত্র, দণ্ড পলাদি নির্ণা-

ঘড়্‌ঘড়ান, ঘোরয়ান, ঘড়্‌ঘড়্‌ শব্দ করণ।

ঘড়ঘড়িয়া, (ঘড়্‌ঘড়্‌) ব্যাঘ্র বিশেষ, নেকড়িয়াবাঘ; ঘোবাঘা। [গলার শব্দ।

ঘড়ঘড়ী, অন্তকালীন কণ্ঠধ্বনি; কফাদিযুক্ত

ঘণ্ট, (ঘ) মৎস্য শাকাদির ব্যঞ্জন বিশেষ।

ঘণ্টা, (হন) কাংস্য নির্ম্মিত বাদ্য বিশেষ; ঘড়ী; দণ্ডদ্বয় মুহূর্ত্ত।

ঘণ্টাকর্ণ শিবগণবিশেষ, ঘেঁটুঠাকুর।

ঘণ্টাপথ, গ্রামাদির প্রধান মার্গ, গ্রামের বড় পথ।

ঘণ্টাবীজ, জয়পাল, জয়পালের বীচী। [শণ

ঘণ্টারবা, বৃক্ষ বিশেষ, ঝনঝনিয়া গাছ; বন

ঘণ্টালী, ঘণ্টাশ্রেণী; বৃক্ষ বিশেষ।

ঘণ্টাশব্দ, ঘণ্টার ধ্বনি; কাংস্য, কাঁসা।

ঘণ্টিকা, ত লুম্বি ক্ষুদ্র জিহ্বা, আলজিব ছোট ঘণ্টা, কিঙ্কিণী।

ঘণ্টিনীবীজ, জয়পাল বীজ।

ঘণ্টী, (ঘণ্টা) ক্ষুদ্র ঘণ্টা।

ঘণ্টু, গজঘণ্টা প্রভাপ।

ঘণ্টেশ্বর, দেবতা বিশেষ; মঙ্গলপুত্র।

ঘণ্ড, ভ্রমর, অলি, মধুকর।

ঘন, (হন) অন্তরল, গাঢ়, সান্দ্র; নিবিড়; অবিরল; কাংস্যতালাদির বাদ্য; করতাল; লোহমুদ্গর; মেঘ; মুস্তা; সজাতীয় তিন অঙ্কের পূরণ।

ঘনকফ, করকা, বর্ষোপল, শিল।

ঘনকাল, বর্ষা ঋতু, প্রাবৃট কাল।

ঘনগোলক, সংশ্লিষ্ট রজত কাঞ্চন; মিশ্রিত সোণা রূপা।

ঘনঘন, (ঘন) অনবরত, অবিরত; বারবার

ঘনজ্বালা মেঘজ্যোতিঃ; বজ্রাগ্নি।

ঘনতা, (ঘন) গাঢ়তা, নিবিড়তা।

ঘনতাল পক্ষি বিশেষ, সারঙ্গ পক্ষী।

ঘনতোল পক্ষি বিশেষ চাতকপক্ষী।

ঘননাভি, ধূম, ধুঁয়া।

ঘনপাষণ্ড, ময়ূর, শিখী, কলাপী
ঘনবল্লিকা. বিদ্যুৎ, সৌদামিনী।
ঘনবাত, নরক বিশেষ।
ঘনবাস, কুষ্মাণ্ড, কুমুণ্ড।
ঘনবাহন, শিব ; ইন্দ্র ; মেঘবাহন। [লি অঙ্ক
ঘনমূল. পূরণকরা সজাতীয় তিন অঙ্কের মূ
ঘনরস,জল ; কর্পূর ,অতরল নির্যাস, সমক্
সিদ্ধরস। [শ্রীকৃষ্ণ
ঘনশ্যাম, নিবিড় কৃষ্ণবর্ণ ; মেঘতুল্যশ্যামবর্ণ
ঘনসার, কর্পূর ; পারদ বিশেষ ; জল।
ঘনস্বন. মেঘধ্বনি ; শাক বিশেষ।
ঘনা. (ঘন) নিকটস্থ হওয়া, সমীপস্থ হওয়া
ঘনাকর, বর্ষাকাল, প্রাবৃট্‌কাল।
ঘনাঘন, (ঘন) ইন্দ্র ; ঘাতুক মত্তহস্তী ; বর্ষণ
কারী মেঘ ,নিরন্তর ; কঠিন ; হিংস্রক, গাঢ়
ঘনাত্যয়, মেঘাপগম ; শরৎকাল।
ঘনান, নিকটস্থ হওন, কাছান।
ঘনাবৃত, (ঘন-আবৃত) গাঢ় আবর্জিত।
ঘনাময়. খর্জ্জুর বৃক্ষ, খাজুর গাছ।
ঘনামল. বাস্তুক শাক, বেতো শাক।
ঘনাশ্রয়, অকাশ, গগণ, নভঃ স্থল।
ঘনিষ্ঠ,(ঘন) নিকটস্থ, অনুগত. আসন্ন।
ঘনী (ঘন) মৎস্যধারণার্থ বংশাদি নির্ম্মিত-
যন্ত্র বিশেষ, ঘুনী।
ঘনুয়া, (ঘন) উপপতি. জার ; কোটনা।
ঘনোদধি নরক বিশেষ।
ঘনোপল বর্ষোপল, করকা, শিল।
ঘবরণ, (ঘর্ব্ব) ত্রস্ত হওন ; ব্যাকুল হওন।
ঘবরাণী, (ঘবর) উদ্বেগ, ত্রস্ততা ; বিভ্রম।
ঘর, (গৃহ) গেহ. ভবন। [স,গৃহকর্ম্ম।
ঘরকন্না, (ঘর-করণ) গার্হস্থ্যধর্ম্ম, সংসারধ-
ঘরট্ট পেষণী, জাঁতা।
ঘরণী. (ঘর) গৃহিণী, ভার্য্যা।
ঘরসন্ধান, গৃহচ্ছিদ্রজ্ঞান. গৃহানুসন্ধান, গৃ-
হের ভেদ জ্ঞাত হওয়া।
ঘরা, (ঘর) আধার ; ছিদ্র, রন্ধ্র।
ঘরাও. (ঘর) ঘরপো ষা, অন্তরবর্ত্তী, ঘরের
ঘরাছরি, আপনা আপনি ; প্রত্যেকঘর,
ঘরামী, (ঘর গৃহনির্ম্মিতা, গৃহকারক।
ঘরুয়া, গৃহজাত, গৃহোৎপন্ন।
ঘর্ঘট, মৎস্যবিশেষ ট্যাংরা মাছ।
ঘর্ঘর. পর্ব্বতের দ্বার ; দ্বার ; পেচক. পেচা ;
নদীবিশেষ ; স্বর বিশেষ ; ধ্বনি বিশেষ ;

ঘর্ঘরক. ঘর্ঘর শব্দ , রথাদির গমনধ্বনি।
ঘর্ঘরা, ক্ষুদ্রঘন্টিকা, ছোটঘন্টা ; বীণাবিশেষ
ঘর্ঘরিকা. ক্ষুদ্র ঘন্টা বাদ্যবিশেষ ; নদীবি-
শেষ ভৃষ্ট ধান, খই।
ঘর্ঘুরা, যমকীট, ঘুরঘুরিয়া পোকা।
ঘর্ম্ম, (ঘৃ) শ্রমবারি, শ্রমজল. স্বেদ, ঘাম ;
আতপ, গ্রীষ্ম উত্তাপ
ঘর্ম্মবিচর্চ্চিকা. ঘর্ম্ম জন্য ক্ষুদ্র ব্রণ, ঘামাচী।
ঘর্ম্মবিচর্চী, ঘর্ম্মজন্য ; ক্ষুদ্র ব্রণ, ঘামাচী।
ঘর্ম্মাক্ত, (ঘর্ম্ম-অক্ত) ঘর্ম্মাভিষিক্ত, ঘামে
ভিজিত।
ঘর্ম্মান্ত, বর্ষাকাল, প্রাবৃট কাল।
ঘর্ম্মার্ত্ত, (ঘর্ম্ম-অর্ত্ত) ঘর্ম্মার্দ্র, ঘামিত।
ঘর্ষণ. (ঘৃষ) ঘষা, মার্জ্জন।
ঘর্ষণাল, শিলাপুত্র. লোড়া।
ঘর্ষণী, হরিদ্রা, হলুদ।
ঘষি, (ঘৃষ) শুষ্ক গোময় চূর্ণ. বিলঘুঁটে।
ঘাস, আহার, ভোজন, ভক্ষণ।
ঘস্মর, অমর, ভক্ষক, খাদক।
ঘস্র, হিংস্র. , দিন ; কুঙ্কুম।
ঘা, (হন) আঘাত ; ক্ষত ; ক্ষতচিহ্ন।
ঘাইট, (অঘ-অট) অপরাধ, দোষ, কসুর।
ঘাটন (ঘাট) আলোড়ন, আবর্ত্তন, ছানন,
চটকান।
জমন, (জম) আহার করণ, অদন, ভোজন, ভক্ষণ, অশন, খাদন।
জমা, (যাং) আয়, সঞ্চয়, বৃদ্ধি।
জমী, (যাং) ভূমি।
জমীদার, (যাং) ভূম্যধিকারী। [নারী।
জম্পতী, দম্পতী, জায়াপতী, স্ত্রীপুরুষ, নর-
জম্বাল, পঙ্ক, কর্দ্দম, কাদা ; শৈবাল, শেও-লা ; কেতক বৃক্ষ, কেয়াগাছ।
জম্বালিনী, নদী, সরিৎ, তটিনী, হ্রদিনী।
জম্বির, জম্বীর, ফলবিশেষ, জাম্বির, নেবু
জম্বীর, (জম) ফলবিশেষ, জামীর, নেবু।
জম্বু, (জম) জম্বুবৃক্ষ, জামরুল, জাম।
জম্বুক, (জম) শৃগাল, শিয়াল ; বরুণ, বৃক্ষবিশেষ ; গোলাপ জাম ; নীচ।

পবিশেষ, ভারতবর্ষ
জম্বুনদ, [illegible]পুষ্প, স্বর্ণ। [কেয়াগাছ।
জম্বুল, জম্বুবৃক্ষ, জামগাছ ; কেতকবৃক্ষ,
জম্বু, (জম) বৃক্ষবিশেষ, জামগাছ। [বৃক্ষ।
জম্বূল, (জম) জম্বুবৃক্ষ, জামগাছ ; কেতক-
জম্বুল মালিকা, কন্যাবরের [illegible]কা।
জম্ভ, দৈত্য বিশেষ ; দন্ত ; জম্বীর নেবু ; ভক্ষণ ; অংশ ; গাল ; তুন ; খাদাধার।
জম্ভক, জম্বীর, জামীর, নেবু।
জম্ভকা, জৃম্ভা, হাই।
জম্ভন, মৈথুন, সঙ্গম, রতি ক্রিয়া।
জম্ভভেদী, ইন্দ্র, শক্র, দেবরাজ, সুরপতি।
জম্ভর, জম্বীর, জামীর, নেবু ; বুদ্ধদেব বিশেষ।
জম্ভলা, রাক্ষসী বিশেষ।
জম্ভা, জৃম্ভা, হাই।
জম্ভারি, অগ্নি, বহ্নি ; বজ্র ; ইন্দ্র।
জম্ভী, জম্বীর, জামীর, নেবু।
জয়, (জি) শত্রুপরাঙ্মুখী করণ, পরাভব করণ, বিজয়। [জয়শব্দ।
জয়কোলাহল, পাশক বিশেষ ; জয়ধ্বনি,
জয়ঢক্কা, রণ বাদ্য বিশেষ, জয়ঢাক।
জয়ত্রী (জাতিপত্রী) পুষ্পবিশেষ, জাঁতিপুষ্প
জয়দত্ত, ইন্দ্রের পুত্র, ইন্দ্রসুত, জয়ন্ত, পাকশাসনি।
জয়ন, (জি) জয় ; শত্রুর পরাভব করণ।
জয়নী, ইন্দ্রের কন্যা, ইন্দ্র সুতা।
জয়ন্ত, ইন্দ্রপুত্র, পাকশাসনি, ঐন্দ্রি ; শিব, চন্দ্র, ভীম।
জয়ন্তিকা, হরিদ্রা, হলুদ।
জয়ন্তী, (জী) গৌরী ; ইন্দ্রপুত্রী ; পতাকা ; বৃক্ষবিশেষ ; যোগবিশেষ।
জয়পত্র, অশ্বমেধায় বদ্ধ ঘোটকের কপালে বন্ধন করা লিপি ; বিবাদ বিষয়ে জয়বো-ধক লিখন ডিক্রি। [যোগবিশেষ।
জয়পাল, বিধি ; বিষ্ণু ; রাজা, বৃক্ষবিশেষ ;
জয়পুত্রক, পাশক বিশেষ।
জয়বাহিনী, শচী, ইন্দ্রাণী, ইন্দ্রপত্নী।
জয়মঙ্গল, রাজবাহন হস্তী ; জ্বরনাশক ঔষধিবিশেষ ; ব্রতবিশেষ।
জয়া, দুর্গা ; জয়ন্তবৃক্ষ ; তিথিবিশেষ, তৃতীয়া অষ্টমী ত্রয়োদশী ; হরীতকী ; দুর্গার সখী ; নীলদূর্ব্বা ; পতাকা বিশেষ।

ডগাল, সুচ্যগ্র ; সুক্ষ্মাগ্রভাগযুক্ত ; অগ্রভাগ ; শাখাযুক্ত।
ডগিরা, (গিরি) বড়, উচ্চ, বৃহৎ।
ডঙ্কা, (ডং-কৈ) বাদ্যবিশেষ, দুন্দুভি বাদ্য টিকারা ; কাঁশোর বাদ্য।
ডঙ্গরী, ফলবিশেষ, ডহ্মারীফল। [সাজা।
ডণ্ড, (দণ্ড) লাঠি, ছড়ি, যষ্টি ; জরিমানা,
ডম, ডোম, বর্ণসঙ্করজাতি বিশেষ।
ডমর, ভয়ে পলায়ন, ভয় প্রযুক্ত প্রস্থান ; পরচক্রাদি ভয় ; অস্ত্রকলহ।
ডমরু, (ডং-ঋ) বাদ্যবিশেষ, কপালি যোগিদের বাদ্য ; ডুগড়বাদ্য ; চমৎকার, আশ্চর্য্য। [খণ্ড বিশেষ, সুঁড়ীপথ।
ডমরুমধ্য, দুইদ্বীপের সংযোগকারি ভূমি
ডম্ফ, (ড°-পা) বাদ্যবিশেষ, খঞ্জরীর আকার একপ্রকার বাদ্য যন্ত্র বিশেষ।
ডয়ন, নভোগতি, আকাশপথে গমন, উড্ডীয়মান হওন।
ডর, (দর) ভয়, ত্রাস, শঙ্কা।
ডরণ, ভয়পাওন, ত্রাসিত হওন, শঙ্কাকরণ
ডরাণ, ভয়পাওন, ত্রাসিত হওন।
ডরুক, ভীত, ত্রাসান্বিত, ভয়শীল।
ডরালু, ত্রাসান্বিত, ভয়যুক্ত, ভীত।
ডলন, (ডল) মর্দ্দন ; পেষণ, ঘষণ।
ডলনা, পেষণ যন্ত্র, নোড়া।
ডল্লক, (দল) বংশাদি নির্ম্মিত পাত্র, ডালা।
ডহর, (হ্রদ) নৌকার খোল, গভীর, অতিশয় নিম্ন স্থান।
ডহরা, গভীর ; নৌকার খোল।
ডহু, বৃক্ষ বিশেষ, ডহুয়া, মাদার, ডেঁফল
ডহুয়া, বৃক্ষ বিশেষ, ডেঁফল গাছ।
ডা, ডাকিনী ; কালিকাগণ বিশেষ।
ডাইন, (দক্ষিণ) অপসব্য।
ডাইনী, (ডাকিনী) কুহকিনী ; মায়াবিনী।
ডাঁটা, (দণ্ড) বৃক্ষের কাণ্ড, দণ্ড।
ডাঁটাল, ডাঁটাযুক্ত, কাণ্ডান্বিত, শক্ত।
ডাঁড়া, (দণ্ড) দাঁড়, নৌকা বাহন দণ্ড, বটিয়া। 'শেষ।
ডাঁড়কাক, (দণ্ড-কাক) দাঁড়কাক, কাকবি-
ডাঁড়া, (দণ্ড) মেরুদণ্ড, পৃষ্ঠের শিরদাঁড়া ; রীতি, চরিত্র ; ধারা ; দণ্ডায়মান।
ডাঁড়ান, দাঁড়ান, দণ্ডায়মান হওন।
ডাঁড়ী-দাঁড়ী, (দণ্ড) নৌকাদণ্ডবাহক ; লিপির বিচ্ছেদ চিহ্ন।
ডাঁড়ুকা, (দারু) নিগড়, লৌহশৃঙ্খল, বেড়ী
ডাঁশ, দংশ) দংশ মক্ষিকা, উদংশ, মশকবিশেষ।
ডাঁশাল, প্রায় পক্ক, পকোন্মুখ।
ডাক, (ক্রেক) আহ্বান ; শব্দ, চীৎকার হাঁক পত্রাদি শীঘ্র প্রেরণের উপায়।
ডাকঘর, পত্রাদি প্রেরণের দপ্তরখানা।
ডাকন, আহ্বান করণ ; হাঁকন, চেচান, শব্দকরণ, ধ্বনি করণ।
ডাক, ডাকাইত, দস্যু, সাহসী চোর।
ডাকাইত, (দস্যু) প্রকাশ্য চৌর্য্যবৃত্তি ;চৌর
ডাকাতি দস্যুবৃত্তি, প্রকাশ্য চৌর্য্যবৃত্তি
ডাকাবুকা, ডাকা-বুক) দস্যুর ন্যায় সাহসী, ভয়সান্বিত।
ডাকিনী, (ধক্ক) কালীর গণ বিশেষ, ডাইন কুহকিনী ; ভূতিনী।
ডাগর (দ্রাঘ) বৃহৎ, বড়, প্রকাণ্ড। [স্থূল।
ডাঙ্গা, (দম-গম) নির্জলস্থান, উচ্চ স্থান,
ডাড়া, (দন্স) দন্ত ; হুল, নখ ; কণ্টক।
ডাড়া-দাড়া, (ডাড়) কর্কটাদির পদ ; কাঁকড়ার পা ; কণ্টক, হুল। [কণ্টকান্বিত।
ডাড়াল-দাড়াল, করাতের ন্যায় দন্ত বিশিষ্ট,
ডাণ্ডা দাণ্ডা, (দণ্ড) ক্রীড়ার্থ দণ্ড বিশেষ, ভিত্তির উপরি প্রোথিত ক্ষুদ্র দণ্ড।
ডাণ্ডী, (দণ্ড) যষ্টি, স্তম্ভ, থাম, খুঁটী ; নৌকার দণ্ডবাহক।
ডাব, (ডব) কোমল নারিকেল, জল পূর্ণ অপক্ক নারিকেল। [পাত্র।
ডাবর, (দাব) তৈজসপাত্রবিশেষ ; নিষ্ঠীবন-
ডাবরী, (ডাবর) ক্ষুদ্র ককন, ছোট ঠিলি।
ডাব্, (ধাব) ক্ষুদ্রকলস, ডাবরী।
ডামর, শিবোক্ত শাস্ত্রবিশেষ ; পর চক্রাদিভয় ; অস্ত্রকলহ ; চমৎকার।
ডাল, (দল) শাখা, বৃক্ষাঙ্গ। [দারুচিনী।
ডালচিনী, (দারুচিনি) মিষ্টত্বক্ বিশেষ,
ডালন, কর্ত্তন, ছাঁটন ; শাখাচ্ছেদন।
ডালা, (ডল্লক) বংশ নির্ম্মিত পাত্রবিশেষ।
ডালি, (ডল্লক) উপঢৌকন, ভেট, সওগাদ।
ডালিম, (ডাড়িম্ব) দাড়িমফল, দাড়িম্ব।
ডাহল, দেশবিশেষ, ত্রিপুরা দেশ।
ডাহুক, (দহ) দাত্যূহ পক্ষী, ডাকপাখী ; পানীকৌড়ী। [তিক্রমণ করণ।
ডিঙ্গন, ডিম-গম) উল্লঙ্ঘন, উৎপ্লবন, অ-
ডিঙ্গর, ঢেগরা, ধূর্ত্ত, খল, দুষ্ট, সেবক।

ডিঙ্গা, (দ্বিক-গম) নৌকা, তরণী, পোত।
ডিঙ্গাচালক, নাবিক, কর্ণধার, কাণ্ডারী, পোত বাহক।
ডিঙ্গী, (ডিঙ্গা) ক্ষুদ্রনৌকা, দ্রোণী।
ডিণ্ডিম, (ডিম) বাদ্যবিশেষ, ডেঙ্করীবাদ্য; কৃষ্ণ পাকফল, পানীআমলা, পেনেলা।
ডিণ্ডির, সমুদ্রফেণ, সমুদ্রের ফেণা।
ডিণ্ডিরমোদক, গৃঞ্জন, গাজর।
ডিব্বা, (ডিভ) পাত্রবিশেষ, কৌটা।
ডিম, (ডিম্ব) নাটকের রূপকবিশেষ; ডিম্ব, অণ্ড। [প্লীহা।
ডিম্ব, অণ্ড, ডিম্ব; ফুস্ফুস; ভয়, ভয়ধ্বনি;
ডিম্বজ, (ডিম্ব-জন) অণ্ডজ, ডিম্বজাত, পক্ষ্যাদি। [গ্রাম।
ডিম্বাহব, নৃপতি রহিত যুদ্ধ, রাজাশূন্য সং-
ডিম্বিকা, কামুকী; জলবিম্ব; শোণকবৃক্ষ।
ডিম্ভ, (ডিম্ব) শিশু, বালক, মূর্খ, অজ্ঞ।
ডিম্ভক, বালক, শিশু। [বিশেষ।
ডিম্বচক্র, মনুষ্যের শুভাশুভ নির্ণায়ক চক্র
ডিম্ভা, অতিশিশু, অতিশয় বালক।
ডীন, পক্ষির গতি, আকাশ বিহরণ, উড়ন; আগমশাস্ত্র বিশেষ।
ডীনডীনক, পক্ষিদিগের গতিক্রিয়াবিশেষ।
ডীনাবডীন, পক্ষির গতি বিশেষ, অধঃ কুৎসিত গমন। [ত্যন্ত খেদজনক ক্রন্দন।
ডুকরণ, (ডুকর) মনস্তাপপূর্ব্বকক্রন্দন, অ-
ডুঙ্গী, (দ্রোণা) ক্ষুদ্রতরি বিশেষ।
ডুণ্ডু, ডুণ্ডুভসর্প, ঢোড়াসাপ।
ডুণ্ডুল, ক্ষুদ্রপেচক, ছোট পেচা।
ডুব, জলে নিমগ্ন হওন, অবগাহন।
ডুবক, নিমজ্জনকারী, অবগাহক।
ডুবন, (ডুব) নিমজ্জন, অবগাহন, বুড়ন।
ডুবরী, মজ্জনকারী, যে অধিক ক্ষণজলে নিমগ্ন হইয়া থাকিতে পারে।
ডুবান, নিমজ্জন, জলমগ্ন করণ।
ডুবানিয়া, (ডুব) জলনিমগ্ন কারী, বুড়ন।
ডুবারী, নিমজ্জক, অধিক ক্ষণ ডুবিয়া থাকিতে সক্ষম।
ডুবারু, নিমজ্জক, ডুবরী।
ডুবিত, মগ্ন; অবগাহিত।
ডুমা, (ডিম) ক্ষুদ্র খণ্ড, টুকরা।
ডুমুর, (উডুম্বর) উড়ুম্বর বৃক্ষ, ডুম্বুর।
ডুরী, (ডোর) রজ্জু, দড়ী, গুণ।
[illegible]
ডুলিকা, খঞ্জনাকার পক্ষি বিশেষ।
ডুলী, (ডুল) চিল্লীশাক; ক্ষুদ্রশিবিকা।
ডেগ, (দগ্ধ) বৃহৎ পাকপাত্র বিশেষ।
ডেঙ্গর, (ডিঙ্কর) মৎকুণ, উকুণ, কেশকীট।
ডেঙ্গরা, রণ্ডাপ্রেমী, স্ত্রীপুত্রাদি বিহীনব্যক্তি শাকবিশেষ।
ডেড়, (দ্ব-অর্দ্ধ) অর্দ্ধাধিক এক, সার্দ্ধেক।
ডেড়ী, (দণ্ড) দরিদ্রতা; অস্বাস্থ্য পীড়া।
ডেনা, (ডী) পক্ষ, পাখা।
ডেলা, (দলনী) লোষ্ট্র, ঢিল।
ডোঙ্গা, (দ্রোণী) তালবৃক্ষ নির্ম্মিত ক্ষুদ্রতরি; দ্রোণী। [জলাশয় পল্লল।
ডোবা, (ডুব) জলনিমগ্ন হওন; গর্ত্ত; ক্ষুদ্র
ডোম, (দম) বর্ণসঙ্করজাতি বিশেষ, ডম।
ডোমনী, ডোমের স্ত্রী, ডোমভার্য্যা।
ডোর, (ডোরক) হস্তাদির বন্ধন সূত্র; সূতা রজ্জু, গুণ, দড়ী। [দড়ী।
ডোরক, ব্রতাদ্যর্থ হস্ত বন্ধন সূত্র; রজ্জু,
ডোরডী, বৃহতী বৃক্ষ, ব্যাকুল গাছ।
ডোরা, (ডোর) রেখা, চিহ্ন, দীর্ঘাকৃতি রেখা।
ডোরী (ডোরা) রজ্জু, দড়ী, রশি, গুণ।
ডোল, (কণ্ডাল) ধান্যাদি রক্ষণ পাত্র, নলাদি নির্ম্মিত পাত্র বিশেষ। [বিশেষ।
ডোলী, (ডুল) ডুলী, ক্ষুদ্র শিবিকা, যান-
ডৌল, (দল) প্রকার, রূপ; ধারা; ঢপ; মূর্ত্তি

ঢ

ঢ, ঢকার, ব্যঞ্জনের চতুর্দ্দশবর্ণ, টবর্গের চতুর্থ বর্ণ; ঢক্কা; কুক্কুর; ধ্বনি।
ঢক, (ধক্ক) পরিমাণ বস্ত, বাটখারা।
ঢক, দেশবিশেষ, ঢাকা।
ঢক্কা, (ঢক) বাদ্যবিশেষ, ঢাক, পটহ।
ঢঙ্গ, (ধক্ক) খল, শঠ; ছল, ছল; বেশ।
ঢনা, (ঢু) কৃশ; শুষ্ক; ম্লান।
ঢপ, (ধূপ) মূর্ত্তি; ধারা, প্রকার; চালিচলন; গান বিশেষ। [নিম্ন স্থল।
ঢল, (টল) পর্ব্বতাদি হইতে নির্গত জল;
ঢলন, ম্লান হওন, শুষ্ক হওন; অবসাদ, অবসন্নতা; গড়ান।
ঢলনাবা, (ঢল-নামা) পর্ব্বতের জলাগম।
ঢলান, (ঢল) নিন্দিত কর্ম্ম প্রকাশ করণ, কুকর্ম্ম প্রচার। [আলগা।
ঢলক (ঢল) শিথিল, অদৃঢ়, অশক্ত, ঢিলা,

ঢক্কন, ম্লান বা শুষ্ক হওন ; অস্তগমন ; শিথিল হওন ; গড়াওন।

ঢলঢলিয়া, (ঢলঢল) উজ্জ্বল ; কোমল ; চঞ্চল

ঢলন, (ঢল) মিলনকরণ, ভগ্ন হওন ; গলন ; পতন ; ভাঙ্গিয়া পড়ন।

ঢাক, (ঢক্কা) পটহ ; বৃহদাকার বাদ্যযন্ত্র বিশেষ। [গোপন।

ঢাকন, (ঢাক) আচ্ছাদন, আবৃত করণ,

ঢাকনা, আচ্ছাদন পাত্র আবরণ।

ঢাকনী, আচ্ছাদন পাত্র, আবরণ।

ঢাকা, আচ্ছাদিত আবৃত ; পূর্ব্বাঞ্চলীয় দেশ বিশেষ।

ঢাকাঢোড়া, আবৃত, আচ্ছাদিত।

ঢাকী (ঢাক) ঢক্কাবাদক, ঢাক বাজানিয়া।

ঢাকুনী, আবরণ পাত্র, আবরণ দ্রব্য, আচ্ছাদন, সরপোষ।

ঢাণ্ডা, লোকসমুহ, ঘূর্ণায়মান ; ক্লেশ।

ঢামরা, হংসী, হংসের স্ত্রী। [য়।

ঢাল, (দল) ফলক, চর্ম্ম ; নিম্নস্থান, গড়ানি-

ঢালন, (ঢাল) অধঃক্ষেপণ, নির্গতকরণ।

ঢালী ঢালবিশিষ্ট, চর্ম্মী, ফলকধারী।

ঢালু, নিম্নস্থান, গড়ানিয়া। [মুষ্ট্যাঘাত।

ঢিপন, প্রহার করণ, আঘাত করণ মারণ ;

ঢিপী, (ডিপ) উচ্চস্থান, স্তূব ; রাশি।

ঢিবী, (ডিভ) স্তূব, রাশি ; উচ্চস্থান।

ঢিমা, মৃদু, নম্র, ক্ষীণ, কৃশ।

ঢিল, লোষ্ট্র, ঢিলা, ডেলা।

ঢিলা, (ঠল) শিথিল, দীর্ঘসূত্রী, অশক্ত, অদৃঢ়, আলগা, লোষ্ট্র, ডেলা।

ঢিলান, লোষ্ট্রাদি ক্ষেপণ, ডেলামারণ।

ঢুকন, অন্তঃপ্রবেশন, অন্তর্গত করণ, ঘুষড়ন

ঢুকান, (ঢুক) প্রবেশন, অন্তর্গত করণ, সাধাইয়া দেওন। [ড়ন।

ঢুণ্ঢন, অন্বেষণ, অনুসন্ধান, খোজন, ঢোঁ-

ঢুণ্ঢি, গণেশ, হেরম্ব, গণপতি।

ঢুণ্ঢুভ, (ডুণ্ডুভ) ঢোঁড়া সাপ।

ঢুলন, (ঢুল) নিদ্রায় আকৃষ্ট হওন, ঝিমন

ঢুলান, দোলন, কম্পিত করণ, নড়ান, হেলান, বহন। [আঘাত।

ঢুষ, (ধুষ) মেষাদির মস্তকাঘাত ; মস্তকেঃ

ঢুষণ, শৃঙ্গাদি দ্বারা আঘাত করণ ; মস্তক দ্বারা আঘাত করণ ; মস্তক দ্বারা প্রহার করণ।

ঢুষণা, (ঢুষ) অলস, অকর্ম্মণ্য।

ঢুষণী, (ঢুষ) কার্য্যাক্ষম, অলস, কুড়্যা।

ঢেউ, (ঢোক) তরঙ্গ, বীচি, হিল্লোল।

ঢেঁকী (ধেক) তণ্ডুলাদি কণ্ডনের যন্ত্র, চাউল কাঁড়িবার কারণ বৃহৎ কাষ্ঠময় যন্ত্র

ঢেঁটা ধূর্ত্ত, শঠ, দুষ্ট, খল।

ঢেঁটামি, খলতা শঠতা, ঠেঁটামি।

ঢেঁডা, ঘোষণ, প্রচারণ বাক্যবিশেষ।

ঢেঁড়বা, (দণ্ডঢক্ক) ঢক্কাবাদন পূর্ব্বক ঘোষণা করণ।

ঢেঁডী, (ধৃ) কর্ণালঙ্কার বিশেষ ; বাদ্যবিশেষ।

ঢেঁশা, (দৃশ) আঘাত ; ধাক্কা বিদ্রূপ, দোষসূচক দৃষ্টান্ত। [ঠেলন।

ঢেকান, (ঢেকা) ধাক্কা মারণ, নির্গত করণ ;

ঢেকুর, (উদ্গার) হিক্কা।

ঢেঙ্গা, (দীর্ঘ) লম্বা, আয়ত।

ঢেমন, (দ্বি-মন) জারজ ; ভ্রষ্ট ; দুষ্ট, ধূর্ত্ত।

ঢেমনা, জার, উপপতি ; ভ্রষ্ট, দুষ্ট ; সর্পবিশেষ। [ম্রিকা

ঢেম[illegible] (ঢেমন) ভোগ্যা স্ত্রী, উপপত্নী, না-

ঢের, (ধৃ) বিস্তর, যথেষ্ট, অনেক।

ঢেরা, (ধারা) সূত্র নির্ম্মাণের যন্ত্র, পাট কাটনেরা যন্ত্র বিশেষ ; নিরক্ষরের হস্তখতের চিহ্ন বিশেষ যথা। [কাঁড়ি।

ঢেরি, (ঢের) প্রচুর, যথেষ্ট স্তূপ, রাশি,

ঢোঁড়ন, (ঢুণ্ট) অন্বেষণ, অনুসন্ধান, খুঁজন।

ঢোঁড়া, (ধোরা) সর্পবিশেষ, ডুণ্ডুভসর্প, জলসর্প।

ঢোক, (ঢক) গলাধঃ করণ, গিলন, গলদেশের নীচে নয়ন। [শন।

ঢোকন, (ঢুক) অন্তর্গত করণ, ঢুকান, প্রবে

ঢোল, (ঢুল) বাদ্য যন্ত্র বিশেষ।

ঢোলক, বাদ্য যন্ত্র বিশেষ।

ঢোলন, (ঢোল) নিদ্রায় অবসন্ন হওন, ঝিমন, ঢুলন। [ন ; কাঁপান, নড়ান।

ঢোলান, (ঢুল) দোদুল্যমান, দোলান, ঝুলা-

ঢোলী, ঢোলবাদক, ঢোলবাজানিয়া।

ণ

ণ, ণকার ব্যঞ্জনের পঞ্চদশ বর্ণ, টবর্গের পঞ্চম বর্ণ ; জ্ঞান ; নিশ্চয়।

ত

ত, ব্যঞ্জনের ষোড়শ বর্ণ ; তবর্গের প্রথমাক্ষর ; চৌর ; অমৃত, পুচ্ছ ; ক্রোড়।

তকিত্ত, তল্লিত্ত, অন্বেষণ, তত্ত্ব।
তক্, (তট) পর্য্যন্ত, অবধি সীমা।
তকরার, (যাং) পুনরুক্তি, বাদানুবাদ, হুজ্জৎ
তক্তা, (যাং) কাষ্ঠ ফলক, বিশেষ দীর্ঘ প্রস্থান্বিত কাষ্ঠ খণ্ড। [নাধার।
তক্তি, (যাং) বিশেষ দীর্ঘ প্রস্থবিশিষ্ট, লিখ-
তক্র, (তনচ) চতুর্থাংশ জলযুক্ত দুগ্ধ বিকার বিশেষ, ঘোল। [তবে।
তখন, (তৎ-ক্ষণ) সেইকালে, তৎক্ষণে,
তখনি (তখন-ই) সেই সময়েতেই তৎক্ষণাৎ সেই কালেই।
তখত্ত, সিংহাসন, রাজাসন।
তগর, (তগ) পুষ্পবিশেষ, তগরফুল।
তগীর, (যাং) পরিবর্ত্তন, বদল।
তঙ্কা, (টঙ্ক) রৌপ্যমুদ্রা, টাকা, রূপ্য; ধন।
তঙ্গী, (তক) তত্ত্ব, অনুসন্ধান, অন্বেষণ।
তচ্চিন্তা, (তদ্-চিন্তা) তাহার চিন্তা; সেই ভাবনা।
তচ্ছম, (তদ্-শম) থামান, শান্তি, নিবৃত্তি, উপশম। [করণ।
তচ্ছমকরণ, থামান, শান্তিকরণ, উপশম
তচ্ছায়া, (তদ্-ছায়া) তাহার ছায়া, তত্তুল্য
তচ্ছিদ্র (তদ্-ছিদ্র) তাহার রন্ধ্র; সেই ছিদ্র
তচ্ছিষ্য, (তদ্-শিষ্য) তাহার শিষ্য, সেই শিষ্য।
তচ্ছেষ, (তদ্-শেষ) তাহারঅন্ত, তদন্ত।
তচ্ছ্রবণ, (তদ্-শ্রবণ) তাহা শুনা।
তজ্জ (তদ্-জন)তদুদ্ভবে,তাহা হইতে জাত
তজ্জন্য, (তদ্-জন্য) তন্নিমিত্ত, তজ্জনিত।
তজবীজ(যাং) পরীক্ষা, অনুসন্ধান, বিচার
তঞ্চ, গণত্ত; প্রবঞ্চন, প্রতারণা।
তঞ্চক, (তঞ্চ) প্রবঞ্চক, প্রতারক, ছলনিয়া
তঞ্চকতা, প্রবঞ্চনা ছল কাপট্য।
তট (তড়) কূল, প্রান্তীর, ধার, কিনারা।
তটস্থ, (তট-স্থ) তীরস্থ, অপক্ষপাতী, অপরাক্রান্ত, ব্যস্ত, চমৎকৃত।
তটাক, (তট) তড়াগ, বৃহৎ জলাশয়।
তটিনী, নদী, দেবখাত অকৃত্রিম জলাশয়।
তটী, তীর, তট, নদীকূল, কিনারা।
তড়, (তট) কিনারা।
তড়্তড়, অব্যক্ত শব্দ; বৃষ্টিপতন শব্দ।
তড়পন, (তড়প) আস্ফালন, উল্লম্ফন।
[কূল, তীর।
তড়াক, আঘাত; তটভাগ।

তড়াগ, (তড়) সরোবর; বৃহৎ পুষ্করিণী।
তড়িৎ, (তড়) বিদ্যুৎ, সৌদামিনী।
তড়িত্বান্, মেঘ, জলধর, বারিদ।
তণ্ডক, খঞ্জনপক্ষী; পরিষ্কার, নির্ম্মল।
তণ্ডুল, (তড) চাউল, চালু, নিস্তুষ ধান্য।
তণ্ডুলাম্বু, (তণ্ডুল-অম্বু) তণ্ডুলোদক, চেলুনি জল।
তণ্ডুলা, যবতিক্তা লতা; শশা গাছ। [শাক।
তণ্ডুলীয়, পত্র শাক বিশেষ, চাঁপানটিয়া
তণ্ডুলোষ, বেউড়বংশ, বেউড় বাঁশ।
তত (তন) বিস্তৃত, ব্যাপ্ত; তাবৎ, সে সকল, বীণাদি বাদ্য, এতাবৎ।
ততঃ,(তদ) তাহাহইতে, তদনন্তর,তৎপরে
ততদিন, তাবদ্দিবস, তৎপরিমিত দিন, সেই পর্য্যন্ত।
ততপত্রী, কদলীবৃক্ষ, কলাগাছ।
ততি, তৎপরিমাণ, ততগুলি; বহুল; আবলী, শ্রেণী, সমূহ।
তৎবুদ্ধিস্থবাচক, সেই; তিনি; তাহা।
তৎকরণক, তাহার দ্বার, তাহাতে। [হইতে
তৎকর্ত্তৃক, (তদ-কর্ত্তৃ) তাহা কর্ত্তৃক, তাহা-
তৎকর্ম্ম, (তদ-কর্ম্মন) সে কর্ম্ম, সেই কার্য্য।
তৎকার্য্য, (তদ-কার্য্য) সেই কার্য্য, সেই কর্ম্ম
তৎকাল, বর্ত্তমান কাল, সেইকাল।
তৎকালধী, উপস্থিতবুদ্ধি, উৎপন্নমতি।
তৎকালিক, সেইসময়ের, তদানীন্তন।
তৎকালীন, (তৎকাল) সেই কালীন, সেই সময়ে। [সময়ে জাত।
তৎকালোৎপন্ন, (তৎকাল-উৎপন্ন) সেই-
তৎকৃত, তাহা কর্ত্তৃক রচিত।
তৎক্রমে, সেই ক্রমে; তদনুসারে।
তৎপর, উদ্যুক্ত, অনলস; সুনিপুণ, আসক্ত, তদনন্তর।
তৎপরায়ণ,তদাসক্ত, তদনুরক্ত।
তৎপরে, তদনন্তর, তাহার পরে।
তৎপার্শ্বে, তাহারনিকটে, তাহারপাশে।
তৎপৃষ্ঠে, তাহার উপরে।
তৎপোষণ, তৎপ্রতিপালন।
তৎপ্রকার, সেই প্রকার, তদ্রূপ।
তৎফল, তাহার ফল; বদরীফল, কুল।
তত্তুল্য, (তদ-তুল্য) তাহার মত, সেইরূপ।
তত্ত্ব, (তৎ) মূলকারণ; স্বরূপবোধ, ধর্ম্ম, স্বরূপ, ব্রহ্মভাব, যথার্থ; অনুসন্ধান, উদ্দেশ, অন্বেষণ।

তত্ত্বজ্ঞায়ক, পণ্ডিত, যথার্থ, বিতর্কক, সন্ধান কারক, অন্বেষ্টা। [বিদ্যা।
তত্ত্বজ্ঞান, ব্রহ্মজ্ঞান, পরমার্থজ্ঞান, অধ্যাত্ম-
তত্ত্ববাদী, (তত্ত্ব-বাদিন) যথার্থবক্তা; সত্যবাদী, ব্রহ্মবাদী; অভেদকথক। [গ্রহণ।
তত্ত্ববার্ত্তা, অনুসন্ধান, অন্বেষণ, সমাচার
তত্ত্বানুসন্ধান, (তত্ত্ব-অনুসন্ধান) যথার্থ অন্বেষণ, বিশেষ বৃত্তান্ত সন্ধান।
তত্ত্বাবধারক, (তত্ত্ব-অবধারক) রক্ষণাবেক্ষণ কর্ত্তা, অভিভাবক।
তত্ত্বাবধারণ (তত্ত্ব-অবধারণ) যথার্থ্য নিশ্চয়, রক্ষণাবেক্ষণ; দেখাশুনা; অধ্যক্ষতা।
তত্র, তথায়, যে স্থানে, সেখানে।
তত্রত্য, (তত্র) তৎস্থানীয়, সেখানকার।
তত্রভবতী, আর্য্যা, মান্যা, পূজ্যা।
তত্রভবান্, পূজ্য, মান্য, শ্লাঘ্য।
তত্রাপি, অন্যথা সূচক শব্দ; তাহা হইলেও, সেখানেও।
তৎক্ষণ সেই সময়, তখন।
তৎক্ষণাৎ, তখনই, অবিলম্বে।
তৎক্ষণে, (তৎক্ষণ) সেইকালে, তদ্দণ্ডে।
তথা, তদ্রূপ, সেই প্রকার, তেমনি, পূর্ব্ববৎ; অপর, আর।
তথাচ, তথাপি, তত্রাপি, তবু।
তথাত্ব, তাদৃগ্ভাব, তৎপ্রকারতা।
তথাপি, (তথা-অপি) তবু, তত্রাপি, তথাচ
তথায়, (তথা) সেইস্থানে, সেখানে।
তথাস্তু, তেমনি হউক, তাহাই হউক।
তথৈব, (তথা-ইব) তেমনি, সেই প্রকার; যৎসামান্য বোধক, যেমন তেমন।
তথ্য, (তথা) নিশ্চয়; যাথার্থ্য, তত্ত্ব।
তথ্যকরণ, (তদ্-অকরণ) তাহা না করা।
তথ্যানুসন্ধান (তথ্য-অনুসন্ধান) তত্ত্ব অন্বেষণ; বৃত্তান্ত সন্ধান।
তদংশ, (তদ-অংশ) সেই অংশ; তাহার অংশ। [হার পশ্চাৎগমনকারী।
তদনুগ, (তদ-অনুগ) তৎপশ্চাদ্গামী, তা-
তদনুগত, (তদ-অনুগত) তাহার অনুগত।
তদনুযায়ী, তদনুরূপ, সেই মত। [তত্তুল্য।
তদনুরূপ, সেইরূপ সেই প্রকার; তাদৃশ,
তদনুসারে, সেইমতে, তদনুরূপে।
তদন্ত, (তদ-অন্ত) শেষ, সীমা, নির্য্যাস, অনুসন্ধান, তত্ত্ব।
তদন্তর, তাহার মধ্য, তদভ্যন্তর।
তদন্তঃপাতী, তন্মধ্যবর্ত্তী, তাহার অভ্যন্তরে পতিত। [এক; তন্মধ্য।
তদন্তর, (তদ-অন্তর) তদ্ভিন্ন, তাহা ব্যতি-
তদন্ন, (তদ্-অন্ন) সেই অন্ন, তাহার অন্ন।
তদবধি, (তদ-অবধি) সেই অবধি, তখন হইতে।
তদবস্থ, (তদ-অবস্থা) সেই প্রকার, এক দশাপন্ন। [তন্মধ্য
তদভ্যন্তর, (তদ-অভ্যন্তর) তাহার মধ্য
তদভ্যাস, সেই সংস্কার।
তদভ্যাসী, সেই সংস্কারাপন্ন।
তদা, (তদ) সেই কাল, তৎসময়।
তদাদি, (তদ-আদি) সেই অবধি, তৎপ্রভৃতি
তদাদিতদন্ত, আদ্যোপান্ত, পূর্ব্বাপর।
তদানীং, সেইসময়, তখন, সেইকালে।
তদানীন্তন, তৎকালের সেই, সময়ের।
তদামুখ, আরম্ভ, উদ্যোগ।
তদারম্ভ, (তদ-আরম্ভ) তাহার প্রারম্ভ, উপক্রম। [উত্তর; তাহার পশ্চাৎ।
তদুত্তর, (তদ-উত্তর) সেই উত্তর, তাহার
তদুপরি তাহার উপরে।
তদেব, (তৎ-এব) অনন্য, সেই, তাহাই।
তদ্দণ্ডে, (তদ-দণ্ড) তৎক্ষণাৎ, অবিলম্বে।
তদ্দিন, (তৎ-দিন) সেইদিন; দিনমধ্য।
তদ্ধন, (তদ-ধন) কৃপণ, ব্যয়কুণ্ঠ; তন্মাত্র ধন
তদ্ধজীবন, তাহাই প্রাণতুল্য। [শেষ।
তদ্ধিত (তদ-হিত) ব্যাকরণের প্রকরণ বি-
তদ্বংশ, (তদ-বংশ) সেই বংশ, তাহার কুল
তদ্বৎ, (তদ) সেইরূপ, তৎসদৃশ, তাহার সমান; তত্তুল্য। [কুল জাত।
তদ্বংশীয়, (তদ-বংশ) সেইবংশের, তাহার
তদ্বৎ, (তদ) সেইরূপ, তৎসদৃশ তাহার সমান; তত্তুল্য।
তদ্রূপ, (তদ-রূপ) সেইরূপ, সেই প্রকার।
তধী, (তদ-হী) সেইক্ষণে, তদা, তৎক্ষণাৎ।
তধখা ঘেঁতন; মাহিক।
তনয়, (তন) সন্তান, আত্মজ, সুত।
তনয়া, পুত্রী, কন্যা, সুতা, দুহিতা।
তনিষ্ঠ, (তনু) ক্ষীণ, অতিসূক্ষ্ম, অল্পতা। সঙ্কীর্ণতা, সঙ্কোচ।
তনীয়ান, সূক্ষ্মতর; অল্প, ক্ষুদ্র। [ক্ষীণ।
তনু, (তন) শরীর, দেহ; অল্প; সূক্ষ্ম, সরু,
তনুকূপ, লোমকূপ, রোম ছিদ্র।
তনুজ, (তনু-জন) শরীরজাত; পুত্র, আত্মজ

তনুজা, কন্যা, পুত্রী, তনয়া।
তনুত্র, কবচ, বর্ম্ম, সাঁজোয়া।
তনুভস্ত্রা, নাসিকা, নাসা, নাক।
তনুরস, স্বেদ, ঘর্ম্ম।
তনুরুহ, লোম, রোম; পক্ষির পালখ।
তনুল, বিস্তৃত, প্রসারিত।
তনুসঞ্চারিণী, বালিকা স্ত্রী, বালা বধূ।
তনূক্ষীর, আম্রাতক, আমড়া।
তনূ, (তন) শরীর, দেহ।
তনূকূপ, লোমকূপ, রোমচ্ছিদ্র।
তনূজ, (তনূ-জন) সন্তান, পুত্র, তনয়।
তনূজা, সন্ততি, পুত্রী, কন্যা।
তনুত্রাণ, শরীর রক্ষক, বর্ম্ম, সাঁজোয়া।
তনূনপ; ঘৃত, হবিঃ, আজ্য।
তনূনপাৎ, অগ্নি, বহ্নি, অনল।
তনূরুহ, লোম, রোম।
তন্তু, (তন) রজ্জু, সূত্র, সূতা, তন্ত্র, তাঁত।
তন্তুকাষ্ঠ, তুলী, তাঁতের কাঠ
তন্তুকী, নাড়ী, শিরা, ধমনী।
তন্তুকীট, কোষকারকৃমি, গুটিপোকা।
তন্তুন, জলজন্তুবিশেষ, গ্রহ, হাঙ্গর।
তন্তুনির্য্যাস, তাল, তালফল।
তন্তুপর্ব্ব, শ্রাবণী পূর্ণিমা।
তন্তুবাপ, (তন্তু-বপ) তন্ত্রবায়, তাঁতি।
তন্তুবায়, (তন্তু-বে) জাতিবিশেষ, তাঁতি, মর্কটককীট, লূতা, মাকড়সা।
তন্তুবিগ্রহা, কদলী রম্ভা, কলা।
তন্তুর, (তন) মৃণাল, পদ্মের ডাঁটা।
তন্তুশালা, তন্তু-বপন গৃহ, তাঁত ঘর।
তন্তুসন্তত, সূত্রবিস্তৃত; সেলাই করাকাপড়।
তন্তুসার, গুবাক ফল; সূত্রমাত্রাবশেষ; অতিক্ষীণ, অতিসরু।
তন্ত্র, বস্ত্রনির্ম্মাণার্থ যন্ত্রবিশেষ, তাঁত; শিবোক্ত গ্রন্থবিশেষ; চিকিৎসকেরদের মন্ত্র।
তন্ত্রক, নূতন বসন, নব বস্ত্র।
তন্ত্রতা, (তন্ত্র) পক্ষপাত, গণতা, অঙ্গাঙ্গি; অনেক ক্রিয়ার সংক্ষেপে একত্র অনুষ্ঠান
তন্ত্রবায়, (তন্ত্র-বে) তন্তুবায়, তাঁতি।
তন্দ্রা, (তন্দ্র) ঈষৎনিদ্রা, ঝিমন, আলস্য।
তন্দ্রালু, (তন্দ্রা) ক্লান্ত; নিদ্রাতুর; আলসিয়া
তন্দ্রি, নিদ্রা, ঘুম; আলস্য।
তন্ত্রী, বীণা, বাদ্য যন্ত্রবিশেষ, তন্ত্র শাস্ত্র বেত্তা; তাঁত; বীণাদি বাদ্যযন্ত্রের গুণ; নিদ্রা; ঝিমন।

তন্দ্র, (তন্দ্র) ঈষৎ নিদ্রা, ঝিমেন, আলস্য।
তন্দ্রালু, (তন্দ্রা) ক্লান্ত; নিদ্রাতুর।
তন্ন, (তদ-ন) তাহা নয়, সে নয়।
তন্নং, তাহা নয় তাহা নয়; খণ্ড খণ্ড।
তন্নাম, (তদ-নাম) সেই নাম, তাহার সংজ্ঞা।
তন্নিমিত্ত, (তদ-নিমিত্ত) তদর্থ, তদ্ধেতু, তজ্জন্য, সেই জন।
তন্নিষ্ঠ, (তদ-নিষ্ঠ) তদ্রূপ, তদ্বর্ত্তী।
তন্মধ্যে, (তন্মধ্য) তাহার মধ্যে, তাহাতে।
তন্মাত্র, (তৎ-মাত্র) তাহাই কেবল, সেইমাত্র
তন্বী, (তনু) ক্ষীণা; কৃশাঙ্গী; সুন্দরী।
তপ, গ্রীষ্ম, গর্ম্মিকাল, গুমট কাল।
তপঃ, (তপস) তপস্যা, ব্রত, নিয়ম।
তপঃকর, মৎস্যবিশেষ, তপস্যামাছ।
তপঃক্লেশ, তপস্যার কষ্ট।
তপঃক্লেশসহ, শান্ত, সহিষ্ণু।
তপন, (তপ) সূর্য্য; গ্রীষ্ম, দাহ; নরক বিশেষ।
তপনতনয়া, শমীবৃক্ষ; যমুনা।
তপনমণি, সূর্য্যকান্তমণি।
তপনাত্মজা, গোদাবরী নদী; যমুনা।
তপনীয়, উত্তাপনীয়; স্বর্ণ, কাঞ্চন।
তপনেষ্ট, ধাতু বিশেষ, তাম্র, তাঁবা।
তপম, নিশাকর, চন্দ্র; পক্ষী।
তপস্, (তপ) তপঃ, উপবাসাদি, চন্দ্রায়ণাদি ব্রত; পুণ্য, ধর্ম্ম কর্ম্ম।
তপস্তক্ষ, ইন্দ্র, দেবরাজ।
তপস্বিনী, (তপস)তপস্যাকারিণী, ব্রতনিষ্ঠা
তপস্বী, (তপস) তপস্যাকারী, ঋষি, মুনি।
তপস্য,কুন্দপুষ্প; ফাগুন মাস; মধ্যম পাণ্ডব, অর্জ্জুন।
তপস্যা, (তপস) পুণ্যোদ্দেশে ক্লেশজনক কর্ম্ম, ঈশ্বরারাধনা, ব্রতধারণ, ব্রতানুষ্ঠান।
তপস্যাগত, ঈশ্বরারাধনায় প্রবিষ্ট, তপস্যান্বিত।
তপস্যামৎস্য, একপ্রকার মীন, মৎস্য বিশেষ, তপসেমাছ।
তপাঃ, (তপ) মাঘমাস; শিশির কাল; গ্রীষ্ম কাল।
তপাতায়, বর্ষাকাল, প্রাবৃট কাল।
তপাস, অন্বেষণ, অনুসন্ধান।
তপিত, (তপ) তপ্ত, উষ্ণ, উত্তাপান্বিত।
তপু, অগ্নি, অনল; সূর্য্য, দিবাকর।
তপু, (তৎ-পূর্ব্ব) তাহার পূর্ব্ব।
তপোধন, (তপস-ধন) তপস্বী, মুনি, ঋষি।
তপ্ত, (তপ) উষ্ণ, সন্তাপযুক্ত; খেদান্বিত।

তপ্তকুম্ভ, নরক বিশেষ।
তপ্তকৃচ্ছ্র, ব্রতবিশেষ, প্রায়শ্চিত্ত বিশেষ।
তপ্তবালুক, নরকবিশেষ।
তপ্তরূপক, রৌপ্য, রজত, রূপা।
তপ্তসুরাকুণ্ড, নরক বিশেষ।
তফাৎ, (যাং) প্রভেদ, পৃথক; দূর।
তব (ত্বং) তোমার।
তবলা, (তবল) বাদ্যযন্ত্রবিশেষ।
তবিষ, স্বর্গ, সুরপুরী; সমুদ্র, সাগর।
তবিষী, নদী; ইন্দ্রকন্যা, শক্তি।
তবীষ, স্বর্গ, সমুদ্র; স্বর্ণ।
তবীষী, ইন্দ্রকন্যা।
তবু, (তবে-ও) তথাপি, তদ্রূপ হইলেও।
তবে (তদা) সেই জন্যে, তদা, পরে।
তম, (তম) অন্ধকার; তমোগুণ অহঙ্কার; তমালবৃক্ষ; বিশেষণ শব্দের পরে অনেকের মধ্যে একের উৎকর্ষার্থক।
তমঃ, প্রকৃতির গুণবিশেষ, তমোগুণ; অন্ধকার, শোক, পাপ, অহঙ্কার।
তমক, তৃষিত, পিপাসিত; ব্যক্তি।
তমপ্রভ, নরক বিশেষ।
তমস, কূপ, কুয়া, অন্ধকার।
তমসুক, (যাং) কর্জপত্র, খত।
তমস্তি, অন্ধকার সমূহ, ঘোর অন্ধকার।
তমস্বিনী, রাত্রি, রজনী, নিশা; হরিদ্রা।
তমা, (তম) রাত্রি, রজনী, তমালবৃক্ষ।
তমাক, (যাং) তমাকু, তাম্রকূট, কলঙ্ক, ধূমপান যোগ্য পত্র বিশেষ।
তমাম, (যাং) সকল, সমুদয়, সম্পূর্ণ।
তমাল, (তম) বৃক্ষবিশেষ, বাঁশের ছাল, তিলক; খড়্গ।
তমালক, তেজপাত, তমালবৃক্ষ।
তমি, রাত্রি, নিশা, বিভাবরী।
তমিস্র, তিমির, অন্ধকার, ক্রোধ।
তমিস্রা, অন্ধকারময় রাত্রি, তামসী, নিশা, কৃষ্ণপক্ষীয় রজনী।
তমিস্রাপক্ষ, কৃষ্ণপক্ষ, অসিত পক্ষ।
তমী, রাত্রি, নিশা, রজনী; হরিদ্রা।
তমোগুণ, (তমস-গুণ) মোহ ক্রোধাদির কারণ গুণ।
তমোগুণী, অহঙ্কারান্বিত, সদর্প।
তমোঘ্ন, (তমস-হন) অগ্নি, সূর্য্য; চন্দ্র বিষ্ণু, কেশব; শম্ভু। পোকা।
তমোজ্যোতিঃ, জ্যোতিরিঙ্গণ জোনাকি
তমোনুৎ, (তমস-নুদ) অগ্নি; সূর্য্য; চন্দ্র; দীপ।
তমোনুদ সূর্য্য, রবি, দিনকর।
তমোপহ, (তমস-অপহ) অন্ধকার নাশক, চন্দ্র; অগ্নি; দীপ; বুদ্ধি।
তমোবিকার, রোগ, পীড়া।
তমোমণি, খদ্যোত, জ্যোতিরিঙ্গণ, জোনাকি পোকা।
তমোলিপ্তী, দেশবিশেষ, তমোলুক।
তমোহর, (তমস-হৃ) চন্দ্র, নিশাকর; সূর্য্য।
তম্পা, গো, গোরু।
তম্বু, (অম্বর) বস্ত্রগৃহ, শিবির, কানাৎ, তাম্বু
তম্বুর (তুম্বী) বাদ্যযন্ত্র বিশেষ, তানপুরা, ত্রিগুণ যুক্ত বীণা।
তয়ফা, (যাং) নর্ত্তকীর সম্প্রদা।
তর, (তৃ) তরণ, পারহওন; অগ্নি; বৃক্ষ বিশেষণ শব্দের পরে প্রযুক্ত হইলে দুই-য়ের মধ্যে একের উৎকর্ষ বুঝায়।
তরকারী, (তৃপ্তিকারী) ব্যঞ্জনের যোগ্য ফল মূলাদি, আনাজ।
তরঙ্গ (তৃ) লহরী, ঊর্ম্মি, বীচি, ঢেউ।
তরঙ্গিণী, (তরঙ্গ) নদী, ধুনী।
তরজা, (তৃ) চবকের সময়ে শিবের গান।
তরণ (তৃ) উত্তরণ; পার গমন, সন্তরণ; ভেলা, সুরপুর, স্বর্গ।
তরণি, (তৃ) তরি, নৌকা; ভেলা; সূর্য্য, কিরণ, আকন্দ বৃক্ষ। কেঠো।
তরণিপেটক, কাষ্ঠাম্বুবাহিনী, জলতোলা
তরণিরত্ন, মাণিক্য, মণি সূর্য্যকান্তমণি।
তরণিসুত, যম; শনি, কর্ণ।
তরণিসুতা, যমুনা, কালিন্দী নদী।
তরণী, (তৃ) নৌকা তরি; ঘৃতকুমারী।
তরণ্ড, দেশ বিশেষ, বিড়শীর সূত্রবন্ধন কাষ্ঠাদি, ফাতনা; নৌকা।
তরণ্ডপাদা, নৌকা, তরণী; ভেলা।
তরন্ত, নৌ, তরি, তরণী।
তরন্তী, নৌকা, তরণী, তরী।
তরপণ্য, পার হইবার মূল্য, পারাণি কড়ী।
তরফ, (যাং) পার্শ্ব, দিগ, ধার, পক্ষ।
তরবার, (তরবারি) তলোয়ার, অসি, খড়্গ, করবাল।
তরবারি, করবাল, তলোয়ার; খড়্গ, খাঁড়া, অসি, তরবার।
তরবুজ, (যাং) তরমুজ ফল।
তরমুজ, (যাং) ফলবিশেষ, তরমুজ ফল।

তরল, (তৃ) চঞ্চল ; দ্রবীভূত, পাতলা ; হারের মধ্যস্থ মণি ; দীপ্তিযুক্ত ; উপপতি
তরলতা, পাতলাপনা, চঞ্চলতা।
তরললোচনা, চঞ্চলনয়না নারী।
তরলা, যবাগূ, যাউ ; সুরা ; মদিরা, মধুমক্ষিকা, মৌমাছি। [দ্রোলিত, দ্রবীভূত।
তরলিত (তরল) চাঞ্চল্যান্বিত, চলিত, আ-
তরশ্ব, (ত্রি-শ্বস) উত্তরশ্ব, গত পরশ্বের পূর্ব্বদিন ; আগামি পরশ্বের পর দিন।
তরস্, মাংস, পল।
তরস, (তৃ) বেগ, শীঘ্রগতি, বল।
তরস্থ, (তরস) ব্যস্ত ; চঞ্চল ; দ্রুতগামী।
তরস্থান, ঘট্ট, ঘাট।
তরস্বান্, মহাবলবন্ত ; বেগান্বিত।
তরস্বিতা, বেগবত্তা, বেগ, বল।
তরস্বী, (তরস্বিন) বেগযুক্ত ; বলবান, সমর্থ
তরক্ষু, ব্যাঘ্রবিশেষ, নেকড়িয়া বাঘ।
তরাজু, (যাং) দাঁড়ি, পাল্লা, নিক্তি।
তরাণ, (তৃ) উদ্ধরণ, বাঁচান, পারকরণ।
তরাণ্ডু, নৌকাবিশেষ, ভড়, হোড়।
তরাস-ত্রাস, (ত্রৈ) শঙ্কা, ভয়।
তরি, (তৃ) নৌকা, তরী, তরণী।
তরিকা, নৌকা, তরণী, তরী।
তরিতা, গঞ্জন, গাঁজর ; অহিফেন, তাড়ি।
তরিবৎ (যাং) শিক্ষা, উপদেশ প্রতিপালন
তরী, (তৃ) নৌকা ; দ্রোণী, ডোঙ্গা ; গদা।
তরীষ, উড়ুপ, ভেলা, সাগর, সমুদ্র ; সমর্থ, স্বর্গ, ব্যবসায়।
তরীষী, বৃক্ষ, দ্রুম, গাছ।
তরু, (তৃ) বৃক্ষ, দ্রুম, গাছ।
তরুই, (কোশাতকী) ফলবিশেষ, তরই।
তরুজীবন, বৃক্ষমূল, গাছের শিকড়।
তরুণ, (তৃ) নবীন, নূতন, যুবা।
তরুণজ্বর সপ্তাহাবধি জ্বর, নবজ্বর।
তরুণদধি, সদ্যোজাত দধি, পঞ্চদিনাতীত দধি পাঁচদিনের বাসি দধি।
তরুণী, (তরুণ) যুবতী ষোড়শবর্ষীয়া স্ত্রী।
তরুতূলিকা, বাতুলপাখী, বাদুড়।
তরুনখ, কণ্টক, কাঁটা।
তরুমূল গাছের গোড়া বা শিকড়।
তরুমৃগ, বানর, শাখামৃগ, মর্কট [কচিপাতা
তরুরাগ, মুকুলপল্লব, কিশলয়, নবীন পত্র,
তরুরাজ, তালবৃক্ষ, তালগাছ
তরুশায়ী, পক্ষী বিহঙ্গম।
তরুসার, কর্পূর, সুগন্ধি দ্রব্যবিশেষ।
　; উৎপলকন্দ, হেলা নামক পুষ্পের গেঁড়ো, শুঁড়ী।
তরে (তৃ) জন্যে, নিমিত্তে।
তর্ক, বিতর্ক, ঊহ ; বুদ্ধিদ্বারা বিবেচনা ; ন্যায়শাস্ত্র ; আকাঙ্ক্ষা।
তর্কক, (তর্ক) যাচক ; আকাঙ্ক্ষী, তর্ককারক
তর্কবিদ্যা, ন্যায়বিদ্যা, আন্বীক্ষিকী।
তর্কশাস্ত্র, দর্শনশাস্ত্রবিশেষ, ন্যায়শাস্ত্র।
তর্কারী, বৃক্ষবিশেষ, জয়ন্তী বৃক্ষ।
তর্কিত, বিবেচিত ; আলোচিত, শঙ্কিত।
তর্কী (তর্ক) তর্ককারক, নৈয়ায়িক, ন্যায়বেত্তা ; বিবেচক
তর্কু, সূত্রনির্ম্মাণ যন্ত্র, টেকো।
তর্কুট, সূত্র কর্ত্তন, কাটনা কাটা।
তর্কুটি, টেকো, সূত্রনির্ম্মাণ যন্ত্র।
তর্কুপিণ্ড, তর্কুস্থিত মৃত্তিকা পিণ্ড, টেকোর বাঁটুল।
তর্কুশাণ, টেকোর শাণ।
তর্জ্জন, (তর্জ্জ) ভর্ৎসন ; তাড়ন ; গর্জ্জন, ক্রোধে ঝঙ্কার শব্দ করণ।
তর্জ্জনী, (তর্জ্জ) অঙ্গুষ্ঠের সমীপাঙ্গুলী।
তর্জ্জিত, ভর্ৎসিত, তাড়িত
তর্ণ, বৎস, বাছুর, শাবক ; শিশু।
তর্ণক, নবীন বৎস, সদ্যোজাত বৎস, কোমলে বাছুর।
তর্ণি, সূর্য্য, রবি, ভানু।
তর্তরিয়া, (তর) চঞ্চল, অস্থির, অধীর।
তর্ত্তরীক, নৌকা, পারগ, পারগামী।
তর্দ্দু, দারুহস্ত, কাঠের হাতা।
তর্পণ, (তৃপ) তোষণ, প্রীণন ; জলাঞ্জলি, পুত্রাদিকর্ত্তৃক পিতৃউদ্দেশে জলদান।
তর্পণেচ্ছু, (তর্পণ-ইচ্ছু) তর্পণাকাঙ্ক্ষী, ভীষ্ম, শান্তনব।
তর্ষট, বৎসর, বর্ষ, হায়ন।
তর্ষরা, (তীব্র) তীক্ষ্ণস্বর, উচ্চস্বর, জিল।
তর্ষ, অভিলাষ ; তৃষ্ণা ; সমুদ্র ; তরণী।
তর্ষণ, তৃষা, পিপাসা ; তৃষ্ণা।
তর্ষিত, তৃষিত, পিপাসিত, তৃষ্ণান্বিত।
তর্সা, (অন্তর) ফাঁক ; দূরে ; অন্তরে।
তর্ক্ষু, তরক্ষু, নেকড়িয়া বাঘ, হেঁড়িয়া।
তল, অধোভাগ, নিম্ন, তলা, নীচ ; গর্ত্ত, কানন, তালবৃক্ষ ; মূল ; গোড়া, চপেট, হস্ততল, থাবড়া।

তলক, (তল) পুষ্করিণী, দীর্ঘিকা, তালাও
তলপেট, নাভির অধোভাগ, উদরের নিম্ন দেশ।
তলপ্রহার, চপেট, চাপড়; চপেটাঘাত।
তলফোড়, (তল-স্ফোট) উলুই, জলাকর।
তলব, (যাং) আহ্বানপত্র; বেতন।
তলবার, (তরবারি) করবাল; খড়্গ, অসি
তলসার, ঘোটকের ভোজনপাত্র; ঘোড়ার বক্ষঃস্থলবন্ধনের দড়ী।
তলস্পর্শ, অগভীর; চটান।
তলহৃদয়, পদতলের মধ্যস্থল, পায়ের-চেটো। [গোসাপ।
তলা, (তল) অধোভাগ, নিম্নস্থল; গোধা,
তলাগুচি, (তল-গুচি) সাহায্য, উপকার, আনুকূল্য, সপক্ষতা। [মাদুর।
তলাচী, (তল-চি) তলনির্ম্মিত কট, নলের
তলাতল, (তল) রসাতল; পাতাল বিশেষ
তলান, (তলা) তলস্পর্শ করণ; নিমজ্জন; ডুবন, বুড়ন।
তলাব, (তল) তালাও, পুষ্করিণী, সরোবর;
তলাবাঁধা, গোড়াবাঁধন; আলবাল, গাছের মুলে জল দিবার নিমিত্ত বাঁধাল স্থল।
তলায়, (তলা) নিম্নে, নীচে, তলে।
তলাস, (যাং) অনুসন্ধান, অন্বেষণ।
তলিত, ভৃষ্ট মাংস; দগ্ধ মাংস।
তলিন, শয্যা; বিরল; দুর্ব্বল; অল্প; নির্ম্মল
তলিম, কুট্টিম, সৌধময় গৃহ; শয্যা; বিতান, চাঁদোয়া।
তলী, (তল) অধঃস্থ, নিম্নস্থ।
তলুন, বায়ু, পবন; যুবা, তরুণ।
তলুনী, তরুণী, যুবতী। [তৌলো।
তলু।, (স্থালী) বৃহৎ স্থালী; বড়হাঁড়ি,
তলে, (তল) অধতে, নীচে, নিম্নে।
তলেক্ষণ, শূকর, বরাহ।
তলোদরী, ভার্য্যা, স্ত্রী।
তলোদা, নদী; জলাশয়।
তলোবার, (তরবারি) করবাল, অসি।
তল্ক অরণ্য, বন, বিপিন, কানন।
তল্প, শয্যা; অট্টালিকা; স্ত্রী, দার।
তল্পকীট, কীটবিশেষ, ছারপোকা
তল্পন, (তল্প) হাতির পৃষ্ঠদেশ।
তল্পী, (তল্প) মোট, গাঁটরি, পুলিন্দা, বস্তা
তল্ল, বিল, গর্ত্ত; জলাধার বিশেষ, পুষ্করিণী, তালাও।

তল্লজ, প্রশস্ত, উৎকৃষ্ট, উত্তম। [লেখা।
তল্লিপি, (তদ-লিপি) সেই লিপি, সেই
তল্লী, তরুণী, যুবতী।
তল্লশোষ, তলঘুষি; উলুই, জলাকর।
তশলা, (তৎ-শলা) হর্ডুকা; বহুগুণা।
তষ্টা, সূত্রধর, ছুতার, বিশ্বকর্ম্মা; আদিত্য বিশেষ। [কঠিনতা।
তষ্টি, (তৎ-স্থা) আগ্রহাতিশয়; ঠেটামি;
তষ্টিয়া, (তষ্টি) ঢেঁটা; কঠিন; আগ্রহকারী
তসর, (ত্রসর) পট্টবস্ত্র বিশেষ; সূত্রবেষ্টন, সূতায় ঘেরা। [ত্রপা; রাজস্ব আদায়।
তসিল, (তস) টেকাইতাদির সেজ; ব-
তস্কর, (তৎ-কৃ) চৌর, অপহর্ত্তা, পরদ্রব্যাপহারী। [চৌর্য্য, অপহার।
তস্করী, কোপনা নারী, ক্রোধযুক্তা স্ত্রী;
তস্য, (তদ) তাহার, তৎসম্বন্ধীয়। [কল্প।
তহমৎ (যাং) নালিশ, অপবাদ, মিথ্যা দোষ
তক্ষক, (তক্ষ) অষ্টনাগমধ্যে নাগবিশেষ, সূত্রধর, ছুতার; বিশ্বকর্ম্মা। [ক্ষণ।
তক্ষণ, পরিষ্কার করণ, চাঁচন, পাতলাক-
তক্ষণি, (তদ-ক্ষণ) তৎক্ষণাৎ, সেই সময়ে
তক্ষশিলা, দেশবিশেষ।
তক্ষা (তক্ষ) সূত্রধর, ছুতার; বিশ্বকর্ম্মা।
তা, (তপ) ডিম্ব হইতে বাচ্ছা তোলা; অণ্ডের উপরি বসিয়া উষ্ণতা করণ; একখানি কাগজ।
তাই, (তদ-ই) ক ; সেই, তজ্জন্য।
তাউত,অশ্রুবা; প্রতীকার, চেষ্টা, চিকিৎসা
তাও, (তাপ) কোপ; কাপড়ের ভাঁজ।
তাওন, (তা) উত্তাপন, উদ্দীপ্ত করণ; কোপান, রাগান।
তাওআন; উত্তাপন, উদ্দীপ্ত করণ।
তাওয়া, (তা) পাত্রবিশেষ; বহুগুণা; ভস্ত্রা, স্বর্ণকারাদির জাঁতা।
তাঁইত, (তন্ত্রী) চর্ম্মরজ্জু, চর্ম্মবন্ধনী।
তাঁইস, (যাং) উত্তেজনা করণ; বিরক্তকরণ
তাঁত, (তন্ত্র) বস্ত্র বপন যন্ত্র, কাপড় বুনানের কল। বীণাদির তন্ত্রী।
তাঁতি, (তন্ত্র) জাতিবিশেষ, তন্তুবায়, বস্ত্রনির্ম্মাতা। [ধাতু।
তাঁবা, (তাম্র) ধাতুবিশেষ, তামা, রক্তবর্ণ
তাক, (তর্ক) লক্ষ্য; দৃষ্টিপাত, অবলোকন।
তাকন, অবলোকন, দর্শন; সন্ধানকরণ
তাকান, অবলোকন, দর্শন, লক্ষ্যকরণ।

তাক্, (যাং) মঞ্চ, মাচা, ভারা।
তাগা, (তর্ক) হস্ত বন্ধন সূত্রবিশেষ।
তাচ্ছল্য, (তচ্ছল) হেলা, অবজ্ঞা, অশ্রদ্ধা।
তাজগী, (তেজগ) নবীনতা, সরসভাব।
তাজা, [illegible] নবীন, রসাল; জীবৎ।
তাজী (তেজস) ক্ষুদ্রঅশ্ববিশেষ; জাতি-
[illegible]।
তাটঙ্ক (তঙ্ক) কাণতড়কা, অলঙ্কার বিশেষ।
[illegible] উদাসীনতা; তাচ্ছল্য, নিকট-
[illegible], নৈকট্য। [আটি।
[illegible] তড়্) হস্তালঙ্কারবিশেষ; মুষ্টি, মুট।
তাড়কা, রাক্ষসী বিশেষ।
তাড়ঙ্ক, (তড়্) কর্ণভূষণ, কাণতড়ক, কর্ণা-
লঙ্কার বিশেষ।
তাড়ন, (তড়্) প্রহার করণ, আঘাত করণ,
[illegible], ভর্ৎসন; ধমকান, খেদান। [বুক।
তাড়না, অশ্বতাড়ন যষ্টি, কশা, ঘোড়ার চা-
তাড়পত্র কর্ণ ভূষণ, কাণতড়্কা, কর্ণালঙ্কার
বিশেষ। [জ্বালা।
তাড়স, (তড়) স্ফোটকাদির বেদনা, ব্যথা,
তাড়স্থ, জ্বলনী, পীড়া; [illegible]।
তাড়া, (তড়) অনুযোগ, নিগ্রহ; ভয় প্রদ-
র্শন; ধমক; রাশি, বাণ্ডিল বাধা।
তাড়ান, দূরীকরণ, অপসারণ, খেদান।
তাড়ি, (তা) বৃক্ষ বিশেষ, তাড়িয়াত গাছ,
মাদকদ্রব্য বিশেষ [illegible]রস।
[illegible], মদিরা বিশে[illegible] বিশেষ, তাড়ি-
য়া[illegible] গাছ।
[illegible] দ্দ) কাষ্ঠনির্ম্মিত হাতা, উখড়ি।
[illegible] পীড়্যমান; দূরীভূত; আহত
[illegible] পটহাদি।
[illegible]) নৃত্য, নটন, নাচ [illegible] বিশেষ।
[illegible], নন্দী, শিবের দ্বারী শিবদূত
তাণ্ডবপ্রিয় [illegible], মহাদেব।
[illegible]
[illegible] মাল্য,
[illegible]
[illegible]
[illegible]
[illegible]
তাত[illegible], উষ্ণরস, [illegible]
তাতান, ([illegible]) [illegible]রণ, উষ্ণ করণ।
তাতাল [illegible] পাক [illegible]
তাতালিয়া [illegible] খিট-

আত্তি, পুত্র, সুত, আত্মজ।
তাৎ (তপ) তাপ, উত্তাপ, তাপ।
তাৎকালিক, (তৎকাল) তৎকালে, তৎসময়,
তৎকালীন।
তাৎপর্য্য, (তৎপরি) অভিপ্রায়; অর্থ; মর্ম্ম
তাদবস্থ্য, (তদবস্থ) তদ্রূপত্ব, সেই প্রকা-
রে স্থিতি, সেই ভাব। [ক্রম।
তাদর্থ, (তদর্থ) সমানাভিপ্রায়, তৎপ্রয়ো-
তাদাত্ম্য, (তদাত্ম) তৎস্বরূপ; অভেদ সম্বন্ধ
তাদৃক্, (তদ-দৃশ) তাদৃশ, সেই প্রকার,
তদ্রূপ।
তাদৃশ (তদ-দৃশ) তদ্রূপ, সেই প্রকার।
তাদৃশী, তদ্রূপ, সেই প্রকার; তেমন
তাদৃক্ষ, তেমন সেই প্রকার, তদ্রূপ।
তান, (তন) বিস্তার; জ্ঞানবিশেষ, গানাঙ্গ-
বিশেষ, রাগ, স্বর।
তানপুরা, বীণাকার বাদ্যযন্ত্রবিশেষ।
তানব, (তনু) তনুতা, ক্ষীণতা, কৃশতা।
তানা, (তন) টানাসূত্র, বুনাটের তন্ত্র।
তান্দুর, জলের আবর্ত্ত, জলের ঘূর্ণা।
তান্ত, শ্রান্ত ক্লান্ত।
তান্ত্রিক, (তন্ত্র) তন্ত্রশাস্ত্রবেত্তা, শাস্ত্রতত্ত্বজ্ঞ,
জ্ঞাতসিদ্ধান্ত; সুপণ্ডিত। [পীড়া।
তাপ, (তপ) সন্তাপ, উষ্ণতা; জ্বালা, মনঃ-
তাপক, জ্বর; তপকর্ত্তা।
তাপজনক, উষ্ণজনক, ক্লেশকর।
তাপত্য, অর্জ্জুন, ধনঞ্জয়।
তাপন, (তাপ) তপ্তকরণ, তাতান, জ্বালান;
শোকযুক্ত হওন; পীড়ন; সূর্য্য; সূর্য্য-
কান্তমণি; কামবাণ।
তাপস, (তপ) তপস্বী যোগী, তমাল পত্র;
তেজপাত; বকপক্ষী।
তাপসতরু, ইঙ্গুদীবৃক্ষ।
তাপসদ্রুম, ইঙ্গুদী বৃক্ষ।
তাপসপ্রিয়, প্রিয়াল বৃক্ষ, পিয়ালগাছ।
তাপসপ্রিয়া, দ্রাক্ষা, আঙ্গুর, কিসমিস।
তাপহরী, ভক্ষ্য দ্রব্য বিশেষ, তাহরী।
তাপহীন, উষ্ণরহিত; ক্লেশরহিত।
তাপান, উত্তপ্তকরণ, তাতান, জ্বালান;
পীড়ন; রাগান, কোপান।
তাপিচ্ছ, বৃক্ষ বিশেষ তমাল গাছ।
তাপিঞ্জ, বৃক্ষ বিশেষ, তমাল গাছ।
তাপি, তাপিনী, নদী; যমুনা যমনী।
তাবকীন, ত্বদীয় তোমার, ত্বৎসম্বন্ধীয়।

তাবৎ. (তদ) সাকল্য; সকল; অবধি; অব-
ধারণ; প্রশংসা; পক্ষান্তর।
তাবর. ধনুগুর্ণ, ধনুকের ছিলা।
তাবিষ, স্বর্গ, সুরলোক, সমুদ্র, সাগর
তাবিষী. ইন্দ্রকন্যা; নদী; পৃথিবী
তাবীজ, (যাং) অলঙ্কার বিশেষ; কবজ।
তাবীষ, স্বর্গ; সমুদ্র; কাঞ্চন।
তাবীষী. চন্দ্রকন্যা।
তাবুরি. দ্বিতীয় রাশি. বৃষরাশি।
তাবেদার, (যাং) অধীন, বশতাপন্ন।
তাম, ভীষণ, ভয়ানক; দোষ।
তামর, তোয়, জল; ঘৃত, আজ্য।
তামরস. পদ্ম; সারস; স্বর্ণ; তাম্র।
তামলিপ্ত, দেশবিশেষ. তমোলুক।
তামলিপ্তী. দেশবিশেষ, তমোলুক।
তামলী, (তাম্বুলী) বর্ণসঙ্কর জাতি বিশেষ,
তাম্বুলী। [মূঢ়, জড়; দুষ্ট, খল, সর্প।
তামস. (তমস) তামসিক, তমোগুণযুক্ত;
তামসিক, (তমস) তামস, তমোগুণের
কার্য্য; ধর্ম্মের অমুদ্দেশে কৃত।
তামসী, নিশা, রাত্রি; দুর্গা; জটামাংসী;
তমোগুণে কৃতা।
তামা, (তাম্র) ধাতুবিশেষ
তামাক, (যাং) তাম্রকুট, ধূমপান যোগ্য
পত্র বিশেষ। [বিশেষ।
তামাকু, (যাং) তাম্রকুট. ধূমপানযোগ্য পত্র
তামাম, (যাং) সকল সমুদয়. সম্পূর্ণ।
তামাসা. (যাং) রহস্য. কৌতুক।
তামিস্র. (তমস) অন্ধকারময় নরক।
তাম্বু, (অম্বর) শিবির, বস্ত্রগৃহ, তাঁবু, কানাৎ
তাম্বুল, (তম) পর্ণ, পান।
তাম্বুলকরঙ্ক, তাম্বুল পাত্র, পানেরবাটা।
তাম্বুলদ, তাম্বুল দাতা।
তাম্বুলপাত্র, পানের বাটা. তাম্বুলকরঙ্ক।
তাম্বুলবল্লী, তাম্বুলী, পানের লতা।
তাম্বুলরাগ, মসূর, মসুরি কলাই।
তাম্র. (তম) ধাতুদ্রব্য বিশেষ, তামা; কুষ্ঠ-
রোগবিশেষ।
তাম্রক. ধাতুবিশেষ, তামা।
তাম্রকর্ণী পশ্চিমদিকের হস্তিনী।
তাম্রকার (তাম্র-কৃ) বর্ণসঙ্কর জাতি বিশেষ,
কাংস্য বণিক, কাঁসারী
তাম্রকুণ্ড, পূজাপাত্র, তামার বাসন। [শেষ।
তাম্রকুট, তামাক, ধূম পান যোগ্য পত্রবি-
তাম্রক্রিমি. ইন্দ্রগোপকীট. টাকপোকা
তাম্রচূড়, কুক্কুট, কুঁকুড়া। [র চাদোর।
তাম্রপট্ট তাম্র নির্ম্মিত লেখন ফলক, তাঁবা-
তাম্রপত্র, তাম্রনির্ম্মিত পত্র; তাঁবার তক্তা।
তাম্রপর্ণী, নদী বিশেষ; দীর্ঘিকা বিশেষ।
তাম্রপল্লব, বৃক্ষবিশেষ. অশোক বৃক্ষ।
তাম্রপুষ্প, রক্তকাঞ্চন; ভূমিচম্পক।
তাম্রফলক, তাঁবার চাদর, তাম্র নির্ম্মিতপট্ট
তাম্রবর্ণ. তাম্রের তুল্য রক্ত; তৃণবিশেষ।
তাম্রবল্লী, লতাবিশেষ, মঞ্জিষ্ঠা লতা।
তাম্রবৃক্ষ, রক্তচন্দন, কুলথ।
তাম্রশিখী. কুক্কুট, কুঁকুড়া
তাম্রসার, রক্তচন্দন। [ন্দন।
তাম্রসারক, রক্তখদির. রাঙ্গাখয়ের; রক্তচ-
তাম্রাকু, উপদ্বীপ বিশেষ।
তাম্রাভ, রক্তচন্দন।
তাম্রার্দ্ধ. কাংস্য, কাঁসা।
তাম্রাক্ষ. কোকিল, পিক। [পয়সা।
তাম্রিক, কাংস্যকার, কাঁসারী; তাম্রনির্ম্মিত
তাম্রিকা. গুঞ্জা, কুঁচ; বাদ্য বিশেষ।
তাম্রী. বাদ্যবিশেষ।
তাম্লিক, দেশবিশেষ. তাম্রলিপ্ত দেশ।
তার, (তৃ) রৌপ্য; বানরবিশেষ; মুক্তা;
প্রণব; তরণ; উচ্চৈঃস্বর; বীণাদির তাঁত;
স্বর্ণাদির গুণ।
তারক, (তৃ) ত্রাণকর্ত্তা; কর্ণধার; নক্ষত্র; চ-
ক্ষুর পুত্তলিকা; ভেলক; দৈত্যবিশেষ।
তারকজিৎ, কার্ত্তিকেয়, কুমার।
তারকনাথ, মহাদেবের পীঠ বিশেষ।
তারকব্রহ্ম, ষড়ক্ষর মন্ত্রবিশেষ; ত্রাণকর্ত্তা।
তারকষ, গুণা নির্ম্মায়ক।
তারকা, তারা, নক্ষত্র।
তারকারি (তারক-অরি) কার্ত্তিকেয়, ষড়ানন
তারকিত, (তারকা) তারকাযুক্ত, নক্ষত্রান্বিত
তারকিণী, রাত্রি, রজনী। [ক; ভেলা।
তারণ, (তৃ) উদ্ধারণ. পারকরণ; পারকার-
তারণি. নৌকা, তরি, তরণী। [বিশেষ।
তারতম্য, (তর-তম) ন্যূনাধিক্য; ইতর
তারপুষ্প, কুন্দপুষ্প, কুঁদফুল।
তারবিমলা, ধাতুবিশেষ।
তারল্য, (তরল) তরলতা, অগাঢ়তা; চাঞ্চল্য
তারশুদ্ধিকর, সীসক. সীসা।
তারা, (তৃ) নক্ষত্র; নেত্রের মণি; বলির-
ভার্য্যা; দ্বিতীয়া মহা বিদ্যা।

তারাপতি, শিব ; বৃহস্পতি ; বালী।
তারাপথ, আকাশ, গগণ, নভোমণ্ডল।
তারাপীড়, চন্দ্র, বিধু নিশাকর।
তারাভূষা, রাত্রি, রজনী, নিশা।
তারাভ্র, কপূর।
তারামণ্ডল নক্ষত্রমণ্ডল, দেবগৃহ বিশেষ।
তারক, তালরস, তাড়ী।
তারিখ (যাং) দিবস, রোজ।
তারিণী দ্বিতীয়া মহাবিদ্যা, উদ্ধার কর্ত্রী।
তারিফ, (যাং) প্রশংসা, স্তব, স্তুতি।
তারী, (তার) তারময়, তারে নির্ম্মিত।
তারুণ্য, (তরুণ) যৌবন, যুবত্ব; যৌবনাবস্থা
তারেয়, (তারা) বালিপুত্র, অঙ্গদ।
তার্কিক, (তর্ক) তর্কশাস্ত্রবেত্তা, নৈয়ায়িক ন্যায়বেত্তা।
তার্ক্ষ, কশ্যপ মুনি।
তার্ক্ষ্য (তৃক্ষ) গরুড়, অরুণ, সর্প, অশ্ব।
তার্ক্ষ্যধ্বজ, বিষ্ণু, নারায়ণ।
তার্ক্ষ্যনায়ক, গরুড় পক্ষী।
তাল, (তল) বৃক্ষবিশেষ, গানের পরিমাণ, করদ্বয়ের শব্দ, বিস্তৃত করতল।
তালক, (তাল) হরিতাল, হুড়কা, দ্বাররোধক যন্ত্র, তালা।
তালকাভ, হরিতবর্ণ।
তালকী, তালের সুরা, তাড়ী।
তালধ্বজ, বলরাম, বলদেব, হলধর।
তালধ্বজা, পুরী বিশেষ।
তালনক্র, (তাল-নক্র) তৃণবিশেষ। [শেষ।
তালপত্র, কর্ণভূষা, কালতন্তুকা, অলঙ্কার বিশেষ।
তালপত্রিক, মুষলী লতা তালমূলী।
তালপ্রলম্ব, তালজটা।
তালবৃন্ত তালপত্রনির্ম্মিত ব্যজন, পাখা।
তালবৃন্তক ব্যজন, পাখা।
তালবেতালক নট, নর্ত্তক। [তালুজাত।
তালব্য, (তালু) তালু সংযোগে উচ্চারিত, তালভৃৎ, বলদেব, বলরাম।
তালাঙ্ক, বলদেব, বলরাম। [শস্ত্র।
তালশস্ত্র (তাল শস্ত্র) অপক্ক তালফলের
তালা (তাল) দ্বারাদি রোধের যন্ত্র; কুলুপ, অট্টালিকার ছাদ, শব্দ গ্রহণে অসমর্থ।
তালাখ্যা, মুরা নামে গন্ধদ্রব্য বিশেষ।
তালাঙ্ক, বলদেব, বলরাম, মহাপুরুষের লক্ষণাক্রান্ত। [শেষ
তালান্ত, (তাল-অন্ত) গানের ছেদ, স্বরের

তালাবচর, নট, নর্ত্তক
তালি, (তল) করতলের ধ্বনি, করশব্দ ; পুরাতন বস্ত্রাদিতে নূতন বস্ত্রযোগে সিলাই।
তালিকা, (তালি) প্রসারিতাঙ্গুলি, করতল
তালিকা, চপেট, চাপড়, লতা বিশেষ, নির্ঘণ্ট পত্র, ফর্দ্দ।
তালিম, (যাং) উপদেশ, শিক্ষা।
তালিশ, পর্ব্বত, গিরি, শৈল। [তালা ; তাড়ী
তালী, করদ্বয়ের শব্দ ; কুঞ্চিকা বিশেষ,
তালু, (তৃ) তেলুয়া, টাকরা। মীদারী।
তালুক, তেলুয়া, টাকরা, ভূম্যধিকার, জ-
তালুজিহ্ব, কুম্ভীর, নক্র, কুমীর। [পদতল।
তালুয়া (তাল) টাকরা, ব্রহ্মতালু, করতল:
তালর, আবর্ত্ত, জলের ঘূর্ণা
তালেবর, (যাং) ধনাঢ্য, ধনবান, মান্যমান
তাস, (তস) ক্রীড়া নিমিত্ত চিত্রিত ক্ষুদ্রপট
তাসন, (তাস) মার্জ্জন, ঝাড়ন।
তাহা, (তদ) তৎ।
তিউড়ী, (ত্রি-বর্ত্তী) চুল্লী, আখা, উনান।
তিক্ত, (তিজ) কটু, তিত, তীব্ররস। [খয়ের।
তিক্তক, পটোল, চিরতিক্ত, চিরতা, কাল
তিক্তগুলা, পিপ্পলী পিপুল।
তিক্তধাতু, ধাতু বিশেষ, পিত্ত।
তিক্তপত্র, কর্কোটক, কাকরোল, যষ্টিমধু।
তিক্তপর্ব্ব, দূর্ব্বা, হিলমোচী, হেলেঞ্চা,
তিক্তভদ্রক, পটোল।
তিক্তশাক, খদির বৃক্ষ ; নালশাক, নালতে।
তিগ্ম, (তিজ) তীক্ষ্ণ, উগ্র, খর ; কটু, ক্ষুধার, ধারাল ; আতপ।
তিগ্মাংশু, (তিগ্ম-অংশু) সূর্য্য, রবি, ভানু।
তিজল চন্দ্র, রাক্ষস।
তিজারৎ, (যাং) বাণিজ্য, ব্যবসায়
তিজেল, (তিজ) ক্ষুদ্র স্থালী বিশেষ ব্যঞ্জনপাকার্থ হাঁড়ি।
তিত, (তিক্ত) কটু, তীব্ররস।
তিতউ, চালুনী।
তিতন, (তিৎ) আর্দ্রকরণ, ভিজান, চিড়ান
তিতান, (তিতা) ভিজান, আর্দ্রকরণ, চিড়ান
তিতিভ, ইন্দ্র গোপকীট, গুটিপোকা।
তিতিক্ষা, (তিজ) ক্ষান্তি, ক্ষমা, দ্বন্দ্ব সহিষ্ণুতা ; বিবেক, ধৈর্য্য।
তিতিক্ষিত ক্ষান্ত, সহিষ্ণু।
তিতিক্ষু, সহিষ্ণু ক্ষমাশীল, ক্ষান্ত।
তিত্তির তিত্তিরি পক্ষী, টিটির পাখী।

তিথ, অগ্নি ; কাম ; কাল। [কলাক্রিয়া
তিথি. (অত) প্রতিপদাদি পঞ্চদশ চন্দ্র-
তিথিপ্রণী, চন্দ্র, নিশাকর, শশধর।
তিথিক্ষয়. অমাবস্যা, কুহূ।
তিথী. (অত) চন্দ্রকলার ক্রিয়াকাল, প্রতি-
পদাদি পঞ্চদশ।
তিন. (ত্রি) ত্রিসংখ্যা। [সে।
তিনি, (তদ) বুদ্ধিস্থ ব্যক্তি, পরোক্ষ ব্যক্তি,
তিনাশ, বৃক্ষ বিশেষ, তিনিশগাছ।
তিন্তিড়িকা, তেঁতুল, চিঞ্চা, বৃক্ষাম্ল।
তিন্তিড়ী, (তিম) চিঞ্চা, তেঁতুল, অম্লরস।
তিন্তিড়ীদ্যুত, ক্রীড়াবিশেষ, চুঞ্চুরী, কাঁই
বীচির খেলা।
তিন্তিলী, তিন্তিড়ী, তেঁতুল।
তিন্দু, (তিম) বৃক্ষবিশেষ, গাবগাছ।
তিন্দুক, (তিম) বৃক্ষবিশেষ, গাবগাছ,
কর্ষপরিমাণ। [বৃহৎ মৎস্যবিশেষ।
তিমি, (তম) শত যোজন বিস্তৃত মৎস্য,
তিমিকোষ, সমুদ্র জলধি
তিমিঙ্গিল, অতিবৃহৎমৎস্য বিশেষ
তিমিঙ্গিলগিল, মহামৎস্য বিশেষ
তিমিত, (তিম) নিশ্চল; আর্দ্র, ভিজা ক্লিন্ন
তিমির, (তম) অন্ধকার ; অজ্ঞান।
তিমিররিপু, সূর্য্য, ভানু, দিবাকর।
তিমী, তিমি মৎস্য, বৃহদাকার মৎস্য।
তিয়র, (তীবর) বর্ণসঙ্কর জাতি বিশেষ।
তিয়াত্তর, (ত্রিসপ্ততি) সংখ্যাবিশেষ, ৭৩।
তিরশ্চী, পশু পক্ষির স্ত্রী, মাদি, পশু বা
পক্ষী।
তিরস, অন্তর্দ্ধান ; তিরস্কার, ভৎর্সন।
তিরস্করিণী, ব্যবধায়ক পট, কানাৎ ; যব-
নিকা, পর্দা।
তিরস্কার, (তিরস-কৃ) ভৎর্সন, গ্লানি, নিন্দা,
অপমান, অনাদর। [সিত।
তিরস্কৃত, অনাদৃত, প্রাপ্ত তিরস্কার, ভৎর্-
তিরস্ক্রিয়া, ভৎর্সনা ; অনাদর।
তিরানই, (ত্রিনবতি) সংখ্যাবিশেষ, ৯৩।
তিরাশী, (ত্র্যশীতি সংখ্যাবিশেষ, ৮৩।
তিরিটি, ইক্ষুগ্রন্থি, আকুর গাঁইট
তিরোধান, (তিরস-ধা) অন্তর্দ্ধান, লুকান ;
আচ্ছাদন, ঢাকন ; ব্যবধান।
তিরোহিত, (তিরস-ধা) লুক্কায়িত, অন্তর্হিত
তির্য্যক, (তিরস-অন্চ) বক্র, কুটিল ; পক্ষী
তির্য্যকস্রোতঃ পশুপক্ষ্যাদি।

তির্য্যগযান, কুলীর, কাঁকড়া।
তির্য্যগযোনি, (তির্য্যক-যোনি) পশুপক্ষ্যাদি
তির্য্যঞ্চী, পশু পক্ষ্যাদির স্ত্রী। [ক্ষণ, নিমেষ
তিল, শস্য বিশেষ; গাত্র চিহ্ন; অত্যল্প
তিলক, (তিল) ফোঁটা ; শ্রেষ্ঠ, প্রধান।
তিলকুট, তিলরজঃ তিলচূর্ণ, তিলের গুঁড়া
তিলকালক, শরীরস্থ তিল ; তিলযুক্ত।
তিলকাশ্রয়, ললাট, কপাল।
তিলকিট্ট, তিলের মল; তিলের অসার
ভাগ, খলি, পিণ্যাক।
তিলকী, তিলকযুক্ত, তিলকান্বিত।
তিলকুটা, তিলচূর্ণ মিশ্রিত মিষ্টান্নবিশেষ।
তিলচূর্ণ, চূর্ণীকৃত তিল ; তিলকল্ক।
তিলতণ্ডুলক তিলমিশ্রিত তণ্ডুল, তিল-
যাউ ; আলিঙ্গন।
তিলতৈল, তিলোৎপন্ন স্নেহ, তিলের তৈল
তিলধেনু, তিল নির্ম্মিত গাভী।
তিলপর্ণ, চন্দন ; তিল গাছের পাতা।
তিলপর্ণিকা, চন্দন বিশেষ, রক্তচন্দন
তিলপিচ্চট, তিলপিষ্টক, তিলকুটা।
তিলরস, তিল তৈল, তিলজন্য স্নেহ
তিলস্নেহ তিলতৈল, তিলের তৈল
তিলাখাজা, (তিল-খাজা) মিষ্টান্নবিশেষ।
তিলাপত্যা, কৃষ্ণজীরক, কেলেজীরা।
তিলি, (তিল) বর্ণসঙ্কর জাতি বিশেষ, তৈল
কর, কলু।
তিলিৎস, সর্পবিশেষ, গোনস সর্প।
তিলিয়া, (তিল) তিলযুক্ত, তিলেপড়া।
তিলেতাল, অল্পবিষয়ে বহু সাধন; বহ্বারম্ভ,
লঘুকার্য্যের নিমিত্ত গুরুতর আড়ম্বর।
তিলোত্তমা, (তিল-উত্তম) স্বর্গবেশ্যা বিশেষ
তিলোদন, (তিল-ওদন) কৃশর, তিল দুগ্ধ
যুক্ত অন্ন, তিলমিশ্রিতান্ন, তিলযাউ।
তিল্য. (তিল) তিলক্ষেত্র, তিলের ভূমি।
তিষ্ঠদগু, সন্ধ্যা সময়, সায়ংকাল।
তিষ্ঠন, (স্থা) স্থিতি করণ, থাকন ; রহন ;
টেকন, থামন ; বাসকরণ।
তিষ্ঠা, (স্থা) স্থায়িত্ব, স্থিরতা।
তিষ্য, পুষ্যা নক্ষত্র ; কলিযুগ।
তিষ্যক, পৌষমাষ।
তিষ্যপুষ্পা, আমলকী, ধাত্রী।
তিষ্য, ব্যাধি ; ধনুক, সদ্ভাব ; ধান্য।
তীবর, (তৃ) সমুদ্র ; ব্যাধ ; বর্ণসঙ্কর জাতি-
বিশেষ, তীয়র ; কৈবর্ত্ত।

তীবর, (স্তৃ) ব্যাধপত্নী ; কৈবর্ত্তী, তীয়রেরস্ত্রী
তীব্র, তীক্ষ্ণ ; কটু, ঝাল, উগ্র, সুধার ; উচ্চৈঃস্বর ; ব্যগ্র ; অতিশয় ; অত্যুগ্র রস।
তীব্রগন্ধা, যবানী, যোয়ান।
তীব্রবেদনা, মহা যাতনা, অতিশয় বেদনা।
তীরা, তুলসী, নদীবিশেষ, গণ্ডদূর্ব্বা, গেঁটে দূর্ব্বা। কৈবর্ত্ত।
তীয়র, (তীবর) বর্ণসঙ্কর জাতিবিশেষ ধীবর
তীর, নদীকূল, তট, বাণ ; ত্রপু, রাঙ্গ।
তীরগত, শীঘ্রগামী ; তটস্থিত।
তীরতরু, তীরস্থ বৃক্ষ ; তটস্থিত গাছ।
তীরন্দাজ, (তীর-যাং) বাণ ক্ষেপক।
তীরভুক্তি, দেশবিশেষ ; ত্রিহোত।
তীরস্থ, (তীর-স্থা) তীরস্থিত, তটস্থিত।
তীবিত, তীর) কর্ম্মসমাপ্তি ; সিদ্ধ।
তীর্ণ, উত্তীর্ণ ; অভিভূত।
তীর্থ, (তৃ) পুণ্যক্ষেত্র, ঘাট ; শাস্ত্র ; উপায়।
তীর্থকারী, (তীর্থ-কারিন) তীর্থগামী, পুণ্য স্থানে ভ্রমণ কর্ত্তা।
তীর্থপর্য্যটন, পুণ্যস্থানে ভ্রমণ করণ।
তীর্থবাক্, কেশ, কচ, চুল।
তীর্থরাজী কাশী, বারাণসী। [কারী।
তীর্থসেবী, বকপক্ষী ; পুণ্যক্ষেত্রে বসতি-
তীক্ষ্ণ, (তিজ) খর ; উগ্র ; উষ্ণ ; লৌহ, যুদ্ধ ; মরণ ; শস্ত্র ; শীঘ্র ; নিরালস্য ; সুবুদ্ধি, প্রজ্ঞ ; নিপুণ ; ব্যগ্র ; রাগ ; ত্বরা।
তীক্ষ্ণকণ্টক, ধুস্তুর, ধুতুরা
তীক্ষ্ণকন্দ, পলাণ্ডু, পেঁয়াজ। [পারক।
তীক্ষ্ণকর্ম্মা, (তীক্ষ্ণ-কর্ম্মন) সূক্ষ্মকর্ম্মা, নিপুণ,
তীক্ষ্ণগন্ধক, শোভাঞ্জন, শজিনা।
তীক্ষ্ণতণ্ডুলা, পিপ্পলী পিঁপুল।
তীক্ষ্ণতা, (তীক্ষ্ণ) তেজঃ, উগ্রতা, প্রাখর্য্য।
তীক্ষ্ণত্ব, (তীক্ষ্ণ) কটুতা ; প্রাখর্য্য। [রস।
তীক্ষ্ণতৈল, সুহীবৃক্ষের ক্ষীর, মনসাসিজের
তীক্ষ্ণদংষ্ট্র, শার্দ্দূল, ব্যাঘ্র, বাঘ।
তীক্ষ্ণপুষ্প, লবঙ্গ।
তীক্ষ্ণপুষ্পা, কেতকী।
তীক্ষ্ণসারা, শিংশপা বৃক্ষ।
তীক্ষ্ণা, উগ্রা ; বচা ; লতাবিশেষ।
তীক্ষ্ণাগ্র, (তীক্ষ্ণ-অগ্র) সূচাল, ধারাল।
তীক্ষ্ণাগ্নি, (তীক্ষ্ণ-অগ্নি) উগ্রানল ; শীঘ্রপাক
তীক্ষ্ণায়স, লৌহবিশেষ, তীখা, ইশপাৎ।
তু, অবধারণার্থ ; ভেদার্থ।
তুই, (যুষ্মদ) তুমিশব্দের নীচোক্তি।
তুক, (তুজ) পরের অনিষ্ট নিমিত্ত মন্ত্রৌষধকরণ ; পরহিংসার্থ মন্ত্রপাঠ।
তুক, (স্তুক) বাণবিশেষ ; শ্লোকের শেষভাগ
তুখড়, (তে-খর) দক্ষ ; পারগ ; বলবান্।
তুগা, বংশলোচন।
তুঙ্গ, (তুঙ্গ) উন্নত উচ্চ ; ঊর্দ্ধ, প্রধান, উগ্র।
তুঙ্গক, পুন্নাগ বৃক্ষ।
তুঙ্গভদ্র, মদোৎকট হস্তী, মত্ত হস্তী।
তুঙ্গভদ্রা, দক্ষিণ দেশে প্রসিদ্ধ নদীবিশেষ।
তুঙ্গশেখর, পর্ব্বত, শৈল।
তুঙ্গী হরিদ্রা, হলুদ।
তুঙ্গীপতি, চন্দ্র, বিধু, ইন্দু।
তুঙ্গীশ, (তুঙ্গী-ঈশ) শিব ; কৃষ্ণ ; সূর্য্য।
তুচ্ছ, (তুদ) অল্প ; অবজ্ঞাত, হেয় ; পুলাকজ, শস্য রহিত ধান ; তুষি ; নীচ, হীন, অধম। [অমান্যতা করণ।
তুচ্ছজ্ঞান, তুচ্ছতাচ্ছল্য হেয়জ্ঞান, অনাদর,
তুচ্ছতা, (তুচ্ছ) অবজ্ঞা ; হেয়তা, নীচত্ব।
তুচ্ছদ্রু, এরণ্ড বৃক্ষ, ভেরাণ্ডা গাছ।
তুড়কী, (তুড়) ঝম্প উল্লম্ফ ; অনাচার ; দক্ষ ; পারগ। [খণ্ডন।
তুড়ন, ভর্ৎসন, দোষদেওন, তিরস্কারকরণ,
তুড়ী, (তুড়) অঙ্গুলীর ধ্বনি, অঙ্গুলিস্ফোটন
তুণ, বাণ রক্ষার্থ চর্ম্মকোষ।
তুণ্ড, (তুড়) মুখ, বদন, আস্য ; ওষ্ঠাধর।
তুণ্ডিকেরী বিম্বিক, তেলাকুচা।
তুণ্ডি, মুখ ; চঞ্চু ; নাভি।
তুণ্ডিভ, বড় নাভি ; বৃহন্নাভিযুক্ত।
তুতন, (স্তু) স্তবন ; ফুসলান, ভুলান।
তুতপোকা, গুটিপোকা, কীটবিশেষ।
তুতিয়া, (তুত্থক) তাম্রের মল, বণিক্ দ্রব্য
তুৎ বৃক্ষ বিশেষ ; তুঁৎগাছ।
তুত্থ, (তুদ) অঞ্জনবিশেষ তুঁতিয়া।
তুত্থক, (তুত্থ) অঞ্জনবিশেষ ; বণিক্ দ্রব্য বিশেষ ; তুঁতিয়া।
তুৎপোকা, কীটবিশেষ ; গুটিপোকা।
তুন, (তুন্ন) নন্দীবৃক্ষ, তুঁতগাছ।
তুন্দ, (তুদ) জঠর, উদর, পেট।
তুন্দকূপী, নাভি ; নাভিকূপ।
তুন্দপরিমৃজ, অলস, আলস্য, অকর্ম্মা।
তুন্দি, উদর ; নাভি ; গন্ধর্ব্ববিশেষ।
তুন্দিক, (তুন্দ) বিশাল জঠর, স্থূলোদর, পেটাল, ভুঁড়িওয়ালা। [ভুঁড়িওয়ালা।
তুন্দিল, বিশালজঠর, স্থূলোদর, পেটাল,

তুন্ন, (তুদ্‌) নন্দীবৃক্ষ, তুঁদগাছ, ব্যথিত।
তুন্নবায়, সূচিকর্ম্মকারী, দরজী।
তুফান, (বাং) ঝড়ঝাঁট, জোর বাতাস।
তুবড়ন, (তুবড়) তুক্ষহওন, কোঁকড়ন।
তুবড়ী, (তুম্বী) অগ্নিক্রীড়াসাধন; বারুদ পূর্ণগোলা।
তুবর, কষায়রস, কষায় রসযুক্ত, কষা; শ্মশ্রু [হীন।
তুমড়ী (তুম্বী) সাপুড়িয়ার বাঁশী।
তুমি, (যুষ্মদ) তুই।
তুমুল, (তু) অতিশয়; ঘোরতর; গণ্ডগোল
তুম্ব, (তুব) অলাবু, লাউ।
তুম্বকী, (তুম্ব) বাদ্য বিশেষ, ঢক্কা বিশেষ।
তুম্বী, (তুব) অলাবু, লাউ।
তুম্বুরা, কুক্কুরী, স্ত্রী কুকুর।
তুম্বুরু, (তুব) গন্ধর্ব্ববিশেষ, স্বর্গগায়ক।
তুরগ, (তুর-গম) তুরঙ্গ, অশ্ব, ঘোটক; মনঃ অন্তঃকরণ।
তুরগগন্ধা, অশ্বগন্ধা বৃক্ষ।
তুরগারোহী, অশ্বারোহী, ঘোড়শয়ার।
তুরগী, অশ্বারোহ ঘোড়াচড়া; ঘোটকী; অশ্বগন্ধা গাছ। [চিত্ত, অন্তঃকরণ।
তুরঙ্গ, (ত্বর-গম) ঘোটক, অশ্ব, ঘোড়া;
তুরঙ্গদ্বেষিনী, মহিষী, লুলাপী।
তুরঙ্গবক্ত্র, কিন্নর, গন্ধর্ব্ব বিশেষ।
তুরঙ্গবদন, কিন্নর, গন্ধর্ব্ব বিশেষ।
তুরঙ্গম, অশ্ব, ঘোটক, বাজী। [শ্বারোহী।
তুরঙ্গসাদী, (তুরঙ্গ-সাদিন) তুরঙ্গারূঢ়, অ-
তুরঙ্গী, ঘোটকী, মাদা ঘোড়া; অশ্বগন্ধা বৃক্ষ
তুরপুন, (তু) বুনা, ভ্রমরী, কাষ্ঠাদি ছিদ্র করণার্থে অস্ত্র।
তুরপান, (তুরপা) ছিদ্রকরণ, বিধন।
তুরায়ণ, পারায়ণ, উদ্যত, নিবিষ্ট।
তুরাসাহ, ইন্দ্র, সুরপতি।
তুরি, তন্তুবায়ের বয়নার্থ উপকরণ বিশেষ, মাকু, তন্ত্রকাষ্ঠ। [ব্রহ্ম।
তুরীয়, (চতুর) চতুর্থ; চতুঃ সংখ্যার পূরণ;
তুরীয়বর্ণ, শূদ্র, অবর বর্ণ।
তুরুকসয়ার, (বাং) অশ্বারোহী।
তুরুম, (তর) পাদ বন্ধনী, নিগড়, বেড়ি।
তুরুষ্ক, দেশবিশেষ, তুরকীদেশ; গন্ধদ্রব্যবিশেষ, শিলারস।
তুর্ব্বসু, যযাতি রাজপুত্র।
তুর্য্য, (চতুর) চতুর্থ। [বড় গোল।
তুল, পরিমাণ দণ্ড, দাঁড়ীপাল্লা; তৌলকরা;
তুলট, (তুল) হরিতালাক্ত কাগজ, বর্ণিত লিখনাধার। [উন্নয়ন, উঠান।
তুলন, (তুল) পরিমাণ করণ; সাদৃশ্য করণ;
তুলনা, (তুল) দৃষ্টান্ত, সাদৃশ্য, উপমা
তুলসী, (তুল-সো) বৃক্ষবিশেষ, বহুমঞ্জরী।
তুলা, (তুল) পরিমাণ দণ্ড, নিক্তী, সপ্তম রাশি; সাদৃশ্য; উপমা; ঐক্য; কার্পাস।
তুলাকোটি, নূপুর, মেপুর, পরিমাণ দণ্ডের অগ্রভাগ।
তুলাকোষ, তুলার আধার; তুলাপরীক্ষা।
তুলাধার, তুলারাশি; বণিক।
তুলাপুরুষদান, মহাদান বিশেষ, আপন দেহ পরিমাণে তৈজসাদি দান।
তুলাবীজ, কার্পাস বীচি; গুঞ্জা, কুঁচ।
তুলি, (তুল) বর্ত্তি, চিত্রকরের উপকরণ বিশেষ; তুরী, মাকু।
তুলিনী, শাল্মলিবৃক্ষ, শিমুল গাছ।
তুলিফলা, শাল্মলিবৃক্ষ, শিমুল গাছ।
তুলী, (তুল) চিত্রলেখনী, তুলিকা, তুরী, মাকু
তুল্য, (তুল) সমান, সদৃশ, অভেদ, একার্থ।
তুল্যজ্ঞান, সমানবোধ, অভেদজ্ঞান
তুল্যতন্ত্র, একপ্রকার, একধর্ম্ম, ঐক্য।
তুল্যানুতুল্য, (তুল্য-অনুতুল্য) অবিকল, সদৃশ, অনুরূপ, একাকার, অভেদ।
তুল্যানুমান, (তুল্য-অনুমান) সমান বোধ। অনুরূপজ্ঞান; এক প্রকার অনুভব।
তুষ, ধান্যাদির ত্বক, খোসা।
তুষগ্রহ, অগ্নি, অনল, বহ্নি।
তুষণ, হর্ষণ, তুষ্টকরণ।
তুষসার, অনল, অগ্নি, বহ্নি।
তুষানল (তুষ-অনল) তুষাগ্নি, তুষযুক্ত বহ্নি, তুঁষের আগুন; প্রাণান্তিক প্রায়শ্চিত্ত।
তুষার, (তুষ) নীহার, হিম; বরফ; শীতল।
তুষিত, দেবগণবিশেষ।
তুষ্ট, সন্তোষ প্রাপ্ত; তৃপ্ত; আহ্লাদিত, আপ্যায়িত, হর্ষযুক্ত।
তুষ্টি, (তুষ) সন্তোষ; আহ্লাদ; তৃপ্তি।
তুষ্টিকর, (তুষ্টি-কৃ) সন্তোষজনক, তৃপ্তিকর
তুষ্টিমান, তৃপ্ত; সন্তোষান্বিত; আপ্যায়িত হর্ষিত, আহ্লাদিত।
তুষ্ণীক, (তুষ্ণীং) মৌনী, নিঃশব্দ।
তুস, তুঁষ, ধান্যত্বক, ধানের খোসা।
তুস্ত, ধূলি, রজঃ ধুলা। [স্বা
তুহিন, (তুহ) হিম, তুষার; শীতল; জ্যোৎ

তুহিনাংশু, চন্দ্র, নিশাকর ; কর্পূর
তুহিনাংশুতৈল, কর্পূরতৈল। [ইষুধি।
তুণ, বাণ রাখিবার পাত্র, বাণাধার, তুণীর,
তুংক, (তুণ) ছন্দো বিশেষ।
তুণ্ণ, সঙ্কুচিত, কুণ্ঠিত।
তুণীর, (তুণ) বাণাধার, বাণ রাখিবার পাত্র।
তুতক (তুথক) তুথ, তুঁতিয়া।
তুতপোকা, কীটবিশেষ, গুটিপোকা।
তুর, বাদ্য, বাজানা। [ভেরী।
তুরী (তুর্য্য) ধুস্তূরবৃক্ষ ; ধুতুরাগাছ ; ক্ষুদ্র-
তুর্ণ, (ত্বর) শীঘ্র, দ্রুত, ত্বরিত।
তুর্ণ, মল ; ত্বরা, বেগ ; শ্লোক ; মনঃ।
তুর্য্য, (চতুর) বাদ্যবিশেষ, ভোড়ঙ্গ ; চতুর্থ।
তুর্য্যখণ্ড, বাদ্যবিশেষ, ড্রগড়বাদ্য।
তুর্য্যাংশ, (তুর্য্য-অংশ) চতুর্থাংশ, সিকিভাগ
তুল, কার্পাসাদির তুলা ; পলাশ গাছ ; আ-
কাশ ; নিস্তী।
তুলক, (তুল) কার্পাসাদির তুলা ;পলাশগাছ
তুলকার্মুক, তুলা স্ফোটনার্থ ধনু, তুল-
ফোড়া ধনু, ধুনখরা।
তুলনালিকা, পিঞ্জিকা, তুলার পাঁইজ।
তুলনালী, পিঞ্জিকা, তুলার পাঁইজ।
তুলবৃক্ষ, শাল্মলিবৃক্ষ, শিমুলগাছ।
তুলশর্করা, কার্পাসের বীজ, কাপাসবীচি
তুলসেচন, সূত্রকর্ত্তন, কাটনাকাটা।
তুলা, (তুল) বীজোদ্ধৃত কার্পাস, কার্পাসী।
তুলি, (তুল) চিত্রকরের উপকরণ, বর্ত্তি।
তুলিকা, তুলি, চিত্রকরের বর্ত্তি।
তুলিফলা, শাল্মলিবৃক্ষ, শিমুলগাছ।
তুলী, (তুল) বর্ত্তি, চিত্রকরের উপকরণ
; হর্ষ, আনন্দ।
তুষ্ণীং, (তুষ) মৌন, নীরব, নিঃশব্দ।
তুষ্ণীংশীল, নীরব, মৌনী ; ধীর ; গম্ভীর
তুষ্ণীক, (তুষ্ণীং) নীরব, মৌনী
তুষ্ণীভূত, নীরব, নিঃশব্দ, মৌনী।
তুস্ত, ধূলি, ধূলা ; জটা ; পাপ ; সূক্ষ্ম।
তৃথ, ফলবিশেষ, জাতীফল।
তৃণ, (তৃহ) ঘাস, খড় ; পত্রাদি ; চিনাখড়
তৃণকুটী, তৃণাচ্ছাদিত গৃহ, খড়োঘর।
তৃণকেতু, বংশ, বাঁশ।
তৃণগোধা, কৃকলাস, কাঁকলাস ; তৃণজলৌকা
চিনেজোঁক। [দ্রাক্ষা ; তৃণগ্রাহক।
তৃণগ্রাহী, নীলমণি, মণিবিশেষ, কাফুর-
তৃণজন্তু, তৃণভক্ষক, পশ্বাদি।

তৃণতা, তৃণের ভাব ; ধনু।
তৃণদ্রুম, গুবাক নারিকেলাদি বৃক্ষ।
তৃণধান্য, ধান্যবিশেষ, উড়িধান।
তৃণধ্বজ, বংশ, বাঁশ।
তৃণপূলী, চঞ্চা, চাঁচ।
তৃণবীজ, শ্যামাকদূর্ব্বা ; শ্যামাঘাস।
তৃণমৎকুণ, প্রতিভূ, লগ্নক, জামিন্ ।লোদি।
তৃণরাজ, (তৃণ-রাজন) তাল বৃক্ষ ; নারিকে-
তৃণশূন্য, মল্লিকা ; কেতকী।
তৃণষট্পদ, বরোল, বোলতা।
তৃণসারা, কদলী, রম্ভা।
তৃণহিংস, কুঠার, পরশু, কুড়ালি।
তৃণাগ্নি, (তৃণ-অগ্নি) খড়ের আগুন।
তৃণাঢ্য, পর্ব্বতীয় তৃণ ; তৃণযুক্ত।
তৃণোদ্ভব, (তৃণ-উদ্ভব) নীবার, উড়িধান্য।
তৃণৌকঃ, তৃণনির্ম্মিত ঘর, খড়ুয়া ঘর।
তৃণ্যা, তৃণসমূহ।
তৃতীয়, (ত্রি) তিনের পূরণ।
তৃতীয়া, (ত্রি) তিথিবিশেষ।
তৃতীয়াপ্রকৃতি, নপুংসক, ক্লীব।
তৃপৎ, চন্দ্র, নিশাকর ; ছত্র, ছাতি।
তৃপলা, লতাবিশেষ ; ত্রিফলা।
তৃপ্ত (তৃপ) পরিতোষান্বিত, সন্তুষ্ট ; হর্ষি-
ত, আপ্যায়িত। [হ্লাদ।
তৃপ্তি, (তৃপ) ক্ষুন্নিবৃত্তি ; পরিতোষ ; আ-
তৃপ্তিকর, আহ্লাদকর, সন্তোষজনক।
তৃপ্তিজনক, তৃপ্তিকর, আহ্লাদজনক।
তৃপ্র, ঘৃত, আজ্য, হবিঃ।
তৃফু, সর্পজাতি, বিষধর।
তৃষা, (তৃষ) তৃষ্ণা, পিপাসা ; ইচ্ছা, বাঞ্ছা।
তৃষার্ত্ত, (তৃষা-ঋত) তৃষ্ণাতুর, পিপাসু।
তৃষাহ, জল, পয়ঃ, সলিল।
তৃষিত, (তৃষ) তৃষ্ণাযুক্ত, পিপাসা[illegible]। [লুব্ধ
তৃষ্ণক, (তৃষ) পিপাসু ; [illegible] ; কামুক।
তৃষ্ণা, (তৃষ) পিপাসা, স্পৃহা, অভিলাষ।
তৃষ্ণাক্ষয়, তৃষা শান্তি ; পিপাসা নিবৃত্তি,
তৃপ্তি।
তেওড়ন, (তির্য্যক) বাঁকন, বক্র হওন।
তেওড়া, (তেওড়) বাঁকা ; কলায়বিশেষ।
তেঁই, (তদ) সেই নিমিত্তে, তজ্জন্যে।
তেঁতুল, তিন্তিড়ী, বৃক্ষাম্ল।
তেকাটা, (ত্রি-কাণ্ড) অস্ত্রবিশেষ, টেটা।
ত্রিশূল ; মৎস্য ধারণে যন্ত্র।
তেকোণা, (ত্রি-কোণ) তিন কোণযুক্ত।

তেজঃ (তেজস্) দীপ্তি; তাপ; প্রতাপ; প্রাখর্য্য, উগ্রতা; বেগ; বল; রেতঃ, বীর্য্য সত্বরতা; পরাক্রম; তীব্রতা; প্রভাব।
তেজঃফল, বৃক্ষ বিশেষ, তেজফল।
তেজন, তীক্ষ্ণ করণ; মর্ষণ; বংশ।
তেজনক, শর, ইষু, বাণ।
তেজপত্র, পত্রবিশেষ, তেজপাতা। [তেজাল
তেজস্কর, (তেজস-কৃ) তেজোবৃদ্ধিকারক,
তেজস্বী, (তেজস্বিন) প্রতাপান্বিত; প্রভাবশালী, লঘুতার অসহিষ্ণু; বলবান; তেজাল, দীপ্তিমন্ত।
তেজাল, (তেজ) তেজস্বী; তেজস্কর; দীপ্তিমান; লঘুতার অসহিষ্ণু; তীব্র।
তেজিত, শাণিত, মার্জ্জিত, তীক্ষ্ণীকৃত।
তেজী, তেজস্বী, তেজোযুক্ত; তেজাল।
তেজীয়ান্, তেজযুক্ত; সাহসবন্ত।
তেজোবতী, গজপিপ্পলী, গজপিঁপুল।
তেজোরূপ, তেজের তুল্যাকার; ব্রহ্ম।
তেড়া, (তির্য্যক) টেড়া, বক্র, কুটিল টেবচা
তেতান, (তেতা) আর্দ্রকরণ, ভিজান।
তেতালা, (ত্রি-তাল) উপর্য্যুপরি নির্ম্মিত ত্রিশ্রেণী গৃহ, তিন তালা ঘর। [শ, ৪৩।
তেতাল্লিশ, (ত্রিচত্বারিংশৎ) সংখ্যা বিশে-
তেত্রিশ, (ত্রয়স্ত্রিংশৎ) সংখ্যাবিশেষ, ৩৩।
তেথর, (ত্রি-স্থল) তিন থর, তিন থাক।
তেপান্তর, (অতি-প্রান্তর) প্রান্তর; দুর্গম মাঠ; বিস্তীর্ণ ক্ষেত্র; জলশূন্য বিস্তীর্ণ স্থান
তেবন, কেলিকানন, ক্রীড়ারণ্য। [তেমন
তেমত, (তদ-মত) সেইমত, সেইপ্রকার,
তেমন, (তদ-মন) আর্দ্রীকরণ; ব্যঞ্জন; সেই প্রকার, তথাবিধ, তদ্রূপ। [প্রকার।
তেমনি, (তেমন-ই) তাদৃশ; তদনুরূপ, সেই
তের, ত্রয়োদশ সংখ্যা।
তেল, তৈল) সর্ষপাদি জন্য স্নেহ।
তেলচাটা, কীট বিশেষ, তৈলপায়ী, তেলাপোকা, আর্সুলা।
তেলমাখা, তৈলমৃষ্ট, তৈলদ্বারা মর্দ্দিত।
তেলা, (তেল) চিক্কণ স্নিগ্ধ; পিচ্ছল।
তেলাঙ্গা, (তৈলঙ্গ) জাতিবিশেষ; তৈলঙ্গ দেশীয় ব্যক্তি বা বস্তু; পিপীলিকাবিশেষ।
তেলাটিয়া, তৈলাক্ত; তৈলমিশ্রিত।
তেলি (তৈল) বর্ণসঙ্করজাতিবিশেষ, তৈলিক
তৈজস, (তেজস্) পিত্তলাদি ধাতুতে নির্ম্মিত পাত্রাদি, ধাতুময় পাত্র; ঘৃত।
তৈজসাবর্ত্তনী, (তৈজস-আবর্ত্তিন) তৈজস গলান ক্ষুদ্রভাণ্ড, মুচী ভাঁড়। [পক্ষী।
তৈত্তির, (তিত্তিরি) পক্ষিবিশেষ, তিত্তির
তৈত্তিরীয়, (তিত্তিরি) যজুর্ব্বেদীয় শাখাবিশেষ; যজুর্ব্বেদ বিশ্বাস্, যজুর্ব্বেদজ্ঞ।
তৈত্তিরীয়ক, (তিত্তিরি) যজুর্বেদবেত্তা।
তৈল, (তিল) তিলাদিজন্য স্নেহ, তেল।
তৈলকার, (তৈল-কৃ) বর্ণসঙ্করজাতি বিশেষ, কলু। [ক, খলি
তৈলকিট্ট, তৈলমল, তেলের কাইট; পিণ্যা-
তৈলঙ্গ, (ত্রি-লিঙ্গ) দেশবিশেষ; তদ্দেশীয় লোক। [আর্সুলা।
তৈলচৌরিকা, তৈলপায়ী, তেলাপোকা,
তৈলপর্ণিক, হরিচন্দন; চন্দনবিশেষ।
তৈলপর্ণী চন্দন বিশেষ
তৈলপা, তৈলপায়িকা, কীটবিশেষ, তেলাপোকা, আর্সুলা। [আর্সুলা
তৈলপায়িকা, (তৈল-পায়ক) তেলাপোকা,
তৈলপায়ী, তেলা পোকা, আর্সুলা।
তৈলফল, ইঙ্গুদীফল; যে ফলেতে তৈল জন্মে
তৈলবৎ, (তৈল) তৈলের মত, তেলা।
তৈলমালী বর্ত্তি, দশি, শলিতা।
তৈলযন্ত্র, ঘানিগাছ।
তৈলাকর, (তৈল-আকর) তিল সর্ষপাদি।
তৈলাম্বুকা, তৈলপায়ী, তেলাপোকা, আর্সুলা।
তৈলিক, (তৈল) তৈলকার, তেলী; বর্ণসঙ্কর জাতিবিশেষ, কলু। [নীঘর।
তৈলিকশালা, তৈলযন্ত্র গৃহ, কলুর ঘর, ঘা-
তৈলী, (তিল) তিলক্ষেত্র, তিলের ক্ষেত।
তৈষ, পৌষমাস। [র্ণমাসী।
তৈষী, পুষ্যানক্ষত্র যুক্ত পূর্ণিমা, পৌষী পৌ-
তৈক্ষ্ণ্য, (তীক্ষ্ণ) তীক্ষ্ণতা, তীব্রতা।
তোক, (তু) সন্ততি, পুত্র, কন্যা। [হরিদ্বর্ণ।
তোকা, কর্ণমল, কাণের খইল, অপক্ক যব;
তোটক, (ত্রোটকী) দ্বাদশাক্ষর ছন্দোবিশেষ।
তোড়, (তুড়) জলের তেজঃ, জলবেগ; প্রবাহের প্রবলতা। [নিন্দন।
তোড়ন, খণ্ডন; ভাঙ্গন; তিরস্কার করণ;
তোড়ানী, নদীর ভগ্ন তীর।
তোড়ল, (তড়) স্থূলাকার বলয়, মোটাবালা।
তোড়া, (তুড়) থলিয়া, বল্লী; পরছতী।
তোড়ানী, (তুড়) কাঞ্জী, আমানী।
তোতলা, (তোতা) অস্ফুটবাক, অস্পষ্টকথন
তোতা, (যাং) টিআ পাখী।

তোত্র, গো তাড়ন দণ্ড, পাঁচনী বাড়ী।
তোদ, ব্যথা, বেদনা।
তোপ, (যাং) আগ্নেয় যন্ত্র, কামান।
তোপড়া, (তর্দ্দ) শুষ্ক; কোঁকড়ান; পুলিন্দা
তোবড়ন, (তোবড়) কোঁকড়ন; শুকন।
তোবা, (যাং) পশ্চাত্তাপ, অনুতাপ, খেদ।
তোমর, অস্ত্র বিশেষ, শর্ব্বলা, শাবল।
তোমরধর, অগ্নি, অনল, হুতাশন।
তোয়, (তু) জল, সলিল, বারি।
তোয়কাম, জলাভিলাষী, জলপ্রার্থী।
তোয়কৃচ্ছ্র, জলপাত্র পানরূপ ব্রতবিশেষ।
তোয়ডিম্ব, ঘনোপল, করকা, শিল।
তোয়দ, (তোয়-দা) মেঘ বারিদ, ঘৃত; মুস্তক
তোয়ধি, (তোয়-ধা) জলধি, সমুদ্র, সাগর।
তোয়ধিপ্রিয়, লবঙ্গ।
তোয়পিপ্পলী, কাঁচড়া; জলজ শাকবিশেষ।
তোয়প্রসাদন, কতক ফল, নির্ম্মলীফল।
তোয়বল্লী, কারবেল্ল, করলা, উচ্ছে।
তোয়শুক্তিক, জলশুক্তি, ঝিনুক।
তোয়সূচকা, ভেক, বর্ষাভু, বেঙ।
তোরণ, (তুর) বহির্দ্বার বাহাদ্বার; চাঁদনী; বারাণ্ডা। [রেক্তি।
তোলা, পরিমাণ বিশেষ, একতোলা, আশী
তোলক, (তুল) তোলা, অশীতি রক্তিকা, আশীরক্তি। [উত্তোলন।
তোলন, (তোল) উত্থাপন, উঠান, উৎপাতন,
তোলা, উত্থাপিত; তোলক, অশীতি রক্তি পরিমাণ।
তোলাকাপড়, অসাধারণ ব্যবহার্য্য বস্ত্র।
তোশক, (যাং) বিছানা, স্বল্প-গদি।
তোষ (তুষ) তৃপ্তি; হর্ষ, আনন্দ, আহ্লাদ।
তোষণ, তৃপ্ত করণ; সানন্দ করণ।
তৌতিক, গ্রন্থ বিশেষ।
তৌতিকা, মুক্তা; শুক্তি, ঝিনুক।
তৌর্য্য, (তুরি) মুরজাদি বাদ্য, শব্দ।
তৌর্য্যত্রিক, নৃত্যগীত বাদ্য এতত্ত্রয়।
তৌল, (তুল) পরিমাণক্রিয়া, মাপন, ওজন; সমতা করণ।
তৌলিক, চিত্রকর, পটুয়া।
তৌষার, (তুষার) তুষার জল, হিম জল।
তৌক্ষিক, ধনুরাশি।
ত্যক্ত, (ত্যজ) ত্যাগ করা, উজ্ঝিত, বিবর্জ্জিত; বিরক্ত, বিক্ষিপ্ত চিত্ত, দেক।
ত্যক্তা, ত্যাগকারী, বর্জ্জনকারক।
ত্যজন, ত্যাগ, পরিহার, বর্জ্জন, ছাড়ন।
ত্যাগ, বর্জ্জন, উৎসর্গ, পরিহার, মোচন।
ত্যাগপত্র, ফরাখৎ নামা। [র্জ্জক।
ত্যাগী, (ত্যাগিন) দাতা; ত্যাগকারী, বিব-
ত্যাজ্য, (ত্যজ) ত্যাগযোগ্য, বর্জ্জনীয়, পরি-
ত্যাগের উপযুক্ত; পরিহার্য্য।
ত্রপ, পুরবিশেষ। [বংশ, কুল; কীর্ত্তি।
ত্রপা, (ত্রপ) ব্রীড়া, লজ্জা; দুষ্টা, কুলটা;
ত্রপাক, স্লেচ্ছ বিশেষ।
ত্রপাকর, (ত্রপা-কৃ) লজ্জাকর, ব্রীড়াজনক।
ত্রপারণ্ডা, বেশ্যা, বারাঙ্গনা, কুলটা।
ত্রপিত, (ত্রপ) ত্রপান্বিত, লজ্জিত, ব্রীড়িত, লজ্জাযুক্ত।
ত্রপিষ্ঠ, অত্যন্ত লজ্জিত, অতিশয় ব্রীড়ান্বিত
ত্রপীয়ান, অতিশয় লজ্জাশীল, লজ্জিত।
ত্রপু, সীসক, সীসা; রঙ্গ, রাং।
ত্রপুল, রঙ্গ, রাং; সীসক, সীসা।
ত্রপুষ, রঙ্গ, রাং; সীসক, সীসা
ত্রপুস, রঙ্গ, রাং; সীসক, সীসা।
ত্রপুসী, লতাবিশেষ, সসা, ক্ষীরা।
ত্রপ্স্য, অঘন দধি, পতলাদই।
ত্রয়, (ত্রি) তিন, ত্রিসংখ্যা স্বরূপ।
ত্রয়ী, ঋক্ যজুঃ সাম এই তিন বেদ; পুরন্ধ্রী, গৃহিণী।
ত্রয়ীতনু, সূর্য্য, ভাস্কর, রবি।
ত্রয়ীধর্ম্ম, বেদোক্ত কর্ম্ম কাণ্ড।
ত্রয়ীমুখ ব্রাহ্মণ, দ্বিজ, বিপ্র।
ত্রয়োদশ, (ত্রি-দশন) সংখ্যাবিশেষ, তের সংখ্যা; তের সংখ্যার পূরণ।
ত্রয়োদশী, তিথি বিশেষ, চন্দ্রের ত্রয়োদশ কলার ক্রিয়া কাল।
ত্রস, বন, অরণ্য জঙ্গম, অস্থাবর।
ত্রসরেণু, ত্রিশ পরমাণু পরিমাণ; অণুপরিমাণ, জলান্তর গত সূর্য্যকিরণে লক্ষ্য সূক্ষ্ম ধূলি কণা।
ত্রস্ত, (ত্রস) ভীত; ত্বরান্বিত, শীঘ্র; ব্যস্ত।
ত্রস্ত, (ত্রস) ভীত, ভীরু, শঙ্কান্বিত।
ত্রস্নু, ত্র সযুক্ত ভয়ান্বিত, ভয়শীল।
ত্রাণ, (ত্রৈ) রক্ষণ; উদ্ধারণ, তরণ, মুক্তি, মোক্ষ, রক্ষিতা।
ত্রাণা, (ত্রায়মাণা) লতা বিশেষ।
ত্রাত, (ত্রৈ) রক্ষিত; উদ্ধৃত; পরিত্রাণ প্রাপ্ত, প্রাপ্ত রক্ষণ।
ত্রাতা, (ত্রাতৃ) রক্ষাকর্ত্তা, ত্রাণকর্ত্তা, রক্ষক

ত্রায়মাণ, রক্ষ্যমাণ, প্রাপ্ত রক্ষণ।
ত্রায়মাণা, বলা মামে প্রসিদ্ধ লতা।
ত্রাস, (ত্রস) ভয়, শঙ্কা, ডর। [কি, ভয়প্রদ।
ত্রাসদায়ী, ভয়দাতা, শঙ্কাদায়ক, ভয়প্রদর্শ-
ত্রাসিত, (ত্রস) ভয়ান্বিত শঙ্কিত, ভয়প্রাপ্ত।
ত্রাসী, (ত্রাসিন্) শঙ্কান্বিত, ভয়যুক্ত, ভীত।
ত্রাহি, (ত্রৈ) রক্ষা করহ, বাঁচাও, ত্রাণকর।
ত্রি, (ত) তিন, সংখ্যাত্রয়।
ত্রিংশ, (ত্রি) ত্রিশ সংখ্যার পূরণ, তিরিশওএ
ত্রিংশৎ, সংখ্যা বিশেষ ত্রিশ।
ত্রিংশৎপত্র, কুমুদ, কহ্লার, হেলা। [রাস্তা।
ত্রিক, তিন সংখ্যা; ত্রিপথ স্থান, তেমাতা
ত্রিককুৎ, পর্ব্বতবিশেষ, ত্রিকুটপর্ব্বত।
ত্রিকচ্ছ, বস্ত্রধারণ নিয়ম বিধিমত বস্ত্র ধারণ
ত্রিকট, গোক্ষুর, গোক্ষুরী লতা।
ত্রিকটু, মিশ্রিত মরীচ পিপুল শুঁঠ।
ত্রিকন্ট, পত্রগুপ্তবৃক্ষ, তেকাঁটা সিজ।
ত্রিকা, কূপের উপরিস্থ কাষ্ঠবিশেষ।
ত্রিকাল, ভূত ভবিষ্যৎ বর্ত্তমান কাল।
ত্রিকালজ্ঞ, বুদ্ধ; সর্ব্বজ্ঞ; ত্রিকালবেত্তা, কা-
লত্রয়ের অবস্থা জ্ঞাতা।
ত্রিকালদর্শী, ঋষি, মুনি; ভূত ভবিষ্যৎ বর্ত্ত
মান কালের বিষয় জ্ঞাতা।
ত্রিকুল, পিতৃ মাতৃ ও শ্বশুর বংশ।
ত্রিকূট, সিন্ধুলবণ, সামুদ্র লবণ, করকচ
লোণ; পর্ব্বত বিশেষ। [যোনি, ভগ।
ত্রিকোণ, তিন কোণ; ত্রিকোণবিশিষ্টস্থান;
ত্রিখ, রঙ্গ, রাং, সীসক, সীসা।
ত্রিখট্ট খট্টাত্রয়, তিনখানা খাট।
ত্রিগণ, ত্রিবর্গ, ধর্ম্ম অর্থকামএইতিন। [ভাগ
ত্রিগর্ত্ত, দেশ বিশেষ, লাহোর দেশের এক
ত্রিগর্ত্তা, ঘুর্ঘরিকা, ঘুর্ঘুরা; কামুকী স্ত্রী।
ত্রিগুণ, সত্ত্ব রজঃ তমঃ; তিন বার; ত্রিসং-
খ্যা দ্বারা গুণিত। [পুরুষ।
ত্রিগুণাতীত, (ত্রিগুণ-অতীত) ব্রহ্ম, পরম-
ত্রিজগৎ, ত্রিভুবন, স্বর্গ-মর্ত্ত-পাতাল।
ত্রিণ, তৃণ, ঘাস।
ত্রিণতা, ধনুক, কার্ম্মুক।
ত্রিণাচিকেত, যজুর্ব্বেদের একভাগ।
ত্রিতয়, (ত্রি) তিনেরপূরণ; তিন সংখ্যা।
ত্রিদণ্ড, সন্ন্যাসাশ্রম, যত্যাশ্রম।
ত্রিদণ্ডী, ত্রিদণ্ডকারী, যতি; যজ্ঞোপবীত।
ত্রিদশ, (ত্রি-দশ) দেবতা, সুর, অমর।
ত্রিদশদীর্ঘিকা, স্বর্গগঙ্গা, মন্দাকিনী।

ত্রিদশমঞ্জরী, তুলসী, বহুমঞ্জরী।
ত্রিদশাবাস, (ত্রিদশ-আবাস) স্বর্গ, সুরপুরী।
ত্রিদশায়ুধ, বজ্র, অশনি, বাজ।
ত্রিদশারি অসুর, দনুজ, দানব। [পর্ব্বত।
ত্রিদশালয়, (ত্রিদশ-আলয়) স্বর্গ; সুমেরু
ত্রিদশাহার, অমৃত, সুধা। [দিনে স্পর্শ।
ত্রিদিনস্পৃক, ত্র্যহস্পর্শ, এক তিথির তিন
ত্রিদিব, স্বর্গ; আকাশ।
ত্রিদিবা; নদীবিশেষ। [ইন্দ্র।
ত্রিদিবেশ, (ত্রিদিব-ঈশ) দেবতা, অমর;
ত্রিদৃক, শিব, মহাদেব, ত্রিনেত্র।
ত্রিদোষ, বাত পিত্ত শ্লেষ্ম বিকার।
ত্রিদোষজ, (ত্রি-দোষ-জন) ত্রিদোষ জনিত
রোগ, সন্নিপাত রোগ।
ত্রিধা, (ত্রি) তিনপ্রকার, তিনবার।
ত্রিধাতু, ধাতুত্রয়; গণেশ, হেরম্ব, লম্বোদর
ত্রিধামা, বিষ্ণু; শিব; অগ্নি; মৃত্যু।
ত্রিধারা, তিন স্রোত; তিন নিয়ম।
ত্রিনয়ন, শিব, শম্ভু, মহাদেব।
ত্রিনেত্র, শিব, শম্ভু, মহাদেব।
ত্রিনেত্রচূড়ামণি, চন্দ্র, শশধর।
ত্রিপঞ্চাশৎ, সংখ্যাবিশেষ, তিপ্পান্ন।
ত্রিপতাক, রেখাত্রয়ান্বিত কপাল।
ত্রিপত্র যাহার তিন পত্র আছে, বিল্বপ-
ত্রাদি; কুশ বিশেষ।
ত্রিপথ, ত্রিমার্গ; তেমাতা পথ।
ত্রিপথগা, গঙ্গা, ভাগীরথী।
ত্রিপদিকা, ধাতুনির্ম্মিত ত্রিপদযুক্ত শঙ্খা-
ধার, তেপায়া। [আধার; ছন্দোবিশেষ।
ত্রিপদী, (ত্রি-পদ) তেপায়া; অর্ঘ্যপাত্রের
ত্রিপর্ণ, পলাশবৃক্ষ।
ত্রিপাদ, বিষ্ণু, নারায়ণ।
ত্রিপিষ্টপ, স্বর্গ, দেবলোক।
ত্রিপিষ্টপসৎ, দেবতা, সুর, বিবুধ।
ত্রিপুট, তট, তীর; গোক্ষুরী লতা।
ত্রিপুটা, মল্লিকা; এলাচী।
ত্রিপুটী, এরণ্ডবৃক্ষ, ভেরাণ্ডা গাছ।
ত্রিপুণ্ড, তিনরেখাযুক্ত তিলক; কপালস্থ
রেখাত্রয়।
ত্রিপুর, ময়দানব নির্ম্মিত পুরত্রয়; অসুর-
বিশেষ। [ত্রিপুরারি।
ত্রিপুরদহন, ত্রিপুরান্তক, মহাদেব, শিব,
ত্রিপুরান্তক, (ত্রিপুর-অন্তক) শিব, মহাদে-
ব, শঙ্কর।

ত্রিপুরারি, (ত্রিপুর-অরি) শিব, মহাদেব শম্ভু।
ত্রিপুরী, দেশবিশেষ [illegible] ত্রিস্রোত।
ত্রিফলা, (ত্রি-[illegible] আমলকী-হরীতকী-বহেড়া।
ত্রিবর্গ, ধর্ম্ম [illegible] কাম; ত্রিফলা, ত্রিকটু, উৎপত্তি [illegible] নাশ, সত্ত্বরজঃ তমঃ।
ত্রিবলি, [illegible] উপবিষ্ট বলিত্রয়।
ত্রিবলোক, [illegible], গুহ্যদ্বার।
ত্রিবিক্রম, বামনাবতার, বিষ্ণু। [ত্রিধা।
ত্রিবিধ, (ত্রি-বিধা) তিনপ্রকার, তিনধারা
ত্রিবিষ্টপ স্বর্গ, সুরলোক।
ত্রিবৃৎ (ত্রি-বৃ) লতাবিশেষ, তেউড়ী।
ত্রিবৃৎকবল [illegible] একত্রীকরণ
ত্রিবৃৎপর্ণী, হিলমোচিকা হেলেঞ্চ শাক, হিংচে। [বিশেষস্থান।
ত্রিবেণী, স্থানবিশেষ গঙ্গা যমুনা সরস্বতীর
ত্রিবেদ, ঋক, যজুঃ, সাম এই তিনবেদ।
ত্রিভঙ্গ, শ্রীকৃষ্ণ, তিন অঙ্গের ভঙ্গি; মূর্ত্তিবিশেষ [ভাগ।
ত্রিভুবন, ত্রিলোক, ত্রৈলোক্য, স্বর্গমর্ত্ত-পা
ত্রিমধু, ঋগ্বেদের এক ভাগ, বেদজ্ঞবিশেষ, ঘৃত মধু চিনি।
ত্রিমার্গী, (ত্রি-মার্গ) ত্রিপথগা, স্রোতা গঙ্গা
ত্রিমুকুট, ত্রিকূট পর্ব্বত।
ত্রিমূর্ত্তি, ব্রহ্মা বিষ্ণু শিব।
ত্রিযট, (তৃতীয়) বাদ্য বিশেষ, তেওট।
ত্রিযষ্টি, শ্বেতপর্পটি, শ্বেতপাপড়।
ত্রিযামক, পাপ, কলুষ, অঘ। [নদী।
ত্রিযামা (ত্রি-যাম) রাত্রি; হরিদ্রা, যমুনা
ত্রিযোনি, লোভাদি কলিত বিবাদ, যোনিত্রয়
ত্রিরেখ, (ত্রি-রেখ) শঙ্খ, শাঁখ।
ত্রিলোক, ত্রিভুবন স্বর্গমর্ত্ত পাতাল।
ত্রিলোকী, ভূর্লোক ভুবর্লোক-স্বর্লোক, ত্রিভুবন, ত্রিজগৎ।
ত্রিলোকেশ, সূর্য্য, শম্ভু, রবি।
ত্রিলোচন, মহাদেব, শিব।
ত্রিলোচনী, দুর্গা, ভগবতী।
ত্রিলৌহ, স্বর্ণ রজত তাম্র এই তিন।
ত্রিশঙ্কু, রাজাবিশেষ
ত্রিশঙ্কুজ, (ত্রিশঙ্কু-জন) হরিশ্চন্দ্ররাজা।
ত্রিশঙ্কুযাজী, বিশ্বামিত্র, গাধিসুত।
ত্রিশাখপত্র বিল্ববৃক্ষ, শ্রীফলবৃক্ষ।
ত্রিশিরা ত্রিশীর্ষ [illegible] রাক্ষসবিশেষ।
ত্রিশির, (ত্রি-শিরস) কুবের; রাক্ষসবিশেষ
ত্রিশীর্ষক, ত্রিশূল; শিবাস্ত্র, তেকাঁটা।
ত্রিশূল অস্ত্রবিশেষ, শিবের অস্ত্র।
ত্রিশূলী, শিব, মহাদেব, মহেশ।
ত্রিশৃঙ্গ, ত্রিকূটপর্ব্বত; ত্রিকোণ।
ত্রিশৃঙ্গী, রোহিত মৎস্য, রুইমাছ।
ত্রিসন্ধি পুষ্পবিশেষ।
ত্রিসন্ধ্য, (ত্রি-সন্ধ্যা) সায়ং প্রাতঃ মধ্যাহ্ন।
ত্রিসন্ধ্যা, সায়ং প্রাতঃ মধ্যাহ্ন।
ত্রিসবন, ত্রিকাল পূর্ব্বাহ্ণ মধ্যাহ্ণ অপরাহ্ণ।
ত্রিসর, কৃশর, তিল মিশ্রিতান্ন, তিলখাউ।
ত্রিস্রোতা গঙ্গা, ভাগীরথী; নদীবিশেষ।
ত্রিহল্য, তিনবার কৃষ্ট ভূমি।
ত্রিহায়নী, (ত্রি-হায়ন) তিনবৎসরের গোরু
ত্রুটি, (ত্রুট) ক্ষতি, হানি, অপচয়, ক্ষত, টুট; আজ্ঞা লঙ্ঘন, প্রতিজ্ঞার অন্যথা, ভ্রম, অপরাধ; সংশয়; কালের পরিমাণ বিশেষ। [দোষী।
ত্রুটিকারক, ক্ষতিকারক, অপচয় কারী;
ত্রুটিবীজ, কচ্বী কচু।
ত্রেতা, (ত্রৈ) দ্বিতীয় যুগ, যজ্ঞাগ্নিবিশেষ।
ত্রেধা, ত্রিধা, তিন প্রকার। [মিলন।
ত্রৈগুণ্য (ত্রিগুণ) ত্রিগুণের ধর্ম্ম; ত্রিগুণের
ত্রৈধ, (ত্রিধা) তিন প্রকার।
ত্রৈবিদ্য, (ত্রিবেদ) ত্রিবেদজ্ঞ, বেদত্রয়বেত্তা
ত্রৈবিধ্য, (ত্রিবিধ) প্রকার ত্রয়, তিন প্রকার
ত্রৈমাসিক, (ত্রৈ-মাস) তিন মাসের।
ত্রৈরাশিক, (ত্রিরাশি) অঙ্ক প্রকরণ বিশেষ
ত্রৈলোক্য, (ত্রিলোক) ত্রিভুবন; ত্রিলোকী; ব্রহ্মাণ্ড। [সিদ্ধি।
ত্রৈলোক্যবিজয়া, ভঙ্গা, ভাং, সিদ্ধি, স-
ত্রোটকী, রাগিণীবিশেষ। [মৎস্যবিশেষ।
ত্রোটি, (ত্রুট) চঞ্চু, ওষ্ঠ ঠোঁট, কট ফল;
ত্রোটিহস্ত, পক্ষী, বিহঙ্গম।
ত্রোটী, চঞ্চু, ওষ্ঠ, ঠোঁট।
ত্রোত্র, গবাদি তাড়ন দণ্ড, পাচনী বাড়ী।
ত্র্যধ্বগা গঙ্গা, ত্রিপথগা, সুরধুনী। [পান্তর।
ত্র্যবান্তর, (ত্রি-অবান্তর) মাঠ, প্রান্তর, তে-
ত্র্যম্বক, শিব, মহাদেব, ত্রিলোচন।
ত্র্যম্বকসখ, কুবের, যক্ষরাজ, ধনাধিপ।
ত্র্যশীতি, (ত্রি-অশীতি) সংখ্যা বিশেষ, তে-রাশী।
ত্র্যহস্পর্শ, (ত্রি-অহ-স্পর্শ) এক দিনে তিন তিথির সংযোগ।

ত্র্যক্ষর, (ত্রি-অক্ষর) প্রণব, ওঁকার; তিন অক্ষর। [ত্র্যহ] তিন দিবসান্তে অবধি রোগাদি।

ত্র্যাহিক, (ত্র্যহ) তৃতীয় দিবসে উৎপাদ্য;

ত্ব, ভিন্ন, অন্য।

ত্বং, তুমি। [বাকল।

ত্বক, (ত্বচ) স্পর্শেন্দ্রিয়: চর্ম্ম; ছাল, বল্কল,

ত্বক্‌কণ্ডুর, ব্রণ, স্ফোটক, ফোড়া।

ত্বকচ্ছেদ, যাবনিক সংস্কার বিশেষ, উপস্থের চর্ম্ম কাটন।

ত্বকপত্র, তেজপত্র।

ত্বক্‌পুষ্প, রোমাঞ্চ, লোমাঞ্চ; ছুলীরোগ।

ত্বক্‌সার, বংশ, বাঁশ; তেজপত্র তেজপাত শোণ বৃক্ষ।

ত্বক্‌ক্ষীরা, বংশরোচনা, বংশলোচন।

ত্বগঙ্কুর, (ত্বক-অঙ্কুর) রোমাঞ্চ, লোমাঞ্চ, পুলক।

ত্বগ ক্ষীরী, বংশ রোচনা, বংশলোচন।

ত্বগজ, রোম, লোম, রুধির, শোণিত রক্ত।

ত্বগ্‌দোষ, কোঠরোগ; ত্বক্‌চর্ম্ম, অপ্রাবৃত মেঢ্র। [চিনি।

ত্বচ, চর্ম্ম, বল্কল, ছাল, বৃক্ষবিশেষ; দারু-

ত্বচা (ত্বচ) চর্ম্ম, ছাল, বল্কল, বাকল [বাক

ত্বচিসার, বংশ, বাঁশ; তাল, নারিকেল; গু-

ত্বচ্‌সুগন্ধা, ক্ষুদ্র এলাচী, গুজরাটি এলাচ।

ত্বক্‌জ্ঞান, (ত্বচ-জ্ঞান) স্পর্শজ্ঞান, ত্বগিন্দ্রিয় জন্য প্রত্যক্ষ।

ত্বগ্‌জ্ঞেয়, স্পর্শনীয়, ত্বাচ প্রত্যক্ষের যোগ্য

ত্বঞ্চ, প্রবঞ্চনা, প্রতারণা, ছলনা।

ত্বৎ, ভিন্ন, পৃথক্‌, তোমা হইতে।

ত্বদীয়, (যুষ্মদ) তোমারই, ভবৎ সম্বন্ধীয়

ত্বরা, (ত্বর) বেগ, শীঘ্র, দ্রুত।

ত্বরাকারক, শীঘ্রকারক, দ্রুতকারী।

ত্বরায়, শীঘ্র, ক্ষিপ্র, ত্বরিত।

ত্বরিত, সত্বর, বেগযুক্ত; শীঘ্র, দ্রুত আশু।

ত্বষ্ট, তক্ষকৃত; পরিষ্কৃত, চাঁচা ছোলা।

ত্বষ্টা, আদিত্য বিশেষ, বিশ্বকর্ম্মা; বর্ণসঙ্কর জাতি বিশেষ, সূত্রধার, ছুতার।

ত্বাচপ্রত্যক্ষ, স্পর্শজ্ঞান, স্পর্শ জন্য বোধ।

ত্বাষ্ট্র, বৃত্র নামা অসুর। [রথিকা, ক্ষুদ্র রথ।

ত্বাষ্ট্রী, চিত্রানক্ষত্র; সংজ্ঞা নাম্নী সূর্য্যপত্নী,

ত্বিষা, দীপ্তি, শোভা, রশ্মি।

ত্বিষাম্পতি, সূর্য্য, রবি, ভানু।

ত্বিষি, কিরণ, রশ্মি, তেজঃ, প্রভা। [শীঘ্র।

ত্বিষ, শোভা, প্রভা; বাকা; ব্যবসায়; ত্বি-

ৎসরু খড়্গ মুষ্টি, খড়্গের মুঠা।

থ

থ, থকার ব্যঞ্জনের সপ্তদশ বর্ণ, তবর্গের দ্বিতীয় বর্ণ; রক্ষণ; মঙ্গল, ধ্বংশ; পর্ব্বত; ভয়; রক্ষক; ব্যাধিবিশেষ; ভয়চিহ্ন; ভক্ষণ।

থই, (স্থপতি) তলস্পর্শ; ইষ্টকময় অট্টালিকা গৃহাদি নির্ম্মাতা, রাজ

থইপনা, (থই) রাজের কর্ম্ম।

থকা, গুচ্ছ, স্তবক, গোছা। [তল পাওন।

থমকান, (থমকা) থামন; বিস্ময়ান্বিত হওন;

থর, (স্থির) শ্রেণী, পংক্তি।

থরথর, কম্পান্বিত, কম্পিত।

থরথরানি, (থরথর) কাঁপনি, কম্পন। [ক্ত।

থরসা, (স্ত-রস) অর্দ্ধ ভর্জ্জিত অথচ রসযু-

থলিয়া, (স্থলী) গুণ, ছালা, বস্তা।

থলী, (স্থলী) বস্তা, গুণ; থলিয়া।

থলুয়া, (স্তবক) গুচ্ছ, স্তবক।

থলথলিয়া, লোলিত; ঝলঝলিয়া।

থল্যাৎ, অপক্ব দ্রব্য রক্ষক।

থা, (স্থা) স্থান, স্থির, নিশ্চিত।

থাই, (স্থায়ী) নদীর তলা; তলস্পর্শ; শ্রেণী, মাচা, মঞ্চ; পক্ষ।

থাক, (স্থা) ছেদ, শ্রেণী; রহন, তিষ্ঠন।

থাকন, স্থিতি করণ, তিষ্ঠন, রহন; টিকন; বাস করণ

থাতান, (থাতা) শান্তকরণ, সুস্থির করণ।

থানা, (খণ্ড) থান; সমগ্র।

থানা, (স্থান) আড্ডা, চৌকিস্থান; দস্যু বার ভকাদির মিলন স্থান।

থাপড়, (চর্পট) চাপড়, করতল, থাবা, চড়।

থাবড়ান, চাপট করণ; মলন।

থাবা, (তল) কুক্কুরতল, অঙ্ক, পূর্ণমুষ্টি।

থাম, (স্তম্ভ) খুঁটি।

থামন, (থাম) নিঃশ্বাস, শান্ত হওন; থাকন; ক্ষান্তহওন, বিরত।

থামান, শান্তকরণ, স্থিরকরণ; বদ্ধ করণ।

থালা, (স্থাল) ধাতুময় ভোজন পাত্র বিশেষ

থালী, (স্থালী) হাঁড়ী; তৈলাধার পাত্রবিশেষ

থাসন, (থাস) ছানন, ঠাসন, মর্দ্দন।

থিতন, (থিৎ) চঞ্চল দ্রবদ্রব্যের [স্থি]রী করণ।

থু, (ষ্ঠীব) থুক, থুথু, ছেপ, পিক, নিষ্ঠীবন, ঘৃণা বাচক।

থুঅন, (থু) রাখন স্থাপন ; অর্পণ।
থুক, (ষ্ঠীব) নিষ্ঠীবন, থুথু ; ঘৃণাবাচক।
থুকন, নিষ্ঠীবন, থুথু ফেলন।
থুতনী, চিবুক, ওষ্ঠের অধোভাগ।
থুতি, (ত্রোতি) মুখ, চিবুক, দাড়ি।
থুৎকার, নিষ্ঠীবন ত্যাগানুকরণ ; থুথুফেলন
থুৎকুড়ী, (থু-কুট) থুথু, নিষ্ঠীবন।
থুবড়ন, (তুণ্ড-বৃ) অধোমুখে পতন, নত হইয়া পড়ন। [বিবাহ।
থুবড়া, (স্থবির) অধিক বয়স পর্য্যন্ত অকৃত
থুবা, (স্তবক) গুচ্ছ, স্তবক, ঝাপ্পা।
থুরণ, (থুর) কুঁচন, কুচিং করিয়া কাটন।
থেঁতলান, (থেঁতলা) দলন, নিষ্পীড়ন ; পদ দ্বারা মর্দ্দন।
থেবড়া, (স্থবির) চেপ্টা, নত ; চৌড়া।
থৈথৈ, বাদ্যানুকরণ শব্দ বিশেষ।
থৈলী, (তৈল) থলিয়া, বস্নী, বোরা, গুণ।
থোওন, (থো) রক্ষণ, রাখন স্থাপন।
থোক, (স্তূপ) একত্র সমুদয়, রাশি, মোট ; একুন ; গুচ্ছ।
থোকেথোকে, (স্তূপ) একেবারে, সমুদায়ে, মোটে একুনে।
থোড়, (স্থূল) ফলিত কদলী বৃক্ষের গর্ভ ; কলা গাছের মধ্যদেশ।
থোড়ন, সম্বরণ ; শাম্য হওন ; খণ্ডং করণ
থোড়া, (স্তোক) কিঞ্চিৎ, অল্প।
থোতাল, (থোড) মোটা ; বিকসনোদ্যত।
থোপা, (থোপ) থোপনা, থোবা, ঝাপ্পা।
থোপনা, গুচ্ছ ; আনন, আস্য, মুখ।
থোবা, (স্তবক) গুচ্ছ, কাঁদি।

দ

দ, দকার, ব্যঞ্জনের অষ্টাদশ বর্ণ, তবর্গের তৃতীয় অক্ষর ; ভার্য্যা ; অচল ; দাতা।
দই, (দধি) দুগ্ধ বিকার বিশেষ।
দংশ, (দন্স) কীটবিশেষ, দাঁশ, ডাঁশ ; বর্ম্ম ; খণ্ডন ; ছেদ ; মর্ম্ম, সর্পক্ষত ; দন্ত।
দংশক, কীটবিশেষ, দাঁশ ; দন্তাঘাতকারী।
দংশন, (দন্স) দন্তাঘাত করণ, কামড়ান ; হুলফুটান, বর্ম্ম ; সাঁজোয়া।
দংশভীরু, মহিষ ; কাসর। সাঁজোয়া পরা।
দংশিত, দষ্ট, দন্তাদি দ্বারা খণ্ডিত ; বর্ম্মিত,
দংশী, ক্ষুদ্রদংশ, ছোট ডাঁশ।
দংষ্ট্র, (দন্স) দন্ত, রদন ; হুল ; দাঢ়।

দংষ্ট্রা, বিশাল দন্ত, বড় দাঁত, দাড়া।
দংষ্ট্রী, (দংষ্ট্রিন্) বৃহদ্দন্তবিশিষ্ট, দাঁতোল ; কামড়ানিয়া ; হিংস্র শূকর সর্পাদি।
দক, জল, সলিল, বারি।
দক্তি, (দ-অক্তি) দাঁতের অঙ্গ বিশেষ।
দগ্ধ, (দহ) ভস্মীভূত, পুড়া, পোড়া ; জ্বলিত ; অগ্নিতাপিত ; জ্বালা।
দগ্ধকাক, দ্রোণকাক, দাঁড়কাক।
দগ্ধন, দাহন, পোড়ান, জ্বালাতন করণ।
দগ্ধরথ, চিত্ররথ নামক গন্ধর্ব্ব বিশেষ।
দগ্ধরুহা, বৃক্ষবিশেষ, দগ্ধা বৃক্ষ, কুরুহগাছ
দগ্ধা, অমঙ্গল্য তিথিবিশেষ ; কুরুহগাছ।
দগ্ধিকা, (দগ্ধ) দগ্ধ অন্ন, পোড়া ভাত, ভৃষ্টধান্য ; বৃক্ষবিশেষ ; কুরুহগাছ [পোড়া ইট
দগ্ধেষ্টকা, (দগ্ধ-ইষ্টক) ঝামক, ঝামা খর-
দজ্জাল, (দুর্জ্জন) দুষ্ট, ক্রূর, অন্যায়ী।
দড়, (দৃঢ়) শক্ত, কঠিন।
দড়া, (দৃহ) দীর্ঘ স্থূল রজ্জু, কাছী।
দড়ী, (দৃহ) রজ্জু, রশ্মি, গুণ।
দঢ়, (দৃঢ়) শক্ত, কঠিন, জোরাল।
দণ্ড, (দণ্ড) ষষ্টিপল পরিমিত কাল ; ঘড়ী ; লগুড়, যষ্টি ; দমন, নিগ্রহ ; শাসন ; ঊর্দ্ধ স্থিতি ; সন্ন্যাস ধর্ম্ম।
দণ্ডক, বর্নবিশেষ ; ছন্দোভেদ।
দণ্ডকা, জনস্থান ; দণ্ডকারণ্য।
দণ্ডকাক, দ্রোণকাক, দাঁড়কাক।
দণ্ডঢক্ক, বাদ্যবিশেষ, দামামা, দগড়।
দণ্ডতাত্রী, বাদ্যবিশেষ, তাত্রীবাদ্য।
দণ্ডদাতা, (দণ্ড-দাতৃ) শাসনকর্ত্তা, শাস্তা, রাজা ; বিচারক।
দণ্ডদায়ী, যম ; রাজা ; শাস্তি দায়ক।
দণ্ডধর, (দণ্ড-ধৃ) রাজা, ভূপতি ; যম ; প্রেতাধিপ ; লগুড়ধারক।
দণ্ডধারী, (দণ্ড-ধারিন্) রাজা, যম ; যষ্টিধারী
দণ্ডনায়ক, সেনানী, সেনাপতি, চতুরঙ্গ বলাধ্যক্ষ, দণ্ডদাতা।
দণ্ডনীতি, অর্থশাস্ত্র ; নীতিশাস্ত্র ; দণ্ডবারহা।
দণ্ডনীয়, (দণ্ড) শাসনযোগ্য ; দম্য।
দণ্ডপাংশুল, দ্বারপাল, দ্বারী, দ্বারবান।
দণ্ডপাণি, যম, কাশীস্থ শিবগণবিশেষ
[অন্তর্গত বিবাহ বিশেষ।
দণ্ডপারুষ্য, তাড়নাদি অষ্টাদশ বিবাদের
দণ্ডপাল, দ্বারপাল, দ্বারবান ; মৎস্যবিশেষ ; দাঁড়িকা মাছ।

দন্তকাকাকা, দন্ত ঘর্ষণের শব্দ।
দন্তচ্ছদ, ওষ্ঠ, ঠোঁট। [তেলা কুচা।
দন্তচ্ছদোপমা, (দন্তচ্ছদ-উপমা) বিম্বফল,
দন্তজ, দন্তজন্য, দংশন, জাম্বুন।
দন্তধাবন, দন্তশুদ্ধি, দন্তমার্জ্জন।
দন্তপত্র, কুণ্ডল, কর্ণালঙ্কার বিশেষ।
দন্তপত্রক, কুন্দপুষ্প, কুঁদফুল।
দন্তপুষ্প, কতকফল, নির্ম্মলকল।
দন্তফল, কতকফল, নির্ম্মল ফল।
দন্তবস্ত্র, রদনচ্ছদ, ওষ্ঠ, ঠোঁট।
দন্তবাসঃ, ওষ্ঠ, ঠোঁট।
দন্তবীজক, দাড়িম্ব, দাড়িম্।
দন্তমল, দন্তলগ্নক্লেদ, পুষ্পিকা।
দন্তমূল, দাঁতের শিকড়, দাঁতের গোড়া।
দন্তমূলিকা, (দন্তমূল) বৃক্ষবিশেষ, দন্তীবৃক্ষ
দন্তশঠ, কপিত্থ, কতবেল; জম্বীর বিশেষ; কর্ম্মর জক, কামরাঙ্গা; অম্ল।
দন্তশর্করা, দন্তগত মল; দাঁতের মলা।
দন্তশাণ, নিশ্চূর্ণ, মিসি, মাজন।
দন্তশিরা, দন্তাধার, দাঁতের মাঢ়ি।
দন্তশূন্য, দন্তহীন, দাঁতপড়া, ফোগলা।
দন্তশূল, দন্তবেদনা, দন্তপীড়া বিশেষ।
দন্তহর্ষ, দন্তরোগ বিশেষ। [দ্বারা তাড়ন।
দন্তাঘাত, (দন্ত-আঘাত) দশনাঘাত, দন্ত-
দন্তাবল, হস্তী, করী, গজ, হাতী।
দন্তায়ুধ, (দন্ত-আয়ুধ) শূকর, বরাহ।
দন্তার্ব্বুদ, দন্তরোগ বিশেষ।
দন্তালিকা, বল্গা, প্রগ্রহ, লাগাম।
দন্তিকা, (দন্ত) বৃক্ষবিশেষ, দন্তীবৃক্ষ।
দন্তিনী, (দন্ত) হস্তিনী, করেণু; বৃক্ষবিশেষ
দন্তী (দন্ত) হস্তী করী, গজ; বৃক্ষবিশেষ।
দন্তীবীজ, জয়পাল, জয়পালের বীচি।
দন্তুর, (দন্ত) উন্নতদন্তযুক্ত, দেঁতো, দাঁতাল; বৃহৎ দন্ত বিশিষ্ট। [স্তব।
দন্ত্য, (দন্ত) দন্তসংযোগে উচ্চার্য্য, দন্তো-
দন্দশূক, সর্প; রাক্ষস, নিশাচর।
দন্দ্বগ্ন, বিবাদ, কলহ, ঝকড়া।
দপট, (দর্প) অহঙ্কার, গর্ব্ব।
দফা, শেষ, অবসান, পরিচ্ছেদ; প্রকরণ।
দফাদফা, (যাং) পুনঃ২, [illegible]
দফে, (যাং) পুনশ্চ, [illegible]
দফতর, পুস্তক, খাতা, হিসাবের বহি।
দফতরখানা, (যাং) হিসাবাদি রক্ষণের কর্ম্মালয়।

দফ্রা, (তুর্ক) ঢেউ, তরঙ্গ, মৌজ।
দব, বন, অরণ্য; বনাগ্নি, দাবানল।
দবথু, পরিতাপ; চক্ষুরাদি দাহ।
দবন, (দিব) ক্রীড়া, জ্বলন; দমন।
দবাগ্নি, (দব-অগ্নি) বনানল, বনাগ্নি।
দাবন, দমন; গোপন করণ। [তিশয় দূরস্থ।
দবিষ্ঠ, (দূর) অদূর; অত্যন্ত দূরবর্ত্তী, অ-
দবীয়ান্, (দূর) সুদূরতর, অতিশয় দূরবর্ত্তী।
দবকন, (দব) চমকন; আতঙ্কাম্বিত হওন।
দবকান, (দবকা) গোপন, লুক্কায়িত করণ।
দভ্র, কিঞ্চিৎ; অল্প; সমুদ্র, সাগর।
দম, শান্তি; দণ্ড; শাসন; ইন্দ্রিয়নিগ্রহ।
দমক, (দম) দমনকারী, শাসনকর্ত্তা।
দমঘোষ, চন্দ্রবংশীয় রাজাবিশেষ।
দমঘোষসুত, শিশুপাল।
দমথু, দণ্ড; শাসন, দমন, নিগ্রহ।
দমন, (দম) বশীকরণ; শাসন; আটকান; নিগ্রহ করণ; তাড়ন; পুষ্প বিশেষ, দোনা ফুল।
দমনক, বৃক্ষবিশেষ, দোনা গাছ।
দমনকর্ত্তা (দমন-কর্ত্তৃ) শাসনকর্ত্তা, নিগ্রহ কারী। [কারক।
দমনকারক, দমনকারী, দমনকর্ত্তা, নিগ্রহ
দমনী, বৃক্ষবিশেষ, দমন কারিকা।
দমনীয়, (দম) দণ্ডার্হ, দম্য, দমনের যোগ্য।
দময়ন্তী, নলরাজপত্নী।
দমিত (দম) দান্ত, নিগৃহীত; শাসিত।
দমী, (দম) দমন বিশিষ্ট, জিতেন্দ্রিয়।
দমুন, অগ্নি; শুক্রাচার্য্য।
দম্, নিশ্বাস, প্রতারণা, প্ররোচনা।
দমকল, জলোত্থাপনার্থ যন্ত্র বিশেষ।
দমকলী, (দমকল) জলপ্রক্ষেপণার্থ ক্ষুদ্র কলবিশেষ। [আক্রমণ।
দমকান, (দমকা) চাপন, দাবন; বলদ্বারা
দম্পতী, জায়াপতী, স্ত্রী পুরুষ।
দম্ভ, অহঙ্কার, গর্ব্ব; কপট; ধূর্ত্ততা।
দম্ভকারী, (দম্ভ-কারিন্) অহঙ্কারী, গর্ব্ব গরক; ধূর্ত্ত।
দম্ভোক্তি, (দম্ভ-উক্তি) গর্ব্বোক্তি, অহঙ্কার [illegible]নক কথা।
দম্ভোলি, বজ্র, অশনি, বাজ।
দম্য, (দম) দমনার্হ, দমনের যোগ্য; প্রাপ্ত
দম্যমন, কাম, বৎসর, অনড়্বান্, বৃষ।
দয়া, দয়া, করুণা, অনুকম্পা।

দয়া, (দয়) পরদুঃখ, বরণেচ্ছা, ইচ্ছা; কৃপা; স্নেহ, করুণা, অনুগ্রহ।
দয়াবান, দয়ালু, সদয়, করুণান্বিত। [স্বরূপ।
দয়াময়, দয়াস্বরূপ, সকরুণকরুণাবতার, কৃপা
দয়াল, দয়ালু, কৃপাবান, করুণান্বিত।
দয়ালু, (দয়া) কৃপাবান, দয়াশীল, দয়া যুক্ত।
দয়িত, (দয়) প্রিয়; প্রতি, স্বামী
দয়িতা, (দয়িত) প্রিয়া; ভার্য্যা, স্ত্রী।
দর, (দৃ) ঈষদর্থ, অল্পার্থ; শঙ্খ, ভয়; গর্ত্ত; পর্ব্বতের গহ্বর; মূল্য, কিঞ্চিৎ।
দরকণ্টক, বৃক্ষবিশেষ, শতাবরী।
দরকার, (বাং) আবশ্যকতা।
দরকারী, (বাং) আবশ্যক, জরুরী।
দরজী, (বাং) সূচিজীবী সূচিকর্ম্মকর।
দরণ, (দৃ) পতন; গলন, পতন, বিগলন।
দরণি, নদীর কূলভঙ্গ, ভাঙ্গন।
দরদ, (বাং) হিঙ্গুল; দেশবিশেষ; ভয়; বেদনা, ব্যথা, ম্লেচ্ছজাতি বিশেষ।
দরদ, ভয়; পর্ব্বতের অতট, ম্লেচ্ছজাতীয়, কবি বিশেষ, হৃদয় তীব, বেদনা ব্যথা
দরবাজা, (বাং) ফটক দ্বার, কপাট।
দরমা, নলনির্ম্মিত আসনবিশেষ, চাঁচ।
দরমাহা, (বাং) মাসিক বেতন
দরা, জীর্ণ পচা, গলিত।
দরি, (দৃ) পর্ব্বতের গুহা, কন্দর।
দরিত, ভীত, ত্রাসিত, শঙ্কিত।
দরিদ্র নির্ধন, নিঃস্ব; দুর্গত, দুঃখী।
দরিদ্রতা, (দরিদ্র) নির্ধনতা, নিঃস্বতা, দৈন্য
দরিদ্রায়ক, দীন, দুঃখী দরিদ্র।
দরিদ্রিত, দীন, দুঃখী, নিঃস্ব।
দরী, (দৃ) পর্ব্বতের গুহা; গহ্বর, কন্দর, নবা, আধুনিক
দরোদর, পাশক, পাশা। [জল পাত্র।
দর্দ্দর, পর্ব্বত, গিরি, উষভগ্ন; ভাজন, ভা-
দর্দ্দরাস্ত্র, ব্যঞ্জন বিশেষ।
দর্দ্দরাক, বাদ্য বিশেষ, মেঘ; ভেক।
দর্দ্দুর, ভেক; মেঘ; বাদ্য; পর্ব্বতবিশেষ; রাক্ষস।
দর্দ্দুরা, চণ্ডিকা, দুর্গা।
দর্দ্রু, দদ্রুরোগ, দাউদ।
দর্প, (দৃপ) অহঙ্কার, গর্ব্ব, আটোপ; আত্মশ্লাঘা; উচ্ছৃঙ্খলত্ব, উষ্মা।
দর্পক, কামদেব, মদন, কন্দর্প।
দর্পকারী, অহঙ্কারী, গর্ব্বিত।
দর্পণ, (দৃপ) দর্শনাধার, আদর্শ, মুকুর আর্শি
দর্পিত, (দৃপ) অহঙ্কারান্বিত, দাম্ভিক, উচ্ছৃঙ্খল; গর্ব্বিত।
দর্পী, গর্ব্বী, অহঙ্কারী, দাম্ভিক।
... রাক্ষস; ... হিংস্র।
দর্ব্বরীক, ইন্দ্র; বায়ু; বাদ্যবিশেষ।
দর্ব্বি, (দৃ) ব্যঞ্জনাদিদারক, হাতা, খড়াকা।
দর্ব্বিকা, খড়াকা, হাতা, ব্যঞ্জনাদিদারক পাত্রবিশেষ। [পাত্রবিশেষ।
দর্ব্বী, খড়াকা, হাতা, ব্যঞ্জনাদি দারক
দর্ব্বীকর, সর্প অহি, ভুজঙ্গ; হাতাদিপাত্র
দর্ভ, (দৃভ) কুশ, কাশ তৃণ, কেশে। [ভবন।
দর্ভট, নিভৃত গৃহ, গোপনীয় ঘর, নির্জন
দর্ভপত্র, কাপতৃণ, কেশে।
দর্শ, (দৃশ) অমাবস্যা, কুহূ দর্শন।
দর্শক, (দৃশ) দ্বারপাল, দ্বারী, প্রবীণ; দর্শয়িত, দর্শন কারক, যে দেখায়
দর্শত, সূর্য্য, চন্দ্র।
দর্শন, (দৃশ অবলোকন, দেখন; নয়ন; স্বপ্ন, ধর্ম্ম, দর্পণ; শাস্ত্রবিশেষ; বেদান্তাদি ছয়। উপঢৌকন; পারিতোষিক।
দর্শনী, দর্শননিমিত্ত উপহার; ...
দর্শনীয়, মনোহর, মনোজ্ঞ; দর্শনযোগ্য সুদৃশ্য। [অবলোকনের স্পৃহা।
দর্শনেচ্ছা, (দর্শন-ইচ্ছা) দেখিবার ইচ্ছা,
দর্শবিপৎ, চন্দ্র, নিশাকর, শশধর।
দর্শযামিনী, তমিস্রা, অন্ধকার রাত্রি, অমাবস্যার নিশা।
দর্শয়িতা, প্রকাশক; দর্শক যে দেখায়।
দর্শান (দৃশ) দেখান, দর্শন করাণ; প্রকাশন
দর্শিত, (দৃশ) দর্শনকরান; উদিত, প্রকাশিত
দর্শী, (দর্শিন) নিরীক্ষক, দর্শনকারী, দ্রষ্টা।
দল, পত্র; খণ্ড, অনেকের ঐক্য, সৈন্য সংগ্রহ; পাল, সমূহ; ...ম, স্থূলতা।
দলক, (দল) অবিরত বৃষ্টিপাত, অতিশয় বর্ষণ।
দলকোষ, কুন্দপুষ্পবৃক্ষ, কুঁদফুলেরগাছ।
দলন, (দল) মর্দ্দন, নিষ্পীড়ন, পেষণ, মাড়ান
দলনির্মোক ভূর্জ বৃক্ষ, ভূর্জ পত্র।
দলনী, লোষ্ট্র, ঢেলা।
দলপ, সুবর্ণ স্বর্ণ; শস্ত্র।
দলপতি, দলশ্রেষ্ঠ, প্রধান, প্রামাণিক
দলপুষ্পা, কেতকী, কেয়া।

দলস্থচি, কণ্টক, কাঁটা।
দলাঢ্য, পঙ্ককর্কট দলদলিয়া।
দলি, লোষ্ট্র, ডেলা, ঢিল।
দলিক, ইন্ধন কাষ্ঠ, কাঠ।
দলিত, (দল) মর্দ্দিত, পিষিত; বিদীর্ণ; খণ্ডিত; বিকশিত; প্রফুল্ল।
দলুয়া, (দল) গুড়বিকার বিশেষ; খাঁড়; অল্পপিণ্ড; তলতলিয়া।
দল্ভ, প্রতারণা; পাপ; চক্র; মুনিবিশেষ
দাল্ম, ইন্দ্র, বজ্র, অশনি।
দশ, (দশন) সংখ্যাবিশেষ, দ্বিগুণ পঞ্চ।
দশক, (দশ) দশকিয়া; দশগণ্ডা, দশসংখ্যা
দশকণ্ঠ, রাবণ, দশানন।
দশকণ্ঠজিৎ, শ্রীরাম, রাঘব।
দশকন্ধর, রাবণ, দশানন। [র গণনা।
দশকিয়া, (দশক) গণিতবিশেষ; দশ গণ্ডা-
দশগ্রীব, রাবণ, লঙ্কেশ্বর, দশাস্য।
দশতি, শত, একশত।
দশদিক, (দশ-দিশ) পূর্ব্ব-পশ্চিম-উত্তর দক্ষিণ-ঈশান-অগ্নি-নৈর্ঋত-বায়ু-ঊর্দ্ধ-অধঃ
দশধা, (দশন) দশ প্রকার; দশ বার।
দশন, (দন্স) কবচ; শিখর, দন্ত, দাঁত।
দশনবাস, ওষ্ঠ, ঠোঁট।
দশনোচ্ছিষ্ট, নিশ্বাস; অধরচুম্বন, দন্তভাক্ত
দশবাজী, চন্দ্র, বিধু, সুধাকর।
দশম, (দশন) দশের পূরণ, যাহার দ্বারা দশ সংখ্যা পূর্ণ হয়।
দশমহাবিদ্যা, কালী তারাপ্রভৃতি দশশক্তি
দশমাবতার, (দশম-অবতার) ভগবানের শেষ মূর্ত্তি, কল্কী অবতার। [বস্থা।
দশমী, (দশন) তিথিবিশেষ; অতিশয় বৃদ্ধা
দশমীস্থ, ক্ষীণরাগ; অশীতিপর, বৃদ্ধ।
দশমুখ, রাবণ, দশকন্ধর, লঙ্কেশ্বর। [নাথ।
দশমুখান্তক, (দশমুখ-অন্তক) শ্রীরাম রঘু-
দশমূল, পাচনবিশেষ; তৈলবিশেষ।
দশরথ, ইক্ষাকু কুলোৎপন্ন রাজাবিশেষ, সূর্য্য বংশীয় রাজা, অজ রাজপুত্র, শ্রীরামের পিতা।
দশরূপভৃৎ, বিষ্ণু, নারায়ণ।
দশহরা, জ্যৈষ্ঠ মাসে শুক্ল দশমী।
দশা, (দশ) অবস্থা; দীপবর্ত্তি, শলিতা; বস্ত্রের শেষ।
দশাকর্ষ, প্রদীপ, দীপ।
দশাকর্ষী, প্রদীপ, দীপ।

দশানন, (দশ-আনন) রাবণ, লঙ্কাপতি।
দশাবতার, (দশ-অবতার) বিষ্ণুর যুগ চতুষ্টয়ে দশমূর্ত্তি ধারণ; বিষ্ণু; নারায়ণ।
দশার্ণ, দেশবিশেষ, বিন্ধ্য পর্ব্বতের পূর্ব্ব দক্ষিণাংশ; নদাবিশেষ।
দশার্হ, দেশবিশেষ, বৃষ্ণদেশ।
দশাশ্ব, চন্দ্র, শশধর, বিধু।
দশাস্য, (দশ-আস্য) দশমুখ, রাবণ, দশানন
দশাস্যজিৎ, রাবণজয়ী; শ্রীরাম, রামচন্দ্র।
দশাহীন, দুর্ভাগ্য, দুরবস্থ, দুর্দশাপন্ন।
দশেন্ধন, প্রদীপ, দীপ।
দশের, হিংস্র, হিংসক।
দশেরক, মরুদেশ; মরুদেশীয়। [কামড়ান।
দস, উৎক্ষেপণ; কথন; দর্শন; দংশন,
দস্তখৎ, (যাৎ) সাক্ষর, নাম সই করা।
দস্তা, (যসদ) ধাতুবিশেষ, রঙ্গ, রাং।
দস্ম, যজমান; চৌর; অগ্নি; খল।
দস্যু, (দস) সাহসিক চোর; ডাকাইত, দুর্বৃত্ত; রিপু।
দস্যুতা, (দস্যু) ডাকাইতি; দস্যুর ব্যবহার
দস্যুবৃত্তি, ডাকাইতি, দস্যুতা; দস্যুর কার্য্য
দস্র, শিশির; গর্দ্দভ; অশ্বিনীসুত
দস্রদেবতা, অশ্বিনীনক্ষত্র।
দস্রসূ, সূর্য্যপত্নী; অশ্বিনীকুমারের মাতা।
দহ, (হ্রদ) গহ্বর, গর্ত্ত, গহ্বর। কিরণ; অগ্নি
দহন, (দহ) দাহ; জ্বলন, পোড়ান, ভস্মী-
দহনকেতন, ধূম, ধুঁয়া।
দহনপ্রিয়া, স্বাহা, অগ্নিভার্য্যা।
দহনারাতি, জল, সলিল, তোয়। [যোগ্য।
দহনীয়, (দহ) দাহ্য, দাহার্হ, পোড়াইবার-
দহনোপল, সূর্য্যকান্ত মণি। [সূক্ষ্ম।
দহর, মূষিক, ইন্দুর; ভ্রাতা; বালক; স্বল্প;
দহরম, (হার্দ্দ) সৌহৃর্দ্য, সৌহার্দ, বন্ধুতা
দক্ষ, (দক্ষ) প্রজাপতি বিশেষ; পটু; নিপুণ, পারক।
দক্ষকন্যা, দুর্গা, ভগবতী।
দক্ষজা, (দক্ষ-জন) উমা, সতী, দুর্গা।
দক্ষপ্রজাপতি, চন্দ্র; শিব।
দক্ষা, (দক্ষ) পৃথিবী, বসুমতী; নিপুণা।
দক্ষাধ্বরধ্বংসকৃৎ, দক্ষের যজ্ঞনাশক, শিব, মহাদেব।
দক্ষাষ্য, গরুড়, খগেন্দ্র; গৃধ্র, শকুনি।
দক্ষিণ, (দক্ষ) সরল; অনুকূল; অপসব্য, দক্ষিণদিক, দাহিন।

দক্ষিণকালিকা, আদ্যা শক্তি।
দক্ষিণতা, অনুকূলতা, সারল্য।
দক্ষিণপূর্ব্ব, পূর্ব্বদক্ষিণ কোণ।
দক্ষিণস্থ, সারথি ; দক্ষিণদিকে স্থিত।
দক্ষিণহস্ত, অপসব্য হস্ত, ডাইন হাত।
দক্ষিণা, (দক্ষ) দক্ষিণ দিক, ধর্ম্ম কর্ম্মের বেতন ; প্রতিজ্ঞা।
দক্ষিণাগ্নি, (দক্ষিণ-অগ্নি) যজ্ঞাগ্নি বিশেষ
দক্ষিণাচল, (দক্ষিণ-অচল) মলয়পর্ব্বত, দক্ষিণ দিকস্থপাহাড়।
দক্ষিণাচার, (দক্ষিণ-আচার) আচার বিশেষ দক্ষিণ দেশীয় ব্যবহার।
দক্ষিণাভিমুখ, (দক্ষিণ-অভিমুখ) দক্ষিণাস্য দক্ষিণদিকে কৃত মুখ।
দক্ষিণামুখ, দক্ষিণদিকে কৃত মুখ ; দক্ষিণাস্য। [দিকে গতি।
দক্ষিণায়ন, (দক্ষিণ-অয়ন) সূর্য্যের দক্ষিণ-
দক্ষিণার্হ, দক্ষিণা যোগ্য।
দক্ষিণাশা, দক্ষিণদিক্।
দক্ষিণাশাপতি, যম, কাল, অন্তক। [যুক্ত।
দক্ষিণীয়, দক্ষিণার্হ, দক্ষিণা প্রাপ্তির উপ-
দক্ষিণ্য, দক্ষিণা যোগ্য, দক্ষিণার্হ।
দা, দাত্র, অস্ত্রবিশেষ।
দাই, (যাং) ধাত্রী, ধাই।
দাউদ, রোগবিশেষ, দদ্রু।
দাউলিয়া, (দাত্র-লু) শস্য ছেদক, শস্যকর্ত্তক
দাওন, (দা) শস্যছেদন তৃণ, কর্ত্তন।
দাঁড়, (দণ্ড) নৌকাদণ্ড, আড়বাড়ি ; নিগ্রহ, দমন। [বিশেষ।
দাঁড়কাক, দ্রোণকাক, বৃহৎ কাক, বায়স
দাঁড়া, (দণ্ড) রীতি, ব্যবহার, আচার, যষ্টি ; ডুটক ; মেরুদণ্ড, নিগৃহিত, দমিত, শাসিত ; খাড়া। [থাকন।
দাঁড়ান, (দাঁড়া) দণ্ডায়মান, উত্তিষ্ঠন, খাড়া
দাঁড়ী, (দাঁড়) নৌকাবাহক, নাবিক ; তুলাদণ্ড ; ছেদ সূচক রেখা।
দাঁড়ীপাল্লা, পরিমাণ যন্ত্র, তুলা।
দাঁত, (দন্ত) রদন, দশন, বিষাণ। [বিশিষ্ট।
দাঁতাল, (দাঁত) বৃহদ্দন্তী ; বন শূকর ; দন্ত
দাঁতুয়া, বৃহদ্দন্তবিশিষ্ট, উচ্চ দন্তশালী।
দাক, যজমান ; দাতা।
দাখিল, (যাং) অর্পণ ; পরিশোধ করণ।
দাগ, (যাং) চিহ্ন, অঙ্ক, কলঙ্ক।
দাগ, আদর্শ ; ক্লেশ, যন্ত্রণা।

দাগাবাজ, (যাং) বিশ্বাসঘাতক, প্রতারক।
দাগুড়া, (দগ্ধ) আগুনপোড়া ; কর্কশ, শক্ত
দাগী, (যাং) চিহ্নিত, অঙ্কিত, কলঙ্কিত।
দাঙ্গা, (যাং) কলহ, বিবাদ, বিগ্রহ।
দাড়, (দন্ত) নখ, দন্ত, চঞ্চু, চিবুক।
দাড়ক, দাড়ি রাখনেওয়ালা।
দাড়া, (দন্ত) দন্ত বিশেষ ; বৃহৎ দন্ত
দাড়ি, (দাঢ়) দাড়ি ওষ্ঠের অধোভাগ, চিবুক ; তৎস্থানে জাত লোম, শ্মশ্রু।
দাড়িম, (দাড়িম্ব) ফল বিশেষ, বীজপূরক, দালিম।
দাড়িমপ্রিয়, শুকপাখী, টিয়াপাখী।
দাঢ়া, (দন্ত) দন্তবিশেষ ; প্রার্থনা ; সমূহ।
দাঢ়ি, (দাঢ়) মুখের অধোভাগ, চিবুক, শ্মশ্রু
দাঢ়িকা, মুখের অবয়ব বিশেষ, চিবুক ; শ্মশ্রু, দাড়ি।
দাণ্ডা, (দণ্ড) গৃহাদির ভিত্তির উপরি প্রোথিত ক্ষুদ্র দণ্ড ; লাঠী, যষ্টি।
দাণ্ডিক, দাম্ভিক, কুহক, কপট, ছল।
দাত্ত, (দা) ছিন্ন, কর্ত্তিত, ছেদন করা, কাটা
দাতা, (দাতৃ) দানশীল, দানকর্ত্তা, যে দান করে, বদান্য।
দাত্যূহ, (দাতি-ঊহ) পক্ষিবিশেষ, ডাকপাখী
দাতৃত্ব, বদান্যতা, দানশীলতা, দান শক্তি, মুক্ত হস্ততা। [কাস্তা।
দাত্র, (দা) অস্ত্র বিশেষ ; দা ; কাস্তা ;
দাত্রী, (দাতৃ) দানকর্ত্রী ; দানে প্রবৃত্তা স্ত্রী।
দাতৃ, দাতা, দানকর্ত্তা।
দাদ, (যাং) ন্যায়, যথার্থতা, প্রতিহিংসা।
দাদখানি, তণ্ডুল বিশেষ।
দাদন, (যাং) ঠিকাকর্ম্মের অগ্রিম বেতন।
দাদা, (দায়াদ) জ্যেষ্ঠ ভ্রাতা ; পিতামহ, মাতামহ।
দাদ্রু, (দদ্রু) দদ্রুরোগ।
দাধিক, (দধি) দধি সংযুক্ত বস্তু, দধিমিশ্রিত মিষ্টান্ন, দধিয়া বড়া।
দান, (দা) উৎসর্গ, ত্যাগ, বিতরণ ; হস্তির মদজল ; পালন ; ছেদন ; অর্পণ।
দানপাত্র, (দানব) তম্বীর, ভিক্ষুক।
দানপতি, নিরন্তর দানকর্ত্তা ; নিত্যদাতা।
দানপত্র, দানবিধান লিপি, দানানন্তর সম্প্রদানের স্বত্ব জ্ঞাপনার্থ কৃত লিপি।
দানব, (দনু) অসুর, দনুজ, দৈত্য।
দানবারি, (দানব-অরি) দেবতা, সুর, অমর

দানব্রজ, তৃতীয় বর্ণ, বৈশ্যজাতি।
দানলেখ্য, দানপত্র, বৃত্তিদান লিপি।
দানশালী, দাতা, বদান্য।
দানশীল, দাতা, দানকর্ত্তা, বদান্য।
দানশীলতা, দাতৃত্ব, বদান্যতা।
দানশৌণ্ড, অতিশয় দাতা, বদান্য।
দানা, (দনু) দৈত্য; ভূত; দেবযোনি; মটরাদি বীজ; মুক্তা; মালাবিশেষ।
দানী, সম্প্রদান, দানীয়, দান প্রাপ্ত; দানশীল
দানীয়, (দা) সম্প্রদান; দানের পাত্র।
দান্ত, দাতা, বাবু, বিক্রমশালী।
দানুয়া, (দান) নির্বোধ; ত্যক্ত; দাতা।
দান্ত, সুশাসিত; বশীভূত; জিতেন্দ্রিয়, তপস্যার ক্লেশ সহিষ্ণু।
দান্তি, (দম) ক্লেশ সহিষ্ণুতা; দমন; পরাভব; ইন্দ্রিয় নিগ্রহ।
দাপট, (দৃপ) প্রভাব, প্রতাপ, দর্প।
দাপন, (দা) পা মারণ, পদ দ্বারা মর্দ্দন; দেওয়াইয়া দেওন। [...]
দাপনীয়, (দা) দেওয়াইয়া দিবার যোগ্য;
দাপিত, সাধিত; ধনাদি দ্বারা আয়ত্তী কৃত দণ্ডিত, শাসিত। [তাপ।
দাব, বন, অরণ্য; বনাগ্নি; দাবানল; উপ-
দাবন, (দাব) দমনকরণ; হাপন, অপহরণ ইন্দ্রিয়দমন; চাপন, ঠাসন, মাড়ন।
দাবা, (দম) দমন করা; শতরঞ্চখেলার রাণী অথবা মন্ত্রী।
দাবাগ্নি, (দাব-অগ্নি) বনোদ্ভব অগ্নি, দাবানল
দাবানল, (দাব-অনল) দাবাগ্নি, বনের আগুন বনাগ্নি, বনোদ্ভব অগ্নি।
দাবী, (যাং) যাচঞা, প্রার্থনা; দাওয়া।
দাম, (দম) মূল্য, বস্তু; অনেক গোল বন্ধন রজ্জু, দোকা।
দামড়া, (দম) মুক্তমুষ্কখণ্ড, পুংস্ত্বহীন বলদ
দামন, (দো) বন্ধন, দড়ী; বস্ত্রের প্রান্তভাগ, বসনের অঞ্চল।
দামনী, (দো) পশুবন্ধন রজ্জু। [বিশেষ।
দামা, (দম) নির্ব্বোধ, গুঁয়ার; দড়ী, বাদ্য-
দামামা, (দম) বৃহৎঢক্কা, বাদ্য যন্ত্রবিশেষ।
দামোদর, (দামন-উদর) বিষ্ণু, শ্রীকৃষ্ণ
দামাল, (দম্ভল) দুরন্ত শিশু, অতিশয় চঞ্চল, কর্কশ, চিড়চিড়িয়া।
দাম্ভিক, (দম্ভ) দম্ভযুক্ত, অহঙ্কৃত, অভিমানী, বকপক্ষী।

দায়, (দা) পৈতৃক ধন; বৈবাহিক ধন; বিপত্তি, আপদ, উৎপাত।
দায়ক, (দা) দানশীল, দাতা; দায়ী।
দায়গ্রস্ত, বিপত্তিযুক্ত, বিপদে পতিত।
দায়বন্ধু, ভ্রাতা; দায়াদ একত্র পিত্রাদির ধনাধিকারী।
দায়ভাগ, মৃতপিত্রাদির ধন বিভাগ; গ্রন্থবিশেষ। [সপিণ্ড।
দায়াদ, (দায়) পুত্র, উত্তরাধিকারী; জ্ঞাতি,
দায়াদী, কন্যা, দুহিতা।
দায়ার্হ, (দায়-অর্হ) পিত্রাদির ধনে অধিকারী হইবার যোগ্য।
দায়ী, (দায়িন) ভারগ্রস্ত; প্রতিভূ; দানশীল
দার, (দৃ) স্ত্রী পত্নী, জায়া।
দারক, ভেদক; গ্রাম্য শূকর।
দারকর্ম্ম, বিবাহ, পাণিগ্রহণ।
দারণ (দৃ) বিদীর্ণকরণ; ফাড়ন; ফাটন।
দারদ, সমুদ্র; বিষ বিশেষ; ধাতুবিশেষ; পারা; হিঙ্গুল।
দারবলিভুক, ক্রৌঞ্চপক্ষী, বকপক্ষী।
দারা (দৃ) স্ত্রী, ভার্য্যা, পত্নী।
দারি, বিদারক, বিদীর্ণ কারক।
দারিকা, কন্যা, দুহিতা, তনয়া।
দারিত, (দৃ) কৃতবিদারণ, ভেদিত, ভগ্নকরা
দারিদ্র্য, (দরিদ্র) দারিদ্রতা; দুঃখ; দৈন্য, অন্নাদির ক্লেশ, নির্ধনতা।
দারী, (দারা) ব্যভিচারক্রিয়া, লাম্পট্যাচরণ
দারু, (দৃ) কাষ্ঠ; দেবদারুগাছ; পিত্তল; দাতা, বদান্য। [পুতুল।
দারুক, (দারু) দেবদারু; শ্রীকৃষ্ণ সারথি;
দারুকদলী, বনকদলী, বনকলা।
দারুকা, কাষ্ঠময়ী স্ত্রী; কাষ্ঠপুত্তলিকা, কাঠের পুতুল।
দারুচিনী, বৃক্ষত্বকবিশেষ, দালচিনী। [দোল
দারুজ, (দারু-জন) কাষ্ঠনির্ম্মিত মর্দ্দল, মা-
দারুণ, (দৃ) ভয়ানক, কঠিন; অসহ্য; ঘোর
দারুনিশা, দারুহরিদ্রা।
দারুপীতা, হরিদ্রাবিশেষ।
দারুমুখ্যাহ্বয়া, গোধা, গোসাপ।
দারুহরিদ্রা, স্বনাম খ্যাত দ্রব্যবিশেষ।
দারুহস্তক, কাষ্ঠনির্ম্মিত হাতা, কাঠের হাতা
দার্ঢ্য, (দৃঢ়) দৃঢ়তা, কাঠিন্য; শক্তাই।
দার্দ্দুর, দক্ষিণাবর্ত্ত শঙ্খ, জল।
দার্ব্বাণ্ড, ময়ূর, শিখী, কলাপী।

দিনমান, দিবস কাল, উদয়াবধি অস্ত পর্য্যন্ত দিবসের পরিমাণ। [সায়াহ্নাদি।
দিনাংশ, (দিন-অংশ) পূর্ব্বাহ্ন, মধ্যাহ্ন,
দিনাদি, প্রভাত, প্রাতঃকাল।
দিনান্ত, (দিন-অন্ত) দিবাবসান, সায়ংকাল।
দিনান্তক, দিন-অন্তক) অন্ধকার, ঘোর, তিমির।
দিনিকা, দিবসিক কুভকর্ম্মের বেতন।
দিব, (দিব্) স্বর্গ, আকাশ, অন্তরীক্ষ ; বন।
দিবস, (দিব্) দিন, অস্র, অহঃ, দিবা।
দিবসমুখ, প্রভাত, প্রাতঃকাল।
দিবসিক, (দিবস) আহ্নিক, প্রাত্যহিক ; দিবসের কর্ত্তব্য। [কর্ত্তব্য।
দিবসীয়, দিবস সম্বন্ধীয়, আহ্নিক ; দিনের
দিবস্পতি ইন্দ্র, সুরপতি।
দিবা, (দিব) দিন, দিবস, অহঃ।
দিবাকর, (দিবা-কৃ) সূর্য্য রবি, দিনকর ; আকন্দ গাছ ; কাক। [ক, পেচা।
দিবাকীর্ত্তি, নাপিত ; চণ্ডাল, চাঁড়াল ; পেচ-
দিবাটন, কাক, বায়স।
দিবাতন, দিনভব, দিনোৎপন্ন।
দিবান্ধ (দিবা-অন্ধ) দিবাতে দৃষ্টিহীন জন্তু ; পেচক, পেচা।
দিবান্ধকী, ছুচুন্দরী, ছুঁচা।
দিবাভীত, পেচক, পেঁচা ; চোর, তস্কর।
দিবাভীতি, পেচক, পেঁচা।
দিবামণি, সূর্য্য, দিবাকর।
দিবামধ্য, মধ্যাহ্ন ; দ্বিতীয় প্রহর।
দিবি, (দিব) স্বর্গ, আকাশ, গগণ।
দিবিসদ দেব, অমর।
দিবিষ্ঠ, স্বর্গস্থ, স্বর্গস্থিত।
দিবোকা, দেবতা ; চাতক পক্ষী।
দিব্য-দিব্য, শপথ। [ঐশ্বরিক ; শপথ।
দিব্য, (দিব) সুন্দর, মনোজ্ঞ ; স্বর্গীয় ;
দিব্যগন্ধ, লবঙ্গ ; গন্ধক ; উত্তম সৌরভ।
দিব্যগায়ন গন্ধর্ব্ব, স্বর্গ গায়ক। [শেষ।
দিব্যচক্ষু, সুলোচন, চসমা ; সুগন্ধিদ্রব্য বি-
দিব্যদোহদ, অর্থ্যচিতোপস্থিত, দেবদত্ত বস্তু
দিব্যপুষ্প, করবীর পুষ্প। [বস্ত্রান্বিত।
দিব্যবস্ত্র, সর্ব্যশোভা, সুন্দর বস্ত্র ; সুন্দর
দিব্যরত্ন, চিন্তামণি, উৎকৃষ্ট মণি।
দিব্যরথ বোমযান, দেবতার বিমান।
দিব্যরস, উপধাতু বিশেষ, পারদ, পারা।
দিব্যসার, বৃক্ষবিশেষ, শালবৃক্ষ।

স্ত্রিয়া, শতাবরী বৃক্ষ, শ্বেত দূর্ব্বা ; হরিতকী ; স্বর্গীয়া ; মনোজ্ঞা।
দিব্যদিব্য, উপদেবী বিশেষ। [স্ত্রী।
দিব্যাঙ্গনা, (দিব্য-অঙ্গনা) সুন্দরী, মনোহরা
দিব্যোদক, (দিব্য-উদক) আকাশ জল।
দিব্যোপপাদুক, দেবতা, সুর, অমর।
দিমাগ, (যাং) অহঙ্কার, আত্মশ্লাঘা।
দিল, (যাং) হৃদয়, অন্তঃকরণ, মন।
দিশা, (দিশ) দিক, কক্ষত। [illegible] হওয়া।
দিশাহারা, দিগ্ভ্রমান্বিত ; পথভ্রম, পথের
দিশ্য, দিগ্ভব বস্তু, দিগ্জাত
দিষ্ট, ভাগ্য ; উপদিষ্ট ; কাল ; দারুহরিদ্রা।
দিষ্টান্ত, মরণ, মৃত্যু, কালধর্ম্ম।
দিষ্টি, হর্ষ ; পরিমাণ ; ভাগ্য, দৈব।
দিষ্ট্যা, আনন্দ, হর্ষ ; ভাগ্যক্রমে।
দিষ্ণু, দাতা, দানশীল, বদান্য।
দীগা-দীঘী, (দীর্ঘিকা) দীর্ঘ জলাশয়।
দীঘ, (দীর্ঘ) আয়ত, লম্বা।
দীঘল, (দীর্ঘ) আয়ত, লম্বা।
দীদিবি, অন্ন, ভক্ত, ভাত ; বৃহস্পতি।
দীদী (দায়াদ) জ্যেষ্ঠা ভগিনী।
দীধিতি, কিরণ, রশ্মি, তেজঃ।
দীন, (দী) দরিদ্র, নিরন্ন, দুঃখী ; ম্লান।
দীনতা, (দীন) দারিদ্র্য, নিঃস্বতা ; অন্নাভাব জন্য ক্লেশ।
দীনদৈন্য দরিদ্রঃ দুঃখী, নিঃস্ব।
দীননাথ, দীনপ্রতিপালক, দীনরক্ষক।
দীনার, (দীন-ঋ) স্বর্ণালঙ্কার ; মুদ্রা ; নিষ্ক-পরিমাণ। [আলোক।
দীপ, বর্ত্তিস্থ জ্বলন্ত অগ্নিশিখা ; প্রদীপ,
দীপক, (দীপ) প্রকাশক ; জ্বালানিয়া ; শোভাকর ; রাগিণীবিশেষ।
দীপকিট্ট, দীপজাত কজ্জল, কাজল।
দীপকূপী, দীপের বর্ত্তি, প্রদীপের বাতী, শলিতা, দশা।
দীপগাছ, বাতির ঝাড়, বেলয়ারির ঝাড়।
দীপঝাড়, দীপবৃক্ষ, বেলয়ারির ঝাড়।
দীপধ্বজ, কজ্জল, কাজল।
দীপন, (দীপ) উজ্জ্বলকরণ ; প্রজ্বলিত করন ; তগরমূল ; কুঙ্কুম ; পলাণ্ডু ; পেঁ-[illegible]।
দীপনী, যবানী, যোয়ান ; মেথী।
দীপপাদপ, দীপাধার, পিলসুজ।
দীপপুষ্প, চম্পক বৃক্ষ, চাঁপা ফুলের গাছ।

দীপবৃক্ষ, পিলসুজ; দীপগাছ, দীপঝাড়, কেলরারির ঝাড়। [কালী।
দীপশিখা, প্রদীপের আগা; কজ্জল; মসী।
দীপান্বিত, (দীপ-আন্বিত) শোভান্বিত; দীপ্তি বিশিষ্ট। [অমাবস্যা।
দীপান্বিতা, (দীপ-আন্বিত) কার্ত্তিকমাসীয়
দীপালী, দীপমালা, দীপসমূহ।
দীপিত, (দীপ) দীপ্ত, প্রজ্বলিত; প্রকাশিত শোভান্বিত; ব্যক্তীকৃত। [শক।
দীপিতা, দীপ্তিকর্ত্তা, উজ্জ্বলকারক, প্রক-
দীপ্ত, (দীপ) জ্বলিত, প্রকাশিত; তীক্ষ্ণীভূত; স্বর্ণ; হিঙ্গুল।
দীপ্তক, স্বর্ণ, কাঞ্চন, হেম। [য়ালী।
দীপ্তজিহ্বা, উল্কামুখী; শৃগালী; খেঁকশি-
দীপ্তপিঙ্গল, সিংহ, কেশরী, মৃগরাজ।
দীপ্তলোচন, বিড়াল, মার্জ্জার।
দীপ্তলোহ, কাংস্য, কাঁসা।
দীপ্তাগ্নি, (দীপ্ত-অগ্নি) অগস্ত্য মুনি; তীক্ষ্ণ জঠরানলযুক্ত; প্রজ্বলিত অগ্নি।
দীপ্তাঙ্গ, (দীপ্ত-অঙ্গ) ময়ূর, কলাপী, শিখী।
দীপ্তাক্ষ, (দীপ্ত-অক্ষি) মার্জ্জার, বিড়াল।
দীপ্তি, (দীপ) শোভা; প্রকাশ; প্রভা, দ্যুতি তেজঃ, সৌন্দর্য্য। [দীপ্তিবিশিষ্ট।
দীপ্তিমান, শোভাকর, উজ্জ্বল, প্রকাশমান
দীপ্তোপল, (দীপ্ত-উপল) সূর্য্যকান্ত মণি।
দীপ্য, (দীপ) যোয়ানি, জীরক, জীরা।
দীপ্যমান, প্রকাশমান; প্রত্যক্ষ; প্রকাশ বিশিষ্ট
দীপ্র, (দীপ) দীপ্তি বিশিষ্ট, দীপ্তিমান।
দীয়মান, (দা) যাহা দেওয়া যাইতেছে।
দীয়া, (দীপ) প্রদীপ। [দেকাটি।
দীয়াশলাই, (দীয়া-শলাকা) দীপশলাকা,
দীর্ঘ, (দ্রাঘ) আয়ত, লম্বা; অহ্রস্ব, গুরুবর্ণ।
দীর্ঘকণ্ঠ, বকপক্ষী, ক্রৌঞ্চপক্ষী।
দীর্ঘকন্ধর, বকপক্ষী; হাড়গিলা।
দীর্ঘকায়, আয়ত দেহ, ঢেঙ্গা।
দীর্ঘকাল, অধিক সময়, অনেক ক্ষণ।
দীর্ঘকেশ, ঋক্ষ, ভল্লুক; আয়তকেশ।
দীর্ঘকোষিকা, শুক্তি, ঝিণুকিকা, ঝিণুক
দীর্ঘগতি, উষ্ট্র, উট।
দীর্ঘগ্রন্থি, গজপিপ্পলী, গজপিপুল।
দীর্ঘগ্রীব, উষ্ট্র, উট; নীলবক।
দীর্ঘঘাটিকা, উষ্ট্র; বকপক্ষী।
দীর্ঘজঙ্গল, মৎস্য বিশেষ, ভাঙ্গনমাছ।
দীর্ঘজঙ্ঘ, জঙ্ঘাবিশিষ্ট; বলাক; বক; উট।
দীর্ঘজিহ্ব, সর্প, ভুজগ, অহি।
দীর্ঘজীবিতা, (দীর্ঘ-জীবিন) দীর্ঘায়ুঃ, চিরজীবিতা। [চিরজীবী।
দীর্ঘজীবী, (দীর্ঘ-জীবিন) বহুকাল জীবী,
দীর্ঘতরু, তালবৃক্ষ, তাল গাছ; লম্বাগাছ।
দীর্ঘতুণ্ডা, ———
দীর্ঘদণ্ড, এরণ্ড বৃক্ষ, ভেরেণ্ডা গাছ।
দীর্ঘদর্শী, (দীর্ঘ-দর্শিন) দূরদর্শী, পণ্ডিত; গৃধ্র, শকুনি; ভল্লুক, ভালুক।
দীর্ঘদৃষ্টি, দূরদর্শী, বিজ্ঞ; প্রবীণ।
দীর্ঘদ্রু, তালবৃক্ষ; লম্বা গাছ।
দীর্ঘনাদ, শঙ্খ, শাঁখ।
দীর্ঘনিদ্রা, মৃত্যু; মরণ, কালধর্ম্ম। [শ্বাস।
দীর্ঘনিশ্বাস, মনস্তাপ প্রকাশক প্রবল নি-
দীর্ঘপটোলিকা, লতাফল বিশেষ, ধুঁদুল।
দীর্ঘপত্রক, রক্ত লশুন, রাঙ্গা রশুন; এরণ্ড বৃক্ষ, ভেরেণ্ডা গাছ। [পর্ণী।
দীর্ঘপত্রিকা, (দীর্ঘ-পত্র) ঘৃতকুমারী; শাল-
দীর্ঘপাৎ, কঙ্কপক্ষী।
দীর্ঘপাদপ, তাল বৃক্ষ; পুগবৃক্ষ, গুবাকগাছ
দীর্ঘপৃষ্ঠ, সর্প, অহি বিষধর।
দীর্ঘপ্রস্থ, লম্বা চৌড়া, আড়ে দীর্ঘে।
দীর্ঘফল, আরগ্বধ, বৃক্ষ, সোঁদালগাছ।
দীর্ঘবংশ, নল তৃণবিশেষ, খাগড়া।
দীর্ঘবক্ত্র, হস্তী, দন্তী হাতী।
দীর্ঘবালা, চমরী, মৃগবিশেষ।
দীর্ঘমারুত, হস্তী, করী, গজ।
দীর্ঘমূলা, শ্যামালতা; শালপর্ণী।
দীর্ঘরদ, শূকর, বরাহ, কোল।
দীর্ঘরসন, সর্প, ভুজঙ্গম, উরগ
দীর্ঘরাগা, হরিদ্রা, হলুদ।
দীর্ঘরাত্র, চিরকাল; দীর্ঘনিশা।
দীর্ঘরোম, ঋক্ষ, ভল্লুক ভালুক।
দীর্ঘশাখ, শালবৃক্ষ; শালগাছ।
দীর্ঘসত্র, যজ্ঞবিশেষ; তীর্থবিশেষ
দীর্ঘসুরত, কুক্কুর, কুকুর।
দীর্ঘসূত্র, শিথিল, অলস্বর, দিড়বিড়িয়া।
দীর্ঘসূত্রী, (দীর্ঘ-সূত্রিন) চিরক্রিয়, অলস্বর, দিড়বিড়িয়া।
দীর্ঘস্কন্ধ, তালবৃক্ষ, তালগাছ।
দীর্ঘাকার, (দীর্ঘ-আকার) প্রস্থা, পক্ষ। দীর্ঘ, লম্বা।

দীর্ঘায়ু, (দীর্ঘ-আয়ুস) চিরজীবী, অধিক পরমায়ু বিশিষ্ট ; শাল্মলী বৃক্ষ ; কাক ; মার্কণ্ডেয় মুনি। [র, রক্ষঃ।
দীর্ঘায়ুধ, (দীর্ঘ-আয়ুধ) অস্ত্রবিশেষ ; শূক-
দীর্ঘালক, শ্বেত অশ্বারক, সাদামাদার।
দীর্ঘিকা, (দীর্ঘ) দীর্ঘ জলাশয়, বাপী, দীঘী
দীর্ঘে, (দীর্ঘ) আয়তে, লম্বে।
দীর্ণ, বিদারিত, ভগ্ন ; ভীত। [দেশক।
দীক্ষক, (দীক্ষ) গুরু, দীক্ষাকারক, উপ-
দীক্ষা, (দীক্ষ) মন্ত্র গ্রহণ ; উপাসনার্থ সংস্কার। [দীক্ষাকারক
দীক্ষাকর্ত্তা, (দীক্ষা-কর্তৃ) গুরু, উপদেশক,
দীক্ষিত, (দীক্ষ) উপদেশিত, গৃহীত মন্ত্র, ভজনে প্রবৃত্ত। [সারণ, দোহন।
দুঅন, (দুহ) গবাদির স্তন হইতে দুগ্ধ নিঃ-
দুআ, (দুর্ভগা) ঘৃণিতা, অগ্রাহ্যা।
দুইএক, এক কিম্বা দুই ; অত্যল্প।
দুঃ, মন্দ ; দুঃখ ; নিন্দা, অবক্ষেপণ।
দুঃখ, ক্লেশ, পীড়া ; দারিদ্র্য ; শোক, সন্তাপ ; মনঃক্ষোভ। [খের শেষ।
দুঃখান্ত, (দুঃখ-অন্ত) দুঃখের অবসান, দুঃ-
দুঃখিত, (দুঃখ) ক্লেশিত, ক্লিষ্ট, সন্তাপিত, ক্ষুণ্ণ, ক্ষুব্ধ। [কুরীতি,
দুঃশীল, (দুর-শীল) দুষ্টস্বভাব, দুশ্চরিত্র
দুঃসময়, (দুর-সময়) অসময়, অপ্রতুলের সময় ; বিপৎকাল। [দুঃখদায়ক।
দুঃসহ, (দুর-সহ) অসহ্য, উৎকট, অতিশয়
দুঃসহ্য, (দুর-সহ্য) অতিকষ্টে সহনীয়, উৎকট, শক্ত। [সাধ্য ; বহুশ্রমে সম্পাদনীয়।
দুঃসাধ্য, (দুর-সাধ্য) দুঃখে নিষ্পাদ্য ; কষ্ট-
দুঃসাহস, (দুর-সাহস) অতিশয় সাহস, অত্যন্ত ভরসা, উৎকট উৎসাহ ; নির্ভয়তা।
দুঃসাহসী, (দুর-সাহসিন) অসমসাহসী, অত্যন্ত ভরসান্বিত।
দুঃস্থ, (দুর-স্থা) দুর্গত, দুরবস্থ, দুর্ভাগ্য, ক্লেশান্বিত ; দরিদ্র, নির্ধন, নিঃস্ব।
দুঃস্বপ্ন, (দুর-স্বপ্ন) মন্দ স্বপ্ন।
দুঁড়িয়া, (জল) মৎস্যধারক যন্ত্র, আটল।
দুঁদিয়া, (দুর্দ্দান্ত) দুষ্ট।
দুকান, (যাৎ) পণ্যশালা, দোকান।
দুকুল, ক্ষৌমবস্ত্র, পট্টবস্ত্র, সূক্ষ্মবস্ত্র।
দুগাড়িয়া, প্রবঞ্চক ; দ্বিদলাক্রান্ত ; উভয়ের নিকট ভদ্রাভদ্র কথক।
দুগুল, পট্টবস্ত্র, তসর কাপড়।

দুগ্ধ, (দুহ) ক্ষীর, পয়ঃ, স্তন্য, দুধ ; কৃত দোহন, দোহন করা।
দুগ্ধকূপিকা, পিষ্টক বিশেষ।
দুগ্ধপাত্র, দুগ্ধপাক পাত্র, ভাঁড়।
দুগ্ধপায়ী, (দুগ্ধ-পায়িন) দুগ্ধপানকর্ত্তা।
দুগ্ধপোষ্য, ক্ষীরকণ্ঠ বালক, অতিশিশু, দুগ্ধদ্বারা পালনীয়।
দুগ্ধাব্ধিতনয়া, লক্ষ্মী, কমলা, রমা। [গাছ।
দুগ্ধিকা, (দুগ্ধ) বৃক্ষ বিশেষ, দুধ্যা ক্ষীরুই-
দুগ্ধিনিকা, রক্ত অপামার্গ, রাঙ্গা আপাং।
দুটপা, চুম্বক, সংক্ষেপ, অল্প কথায় বহু অর্থ প্রকাশক।
দুণ, (দুই) দ্বিগুণিত, দ্বিগুণ, দুইগুণ।
দুণ্ডুক, দুষ্টচিত্ত, কুটিলান্তঃকরণ।
দুতত্ত্ব, দুই বিষয় ; দ্ব্যর্থ ; দ্বিবিধ।
দুদ, দুগ্ধ, পয়ঃ, ক্ষীর। [পোষ্য।
দুদিয়া, (দুদ) দুগ্ধ বিশিষ্ট, পয়স্বিনী ; দুগ্ধ-
দুদু, (দুদ) দুগ্ধ, দুধ।
দুধকলমা, হৈমন্তিক ধান্যবিশেষ।
দুধ, (দুগ্ধ) পয়ঃ, ক্ষীর।
দুধিয়া, (দুধ) দুগ্ধপোষ্য, স্তন্যপায়ী।
দুনী, (দ্রোণী) ডোঙ্গা ; বায়ুর দ্বারা প্রচালিত ; শস্যপেষণ যন্ত্র।
দুন্দু, বসুদেব, শ্রীকৃষ্ণের পিতা ; বাদ্য বিশেষ, দুন্দুভিবাদ্য।
দুন্দুভি, (দুন্দু-ভা) বৃহৎ ঢক্কা ; নাগরা, টিকারা, ভেরী ; দৈত্যবিশেষ ; রাক্ষসবিশেষ ; পাশক, পাশা।
দুন্দুভি, (দুন্দু-ভা) বৃহৎঢক্কা ; নাগরা, ভেরী, টিকারা। [কলহ।
দুন্দুমার, ঘোরতর, ভয়ানক ; গুরুতর-
দুপাটী, (দু-পাত্র) পুষ্পবৃক্ষ বিশেষ ; দো-

দুমড়ন, (দুমড়) ভাঙ্গন ; মোড়ন ; সঙ্কোচন।
দুরদৃষ্ট, দুর্ভাগ্য, মন্দ কপাল।
দুরধ্ব, কুপথ, অসন্মার্গ, মন্দপথ।
দুরন্ত, (দুর-অন্ত) দুষ্ট, অবাধ্য, উপদ্রবী ঢেঁটা। [আপদ।
দুরবস্থা, (দুর-অবস্থা) দুর্দ্দশা, মন্দাবস্থা ;
দুরাক, ম্লেচ্ছবিশেষ, অস্ত্যজ জাতিবিশেষ।
দুরাচার, (দুর-আচার) কুব্যবহার, কদাচার, বিরুদ্ধাচার, কুনীতি। [উপদ্রবী, ক্রূর।
দুরাত্মা, (দুর-আত্মন) পাপাত্মা, নির্দয় ; দুষ্ট,
দুরাধর্ষ, অধর্ষণীয়, দুর্গম্য, ভয়ঙ্কর।

দুর্ম্মনা, (দুর-মনস) উদ্বিগ্নচিত্ত, অন্যমনস্ক, চিন্তিত, ভাবিত।
দুর্ম্ময়া, তৃণবিশেষ ; দূর্ব্বা ; শ্বেতদূর্ব্বা।
দুর্ম্মন্ত্রণা, কুমন্ত্রণা, কুপরামর্শ।
দুর্ম্মা, (দুর-মা) অর্দ্ধপক্ক নারিকেল, দোমাজা নারিকেল ; [মুখর, অপ্রিয়বাদী।
দুর্ম্মুখ, বানরবিশেষ ; ঘোটক ; নিষ্ঠুরভাষী
দুর্ম্মূল্য, মহার্ঘ্য, অক্রেয়, আক্রা।
দুর্ম্মেধা, (দুর-মেধস) মেধাহীন, অবুদ্ধি, নির্ব্বোধ। [বাধকের মিলন।
দুর্যোগ, মন্দ সময় ; মেঘাচ্ছন্ন দিন ; অনেক
দুর্যোধন, (দুর-যোধন) কুরুবংশজাত রাজা, ধৃতরাষ্ট্রের জ্যেষ্ঠ পুত্র।
দুর্লঙ্ঘন, অলঙ্ঘ্য, অসাধ্য লঙ্ঘন ; উষ্ট্র, উঠ
দুর্লভ, দুষ্প্রাপ্য ; অতিপ্রশস্ত ; প্রিয়।
দুর্লভা (দুর-লভ) দুষ্প্রাপ্য ; শ্বেতকণ্টকারি
দুর্লভ্য, অপ্রাপ্য, কষ্টে লভ্য।
দুর্লক্ষণ, অশুভসূচক চিহ্ন, অলক্ষণ, কুল-
দুর্লোভ, মন্দবাঞ্ছা, দুর্লালসা।
দুর্হৃৎ, শত্রু, রিপু ; দুষ্টচিত্ত, দুষ্টান্তঃকরণ।
দুর্হৃদয়, দুষ্টান্তঃকরণ ; ক্রূরচিত্ত ক্রূরান্তঃকরণ, দুষ্টচিত্ত। [মনোজ্ঞ।
দুলাল, (দুল-লাল) প্রেম, অনুরাগ ; প্রিয়,
দুলাল্য, (দুলাল) প্রিয়, স্নিগ্ধ, স্নেহপাত্র।
দুলি, মুনিবিশেষ ; কচ্ছপী।
দুলিয়া, (দুল) জাতিবিশেষ, প্রত্যন্তবাসী, নীচজাতি, যানবাহক।
দুলিচা, (বাং) আসন বিশেষ।
দুশমন, (বাং) শত্রু, বিপক্ষ।
দুশ্চর শম্বুক, শামুক ; ভল্লুক ; দুর্গম।
দুশ্চরিত্র (দুর-চরিত্র) মন্দপ্রকৃত কুরীতি, বিটল। [লি।
দুশ্চর্ম্মা, (দুর-চর্ম্মন) অনাবৃতমেঢ্র, বিকশিত
দুশ্চিন্ত, মন্দচিন্তা, কুচিন্তা।
দুশ্চ্যবন, ইন্দ্র দেবরাজ। [ক্রিয়মাণ
দুষ্কর, (দুর-কৃ) কষ্টসাধ্য, ক্লেশকর ; দুঃখে
দুষ্কর্ম্ম, (দুর-কর্ম্মন) দুষ্ক্রিয়া, কুক্রিয়া ; কুকর্ম্ম ; পাপ, ব্যভিচার। [পাপী, দুষ্ট।
দুষ্কর্ম্মা, (দুর-কর্ম্মন) দুষ্কৃতি, কুক্রিয়ান্বিত ;
দুষ্কুলীন, দুষ্কুলোদ্ভব, কুবংশ জাত ; চোর নামে গন্ধদ্রব্য বিশেষ।
দুষ্কৃত, (দুর-কৃত) পাপ ; কুক্রিয়া।
দুষ্ক্রীত, মহার্ঘ্য, দুর্মূল্য।
দুঃখ, (দুঃখ) পীড়া ; ক্লেশ যন্ত্রণা।

দুঃখী, ক্লেশবিশিষ্ট, ক্লেশিত, কাতর্য্যান্বিত ; দরিদ্র, নিঃস্ব।
দুষ্ট, (দুষ) অধম, ভ্রষ্ট, পাপিষ্ঠ, অনপত্রপ, বিরুদ্ধান্তঃকরণ ; কুষ্ঠ, কুড়।
দুষ্টতা, (দুষ্ট) দৌরাত্ম্য, দুষ্টমি, খলতা।
দুষ্টমি (দুষ্ট) দুষ্টতা, দৌরাত্ম্য, খলতা।
দুষ্টা, ভ্রষ্টা, পুংশ্চলী, ব্যভিচারিণী।
দুষ্টামি, (দুষ্ট) নষ্টতা, দুষ্টতা, ভ্রষ্টতাচরণ।
দুষ্ট, নিন্দা, গ্লানি, কুৎসা ; অবিনীত।
দুষ্পচ, গুরুপাক, ক্লেশে জীর্য্য। [স্পৃশ্য।
দুষ্পর্শ, অস্পৃশ্য বস্তু, অস্পর্শনীয়, দুঃখে
দুষ্পার, দুস্তর, অতরণীয়, অসাধ্যপার।
দুষ্পূর, অসন্তোষণীয় ; অপরিপূর্য্য।
দুষ্প্রধর্ষ, দুর্গম ; দুরালভ্য। [বৃহতী
দুষ্প্রধর্ষণী বার্ত্তাকী, বেগুন ; কণ্টকারি ;
দুষ্প্রবৃষ্য, প্রগলভ, দুরতিগম্য, তীক্ষ্ণ।
দুষ্প্রাপ্য, (দুর-প্রাপ্য, দুর্লভ।
দুষ্মন্ত, চন্দ্রবংশীয় রাজা।
দুসূতী, (দুই-সূত্র) স্থূলবস্ত্র বিশেষ, এক-প্রকার মোটা কাপড়।
দুস্থ, (দুর-স্থা) দুরবস্থান্বিত ; দুঃখী ; দরিদ্র ক্লিষ্ট। [দুর্গতি
দুস্থতা, (দুস্থ) দারিদ্র্য, দৈন্য, দৌর্ভাগ্য, ক্লেশ
দুস্নথ, কুক্কুর ; কুক্কুট, মুরগী।
দুহাকার, দুইজনের, উভয়ের ; উভয়-সম্বন্ধীয়। [গাদিকারক ; সব্যসাচী
দুহাতিয়া, (দুই-হাত) দুই হস্ত দিয়া ভক্ষ-
দুহিতা, (দুহিতৃ) পুত্রী, কন্যা, কুমারী।
দুহিতৃপতি, জামাতা, জামাই।
দুহ্য, (দুহ) দোহন যোগ্য, দোহনের উপযুক্ত
দুহ্যমান, (দুহ) যাহা হইতে দোহন করা-যায়, দোহন বিশিষ্ট।
দূঢ়াশ পীড়াযুক্ত, রুগ্ন, ক্লেশিত।
দূঢ্য, নীচ, অধম, পামর ; ক্রূর।
দূণাশ, দুঃখে নষ্ট, দুঃখহত
দূত, (দু) বার্ত্তাবহ ; চর ; সংবাদ দাতা।
দূতি, (দূত) সমাচার হারিণী ; দৌত্যকর্ম্মে-নিযুক্তা স্ত্রী, কুট্টিনী।
দূতী, (দূত) দৌত্যকর্ম্মে নিযুক্তা স্ত্রী, কুট্টিনী
দূত্য, (দূত) দূতের কর্ম্ম ; দূতের স্বভাব।
দূন, অধ্বশ্রান্ত, পথশ্রান্ত, উপতপ্ত।
দূপ্র, বলবান, শক্তিমান।
দূর, অনিকট, অসন্নিকৃষ্ট, অন্তর, বিপ্রকৃষ্ট
দূরতর, (দূর) বহুদূর, অনেক অন্তর।

দূরদর্শী, (দূর-দর্শিন্) দীর্ঘদর্শী, বহুদর্শী, পরিণামদর্শী ; বিজ্ঞ ; গৃধ্র।
দূরদৃক্, পণ্ডিত, অগ্রদর্শী ; বহুজ্ঞ।
দূরবর্ত্তী, (দূর-বর্ত্তিন্) অসন্নিকৃষ্ট, অন্তর।
দূরবীন, দূরবীক্ষণ ; উপচক্ষু।
দূরবেধী, দূর নিক্ষিপ্য অস্ত্র ; বাণাদি [নিকট
দূরাদূর, (দূর-অদূর) অত্যন্তান্তর ; নিকটা-
দূরীকরণ, (দূর-করণ) অন্তর করিয়া দেওন তাড়িত করণ খেদাই দেওন। [নান্তরীকৃত
দূরীকৃত, (দূর-কৃত) দূরীভূত, তাড়িত, স্থা-
দূরীভূত, অন্তরকর, তাড়িত।
দূর্ব্বা, (দূর্ব্ব) তৃণবিশেষ।
দূর্য্য, বিষ্ঠা, শকৃত, মল।
দূশ্য, বস্ত্রগৃহ, কাপড়ের ঘর, শিবির তাঁবু।
দূষক, (দূষ) দোষোৎপাদক, নিন্দাকর, পাংশন।
দূষণ, (দূষ) রাবণভ্রাতা, খরসেনাপতি ; নিন্দা ; দোষ ; ত্রুটি ; দোষপ্রকাশন ভর্ৎসন
দূষণাবহ, (দূষণ-আবহ) নিন্দনীয়, কুৎসিত
দূষণারি, (দূষণ-অরি) শ্রীরাম, রাঘব।
দূষি, চক্ষুর মল, পিচুটি।
দূষিকা, নেত্রমল, পিচুটি। [নিন্দিত।
দূষিত, দোষ প্রাপ্ত ; অভিশপ্ত ; জঘন্য,
দূষিতা, দূষণপ্রাপ্তা কন্যা। [গৃহ, তাম্বু।
দূষ্য, (দূষ) দূষণীয় নিন্দনীয় ; বস্ত্র ; বস্ত্র-
দূষ্যা, হস্তিকক্ষা, রজ্জু, কাচড়ি।
দৃক, (দৃশ) চক্ষু, দর্শন ; বুদ্ধি ; ছিদ্র ; রজ্জু।
দৃক্কর্ণ, (দৃশ-কর্ণ) সর্প, ভুজঙ্গ, অহি।
দৃক্‌পাত, অবলোকন, দৃষ্টিপাত, নেত্রপাত
দৃক্‌প্রিয়া, শোভা, সৌন্দর্য্য।
দৃক্‌শ্রুতি, ভুজঙ্গম, সর্প, অহি।
দৃগধ্যক্ষ, সূর্য্য, রবি।
দৃগ্‌গোল, খগোল, স্বর্গস্থ গোলবিশেষ।
দৃগ্‌বিষ, নাগ, সর্প, বিষধর।
দৃঢ়, (দৃহ) প্রগাঢ়, বলবান, কঠিন, অচল, অটল ; স্থির ; লৌহ।
দৃঢ়কাণ্ড, বংশ, বাঁশ।
দৃঢ়গ্রন্থি, বংশ, বাঁশ।
দৃঢ়তম, অত্যন্তপোক্ত, অত্যন্ত কঠিন।
দৃঢ়তর, শক্তিশালী, অতি কঠিন।
দৃঢ়তা, কাঠিন্য, দার্ঢ্য, স্থিরতা।
দৃঢ়দংশক, জলজন্তু বিশেষ, হাঙ্গর।
দৃঢ়নীর, নারিকেল বৃক্ষ।
দৃঢ়পত্র, বংশ, বাঁশ।
দৃঢ়ফল, নারিকেল বৃক্ষ। [লতা।
দৃঢ়বল্লিনী, (দৃঢ়-বল্ল) লতাবিশেষ, শ্যামা
দৃঢ়বাদী, (দৃঢ়-বাদিন্) সত্যবাদী, স্থিরবাক্য
দৃঢ়বোধ, দৃঢ়জ্ঞান, নিশ্চয় অনুভব, দৃঢ়প্রত্যয় ; সম্পূর্ণ বিশ্বাস। [হাড়।
দৃঢ়মাংস, কঠিন মাংস ; কোমলাস্থি, নরম
দৃঢ়মুষ্টি, খড়্গাদি, কৃপাণ ; কঠিনমুষ্টি।
দৃঢ়মূল, ফলবিশেষ, নারিকেল।
দৃঢ়লোমা, শূকর, বরাহ ; কঠিন লোমযুক্ত।
দৃঢ়সন্ধি, নিশ্ছিদ্র, ছিদ্রহীন ; সংহত।
দৃঢ়াঙ্গ, (দৃঢ়-অঙ্গ) হীরক, হীরা।
দৃত, আদর, বাৎসল্য।
দৃতা, জীরক, জীরা।
দৃতি, চর্ম্ম ; মৎস্য, মীন।
দৃতিধারক, বৃক্ষ বিশেষ।
দৃন্দু, সর্প ; চক্র, বজ্র ; সূর্য্য ; রাজা ; মনঃ
দৃপ্ত, গর্ব্বিত, অহঙ্কৃত।
দৃন্ফু, সর্প, অহি, বিষধর। [নাগভিৎ।
দৃশৎ, পাষাণ, প্রস্তর, পাতর ; নিষ্পেষণ শি
দৃশদ্বতী, নদীবিশেষ ; কাত্যায়নী।
দৃশা, (দৃশ) চক্ষুঃ, নেত্র, নয়ন।
দৃশাকাঙ্ক্ষ, পদ্মপুষ্প, নলিনীপুষ্প।
দৃশান, জ্যোতিঃ, দীপ্তি, রশ্মি ; বিরোচন দৈত্য, প্রহ্লাদ পুত্র ; আচার্য্য ; লোকপাল ব্রাহ্মণ ; উপাধ্যায়।
দৃশি, চক্ষুঃ লোচন, দর্শন।
দৃশোপম, (দৃশ-উপমা) শ্বেতপদ্ম।
দৃশ্য, (দৃশ) চক্ষুর্গোচর ; দর্শনীয় ; সুন্দর।
দৃষৎ, পাষাণ প্রস্তর ; নিষ্পেষণ শিলা।
দৃষ্ট, (দৃশ) ঈক্ষিত, আলোকিত।
দৃষ্টরজাঃ, প্রাপ্তরজস্কা ; বয়ঃপ্রবিষ্টা ; যুবতী
দৃষ্টান্ত, (দৃষ্ট-অন্ত) উদাহরণ, উপমা।
দৃষ্টি (দৃশ) আলোকন, নিরীক্ষণ ; চক্ষু।
দৃষ্টিকৃৎ, দর্শনকারী, স্থলপদ্ম।
দৃষ্টিগোচর, নয়নগোচর, সাক্ষাৎ, প্রত্যক্ষ।
দৃষ্টিধরা, (দৃষ্টি-ধর) চক্ষুর তারা, নেত্রমণি
দৃষ্টিবন্ধু, খদ্যোত, জোনাকীপোকা।
দৃষ্টিবিক্ষেপ, কটাক্ষ, নেত্রপাত।
দৃষ্টে, অনুমানে ; দর্শনে, দৃশ্যে।
দেইজী, (ধাতুজ) জ্ঞাতি, সগোত্র।
দেউড়ী, (দ্বার) দৌবারিক স্থান, বহির্দ্বার, দ্বার স্থান।
দেউল, (দেব-উল্লাস) দেবালয়, মঞ্চ বিশেষ মঠ ; চরক পূজা কর্ত্তা।

দেউলিয়া, (দেউলী) গত সর্ব্বস্ব নিঃস্ব, নির্ধন।
দেওন (দা) দান করণ, বিতরণ, অর্পণ, [নিবেদন।
দেওয়ারি, (দেব-অরি) রাগিণীবিশেষ।
দেওয়ালী, (দেব-অল) রাগিণীবিশেষ।
দেক, বিরক্ত, অসন্তুষ্ট।
দেখন, (দেখ) দর্শন অবলোকন।
দেখা (দেখ) দৃষ্টিপাত; সাক্ষাৎ, দৃষ্ট।
দেখাদৃষ্টে (দেখা-দৃষ্ট) প্রত্যক্ষতঃ, সাক্ষাতে।
দেখাদেখি, দৃষ্টি সংস্মরণ, সাংদৃষ্টিকক্রমে অনুকরণ।
দেখান, দর্শান, প্রকাশন।
দেখারু (দেখ-অরু) প্রদর্শক যে দৃষ্টি করায়
দেখাশুনা, সাক্ষাৎ সন্দর্শন।
দেড় (দ্বি-অর্দ্ধ) সার্দ্ধৈক, অর্দ্ধাধিকৈক।
দেদীপ্যমান (দীপ) জাজ্বল্যমান, অতিশয় দীপ্তিবিশিষ্ট।
দেধান্য, (দেব-ধান্য) ক্ষুদ্র বীজ বিশেষ।
দেনা, (দা) ধার, ঋণ, দেয়, শোধনীয়।
দেনাদার, (দেনা-দা,র) গ্রাহী, খাদক, অধমর্ণ।
দেওয়া, (দা) দত্ত, ত্যক্ত; নিবেদিত।
দেব, অমর, সুর, রাজা, প্রকাশক, পামর
দেবক, যদুবংশীয় রাজাবিশেষ, শ্রীকৃষ্ণের মাতামহ।
দেবকলী, (দেব-কল) রাগিণীবিশেষ।
দেবকাত্মজা, দেবকী, শ্রীকৃষ্ণের মাতা।
দেবকাষ্ঠ দেবদারু কাষ্ঠ।
দেবকী, দেবক রাজকন্যা শ্রীকৃষ্ণের জননী।
দেবকীনন্দন, শ্রীকৃষ্ণ, ভগবান।
দেবকীসুত, শ্রীকৃষ্ণ নারায়ণ।
দেবকুল দেউল, দেবোদ্দেশে দত্ত বৃহৎ অট্টালিকাবিশেষ।
দেবকুসুম, লবঙ্গ।
দেবখাত অকৃত্রিম জলাশয়।
দেবখাতবিল গুহা, গহ্বর।
দেবগর্জ্জন, মেঘের শব্দ, বজ্রধ্বনন।
দেবগায়ন গন্ধর্ব।
দেবগিরি হিমালয় পর্ব্বত, রাগিণীবিশেষ
দেবগুরু বৃহস্পতি, সুরাচার্য্য।
দেবগৃহ দেবালয়, ঠাকুর বাটী; চন্দ্রসূর্য্যাদি জ্যোতির্ম্মণ্ডল।
দেবচিকিৎসক, অশ্বিনীকুমার.
দেবচ্ছন্দ, হারবিশেষ।
দেবটা, গঙ্গাচিল্লী, শঙ্খচিল।
দেবতরু, মন্দার, পারিজাত।
দেবতা (দেব) অমর, দেব, সুর।
দেবতাড় বৃক্ষবিশেষ, দেওতাড় গাছ।
দেবতাধিপ, (দেবতা-অধিপ) ইন্দ্র, দেবরাজ
দেবতালয়, (দেবতা-আলয়) দেবালয়, ঠাকুর বাটী।
দেবতুল্য, অমরতুল্য, সুরসদৃশ।
দেবত্ব (দেব) দেবনিষ্ঠধর্ম্ম; অমরপদ, দেবতার আবির্ভাব।
দেবত্র, (দেব-ত্রৈ) দেবস্ব, দেবোদ্দেশে দত্তভূম্যাদি। [সুর বস্তু।
দেবদত্ত, সংজ্ঞাবিশেষ, শরীরের বায়ুবিশেষ।
দেবদারু বৃক্ষবিশেষ।
দেবদালী, লতাবিশেষ; ঘর্ঘরবেল।
দেবদাসী, অপ্সরা; গণবেশ্যা।
দেবদীপ, লোচন, চক্ষুঃ।
দেবদূত, দেবপ্রেরিত ভৃত্যাদি।
দেবদেব, মহাদেব, ব্রহ্মা।
দেবদ্বেষ্টা, (দেব-দ্বেষ্টৃ) দেবহিংসক, দেবনিন্দক, নাস্তিক পাষণ্ড।
দেবদ্রোণী, দেবযাত্রা। [কর্ত্তা।
দেবব্রাহ্মণ, দেবপূজক, দেবসমীপে স্তবন
দেবধান্য ধান্যবিশেষ, দেধান।
দেবধূপ, গুগ্‌গুলু।
দেবন, ক্রীড়া, ব্যবহার, নিন্দা, পদ্ম, পরিদেবন, দীপ্তি; স্তুতি; কান্তি, পাশক
দেবনন্দী, ইন্দ্রের [illegible] দ্বারপাল ইন্দ্রদ্বারী।
দেবনা, ক্রীড়া, সেবা। [পাষণ্ড।
দেবনিন্দক, ঈশ্বরনিন্দাকারী, নাস্তিক,
দেবনিষ্ঠ ঈশ্বরবাদী, ঈশ্বরভক্ত।
দেবনিষ্ঠা, ঈশ্বরে শ্রদ্ধা, দেবভক্তি।
দেবপতি, ইন্দ্র, সুরপতি।
দেবপথ, দেবতাদের পথ, ছায়াপথ।
দেবপুরী, অমরাবতী, ইন্দ্রপুরী।
দেবপূজক, দেবোপাসক, দেবার্চ্চক।
দেবপূজা দেবার্চ্চনা, উপাসনা।
দেবপ্রশ্ন গ্রহনক্ষত্রাদি ঘটিত জিজ্ঞাসা।
দেবপ্রিয়, বকপুষ্প, পীতবর্ণ ভৃঙ্গরাজপুষ্প
দেববক্ত্র, অগ্নি, দেবমুখ।
দেববর্দ্ধকি, বিশ্বকর্ম্মা।
দেববল্লভ, পুন্নাগ বৃক্ষ। [illegible]
দেববাণী দেববাক্য, ঈশ্বরোক্তি।
দেববৃক্ষ মন্দারবৃক্ষ, পারিজাত।
দেবব্রত, ভীষ্ম, গঙ্গাসুত।

দেবব্রহ্মা, দেবর্ষি, নারদ মুনি।
দেবভবন, অশ্বত্থবৃক্ষ; স্বর্গ।
দেবভূ, দেবতা; স্বর্গ।
দেবভূতি, স্বর্গগঙ্গা; মন্দাকিনী।
দেবভূয়, দেবত্ব, দেবসাযুজ্য।
দেবমণি, কৌস্তুভমণি।
দেবমাতা, অদিতি, কশ্যপ পত্নী।
দেবমাতৃক, বৃষ্টির জলে পালিত দেশ।
দেবমানক, কৌস্তুভমণি। [বর্ষ;
দেবমাস, গর্ভাষ্টম মাস; মনুষ্যদের ত্রিংশৎ
দেবযজি, দেবপূজক; মুনি। [প্রক্ষেপ।
দেবযজ্ঞ, হোম, মন্ত্রপূর্ব্বক অগ্নিতে ঘৃত
দেবযাত্রা, দেবোৎসব, পর্ব্বাহ।
দেবযানী, শুক্রাচার্য্য কন্যা; যযাতিরাজপত্নী
দেবযু, ধার্ম্মিক; লোক যাত্রিক।
দেবযোনি, উপদেবতা, ভুত প্রেত পিশাচাদি গন্ধর্ব্ব।
দেবর, (দিব) পতির কনিষ্ঠ ভ্রাতা, দেওর।
দেবরথ, দেবযান, দেবতাদের বিমান; পুষ্পক রথ।
দেবরাজ, (দেব-রাজন) ইন্দ্র, সুরপতি
দেবরাত, পরিক্ষিত রাজা; সারস, পক্ষিবিশেষ। [ঋষি।
দেবর্ষি, (দেব-ঋষি) সুরমুনি, নারদাদি
দেবল, (দেব-লা) দেবপূজোপজীবী পূজারিব্রাহ্মণ; ধর্ম্মশাস্ত্রবক্তা মুনিবিশেষ।
দেবলতা, লতাবিশেষ; নবমল্লিকালতা।
দেবলোক, অমর্ত্ত্যভুবন, স্বর্গ।
দেবশ্রুত, ঈশ্বর; শাস্ত্র; নারদমুনি।
দেবসভা, দেবসমাজ, সুধর্ম্মা।
দেবসভ্য, ক্রীড়াসক্তাস্থ, সভিক। [দত্ত।
দেবসাৎ, দেবাধীন, দেবায়ত্ত, দেবের প্রতি
দেবসাযুজ্য, দেবত্ব, দেবভূয়।
দেবসৃষ্টা, মদ্য, সুরা।
দেবসেনা, ইন্দ্রকন্যা; দেবতাদের সৈন্য।
দেবসেনাপতি, কার্ত্তিকেয়, কুমার।
দেবসেবা, দেবতার সেবা, ঈশ্বরারাধনা।
দেবস্থল, দেবস্থান, দেবালয়।
দেবস্থলী, দেবালয়, দেবমন্দির। [ত ধন।
দেবস্ব, দেবতার দ্রব্য, দেবপূজার্থ সংস্থাপি-
দেবহিংসক, অসুর, দৈত্য, সুরারি।
দেবাজীব, (দেব-আজীব) পূজাজীবী, দেবল ব্রাহ্মণ, পূজারি ব্রাহ্মণ। [বৃক্ষ।
দেবাত্মা, (দেব-আত্মন) দেব স্বরূপ; অশ্বত্থ
দেবাবাস, (দেব-আবাস) দেবগৃহ; অশ্বত্থবৃক্ষ। [গৃহ।
দেবায়তন, (দেব-আয়তন) দেবালয়; দেব-
দেবায়ুধ, শক্রধনু; ইন্দ্রধনু; দেবাস্ত্র।
দেবারাধক, (দেব-আরাধক) দেবপূজক, ঈশ্বরোপাসক। [র; স্বর্গ।
দেবালয়, (দেব-আলয়) দেবগৃহ মঠ, মন্দি
দেবালা, রাগিণী বিশেষ।
দেবাশ্ব, (দেব-অশ্ব) ইন্দ্রঘোটক, উচ্চৈঃশ্রবা
দেবিকা, নদীবিশেষ।
দেবিল, ধার্ম্মিক, ধর্ম্মপরায়ণ।
দেবী, (দেব) দুর্গা; দেবজাতীয়া স্ত্রী; দেবশক্তি, রাজার অভিষিক্তা স্ত্রী; ব্রাহ্মণী।
দেবেজ্য, বৃহস্পতি, সুরাচার্য্য।
দেবেষ্ট, (দেব-ইষ্ট) দেববাঞ্ছিত; গুগগুলু।
দেবোদ্যান, (দেব-উদ্যান) দেবোপবন, দেবতার বন। [প্রতিমাপূজা।
দেবোপাসনা, দেবারাধনা, ঈশ্বরোপাসনা,
দেয়, (দা) দানযোগ্য, পরিশোধ্য।
দেয়াল, যাং) প্রাচীর।
দেরী, (যাং) বিলম্ব, গৌন।
দেরুকা, (দারু) কাষ্ঠ নির্ম্মিত দীপাধার।
দেলুকা, (দেরুকা) দীপাধার, দীপবৃক্ষ, পিলশুজ, দীপদান। [বিশেষ; স্থল।
দেশ, (দিশ) পৃথিবীর খণ্ড; চাকলা; স্থান-
দেশক, শাসনকর্ত্তা, শাস্তা।
দেশকা, (দেশ-কৈ) রাগিণীবিশেষ
দেশকারী, রাগিণী বিশেষ। [বিস্তৃত।
দেশময়; (দেশ) দেশাবচ্ছিন্ন, ব্যাপ্ত; সর্ব্বত্র-
দেশরূপ, উচিত, ন্যায্য; যোগ্য।
দেশাচার, (দেশ-আচার) দেশের আচার ব্যবহার।
দেশাধিপ, অধিরাজ, দেশাধিপতি; রাজা।
দেশান্ত, (দেশ-অন্ত) দেশের সীমা।
দেশান্তর, (দেশ-অন্তর) বিদেশ, সুমেরু ও লঙ্কার মধ্যবর্ত্তি খণ্ড
দেশিক, পান্থ, পথিক; গুরু, আচার্য্য।
দেশিনী, তর্জ্জনী অঙ্গুলী।
দেশী, রাগিণী বিশেষ।
দেশীয়, (দেশ) দেশজাত; দেশ সম্বন্ধীয়।
দেশ্য, (দেশ) পূর্ব্বপক্ষ; দেশের উপযুক্ত।
দেস্থ, দাতা; রজকজাতি, ধোবা।
দেহ, (দিহ) শরীর, তনু, কায়।
দেহকোষ, পক্ষ, পাখা।

দেহজ, (দেহ-জন) দেহজাত, দেহোৎপন্ন।
দেহদ, পারদ, পারা।
দেহধারক, অস্থি, হাড়।
দেহধি, পক্ষ, পাখা, ডানা।
দেহধৃক বায়ু, বাত, বাতাস; আত্মা।
দেহপাত, মরণ, শরীর পতন।
দেহভৃৎ, জীব; প্রাণ; আত্মা।
দেহযাত্রা, শরীর ধারণ; ভোজন; সংসার নির্ব্বাহ; যমপুরী গমন, মরণ।
দেহলা, মদ্য, সুরা, মদ।
দেহলী, গৃহাবগ্রহণী, দ্বারাগ্র স্থান, হাতিনা
দেহসার, মজ্জা, মস্তিষ্ক।
দেহহীন, দেহরহিত, অশরীর।
দেহক্ষয়, রোগ, পীড়া; দেহনাশ।
দেহাত্মবাদী, (দেহ-আত্মন-বাদিন) চার্ব্বাক, নাস্তিকবিশেষ, যাহারা দেহকে আত্মা বলে
দেহিকা, (দেহ) কীটবিশেষ।
দেহী, (দেহ) শরীরী, শরীরযুক্ত, জীব।
দেহোদ্ভূত, (দেহ-উদ্ভূত) শরীরজ, দেহজাত
দৈ, দধি, দুগ্ধ বিকার বিশেষ।
দৈতেয়, দৈত্য, অসুর; দানব।
দৈত্য, (দিতি) অসুর, দানব, দিতিসুত
দৈত্যগুরু, শুক্রাচার্য্য, ভার্গব।
দৈত্যদেব, বরুণ; বায়ু।
দৈত্যনিসূদন, বিষ্ণু, নারায়ণ।
দৈত্যপুরোধা, শুক্রাচার্য্য।
দৈত্যমাতা, দিতি, কশ্যপস্ত্রী। [ণী, মহী
দৈত্যমেদজ, ভূমিজ গুগগুলু; পৃথিবী, ধর-
দৈত্যা, (দৈত্য) মদ্য; দৈত্যভার্য্যা।
দৈত্যারি, (দৈত্য-অরি) বিষ্ণু; দেবতা।
দৈন, (দীন) দীনতা, দারিদ্র্য, দুঃখ।
দৈনন্দিন, (দিন) প্রাত্যাহিক, প্রতিবাসরীয়; যাহা প্রতিদিন হয়। [বস্তু
দৈনার, (দীনার) দীনারপরিমিত; স্বর্ণ অা-
দৈনিক, (দিন) প্রাত্যহিক, দিনভব।
দৈনিকী, দিনভৃতি, একদিনের বেতন।
দৈন্য, (দীন) দরিদ্রতা, দীনতা, কার্পণ্য, কৃপণতা; ম্লানভাব, কাতর্য্য।
দৈন্যান্বিত, দুঃখ; নিঃস্ব; কৃপণ।
দৈন্যাবস্থা, (দৈন্য-অবস্থা) দুঃখাবস্থা।
দৈব, (দেব) অদৃষ্ট, বিধাতা; ঐশ্বরিক; দেবাধীন।
দৈবকর্ম্ম, যজ্ঞাদি দেবোদ্দেশ্য কর্ম্ম।
দৈবকী, (দেব) শ্রীকৃষ্ণমাতা, বসুদেবপত্নী
দৈবকীনন্দন, শ্রীকৃষ্ণ, বাসুদেব।
দৈবকাবিদ, দৈবজ্ঞ, দৈবপণ্ডিত। বিপ্র।
দৈবজ্ঞ, (দৈব-জ্ঞা) গণক, লগ্নাচার্য্য; গ্রহ-
দৈবত, দেবতা; দেবসমূহ; দেবসম্বন্ধীয়।
দৈবপর, দৈবনিষ্ঠ; বন্ধুরিক্যা।
দৈবপ্রশ্ন, প্রাক্তন, অদৃষ্ট; শুভাশুভ কর্ম্ম জিজ্ঞাসা। [স্কৃত বাক্য।
দৈববাণী, আকাশবাণী, অমানুষীকথা; সং-
দৈবযোগ, দৈবাৎ, হঠাৎ, অকস্মাৎ।
দৈবযোগে, (দৈবযোগ) দৈবাৎ, অকস্মাৎ।
দৈবলেখক, গণক, দৈবজ্ঞ।
দৈবাকার, শনি, যম; যমুনা।
দৈবাৎ, (দৈব) হঠাৎ, অকস্মাৎ, দৈবাধীন।
দৈবাধীন, (দৈব-অধীন) দৈবায়ত্ত, ঈশ্বরাধীন হঠাৎকার। [হঠাৎ, মরণ।
দৈবান্মৃত্যু, (দৈবাৎ-মৃত্যু) অকস্মাৎ মৃত্যু
দৈবায়ত্ত, (দৈব-আয়ত্ত) দৈবাধীন, অকস্মাৎ, হঠাৎ, ঈশ্বরাধীন।
দৈবাহোরাত্র, দেবতাদের পূর্ণদিবস মনুষ্য-পরিমাণে সংবৎসর।
দৈবিক, (দৈব) দেবসম্বন্ধী; দৈবাৎ উৎপন্ন সম্বন্ধিনী, দেবহইতে উপস্থিত। [উপদ্রব।
দৈবোৎপাত, (দৈব-উৎপাত) দৈববশতঃ
দৈব্য, দৈব, ভাগ্য, অদৃষ্ট
দৈর্ঘ্য, (দীর্ঘ) দ্রাঘিমা, লম্বাই।
দৈশিক, সম্বন্ধবিশেষ; আচার্য্য।
দৈষ্টিক, ভাগ্যাধীন জাত; কালজাত।
দৈহিক, (দেহ) দেহসম্বন্ধীয়, কায়িক।
দোঃশিখর, স্কন্ধ, কাঁধ। [রাজা
দোঃসহস্রভৃৎ, কার্ত্তবীর্য্যার্জ্জুন রাজা; বাণ-
দোআত, (যাং) মস্যাধার।
দোঁহা, (দ্বি) পদ্যবিশেষ
দোকৃতা, (দ্বি-কৃত) তাম্রকূটপত্র।
দোকর, (দুই-কৃ) পুনঃকৃত, দ্বিবার, পুনর্ব্বার
দোকান, (যাং) পণ্যশালা, পণ্যালয়।
দোখা, (দ্বি-খন) গলসী গোবন্ধন রজ্জু।
দোগ্ধা, অর্থোপজীবী কবি; বৎস; গোপাল; গোদোহনকর্ত্তা।
দোগ্ধ্রী, (দুগ্ধ) দুগ্ধবতী গাভী, ধেনু। [র্ষণ।
দোটানা, (দ্বি-টানা) দুইদিগে মনের আক-
দোঠকা, (দ্বি-ঠগ) শঠ, খল; পরস্পর ভেদক
দোতত্ত্ব, (দ্বি-তত্ত্ব) উভয়ের মধ্যে মনঃ সংযোগ। [দোপেঁচ চাবি।
দোতলা, (দ্বি-তল) ইষ্টকময় গৃহবিশেষ;

দোদুল্যমান, (দোল) অতিশয় দোলন বি-শিষ্ট; ঝোলা, দোলা; ঝুলানিয়া।
দোধ, গোবৎস, বাছুর।
দোধক, ছন্দোবিশেষ।
দোধূয়মান, অতিশয় কম্পনবিশিষ্ট। [কন্যা।
দোপড়া, (দ্বি-পড়া) দ্বিরূঢ়া, দ্বিবিবাহিতা
দোপাটী, (দ্বি-পাটী) পুষ্পবিশেষ।
দোফলা, (দ্বি-ফল) যে বৃক্ষে বৎসরে দুই-বার ফল জন্মে।
দোমালা, অর্দ্ধপক্ক নারিকেল।
দোরক, বীণাতন্ত্রী, বন্ধনরজ্জু।
দোর্গড়, কুণ্ঠিতহস্ত, বক্রহস্ত; বাঁকাহাত।
দোর্গ্রহ, বলবান, শক্তিমান।
দোর্দ্দণ্ড, বাহুরূপ দণ্ড।
দোর্মধ্য, বাহুমধ্যভাগ, বাজু।
দোর্মূল, কক্ষদেশ, বগল।
দোল, (দুল) দোলন, শ্রীকৃষ্ণের যাত্রাবিশেষ, পর্ব্বাহ বিশেষ।
দোলন, (দোল) ঝুলন, হেলন।
দোলনা, ঝোলনা, দোলা, হিন্দোল।
দোলনী, ঝোলনা, দোলা।
দোলনাল, ঝোলানি, দোলানি। [শেষ।
দোলযাত্রা, ফল্গুৎসব, শ্রীকৃষ্ণের যাত্রা বি-
দোলা, (দুল) ঝোলা; হিন্দোলক; ডুলী, শিবিকা বিশেষ।
দোলান, (দোল) ঝোলান, নড়ান।
দোলাবাহক ডুলিয়া জাতি, শিবিকাবাহী যাহারা ডুলি বহে। [নড়ানিয়া, দোদুল্যমান
দোলয়মান, (দুল) আন্দোলিত, ঝুলনিয়া,
দোলিকা, হিন্দোলা, হেঁদলা। [শেষ।
দোলিয়া, (দোলা) দোলাবাহক; জাতিবি-
দোলী, দোলা, ডুলী, শিবিকা।
দোষ, (দুষ) দূষণ; ত্রুটি; কলঙ্ক; ভ্রম, পাপ; অপরাধ; নিন্দা; অনিষ্ট।
দোষক, গোবৎস, বাছুর।
দোষকর, (দোষ-কৃ) দূষণাবহ, অনিষ্টকর, নিন্দাকর। [ভ্রমাপনয়ন
দোষখণ্ডন, অপরাধমার্জ্জন; কলঙ্কভঞ্জন;
দোষগায়ক, (দোষ-গৈ) নিন্দক, পরকুৎসা-কথক। [ক, নিন্দক; খল।
দোষগ্রাহক, দোষগ্রহণকর্ত্তা; অপবাদকার-
দোষগ্রাহী, নিন্দক; দোষ গ্রহণকর্ত্তা।
দোষজ্ঞ, (দোষ-জ্ঞা) পণ্ডিত; চিকিৎসক; দোষ বেত্তা।

দোষণ, (দোষ) দোষ দেওন; নিন্দন।
দোষত্রয়, বাত পিত্ত কফ।
দোষদ, (দোষ-দা) দোষদায়ক, দোষদায়ী
দোষনাশ, পাপমোচন, অপবাদহরণ।
দোষস্থান, দোষক্ষেত্র; নিন্দাস্পদ, কুৎসা-স্থান। [দোষশালী।
দোষক্ষেত্র, অধিক অপবাদের স্থান; বহু-
দোষা, রাত্রি; নিশামুখ, প্রদোষ।
দোষাকর, (দোষ-আকর) চন্দ্র; দোষস্থান।
দোষাতন, রাত্রিভব, নিশাজাত।
দোষাতিলক, প্রদীপ, দীপ। [মন্দ।
দোষাদোষ, (দোষ-অদোষ) গুণাগুণ, ভাল
দোষাদোষি, পরস্পর দোষ দেওন।
দোষাস্য, দীপ, প্রদীপ।
দোষিক, রোগ, পীড়া।
দোষী, (দোষিন) অপরাধী; অশুদ্ধ; পাপী
দোষৈকদৃক্, (দোষ-এক-দৃক্) দোষমাত্র-দর্শী, যে গুণত্যাগ করিয়া কেবল দোষ দেখে।
দোসর, (দুই) দ্বিতীয়; সঙ্গী, সহকারী।
দোসরা, (দ্বিতীয়) অন্য; ভিন্ন।
দোস্ত, ক্রীড়া; সেবক।
দোহ, (দুহ) দোহন পাত্র, দুধের কেঁড়ে।
দোহজ, দোহনে উৎপন্ন দুগ্ধ, পয়ঃ, ক্ষীর
দোহড়িকা, ছন্দোবিশেষ, দোহা।
দোহদ, (দোহ-দা) ইচ্ছা, স্পৃহা; গর্ভ; গর্ভিণীর অভিলাষ, সাধ।
দোহদবতী, অন্নপানাদি দ্রব্যবিশেষে অ-ভিলাষবতী; গর্ভবতী।
দোহদলক্ষণ, বয়ঃসন্ধি; গর্ভচিহ্ন।
দোহন, (দুহ) দুগ্ধনিঃসারণ; আকর্ষণ।
দোহল, ইচ্ছা, বাঞ্ছা, স্পৃহা।
দোহলী, বৃক্ষবিশেষ, অশোক বৃক্ষ।
দোহা (দ্বি) শ্লোক, পদ্যবিশেষ।
দোহাই, (দো-হাই) বিচার প্রার্থনাকরণ শপথ, দিব্য।
দোহাপময়, দুগ্ধ, ক্ষীর, পয়ঃ।
দোহার, (দুই) সহায়; উত্তরসাধক
দোহারা, (দুই) দ্বিগুণ; দ্বিতীয়বার স্থূল-কায়, পুষ্টাঙ্গ।
দোহীয়ান্, অতিশয় দোহক।
দৌঃসাধিক, দ্বারস্থিত, দ্বারপাল।
দৌড়, (দ্রু) অতি বেগে গমন, দ্রুত চলন, ধাবন; চেষ্টা।

দৌড়ন, (দৌড়) ধাবন, বেগে চলন
দৌড়ান, বেগে চম্পান, ছুটান, চালান।
দৌত্য, (দূত) দূতের কর্ম্ম ; বার্ত্তাবহতা।
দৌবারিক, (দ্বার) দ্বাররক্ষক, দ্বারপাল।
দৌরাত্ম্য, (দুরাত্মা) উৎপাত ; দুষ্টতা ; অনিষ্টকরণ। [দুষ্টতা, বিটলামী।
দৌর্জ্জন্য, (দুর্জ্জন) দুরাচারতা, দুর্জ্জনতা,
দৌর্ব্বল্য, (দুর্ব্বল) ক্ষীণতা, দুর্ব্বলতা।
দৌর্ভাগিনেয়, (দুর্ভগা) দুর্ভগা পুত্র ; দুঃখিনীর সন্তান।
দৌর্ভাগ্য, (দুর্ভগ) মন্দভাগ্য, দুরদৃষ্ট।
দৌর্ম্মনস্য, চিন্তাকুলতা, ব্যাকুলচিত্ততা ; মানসিক উদ্বেগ।
দৌর্হৃদ, ইচ্ছা, বাঞ্ছা, স্পৃহা ; শত্রুতা।
দৌলেয়, কচ্ছপ, কূর্ম্ম, কাছিম।
দৌষ্কুলেয়, (দুষ্কুল) দুষ্কুলোদ্ভব, কুবংশে উৎপন্ন, নিন্দিত বংশ জাত।
দৌষ্মন্তি, (দুষ্মন্ত) রাজাবিশেষ, দুষ্মন্ত রাজপুত্র, ভরতরাজ।
দৌহিত্র, (দুহিতৃ) দুহিতার পুত্র, কন্যার সন্তান, নপ্তা, নাতি। [পুত্রী, নাত্নী
দৌহিত্রী, (দুহিতৃ) কন্যার কন্যা, দুহিতার-
দ্যুগ, পক্ষী, বিহঙ্গ।
দ্যুত, (দিব) পার্শ্ব, পাশক।
দ্যুতক্রীড়া, পাশাখেলা।
দ্যুতি, (দ্যুৎ) দীপ্তি, শোভা, কিরণ, তেজঃ
দ্যুতিকর, দীপ্তিকারক, শোভাকর।
দ্যুতিত, দীপ্তিবিশিষ্ট, শোভান্বিত।
দ্যুৎ, কিরণ, রশ্মি, দীপ্তি, প্রভা।
দ্যুনিবাস, দেবতা ; স্বর্গবাসী।
দ্যুনিশ, অহোরাত্র, দিবারাত্র, নিশিদিন।
দ্যুপতি, সূর্য্য ; ইন্দ্র।
দ্যুমণি, সূর্য্য ; স্বর্গ।
দ্যুমণি, সূর্য্য, অর্কবৃক্ষ, আকন্দগাছ।
দ্যুম্ন, ধন ; বল।
দ্যুষৎ, স্বর্গস্থ, দেবতা ; গ্রহ।
দ্যূত, (দ্যুৎ) পার্শ্ব, পাশক ; পাশাখেলা।
দ্যূতকর, (দ্যুৎ-কৃ) দ্যূতকর্ত্তা, জুয়ারী।
দ্যূতকৃৎ, অক্ষক্রীড়ক, পাশাখেলক।
দ্যূতক্রীড়া, পাশাখেলা ; জুয়াখেলা
দ্যূতপূর্ণিমা, কোজাগর পূর্ণিমা।
দ্যূতপ্রতিপৎ, কার্ত্তিকশুক্ল প্রতিপৎ।
দ্যূতবীজ, কপর্দ্দক, কাড়, কৌড়ি ; দ্যূতক্রীড়ার কারণ।
দ্যো, স্বর্গ, সুরলোক ; আকাশ।
দ্যোত, (দ্যুৎ) দীপ্তি ; রৌদ্র ; প্রকাশ।
দ্যোতন, দর্শন ; প্রকাশন ; প্রদীপ।
দ্যোতিত, দীপ্ত ; প্রকটিত, প্রকাশিত ; ব্যক্তীকৃত।
দ্যোভূমি, পক্ষী ; স্বর্গ ও পৃথিবী।
দ্যোষৎ, দেবতা, অমর।
দ্রগড়, বাদ্যবিশেষ, দ্রগড় বাদ্য।
দ্রঙ্গ, পুরী, ভবন, আলয়।
দ্রঢ়িমা, (দৃঢ়) দৃঢ়তা, কঠিনতা, দার্ঢ্য।
দ্রপ্স্য, অঘন দধি ; বস্ত্রা দই।
দ্রব, (দ্রু) স্নেহদ্রব্য, তরল ; গলন ; রস ; পরিহাস ; পলায়ন ; গতি। [ক্ষীরাদি।
দ্রবজ, (দ্রব-জন) দ্রব দ্রব্য জাত বস্তু, গুড়
দ্রবত্ব, দ্রবীভাব, গলিয়া যাওন।
দ্রবণ, ক্ষরণ, গলন ; অনুতাপ।
দ্রবন্তী, নদী, সরিৎ ; লতাবিশেষ।
দ্রবভাব, তরলভাব, গলিত।
দ্রবরসা, লাক্ষা, লা। [যোগ্য।
দ্রবার্হ, (দ্রব-অর্হ) দ্রবণীয় গলনীয়, দ্রবণ-
দ্রাবিড়ী রাগিণী বিশেষ।
দ্রবিণ, ধন ; কাঞ্চন ; বল।
দ্রবিণোদা, অগ্নি, বহ্নি।
দ্রবীকরণ, কঠিন দ্রব্য তরল করণ, গলান
দ্রবীভূত, (দ্রব-ভূত) গলিত ; মিশ্রিত।
দ্রব্য, (দ্রু) সামগ্রী, বস্তু, পদার্থ।
দ্রাক্, দ্রুত, শীঘ্র, ঝটিতি।
দ্রাঘিমা, (দীর্ঘ) দীর্ঘত্ব, দৈর্ঘ, লম্বাই।
দ্রাঘিষ্ঠ, অতিদীর্ঘ, অতিশয় লম্বা।
দ্রাণ, সুপ্ত, নিদ্রিত, পলায়িত।
দ্রাপ, পঙ্ক, পাঁক ; অকাশ ; মূর্খ।
দ্রাব, (দ্রু) গমন ; স্রবণ ; ক্ষরণ, গলন।
দ্রাবক, (দ্রু) দ্রবকারক, লগানিয়া ; ঔষধবিশেষ।
দ্রবণ, দ্রবকরণ, গলান ; কতকফল, নির্ম্মলী
দ্রাবিড়, বিন্ধ্য পর্ব্বতের দক্ষিণ দিকস্থ দেশবিশেষ। [যষ্টী গাছ।
দ্রাবিড়ক, বিটলবণ ; বেধমুখ্য বৃক্ষ, জিঁঝাচ
দ্রাবিড়ী, দ্রাবিড় দেশীয় ব্যক্তি বা বস্তু।
দ্রাবী, (দ্রু) দ্রাব্য, গলনীয়
দ্রাব্য, (দ্রব) গলনীয় দ্রবপদার্থ।
দ্রাক্ষা, (দ্রুত-ক্ষি) ফলবিশেষ, কিশ্‌মিশ।
দ্রাক্ষারস, মদিরা, মদ্য।
দ্রাক্ষালতা, কিশমিসের গাছ।

দ্রু, বৃক্ষ, তরু, গাছ।
দ্রুকিলিম, দেবদারুবৃক্ষ। [ভুঁইচাঁপা।
দ্রুঘন, মুদগর মুগুর; কুঠার। ভূমিচম্পক,
দ্রুণ, ধনু; খড়্গ; বৃশ্চিক, বিছা, ভ্রমর বিশেষ।
দ্রুণস, দীর্ঘ নাসিকাযুক্ত। [বারির খাপ।
দ্রুণহ, খড়্গপিধান; খড়্গের কোষ; তর-
দ্রুণা, (দ্রুণ) ধনুর্জ্যা, ধনুকের ছিলা।
দ্রুণী, কর্ণজলৌকা, কানকোটারি, কচ্ছপী।
দ্রুত, (দ্রু) শীঘ্র, ত্বরিত, ঝটিতি, গলিত; পলায়িত। [গমনকর্ত্তা।
দ্রুতগামী, শীঘ্রগামী, দ্রুতগমনকারী, শীঘ্র-
দ্রুনখ কন্টক, কাঁটা।
দ্রুবয়, পরিমাণ, তোলন।
দ্রুম, বৃক্ষ; পারিজাত; কুবের।
দ্রুমব্যাধি, লাক্ষা, লা।
দ্রুমর, কন্টক কাঁটা।
দ্রুমশ্রেষ্ঠ, তালবৃক্ষ; শ্রেষ্ঠ গাছ।
দ্রুমাঙ্গ, (দ্রুম-অঙ্গ) বৃক্ষশাখা, বৃক্ষের ডাল
দ্রুমারি, (দ্রুম-অরি) বৃক্ষের শত্রু; হস্তী করী। [কৃকলাস।
দ্রুমাশ্রয়, (দ্রুম-আশ্রয়) শরট, কৃকলাস,
দ্রুমেশ্বর, তালবৃক্ষ, চন্দ্র, নিশাকর।
দ্রুমল্লক, পিয়ালবৃক্ষ।
দ্রুহণ, ব্রহ্মা, প্রজাপতি।
দ্রুহিণ, বিধাতা, বিধি, ব্রহ্মা।
দ্রুহা, দুহিতা, কন্যা।
দ্রূ, স্বর্ণ, হেম, কাঞ্চন।
দ্রূণ, (দ্রুণ) বৃশ্চিক, অলি, বিছা।
দ্রোণ, (দ্রু) ঢক পরিমাণ ও সের পরিমাণ, দ্রোণাচার্য্য; বৃশ্চিক; চতুঃশত ধনুঃ পরিমাণ জলাশয়, শ্বেতবর্ণ ক্ষুদ্র পুষ্প বিশেষ;
দ্রোণকাক, দণ্ডকাক, দাঁড়কাক, বন্যবায়স।
দ্রোণাচার্য্য, ভরদ্বাজ মুনি পুত্র, অশ্বত্থামার পিতা।
দ্রোণী, (দ্রুণী) দেশ বিশেষ, নদী বিশেষ, দ্বিসূর্পপরিমাণ; কাষ্ঠাম্বুবাহিনী, ডোঙ্গা, ক্ষুদ্র তরী।
দ্রোণীদল, কেতকীপুষ্প, কেয়াফুল।
দ্রোহ, (দ্রুহ) জিঘাংসা, অনিষ্ট চিন্তা, অপকার; ক্ষতি; হিংসা।
দ্রোহক, হিংস্রক, দ্বেষী, মন্দকারক।
দ্রোহকারী, হিংস্রক, মন্দকারী, দ্বেষী।
দ্রোহচিন্তন, পরানিষ্ট চিন্তা, অন্যের মন্দচিন্তা করা। [পরানিষ্ট কারী।
দ্রোহী, (দ্রোহিন) মন্দকারী, হিংস্রক, প
দ্রৌণি, (দ্রোণ) অশ্বত্থামা, দ্রোণপুত্র।
দ্রৌপদী (দ্রুপদ) দ্রুপদরাজার কন্যা, পঞ্চালি
দ্বন্দ্ব, (দ্বি) মিথুন, স্ত্রীপুরুষের সংযোগ; বিবাদ, কলহ; রোগাদিবিশেষ; সমাস বিশেষ।
দ্বন্দ্বকারী, কলহকারক, ঝকড়াটিয়া, বিবাদী।
দ্বন্দ্বচর, চক্রবাক পক্ষী।
দ্বন্দ্বচারী, চক্রবাক পক্ষী। [বাদ।
দ্বন্দ্বজ, (দ্বন্দ্ব-জন) কলহজন্য; বিবাদ বিস-
দ্বয়, (দ্বি) দুই যুগ্ম, উভয়।
দ্বয়াগ্নি, বৃক্ষবিশেষ, রাংচিতা।
দ্বয়াতিগ, রজস্তমোগুণহীন; সত্ত্ব গুণযুক্ত।
দ্বাঃস্থ (দ্বার-স্থ) দ্বাঃস্থিত, দ্বারপাল।
দ্বাঃস্থিত, দ্বারপাল, দ্বার রক্ষক।
দ্বাচত্বারিংশৎ, দুই অধিক চল্লিশ সংখ্যা, বেয়াল্লিশ। [ত্রিশ।
দ্বাত্রিংশৎ, দুই অধিক ত্রিশ সংখ্যা, ৩২ ব-
দ্বাত্রিংশল্লক্ষণোপেত মহাপুরুষ।
দ্বাদশ, (দ্বি-দশন) দুই অধিক দশ সংখ্যা; বার ১২, দ্বাদশের পূরণ।
দ্বাদশকর, বৃহস্পতি; কার্ত্তিকেয়।
দ্বাদশলোচন, কার্ত্তিকেয়, কুমার। [চার্য্য।
দ্বাদশাংশু, (দ্বাদশ-অংশু) বৃহস্পতি, সুরা-
দ্বাদশাঙ্গুল, (দ্বাদশ-অঙ্গুলি) বিতস্তি পরিমাণ, এক বিগত, অর্দ্ধহস্ত। [আকন্দগাছ।
দ্বাদশাত্মা, (দ্বাদশ-আত্মন) সূর্য্য; অর্কবৃক্ষ,
দ্বাদশায়ু, শ্বা, কুক্কুর, কুকুর।
দ্বাদশার্চ্চি বৃহস্পতি, দেবগুরু।
দ্বাদশাক্ষ, (দ্বাদশ-অক্ষি) কার্ত্তিকেয়, গুহ, ষড়ানন। [একার ক্রিয়া কাল।
দ্বাদশী, (দ্বাদশ) তিথিবিশেষ, চন্দ্রের দ্বাদশ-
দ্বানবতী, সংখ্যাবিশেষ, বিরানব্বই।
দ্বাপর, (দ্বি-পর) যুগ বিশেষ, তৃতীয় যুগ; সন্দেহ।
দ্বাপঞ্চাশৎ সংখ্যাবিশেষ, বায়ান্ন। [ইশ ২২
দ্বাবিংশতি, দুই অধিক বিংশতিসংখ্যা, বা-
দ্বার, (দ্বৃ) বিনির্গম পথ, দরোজা, উপায়।
দ্বারকণ্টক, কবাট, কপাট।
দ্বারকা, (দ্বার) স্বনাম খ্যাত পুরী, শ্রীকৃষ্ণের নগরী। [পতি।
দ্বারকেশ, (দ্বারকা-ঈশ) শ্রীকৃষ্ণ, দ্বারকাধি-
দ্বারপাল, দ্বার রক্ষক, দ্বারবান্।

দ্বারপালক, দ্বার রক্ষক, দ্বারবান্।
দ্বারপিণ্ডী দেহলী; ঘরের ছাইচ।
দ্বারবতী. দ্বারকাপুরী, শ্রীকৃষ্ণের পুরী।
দ্বারবলিভুক, বকপক্ষী।
দ্বারযন্ত্র, তালক, তালা, কুলুপ।
দ্বারা. করণ গৌধার্থ, দিয়া।
দ্বারাবতী, দ্বারিকাপুরী, শ্রীকৃষ্ণের পুরী।
দ্বারিক. (দ্বার) দ্বারপাল, দ্বাররক্ষক, দ্বারী।
দ্বারিকা. শ্রীকৃষ্ণের পুরী।
দ্বারী, (দ্বার) দ্বারপাল, দ্বার রক্ষক।
দ্বাষষ্টি, দুই অধিক ষষ্টিসংখ্যা. বাষট্টি।
দ্বাসপ্ততি. দুই অধিক সত্তর সংখ্যা, বাহাত্তর।
[দ্বারবান্।
দ্বাস্থ, (দ্বার-স্থা) দ্বারপাল, দ্বাররক্ষক, দ্বারী.
দ্বাস্থিত, দ্বারপাল, দ্বাররক্ষক।
দ্বাস্থিতদর্শক, দৌবারিক, দ্বারপাল।
দ্বিঃ, বারদ্বয়, দুইবার।
দ্বিঃশ্রুতিধর, (দ্বিঃশ্রুতি-ধৃ) কোন কথা দুই বার শ্রবণ করিলে যাহার স্মরণ থাকে।
দ্বিক. দ্বয়. দুই।
দ্বিককার. কাক; কোকিল।
দ্বিককুৎ. উষ্ট্র. উট।
দ্বিকর, দুইহস্ত, দুইবা[illegible]।
দ্বিখণ্ড, দুই খণ্ড, দুই অংশ।
দ্বিগু. সমাস বিশেষ।
[হারা, দুগুণ।
দ্বিগুণ, (দ্বি) দুই সংখ্যাদ্বারা গুণিত, দো-
দ্বিগুণাকৃত বারদ্বয় কৃষ্ট ক্ষেত্র. দোচসাভূমি
দ্বিচত্বারিংশৎ, সংখ্যাবিশেষ, ৪২।
দ্বিজ. (দ্বি-জন) বারদ্বয় জাত; ব্রাহ্মণাদি ত্রিবর্ণ, অণ্ডজ, পক্ষী; দন্ত; স[illegible]
দ্বিজদাস. শূদ্র, অবর বর্ণ।
দ্বিজন্ম, বিপ্র, ব্রাহ্মণ. দন্ত. পক্ষী
দ্বিজপতি, চন্দ্র, শশাঙ্ক।
দ্বিজপ্রপা, আলবাল, জলদিবার জন্য বাঁধান গাছের গোড়া।
দ্বিজবন্ধু, অব্রাহ্মণ, ভণ্ড দৈবজ্ঞাদি।
দ্বিজব্রুব, জাতিমাত্রোপজীবী ব্রাহ্মণ[অনস্ত
দ্বিজরাজ, (দ্বিজ-রাজন) বিপ্র, চন্দ্র. গরুড়,
দ্বিজলিঙ্গী. ক্ষত্রিয়; ব্রাহ্মণবেশধারী।
দ্বিজসপ্ত, রাজমাস. বরবটী কলাই।
দ্বিজসেবক. শূদ্রজাতি, ব্রাহ্মণাদির সেবকর্ত্তা
দ্বিজাত, দ্বিজাতি; পুনর্ব্বার জন্ম প্রাপ্ত।
দ্বিজাতি, ব্রাহ্মণ; অণ্ডজ, পক্ষী
দ্বিজাতীয়. (দ্বি-জাতি) ব্রাহ্মণ সম্বন্ধীয়।

দ্বিজায়নী. যজ্ঞোপবীত, পৈতা
দ্বিজিহ্ব, সর্প, পিশুন, খল; চৌর।
দ্বিজোত্তম, ব্রাহ্মণ. গরুড়।
দ্বিঠ. বহ্নিজায়া, স্বাহা।
দ্বিতয়, (দ্বি) যুগ্ম. দুই।
দ্বিতীয়. (দ্বি) দুইয়ের পূরণ।
দ্বিতীয়া. গেহিনী. ভার্য্যা; তিথি বিশেষ চন্দ্রের দ্বিতীয় ও সপ্তদশ কলার ক্রিয়াকাল
দ্বিতীয়াকৃত, বারদ্বয় কৃষ্টক্ষেত্র, দুই বার চষা ভূমি।
দ্বিতীয়াভা, দারু হরিদ্রা।
দ্বিত্র্যহ. (দ্বি-ত্রি-অহন) দুই তিন দিন।
দ্বিত্ব, (দ্বি) দুইসংখ্যা; পুনঃকরণ; বারদ্বয়
দ্বিদন্. দন্তদ্বয়যুক্ত বৃষাদি।
[দিলস্ক।
দ্বিদলয়া, (দ্বি-দল) দুই পক্ষাক্রান্ত, উভয়-
দ্বিদেহ, গণেশ, হেরম্ব।
দ্বিধা, (দ্বি) দুইপ্রকার; দ্ব্যর্থ; সন্দেহ।
দ্বিধাকল্প. সন্দেহ বিষয়; অনিশ্চিত।
দ্বিধাকল্পন, সন্দেহকরণ; বিতর্ক করণ; চিন্তন।
[যুক্ত।
দ্বিধাগতি. কুম্ভীর, কুমীর; দ্বিপ্রকার গতি-
দ্বিধাতু, গণেশ; ধাতুদ্বয়। [প্রকার লেখনীয়
দ্বিধালেখ্য, হিস্তালবৃক্ষ, হেঁতালগাছ; দুই
দ্বিনগ্নক, দুশ্চর্ম্মা, অনাবৃত মেঢ়্র।
দ্বিপ, (দ্বি-পা) দ্বিরদ. হস্তী; নাগকেশর
দ্বিপঞ্চাশৎ, সংখ্যাবিশেষ, ৫২।
দ্বিপথ, দুইপথ, দোমাথা পথ।
দ্বিপদ, দুইপাদবিশিষ্ট; মনুষ্য; দেব পক্ষী; রাক্ষস।
দ্বিপাদ্য, দ্বিগুণদণ্ড
দ্বিপার্শ, হস্তী. গজ. হস্তী।
দ্বিবচন, দ্বিহায়নী, দুইবৎসর বয়স্কা।
দ্বিবর্ষীয়ান, (দ্বি-বর্ষ) দ্বিবর্ষ বয়স্ক, যাহার দুই বৎসর বয়ঃক্রম।
দ্বিবাহিকা, (দ্বি-বাহক) দোলা, ডুলী।
দ্বিবিদ, বানরবিশেষ।
দ্বিবিধ, দুইপ্রকার, দ্বিধা।
দ্বিবেশরা, লঘুরথ ক্ষুদ্ররথ, ছোটরথ।
দ্বিমাতৃজ, গণেশ, গজানন; ভগীরথ।
দ্বিমুখ, মুখদ্বয়বিশিষ্ট; সর্পবিশেষ; ধূর্ত্ত।
দ্বিমুখা, কর্করী, গর্গরী, গাড়ু; জলৌকা।
দ্বিমুখাহি. (দ্বি-মুখ-অহি) সর্পবিশেষ, শাখিনী সাপ।
দ্বিরদ. দ্বিপ, হস্তী, বারণ।

দ্বিরদান্তক, (দ্বিরদ-অন্তক) সিংহ, কেশরী।
দ্বিরশন, (দ্বিঃ-অশ) ভোজনদ্বয়, দুইবার আহার।
দ্বিরসন (দ্বিস-রসনা) সর্প, অহি, বিষধর।
দ্বিরাগমন, (দ্বিস-আগমন) পুনরাগমন; নব বধূর পুনর্ব্বার পতিগৃহে গমন।
দ্বিরাপ, হস্তী, করী।
দ্বিরুক্ত, (দ্বিস-উক্ত) বারদ্বয় কথিত, দুই-বার উক্ত।
দ্বিরুক্তি, (দ্বিস-উক্তি) পুনঃকথন, দুইবার কহা।
দ্বিরূঢ়া, (দ্বিস-উঢ়) দ্বিবার বিবাহিতা কন্যা। [দোপড়া।
দ্বিরূপী, (দ্বি-রূপিন) দ্বিমূর্ত্তি, বিভিন্ন প্রকার রূপধারক।
দ্বিরেফ, ভ্রমর ভৃঙ্গ, অলি।
দ্বির্ভোজন, (দ্বিস-ভোজন) দুইবার ভোজন
দ্বিশফ, দ্বিখুরযুক্ত পশু; গোমহিষাদি।
দ্বিষৎ, শত্রু বৈরী, দ্বেষ্টা।
দ্বিষ্ট, দ্বেষ্য ভাব, দ্বেষের বিষয়ীভূত।
দ্বিষ্ঠ, উভয়মধ্যস্থ, দুইয়ের মধ্যস্থিত।
দ্বিসপ্ততি, দুই অধিক সপ্তর, ৭২ পরিমাণ সংখ্যা।
দ্বিসহস্রাক্ষ, অনন্তদেব।
দ্বিসীত্য, বারদ্বয় কৃষ্ট ক্ষেত্র, দোচসা ভুঁই।
দ্বিস্বিন্ন, সিদ্ধতণ্ডুল সিদ্ধ চাউল। [ক্ষেত।
দ্বিহল্য, (দ্বি-হল) দ্বিধাকৃষ্ট ক্ষেত্র, দোচসা
দ্বিহ, গজ, হস্তী করী দন্তী
দ্বিহায়নী, দ্বিবর্ষীয় দুইবৎসর বয়স্ক।
দ্বীপ, (দ্বি-আপ) ব্যাঘ্রচর্ম্ম, ব্যা চতুর্দ্দিকে জল বেষ্টিত স্থল।
দ্বীপবর্তী, নদী, ভূমি।
দ্বীপবান, সমুদ্র, নদ। [বতী।
দ্বীপস্থ, (দ্বীপ-স্থা) দ্বীপে স্থিতিকারী, দ্বীপ-
দ্বীপিনখ, ব্যাঘ্রনখ, সাপের নখ।
দ্বীপিশত্রু, লতাবিশেষ, শতমূলী।
দ্বীপী, চিত্রক ব্যাঘ্র, চিতেব্যাঘ্র।
দ্বেধা, দ্বিপ্রকার; দ্বিবার, বারদ্বয়।
দ্বেষ, (দ্বিষ) হিংসা, শত্রুতা, বিরোধ।
দ্বেষণ, হিংসন, শত্রুতাকরণ, শত্রু।
দ্বেষী, (দ্বিষ) শত্রু, বৈরী হিংসক।
দ্বেষ্য, (দ্বিষ) দ্বেষের বিষয়, বিদ্বেষার্হ, হিংসার যোগ্য।
দ্বৈগুণ, (দ্বিগুণ) দ্বিগুণীকৃত।
দ্বৈত, (দ্বি) দ্বয়, দুইপ্রকার; ভেদ, সন্দেহ
দ্বৈতজ্ঞ (দ্বৈত-জ্ঞা) দ্বৈতবাদী, ভিন্নেশ্বর বাদী
দ্বৈতজ্ঞান, দ্বৈতবাদ, ভিন্নেশ্বরজ্ঞান।
দ্বৈধ, (দ্বিধা) দ্বিপ্রকার, সংশয়; দ্ব্যর্থ; ব্যঙ্গোক্তি।
দ্বৈপায়ন, (দ্বীপ) ব্যাসদেব।
দ্বৈমাতুর, (দ্বি-মাতৃ) গণেশ, জরাসন্ধ রাজা।
দ্বৈমাতৃক, যে দেশে নদীর জলদ্বারা ধান্যাদি জন্মে দুই মাতার পুত্র।
দ্ব্যগ্র (দ্বি-অগ্র) অগ্রদ্বয় বিশিষ্ট।
দ্ব্যঙ্গুল, (দ্বি-অঙ্গুলী) অঙ্গুলিদ্বয় পরিমিত।
দ্ব্যঙ্গুলি, দুই অঙ্গুলি, অঙ্গুলি দ্বয় পরিমিত
দ্ব্যঞ্জল, (দ্বি-অঞ্জলি) দুই অঞ্জলি পরিমাণ।
দ্ব্যঞ্জলি অঞ্জলি দ্বয়, দুই অঞ্জলি পরিমাণ।
দ্ব্যণুক (দ্বি-অণু) পরমাণু দ্বয়, দুই পরমাণু পরিমাণ। [অর্থ, ব্যঙ্গার্থ, দ্ব্যার্থ।
দ্ব্যর্থ, (দ্বি-অর্থ) অর্থদ্বয় যুক্ত, দুই প্রকার
দ্ব্যষ্ট তাম্র, তাম।
দ্ব্যহ, (দ্বি-অহ) দুই দিন, অহর্দ্বয়।
দ্ব্যক্ষর, (দ্বি অক্ষর) বর্ণদ্বয়, দুই অক্ষর।
দ্ব্যাত্মক, দুইয়ের স্বরূপ, দ্বিবিধ।
দ্ব্যাহ্নিক, (দ্বি-অহন) দুই দিনের পর উৎপত্তিশালী, দিনদ্বয় জন্য।

ধ

ধ, ব্যঞ্জনের ঊনবিংশ বর্ণ, তবর্গের চতুর্থ অক্ষর, ধন, ব্রহ্মা; কুবের; ধর্ম্ম।
ধট, তুলা, তোলন দণ্ড, তরাজু, ধড়া মাণ।
ধটক, চতুর্দ্দশ বল্ল পরিমাণ; ৪২ রতি পরিমাণ।
ধটী চীরবস্ত্র, কৌপীন।
ধটিদান, স্ত্রীলোকের গর্ভ হইলে শাস্ত্রানুসারে তাহাকে পট্টবস্ত্র দান করণ।
ধড, (ধৃ) দেহ, কায়, শরীর।
ধড, (ধটী) জীর্ণবস্ত্র, চেলখণ্ড; নেকড়া
ধড়ী (ধূর্ত্ত) শঠ, প্রতারক।
ধতুরা, ধুস্তুর, ধুতুরা
ধন, জীবনোপায়, বিত্ত, বিভব স্থাবর জঙ্গম সম্পত্তি।
ধনকেলি, কুবের ধনাধিপ
ধনগর্ব্বিত, ধনগর্ব্বী, অহঙ্কারী।
ধনচেষ্টা, অর্থচিন্তা, ধনপ্রাপ্তীচ্ছা।
ধনঞ্জয়, (ধনং-জয়) অর্জ্জুন; অগ্নি; বায়ুবিশেষ, বৃক্ষবিশেষ।
ধনদ, (ধন-দা) ধনপতি কুবের, ধনাধিপ।
ধনদানুজ (ধনদ-অনুজ) রাবণ, দশানন।
ধনদায়ী, অগ্নি, অনল, হুতাশন

ধনপতি, কুবের ; ধনাধীশ্বর।
ধনপিশাচী, ধনাশা, ধনতৃষ্ণা ; ধনলোভ।
ধনবতী, ধনিষ্ঠানক্ষত্র ; ধনান্বিতা স্ত্রী, ধনিনী
ধনবান্, (ধন) ধনী, ভাগ্যবন্ত, ধনবিশিষ্ট।
ধনবাহুল্য, অর্থাধিক্য ; ধনবান, ধনী।
ধনবিভাগ, অর্থবিভাগ, ধনভাগ।
ধনভাগ্য, ধনলাভের কপাল।
ধনমত্ত, ধন গর্ব্বী, ধনাহঙ্কারী
ধনমদ, বিভবগর্ব্ব, ধনের নিমিত্ত অহঙ্কার
ধনলুব্ধ, ধনলিপ্সু, অর্থলোভী।
ধনস্থক, গোক্ষুর, গোখুর, লতা।
ধনহর, (ধন-হৃ) ধনগ্রাহী, ধনহারক।
ধনহরী ধনগ্রাহিণী ; চোরানামে গন্ধদ্রব্য বিশেষ।
ধনা, রাগিণী বিশেষ, ধনাশ্রী রাগিণী।
ধনাগার, (ধন-আগার) ধন রক্ষণ স্থান, ভাণ্ডার।
ধনাঢ্য, (ধন-আঢ্য) ধনবিশিষ্ট ; অর্থশালী [ধনসম্পন্ন, ভাগ্যবন্ত।
ধনাধার, (ধন-আধার) ধনাগার, ভাণ্ডার।
ধনাধিপতি, (ধন-অধিপতি) ধনাধীপ, ধনেশ্বর, কুবের।
ধনাধ্যক্ষ, (ধন-অধ্যক্ষ) ধনরক্ষক ; কুবের।
ধনার্জ্জন, (ধন-অর্জ্জন) অর্থোপায় চেষ্টা, ধন-স ঞ্চয়ন, সম্পত্তি করণ। [ধনবাঞ্ছা।
ধনাশা, (ধন-আশা) ধনোলোভ, অর্থেচ্ছা,
ধনাশ্রী, রাগিণীবিশেষ।
ধনিক, (ধন) ধন্যাক, ধন্যা ; সাধু, উত্তমর্ণ, ঋণদাতা, মহাজন ; ধনবিশিষ্ট।
ধনিকা, উত্তমর্ণের স্ত্রী ; বধূ ;
ধনিচা, (ধন) বৃক্ষবিশেষ, ধঞ্চেগাছ
ধনিতা, (ধনিন) বহুধন, ঐশ্বর্য্য
ধনিষ্ঠা, (ধন) ত্রয়োবিংশ নক্ষত্র।
ধনী, (ধনিন) ধনবান, আঢ্য, ধনসম্পন্ন।
ধনীকা, যুবতী, তরুণী।
ধনীয়ক, কন্যাক, ধন্যা।
ধনুঃ, (ধনুস) বাণ নিক্ষেপক যন্ত্র, কার্ম্মুক ; নবম রাশি ; পিয়ালবৃক্ষ।
ধনুপট, পিয়ালবৃক্ষ।
ধনুশাখা, ছিলা, জ্যা, মৌর্ব্বী।
ধনুক, (ধনুস) শরনিক্ষেপক যন্ত্র, কার্ম্মুক।
ধনুখরা, (ধনুস-খর) ধনুর্ধারা।
ধনুর্গুণ, (ধনুস-গুণ) জ্যা, মৌর্ব্বী।
ধনুর্দ্রুম, বংশ, বাঁশ [বিখ্যাত ধন্বী ; অর্জ্জুন
ধনুর্ধর, (ধনুস-ধৃ) ধনুর্ধারী ; তীরান্দাজ ; ধনুর্ধারী, ধানুষ্ক, তীরান্দাজ।
ধনুর্ব্বক্র, (ধনু) ধনুরাকার বক্র।
ধনুর্ভৃৎ, ধনুর্ধারী, ধানুষ্ক, তীরান্দাজ।
ধনুর্মধ্য, (ধনুস-মধ্য) ধনুকের মধ্যভাগ।
ধনুর্মালা, ছিলা, জ্যা। [ন্দাজ।
ধনুষ্কর, (ধনুস-কৃ) ধানুষ্ক, ধনুর্ধারী, তীরা-
ধনুষ্টঙ্কার, (ধনুস-টঙ্কার) ধনুর ছিলার শব্দ জ্যাশব্দ ; অঙ্গগ্রহ, রোগবিশেষ
ধনুষ্মান, ধনুর্ধর, তীরান্দাজ।
ধনুস্তম্ভ, রোগজনিত মাংস কাঠিন্য।
ধনুস, (ধন) বাণ নিক্ষেপক যন্ত্র, ধনু।
ধনেশ, ধনাধিপতি, কুবের, যক্ষরাজ।
ধনেশ্বর, (ধন-ঈশ্বর) ধনাধিপতি ; কুবের।
ধনোপার্জ্জন, (ধন-উপার্জ্জন) অর্থ সঞ্চয়, ধনচেষ্টা।
ধন্দা, (ধুম-দা) দৃষ্টিভ্রম, অন্ধতা ; ভ্রম।
ধন্য, (ধন) কৃতকর্ম্মা, সাধু, ভাগ্যবান্, পুণ্যবান, সুকৃতী।
ধন্যবাদ, সধুবাদ ; প্রশংসাবাদ ; স্তব করা, গুণোৎকীর্ত্তন। [তার্থা।
ধন্যা, (ধন্য) ধন্যাক, ধনিয়া ; আমলকী ; কৃ-
ধন্যাক, ধন্যা, ধনিয়া।
ধন্ব, ধনুঃ, ধনুক।
ধন্বদুর্গ, নির্জ্জল দেশ, জলশূন্যস্থান, মরুদেশ
ধন্বন্তরি, (ধন্ব-অন্তর) দেববৈদ্য।
ধন্বী (ধন্বস) ধনুর্ধর, তীরান্দাজ ; বিদগ্ধ।
ধপধপিয়া, শ্বেতবর্ণ পরিষ্কার, উজ্জ্বল।
ধব (ধু) পতি, স্বামী ; ধূর্ত্ত ; ধবনামক বৃক্ষ
ধবল (ধাব) ধববৃক্ষ, ধোয়াগাছ, শ্রেষ্ঠ বৃষ ; শুক্ল ; সুন্দর ; শ্বিত্র, রোগবিশেষ।
ধবলপক্ষ, হংস, মরাল, শুক্লপক্ষ
ধবলমৃত্তিকা, খটিকা, খড়ী মাটী। [গন্ধক।
ধবলী, (ধবল) শুক্লবর্ণ গো ; শুভ্রা ধেনু ; রো-
ধবলোৎপল, (ধবল-উৎপল) শ্বেত কুমুদ।
ধবিত্র, মৃগচর্ম্মে রচিত ব্যজন
ধম, (ধ্মা) অগ্নি সংযোগ কর্ত্তা ; শব্দকর্ত্তা,
ধমক, (ধ্মা) কর্ম্মকার, কামার ; ভয়প্রদর্শনার্থ বাক্য, ভর্ৎসনা, তাড়না।
ধমন, (ধ্মা) জন্ত্রাধ্মাপক ; বাঁকেদ্বারা বায়ু সঞ্চালিত করণ। [রিদ্রা, হলুদ।
ধমনী, (ধ্মা) নাড়ী, শিরা, গ্রীবা, গলা ; হ-
ধমকা, (ধ্মা) তন্দ্রা ; বায়ুবেগ ; ঝড়।
ধমকান, তাড়ন, ভর্ৎসন, বাক্যদণ্ড। [খোঁপা
ধম্মিল্ল, (ধ্মা-মিল) সংহত কেশ ; চুলের

ধর, পর্ব্বত, কার্পাস, তুলা ; কূর্ম্মরাজ।
ধরণ, (ধৃ) পরিমাণ বিশেষ, ২৪ রতি ; পর্ব্বত ; লোক ; স্তন ; দিবাকর, সেতু ; রাখন, আকর্ষণ ; গ্রহণ ; অবলম্বন ; তিষ্ঠন।
ধরণা, (ধৃ) তুষ্টি, প্রযত্নবিশেষ।
ধরণাদায়ক, উত্তেজনাকারী, সম্প্রতিরোধক ঋণাদি আদায় নিমিত্ত পানাশন ত্যাগ পূর্ব্বক যে নিকটে থাকে।
ধরণি, (ধৃ) অবনী, পৃথিবী।
ধরণিধর, (ধরণী-ধৃ) বিষ্ণু, কূর্ম্ম ; পর্ব্বত।
ধরণিয়া, ধারণকর্ত্তা, ধারক। [শেষ।
ধরণী, (ধৃ) পৃথিবী, মেদিনী, নাড়ী, মূল'
ধরণীকীলক, পর্ব্বত, গিরি, শৈল।
ধরণীতল, অবনীতল, পৃথিবী, বসুমতী।
ধরণীধর, বিষ্ণু ; কচ্ছপ ; পর্ব্বত।
ধরণীপতি, ভূপতি, মহীপাল, রাজা।
ধরণীপাল, মহীপাল, রাজা, ভূপতি।
ধরণীপুর, সমুদ্র, সাগর। [র'দ্ধ।
ধরণীশ্বর, (ধরণী-ঈশ্বর) শিব ; ভূপতি,
ধরণীসুতা, সীতা, জানকী।
ধরা, (ধৃ) পৃথিবী ; ধৃত ; রক্ষিত ; গর্ভাশয় ; মেদ ; নাড়ী। [নের বুদ্ধি বিশেষ।
ধরাট, (ধরা) সাবধান ; উদ্ধার ; ঋণ দা-
ধরাণ, (ধৃ) গ্রহণ করাণ ; ধারণ করান।
ধরাত্মজ, (ধরা-আত্ম-জন) মঙ্গলগ্রহ।
ধরাধর, (ধরা-ধৃ) বিষ্ণু ; কূর্ম্ম, পর্ব্বত।
ধরামর, (ধরা-অমর) বিপ্র, ব্রাহ্মণ, ভূদেব
ধরিত্রী, (ধৃ) পৃথ্বী, পৃথিবী, অবনী।
ধরিমা, রূপ ; তুলা।
ধরুণ, ব্রহ্মা ; স্বর্গ ; জল।
ধর্ণা, (ধৃ) উত্তেজনা, দ্রব্যাদি আদায়ার্থ নিকট পরিত্যাগ না করণ।
ধর্ত্তব্য, (ধৃ) ধারণীয়, গ্রাহ্য ; মান্য।
ধর্ম্ম, (ধৃ) গৃহ ; [illegible] ; কর্ম্ম।
ধর্ম্ম, (ধৃ) সদাচার, পুণ্য ; কর্ত্তব্য কর্ম্ম ; সদনুষ্ঠান, স্বভাব ; রীতি ; জাতি ব্যবহার ; যমরাজ। [কার্য্য।
ধর্ম্মকর্ম্ম, সদাচার প্রতিপাদক ক্রিয়া, ধর্ম্ম-
ধর্ম্মকীল, শাসন, রাজশাসন।
ধর্ম্মকীলক, রাজশাসন। [ভা, স্ত্রী।
ধর্ম্মচারিণী, সহধর্ম্মিণী ভার্য্যা, জায়া, বনি-
ধর্ম্মচিন্তা, পুণ্যভাবনা, সৎকর্ম্মের চিন্তা করণ
ধর্ম্মজ্ঞ, (ধর্ম্ম-জ্ঞা) ধর্ম্মজ্ঞান বি ধর্ম্মিষ্ঠ, ধার্ম্মিক।
ধর্ম্মজ্ঞান, পারত্রিক হিতাহিত বোধ, কর্ত্তব্যজ্ঞতা, ধর্ম্মবোধ।
ধর্ম্মণ বৃক্ষ বিশেষ, সর্প বিশেষ, ঢেমনা সাপ
ধর্ম্মতঃ, (ধর্ম্ম) ন্যায়তঃ, ধর্ম্মানুসারে, যথার্থরূপে, যথার্থতঃ।
ধর্ম্মতত্ত্ব, ধর্ম্মের যাথার্থ্য, ধর্ম্মের রহস্য।
ধর্ম্মদ্রবী, গঙ্গা, ভাগিরথী। [টি সন্ন্যাসী।
ধর্ম্মধ্বজী, জীবিকার্থ জটাদি বেশধারী, কপ-
ধর্ম্মনিষ্ঠ, ধর্ম্মিষ্ঠ, পুণ্যবান, ধর্ম্মস্থাপক।
ধর্ম্মপত্তন, ধর্ম্মপুরী, ধর্ম্মস্থান।
ধর্ম্মপত্র, যজ্ঞডুম্বর।
ধর্ম্মপরাঙ্মুখ, ধর্ম্ম প্রতিকূল ; ধর্ম্মত্যাগী।
ধর্ম্মপুত্র, যুধিষ্ঠিররাজা ; নরনারায়ণ ঋষি।
ধর্ম্মবান, ধর্ম্মবিশিষ্ট, ধর্ম্মিষ্ঠ, পুণ্যবান, সৎক্রিয়ান্বিত।
ধর্ম্মবাসর, পৌর্ণমাসী, পূর্ণিমা।
ধর্ম্মবাহন, শিব, ধর্ম্মের যান।
ধর্ম্মযাজক, ভারতাদি পাঠক।
ধর্ম্মযুক্ত, ধর্ম্মনিষ্ঠ, ধার্ম্মিক, পুণ্যবান ; ধর্ম্মরাজ যম ; যুধিষ্ঠির। [শালা, বিচার স্থান।
ধর্ম্মশালা, উপাসনা গৃহ ; দানগৃহ ; অতিথি-
ধর্ম্মশাল, ধর্ম্মবিশিষ্ট ; ধার্ম্মিক। [শাস্ত্র।
ধর্ম্মশাস্ত্র, মন্বাদি প্রণীত স্মৃতিশাস্ত্র, ব্যবস্থা
ধর্ম্মশীল, ধার্ম্মিক, পুণ্যশীল।
ধর্ম্মসংহিতা, স্মৃতিশাস্ত্র, স্মৃতিগ্রন্থ।
ধর্ম্মসাবর্ণি, একাদশ মনু।
ধর্ম্মসুত, যুধিষ্ঠির রাজা, নরনারায়ণ ঋষি।
ধর্ম্মসূ, ধুম্যাটপক্ষী, ক্রিকাপাখী।
ধর্ম্মহন্তা, (ধর্ম্ম-হন্তৃ) ধর্ম্ম বিনাশক।
ধর্ম্মক্ষেত্র, কুরুক্ষেত্র। [র্ম্মনিষ্ঠ।
ধর্ম্মাত্মা, (ধর্ম্ম-আত্মন) সাধু, পুণ্যশীল ; ধ-
ধর্ম্মাধর্ম্ম, পুণ্যাপুণ্য ; ন্যায়ান্যায়।
ধর্ম্মাধিকরণ, (ধর্ম্ম-অধিকরণ) রাজার বিচার স্থান, বিচারাগার, ধর্ম্মালয়।
ধর্ম্মাধিকরণস্থ, বিচারক ; ধর্ম্মাধ্যক্ষ, জজ।
ধর্ম্মাধিকার, (ধর্ম্ম-অধিকার) বিচারাধ্যক্ষতা
ধর্ম্মাধিকারী, বিচারকর্ত্তা ; ধর্ম্মসংস্থাপক।
ধর্ম্মাধ্যক্ষ, (ধর্ম্ম-অধ্যক্ষ) বিচারকর্তা, বিচারক। [বিত্র বন।
ধর্ম্মারণ্য, (ধর্ম্ম-অরণ্য) পুণ্যস্থান বিশেষ ; প-
ধর্ম্মাসন, (ধর্ম্ম-আসন) বিচারাসন, বিচারকের অধিবেশন স্থান।
ধর্ম্মিণী, (ধর্ম্ম) ধর্ম্মযুক্তা স্ত্রী ; রেণুকা।
ধর্ম্মিষ্ঠ, (ধর্ম্ম) সাধু, পুণ্যশীল, ধার্ম্মিক।

ধর্ম্মোপদেশক, (ধর্ম্ম-উপদেশক) গুরু ; আচার্য্য।
ধর্ম্ম্য (ধর্ম্ম) ন্যায্য, উচিত, ধর্ম্মযুক্ত।
ধর্ষ, (ধৃষ) প্রাগল্‌ভ্য ; অমর্ষ ; সাহস ; শক্তি-বন্ধন ; হিংসা।
ধর্ষক, (ধৃষ) সাহসী ; দুরন্ত ; গর্ব্বিত ; ভট।
ধর্ষকারিণী, দূষিতা কন্যা : দোষপ্রাপ্তা কুমারী। [ষ্টতা ব্যবহার।
ধর্ষণ, (ধৃষ) সাহস করণ ; পরাভব করণ ; ধৃ
ধর্ষণী, অসতী, দুষ্টা, ব্যভিচারিণী।
ধর্ষিত, পরিভূত ; রতি, মৈথুন, শৃঙ্গার।
ধর্ষিতা, অসতী, ভ্রষ্টা ; পরিভূতা।
ধল, (ধবল) শুক্ল, শ্বেত, শাদা।
ধলাও, অতিশয় কণ্টক যুক্ত বৃক্ষ।
ধা, ধারক ; ব্রহ্মা, বৃহস্পতি।
ধাই, (ধাত্রী) উপমাতা, প্রসবকারিণী।
ধাইফুল, পুষ্প বৃক্ষবিশেষ। [নিয়া।
ধাউড়িয়া, (ধাব) ধাবক, দ্রুতগামী, দৌড়া-
ধাউর, (ধাব) ঘুড়ি, ক্রীড়া দ্রব্য বিশেষ।
ধাওন, (ধাব) ধাবন, দৌড়ন, দ্রুত গমন।
ধাওয়া, দৌড়ন, দ্রুতগমন।
ধাক, বৃষ ; আহার ; অন্ন ; স্তম্ভ।
ধাক্কা, (ধক্ক) ঠেলা ; আঘাত। [যাত্রা
ধাজি, শত্রুসমুখে গমন, যুদ্ধার্থ বৈরির প্রতি-
ধাড়িয়া, (ধৃ) জলমর্জ্জার, উদবিড়াল।
ধাড়ি, বহু প্রসূতা স্ত্রীজন্তু, যাহার অনেক বৎস জন্মে ; প্রধান, মুখ্য।
ধাতকী (ধা) পুষ্পবিশেষ, ধাইফুল।
ধাতা, (ধাতৃ) ব্রহ্মা ; বিধাতা ; পালক।
ধাতু, (ধা) শরীরধারক কফ বাত পিত্ত ; তাম্র পিত্তলাদি ; মাংস রক্ত রসপ্রভৃতি ; অস্থি ; নাড়ী ; ক্রিয়াবাচক শব্দ।
ধাতুঘ্ন, কাঞ্জিক, কাঁজি, আমানী।
ধাতুচালা, শুক্রক্ষরণ, মেহপীড়া।
ধাতুমল, কফ, শ্লেষ্মা। [মরস।
ধাতুপ, (ধাতু-পা) শরীরস্থ প্রথম ধাতু ; অ-
ধাতুপাত্র, তৈজসাদি, ধাতুনির্ম্মিত পাত্র।
ধাতুপুষ্টি, শরীরের রসবৃদ্ধি ; শরীরের সরলতা, দেহের পুষ্টতা।
ধাতুপুষ্পী, পুষ্পবিশেষ, ধাইফুল।
ধাতুপোষক, শরীরের পুষ্টিকর ; সুপথ্য।
ধাতুবাদী, (ধাতু-বাদিন) ধাতুপরীক্ষক।
ধাতুবেদী, ধাতুবিদ্যাবেত্তা, ধাতুদ্রব্য পরীক্ষক
ধাতুভেদ, রসবিকার ; ধাতু বিশেষ
ধাতুভৃৎ, পর্ব্বত, নগ ; ধাতুপোষক।
ধাতুময়, তৈজস ; ধাতুস্বরূপ।
ধাতুমারিণী, (ধাতু-মারিন) সর্জ্জিকা, সোহাগা
ধাতুরাজ, রেতঃ শুক্র, বীর্য্য।
ধাতুসাম্য, স্বস্থতা ; আরোগ্য ; আরাম, উগ্রতার শৈথিল্য।
ধাতুক্ষয়, তেজোহ্রাস ; নাড়ী ক্ষয়।
ধাতৃপুত্র, সনৎকুমার ; ব্রহ্মার সন্তান।
ধাতৃপুষ্পিকা, (ধাতৃ-পুষ্প) ধাতকীপুষ্প, ধাইফুল।
ধাত্র, ভাজন, পাত্র, আধার।
ধাত্রিকা, আমলকী।
ধাত্রী, (ধা) প্রসবকর্ত্রী, মাতা, উপমাতা ; দাই ; পৃথিবী ; আমলকী।
ধাত্রীপত্র, আমলকী পত্র।
ধাত্রীপুত্র, উপমাতার সন্তান ; নট, নর্ত্তক।
ধাত্রীফল, আমলকী।
ধাত্রেয়িকা, (ধাত্রী) উপমাতা, ধাত্রী, দাই।
ধাত্রেয়ী, দাই, উপমাতা, ধাত্রী। [ভৃষ্ট যব।
ধান, (ধান্য) সতুষ তণ্ডুল ; ধন্যাক, ধনিয়া
ধানক, ধন্যাক, ধনিয়া ; তান্ত্রিক বিশেষ।
ধানাচূর্ণ, ভৃষ্টযব চূর্ণ, সক্তু, ছাতু।
ধানী, (ধান) অপরিষ্কৃত তণ্ডুল, আধার, পাত্র ; পীলুবৃক্ষ।
ধানুষ্ক, (ধনুস) ধনুর্দ্ধর, তীরন্দাজ।
ধানুষ্কী, (ধানুষ্ক) ধানুর্দ্ধারী, তীরন্দাজ।
ধানুষ্য, বংশ, বাঁশ।
ধানেয়ক, ধন্যাক, ধনিয়া।
ধান্ধা, এলাইচ ; ক্লেশ, পরিশ্রম ; ভ্রম।
ধান্য, (ধন) সতুষ তণ্ডুল, ধান্।
ধান্যক, ধন্যাক, ধনিয়া।
ধান্যকোষ্ঠক, ধান্যরক্ষার্থ গৃহ, গোলা।
ধান্যচমস, চিপিটক, চিড়া।
ধান্যধেনু, দানার্থ ধান্য নির্ম্মিত ধেনু।
ধান্যবর্দ্ধন, বার্দ্ধুষ্য, ধানের বাড়ী।
ধান্যবীজ, বীজধান ; ধনিয়া।
ধান্যবীর, মাষ, মাষকলাই।
ধান্যমায়, ধান্যবিক্রয়ী, ধান্যবিক্রেতা।
ধান্যরাজ, শস্যবিশেষ, যব।
ধান্যরাশি, ধান্যের কুড়, ধান্যের গাদা।
ধান্যশালী, ধান্য বপনের যোগ্য ভূমি, শস্যময় ধান্যবিশিষ্ট।
ধান্যশীর্ষ, ধান্যমঞ্জরী, ধানের শীষ।
ধান্যক্ষেত্র, শস্যক্ষেত্র, ধানের ক্ষেত।

ধান্যাচল, (ধান্য-অচল) দানার্থ ধান্য নির্ম্মিত পর্ব্বত।

ধান্যাদি, (ধান্য-আদি) যবাদি, শস্য।

ধান্যাম্ল, কাঞ্জিক, কাঞ্জি।

ধান্যারি, (ধান্য-অরি) মূষিক, ইন্দুর।

ধান্যোত্তম, (ধান্য-উত্তম) শালিধান্য।

ধাপ (ধাব) সোপানের প্রত্যেক পদ নিক্ষেপের স্থান। [গামী

ধাবক, (ধাব) ধাবনকর্ত্তা, দৌড়ানিয়া, দ্রুতধাবক্কিয়া, দ্রুতগামী, শীঘ্রগামী।

ধাবন, বেগে গমন, দৌড়ন।

ধাবনি, (ধাব) দৌড়ন, বেগে গমন।

ধাবনিকা, কণ্টকারি।

ধাববান, দ্রুতগামী, শীঘ্রযায়ী।

ধাবাধাবি, (ধাব) দৌড়াদৌড়ি, ছুটাছুটী।

ধাবিত, গত, শীঘ্রগত; মার্জ্জিত।

ধাম, (ধা) গৃহ, বসতি স্থান, দেশ; প্রভা দীপ্তি, রশ্মি।

ধামক, মাষক পরিমাণ, এক মাষা।

ধামনিধি, সূর্য্য, রবি, দিনাকর।

ধামনী, (ধ্মা) ধমনী, নাড়ী, শিরা।

ধামসা (ধ্মা) বাদ্যবিশেষ, টিকারা, নাগরা

ধামা, (ধা) বেত্রে নির্ম্মিত পাত্রবিশেষ।

ধামার্গব, অপামার্গবৃক্ষ, আপাং গাছ।

ধায়, ধাবন কর্ত্তা; ধাবন।

ধায়া, পোষণকর্ত্তা; ধাবন কর্ত্তা।

ধায্য, পুরোহিত, ঋত্বিক্।

ধায্যা, যজ্ঞার্থ অগ্নি প্রজ্বালন মন্ত্র।

ধার, (ধৃ) দেনা, ঋণ; জলধারা; তীর, কূল কিনারা; অস্ত্রের সূক্ষ্ম ভাগ, প্রাখর্য তীক্ষ্ণতা। [শোধক

ধারক, (ধৃ) ধারণ কর্ত্তা; ঋণী ধারুয়া, দেনা

ধারণ, (ধৃ) গ্রহণ, অবলম্বন; রাখন, পরিধান করণ; ঋণ গ্রহণ।

ধারণা, (ধৃ) বুদ্ধি, ন্যায্য পথে স্থিতি; মনস্থিরতা; ধরণ, ধরা। [বান্তি।

ধারণাবান্, মেধাবী, স্মরণ শক্তি বিশিষ্ট, ধি-

ধারণাবিশিষ্ট, স্থিরমতি, মেধাবী, স্মরণশক্তি বিশিষ্ট, স্থির চিত্ত। [ক্তি বিশিষ্টা।

ধারণাবিশিষ্টা, স্থিরমতি, মেধাবী, স্মরণশ-

ধরণী, (ধৃ) নাড়ী; শ্রেণী, পংক্তি।

ধারণীয়, কর্ত্তব্য, ধরিবার যোগ্য, ধার্য্য

ধারয়িত্রী, (ধৃ) পৃথিবী, পৃথ্বী।

ধারযক্ত, সুশাণিত তীক্ষ্ণ; ঋণযুক্ত।

ধাররহিত, কর্জ্জশূন্য, দেনারহিত; তটহীন ভোঁতা।

ধারা, (ধৃ) রীতি, ব্যবহার, আচরণ প্রকার, প্রথা; প্রকরণ; জলপ্রপাত।

ধারাকদম্ব, কদম্ববিশেষ, কেলিকদম্ব।

ধারাক্রমে, (ধারা-ক্রম) বিধানুসারে, রীত্যানুক্রমে,

ধারাঙ্কুর, জলকণা, জলবিন্দু, শীকর; ঘনোপল, করকা, শিল।

ধারাঙ্গ, তীর্থ; খড়্গ।

ধারাট, চাতক পক্ষী; মেঘ; অশ্ব; মত্তহস্তী

ধারাধর, (ধারা-ধৃ) জলধর; মেঘ, খড়্গ, অসি, খাঁড়া।

ধারাবনি, বায়ু, অনিল, বাতাস

ধারাবহন, নিত্যপ্রবাহের ন্যায় চলন।

ধারাবাহিক, (ধারা-বাহিন) অবিচ্ছেদে প্রচলিত, ক্রমাগত চলিত।

ধারাবিষ, অসি, খড়্গ, খাঁড়া।

ধারাল (ধার) সুশাণিত, তীক্ষ্ণ; প্রখর।

ধারাসম্পাত, মহাবৃষ্টি, অতিশয় বর্ষা।

ধারায়ন্ত্র, তেকাটা সিজ, নেড়াসিজ।

ধারিণী, (ধৃ) পৃথিবী, ধারণ কর্ত্রী; শাল্মলীবৃক্ষ, শিমুলগাছ।

ধারী, (ধৃ) ধারবিশিষ্ট, ঋণী, গৃহাদির প্রান্তভাগ, নদ্যাদির তট, কিনারা, কূল।

ধারু (ধৃ) পানকর্ত্তা; কর্জ্জদার।

ধারুয়, কর্জ্জদার, ঋণী।

ধারে, (ধার) তীরে, কিনারায়; ঋণে।

ধার্ত্তরাষ্ট্র, (ধৃতরাষ্ট্র) ধৃতরাষ্ট্র রাজার পুত্র, দুর্য্যোধন, হংস, গোঁড়িহাঁস, এক প্রকার সর্প

ধার্ম্মিক, (ধর্ম্ম) পুণ্যাত্মা, ধর্ম্মশীল।

ধার্ম্মিকতা, ধার্ম্মিকত্ব, ধর্ম্মশীলতা। [ধারণ।

ধার্য্য, (ধৃ ধারণীয়; গ্রাহ্য; নিশ্চয়, অবধারিত সিদ্ধান্ত।

ধাসস্, পর্ব্বত, নগ, গিরি। [সিদ্ধার্থ বাক্য।

ধিক্, নিভর্ৎসন, নিন্দা, তিরস্কার; কুৎ-

ধিক্কার, (ধিক্-কৃ) ধিক্, অবহেলন, তুচ্ছীকরণ, অবজ্ঞা, নিন্দা। [অবজ্ঞাত।

ধিক্কৃত, নিভর্ৎসিত; নিন্দিত, তিরস্কৃত,

ধিক্‌ক্রিয়া, নিন্দা, কুৎসা, গর্হা।

ধিকি ধিকি, (ধিকি) ক্রমেং, অল্পেং।

ধিগ্বর্ণ, বর্ণসঙ্কর জাতিবিশেষ, এক প্রকার চর্ম্মকার। [তুচ্ছ শাস্ত্র।

ধিমা, (দম) মৃদু, অসত্ত্ব; অনুৎসাহ, নি-

ধিমায়, (ধিমা) ধীরে; মৃদুভাবে।

ধিমিয়া, (ধিমা) মুর্খ, অসম্বর, অক্রত।
ধিষণ, (ধৃষ) বৃহস্পতি, দেবগুরু।
ধিষণা, (ধৃষ) বুদ্ধি, জ্ঞান, মতি। [শুক্রাচার্য্য।
ধিষ্ণ্য, স্থান; গৃহ। নক্ষত্র; অগ্নি; শক্তি;
ধিষ্ণু, স্থান, আশ্রয়।
ধী, (ধ্যৈ) মতি, বুদ্ধি, জ্ঞান।
ধীত, পীত, কৃতপান।
ধীতি, পিপাসা, তৃষ্ণা।
ধীদা, দুহিতা, কন্যা; বুদ্ধি, মনীষা।
ধীন্দ্রিয়, (ধী-ইন্দ্রিয়) জ্ঞানেন্দ্রিয়, মনঃ চক্ষুঃ কর্ণ ত্বক্ জিহ্বা নাসিকা এই পঞ্চ।
ধীবর, (ধী) মৎস্যজীবী, কৈবর্ত্ত, জালজীবী, জালিয়া।
ধীবরী, ধীবর পত্নী-জালজীবির স্ত্রী, কৈবর্ত্তী
ধীবা, ধীবর, কৈবর্ত্ত, জালজীবী।
ধীমতী, (ধী) বুদ্ধিমতী স্ত্রী।
ধীমান্, (ধী) বুদ্ধিমান, সুবুদ্ধি; বৃহস্পতি।
ধীর, (ধী) ধৈর্য্যান্বিত, পণ্ডিত; প্রজ্ঞ; অচঞ্চল, সুস্থির, শান্ত, স্থিরমনাঃ, বিনীত, শিষ্ট
ধীরতা, (ধীর) ধীর স্বভাব, শিষ্টতা; প্রজ্ঞতা
ধীরত্ব, (ধীর) ধীরতা, ধৈর্য্য; শান্ত স্বভাব।
ধীরস্কন্ধ, মহিষ, লুলাপ।
ধীরা, (ধীর) শিষ্টা, বিনীতা; মানাবস্থায়-মধ্য প্রগল্‌ভা নায়িকা। [গলভা নায়িকা।
ধীরাধীরা, (ধীরা-অধীরা) মানাবস্থায় প্র-
ধীরে, (ধীর) ধৈর্য্যরূপে, স্থিরতা সহকারে।
ধীরেধীরে, মৃদুভাবে, আস্তে২।
ধীলটী, পুত্রী, দুহিতা, কন্যা।
ধীশক্তি, বুদ্ধি সামর্থ্য, জ্ঞানশক্তি।
ধীসখ, (ধী-সখা) বুদ্ধিজীবী; মন্ত্রী, অমাত্য
ধু, (ধাব) কম্পন, কাঁপা। [ক্ষার করণ।
ধুওন, ধৌতকরণ, প্রক্ষালন, জলে পরি-
ধুকন, (ধা) হাঁপান, ঘনং নিশ্বাস ফেলন।
ধুঁদুল, (দুল) তরকারি বিশেষ, ধুন্দুল।
ধুচনী, (ধাব) বংশনির্ম্মিত তণ্ডুল ধৌতপাত্র
ধুত, (ধু) কম্পিত; ত্যক্ত।
ধুতি, (ধাব) পুরুষের পরিধেয় বস্ত্র বিশেষ।
ধুনধারা, (ধন-ধর্ষ) তুলা পরিষ্কারক যন্ত্র বিশেষ। [দারুর্থ পাত্র।
ধুনাচ, (ধুন) তুলা পরিষ্কারক যন্ত্র; ধুনা-
ধুনন, (ধুন) তুলাস্ফোটক, তুলাফেকা।
ধুনী, নদী, তরঙ্গিণী, স্রোতস্বতী।
ধুনীনাথ, সমুদ্র, সাগর
ধুক্ক, (ধুন-ধা) প্রাবর্ষ্য; শ্রম।

ধুমার, গণ্ডগোল, কোলাহল।
ধুরী, (ধুক্ক) ব্যগ্র; পরিশ্রমী; প্রকাণ্ড।
ধুপ, গন্ধদ্রব্য বিশেষ, সর্জ্জরস; কিরণ।
ধুপী, (ধাব) রজক, ধোবা। [উৎকট বাসনা।
ধুপ্রসেচ্ছা, (ধ্রুব-ইচ্ছা) উৎকটেচ্ছা, নিশ্চিত-
ধুবকা, ধ্রুবকা, ধুয়া।
ধুবন, অগ্নি, অনল, বহ্নি।
ধুমড়ী, (ধুম) বৈষ্ণবী; লম্পটী, উপপত্নী।
ধুমড়ীমার, লম্পট, উপপত্নী পোষক।
ধুম্, (ধু) গোলযোগ, উৎপাত; ঘটা, সমারোহ। [ঘটা, সমারোহ।
ধুম্‌ধাম, (ধুম্) গোলযোগ, কোলাহল;
ধুমুল, (ধুম) মৃদঙ্গের শব্দ, খোল বাজান।
ধুয়া, (ধুবকা) গীতের ধ্রুপদ, ধ্রুবকা।
ধুর, (ধুর্ব্ব) আল, মধ্য, মাঝ। [বাহক।
ধুরন্ধর, ধুরীণ, ভারবাহক; রথ লাঙ্গলাদি
ধুরা, ভার, বোঝা।
ধুরীণ, (ধুর) ভারবাহক; প্রধান, শ্রেষ্ঠ।
ধুরীয়, অনড্বান, বৃষ, ষাঁড়। [চিন্তা।
ধুর্, (ধুর্ব্ব) যানাদির অগ্রভাগ; ভার;
ধুর্য্য, ধুরন্ধর, ভারবাহী, প্রধান, শ্রেষ্ঠ।
ধুক্, বায়ু; ধূর্ত্ত; কাল, সময়।
ধুঁআ, (ধুম) আর্দ্র কাষ্ঠ সংযোগে অগ্নি হইতে নিঃসৃত পরমাণু পুঞ্জ। [তর্কিত।
ধুত, কম্পিত; ভর্ৎসিত; নিন্দিত; ত্যক্ত;
ধুনক, (ধু) ধুনা, শালরস, বৃক্ষনির্য্যাস বিশেষ
ধুনচী, (ধুন) ধুনা প্রজ্বালন পাত্র।
ধুনন, কম্পন, কাঁপন। [বিশেষ।
ধুনা, (ধুনক) ধুনক, শালরস, বৃক্ষনির্য্যাস
ধুনি, কম্পন, কাঁপন।
ধূপ, গন্ধদ্রব্যবিশেষ, সর্জ্জরস; রৌদ্র।
ধূপন, (ধুপ) শালবৃক্ষের নির্য্যাস; ধুনা।
ধূপবৃক্ষ, সরল বৃক্ষ। [পথশ্রান্ত।
ধূপায়িত, ধূপদ্বারা সুগন্ধীকৃত; সন্তপ্ত;
ধূপার্হ, ধূপযোগ্য; কৃষ্ণাগুরু।
ধূপিত, সন্তাপিত; পথশ্রান্ত; ধূপদ্বারা সুগন্ধীকৃত। [নিঃসৃত পরমাণুপুঞ্জ, ধুঁআ।
ধূম, (ধু) আর্দ্র কাষ্ঠসংযোগে অগ্নি হইতে-
ধূমকেতন, অগ্নি, অনল; কেতুগ্রহ।
ধূমকেতু, অগ্নি; উৎপাত চিহ্ন বিশেষ; শিখাবস্ত ধুমাভ নক্ষত্র
ধূমতাল, ধুমপুঞ্জ; স্তম্ভিত ধুম।
ধূমধ্বজ, অগ্নি, অনল, বহ্নি।
ধূমপান, তামাকুর ধুমসেবন।

ধূমপ্রভা, ধূমান্ধকার নামে নরকবিশেষ।
ধূমমহিষী, কুজ্ঝটি, কুয়াসা।
ধূমযোনি, মেঘ, বারিদ।
ধূমল, (ধূম) কৃষ্ণ লোহিত বর্ণ।
ধূমসংহতি, ধূমসমূহ, ধূমরাশি।
ধূমাভ, (ধূম-আভা) ধূমবর্ণ, ধুঁয়ার রং।
ধূমাবতী, মহাবিদ্যা বিশেষ।
ধূমিকা, কুজ্ঝটিকা, কুয়াসা।
ধূম্যা, ধূমসমূহ, ধূমরাশি।
ধূম্যাট, পক্ষিবিশেষ, ফিঙ্গাপাখী।
ধূম্র, (ধূম) কৃষ্ণরক্ত মিশ্রিত বর্ণ, কৃষ্ণলোহিত বর্ণ, বেগুনি রঙ।
ধূম্রক, উষ্ট্র, উট।
ধূম্রবর্ণ, কৃষ্ণলোহিত বর্ণযুক্ত।
ধূম্রলোচন, কপোত, পায়রা, শুম্ভ নিশুম্ভের সেনাপতি।
ধূম্রিকা, (ধূম্র) শিংশপা বৃক্ষ।
ধূর্জটি, মহাদেব, শিব।
ধূর্ত্ত, দ্যূতকারী, বঞ্চক, প্রতারক, শঠ, খল, লৌহের মরিচা।
ধূর্ত্তক, (ধূর্ত্ত) শৃগাল, শিয়াল।
ধূর্ত্তকৃৎ, বঞ্চনাকারক, ধুস্তূর, ধুতুরা।
ধূর্ত্তজন্তু, মানুষ, মনুষ্য।
ধূর্ত্ততা, শঠতা, খলতা, প্রবঞ্চনা।
ধূর্দ্ধর, ভারবাহী ধুরন্ধর; প্রধান, শ্রেষ্ঠ।
ধূর্ব্বী, রথাগ্রভাগ যানমুখ।
ধূলক, বিষ, হলাহল। [রেণু।
ধূলা, (ধূলি) ধূলি, শুষ্ক মৃত্তিকা চূর্ণ, পাংশু-
ধূলি, (ধূ) ধূলা, রেণু, শুষ্ক মৃত্তিকা চূর্ণ।
ধূলিকা, ধূলি, ধূলা; কুজ্ঝটিকা, কুয়াসা।
ধূলিকেদার, ক্ষেত্র, ক্ষেত।
ধূলিগুচ্ছক, ফল্গুচূর্ণ, ফাউক্।
ধূলিধ্বজ, পবন, বায়ু, বাতাস।
ধূলিপুষ্পিকা, কেতকীপুষ্প, কেয়াফুল।
ধূলিপটল, উড্ডীয়মান ধূলি সমূহ।
ধূসর, (ধূ) ঈষৎ পাণ্ডুবর্ণ, ধূলার তুল্য বর্ণ, উট; গর্দ্দভ।
ধূসরিত, ঈষৎ পাণ্ডুবর্ণ বিশিষ্ট।
ধূসরী, (ধূসর) কিন্নরী বিশেষ; ধূসর বর্ণা।
ধূসা, (ধূস) স্থূল বস্ত্র বিশেষ।
ধুস্তূর, (ধুস) ধুতুরা গাছ।
ধৃত, (ধৃ) ধারণ বিশিষ্ট, ধরা, স্থিত, গৃহীত।
ধৃতরাষ্ট্র, পাণ্ডুপুত্র, কুরু বংশজাত রাজা-বিশেষ।

ধৃতরাষ্ট্রী, হংসী, কলহংসী।
ধৃতি, (ধৃ) ধৈর্য্য; মনঃ স্থৈর্য্য, ধারণ; যোগ বিশেষ। [illegible]
ধৃতিমান্, স্থিরচিত্ত, স্থির মনাঃ, ধৈর্য্যাবলম্বী।
ধ্রুব, ধর্ম্ম; নিশ্চয়; সমুদ্র; আকাশ; মেধাবী; বিষ্ণু।
ধৃষ্ট, (ধৃষ) নির্লজ্জ; প্রগল্ভ।
ধৃষ্টক, নির্লজ্জ; প্রগল্ভ।
ধৃষ্টতা, প্রাগল্ভ্য, নির্লজ্জতা, ধূর্ত্ততা।
ধৃষ্টা, প্রগল্ভা, অসতী, [illegible], ব্যভিচারিণী।
ধৃষ্টি, কিরণ, রশ্মি, দীপ্তি।
ধৃষ্ণু, (ধৃষ) প্রগল্ভ, নির্লজ্জ।
ধেঁড়ি, (ধৃ) স্ত্রীলোকের কর্ণালঙ্কার বিশেষ।
ধেড়িয়া, (ধৃ) জল নির্গমার্থ [illegible]।
ধেন, (ধে) সাগর সমুদ্র; নদ, নদী।
ধেনা, (ধেন) নদী, স্রোতস্বতী।
ধেনিকা, ধন্যাক, ধন্যা।
ধেনু, (ধে) নবৎসা গো; নবপ্রসূতা গাভী।
ধেনুক, অসুর বিশেষ।
ধেনুকসূদন, শ্রীকৃষ্ণ, নারায়ণ।
ধেনুকা, ফাল্গুনী, গাভী।
ধেয়, (ধা) বিধেয়, ধারণযোগ্য।
ধেয়ান, (ধৈ) ধ্যান, চিন্তন, ভাবনা।
ধৈনুক, (ধেনু) ধেনু সমূহ, বহু গাভী।
ধৈবত, (ধী) সপ্ত স্বরান্তর্গত ষষ্ঠ স্বর, অশ্বতরের তুল্য স্বর। [স্থিরতা।
ধৈর্য্য, (ধীর) স্থিরতা, অচাঞ্চল্য, ক্ষমা, স-
ধৈর্য্যচ্যুত, অস্থির, চঞ্চল, অসহিষ্ণু।
ধৈর্য্যবৃত্তি, ধীর, ধৈর্য্যশীল।
ধৈর্য্যশালী, স্থিরতাবিশিষ্ট, ধীর, শান্ত।
ধাবন (ধাব) ধৌত করণ, প্রক্ষালন।
ধোঁকন, (ধুক) ভ্রান্তি প্রকাশ করণ, সন্দেহ প্রকাশন, ভ্রম; সংশয়।
ধোঁকা, (ধুক) ভ্রম; সংশয়, সন্দেহ।
ধোচনা, (ধু চলী) বংশরচিত মৎস্য ধারণের যন্ত্র বিশেষ।
ধোড়, সর্প বিশেষ, ঢোঁড়া সাপ।
ধোপ (ধাব) ক্ষালিত, শুভ্র, বস্ত্রমলাপহরণ।
ধোপা, (ধাব) রজক, বস্ত্রক্ষালক।
ধোপান, ক্ষালিত, ধৌত।
ধোপানী, রজকী, রজক স্ত্রী।
ধোপাল, কাচান, ধৌত, ক্ষালিত।
ধোয়া, ধৌতকরা, পরিষ্কৃত, প্রক্ষালিত।
ধোয়াট, নদ্যাগত মৃত্তিকা; ধৌতমৃত্তিকা।

ধোয়ানি, ধৌত করণার্থ জল, ধৌত করা-জল; মলা, পিটা।
ধোরণ, সর্ব্ব প্রকার বাহন, হস্তি অশ্ব রথ দোলাদি; অশ্বের প্রথম গতি।
ধোরপদ, (ধ্রুবা-পদ) ধ্রুবপদ, গীতবিশেষ।
ধোসা, (স্থি) গাত্র বস্ত্র বিশেষ।
ধৌত, (ধাব) প্রক্ষালিত, পরিষ্কৃত, ধোয়া।
ধৌতকট, সূত্র রচিত ভাণ্ড, ভাণ্ডবিশেষ ধোকড়া, ভাণ্ড।
ধৌতশিল, স্ফটিক; স্ফটিকময়।
ধৌমক, দেশ বিশেষ।
ধ্মাকার, লৌহকার; লোহার, কামার।
ধ্মাঙ্ক্ষ, কাক; মৎস্য ভক্ষক পক্ষী, ভক্ষক নাগ; ভিক্ষুক, যাচক
ধ্মাঙ্ক্ষপুষ্ট, কোকিল; পিক।
ধ্মাঙ্ক্ষারাতি, পেচক, পেঁচা।
ধ্যামন, পরিমাণ, আলোক; ধ্যান।
ধ্যাত, চিন্তিত, ভাবিত।
ধ্যাতা, (ধ্যাতৃ) চিন্তক, চিন্তাকারী।
ধ্যান, (দৈব) চিন্তন, ভাবন, যোগ।
ধ্যানযোগ, ব্রহ্মচিন্তা, ঈশ্বরে মনোনিবেশ মনেং ভাবনা। [যোগী।
ধ্যানী, (ধ্যানিন) ধ্যানকারী, ধ্যানবান,
ধ্যামন্ পরিণাম চিন্তা, ভাবনা।
ধ্যেয় চিন্তনীয়, ধ্যাতব্য।
ধ্রাজি, বাত্যালি ঘূর্ণবাতাস।
ধ্রাড়ি, পুষ্পচয়, পুষ্প সমূহ
ধ্রুব, (ধ্রু) নিশ্চিত; আকাশ, নিত্য, শাশ্বত, বিষ্ণু, শিব; বসু বিশেষ, যোগ বিশেষ গণ বিশেষ নক্ষত্র বিশেষ, গানের পুনর্ব্বার অবলম্বন পদ, ধুয়া। [রণ পদ।
ধ্রুবক, (ধ্রুব) ধ্রুবপদ, ধুয়া, গানের অবধা-
ধ্রুবজগৎ, বংশবিশেষ, ধ্রুবতারা।
ধ্রুবলোক, স্বর্গবিশেষ।
ধ্রুবা, সার্দ্দা স্ত্রী, গীত বিশেষ, ধুয়া।
ধ্বংস, (ধ্বন্স) নাশ, ক্ষয়, হনন।
ধ্বংসক, (ধ্বন্স) নাশকর্ত্তা, বিনাশক, হিংসক
ধ্বংসন, (ধ্বন্স) বিনাশ, নষ্ট করণ।
ধ্বজ, পতাকা, ধ্বজ; পুরুষ চিহ্ন, তপস্বির হস্ত ধৃত খুলি।
ধ্বজদ্রুম, তাল বৃক্ষ তালগাছ।
ধ্বজপ্রকরণ, বায়ু, বাত, অনিল।
ধ্বজবান্, পতাকাধারী। [ত্ব হীন।
ধ্বজভঙ্গ, ক্লীবত্বজনক রোগ বিশেষ, পুরুষ-
ধ্বজা, (ধ্বজ) পতাকা, কেতু, নিশান।
ধ্বজিনী, সৈন্য; উন্নত চিহ্ন বৃক্ষাদি
ধ্বজী, (ধ্বজ) ব্রাহ্মণ; পর্ব্বত রথ; সর্প, ঘোটক; ময়ূর, নৌকাবাহন দণ্ড বিশেষ, লগী
ধ্বজোত্থান, শক্রোত্থান, ইন্দ্রোৎসব।
ধ্বনি, (ধ্বন) নাদ, শব্দ, রব; বাক্যবিশেষ।
ধ্বনিমোদী, ভ্রমর, অলি, ষট্পদ।
ধ্বনিগ্রহ, শ্রোত্র, কর্ণ, শব্দজ্ঞান।
ধ্বনিত, (ধ্বন) শব্দিত, কৃতশব্দ।
ধ্বনিনালা বীণা, বেণু।
ধ্বানবিকার, শোকভয়াদি দ্বারা শব্দ বিকৃতি
ধ্বস্ত, (ধ্বস) হত, নষ্ট, ভ্রষ্ট; চ্যুত।
ধ্বান, শব্দ, ধ্বনি।
ধ্বান্ত (ধ্বন) অন্ধকার তমঃ।
ধ্বান্তবিত্ত, খদ্যোত, জোনাকিপোকা।
ধ্বান্তারি, (ধ্বান্ত-অরি) সূর্য্য, ভানু; চন্দ্র।
ধ্বান্তোন্মেষ, খদ্যোত, জোনাকিপোকা।

ন

ন, তবর্গের পঞ্চম অক্ষর, ব্যঞ্জনের বিংশ বর্ণ, নহে; নিষেধ।
নই, (নব) নব্য, স্ত্রীগোবৎস, সংখ্যাবিশেষ, ৯০। [দামাম।
নওবৎ, (যাং) নকবৎ, বাদ্যযন্ত্র বিশেষ,
নংশুক, নাশক, বিনাশকর্ত্তা।
নংষ্টা, নাশাশ্রয়, নাশশীল, নশ্বর।
নঃক্ষুদ্র, ক্ষুদ্রনাসিক, যাহার নাসিক অতিশয় ছোট
নকল (যাং) অনুরূপ, প্রতিদর্শ; রহস্য, কৌতুক, মস্করাম, ভাঁড়াম।
নকার, (নক্) অস্বীকার, না বলা; নবর্ণমাত্র
নকী, (নক) পিত্তল নির্ম্মিত পাত্র বিশেষ, বহুগুণ, বোখনা:
নকুট, নাসিকা, নাসা, নাক। [পাণ্ডব।
নকুল, জন্তু বিশেষ, নেউল, বেজী; চতুর্থ
নকুলী, নকুল ভার্য্যা, কুক্কুটী; কুঙ্কুম।
নকুলীশ, ভৈরববিশেষ।
নক্ত, (নক্ত) রাত্রি, নিশা, রজনী যামিনী।
নক্তক, কর্পট, কাপড়; ছিন্নবস্ত্র, ন্যাকড়া।
নক্তচারী (নক্ত-চর) রাত্রিচর; বিড়াল, পেচক, পেঁচা।
নক্তঞ্চর, রাক্ষস; চোর; পেচক।
নক্তব্রত, দিবা ভোজন না করিয়া রাত্রি ভোজনের নিয়ম।

নড্‌্ান, (নড) তৃণময়স্থান ; নলময় দেশ।

নত্ত, পৌত্র , দৌহিত্র ; নাতি।

নত, (নম) প্রহ্বীভূত ; নম্র, নোয়া ; নাসি-
কার আভরণ বিশেষ, বেশর। [মুক্ত, খাঁদা

নতনাসিক, (নত-নাসিকা) অল্প নাসিকা-

নতা, (নত) স্বল্প বাক্য. ওজোর ; নম্রীভূতা

নতাঙ্গী, নাগা, অবনতদেহা কামিনী।

নতি, (নম) নমস্কার, প্রণাম : নম্রতা।

নতু, (ন-তু) নহি, নিষেধ, অভাব।

নতুবা, নচেৎ, যদি না হয় : অথবা।

নথ, (নক্ত) নাসিকাভরণ বিশেষ।

নদ, (নদ) পুংবাচক খাতাবচ্ছিন্ন জল প্রবাহ,
জলাশয়, স্রোতোজল।

নদথু, জলধর, মেঘ ; সিংহ, কেশরী।

নদী, (নদ) স্রোতস্বতী, সরিৎ, নদী।

নদীকদম্ব, নদীসমূহ : বহুতর নদী।

নদীকান্ত, সমুদ্র ; হিজ্জল বৃক্ষ, হিজল গাছ

নদীকান্তা, জম্বু বৃক্ষ, জামগাছ।

নদীকূল, নদীর উভয় পার্শ্ব।

নদীজ, অর্জুনবৃক্ষ , নদীজাত , ভীষ্ম।

নদীতট, নদীতীর, নদীর উভয় পার্শ্ব।

নদীতরস্থান, ঘট, ঘাট, পারঘাট।

নদীন, সমুদ্র ; বরুণ।

নদীবঙ্ক, নদীর বাঁক। [দেশ।

নদীমাতৃক, (নদী-মাতৃ) নদীজলে পালিত

নদ্ধ, বদ্ধ, বাঁধা , সংযুক্ত।

নদ্ধ্রী, চর্ম্মরজ্জু, চামড়ার দড়ী।

ন... নয়

ননান্দ (ননন্দৃ) ননন্দা, পতির ভগিনী।

ননন্দা (ননন্দৃ) ভর্ত্তৃ ভগিনী, নন

ননী, (নবনীত) মাখন।

নন্ন, প্রশ্ন, পৃচ্ছা , আমন্ত্রণ, সম্বোধন।

নন্নচ, বিতর্ক...।

নন্দ, (নন্দ) বিষ্ণু , শ্রীকৃষ্ণের পালকপিতা ,
আনন্দ হর্ষ : ইন্দ্রের উপবন।

নন্দক, বিষ্ণুখড়্গ ; হর্ষক ; কুলপালক ;
শ্রীকৃষ্ণের পালক পিতা, আনন্দ।

নন্দকি, পিপ্পলী, পিপুল।

নন্দকী, বিষ্ণু নারায়ণ , পিপুল।

নন্দঘোষ, শ্রীকৃষ্ণের পালক পিতা।

নন্দথু, (নন্দ) হর্ষ, আহ্লাদ, আনন্দ।

নন্দন, (নন্দ) পুত্র, সন্তান , ইন্দ্রের উপবন
হর্ষজনক, আহ্লাদজনক।

নন্দনজ, (নন্দন-জন) হরিচন্দন , হর্ষজাত।

নন্দনন্দন, শ্রীকৃষ্ণ, বিষ্ণু।

নন্দনন্দিনী, দুর্গা, ভগবতী।

নন্দনা, (নন্দন) দুহিতা, কন্যা।

নন্দন্ত, পুত্র ; রাজা ; মিত্র।

নন্দপাল, বরুণ, জলাধিপতি।

নন্দপুত্রী, পার্ব্বতী দুর্গা।

নন্দয়ন্ত, আনন্দ জনক, হর্ষকারক।

নন্দা, (নন্দ) অলিঞ্জর, জালা ; ননান্দা ; তিথি
বিশেষ , সম্পত্তি ; পার্ব্বতী।

নন্দাত্মজ, (নন্দ-আত্মজ) শ্রীকৃষ্ণ, বিষ্ণু।

নন্দি, (নন্দ) হর্ষ, আনন্দ, আহ্লাদ।

নন্দিক, বৃক্ষবিশেষ : আনন্দ ; আহ্লাদ।

নন্দিকা, ইন্দ্রের ক্রীড়া স্থান ; তিথি বিশেষ
আনন্দ। [নন্দী।

নন্দিকেশ্বর, (নন্দিক-ঈশ্বর) শিব দ্বারপাল,

নন্দিঘোষ, অর্জুন রথ ; মঙ্গলঘোষণা।

নন্দিনী, (নন্দ) কন্যা, পুত্রী ; উমা ; গঙ্গা ;
বশিষ্ঠ ধেনু, রেণুকা।

নন্দিনীতনয়, ব্যাড়িমুনি, এক জন অভি-
ধান কারক। [জনক।

নন্দিবর্দ্ধন, শিব ; পুত্র ; বিষ্ণু ; আহ্লাদ

নন্দী, (নন্দিন) শিবের অনুচর ; বৃক্ষবিশেষ।

নন্দীমুখী তন্দ্রা।

নন্দীশ্বর, (নন্দী-ঈশ্বর) মহাদেব, শিব।

নন্দীসরঃ, ইন্দ্রসরোবর, ইন্দ্রের পুষ্করিণী।

নন্নাড়িয়া, ঢলচলিয়া ; শিথিল ; কৃশ, ক্ষীণ।

নপুংসক, (ন-পুমান) ক্লীব, ছিন্নমুষ্ক, হিজড়া।

নপ্তা, (নপ্তৃ) পুত্র বা কন্যার পুত্র, নাতি,
পৌত্র , দৌহিত্র।

নপ্ত্রী, (নপ্তৃ) পৌত্রী ; দৌহিত্রী ; নাতিনী।

নফর, (বাং) ভৃত্য, সেবক, চাকর।

নব, (নু) নূতন, আধুনিক ; সংখ্যা বিশেষ,
এ কোন দশ, ৯ নয় ; স্তব।

নবক, (নব) নবীন, নূতন।

নবগ্রহ, সূর্য্যাদি নয় গ্রহ।

নবছাত্র, প্রথম অধ্যয়নে প্রবৃত্ত, নবীন
বিদ্যার্থী, নূতন পড়ুয়া।

নবতি (নবন) সংখ্যা বিশেষ, ৯০ নব্বই।

নবতিকা, তুলিকা, তুলা।

নবতী, (নবন) নব্বই, ৯০ সংখ্যা।

নবদণ্ড, রাজচ্ছত্র বিশেষ।

নবদল, নূতন পত্র, নবীন পত্র ; পদ্মের
কেশর সমীপস্থ পত্র।

নবদীধিতি, মঙ্গলগ্রহ ; নূতন কিরণ।

নমনীয়, (নম) নম্র, কোমল, অবনত, নম্য
নমস, অনুকূল সহায়, সপক্ষ।
নমসিত, পূজিত, অর্চ্চিত ; নমস্কৃত।
নমস্, নতি, প্রণাম, নমস্কার।
নমস্কার, (নমস-কৃ) প্রণাম, নতি করণ ; করশিরঃ সংযোগ। [নম্য।
নমস্য, (নমস) পূজ্য, নমস্কারের যোগ্য, প্র-
নমস্যা, পূজ্যা, পূজনীয়া।
নমস্যিত, (নমস্য) পূজিত, অর্চ্চিত ; বন্দিত
নমাজ, (যাং) মুসলমানের স্তব।
নমিত, (নম) কৃতনমস্কার ; প্রহ্বীভূত, নত
নমুচি, কামদেব, মদন, কন্দর্প ; দৈত্য বিশেষ, প্রসিদ্ধ দানব।
নমুচিদ্বিট, দেবরাজ, ইন্দ্র, শক্র।
নমুচিসূদন, ইন্দ্র, দেবরাজ।
নমুনা, (যাং) আদর্শ ; নিদর্শন, দর্শনীয়।
নমেরু, রুদ্রাক্ষ, বৃক্ষ বিশেষ।
নমোশূদ্র, চণ্ডাল, অন্ত্যাবশায়ী।
নম্য, (নম) প্রহ্বীভূত নম্র, নোয়া।
নম্র, (নম) প্রহ্বীভূত ; কৃতপ্রণাম ; বিনীত ; নত ; বক্রীভূত।
নম্রতা, (নম্র) মৃদুতা, বিনীত ভাব।
নয়, (নী-অব) দ্যূত বিশেষ ; ন্যায্য ; নীতি ; নিষেধ ; নব সংখ্যা।
নয়ন, (নী) চক্ষুঃ, অক্ষি ; প্রাপণ ; প্রাপ্তি।
নয়নগোচর, চক্ষুর্গোচর, দৃষ্টিগোচর।
নয়নঠার, নয়নভঙ্গি, ইশারা।
নয়নোৎসব, চক্ষুর প্রীতি ; প্রদীপ, দীপ।
নয়নোপান্ত, অপাঙ্গ, চক্ষুর প্রান্ত ; কটাক্ষ
নয়বিশারদ, নীতিশাস্ত্রজ্ঞ নীতিবেত্তা।
নয়া, (নব) নূতন, নবীন ; আধুনিক।
নর, (নৃ) মানব, মনুষ্য, মানুষ ; পুংজাতি ; রামকর্পূর নামে তৃণ বিশেষ। [নিরয়
নরক, (নৃ) কষ্টজনক স্থান ; পাপভোগস্থল ;
নরককুণ্ড, যাতনা ভোগস্থান, ক্লেশকর গর্ত্ত, পাপিদিগের বাসস্থান।
নরকজিৎ, বিষ্ণু, নারায়ণ, শ্রীকৃষ্ণ।
নরকদেবতা, নিরয় দেবী ; অলক্ষ্মী।
নরকস্থ, বৈতরণী নদী ; কষ্টজনক স্থানে অবস্থিতা।
নরকান্তক, (নরক-অন্তক) [
নরকাময়, (নরক-আময়) প্রেত, পিশাচ ; নিরয়ের রোগ।
নরকী, (নরক) নরকভোগী ; পামর।
নরকীলক, গুরুঘ্ন, গুরুহা, গুরুহত্যাকারী।
নরগণ, নর নক্ষত্র বিশেষ।
নরঙ্গ, বরগুক, নারঙ্গা লেবু ; উপস্থ।
নরদেব, রাজা, নৃপতি ; ব্রাহ্মণ, বিপ্র।
নরনারায়ণ, দুই জন ঋষি বিশেষ, শ্রীকৃষ্ণ অর্জ্জুন।
নরপতি, রাজা, নৃপতি, নরেন্দ্র।
নরপ্রিয়, মনুষ্যের প্রিয় বস্তু ; নীলবৃক্ষ।
নরবলি, দেবোদ্দেশে মনুষ্য ছেদন।
নরবাহন, কুবের, যক্ষরাজা।
নরবিষাণ রাক্ষস, নিশাচর।
নরভুক, (নর-ভুজ) মনুষ্যখাদক, রাক্ষসাদি।
নরভূ, ভারতবর্ষ ; মানবগণের উৎপত্তি।
নরম, (নম্র) কোমল, অকঠিন, মৃদু, আর্দ্র, শীতল।
নরমা, (নরম) কোমল,মোলাএম, অকঠিন।
নরমান, (নরমা) কোমল করণ ; আর্দ্রীকরণ ; ভিজান।
নরমালা, মনুষ্যের মুণ্ডে নির্ম্মিত মালা।
নরমী, (নরম) কোমলত্ব, মৃদুভাব ; শীতলত্ব
নরমেধ, যজ্ঞবিশেষ ; যে যজ্ঞে মনুষ্যবধ করিয়া আহুতি দেয়।
নরলোক, মর্ত্ত্যলোক ; পৃথিবী।
নরসিংহ, অবতার বিশেষ, নৃসিংহ অবতার ; বিষ্ণু ; নরশ্রেষ্ঠ।
নরসুন্দর, নাপিত, ক্ষুরিকর্ম্মকারী।
নরহরি, নৃসিংহাবতার, বিষ্ণু। [কৃতি।
নরাকার, (নর-আকার) মনুষ্যাকার, মনুজা-
নরাঙ্কিত, (নর-অঙ্কিত) পর সাক্ষ্য সিদ্ধ, হঠাৎ নিশ্চয় হওয়া ; মনুষ্য চিহ্ন।
নরাজ, (নাড়িচীর) তন্ত্রের যন্ত্র বিশেষ।
নরাধম, (নর-অধম) মনুষ্যাধম, নীচ ইতর
নরাধিপ, (নর-অধিপ) রাজা, নৃপতি।
নরান্তক, (নর-অন্তক) রাক্ষস, কৌণপ ; যম
নরায়ণ, শ্রীকৃষ্ণ, বিষ্ণু, নারায়ণ।
নরী, (নৃ) নরজাতীয়া স্ত্রী, নারী, অবলা।
নরুণ, (নখরঞ্জনী) নখচ্ছেদনাস্ত্র।
নরেন্দ্র, (নর-ইন্দ্র) নরেশ্বর বহু, দেশাধিপতি, রাজা ; বিষবৈদ্য।
নরেশ্বর, (নর-ঈশ্বর) দেশাধিপতি, রাজা।
নরোত্তম, (নর-উত্তম) শ্রেষ্ঠ মনুষ্য ; শ্রীকৃষ্ণ
নর্কুটক, নাসিকা, নাসা, নাক।
নর্ত্তক, (নৃত) নৃত্যকারী ; নট, চারণ।
নর্ত্তকী, (নৃত) নৃত্যকারিণী, নটী।

নর্ত্তন, (নৃত) নৃত্য, নাচ, অঙ্গ ভঙ্গি।
নর্দ্দটক, ছন্দোবিশেষ।
নর্দ্দমা, (নৃ-ধমনি) পয়ঃনালা প্রণালী; জেলা- [ধার গর্ত্ত।
নর্ম্ম, (নৃ) কৌতুক; লীলা, ক্রীড়া।
নর্ম্মকীল, কান্ত, পতি, স্বামী।
নর্ম্মট, সূর্য্য, খর্পর, খাপরা।
নর্ম্মঠ, (নর্ম্মন) কৌতুকরত; লম্পট; কামুক, উপপতি, স্তনাগ্র।
নর্ম্মদা, (নর্ম্মন-দা) নদীবিশেষ।
নল, (নড়) তৃণ বিশেষ; পঙ্ক, নৈষধরাজ।
নলক, (নল) অস্থি বিশেষ, নাসিকাভরণবিশেষ, নথের মুক্তা।
নলকিনী (নলক) জঙ্ঘা, জানু, হাটু।
নলকীল, জানু, জঙ্ঘা, হাঁটু।
নলকুবর, কুবের পুত্র।
নলদ (নল-দা) পুষ্পরস, মকরন্দ, উশীর, বীরণমূল, বেনার মুল খস্‌খসিয়া।
নলদমু নিম্ববৃক্ষ, নিম্‌গাছ।
নলদা, গন্ধদ্রব্য বিশেষ, জট,মাংসী।
নলপট্টিকা, তলচী চাচ, দরমা।
নলাঙ্গ, নলা, ভুজাস্থি, নলা।
নলি, (নল) বস্ত্র বপনের নিমিত্ত সূত্র পূর্ণ নল। [দ্রব্য বিশেষ।
নলিকা, (নলি) নাড়ী, নলী, শিরা; সুগন্ধি
নলিত, (নল) হুকার জাইট।
নলিত, শাক বিশেষ না লতাশাক।
নলিন, (নল) পদ্ম, জল; সারস পক্ষী, কৃষ্ণপাক ফল; পেনেলা। [যুক্ত দেশ।
নলিনী, (নল) পদ্ম; পদ্মলতা, পদ্মিনী, পদ্ম
নলিনীরুহ, মৃণাল, পদ্মের ডাঁটি।
নলিনেশয়, বিষ্ণু, শ্রীকৃষ্ণ।
নলিয়া (নলী) ব্যাধ, নিষাদ, পাখিমারা।
নলা, (নল) সূত্রবেষ্টনার্থ সচ্ছিদ্রকাষ্ঠ চোঙ্গা
নল্লন, নল্ল) চমকন, উজ্জ্বলন, ঝকমকন।
নল্লান, (নল্ল) বিদ্যুতের প্রভা প্রকাশন।
নল্ব, (নল) চতুঃশত হস্ত পরিমিত দেশ, চারি শত হাত পরিমাণ স্থান।
নশ্যৎপ্রসূতিকা মৃতবৎসা, মড়াঞ্চে
নশ্বর, (নশ) নাশ্য, ধ্বংস যোগ্য, অস্থায়ী, অনিত্য। [ভ্রষ্ট, দুষ্ট, শঠ।
নষ্ট, (নশ) হৃত; পলায়িত; মৃত; অপচিত্ত;
নষ্টচন্দ্র, ভাদ্রমাসীয় উভয় পক্ষের চতুর্থীতে উদিত চন্দ্র।
নষ্টচিত্ত, মূঢ়, হতবুদ্ধি অজ্ঞান।
নষ্টচেতাঃ, (নষ্ট-চেতস) মূঢ়; নষ্টচিত্ত, মুগ্ধ।
নষ্টচেষ্ট, (নষ্ট-চেষ্টা) স্পন্দহীন, নিস্তব্ধ।
নষ্টচেষ্টতা, শোকাদি দ্বারা শরীরের স্পন্দ নাশ; চেষ্টা শূন্যত্ব।
নষ্টতা, (নষ্ট) ভ্রষ্টতা, দুষ্টতা, শঠতা।
নষ্টা ভ্রষ্টা, দুষ্টা; ব্যভিচারিণী, কুলটা।
নষ্টামি, ভ্রষ্টত, শঠতা, দুষ্টতা; ঠেটামি।
নষ্টেন্দুকলা, নষ্ট-ইন্দু-কলা) কুহু, অমাবস্যা
নসা, নাসিকা, নাক; ঘ্রাণেন্দ্রিয়।
নসীব, (যাং) ভাগ্য, অদৃষ্ট, কপাল।
নস্ত, নাসিকা, নাক, নস্য। [ফোড়া বলদ।
নস্তিত, নাসানিহিত রজ্জু, বলীবর্দ্দ নাক
নস্য, (নাসিকা) নাসিকাতে দেয় তাম্রকূট চূর্ণ, নস। [নস্যাধার, নাসদান।
নস্যদানী, (নস্য-যাং) নস্যরাখিবার পাত্র,
নস্যা নাসিক, নাক। [নাসদান।
নস্যাধার (নস্য-আধার) নস্যরাখিবার পাত্র
নাহ, (ন-অহ) নিষেধ, অভাব।
নহুষ, চন্দ্রবংশীয় রাজা বিশেষ; সর্পবিশেষ
নহুষাত্মজ, যযাতি রাজা।
নক্ষত্র, (নক্ষ) তারা, তারকা; অশ্বিন্যাদি২৭
নক্ষত্রনেমি, বিষ্ণু, শ্রীকৃষ্ণ।
নক্ষত্রপ, নক্ষত্রপতি, চন্দ্র। [নক্ষত্র চক্র।
নক্ষত্রমণ্ডল, নক্ষত্র সমূহ; সপ্ত বিংশতি
নক্ষত্ররাজ, (নক্ষত্র-রাজন) চন্দ্র, শশধর বিধু
নক্ষত্রলোক, তারামণ্ডল, আকাশ। [কর্পূর
নক্ষত্রেশ (নক্ষত্র-ঈশ) নিশাকর, চন্দ্র;
না, (ন, নহ, অভাব নিষেধ; নৌকা।
নাই, (ন) অভাব, নিষেধ; নাস্তি; নাপিত, ক্ষুরিকর্ম্মকারী।
নাইয়া, (নৌ) রজক, নাবিক, নৌকাবাহী, দাঁড়ী। [য, নালি ফুল।
নাইল, (নলিনী) রক্তবর্ণ জলজ পুষ্প বিশেষ
নাও, স্নানকরণ, অবগাহন।
নাং, (ন-অঙ্গ) উপপতি জার।
নাংচুরী, (নাং-চুর) পর পুরুষাভিলাষিণী, জারা, ভ্রষ্টা।
নাংনী, (নাং) উপপতি বিশিষ্টা স্ত্রী, ভ্রষ্টা।
নাক, নাসিকা, স্বর্গ; আকাশ।
নাকড়া, (নাক) নাসিকার রোগ বিশেষ।
নাকনায়, ইন্দ্র, দেবরাজ।
নাকনায়ক, ইন্দ্র, দেবরাজ
নাকারা, (যাং) অকার্য্যকারী, কোন কার্য্যের উপযুক্ত নহে যে।

নাকি. (না-কি) সন্দেহার্থ ; জিজ্ঞাসার্থ ; নাসিকা দ্বারা উচ্চারিত।
নাকী, (নাসিকা) খনা ; দেবতা
নাকু. বল্মীক, উই ; পর্ব্বত ; মুনিবিশেষ।
নাকুয়া. (নাক) উন্নত নাসিকা যুক্ত।
নাকেশ্বরীবাঘ, (নাক-ঈশ্বর-বাঘ) ব্যাঘ্র বিশেষ, চিতাবাঘ।
নাগ, (নগ) রঙ্গ, রাং ; সীসক, সীসা ; করণবিশেষ ; সর্প ; হস্তী ; নাগকেশরপুষ্প।
নাগকিঞ্জল্ক, নাগকেশর পুষ্প।
নাগকুমারিকা, গুড়ুচী ; গুলঞ্চ ; মঞ্জিষ্ঠা।
নাগকূপ, আগ্নেয় জল, জ্বালামুখী।
নাগকেশর, পুষ্প বৃক্ষ বিশেষ।
নাগগর্ভ, সিন্দুর। [মধ্যবর্ত্তি ভিত্তিস্থ দাণ্ডা।
নাগদন্ত গজদন্ত, হাতির দাঁত ; গৃহের-
নাগদন্তক, (নাগদন্ত) গৃহের ভিত্তিতে প্রোথিত দাণ্ডা, তাক।
নাগদন্তিকা, (নাগদন্ত) বৃশ্চিকা লতা, বিছুটী
নাগদন্তী, বেশ্যা ; হাতিশুণ্ডা লতা।
নাগদানা, বৃক্ষবিশেষ, নাকদনা গাছ।
নাগপাশ, অস্ত্র বিশেষ। [ম্পক, চাঁপা।
নাগপুষ্প, পুন্নাগ বৃক্ষ ; নাগকেশর ; চ-
নাগফল, পটোল।
নাগবন্ধু. অশ্বত্থবৃক্ষ।
নাগবরারী, রাগিণীবিশেষ।
নাগবল. ভীমসেন ; হস্তিতুল্য বলবান।
নাগবলা, ওষধি বিশেষ, গোরক চাউলিয়া ; গুলশর্করী।
নাগবল্লী, তাম্বুলী লতা, পানের গাছ।
নাগবারক. (নাগ-বার) গরুড়, বৈনতেয়
নাগমল্ল, ঐরাবত হস্তী।
নাগমাতা, মনসাদেবী, বিষহরী।
নাগযষ্টি, পুষ্করিণীর মধ্যে প্রোথিত কাষ্ঠ বিশেষ, রইকাঠ।
নাগর, (নগর) নগর সম্বন্ধীয়, নগর জাত ; বিদগ্ধ ; লম্পট ; চতুর।
নাগরক্ত, সিন্দুর. সিঁদুর ; নাগের শোণিত।
নাগরঘন, নাগরমুস্থা, নাগরমুথা। [নেবু।
নাগরঙ্গ, (নাগ-রঙ্গ) বৃক্ষ বিশেষ, নারাঙ্গী
নাগরদোলা, দোলনা বিশেষ।
নাগরমুথা, তৃণবিশেষ, নাগরমুস্তা।
নাগরা, (যং) বৃহৎ ঢক্কা।
নাগরাজ. (নাগ-রাজন্) শেষ, অনন্ত। [রতা
নাগরালি (নাগর) বিদগ্ধতা, লম্পটতা ; চতু

নাগরাহ্ব, শুণ্ঠী, শুঠ।
নাগরী, (নগর) কুম্ভীবৃক্ষ, সিজের গাছ ; নাগর পত্নী ; অক্ষর বিশেষ ; নাগরী গুড়
নাগরেণু, সিন্দুর, সিঁদুর।
নাগরেরক. নগর সম্বন্ধীয়।
নাগলোক, পাতাল, রসাতল।
নাগসম্ভব, সিন্দুর. সিঁদুর। [সন্ন্যাসী।
নাগা, (নাগ) নিকটস্থ ; নগ্ন, উদাসীন;
নাগাঙ্গনা, হস্তিনী, করেণু। [সুকি।
নাগাধিপ, (নাগ-অধিপ) অনন্ত ; শেষ, বা-
নাগান্তক, (নাগ-অন্তক) গরুড়, খগেন্দ্র।
নাগাহ্ব, হস্তিনাপুর, দিল্লী।
নাগিনী, (নাগ) নাগপত্নী, সর্পিণী।
নাগী, (নাগ) নাগপত্নী, সর্পিণী।
নাগেশ্বর, পুষ্পবৃক্ষ বিশেষ। [হল।
নাঙ্গল, (লাঙ্গল) ভূমি কর্ষণার্থ যন্ত্রবিশেষ,
নাচ, (নৃৎ) নৃত্য, নর্ত্তন, অঙ্গভঙ্গি।
নাচন, নর্ত্তন, নৃত্য করণ, হাব ভাব প্রকাশ পূর্ব্বক অঙ্গ ভঙ্গি করণ।
নাচা, নৃত্য, নর্ত্তন, অঙ্গভঙ্গি করণ।
নাচানী, (নাচ) নর্ত্তনের বেতন ; নৃত্য সম্বন্ধীয় ; নর্ত্তকী।
নাচানীয়া, (নাচা) নৃত্যকারক, নর্ত্তক, নট।
নাচার, (যং) অসহায় ; নিরুপায়।
নাচিকেত, অগ্নি, অনল, বহ্নি।
নাছ, (ন-অছ) গুপ্তদ্বার, খটকী, খিড়কী।
নাট, (নট) নৃত্য ; দেশবিশেষ ; কর্ণাট।
নাটক. (নট) গদ্য পদ্যময় কাব্য বিশেষ।
নাটকী, (নট) কাব্যবিশেষ ; নৃত্যকারিণী।
নাটন, নর্ত্তন, নৃত্য, নাচ করণ
নাটমন্দির. দেবগৃহ সম্মুখস্থ নাটস্থান।
নাটা, লতা বিশেষ ; খর্ব্ব।
নাটাই, (নাট) সূত্র সঙ্কলন যন্ত্র।
নাটান, (নাটা) সূত্র সঙ্কলন, সূতা জড়ান ; দুর্ব্বল হইয়া পড়ন, শ্রান্ত হওন।
নাটিকা, গদ্য পদ্যময় কাব্যবিশেষ।
নাটিম.(নাট) খেলন দ্রব্য, ঝুমঝুমী, লাটিম
নাটুয়া, নৃত্যকারী, নর্ত্তক।
নাটেয়, নটীসুত ; বেশ্যাপুত্র।
নাট্য, (নট) নৃত্য গীত বাদ্য ; তৌর্য্যত্রিক।
নাট্যপ্রিয়, শিব, মহাদেব, মহেশ
নাট্যশালা, প্রাসাদ দ্বারসমীপস্থ গৃহ, নাটমন্দির ; নাচঘর।
নাড়ন, (লড়) স্থানান্তরে লওন, স্থানান্তর করণ

নাড়া, (নাড়ী) ছেদিতধান্যের অ বিচালী ; স্থানান্তরে চালন।
নাড়ি, (নড়) নাড়ী, শিরা, ধাতু।
নাড়িক, কালশাক, কলকাশন্দা।
নাড়িকা, ঘটিক্ষণ, ঘড়ী, ঘটিকা। [সেকরা।
নাড়িন্ধম, (নাড়ি-ধ্মা) স্বর্ণকার, সোণার,
নাড়ী, (নড়) ধমনী, উদরস্থ শিরা, হস্তের প্রধান শিরা ; বৃন্ত, ডাঁটা, দণ্ড।
নাড়ীক, শাক বিশেষ, নালিতা শাক।
নাড়ীচ, শাক বিশেষ, নালিতা শাক।
.. পক্ষী, বিহঙ্গম।
নাড়ীজঙ্ঘ, বায়স, কাক ; মুনিবিশেষ।
নাড়ীজ্ঞ, (নাড়ী-জ্ঞা) নাড়ীজ্ঞাতা, বৈদ্য।
নাড়ীটেপা, নাড়ীদেখা, বৈদ্য।
নাড়ীনক্ষত্র, জন্মনক্ষত্র।
নাড়ীন্ধম, (নাড়ী-ধ্মা) বর্ণসঙ্কর জাতি বিশেষ, স্বর্ণকার সেকরা।
নাড়ীব্রণ, সর্ব্বদা গলৎ ব্রণ, নালিঘা।
নাড়ীমরা, অক্ষুধা, পেটমরা, অল্পাহারী মন্দাগ্নি পেটরোগা।
নাড়ীশাক, পাটশাক, নালিতা শাক।
নাড়ু, (লড্ডুক) মিষ্টান্নবিশেষ, লড্ডুক।
নাণক, মুদ্রা, চিহ্নিত নিষ্কাদি, মোহর।
নাতি, (নপ্তৃ) পুত্রের বা কন্যার সন্তান, পৌত্র, দৌহিত্র।
নাতিনী, (নপ্তৃ) দৌহিত্রী, কন্যার কন্যা।
নাত্র, বিচিত্র, প্রজ্ঞ, শিব।
নাথ, স্বামী, প্রভু, কর্ত্তা ; প্রতিপালক : নাসিকা ছিদ্রগত রজ্জু, নাক ফোড়া দড়ী।
নাথবান্, (নাথ) পরাধীন, সস্বামিক, প্রভুর সহিত বর্ত্তমান।
নাথহরি, পশু, চতুষ্পদ জন্তু।
নাথী, (লুঠ) পদ প্রহার, পদ ঘাত।
নাদ, (নদ) ধ্বনি শব্দ, গর্জ্জন, শঙ্খাদির শব্দ
নাদন, রব করণ, গর্জ্জন, ডাকন, পশ্বাদির মলত্যাগ।
নাদনা, (নাদ) মুদ্গর বিশেষ, বৃহৎ যষ্টি।
নাদবিন্দু, বিন্দুযুক্ত অর্দ্ধচন্দ্র।
নাদরামকরী, (নাদ-রাম-কৃ) রাগিণী বিশেষ
নাদা, (নাদ) বৃহৎ মৃত্তিকাপাত্র বিশেষ, গামলা।
নাদিত, (নদ) শব্দিত, ক্বণিত, ধ্বনিত।
নাদী, (নাদ) ছাগাদির মল।
নাদুনী, (নৌ-দ্রোণী) নৌকা বিশেষ।
নাদেয়, সৈন্ধব লবণ ; কাশতৃণ। [জাম।
নাদেয়ী (নদী) জলবেতস : ভূমিজম্বু, ভূমি-
নানা, (ন) অনেক, বিবিধ, মাতামহ।
নানাজাতীয়, অনেক প্রকার, অনেকরকম
নানাত্মা, (নানা-আত্মন) আত্মভেদ, পৃথক২ আত্মা।
নানাধ্বনি, অশেষ প্রকার শব্দ ; বেণু বীণাদির শব্দ। [ভিন্ন২।
নানান, (নানা) অনেক প্রকার, বিবিধ,
নানাবর্ণ, বহুবিধ বর্ণ, বিচিত্র রং।
নানাবিধ, অনেক প্রকার, বিবিধ।
নানামত, ভিন্ন২ মত। [রকমে।
নানামতে, (নানামত) নানাপ্রকারে, হরেক
নানারূপ, অনেক প্রকার, বিবিধ, বহুবিধ।
নানার্থ, (নানা-অর্থ) বহুবিধ অর্থ ; অশেষ প্রয়োজন।
নানাশাস্ত্রজ্ঞ বিবিধবিদ্যা বিশারদ
নানাস্থান, অস্থির, ছিন্ন ভিন্ন।
নানী (নানা মাতামহী, দিদী।
নানুষ্ঠেয়, অকর্ত্তব্য, অকরণীয়।
নান্দ্র, স্তোত্র, স্তব, স্তুতি।
নান্দী, (নন্দী) নাটকাদিতে মঙ্গলার্থ দেবদ্বিজাদির আশীর্ব্বাদ যুক্ত স্তবাদি।
নান্দীমুখ বৃদ্ধিশ্রাদ্ধ ভোজি পিতৃগণ ; আভ্যুদয়িক শ্রাদ্ধ।
নাপিত, (ন-আপ) বর্ণসঙ্কর জাতি বিশেষ, ক্ষুরী, ক্ষৌর কর্ম্ম কারী ; ধূর্ত্ত।
নাবন, (নম) অপোগমন, উত্তরণ, ওলন।
নাবাকার, (নৌ-আকার) নৌকাকৃতি, নৌকার গঠন। [নাবাকার।
নাবাকৃতি, (নৌ-আকৃতি) নৌকার গঠন,
নাবান, (নম) নিম্নকরণ ; অবরোহণ, ওলান
নাবাল (নাম) অধঃস্থ ; তলস্থ, নিম্ন, নীচ
নাবি, (নব) উপযুক্ত সময়ের পশ্চাৎ।
নাবিক, (নৌ) কর্ণধার, মাঝী, কাণ্ডারী।
নাবোতে, অধস্তে নীচে, নিম্নে, তলে।
নাব্য, (নৌ) নৌকাগম্য, নব্যাবস্থা।
নাভি, (নহ) উদরের মধ্য স্থান, নাভি চক্রের মধ্য, উদরাবর্ত্ত, নাই।
নাভিকুণ্ডক, আবর্ত্ত, গোঁড়।
নাভিগুচ্ছক, স্ফীতনাভি, গোঁড়।
নাভিগোণ্ড, উন্নত নাভি, গোঁড়।
নাভিজ, (নাভি-জন) ব্রহ্মা, প্রজাপতি।
নাভিজন্মা, ব্রহ্মা, প্রজাপতি।

নাভিনালা, নাভিসম্বন্ধিনী, নাড়ী।
নাভিবর্ষ, ভারতবর্ষ, হিন্দুস্থান।
নাভিভূ, ব্রহ্মা, প্রজাপতি।
নাভী, (নহ) উদরাবর্ত, নাই
নাভ্য, (নাভি) নাভী সম্বন্ধীয়।
নাভ্যন্তর, (নাভি-অন্তর) নাভির মধ্য।
নাম, (নামন) অভিধান, আখ্যা, সংজ্ঞা, কীর্ত্তি, সম্ভাবনা; প্রকাশ্য।
নামকরণ, সংস্কার বিশেষ। ।ত বিশেষ।
নামতা, (নাম) একাদি অঙ্কের পূরণ, গণ-
নামদ্বাদশী, ব্রত বিশেষ।
নামধর, বিখ্যাত, নামলব্ধ।
নামধারী, (নাম-ধারিন) আখ্যাত, নামপ্রাপ্ত
নামধেয়, (নাম) আখ্যা, সংজ্ঞা, নাম।
নামন, (নম) অবরোহণ, অবতরণ, নাবা।
নামনা, (নম) বটবৃক্ষের জট।
নামলব্ধ, বিখ্যাত, স্বনামে প্রসিদ্ধ।
নামশেষ, নষ্ট, মৃত; ধ্বংস।
নামাউঠা, বিসূচিরোগ, ওলা উঠা।
নামাঙ্কিত, (নাম-অঙ্কিত) নামচিহ্নিত, নাম খোদিত, নাম মুদ্রিত।
নামান, (নম) অধোগমন, অবরোহণ, উত্তরান ওলান; বিবেচন, ভেদ।
নামাপরাধ, সাধুর নিন্দাদিরূপ পাপ
নামাবলী, (নাম-আবলী) দেবনামে অঙ্কিত উত্তরীয় বস্ত্র, নামশ্রেণী।
নামাশ্রয়, (নাম-আশ্রয়) দেবনামাবলম্বন।
নামো, (নাম) অধোভাগ, তল নীচ।
নামোতে (নামো) অধতে, নীচে, তলে।
নায়, (নী) নীতি; প্রাপণ; শিক্ষা দেওন।
নায়ক (নী) প্রদর্শক, নেতা, শ্রেষ্ঠ, অগ্রগামী, প্রধান, অধ্যক্ষ; প্রেমাভিলাষী পুরুষ
নায়কাধিপ, (নায়ক-অধিপ) নরেন্দ্র, নৃপতি, রাজা।
নায়িকা, (নী) প্রেমাসক্ত যুবতী, সখী, ভগবতীর শক্তি বিশেষ; উপদেবী।
নায়েব, (বাং) প্রতিনিধি, উকীল।
নার, (নর) নর সমূহ, বহু মনুষ্য।
নারক, (নরক) নরক, নরক সম্বন্ধীয়, নরকস্থ প্রাণী। ।চার।
নারকী, (নরক) নরকভোগী, পাপী, দুরা-
নারঙ্গ, ফলবৃক্ষ বিশেষ।
নারদ, (নার-দা) দেবর্ষি, মুনিবিশেষ।
নারা, (নার) জল সম্বন্ধ পয়ঃ।
নারাঙ্গী (নাগরঙ্গী) জম্বীর বিশেষ, নেবু।
নারাচ, (নার-চম) লৌহময় বাণ বিশেষ।
নারাচী, লৌহতুলা, নিক্তি।
নারাজ, (বাং) অন্যাদৃত, অসন্তুষ্ট।
নারায়ণ, (নার-অয়ন) বিষ্ণু, শ্রীকৃষ্ণ।
নারায়ণতৈল, ঔষধপক্ক তৈল বিশেষ।
নারায়ণপ্রিয়, শিব, মহেশ, মহাদেব।
নারায়ণ-ক্ষেত্র, গঙ্গাজল মধ্যে চতুর্দ্দিগে চারি হস্ত পরিমিত স্থান।
নারায়ণী, নারায়ণের পত্নী, লক্ষ্মী, দুর্গা, গঙ্গা, মুদ্গলমুনি পত্নী।
নারিকেল, (নারিক) আপন নামে প্রসিদ্ধ ফলবিশেষ, ডাব, দোমালা ঝুনা ইত্যাদি তদ্ভেদ। [।যৎ, যোষিৎ, মহিলা।
নারী, (নর) নরধর্ম্মাক্রান্তা স্ত্রী, অবলা, যো-
নারীকেল, (নারিক) স্বনাম প্রসিদ্ধ ফল বিশেষ, নারিকেল।
নারীচ, শাক বিশেষ, নালিতা শাক।
নারীতরঙ্গক, বিড়গ, জার, উপপতি।
নারীদূষণ স্ত্রীলোকদিগের মদ্য পান কুসংসর্গাদি ছয় দোষ।
নারীধর্ম্ম, স্ত্রীলোকের প্রতিসেবারূপ ধর্ম্ম, প্রাতিব্রত্যধর্ম্ম, রজস্বলতা, ঋতু।
নারীষ্ট, মল্লিকাবৃক্ষ।
নাল, (নল) উৎপল প্রভৃতির ডাঁটা; নলাকার কৃত্রিম বস্তু; শিরা, অশ্বের ক্ষুরবদ্ধ লৌহ।
নালবংশ, নলতৃণ, খাগড়া।
নালা, (প্রণালী) নাল, ডাঁটা, খাল, ক্ষুদ্রনদী জলনিঃসারণ মার্গ, পয়নালা। ।বালক।
নালায়েক, (বাং) অনুপযুক্ত, অযোগ্য, না-
নালি, নাড়ী, শিরা; বহুছিদ্রবিশিষ্ট কাষ্ঠ।
নালিক, মহিষ, কুমলপ।
নালিজঙ্ঘ, দ্রোণকাক, দাঁড়কাক।
নালিতা, (নাল) শাক বিশেষ, পাটশাক।
নালী (নল) শাকের কাণ্ড, ডাঁটা; নাড়ী, নলাকৃতি, চোঙ্গা, পুষ্প বিশেষ, হেলা ঘুঁটী
নালীকিনী, নলিনী, পদ্মসমূহ।
নাশ, (নশ) ক্ষয়, ধ্বংস, লয়; বিধন, অদর্শন, মৃত্যু; হানি, অপচয়।
নাশক, (নশ), ধ্বংসক, অপকারী, ক্ষতিকর
নাশন, (নশ) ধ্বংসকরণ, হনন, মারণ।
নাশনীয়, (নশ) নাশ্য, ধ্বংসনীয়, অভিভাব্য।
নাশিত, (নশ) ধ্বংসিত, হত, উচ্ছেদিত।

নিঘুষ্ট, (নি-ঘুষ) শব্দিত ক্রূতস্বর, ঘষিত
নির্ঘৃণ, ঘৃণা শূন্য ; কৃপা রহিত। [গর্জিত।
নিঘুর, পশুর খুর ; বায়ু ; পথ ; বরাহ ;
নিঘ্ন, (নি-হন) অধীন, বশীভূত ; লিপ্ত, আবৃত ; গুম্ফিত।
নিঙড়ন, (নির-পীড়) নিষ্পীড়ন, নিঃসারণ, রস আকর্ষণ।
নিঙড়ান, রস নিঃসারণ, জলনিষ্পীড়ন।
নিগরণ, গলন, গ্রাসকরণ, অদন।
নিচয়, (নি-চি) সংঘ, গণ, সমূহ ; নিশ্চয়।
নিচিত, পূরিত ; ব্যাপ্ত, আকীর্ণ।
নিচু, (নি-চীব) ফল বিশেষ ; কেবল, তন্মাত্র
নিচুল, (নি-চি) হিজ্জলবৃক্ষ, হিজোল গাছ ; বেতস লতা। [উত্তরচ্ছদ
নিচোল, (নি-চুল) পাছুড়ী ; উত্তরীয় বস্ত্র,
নিচোলক, (নি-চুল) বারবাণ, কঞ্চুক, সৈন্য দিগের যুদ্ধার্থ অঙ্গাবরণ।
নিচোড়, (নিচোড) কৃপণ ; অধম ; অন্ত্যজ
নিছনি, (অনিচ্ছা) অনভিলাষ, অনিচ্ছা।
নিচ্ছবি, তীরভুক্তি দেশ, ত্রিহোত।
নিচ্ছিবি, বর্ণসঙ্কর জাতিবিশেষ।
নিচ্ছেদ্য, অভেদনীয়, অভেদ্য।
নিচ্ছিদ্র, ছিদ্রহীন, রন্ধ্র শূন্য ; সর্ব্বাঙ্গ সম্পূর্ণ
নিছু (নি-চীব) নিরবচ্ছিন্ন, কেবল, তন্মাত্র।
নিছুড়িয়া, (নি-ছুট) নিঃসহায়, অনাথ।
নিজ, (নি-জন) স্বীয়, স্বকীয়, আত্মীয়।
নিজঞ্জাল, নির্ব্বিবাদ ; নিরাপদ ; নিশ্চিন্ত
নিজতন্ত্র, স্বাধীন, স্বতন্ত্র।
নিজমতাবলম্বী, (নিজ-মত-অবলম্বিন) আত্মমতাবলম্বী, স্বীয় ইচ্ছামত কর্ম্মকারী ; একগুঁয়া। [স্বাদ।
নিজস্ব, স্বকীয় ; আপনার অসাধারণ স্বত্ব-
নিজা, (নিজ) স্বীয়া, স্বকীয়া।
নিজে, (নিজ) স্বয়ং, আপনি।
নিঝুম, নিঃশব্দ, নির্ব্বাত ; নিঃস্পন্দ।
নিট, (নিস্তর) নিশ্চিত ; সত্য ; খাঁটী।
নিটুট, সম্পূর্ণ ; নির্দোষ ; সকলাঙ্গ সম্পন্ন
নিটোল, সম্পূর্ণ ; সমান ; উচ্চনীচতাহীন
নিঠুর, (নিষ্ঠুর) ক্রূর ; কঠিন ; কৃপাহীন।
নিড়ন, (নিড়) তৃণোৎপাটন, ধান্যাদির ক্ষেত্র পরিষ্কার করণ।
নিড়বিড়া, (নিড়বিড়) অশীঘ্র কর্ম্মকারী, যে শীঘ্র কর্ম্ম করিতে পারে না।
নিড়ানী (নিড়ান) নিড়নাস্ত্র, খোড়।

নিড়ীন, (নি-ডী) পক্ষির গতি বিশেষ, অধোদেশে উড়ন।
নিণ্ডিকা, কলায় বিশেষ, তেওড়া কলাই।
নিতম্ব, (নি-তম্ব) স্ত্রীলোকের কটির পশ্চাদ্ভাগ, পাছা ; পর্ব্বতের কুক্ষীকৃত দেশ।
নিতম্বিনী, (নিতম্ব) প্রশস্ত নিতম্ব বিশিষ্টা স্ত্রী ; অবলা।
নিতরাং, (নি) সুতরাং, কাজেই ; অগত্যা।
নিতল, (নি-তল) পাতাল বিশেষ ; পাতালের এক ভাগ।
নিতান্ত, (নি-তম) একান্ত ; অবশ্য ; অতিশয়। [নিত্য, সর্ব্বদা।
নিতিনিতি, (নিত্য) নিত্যং, প্রত্যহ ; নি-
নিত্য, (নি) জন্ম মৃত্যু রহিত, সনাতন ; সতত, অনবরত ; প্রতিদিন, সদা, সর্ব্বদা ; স্থির, নিশ্চিত। [কর্ম্ম, আবশ্যক ক্রিয়া।
নিত্যকর্ম্ম, (নিত্য-কর্ম্মন) অহরহঃ কর্ত্তব্য
নিত্যকার্য্য, প্রতিদিনের কর্ত্তব্য কার্য্য, প্রাত্যহিক ব্যাপার, আবশ্যক কর্ম্ম
নিত্যক্রিয়া, প্রতিদিনের কর্ত্তব্য কর্ম্ম ; প্রাত্যহিক ব্যাপার।
নিত্যগতি, বায়ু, অনিল, বাতাস।
নিত্যতা, (নিত্য) চিরকালীনত্ব, নিত্যত্ব।
নিত্যদা, (নিত্য) সর্ব্বদা, সদা, প্রত্যহ।
নিত্যদান, প্রতিদিন কর্ত্তব্য দান।
নিত্যযৌবনা, স্থিরযৌবনা, চির যৌবনা ; দ্রৌপদী ; কুন্তী।
নিত্যশঃ,(নিত্য) অনবরত ; সর্ব্বদা, প্রত্যহ
নিত্যা, পার্ব্বতী ; মনসাদেবী ; শক্তিবিশেষ
নিত্যানন্দ, (নিত্য-আনন্দ) যাহার সর্ব্বদা আনন্দ বর্ত্তমান ; গোস্বামি বংশের আদি পুরুষ। [ধীর।
নিথর, (নি-থর) নিঃশব্দ ; নিঃস্পন্দ ; স্থির,
নিদ, বিষ ; নিদ্রা।
নিদজ, মনুষ্য, মনুজ, মানব। [কঠিন।
নিদয়, (নি-দয়া) নির্দয়, নিষ্ঠুর, অকরুণ,
নিদর্শন, দৃষ্টান্ত, উদাহরণ ; চিহ্ন [জ্ঞানচিহ্ন
নিদর্শনী, (নি-দর্শনিন) প্রকাশক ; পরি-
নিদাঘ, (নি-দহ) গ্রীষ্মকাল ; উষ্ণ ; ঘর্ম্ম।
নিদাঘকর, (নিদাঘ-কৃ) সূর্য্য, দিবাকর ; গ্রীষ্মকারক।
নিদান, (নি-দা) মূল কারণ, আদি কারণ ; রোগের মূলানুসন্ধান ; বৈদ্যক গ্রন্থ বিশেষ ; অন্ত, অবসান।

নিদানীভূত, (নিদান-ভূত) কারণীভূত, মূলীভূত। [নির্দ্দয়।
নিদারুণ, কঠিন; অসহ্য; দুঃসহ; ভয়ানক;
নিদালী, (নিদ্রা) নিদ্রাকর্ষক মন্ত্র বিশেষ।
নিদিগ্ধ, (নি-দিহ) বিলেপিত, লেপা মোচা
নিদিগ্ধা, সুগন্ধিমসলাবিশেষ, এলাইচ।
নিদিধ্যাসন, (নি-ধ্যৈ) পুনঃ২ স্মরণ; পরমার্থ চিন্তা বিশেষ। [নিযোজিত
নিদিষ্ট, (নি-দিশ) আজ্ঞাপিত; কথিত;
নিদেশ, (নি-দিশ) আজ্ঞা, আদেশ, অনুমতি, নিয়োগ; কথা।
নিদেশকারক, নিদেশকারী, আদেশকারক, নিয়োগকারক, অনুমতিদারক।
নিদেশিনী, দিক্, দিশা। [কর্ত্তা।
নিদেষ্টা, (নি-দিশ) আজ্ঞাকারক, আদেশ-
নিদ্রা, (নি-দ্রা) মেধ্যা নাড়ীতে মনঃ সংযোগ, স্বপন, সম্বেশ, ঘুম।
নিদ্রাকর্ষণ, (নিদ্রা-আকর্ষণ) নিদ্রাগম, নিদ্রার আবির্ভাব, ঝিমনি, ঢুলন। [গৃহ।
নিদ্রাগার, (নিদ্রা-আগার) শয়নাগার, শয়ন
নিদ্রাটিয়া, নিদ্রালু; ঘুমানিয়া, নিদ্রাশীল।
নিদ্রাণ, (নি-দ্রা) নিদ্রান্বিত, শয়িত। [যুক্ত।
নিদ্রান্বিত, (নিদ্রা-অন্বিত) নিদ্রাকৃষ্ট, তন্দ্রা-
নিদ্রাবৃক্ষ, অন্ধকার, তিমির, তমঃ।
নিদ্রাবেশ, নিদ্রার উপক্রম, নিদ্রারম্ভ।
নিদ্রাভঙ্গ, প্রবোধন, জাগরণ, নিদ্রা ত্যাগ ঘুম ভাঙ্গন।
নিদ্রালু, (নিদ্রা) নিদ্রাশীল, নিদ্রাযুক্ত।
নিদ্রাসংজনন, শ্লেষ্মা, কফ; নিদ্রা কারক
নিদ্রিত, (নিদ্রা) নিদ্রান্বিত, শয়িত, সুপ্ত।
নিদ্রোত্থিত, (নিদ্রা-উত্থিত) নিদ্রাহইতে উত্থিত, ঘুমে থেকে উঠা। [শন, অন্তর্ধান।
নিধন, (নি-ধন) মরণ, ধ্বংস; নাশ; অদ-
নিধান, (নি-ধা) নিধি; স্থাপন; আধার, পাত্র
নিধার, (নি-ধার) অঋণী; প্রাখর্য্য রহিত, নিস্তেজঃ, অতীক্ষ্ণ, ভোতা
নিধি, (নি-ধা) মণি; অস্বামিক ধন; ভাণ্ডার; আধার; সমুদ্র।
নিধিনাথ, কুবের, ধনাধিপ। [বিনাশক
নিধু, (নি-ধু) অপকারী, নাশক, ধ্বংশক
নিধুত, (নিধু) বিনষ্ট, উৎসন্ন, ছিন্নভিন্ন।
নিধুবন, (নি-ধু) মৈথুন, স্ত্রীসংসর্গ; ক্রীড়া
নিধ্যান, দর্শন, অবলোকন, দেখন।
নিধ্বান, শব্দ, ধ্বনি, রব।

নিন, (নিম) কাঁটারি, অস্ত্রবিশেষ।
নিনদ, (নি-নদ) শব্দ, রব, ধ্বনি।
নিনাদ, (নি-নদ) শব্দ, রব; গর্জ্জন। [ন্দাকারী
নিন্দক, (নিন্দ) পরদোষানুসন্ধানকর্ত্তা, নি-
নিন্দতল, নিন্দিত হস্ত, কুৎসিত হস্ত।
নিন্দন, জুগুপ্সাকরণ, কুৎসন; দোষানুসন্ধান; গর্হাকরণ
নিন্দা, (নিন্দ) কুৎসা, গর্হা; অপবাদ; দুর্নাম
নিন্দিত, (নিন্দ) অবজ্ঞিত, জুগুপ্সিত; গর্হিত, কুৎসিত; অধম; অশুচি।
নিন্দু, মৃতবৎসা, মড়াঞ্চে।
নিন্দুক, (নিন্দ) নিন্দক, নিন্দাকারী, পর দোষানুসন্ধানকারী।
নিন্দ্য, (নিন্দ) নিন্দনীয়, হেয়, তুচ্ছনীয়।
নিপ, কলস; কদম্ব বৃক্ষ। [কেবল; যথার্থ।
নিপট, (নি-পট) সম্যক্ প্রকার; বস্তুতঃ,
নিপঠ, পাঠ, পড়া, অধ্যয়ন।
নিপতন, (নি-পৎ) অধঃপতন; মরণ; নষ্ট হওন, নিহত হওন।
নিপত্যা, (নি-পৎ) যুদ্ধভূমি, রণক্ষেত্র।
নিপাঠ, (নি-পঠ) পঠন, অধ্যয়ন, পড়ন।
নিপাত, (নি-পৎ) নাশ, নিধন, অধঃ পতন
নিপাতন, (নি-পৎ) অধোনয়ন; ব্যাকরণ মতে বিনা সূত্রে পদ সিদ্ধকরণ; ধ্বংসকরণ
নিপাতিত, অধঃক্ষিপ্ত; বিনাশিত।
নিপান, (নি-পা) কূপ পুষ্করিণী ইত্যাদির নিকটে গবাদির জলপানার্থ বিরচিত-জলাধার। [যোগ্য, প্রবীণ, পারগ।
নিপুণ, (নি-পুণ) কার্য্যক্ষম, অভিজ্ঞ, পটু,
নিপুণতা, (নিপুণ) কার্য্যদক্ষতা; অভিজ্ঞতা, যোগ্যতা।
নিপুণত্ব, নৈপুণ্য, পারগতা, ক্ষমতা।
নিবড়, (নির-বহ) সম্পূর্ণ, সমাপ্ত।
নিবড়ন, (নিবড়) সমাপ্তকরণ, সংপূর্ণকরণ।
নিবাড়ন, সমাপন, নিষ্পাদন, শেষকরণ।
নিবদ্ধ, (নি-বন্ধ) প্রণীত, রচিত; স্থিরকৃত, নিয়মিত।
নিবন, নির্ব্বাপণ, নির্ব্বাণকরণ; অপনয়ন।
নিবন্ধ, গ্রন্থসন্দর্ভ; স্থিরবৃত্তি; রোগবিশেষ; নিগড়।
নিবন্ধন, (নি-বন্ধ) হেতু, কারণ, নিমিত্ত; বীণাপ্রভৃতির উর্দ্ধভাগ; বন্ধন; রচনাকরণ। [গ্রন্থকার।
নিবন্ধা, (নিবন্ধ) রচনা কর্ত্তা, সংগ্রহকারক,

নিবদ্ধিত, বদ্ধ, সংগৃহীত।
নিবপন, মৃত পিত্রাদির উদ্দেশে দান, শ্রাদ্ধ
নিবরা, কুমারী ; অবিবাহিতা।
নিবর্ত্ত, (নি-বৃৎ) বিরত ; ক্ষান্ত ; নিষেধ, বারণ।   [কাল ; দমন ; অবসর খণ্ডন।
নিবর্ত্তন, নি-বৃৎ) বিরাম ; ক্ষান্তকরণ ; আট
নিবর্হণ, মারণ, হনন, বধকরণ।
নিবসতি, (নি-বস্) গৃহ ; বসতি স্থান।
নিবসথ, (নি-বস) গ্রাম ; বাসস্থান।
নিবসন, (নি-বস) গৃহ ; বাসকরণ ; বস্ত্র।
নিবস্ত্রী, (নি-বস্ত্রিন) বিবস্ত্র, উলঙ্গ।
নিবহ, (নি-বহ) সমূহ, সকল ; সপ্ত বায়ুর অন্তর্গত বায়ুবিশেষ।   [পন, শেষকরণ
নিবাড়ন, (নির-বহ) নিষ্পত্তি করণ, সমা-
নিবাত, অবাত, বাতশূন্য আশ্রয় ; বিনাস ; শস্ত্রদ্বারা অভেদ্য বর্ম্ম।
নিবাতকবচ, দৈত্য বিশেষ ; হিরণ্য কশিপুর পৌত্র।   [মিটান।
নিবান, (নিবা) নির্ব্বাণ ; তেজো হ্রাসকরণ,
নিবানিয়া, নির্ব্বাণকারক, নাশক
নিবাপ, (নি-বপ) মৃতপিত্রাদির উদ্দেশে দান, শ্রাদ্ধ, পিণ্ডদান।   [কারক।
নিবারক, (নি-বৃ) নিবারণকারী, নিষেধ-
নিবারণ, (নি-বৃ) নিষেধ, বারণ, মানা।
নিবারণীয়, (নি-বৃ) নিবারণের যোগ্য, নিষেধ্য।   [টকান মানা করা, বারণ করা।
নিবারিত, (নি-বৃ) নিষিদ্ধ কৃতনিবারণ, আ-
নিবার্য্য, (নি-বৃ) নিষেধ করিবার যোগ্য, নিবারণীয়
নিবাস, (নি-বস) গৃহ ; বসতিস্থান।
নিবাসী, (নি-বস) নিবাস বিশিষ্ট, বসতিকারী, বাসিন্দা।   [ল ; দুর্গম্য।
নিবিড়, (নি-বিড়) নিরবকাশ, ঘন, অবির-
নিবিরীষ, ঘন, [illegible], নিরবকাশ।
নিবিষ্ট, (নি-বিশ) [illegible] প্রবিষ্ট, সংলগ্ন, মনঃ সংযোগ [illegible] নিরত প্রবৃত্ত।
নিবীত, (নি-[illegible]) [illegible] প্রাবার, আচ্ছাদন-বস্ত্র ; কণ্ঠ [illegible] আদি।
নিবীতী, (নিবীত) [illegible] যাহার কণ্ঠে বস্ত্র বা উপবীত লম্বিত আছে।
নিবৃত, আচ্ছাদ [illegible] উত্তাজি ; পরিবেষ্টিত, বেষ্টিত।   [ক্ষান্ত।
নিবৃত্ত, (নি-বৃৎ) নিবৃত্তি বিশিষ্ট, বিরত
নিবৃত্তকর্ম্মা, কর্ম্ম বা কার্য্য হইতে নিবৃত্ত
নিবৃত্তাত্মা, (নিবৃত্ত-আত্মন) বিরতস্বভাব ; বিষ্ণু, নারায়ণ।
নিবৃত্তি, (নি-বৃৎ) উপরম, বিরতি, ক্ষান্তি, অপ্রবৃত্তি।
নিবেদন, (নি-বিদ) আবেদন, বিজ্ঞাপন ; সমর্পণ, অর্পণ।   [রক, বিজ্ঞাপক।
নিবেদনকারক, আবেদনকারী, প্রার্থনাকা-
নিবেদয়িতব্য, (নি-বিদ) আবেদনোপযুক্ত, বিজ্ঞাপনীয় [illegible] প্রকাশযোগ্য।
নিবেদিত, নি-বিদ) কৃতনিবেদন, আবেদিত, জ্ঞাপিত ; সমর্পিত।
নিবেদ্য, (নি-বিদ) নিবেদনার্হ, নিবেদনীয়।
নিবেশ, নি-বিশ) মনোযোগ, অর্পণ ; প্রবেশ ; বিন্যাস ; গৃহ ; বিবাহ।
নিবেশন, (নি-বিশ) গৃহ, নগর ; প্রবেশ।
নিবেশনীয়, (নি-বিশ) প্রবেশার্হ ; যোজনীয়
নিবেশিত, (নি-বিশ) স্থাপিত, বিন্যস্ত, রক্ষিত।
নিভ, (নি-ভা) তুল্য, সদৃশ, সমান।
নিভাঁজ, আমিশ্রিত, অকৃত্রিম, খাঁটী।
নিভালন, দর্শন, অবলোকন, ঈক্ষণ
নিভুত, অতীত, ভূতকাল।
নিভৃত, (নি-ভৃ) নির্জ্জন, বিরল ; গুপ্ত, প্রচ্ছন্ন, লুক্কায়িত ; বিনীত।
নিম, (নিম্ব) বৃক্ষ বিশেষ, নিম্ব।
নিমক, (যাং) লবণ, লোণ।
নিমকহারাম, (যাং) অবিশ্বস্ত, বিশ্বাসঘাতক ; প্রভুভক্তিবিহীন।   [মজ্জন।
নিমগ্ন, (নি-মস্জ) জলমধ্যগত, ডুবা, কৃত-
নিমজ্জথু, অবগাহন ; মগ্ন ; শয়ন, স্বপ্ন।
নিমজ্জন, স্নান, অবগাহন, জলমধ্যে প্রবেশ করণ, ডুবন, ডুবা।
নিমন্ত্রণ, (নি-মন্ত্র) আমন্ত্রণ, আহ্বান।
নিমন্ত্রণপত্র, নিমন্ত্রণ করিবার লিপি।
নিময়, (নি-মি) বিনিময়, পরিবর্ত্ত, বদল।
নিমি, ইক্ষ্বাকুরাজপুত্র।   [চিহ্ন, লক্ষণ।
নিমিত্ত, (নি-মা) কারণ, হেতু ; প্রয়োজন ;
নিমিত্তক, হেতু, কারণ ; প্রয়োজন, চুম্বন।
নিমিত্তকৃৎ, কাক, বায়স।
নিমিত্তজ্ঞ, কারণজ্ঞাতা, হেতুজ্ঞ ; দৈবজ্ঞ
নিমিত্তবিৎ, দৈবজ্ঞ গণক ; গ্রহবিপ্র
নিমিষ, নি-মিষ) নিমেষ চক্ষুর্নিমীলন কাল অতিসূক্ষ্ম কাল, চক্ষুর পলক ; বিষ্ণু।
নিমীলন (নি-মীল) মুদ্রিতকরণ, বুজন, মরণ

নিমীলিকা, ব্যাজ, কাপট্য, ছল ; নিমীলন, মুদ্রিত করণ, মুঁদন। [হীন।

নিমুণ্ডিয়া, (নি-মুণ্ড) অনাথ, অভিভাবক

নিমেষ, (নি-মিষ) চক্ষুর পাতার স্পন্দন কাল, পলক ; অতি সূক্ষ্ম কাল ; মুদ্রিত করণ। [দ্রিত কারক।

নিমেষকৃৎ, বিদ্যুৎ ; চপলা ; বুজানিয়া, মু-

নিমেষরুক্, খদ্যোত, জোনাকিপোকা।

নিম্ন, (নি-ম্না) অধঃ, নীচ, [illegible] গভীর গম্ভীর।

নিম্নগ, (নিম্ন-গম) অধোগামী, নীচগামী।

নিম্নগা, (নিম্ন-গম) নীচগামিনী, নদী, কুল্যা

নিম্ব, (নিব) পিচুমর্দ্দ, বৃক্ষবিশেষ, নিম

নিম্বক, পিচুমর্দ্দ বৃক্ষ, নিমগাছ।

নিম্বু, জম্বীর, নারাঙ্গী নেবু।

নিম্বুক, বৃক্ষ বিশেষ, কাগজীনেবুর গাছ।

নিয়ত, (নি-য়ম) সংযত, নিয়ম বিশিষ্ট নিত্য ; সর্ব্বদা ; নির্ণীত, নির্দিষ্ট, স্থিরীকৃত ;

নিয়তি, (নি-য়ম) নিয়ম ; দৈব, বিধি ; ভাগ্য, অদৃষ্ট ; বিধাতা।

নিয়তী, দুর্গা, ভগবতী।

নিয়তেন্দ্রিয়, জিতেন্দ্রিয়, ইন্দ্রিয়দমনশীল ; সংযত শরীর প্রশান্তচিত্ত।

নিয়ন্তা, (নি-য়ম) শাস্তা, শাসনকর্ত্তা ; প্রভু, নিয়ামক ; সারথি।

নিয়ন্তৃতা, (নয়ন্তৃ) নিয়ন্তৃত্ব ; নিয়মিত নিরূপিত। [আবা;

নিয়ন্ত্রিত, (নি-য়ন্ত্র) বদ্ধ ; আটক, বাঁ।,

নিয়ম, (নি-য়ম) ব্রত ; নিশ্চয় ; প্রকার, ধারা, নির্ণয়, নিরূপণ ; স্বীকার, প্রতিজ্ঞা ; কর্ত্তব্য কর্ম্ম, অনুক্রম। [স্থিত।

নিয়মশালী, নিয়মযুক্ত, রীত্যনুযায়ী, ধা।-

নিয়মাতিক্রম, (অতিক্রম) নিয়মলঙ্ঘন।

নিয়মান্বিত, নিয়ম বিশিষ্ট, ধারান্বিত, ন-য়মিত। [ধারা বাঁ।।

নিয়মিত, (নি-য়ম) নিয়মবদ্ধ, নিরূপিত,

নিয়ামক, (নিয়ম) নিয়মকর্ত্তা, নিয়ন্তা ; পোতবাহক, কর্ণধার, নাবিক।

নিযুক্ত, (নি-যুজ) নিয়োগ বিশিষ্ট, নি[illegible]-জিত, আজ্ঞাপ্রাপ্ত, অবধারিত।

নিযুত, সংখ্যা বিশেষ, [illegible]

নিযুদ্ধ, বাহুযুদ্ধ ; মল্লযুদ্ধ।

নিযোক্তা, (নি-যুজ) নিয়োগ কর্ত্তা, নিয়োজক, আজ্ঞাদায়ক ; প্রেরক।

নিয়োগ, (নি-যুজ) আজ্ঞা, নিয়োজন, অনুমতি ; অবধারণ। [নিয়োগকারী।

নিয়োগকর্ত্তা, (নিয়োগ-কর্ত্তৃ) নিযুক্ত কর্ত্তা-

নিয়োগী, (নি-যুজ) নিয়োগ বিশিষ্ট, নিযুক্ত, আজ্ঞাপ্রাপ্ত ; ব্যাপৃত।

নিয়োগ্য, প্রভু, কর্ত্তা, নিয়োগকারক।

নিয়োজন, নিযুক্ত করণ ; প্রেরণ ; আদেশন

নিয়োজ্য, (নি-যুজ) প্রেষ্য, কিঙ্কর, দাস।

নিযোদ্ধা, কুক্কুট ; বাহুযুদ্ধ কারী, মল্ল।

নিরংশ, (নির-অংশ) অংশ রহিত, ভাগ শূন্য ; অনধিকারী। [বার্য্য ; স্বতন্ত্র।

নিরঙ্কুশ, (নির-অঙ্কুশ) বাধা শূন্য ; অনি-

নিরঞ্জন, (নির-অঞ্জন) নির্ম্মল, নিষ্কলঙ্ক ; তেজোময় ; বিসর্জ্জন, ত্যাগ।

নিরঞ্জনা, পূর্ণিমা তিথি ; নির্ম্মলা।

নিরত, অতিশয় অনুরক্ত, আসক্ত।

নিরন্তর, (নির-অন্তর) নিবিড়, ঘন ; অনবকাশ ; অনবরত, অবিচ্ছেদ, সর্ব্বদা।

নিরন্তরাভ্যাস, (নিরন্তর-অভ্যাস) স্বাধ্যায়, বেদাধ্যয়ন ; সর্ব্বদা অনুবৃত্তিকরণ।

নিরন্তরাল, (নির-অন্তরাল), অবিচ্ছেদ ; নিরবকাশ ; নিরেট।

নিরন্বয়, (নির-অন্বয়) সন্ততি শূন্য ; অপ্রমাণ ; অর্থহীন ; অসম্বন্ধ।

নিরপত্য, (নির-অপত্য) নিঃসন্তান, পুত্র কন্যা বিহীন। [হীন।

নিরপত্রপ, (নির-অপত্রপা) নির্লজ্জ, লজ্জা-

নিরপরাধ, (নির-অপরাধ) অপরাধশূন্য, দোষরহিত। [অনুদ্বেগ।

নিরপায়, (নির-অপায়) রক্ষা, নির্ব্বিঘ্ন ;

নিরপায়ী, (নির-অপায়িন্) নিত্য ; নির্ব্বিঘ্ন।

নিরপেক্ষ, (নির-অপেক্ষা) স্বাধীন, অনপেক্ষ

নিরব, নিঃশব্দ ; মৌনী, অবাক।

নিরবগ্রহ, (নির-অবগ্রহ) স্বাধীন, স্বতন্ত্র ; বৃষ্টি প্রতিবন্ধকাভাব।

নিরবচ্ছিন্ন, (নির-অব[illegible]) [illegible] তন্মাত্র, অন্যসম্বন্ধহী[illegible]

নিরবদ্য, (নির-অবদ্য) [illegible] অনিন্দ্য উৎকৃষ্ট, উত্তম ; নির্দো[illegible] [অসী

নিরবধি, (নির-অবধি) [illegible] সর্ব্ব

নিরবয়ব, (নির-অবয়ব) [illegible] আকৃতি রহিত, নিরঙ্গ, নিরাকার।

নিরবলম্বন, (নির-অবলম্বন) নিরাশ্রয়, নিরাধার, সহায়হীন।

নিরবসর, (নির-অবসর) অনবকাশ ; ব্যস্ত, ব্যাপৃত।
নিরবহালিকা, প্রাচীর, ভিত্তি, ভিত, দেও-য়াল।
নিরয়, (নির-অয়) নরক, দুঃখভোগ স্থান।
নিরর্গল, অবাধ, অপ্রতিবন্ধক, অনর্গল।
নিরর্গলা, নির্লজ্জ, ধৃষ্টতা। [র্থক, বিফল।
নিরর্থক, (নির-অর্থ) ব্যর্থ, অপ্রয়োজন, অন-
নিরশন, (নির-অশন) অনশন, অনাহার
নিরস, রসহীন, রসাভাব, শুষ্ক।
নিরসন, (নির-অস) প্রত্যাখ্যান, নিরাকরণ, খণ্ডন ; বধ ; নিষ্ঠীবন, থুথু ; বিসর্জ্জন।
নিরস্ত, (নির-অস) প্রত্যাখ্যাত, নিরাকৃত ; ক্ষান্ত, নিবৃত্ত ; ত্যক্ত বাণাদি।
নিরস্তকারী, কান্তেনক, নিবর্ত্তক।
নিরহ, নিরীহ, শান্ত, অবিবাদী, ধীর।
নিরক্ষদেশ, দেশবিশেষ।
নিরাকরণ, (নির-আ-কৃ) দূরীকরণ, প্রত্যাখ্যান, খণ্ডন ; বহিষ্করণ।
নিরাকরিষ্ণু, নিরাকরণশীল, প্রত্যাখ্যাতা, দূরীকর্ত্তা ; খণ্ডনকর্ত্তা। [ষ্ট ; শান্ত।
নিরাকাঙ্ক্ষ, (নির-আকাঙ্ক্ষা) নিস্পৃহ, সন্তু-
নিরাকার, (নির-আকার) আকার রহিত, অশরীর ; পরমেশ্বর, ব্রহ্ম।
নিরাকৃত, (নির-আ-কৃ) প্রত্যাখ্যাত, দূরীকৃত, নিঃসারিত।
নিরাকৃতি, (নির-আকৃতি) অমূর্ত্তি আকৃতি শূন্য ; বহিষ্করণ ; প্রত্যাখ্যান।
নিরাচার, (নির-আচার) অনাচার, আচার

নিরাময়, রোগরহিত, অগদ, নীরোগ।
নিরামালু, কপিত্থ, কতবেল।
নিরামিষ, (নির-আমিষ) আমিষশূন্য, মাংসরহিত, ব্রতবিশেষ।
নিরালম্ব, অবলম্বন শূন্য, অনাশ্রয়।
নিরালয়, উদাসীন ; আলয় রহিত।
নিরালা, (নির-আলি) নিভৃত, নির্জ্জন, বিরল, রহঃ।
নিরাশ, (নির-আশা) আশা শূন্য, হতাশ।
নিরাস, (নির-অস) নিরাকরণ, দূরীকরণ, খণ্ডন। [স্মারক, খেদানিদ্র।
নিরাসক্ত (নির-অস) প্রত্যাখ্যান কর্ত্তা, বহি
নিরাসন, আসন শূন্য, উপবেশন স্থান হীন ; খণ্ডন।
নিরাহার, অভোজন, অনশন, ভোজনাভাব
নিরিন্দ্রিয়, ইন্দ্রিয় শূন্য, অন্ধ পঙ্গু প্রভৃতি।
নিরীশ, (নির-ঈশ) লাঙ্গলের ফাল হীন ; অনীশ্বর বাদী, নাস্তিক।
নিরীশ্বর, ঈশ্বরাভাব বাদী, নাস্তিক।
নিরীহ, (নির-ঈহ) স্থির, শান্ত, ধীর, শিষ্ট।
নিরীক্ষণ, (নির-ঈক্ষ) অবলোকন, দর্শন, দেখন, ঈক্ষণ।
নিরীক্ষিত, দৃষ্ট, অবলোকিত, দেখা।
নিরুক্ত, (নির-উক্ত) বেদাঙ্গ বিশেষ, পদভঞ্জন ব্যাকরণ। [রহিত, অবাক্।
নিরুত্তর, প্রতিবাক্যে অসমর্থ, প্রত্যুত্তর
নিরুত্তাপ, উত্তাপ শূন্য, সন্তাপ রহিত ; উপদ্রব শূন্য ; দুঃখ শূন্য।

নির্ভয়। [শূন্য।
নিরাতপা, রাত্রি, নিশা, রজনী ; আতপ-
নিরাধার, (নির-আধার) আধার শূন্য ; অনাশ্রয় ; শূন্যস্থিত। [ধার শূন্য।
নিরাধারা, (নির-আধার) অনবরত ; আ-
নিরাপত্তি, (নীর-আপত্তি) দোষশূন্য, বাধকতা রহিত, প্রতিবন্ধকাভাব।
নিরাপদ, (নির-আপদ) অনাপদ, নির্বিঘ্ন।
নিরাপদীয়, (নিরাপদ) নির্বিঘ্ন, আপদ শূন্য। [পারে না।
নিরাবাধ, (নির-আবাধ) যাহার বাধ হইতে
নিরাবৃত, (নির-আবৃত) অনাবৃত, আবরণ রহিত, খোলা।

শিষ্ট, নিশ্চেষ্ট।
নিরুপদ্রব, উৎপাত রহিত, দৌরাত্ম্যহীন
নিরুপাধি, উপাধি হীন, অব্যাজ, অচ্ছল, অকপট ; নির্ম্মল, শুদ্ধ। [অনুপম।
নিরুপম, (নির-উপমা) অতুল, উপমাশূন্য,
নিরপেক্ষ, (নির-উপেক্ষা) উপেক্ষা শূন্য, যাহার উপেক্ষা নাই। [নির্ণয়ের কারণ
নিরূপক, (নি-রূপ) নিয়ামক, নিশ্চায়ক,
নিরূপণ, (নি-রূপ) নির্ণয় করণ, বিতর্কণ ; স্থিরকরণ, অবধারণ। [নিশ্চয়যোগ্য।
নিরূপণীয়, (নি-রূপ) নিরূপ্য, নির্দ্ধার্য,
নিরূপিত, (নি-রূপ) কৃত নিরূপণ ; নিযুক্ত, নির্ণীত, স্থিরীকৃত।

নিশ্বাস, (নিশ্চয়) বায়ু, অনিল, বাতাস;
নিশ্চিত, (নির-চি) নির্ণীত, স্থিরীকৃত।
নিশ্চিতকর্ম্মা, স্থিরকর্ম্মা, দৃঢ়কর্ম্মা।
নিশ্চিন্ত, (নির চিন্তা) সুস্থির, উদ্বেগ শূন্য, চিন্তা রহিত, নির্ভাবনা।
নিশ্চীয়মান, নিশ্চয়ের বিষয়, স্থিরকরা বস্তু
নিশ্চ্যবন, দক্ষশান, শিলী।
নিশ্চেষ্ট (নির-চেষ্টা) চেষ্টারহিত, অস্থ, দ্যাগ
নিশ্ছিদ্র, ছিদ্ররহিত : দোষ হীন।
নিশ্ছেদ, অবিচ্ছেদ; ছেদশূন্য। [প্রশ্বাস।
নিশ্বাস, (নি-শ্বস) বহির্মুখ শ্বাস, প্রাণবায়ু
নিশ্বাসসংহিতা, শিবপ্রণীত শাস্ত্র বিশেষ।
নিষঙ্গ, তূণ, বাণাধার; সঙ্গরহিত [রথ; স্কন্ধ
নিষঙ্গথি, আলিঙ্গন; ধনুর্ধারী; সারথি;
নিষঙ্গী, (নিষঙ্গ) তূণধারী, বাণাধার বিশিষ্ট।
নিষঙ্গীণ, ধনুর্ধারী ধানুষ্ক।
নিষণ্ণ, (নি-ষদ) ক্ষুণ্ণ, বিষণ্ণ, খেদিত, বি
নিষদ, নিষাদ স্বর, স্বর বিশেষ।
নিষদ্যা, পণ্য বিক্রয়শালা, হট্ট, হাট।
নিষদ্বর, কর্দম, কাদা, পঙ্ক।
নিষদ্বরী, রাত্রি, রজনী, নিশা।
নিষণ্ণ, উপবিষ্ট; স্থিত
নিষধ, পর্ব্বত বিশেষ; দেশ বিশেষ।
নিষাদ, (নি-ষদ) চণ্ডাল, চাঁড়াল; স্বর বিশেষ
নিষাদী, হস্ত্যারোহ; মাহুত।
নিষিদ্ধ, (নি-ষিধ) নিষেধের বিষয়, বারিত, প্রতিষেধিত, নিবারিত, মানাকরা
নিষিদ্ধাচরণ, (নিষিদ্ধ-আচরণ) প্রতিষিদ্ধাচরণ, অকর্ম্ম করণ।
নিষেক, (নি-ষিচ) গর্ভাধান, রেতঃ সেক।
নিষেদ্ধা, (নি-ষিধ) নিষেধ কর্ত্তা, নিবারক।
নিষেধ, (নি-ষিধ) নিবারণ, বারণ, মানা করণ
নিষেধক, নিষেধ কর্ত্তা, বারণকারক।
নিষেধকারী, নিবারণকারী, নিষেধকর্ত্তা।
নিষেবণ, (নি-ষেব) সেবা শুশ্রূষা; ঔষধাদি পান করণ।
নিষেব্য, (নি-ষেব) সেবনীয়, সেবার যোগ্য
নিষ্ক, একশত অষ্ট তোলা, স্বর্ণ, অলঙ্কার বিশেষ; ধুকধুকী। [শূন্য; নিরুদ্বেগ।
নিষ্কণ্টক, (নির-কণ্টক) অকণ্টক, কণ্টক
নিষ্কর, (নির-কর) করহীন, রাজস্ব রহিত, লাখেরাজ। বেকার, কর্ম্মহীন; অলস।
নিষ্কর্ম্মা, (নির-কর্ম্মন) অকর্ম্ম, অব্যবসায়ী;
নিষ্কর্ম্মী, অকর্ম্মা, কর্ম্মরহিত; অলস।
নিষ্কর্ষ, (নির-কৃষ) নিশ্চয়; নিষ্পত্তি; স্থিরীকৃত ব্যবস্থা, তাৎপর্য্য; সত্য।
নিষ্কর্ষণ, স্থির করণ, নিশ্চয় করণ; মিটান।
নিষ্কল, কলাশূন্য; নষ্টবীর্য্য; নিরংশ; অসংশয়; পরব্রহ্ম। [বৃত্ত হইয়াছে।
নিষ্কলা, নিবৃত্তরজস্কা স্ত্রী, যে স্ত্রীর ঋতু নি-
নিষ্কলী, ঋতুহীনা, নষ্টরজাঃ, নিবৃত্তরজস্কা।
নিষ্কাম, (নির-কাম) কামনারহিত, ইচ্ছাশূন্য
নিষ্কাশ, (নির-কাশ) ঘরের সাজা, বারাণ্ডা।
নিষ্কাশন, বহিষ্করণ, দূরীকরণ, তাড়ন।
নিষ্কাশিত, (নির-কাশ) বহিষ্কৃত, দূরীকৃত; তাড়িত। [দ্যাল, ক্ষেত; কবাট।
নিষ্কুট, গৃহসমীপস্থ উপবন, ক্ষেত্র; ক্ষুদ্র উ-
নিষ্কুম্ভ, বৃক্ষ বিশেষ, দন্তীবৃক্ষ
নিষ্কুল, কুলরহিত, অকুলীন।
নিষ্কুষিত, খণ্ডীকৃত, নিষ্কাশিত।
নিষ্কুহ, বৃক্ষকোটর, গাছের খোঁড়ল।
নিষ্কৃতি (নির-কৃ) নিস্তার, উদ্ধার, রক্ষা, মুক্তি, মোচন
নিষ্কৃত্রিম, (নির-কৃত্রিম) কৃত্রিমতা শূন্য, অকল্পিত, প্রকৃত। [পর্য্য।
নিষ্কৃষ্ট, (নির-কৃষ) নিশ্চিত, সারার্থ; তাৎ-
নিষ্ক্রমণ, (নির-ক্রম) বহির্গমন, নিঃসরণ।
নিষ্ক্রয়, ভৃতি, বেতন; বৃত্তিবোধ; প্রত্যুপকার; বিনিময়। [র্গত নিঃসৃত
নিষ্ক্রান্ত, (নির-ক্রম) নির্গত; প্রস্থিত, বহি
নিষ্ক্রামক, (নির-ক্রম) বহিষ্কারক, নিঃসারক, নির্গতকারক। [ন্য; জড়।
নিষ্ক্রিয়, (নির-ক্রিয়া) নিষ্কর্ম্ম; ক্রিয়াশূ-
নিষ্ক্রোধ, ক্রোধরহিত, রাগহীন।
নিষ্ক্বাথ, মাংসাদির ক্বাথ, ঝোল, জুষ; ক্বাথ শূন্য; শুষ্ক, নীরস।
নিষ্টা, ম্লেচ্ছজাতি বিশেষ।
নিষ্ঠ, (নি-স্থা) স্থিত, স্থির; তৎপর; অভিনিবিষ্ট। [বিশ্বাস; স্থিরতা।
নিষ্ঠা, (নি-স্থা) নিষ্পত্তি; দৃঢ়ভক্তি, শ্রদ্ধা;
নিষ্ঠীব, থুথু, শ্লেষ্মাদি, পিক।
নিষ্ঠীবনপাত্র, থুথু ফেলাপাত্র, পিকদান।
নিষ্ঠুর, (নি-স্থা) পরুষ, কঠোর; নির্দ্দয়, কঠিন ক্রূর, দুরন্ত।
নিষ্ঠুরতা, নির্দ্দয়তা, ক্রূরতা, কঠোরতা।
নিষ্ঠেবন, (নি-ষ্ঠিব) থুথু ত্যাগ, থুথু ফেলন।
নিষ্ণাত, (নি-স্না) প্রবীণ, বিজ্ঞ, পণ্ডিত

নিষ্পত্তি, (নির্-পদ) সমাপ্তি ; শেষ ; সিদ্ধি ; অবধারণ, নিশ্চয়
নিষ্পত্তিকর, মধ্যস্থ ; সিদ্ধান্তকারক ; সমাপন কর্ত্তা। [নিশ্চয়কারী।
নিষ্পত্তিকারক, মধ্যস্থ ; সমাপ্তিকাকর ;
নিষ্পত্রাকৃতি, অত্যন্ত পীড়া ; অতিশয়ক্লেশ
নিষ্পন্ন, (নির্-পদ) সমাপ্ত, শেষ, সম্পন্ন, সাঙ্গ
নিষ্পলক, অনবরত, নিরন্তর।
নিষ্পাদন, (নির্-পদ) নিষ্পত্তি করণ ; শেষ করণ, সিদ্ধান্ত করণ, সমাধা করণ, প্রতিজ্ঞা পূরণ।
নিষ্পাদনীয়, নিষ্পাদ্য, সমাপ্য।
নিষ্পাদিত, (নির্-পদ) সম্পন্নকরা, সমাপিত
নিষ্পাদ্য, (নির্-পদ) নিষ্পাদনীয়, সমাপ্য।
নিষ্পাপী, (নির্-পাপিন্) পাপহীন ; নির্দ্দোষী, নিরপরাধী।
নিষ্পীড়ন, নিঙ্গড়ান ; কর্ষণ ; রগড়ান।
নিষ্পেষণ, (নির্-পিষ) মর্দ্দন, বাটন, ঘর্ষণ।
নিষ্প্রতিভ, অজ্ঞ, জড়, মূর্খ।
নিষ্প্রত্যূহ, নির্ব্বিঘ্ন, বাধাহীন, নিরাপদ।
নিষ্প্রবাণ, নূতনবস্ত্র, নবাম্বর।
নিষ্প্রভ, (নির্-প্রভা) দীপ্তিরহিত, প্রভাহীন ; অস্বচ্ছ।
নিষ্প্রয়োজন, অপ্রয়োজন, নিরর্থক ; অহেতুক, অকারণ।
নিষ্ফল, বিফল, নিরর্থক, ব্যর্থ।
নিসম্পাত, নিশীথ, অর্দ্ধরাত্র।
নিসর্গ, (নি-সৃজ)প্রকৃতি, স্বভাব ; স্বাভাবিক
নিসাড়, স্পর্শজ্ঞান রহিত ; অচেতন ; সংজ্ঞাহীন। [শেষ।
নিসিন্ধা, (নিসুন্দা) নিসিন্দুনামে বৃক্ষ বি-
নিসিন্দু, বৃক্ষবিশেষ, নিসিন্ধা গাছ।
নিসূদন, হিংসন, বধ, হনন, নাশন।
নিসৃতা, ত্রিবৃতা, তেউড়ী, তেহারা।
নিসৃষ্ট, মধ্যস্থ ; ন্যস্ত, অর্পিত।
নিসৃষ্টার্থ, দূত বিশেষ।
নিস্তনী, বটিকা, বড়ি ; স্তন হীনা স্ত্রী।
নিস্তরণ, (নির্-তৃ) পার হওন, তরণ, উদ্ধরণ, মুক্ত হওন ; উপায়।
নিস্তর্হণ, মারণ, বধ, হনন।
নিস্তল, বর্ত্তুল, গোটুল, গোলাকার।
নিস্তার, (নির্-তৃ) রক্ষা, উদ্ধার, ত্রাণ, মুক্তি
নিস্তারক, (নির্-তৃ) ত্রাণকর্ত্তা, উদ্ধার কর্ত্তা
নিস্তারণ, (নির্-তৃ) উদ্ধরণ, মুক্ত করণ রক্ষণ।
নিস্তীর্ণ, (নির্-তৃ) রক্ষিত, উদ্ধৃত ; মুক্ত।
নিস্তুল, অসম, অসদৃশ, অনুপম, অতুল, তুলনা রহিত।
নিস্তুষ, ত্বক্ রহিত, ছালতোলা।
নিস্তুষরত্ন, স্ফটিক ; বেল্লোর।
নিস্তুষক্ষীর, গোধূম, গম।
নিস্তুষিত, ত্যক্ত ; ত্বক বিহীন, নিস্তুষকরা।
নিস্তেজঃ, (নির্-তেজস্) তেজোহীন, প্রতাপশূন্য ; দুর্ব্বল।
নিস্ত্রপ, (নির্-ত্রপা) নির্লজ্জ ; অশিষ্ট।
নিস্ত্রিংশ, খড়্গ, অসি ; নিষ্ঠুর, নির্দয়
নিস্ত্রিংশধারী, খড়্গধারী, অসিধারী।
নিস্ত্রিংশপত্রিকা, স্নুহীবৃক্ষ, সিজগাছ।
নিস্ত্বক, (নির্-ত্বচ) ত্বচহীন, ছালরহিত।
নিস্পন্দ, স্পন্দন রহিত, কম্পন শূন্য।
নিস্পৃহ, (নি-স্পৃহা) স্পৃহা শূন্য, বাঞ্ছাহীন, অনাকাঙ্ক্ষী।
নিস্পৃহা, ইচ্ছার অভাব, অনিচ্ছা।
নিস্যন্দ, ক্ষরণ, চুয়ান ; গলিয়া পড়ন।
নিস্রাব, অন্নরস ; ফ্যান, মাড়।
নিস্ব, নির্ধন, দুঃখী ; অর্থ হীন।
নিস্বন, শব্দ, ধ্বনি, নিনাদ।
নিহনন, (নি-হন) মারণ, নাশন, বধ করণ।
নিহন্তা, (নি-হন্) হনন কর্ত্তা, নাশক, ঘাতক, সংহারক, বধকর্ত্তা।
নিহাকা, গোধিকা, গোসাপ।
নিহালী, (নি-হন) অয়োঘন, নিহালী, নেহাই।
নিহায়ং, (ঝাং) অত্যন্ত, অতিশয়, অপরিমিত।
নিহার, নি-হৃ) শিশির, হিম ; রিণ ; ঠাহরণ
নিহারণ, (নি-হৃ) অবলোকন ; অনুমান ক-
নিহালী, (নি-হন) অয়োঘন, নেহাই।
নিহিংসন, মারণ, হনন, বধ করণ।
নিহিত, (নি-ধা) স্থাপিত, অর্পিত ; গচ্ছিত
নিহ্নব, (নি-হ্নু) অপলাপ, অপহ্নব ; গোপন, লুকান ; অস্বীকার, নামানা, অবিশ্বাস
নিহ্নুত, (নিহ্নু) অপলাপিত, অস্বীকৃত ; গুপ্ত অপ্রকাশিত।
নিহ্নুতি, অপ্রত্যয় ; প্রবঞ্চনা, প্রতারণ ; গোপন, লুকান।
নিহ্নোতা, অপলাপী, অপ্রত্যয়ী, প্রতারক।
নিহ্রাদ, শব্দ, ধ্বনি, নাদ, রব।
নিক্কণ, চুম্বন
নিক্ষা, (নিশ) নিখী, কেশকীট, উকুন।

নীলবসন, নীলাম্বর, নীলবর্ণ কাপড়; শনি, সপ্তম গ্রহ; বলরাম।
নীলবস্ত্র, বলরাম; নীলবর্ণ বসন।
নীলবৃষা, বার্ত্তাকী, বেগুণ।
নীলব্রত, ব্রত বিশেষ।
নীলম, নীলকান্তমণি, রত্ন বিশেষ।
নীলমণি, নীলম, নীলকান্তমণি, রত্নবিশেষ।
নীলমাধব, বিষ্ণু, নারায়ণ।
নীলমাণিক, (নীলমণি) খদ্যোত, জোনাকিপোকা।
[বর্ণ, বেগুনি রঙ।
নীললোহিত, শিব; নীল ও রক্তমিশ্রিত
নীলাঙ্গ, সারসপক্ষী।
নীলাঙ্কু, ক্রিমি, কীট, পোকা।
নীলাঞ্জনা, তড়িৎ, বিদ্যুৎ, সৌদামিনী।
নীলাঞ্জসা, অপ্সরা বিশেষ, নদী বিশেষ; বিদ্যুৎ, সৌদামিনী।
নীলাব্জ, নীলোৎপল, নীলপদ্ম।
নীলাম্বর, (নীল-অম্বর) বলদেব; রাক্ষস; শনি; নীল বর্ণ অম্বর ধারী; নীল বসন।
নীলাশ্ম, নীলমণি, নীলকান্ত মণি।
নীলিকা, (নীল) শেফালিকা, শিউলী, চক্ষুরোগ বিশেষ; নীলগাছ।
নীলী নীলিনী, বৃক্ষ বিশেষ, নীলগাছ।
নীলবর্ণ, নীলরঙ্গ; কৃষ্ণবর্ণ।
নীলীরাগ, স্থিরপ্রেমপুরুষ, স্থির সৌহৃদ্য নীলবর্ণ।
[নীলশাঁপলা।
নীলোৎপল, (নীল-উৎপল) নীলবর্ণ উৎপল
নীশার, বায়ু ও শিশির নিবারক আবরণ, কাণ্ডপট কানাৎ; মশারি।
[তুষার।
নীহার, (নি-হৃ) ঘনশিশির, বরফ, হিম,
নুঅন, (নম) নম্রহওন, বক্রহওন, বাঁকন
নুটী, (নুড়) আঁটি, পুলিন্দা, গোছা।
নুড়, গুচ্ছ গোছা।
নুড়ী, (নড়) ক্ষুদ্রপ্রস্তর, কঙ্কর, শিলা পুত্র।
নুণ, (লবণ) লবণ, লোণ।
নুণিয়া, সলবণ, লোণা, লবণাক্ত।
নুণী, (নুনি) শাক বিশেষ।
নুত, (নু) স্তুত, কৃতস্তব।
নুতি, (নু) স্তুতি, স্তব; পূজা।
নুত্ত, (নুদ) প্রেরিত, পাঠান; ক্ষিপ্ত, ফেলা।
নুদ্দি, (তুন্দ) স্থূলোদর, ভুঁড়ি, মোটা পেট।
নুন্ন, প্রেরিত, পাঠান।
নুন্নুড়ী, ঘন্টার জিহ্বা, ঘুন্টী।
নুয়ান, (নু) নতকরণ, বাঁকান, বক্র করণ।
নুরী, (বাং) পক্ষিবিশেষ, তোতাপাখী।
নুলা, (ন্যুব্জ) ক্ষুদ্রহস্তবিশিষ্ট; ভগ্ন হস্ত।
নূত, (নু) স্তুত, কৃতস্তব।
নূতন, (নু) নবীন, অভিনব, নব্য।
নূত্ন, নবীন, অভিনব।
নূদ, ব্রহ্মদারুবৃক্ষ।
নূন, (নু-নম) তর্ক; উহ; নিশ্চিত; আরোগ্য।
নূপুর, (নূন-পুর) পাদভূষণ, নপুর, তুলাকোটি
নৃ, (নী) মনুষ্য; পুরুষ
নৃকপাল, মনুষ্যের মাথার খুলি।
[ষ্য শ্রেষ্ঠ।
নৃকেশরী, ভগবানের নৃসিংহাবতার; মনু-
নৃগ, রাজাবিশেষ।
নৃঘ্ন, (নৃ-হন) মনুষ্য ঘাতক, মানব হিংসক
নৃচক্ষা, রাক্ষস, নিশাচর, কৌণপ।
নৃচক্ষু, সুনীথরাজপুত্র।
নৃতি, নর্ত্তন, নৃত্য, নাচ।
নৃতু, নর্ত্তক; ভূমি; দীর্ঘ; ক্রিমি।
নৃত্য, (নৃৎ) নৃত্ত, নর্ত্তন, নাচ।
নৃত্ত, নৃত্য, নর্ত্তন, নাচ।
নৃদেব, রাজা, পার্থিব, ভূপতি।
[ক্রান্ত।
নৃধর্ম্মা, কুবের, ধনাধিপতি; মনুষ্য ধর্ম্মা-
নৃপ, (নৃ-পা) নৃপতি, রাজা, ভূপাল, ভূপ।
নৃপতি, রাজা, ভূপতি, ভূপাল।
নৃপতিবল্লভ, ঔষধবিশেষ, নৃপবল্লভ।
নৃপত্ব, (নৃপ) রাজত্ব; প্রভুত্ব, কর্ত্তৃত্ব।
নৃপদ্রুম, আরগ্বধবৃক্ষ, শোদালীগাছ।
নৃপপ্রিয়, বেষ্টবংশ, বেউড় বাঁশ।
নৃপপ্রিয়ফলা, বার্ত্তাকী, বেগুণ।
নৃপবর, নৃপতিশ্রেষ্ঠ, রাজাধিরাজ।
নৃপবল্লভা, রাজমহিষী, রাজ্ঞী; পুষ্পবিশেষ
নৃপমন্দির, রাজসদন, রাজগৃহ।
নৃপলক্ষ্ম, রাজচ্ছত্র; ভূপতির চিহ্ন।
নৃপলিঙ্গধর, রাজবেশধারী।
নৃপাগার, (নৃপ-আগার) রাজবেশ্ম, রাজবাটী
নৃপাত্মজ, রাজকুমার, রাজ পুত্র।
নৃপাত্মজা, (নৃপ-আত্মজ) রাজকন্যা, রাজপুত্রী; তিক্তকুম্বী, তিতলাউ।
নৃপাধ্বর, যজ্ঞবিশেষ, রাজসূয় যজ্ঞ।
নৃপাময়, রাজযক্ষ্মা, ক্ষয়রোগ।
নৃপাল, রাজা, ভূপতি, ভূপ।
[ভদ্রাসন।
নৃপাসন, (নৃপ-আসন) রাজাসন, সিংহাসন,
নৃপোচিত, (নৃপ-উচিত) রাজযোগ্য, রাজমাষ
নৃবরাহ, বরাহরূপধারী, ভগবানের অবতার বিশেষ।

নৃযজ্ঞ, অতিথিসেবা, আতিথ্য করণ।
নৃশংস, (নৃ-শংস) ক্রূর; নিষ্ঠুর; পরদ্রোহী।
নৃসিংহ, বিষ্ণুর অবতার বিশেষ; প্রধান মনুষ্য।
নৃসোম, নরশ্রেষ্ঠ, প্রধান মনুষ্য।
নৃহরি, নরসিংহ, নৃসিংহাবতার।
নেউট, (নি-অট) পোষা জন্তু; বশীভূত।
নেউটন, (নেউট) ফিরণ; যাতায়াত করণ।
নেউটপাড়া, যাতায়াত করণ, যাওয়া আসা করণ।
নেউল, (নকুল) বেজী।
নেওন, লওন; প্রাপণ।
নেং, (নি-অগ) পাদ, অঙ্ঘ্রি; জঙ্ঘা।
নেংচান (ন-অনচ) নেংচান, খোঁড়ান
নেংট, (নগ্ন) উলঙ্গ, নগ্ন, বিবস্ত্র
নেংটিয়া, (নগ্ন) ক্ষুদ্রমূষিক, ছোট উন্দুর।
নেঙা, (নি-অঙ্গ) ন্যাটা, বামহস্তে কর্ম্মকারী
নেকড়া, (নক্তক) ছিন্নবস্ত্র, জীর্ণ বসন খণ্ড, কানি। [ভেড়িয়া বাঘ, গোবাঘা।
নেকড়িয়া, (নখ-আয়ুধ) বৃক, ব্যাঘ্রবিশেষ,
নেকা, (নি-অক) অস্পষ্টবাক; অবোধ।
নেকার, (ন্যাক্কার) বমন, বমি।
নেঙা, (নি-অঙ্গ) নেটা, যাহার বামহস্তে বলাধিক্য। [লিক্ষ, লাফ।
নেঙ্গ, (নি-অগ) দীর্ঘ করিয়া পাদ ক্ষেপণ,
নেঙ্গড়া, (ন-অগ) পাদবিকল, খঞ্জ, খোঁড়া।
নেঙ্গা, বামহস্তে বলাধিক;
নেঙ্গুড়, (লাঙ্গুল) লেজ, পুচ্ছ।
নেজ-লেজ, (লাঙ্গুল) নেঙ্গুড়, পুচ্ছ।
নেজক, বর্ণসঙ্করজাতিবিশেষ, রজক, ধোপা, প্রক্ষালক। [লাধিক্য।
নেটা, (নি-অট) নেঙা, যাহার বামহস্তে ব-
নেটুয়া, (নৃৎ) নট, নর্ত্তক; ভণ্ড।
নেড়া, (ন-ঈড়) মুণ্ডিত কেশ মুণ্ড, ছদ্ম-বৈষ্ণব বেশধারী, ভিক্ষুক বিশেস।
নেড়াসীজ, বৃক্ষবিশেষ, তেকাঁটাসিজ।
নেড়ী, (নেড়া) ছদ্মবৈষ্ণবী; গায়কীবিশেষ।
নেড়্যা, (ন-ঈড়) যবন, ম্লেচ্ছজাতি।
নেত, (পী) বস্ত্রবিশেষ; ছিন্নবস্ত্র।
নেতা, (পী) গ্রহীতা; অগ্রগামী; স্বামী; নায়ক। [সংগ্রহ।
নেতাড়ী, (নেতা-অড়) অর্দ্ধশ্লোক; অর্দ্ধ
নেত্র, (পী) চক্ষুঃ, নয়ন, অক্ষি।
নেত্রচ্ছদ, চক্ষুর পাতা।
নেত্রপর্য্যন্ত, অপাঙ্গ, কটাক্ষ; নয়নাবধি।
নেত্রপিণ্ড, মার্জ্জার, বিড়াল; চক্ষুর্গোলক।
নেত্রপুষ্করা, রুদ্রজটা।
নেত্রমণি, চক্ষুর তারা, নেত্রস্থ জ্যোতিরূপ।
নেত্রমল, চক্ষের মল বা পিচুটী।
নেত্রযোনি, ইন্দ্র, শক্র, দেবরাজ; চন্দ্র।
নেত্ররঞ্জন, কজ্জল, অঞ্জন, কাজল।
নেত্ররোগ, চক্ষুরোগ, অক্ষিপীড়া।
নেত্ররোগহা, বৃশ্চিকালীবৃক্ষ, বিচাটী গাছ; চক্ষুর রোগ নাশক।
নেত্রামঁয় (নেত্র-আময়) চক্ষুরোগ, অক্ষিপীড়া।
নেত্রাম্বু, (নেত্র-অম্বু) অশ্রু, চক্ষুর জল।
নেত্রী, লক্ষ্মী; নাড়ী; নদী।
নেত্রোপমফল, বাতাদ ফল, বাদাম।
নেদি, (নাদ) গোময় পিণ্ড, ঘুঁটে।
নেদিষ্ঠ, (অন্তিক) সমীপ, অতিনিকট; নিপুণ; বৃক্ষবিশেষ।
নেদীয়ান, (অন্তিক) সমীপ, অতিশয় নিকট
নেপ, (লিপ) পুরোহিত; জল; শীতনিবারক আচ্ছাদন বিশেষ।
নেপথ্য, বেশ; অলঙ্কার; রঙ্গভূমি।
নেপা, (লিপ) ত্বক, চর্ম্ম, ছাল।
নেপাল, স্বনামে প্রসিদ্ধ দেশবিশেষ।
নেপালিকা, মনঃ শিলা। [রোগ।
নেবা, (পী) রোগবিশেষ, পাণ্ডুবর্ণ চক্ষুর-
নেবু, (নিম্বুক) লেবু, জম্বীর
নেম, কাল; অবধি; খণ্ড; প্রকার; অর্দ্ধ; গর্ত্ত; অন্য, সায়ংকাল; মূল্য; ঊর্দ্ধ।
নেমি, (পী) চক্রের অন্তভাগ, বৃক্ষবিশেষ।
নেয়ে, (নৌ) নাবিক, কর্ণধার, মাঝি।
নেলান, (পী) চেতান; প্রেরণ; দর্শান।
নেশা, (যাং) মত্ততা, মাতলামি।
নেষ্টা, ঋত্বিক, পুরোহিত।
নেহারণ, (নি-হৃ) দর্শন, অবলোকন, দেখন
নৈ, (নব) মৃত্তিকাদির পিণ্ড; নবীন স্ত্রী-গোবৎস।
নৈকট্য, (নিকট) নিকট ভাব; সামীপ্য।
নৈকভেদ, উচ্চাবচ: অনেক প্রকার।
নৈকষেয়, (নিকষা) নিকষাপুত্র, রাক্ষস; রাবণ। [সম্বন্ধীয়;
নৈগম, (নিগম) উপনিষৎ; বণিক; নিগম-
নৈজ, (নিজ) আপন সম্বন্ধীয়, স্বীয়।
নৈত্য, (নিত্য) নিত্য সম্বন্ধ, নিত্যত্ব, চিরস্থায়িত্ব।

নুজ্ঞ, সম্যক, মনোজ্ঞ। [কর্ম্মরঙ্গ
ন্যুব্জ, (নি-উব্জ) বক্র; কুব্জ অধোমুখ;
ন্যূন, (নি-উন) উন, অসম্পূর্ণ, কিঞ্চিৎ, অল্প
ন্যূনতা, অঘন্যতা; অল্পতা, অসম্পূর্ণতা।
ন্যূনত্ব, অল্পতা, কমি; হীনতা।
ন্যূনাতিরেক, (ন্যূন-অতিরেক) অল্পাধিক, কমবেশ। [বেশ।
ন্যূনাধিক, (ন্যূন-অধিক) অল্পাধিক, কম-
ন্যূনাধিক্য, অল্পাধিক্য, কমবেশ।
নৃমুণ্ডমালী, শিব, মহাদেব; মনুষ্যের অস্থিমালা বিশিষ্ট।

প

প, প-কার, পঞ্চম বর্গের প্রথম অক্ষর, ব্যঞ্জনের একবিংশবর্ণ; পবন; পত্র।
পইঠা, (পঙ্কার) সিঁড়ি সোপান, ধাপ।
পংক্তি, (পচ) শ্রেণী, সারী; দশাক্ষর ছন্দঃ।
পঁইছা, স্ত্রীলোকের হস্তাভরণ বিশেষ।
পঁইত্রিশ, (পঞ্চত্রিংশৎ) সংখ্যা বিশেষ, ৩৫
পঁহুছন, আগমন, উত্তরণ, আইসন।
পঁচাত্তর, (পঞ্চসপ্ততি) সংখ্যা বিশেষ ৭৫।
পঁচানব্বই, (পঞ্চনবতি) সংখ্যা বিশেষ, ৯৫
পঁচাশী, (পঞ্চাশীতি) সংখ্যা বিশেষ, ৮৫।
পঁচিশ, (পঞ্চবিংশতি) সংখ্যা বিশেষ, ২৫।
পঁয়তাল্লিশ, (পঞ্চচত্বারিংশৎ) সংখ্যাবিশেষ
পঁয়ষট্টি, (পঞ্চষষ্টি) সংখ্যা বিশেষ, ৬৫।
পক্কণ, শবরালয়, ব্যাধের গৃহ।
পক্তা, পাচক, পাককর্ত্তা, রসুইয়া।
পক্তি, গৌরব; পাক; রন্ধন।
পক্তিম, পাকদ্বারা নিষ্পন্ন, পাকজন্য।
পক্ক, (পচ) পরিণত, পাকা; সুদৃঢ়; নিপুণ।
পক্ককৃৎ, পাককারী, রন্ধনকর্ত্তা, রসুইয়া; নিম্ববৃক্ষ, নিমগাছ।
পক্কতা, পরিণতাবস্থা; নৈপুণ্য দৃঢ়তা।
পক্কবারি, কাঞ্জিক, কাঞ্জী, আমানী।
পক্করস, মদ্য, মদিরা, সুরা, সরাপ
পক্কান্ন, (পক্ক-অন্ন) পাককরা তণ্ডুলাদি; রাঁধাভাত; মিঠাই বিশেষ।
পক্কাশয়, (পক্ক-আশয়) নাভির অধোভাগ।
পগার, (প্রাকার) সেতু, আলি, বাঁধ।
পঙ্ক, (পচ) কর্দ্দম, কাদা পাঁক; পাপ।
পঙ্ককর্বট, [illegible] পাঁক।
পঙ্ককীর, কোবরি পক্ষী; কাদাখোঁচা পাখী
পঙ্কক্রীড়, শূকর; কর্দ্দমদ্বারা খেলাকারী।
পঙ্কগড়ক, মৎস্য বিশেষ, পাঁকালমাছ।
পঙ্কগতি, মৎস্যবিশেষ, পাঁকালমাছ।
পঙ্কগ্রাহ, কচ্ছপ, মকর; জলজন্তু বিশেষ।
পঙ্কজ, (পঙ্ক-জন) পদ্ম, কমল, সরোরুহ।
পঙ্কজিনী, পদ্মসমূহ; পদ্মলতা।
পঙ্কণ, (পক্কণ) শবরালয়, ব্যাধগৃহ।
পঙ্কপ্রভা, কর্দ্দমযুক্ত নরক বিশেষ।
পঙ্কবাস, কুলীর, কর্কট, কাঁকড়া।
পঙ্কমণ্ডূক, শম্বূক, শামুক।
পঙ্করুহ, পদ্ম, কমল, নলিন।
পঙ্কশুক্তি, দুর্নামা, ঝিনুক।
পঙ্কশূরণ, শালূক, উৎপল, পুষ্পের মূল।
পঙ্কার, শৈবাল, শেওলা; সেতু, আলি, পগার; সোপান, সিঁড়ি।
পঙ্কিল কর্দ্দমযুক্ত, পঙ্কময়।
পঙ্কেজ, পদ্ম, কমল; সরোরুহ।
পঙ্কেরুহ, পদ্ম, কমল; সারসপক্ষী।
পঙ্কোদ্ধার, (পঙ্ক-উদ্ধার) পুষ্করিণী বা জলাশয় হইতে পঙ্ক উত্তোলন করণ।
পঙ্ক্তি, (পচ) সজাতীয় সংস্থান বিশেষ, শ্রেণী, সারি, পাঁতি।
পঙ্ক্তিগ্রীব, রাবণ, দশানন।
পঙ্ক্তিচর, কুররপক্ষী। [জনানর্হ, পতিত।
পঙ্ক্তিদূষক, অপাংক্তেয়, একপঙ্ক্তিতে ভো-
পঙ্ক্তিপাবন, শ্রেণির পবিত্র কর্ত্তা।
পঙ্ক্তিরথ দশরথ রাজা।
পঙ্গ, (পতঙ্গ) ফড়িঙ্গ, পতঙ্গ।
পঙ্গপাল, পতঙ্গবিশেষ, ফড়িঙ্গসমূহ।
পঙ্গু, (পণ) পাদবিকল, চলনাক্ষম, খঞ্জ, খোঁড়া; জঙ্ঘাহীন; শনিগ্রহ।
পঙ্গুত্ব, খঞ্জত্ব, পদবিকলতা।
পচ, পাচক, পাক কর্ত্তা।
পচত, সূর্য্য, অগ্নি; ইন্দ্র।
পচৎপুট, সূর্য্যমণি বৃক্ষ।
পচন, (পচ) পাককরণ; গলন, জরণ; অগ্নি; পাককর্ত্তা।
পচন্তী, পাককর্ত্রী, পাচিকা।
পচমান, পাককর্ত্তা, পাচক।
পচম্পচা, দারুহরিদ্রা।
পচা, (পচ) দুরিত, নষ্ট বিকৃত।
পচাকাল, সরস, সময় বর্ষাকাল।
পচান, (পচা) পাককরণ; বিকৃতকরণ; নষ্টকরণ; জরাণ। [কৃত, দুরিত।
পচাপাচকুয়া, ছিন্ন, জীর্ণ, নষ্ট, গলিত; বি-

পচাল, (পচ) অকথ্য বাক্য, কটুবাক্য, দু-র্ব্বাক্য।
পচালিয়া, (পচাল) কটুবাদী কুৎসিত জল্পক
পচি, গ্রন্থি, অনল, বহ্নি।
পচেলুক, পাচক, রন্ধন কর্ত্তা, পাককারক।
পচ্য, (পচ) পাকযোগ্য, পাককরণের উপ-যুক্ত, রন্ধনোপযুক্ত।
পচ্যমান, পাকহওয়া, পাক করা।
পজ্জ, অধমবর্ণ, শূদ্র জাতি
পঞ্চ, (পঞ্চন) সংখ্যা বিশেষ পাঁচ।
পঞ্চক, পঞ্চ, পাঁচসংখ্যা; পঞ্চমসম্বন্ধীয়।
পঞ্চকপাল, যজ্ঞ বিশেষ। [বিশেষ
পঞ্চকর্ম্ম, পঞ্চপ্রকার শরীরের চিকিৎসা
পঞ্চকষায়, জম্বু শাল্মলি বাট্যাল বকুল বদর এই পাঁচ। [শেষ।
পঞ্চকোল, পঞ্চ বল্কল মিশ্রিত পাচন বি-
পঞ্চগব্য, দধি দুগ্ধ গোমূত্র গোময় ঘৃত।
পঞ্চগুপ্ত, কূর্ম্ম, কচ্ছপ।
পঞ্চচামর, ষোড়শাক্ষর ছন্দোবিশেষ। [শেষ
পঞ্চচূড়া, অপ্সরা বিশেষ, স্বর্গবেশ্যা বি-
পঞ্চজন, পুরুষ; দৈত্য বিশেষ।
পঞ্চতত্ত্ব, পঞ্চ ভূত, পৃথিবী জল তেজঃ বায়ু আকাশ এই পাঁচ।
পঞ্চতপাঃ, (পঞ্চন্-তপস্) পঞ্চতাপবিশিষ্ট তপস্যা বিশেষ। [ধর্ম্ম।
পঞ্চতা, (পঞ্চন্) মৃত্যু, মরণ, নিধন, কাল-
পঞ্চতীর্থী, পঞ্চপ্রকার তীর্থ সেবী। [র্ম্ম।
পঞ্চত্ব, (পঞ্চন) মৃত্যু, মরণ, নিধন; পাঁচের
পঞ্চদশ, (পঞ্চন-দশন) সংখ্যাবিশেষ, ১৫
পঞ্চদশী, পূর্ণিমা; অমাবস্যা।
পঞ্চধা, পঞ্চপ্রকার; পঞ্চবার। [কাদি পঞ্চ।
পঞ্চনখ, হস্তী কূর্ম্ম; ব্যাঘ্র; ভক্ষণীয় শশ-
পঞ্চনদ, পঞ্চ নদী যুক্ত দেশবিশেষ, পঞ্জাব।
পঞ্চনীরাজন, পঞ্চ প্রকার আরতি।
পঞ্চপল্লব, বট অশ্বত্থাদি পঞ্চশাখা। [শেষ
পঞ্চপক্ষী, প্রশ্ন গণনার্থ জ্যোতিষশাস্ত্র বি-
পঞ্চপাণ্ডব, পাণ্ডুরাজার পঞ্চ পুত্র, যথা যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন, নকুল, সহদেব।
পঞ্চপাত্র, পঞ্চ পাত্র করণক পার্ব্বণ বিধি-ক শ্রাদ্ধ।
পঞ্চপিত্ত, বরাহ ছাগ মহিষাদিরপিত্ত।
পঞ্চপ্রদীপ, পঞ্চদীপ যুক্ত আরতি।
পঞ্চপ্রাণ, প্রাণাদি পঞ্চবায়ু, যথা প্রাণ-অ-পান-ব্যান-উদান-সমান।
পঞ্চপ্রাসাদ, দেবগৃহ বিশেষ, মন্দির।
পঞ্চবক্ত্র, মহাদেব, শিব।
পঞ্চবটী, অশ্বত্থাদি পঞ্চবৃক্ষ যুক্ত স্থান।
পঞ্চবাণ, কামদেব, মদন।
পঞ্চভূত, পৃথ্বী জল তেজঃ বায়ু আকাশ।
পঞ্চভূতাত্মা, প্রাণী, জীব।
পঞ্চম, পঞ্চনসংখ্যার পূরণ, পাঁচএর; রুচির; দক্ষ, নিপুণ
পঞ্চমকার, (পঞ্চম-ম-কৃ) মদ্যমাংসাদি প-ঞ্চতত্ত্ব। নিত্য কর্ম্ম।
পঞ্চমহাযজ্ঞ, গৃহের কর্ত্তব্য পঞ্চ প্রকার
পঞ্চমার, বলদেব পুত্র
পঞ্চমাস্য, কোকিল, পিক; মহাদেব।
পঞ্চমী, (পঞ্চন) চন্দ্রের পঞ্চম কলা; ক্রিয়া কাল, তিথি বিশেষ; দ্রৌপদী।
পঞ্চমুখ, শিব, মহাদেব; সিংহ।
পঞ্চমুখী, বাসকবৃক্ষ, জবাপুষ্প বিশেষ।
পঞ্চমুদ্রা, পূজাতে কর্ত্তব্য পঞ্চ প্রকার মুদ্রা
পঞ্চমূল, পাচন বিশেষ।
পঞ্চমূলী, পাচন বিশেষ।
পঞ্চযজ্ঞ, গৃহস্থের কর্ত্তব্য পঞ্চপ্রকার যজ্ঞ বিশেষ, যথা ঋষিযজ্ঞ, দেবযজ্ঞ-ভূতযজ্ঞ-পিতৃযজ্ঞ-নৃযজ্ঞ।
পঞ্চরঙ্গী, বিচিত্রবর্ণ; বহুপ্রকার রঙ্গ।
পঞ্চরত্ন, স্বর্ণাদি পঞ্চ, যথা-স্বর্ণ-রৌপ্য-স্ফ-টিক তাম্র; বিক্রমাদিত্যের রাজসভায় পঞ্চ পণ্ডিত।
পঞ্চরসা, আমলকী।
পঞ্চরাত্র, গ্রন্থ বিশেষ।
পঞ্চলবণ, কাচ সৈন্ধব করকচ বিট সৌবর্চ্চ এই পাঁচ প্রকার লবণ।
পঞ্চলক্ষণ, পুরাণ শাস্ত্র; পঞ্চপ্রকার চিহ্ন।
পঞ্চলাঙ্গলক, মহাদান বিশেষ।
পঞ্চলোহ, সুবর্ণ রজত তাম্রাদি।
পঞ্চশর, কাম, মদন, কন্দর্প।
পঞ্চশস্য, ধান্য মুগ তিল যব শ্বেত সর্ষপ, এই পাঁচ শস্য। [শাখাবিশিষ্ট।
পঞ্চশাখ, (পঞ্চন-শাখা) হস্ত, কর, পঞ্চশা-
পঞ্চশিখ, সিংহ, কেশরী।
পঞ্চসূনা, পঞ্চ প্রকার প্রাণী বধস্থান, যথা চুলা উদূখল মুষল সম্মার্জ্জনী কলসী।
পঞ্চস্বরা, জ্যোতিষ গ্রন্থবিশেষ।
পঞ্চস্বরোদয়, জ্যোতিঃশাস্ত্র বিশেষ।
পঞ্চাগ্নি, পঞ্চপ্রকার অগ্নি।

পঞ্চাঙ্গ, (পঞ্চন-অঙ্গ) পাঁচ প্রকার অঙ্গ, কপাচ্ছ, অশ্ব বিশেষ।
পঞ্চাঙ্গগুপ্ত কূর্ম্ম, কচ্ছপ, কাছিম।
পঞ্চাঙ্গুল, (পঞ্চন-অঙ্গুলী) ভেরেণ্ডাবৃক্ষ, পাঁচ অঙ্গুলি পরিমাণ যুক্ত।
পঞ্চায়ত, (পঞ্চন) পঞ্চজনে সমাপ্ত ; সজাতীয় শ্রেণীর বিচারসভা।
পঞ্চাতপা, তপস্যা বিশেষ। [কর্ম।
পঞ্চায়তী (পঞ্চন) মিলিত বহুজনের কর্ত্তব্য-
পঞ্চানন, (পঞ্চন-আনন) শিব, মহাদেব; সিংহ ; অতিশয় উগ্র।
পঞ্চান্ন, (পঞ্চপঞ্চাশৎ) সংখ্যা বিশেষ, ৫৫
পঞ্চাবস্থ, (পঞ্চন-অবস্থা) শব, মৃতদেহ, মড়া,
পঞ্চামরা, পঞ্চ প্রকার মতা
পঞ্চামৃত, (পঞ্চন-অমৃত) একত্রে মিশ্রিত চিনি দুগ্ধ ঘৃত দধি মধু।
পঞ্চাম্নায়, শিবের পঞ্চমুখ হইতে বিনির্গত পাঁচ প্রকার শৈব শাস্ত্রবিশেষ।
পঞ্চাম্র, বৃক্ষ বিশেষের মিলন।
পঞ্চাম্ল, অম্লপঞ্চক।
পঞ্চাম্বিত, স্বজাতীয় বহু ব্যক্তির মিলন।
পঞ্চার্চ্চি, গ্রহ বিশেষ, বুধগ্রহ।
পঞ্চাল, দেশ বিশেষ, পঞ্জাব দেশ। [চালী।
পঞ্চালিকা, পুত্তলী, পুতুল, গীতবিশেষ, পাঁ
পঞ্চাশ, (পঞ্চাশৎ) সংখ্যাবিশেষ, ৫০।
পঞ্চাশৎ, সংখ্যা বিশেষ, পঞ্চাশ। [শরী
পঞ্চাস্য, (পঞ্চন-আস্য) সিংহ, মৃগেন্দ্র, কে-
পঞ্চাস্র, (পঞ্চন-অস্র) পঞ্চ কোণ বিশিষ্ট, পাঁচকোণা।
পঞ্চেন্দ্রিয়, চক্ষুঃ শ্রোত্রাদি পাঁচ প্রকার জ্ঞান সাধন ইন্দ্রিয় অথবা হস্তাদি পাঁচ কর্ম্মেন্দ্রিয়।
পঞ্চেষু মদন, কামদেব, কন্দর্প।
পঞ্জর, (পজ) শরীরের অস্থি বিশেষ; পাঁজরা ; পিঞ্জর ; পিঁজরা।
পঞ্জরাখেট, মৎস্য ধারণ বস্ত্র, মাছধরা পোলা
পঞ্জি, সূত্রনালিকা, পাইজ।
পঞ্জিকা, (পঞ্জ) তিথি বারাদি জ্ঞাপক পুস্তক বিশেষ, পাঁজী।
পঞ্জিকাকার, (পঞ্জিকা-কৃ) পঞ্জী প্রস্তুত কারক, তিথি বারাদি নির্ণায়ক পুস্তককর্ত্তা।
পঞ্জিকারক, কায়স্থজাতি।
পঞ্জী, (পঞ্জ) পঞ্জিকা, তিথিবারাদি জ্ঞাপক-পুস্তক।

পট, (পট) বসন, বস্ত্র ; চিত্র ; চিত্রিত বস্ত্র, বৃক্ষবিশেষ, পিয়াল বৃক্ষ।
পটক, (পট) শিবির, তাম্বু, বস্ত্র গৃহ।
পটকা, (পটৎ) অগ্নিখেলার টোটা।
পটকার, (পট-কৃ) চিত্রকর ; পটুয়া ; তন্তুবায়, বস্ত্র নির্ম্মাতা তাঁতি।
পটকুটী, বস্ত্রবেশ্ম তাম্বু, কানাৎ।
পটচ্চর, জীর্ণবস্ত্র, পচাকাপড়, চৌর।
পটপটী, ঔষধবিশেষ ; লতাবিশেষ।
পটবাপ, বস্ত্রগৃহ, তাম্বু, বস্ত্রনির্ম্মাতা।
পটবাস, বস্ত্রগৃহ, শাটী ; সুগন্ধি চূর্ণ
পটবাসক, বস্ত্র সুগন্ধিকারি চূর্ণ বিশেষ।
পটমণ্ডপ, বস্ত্রগৃহ, কানাৎ।
পটময় বস্ত্রাগার, তাম্বু, কানাৎ।
পটল, (পট ক্লদ) ; ঘরের চাল ; রাশি, সমূহ, দৃষ্টি প্রতিবন্ধক চক্ষুর পরদ ; গ্রন্থ পরিচ্ছেদ, বৃক্ষ।
পটলপ্রান্ত, চালের অগ্রভাগ, ছাঁইচ।
পটলী, ঘরের ছাদ, চাল।
পটহ, (পট-হন্) ঢক্কাবিশেষ, বাদ্য বিশেষ।
পটাক পক্ষি বিশেষ।
পটাকা পতাকা, ধ্বজা, নিশান। [কুলন।
পটান, (পট) অনুকূলাচরণ ; বশ করণ;
পটপট, চপেটাঘাতের অব্যক্ত শব্দ।
পটালুকা, জলৌকা, জোঁক।
পটি, (পট) বস্ত্র বিশেষ ; এক জাতীয় ব্যবসায়ীদের শ্রেণীবদ্ধ বিপণি।
পটিকা, (পট) বস্ত্র, বসন, কাপড়।
পটিষ্ঠ, অতিশয় পটু, সুনিপুণ।
পটী, (পট) পট্টী, বস্ত্র বিশেষ ; পর্দা, যবনিকা, তিরস্করিণী। পাড়া, পল্লী।
পটীয়ান, অতিশয় নিপুণ, অতিদক্ষ।
পটীর, (পট) মেঘ, চন্দন, ক্ষেত্র ; বায়ুগ্রস্ত
পটু, (পট) নিপুণ, দক্ষ, পারগ ; নীরোগ।
পটুক, ফল বিশেষ, পটোল।
পটুকা, (পট) কটিবন্ধন বস্ত্র।
পটুতা, (পটু) নৈপুণ্য, দক্ষতা, পারগতা।
পটুয়া, (পট) চিত্রকর, পট নির্ম্মাণকারক।
পটুরূপ, অতিশয় নিপুণ, বড় পটু।
পটোল, (পট) ফল বিশেষ।
পটোলক, শুক্তি, ঝিনুক।
পটোলপত্র, পলতা, পটোলের শাক।
পটোলিকা, ফলবিশেষ ; ঝিঙ্গা। [হওন।
পট্‌কন, (পট-ক) যুদ্ধে পরাস্ত হওন, ভগ্ন-

পট্ট, (পট) নগর ; পেষণ পাষাণ, শিল ; চতুষ্পথ, চৌমাথা ; পীঠ, পিঁড়ী, ফলক, উষ্ণীষ ; পাগড়ী, কৌষেয়বসন, রেশমী কাপড় ।
পট্টজ, পট্টবসন, রেশমী কাপড় ।
পট্টদেবী, মহাদেবী, প্রধানা মহিষী, পট্টরাণী, পাটরাণী ।
পট্টরাণী, পাটরাণী ।
পট্টমহিষী, পাটরাণী, প্রধানা মহিষী ।
পট্টরঞ্জ, রঙ্গবৃক্ষ বকম্ গাছ । [রাণী
পট্টরাণী, মহাদেবী, প্রধানা মহিষী, পাট-
পট্টশাক, পাটশাক, নালিতা শাক ।
পট্টার্হা, প্রধানা রাজ্ঞী, পাটরাণী । [কুড়ুল ।
পট্টিশ, (পট) অস্ত্র বিশেষ, পরশু, কুঠারা,
পট্টী, (পট) ললাটভূষা, সিঁথী ; অশ্বের বক্ষস্থলস্থ বন্ধনরজ্জু ।
পট্টোলিকা, ব্যবস্থা পত্র ; পাট্টা ।
পট্পটী, লতাবিশেষ ।
পঠন, (পঠন) অধ্যয়ন, পাঠ করণ, পড়ন ।
পঠনীয় (পঠ) পাঠ্য, পাঠ করিবার যোগ্য
পঠমঞ্জরী রাগিণী বিশেষ ।
পঠি, পঠন, অধ্যয়ন, পাঠ, পড়া ।
পঠিত, কৃতপাঠ, বাচিত, অধীত, উচ্চারিত
পঠিতব্য, (পঠ) পাঠযোগ্য, পঠোপযুক্ত, পাঠ্য
পড়ন (পঠ-পৎ) পঠন । পতন ; আক্রমণ ।
পড়সী, (প্রতিবাসিন) প্রতিবাসী ।
পড়া, (পঠ-পৎ) পাঠ, অধ্যয়ন, পতন, বিস্তৃত পতিতভূমি ।
পড়ান অধ্যাপন, পাঠ করাণ ।
পড়িয়ান, (প্রসারণ) বস্ত্রের বুননি সূত্র ।
পড়ুয়া, (পঠ) ছাত্র, বিদ্যার্থী, শিষ্য ।
পড়ুয়াবিশ্বাস, শিক্ষক, অধ্যাপক ।
পণ, (পণ) কুড়ি গণ্ডা, অশীতি কপর্দ্দক ; কোট ; নিয়ম ; প্রতিজ্ঞা ; ক্রয়মূল্য ।
পণগ্রন্থি, হট্ট, হাট, বাজার ।
পণন, বিক্রয়, বেচা । [ওঁকার ।
পণব, (প্রণব) বাদ্যযন্ত্র বিশেষ, প্রণব
পণস, পণদ্রব্য, বিক্রেয় সামগ্রী ।
পণাঙ্গনা, বেশ্যা, বারাঙ্গনা ।
পণাপণ, (পণ-অপণ) মূল্য নির্দ্ধারণ ।
পণায়া, ক্রয় বিক্রয় ব্যবহার, কেনা বেচা ।
পণায়িত, স্তুত, স্তবকরা ।
পণাস্থি, (পণ-অস্থি) কপর্দ্দক, বরাটক, কড়ী
পণিত, (পণ) ব্যবহৃত ; স্তুত পণকরা ।
পণিতব্য, (পণ) পণ্য, বিক্রেয়, বেচিবার উপযুক্ত সামগ্রী । [ক্লীব ।
পণ্ড, (পড়) ক্লীব, নপুংসক ; নিরর্থক, নিপণ্ডতা, বিফলতা, নিরর্থকতা ।
পণ্ডশ্রম, অনর্থক আয়াস, বিফল যত্ন, বৃথা কর্ম্মভোগ । [পুরোহিত ।
পণ্ডা, (পড়) বেদোজ্জ্বলা বুদ্ধি ; জগন্নাথের
পণ্ডাপূর্ব্ব, ফলের জনক অদৃষ্ট ।
পণ্ডিত, (পণ্ডা) বিদ্বান্, শাস্ত্রজ্ঞ, ধীর, প্রাজ্ঞ
পণ্ডিতমানী, পণ্ডিতাভিমানী পণ্ডিতের ন্যায় অভিমানকারী, পণ্ডিতম্মন্য ।
পণ্ডিতম্মন্য, যে আপনাকে বিদ্বান্ বলিয়া অভিমান করে ।
পণ্ডিতাভিমানী, পণ্ডিতম্মন্য, যে আপনাকে পণ্ডিত বলিয়া অভিমান করে ।
পণ্য, (পণ) বিক্রেয় দ্রব্য, পণিতব্য, ব্যবহার্য্য । [বিপণি, দোকান ।
পণ্যবীথিকা, পণ্য বিক্রয়শালা, হট্ট, হাট
পণ্যবীথী, ক্রয় বিক্রয় স্থান, হাট, বাজার ।
পণ্যশালা, বিক্রয় গৃহ, দোকান ; হাট ।
পণ্যস্ত্রী, বেশ্যা, কুলটা, বারাঙ্গনা ।
পণ্যাঙ্গনা, বেশ্যা, কুলটা, বারাঙ্গনা ।
পণ্যাঙ্গনাপ্রিয়, বেশ্যাপ্রিয়, লম্পট ।
পণ্যাজীব, (পণ্য-আজীব) ক্রয় বিক্রয়কারী, বণিক, বেণিয়া ।
পণ্যাজীবক, হট্ট, হাট, বাজার ।
পণ্যান্ধা, তৃণ বিশেষ ।
পতগ (পত-গম) পক্ষী, বিহঙ্গ, পাখী ।
পতঙ্গ, (পত-গম) সূর্য্য, ফড়িঙ্গ, পক্ষী, পারদ, চন্দন ।
পতঙ্গম, পক্ষী, বিহঙ্গ, পাখী ।
পতঙ্গসম, পতঙ্গতুল্য ; অতিলঘু । [মৌমাছী
পতঙ্গিকা, মধুমক্ষিকা বিশেষ, একপ্রকার
পতঞ্চিকা, ধনুর্জ্যা, ধনুকের ছিলা ।
পতঞ্জলি মুনিবিশেষ ; পাতঞ্জল নামে দর্শন শাস্ত্র কর্ত্তা ।
পতৎ, (পৎ) পতনশীল, পতন বিশিষ্ট ।
পতত্র, পক্ষ, পাখা ।
পতত্রী, পক্ষী, বিহগ, পাখী । [ক]
পতদ্গ্রাহ, (পতৎ-গ্রাহ) [illegible]
পতদ্ভীরু, শ্যেনপক্ষী, [illegible]
পতন, (পৎ) পাত, পতিত হওন
পতম, চন্দ্র, পক্ষী ; পতঙ্গ ।
পতয়ালু, (পৎ) পাতুক, পতনশীল, পতন

পত্তর, (পৎ) লৌহাদির পত্র।
[illegible]ক্ষী; চন্দ্র; ফড়িঙ্গ।
[illegible] (পৎ) ধ্বজা, বৈজয়ন্তী, নিশান।
পতাকী, (পতাক) ধ্বজাযুক্ত, পতাকাধারী রিষ্টারিষ্ট বোধক চক্রবিশেষ।
পতি, (পা) প্রভু, স্বামী; নায়ক; অধিপতি
পতিঘাতিনী, (পতি-ঘাতিন) স্বামীহত্যা কারিণী, পতিবিনাশিনী। [পতিনাশিকা।
পতিঘ্নী, (পতি হন) স্বামিহত্যা কারিণী,
পতিত, (পৎ) ভ্রষ্ট; ত্যাজ্য; অব্যবহার্য্য, শ্রেণিচ্যুত; পাপী; পড়া।
পতিতপাবন, পতিতের পবিত্রকারী।
পতিপ্রাণা, পতিব্রতা, সতী।
পতিবত্নী, সভর্ত্তৃকা, সধবা। [সতী।
পতিব্রতা, (পতিব্রত) স্বাম্যনুরক্তা; সাধ্বী,
পতিম্বরা, (পতি-বৃ) স্বেচ্ছাধীন বিবাহিতা।
পতিহীন, পতিরহিত, স্বামীহীন, বিধবা।
পতের, পক্ষী; গমনকর্ত্তা; আঢ়ক; আঢ়ি; গর্ত্ত, বিবর।
পত্তঙ্গ, রক্তচন্দন; বৃক্ষবিশেষ, বকমগাছ।
পত্তন, (পৎ) নগর; মহতী পুরী; মৃদঙ্গ উপক্রম, আরম্ভ।
পত্তনবণিক্, নগর বণিক।
পত্তি, (পদ) পদাতিক, সৈন্য; বীর; গতি।
পত্তিসংহতি, সৈন্য সমূহ, বহুপদাতিক, পদব্রজে গমনকারি সৈন্যদল।
পত্নী, (পতি) বিবাহিতা স্ত্রী, ভার্য্যা, দার।
পত্ন্যাট, পত্নীগৃহ; স্ত্রীর ঘর।
পত্র, (পৎ) দল, পাতা; পালক; শর লিপি; লিখনাধার, কাগজ।
পত্রক, (পত্র) তেজপত্র, তেজপাত; অঙ্গ শোভার্থ রচিত পত্রাবলী।
পত্রকুটীর, পত্ররচিত গৃহ, কুঁড়েঘর।
পত্রগুপ্ত, ত্রিকণ্ট, তেঁকাটা সিজ্।
পত্রঙ্গ, রক্তচন্দন।
পত্রদারক, ক্রকচ, করাত।
পত্রনাড়িকা, পত্রশিরা, পাতার শির।
পত্রপরশু, স্বর্ণাদি ছেদক অস্ত্রবিশেষ, ছেদনী, কাতুরী, ছেনী।
পত্রপা[illegible] [illegible] লজ্জা
[illegible] কর্ত্তরী, কাঁচী।
পত্রপাশ্যা, স্বর্ণাদি রচিত ললাটভূষণ, মস্তকাভরণ বিশেষ, সিঁথি।
পত্রপিশাচিকা, জলত্রা, টোকা।
পত্রপুষ্প, রক্ততুলসী।
পত্রপুষ্পক, ভূর্জ্জপত্র।
পত্রপুষ্পা, তুলসী; ক্ষুদ্রপত্র তুলসী।
পত্রবন্ধ, পুষ্পরচনা।
পত্রবল্লী, পর্ণলতা, পানগাছ।
পত্রবাহ, বাণ, শর; লিপিবাহক।
পত্রবাহক, লিপি বাহক, যে লিপি লইয়া যায়। [দিতে রচিত পত্রাবলী।
পত্রভঙ্গ, স্ত্রীলোকের স্তন ও কপোল দেশ-
পত্রযৌবন, পল্লব, নূতনপত্র, নবীনপাতা।
পত্ররথ, পক্ষী, বিহঙ্গ, পাখী।
পত্রল, অঘন দধি, পাতলা দই।
পত্রলেখা, পত্রাবলী রচনা, তিলককরণ।
পত্রশ্রেষ্ঠ, বিল্বপত্র, শ্রীফল পত্র।
পত্রসূচি, কণ্টক, কাঁটা।
পত্রাখ্য, (পত্র-আখ্যা) তেজপত্র, তেজপাত
পত্রাঙ্ক, (পত্র-অঙ্ক) পুস্তকাদির পত্র বা পৃষ্ঠ নির্ণায়ক অঙ্ক। [বিশেষ, বকম্ কাঠ।
পত্রাঙ্গ, (পত্র-অঙ্গ) রক্তচন্দন সদৃশ কাষ্ঠ
পত্রাঞ্জন, (পত্র-অঞ্জন) মসী, কালী।
পত্রাঢ্য, পিপ্পলীমূল; পর্ব্বত তৃণ।
পত্রাবলি, (পত্র-আবলী) পত্রশ্রেণী; গৈরিক, তিলক। [পত্রে প্রবিষ্ট।
পত্রারূঢ়, (পত্র-আরূঢ়) পত্রমধ্যে লিখিত;
পত্রিকা, (পত্র) পত্রী, লিপি, পত্র।
পত্রিণী, (পত্র) পল্লব, পালা।
পত্রী, (পত্র) লিপী; পক্ষী; বাণ; পত্রবিশিষ্ট। [লিকা, কুঁড়ি।
পত্রোল্লাস, (পত্র-উল্লাস) মুকুল, বউল; ক-
পৎসল, পন্থা, বর্ত্ম, মার্গ, পথ।
পথ, (পথিন্) বর্ত্ম, পন্থা, মার্গ।
পথদর্শক, যে পথ দেখায়; উপদেশক।
পথান্তর, (পথিন-অন্তর) ভিন্ন পন্থা, অন্য পথ, অন্য মার্গ।
পথিক, (পথিন্) পান্থ, পথিস্থ, অধ্বন্য।
পথিকশালা, পান্থগৃহ, সরাই, উতরখানা।
পথিকাবাস, (পথিক-আবাস) পান্থশালা, সরাই, আড্ডা।
পথিকাশ্রয়, (পথিক-আশ্রয়) পান্থলোকের আশ্রয়স্থান; পথিক শালা। [স্থিত বৃক্ষ।
পথিদ্রুম, খদিরবৃক্ষ; শাদা খয়ের; পথ-
পথিবাহক, নিষ্ঠুর; ভারবাহক।
পথিল, পথিক, পান্থ, পথস্থ।
পথী, পথাবলম্বী; পথিক, পান্থ।

পথ্য, (পথিন) চিকিৎসার হিতকারক ; রোগির বিহিত আহার ; হিত। [ভোজী।
পথ্যভোক্তা, (পথ্য-ভোক্তৃ) পথ্যাশী, পথ্য-
পথ্যা, হরীতকী ফল। [খাদ্যদ্রব্য।
পথ্যাপথ্য, (পথ্য-অপথ্য) রোগির হিতাহিত
পদ, (পদ) চরণ, পাদ ; স্থান ; চিহ্ন ; ব্যবসায় ; গীত ; মহিমা ; শব্দ ; বাক্য।
পদক, (পদ) পদজ্ঞাতা ; স্বনাম খ্যাত কণ্ঠভূষণ বিশেষ। [মন কারী।
পদগ, (পদ-গম) পদাতিক ; পদ দ্বারা গ-
পদচ্যুত, মহিমা ভ্রষ্ট, স্থান ত্যক্ত।
পদতল, চরণের অধোভাগ, পায়ের তালুয়া
পদন্যাস, শব্দ রচনা ; পদক্ষেপ।
পদবী, (পদ) পদ্ধতি, উপাধি ; পন্থা, পথ।
পদব্রজ, পদদ্বারা গমন, পায়ে চলন।
পদভঞ্জন, গূঢ়ার্থ শব্দের ব্যাখ্যা করণ ; পদভঙ্গ করণ। [বিবৃতি।
পদভঞ্জিকা, পঞ্জিকা, পাঁজি ; টীপ্পনী ; টীকা,
পদভ্রষ্ট, পদচ্যুত, পদভ্রংশ, স্থান ত্যক্ত।
পদমালা, মোহিনীবিদ্যা ; পদসমূহ।
পদরথী, (পদ-রথ), পরিধেয় বস্ত্র ; পাদাবরণ, মোজা। [প্রাপ্ত ; ভার প্রাপ্ত।
পদস্থ, (পদ-স্থা) কর্ম্মে নিযুক্ত ; মহিমা
পদহর, (পদ-হৃ) শব্দ চোর ; পদহানি।
পদাঘাত, (পদ-আঘাত) পদ দ্বারা প্রহার
পদাঙ্ক, (পদ-অঙ্ক) পদচিহ্ন, পায়ের দাগ।
পদাঙ্গুলি, (পদ-অঙ্গুলি) পায়ের অঙ্গুল।
পদাঙ্গুষ্ঠ, (পদ-অঙ্গুষ্ঠ) পায়ের বৃদ্ধাঙ্গুলি, পায়ের বুড়া আঙ্গুলী।
পদাজি, পদাতিক, পদব্রজে যুদ্ধকারি সেনা
পদাতি, (পদ) পদাতিক, পদদ্বারা গমনকারি সেনা ; পেয়াদা।
পদাতিক, (পদ) পেয়াদা ; পদদ্বারা গমনকারি সেনা। [পদ সঙ্কেত।
পদান, সংকীর্ত্তন, স্তব করণ, প্রশংসাকরণ ;
পদানত, (পদ-আনত) পদতলে পতিত ; নিতান্ত বশীভূত। [মুহু ; ভুম্বন।
পদাবলী, (পদ-আবলী) পদশ্রেণী ; পদস-
পদার, পদধূলি, চরণরজ, পাদরেণু।
পদারবিন্দ (পদ-অরবিন্দ) পাদপদ্ম, কমল-তুল্য চরণ।
পদার্থ, (পদ-অর্থ) বস্তু, দ্রব্য ; পৃথিব্যাদি-সাত ; পদের তাৎপর্য্য, শব্দের প্রতিপাদ্য
পদার্পণ, (পদ-অর্পণ) চরণ ন্যাস, পদক্ষেপ।

পদাসন, (পদ-আসন) পাদপীঠ, পা রাখা টুল
পদিক, পদাতিক, পদব্রজে গমনকারি সেনা
পদী, (পদ) নৌকার পরিমাণ ; পদবিশিষ্ট
পদীপ, (প্রদীপ) দীপ, আলোকাধার।
পদুয়া, (পদ) পদসাধক, পদজ্ঞ।
পদুয়াবিক্রয়, থোকে বিক্রয়, একেবারে বেচা। [সর্ব্বত্র।
পদে২, (পদ) প্রত্যেক স্থানে ; প্রতি শব্দে ;
পদো, (পদ) পদজ্ঞ, পদসাধক।
পদ্ধী, (পদ) পদ্ধতি, উপাধি, পদবী।
পদ্ধতি, (পদ-হন) বর্ত্ম, পথ ; পংক্তি, শ্রেণী পদবী, উপাধি।
পদ্ধতী, উপাধি, পথ ; শ্রেণী।
পদ্ম, (পদ) উৎপল, পঙ্কজ, কমল ; সংখ্যা বিশেষ ; ব্যূহবিশেষ। [বিন্দু সমূহ।
পদ্মক, বিন্দুজালক ; হস্তির মুখাদিতে স্থিত
পদ্মকন্দ, শালুক ; পদ্মমূল।
পদ্মকলিকা, পদ্মমুকুল, অপ্রস্ফুটিত কমল
পদ্মকাষ্ঠ, ঔষধ বিশেষ ; পদ্মবৃক্ষ।
পদ্মকীকী, ভূর্জ্জবৃক্ষ।
পদ্মকেশর, কিঞ্জল্ক, পদ্মের পাবড়ী।
পদ্মগন্ধ, পদ্মপুষ্পের তুল্য সুগন্ধি।
পদ্মগর্ভ, ব্রহ্মা, প্রজাপতি।
পদ্মজন্মা, ব্রহ্মা ; পদ্ম হইতে উৎপন্ন।
পদ্মতন্তু, মৃণাল, পদ্মের ডাঁটি।
পদ্মনাভ, বিষ্ণু, নারায়ণ
পদ্মনাল, মৃণাল, পদ্মের ডাটা।
পদ্মনেত্র, পদ্মপুষ্পের দলসদৃশ চক্ষুবিশিষ্ট।
পদ্মপর্ণ, পদ্মপত্র, পদ্মপাতা।
পদ্মপলাশলোচন, শ্রীকৃষ্ণ, বিষ্ণু।
পদ্মপাণি, ব্রহ্মা ; সূর্য্য ; পদ্মহস্ত।
পদ্মপ্রিয়া, মনসাদেবী ; জরৎকারু মুনি-পত্নী ; আস্তিকমুনির মাতা।
পদ্মবন্ধ, চিত্রকাব্য বিশেষ।
পদ্মবন্ধু, ভ্রমর, অলি ; সূর্য্য, দিবাকর।
পদ্মবাসা, লক্ষ্মী, কমলা।
পদ্মভূ, ব্রহ্মা, বিধাতা, প্রজাপতি।
পদ্মমুখী, (পদ্ম-মুখ) যে স্ত্রীলোকের পদ্মের ন্যায় সুশোভন মুখ।
পদ্মযোনি, ব্রহ্মা, প্রজাপতি, হিরণ্যগর্ভ।
পদ্মরাগ, মণিবিশেষ, চুণী।
পদ্মলাঞ্ছন, সূর্য্য ; কুবের ; রাজা ; ব্রহ্মা।
পদ্মলাঞ্ছনা, তারা, লক্ষ্মী ; সরস্বতী।
পদ্মলোচন, পদ্মের ন্যায় চক্ষু বিশিষ্ট।

পয়োগড়, ঘন, উপল, দ্বীপ।
পয়োজন্মা, মেঘ, জলধর, বারিদ।
পয়োধর, (পয়স-ধৃ) মেঘ, স্তন; নদী।
পয়োধি, (পয়স-ধি) সাগর, সমুদ্র, বারিনিধি
পয়োধিক, সমুদ্র ফেণা।
পয়োনিধি (পয়-নি-ধ) সমুদ্র, সাগর।
পয়োর, খদির, খয়ের।
পর, (পৃ) অন্য, উত্তর, ভিন্ন; দূর, উত্তর
অনাত্মীয়, শত্রু; প্রধান, উৎকৃষ্ট, শ্রেষ্ঠ
অধিক, পশ্চাৎ।
পরঃশত, শতাধিকসংখ্যা, শতোত্তীর্ণ।
পরশ্বঃ, শ্বঃ পরদিন; পরশু।
পরঃসহস্র, সহস্রাধিক সংখ্যা।
পরকল, (পর-কল) স্বচ্ছ মৃত্তিকাবিশেষ, দর্পণ [বলোক।
পরকাল, উত্তরকাল; শেষকাল; পরত্র, পর-
পারকীয়, (পর) অন্যসম্বন্ধীয়, ভিন্নবিষয়।
পরকীয়া, (পর) অন্যদীয় যোষা; পর পুরুষগামিনী স্ত্রী।
পরখ, (পরীক্ষা) পর্য্যালোচনা; পরখাই।
পরখাই, (পরীক্ষা) পরীক্ষা করণ, বিবেচনা করণ।
পরগণা, (ফা) প্রদেশ ও কলা।
পরগ্রন্থ, অন্য অপর্ক আকুলব পাব।
পরচালা, পরছতী, চালের প্রান্ত ভাগ।
পরচুল, ভিন্নকেশ, কৃত্রিমকেশ শণ দি নির্ম্মিত চুল।
পরচ্ছন্দ, পরাধীন পরায়ত্ত। নি, আলায়া।
পরচ্ছায়া, ভিন্নচ্ছায়া, অপদেবতা, ভূতযো
পরচ্ছিদ্র, পরদোষ পরের গ্লানি।
পরছন্দ, (পর-ছদ) চালের শেষভাগ, পরচালা। [বিশেষ।
পরজ, (পর-জন) অন্যদ্বারা উৎপন্ন; রাগিণী
পরজাত, অন্যদ্বারা উৎপন্ন; অন্যকর্ত্তৃক পালিত। [অন্যের জয়করা।
পরজিৎ পরপুষ্ট শত্রু কর্ত্তৃক পরাভূত,
পরজু, তৈলযন্ত্র, ঘানি, কেলা।
পরঞ্জন, বরুণ, জলাধিপতি।
পরঞ্জয় শত্রু জয়কর্ত্তা, বরুণ।
পরণ (পর) বস্ত্রাদি পরিধান কার্য্য [বিষয়
পরতঃ (পর) অন্যতঃ অন্যাঙ্কুতে, ভিন্ন-
পরতন্ত্র, পরাধীন, অন্যবশ।
পরতল, বস্ত্রের জালী, কাপা।
পরত্র, (পর) অন্যত্র, পরকাল।

পরত্রভীরু, ধার্ম্মিক, পরকালের ভয়শীল।
পরদার, পরস্ত্রী, পর জায়া, মৈথুন।
পরদারগমন, পরস্ত্রী গমন, পর নারীহরণ।
পরদারগামী, ব্যভিচারী, লম্পট, পরস্ত্রী-গমনকারী।
পরদারী, ব্যভিচারী, কামুক, লম্পট।
পরদুঃখ, অন্য জনের পীড়া, অন্যের ক্লেশ।
পরদ্রোহ, পরানিষ্ট, পরপীড়ন, পরের মন্দ করণ।
পরদেশ, ভিন্নদেশ; প্রবাস।
পরদ্বেষী (পর-দ্বিষন) বিদূষক; পরের হিংসাকারী। [ষ্ট কারক, বিদূষক।
পরদ্বেষ্টা, (পর-দ্বিষ্ট) পর হিংসক, পরা নি-
পরন্তপ পরতাপী, পরপীড়ক।
পরন্তু, (পরং-তু) অধিকন্তু, অপর।
পরপত্রগ, (পর-পত্র-গম) সঙ্কেত বাক্য, কপটবাক্য।
পরপদ, ভিন্ন পদ, শ্রেষ্ঠ স্থান মুক্তিস্থল।
পরপর উত্তরোত্তর, ভিন্ন২; ক্রমে২।
পরপাকনিবৃত্ত, পরান্ন ত্যাগী।
পরপাকরত, পরপাকেতে যাহার রুচি, পরান্নে প্রবৃত্তিশালী।
পরাপিণ্ডাদ, পরান্নোপজীবী, পরান্নভোগী।
পরপুর প্রবেশক, কুহক, ভেল্কী, পরগৃহে গমনকারী।
পরপুরুষ, বিষ্ণু, অন্য পুরুষ, পর-নায়ক।
পরপুষ্ট, কোকিল, পিক, অন্যভৃত।
পরপুষ্টমহোৎসব আম্র, সহকার; আম।
পরপুষ্টা, (পর-পুষ্ট) গণিকা, বেশ্যা, পরাশ্রয়া, পরগাছা।
পরপূর্ব্বা, যে স্ত্রীর অন্য একজন স্বামী পূর্ব্বে ছিল, অন্যপূর্ব্বা দ্বিরূঢ়া।
পরপ্রতিনপ্তা, (পর-প্রতি-নপ্তৃ) বৃদ্ধ প্রপৌত্র, প্রপৌত্রের পুত্র।
পরপ্রপৌত্র, বৃদ্ধপ্রপৌত্র, প্রপৌত্রের পুত্র
পরব, (পর্ব্ব) উৎসব, আহ্লাদজনক ক্রিয়া
পরবঞ্চক, পরপ্রতারক, পরপ্রবঞ্চক, শঠ, ধূর্ত্ত।
পরবশ, অন্যের বশ, যুক্ত; পরাধীন, পরতন্ত্র
পরবাণি ধর্ম্মাধ্যক্ষ, বৎসর; অসুর।
পরবাঞ্ছিত, অন্যের অভিলাষ; পরের ইচ্ছিত
পরবান্, পরাধীন, পরাশ্রিত, অনুবর্ত্তী।
পরব্রত, রাজা ধৃতরাষ্ট্র।
পরব্রহ্ম, (পর-ব্রহ্মন্) পরমাত্মা, পরম পুরুষ

পরভাগ, গুণোৎকর্ষ, সুসম্পত্তি ; ভাগ্য।
পরভুক্তা, অন্যপুরুষ সম্ভোগবিশিষ্টা, পর-
পুরুষ রতা।
পরভৃৎ, কাক, বায়স।
পরভৃত, কোকিল, অন্যপুষ্ট ; পরপোষিত
পরম (পর-মা) উৎকৃষ্ট, প্রধান, আদ্য, শ্রেষ্ঠ
পরমগতি, মুক্তি, মোক্ষ ; উৎকৃষ্ট গতি।
পরমপদ, শ্রেষ্ঠস্থান ; উত্তমপদ ; মুক্তিপদ ;
পরদেবতার ধাম।
পরমপুরুষ, পরমাত্মা, বিষ্ণু।
পরমব্রহ্ম, পরমেশ্বর, পরমাত্মা, নারায়ণ।
পরমলাভ, মুক্তিলাভ ; উত্তম লাভ।
পরমহংস, সন্ন্যাসি বিশেষ, যোগী।
পরমাণু (পরম-অণু) অতিসূক্ষ্ম বস্তু, কণামাত্র
পরমাণ্বঙ্গক, (পরমাণু-অঙ্গ) বিষ্ণু, জনার্দ্দন
পরমাত্মা, (পরম-আত্মন) পর ব্রহ্ম, পরম
দেবতা। [নারায়ণ।
পরমাদ্বৈত, (পরম-অদ্বৈত) বিষ্ণু, পরব্রহ্ম,
পরমান্ন, (পরম-অন্ন) পায়স, দুগ্ধ পক্কান্ন।
পরমায়ু, (পরম-আয়ুস) জীবিতকাল, আয়ু
পরমার্থ, (পরম-অর্থ) উৎকৃষ্ট বস্তু, যথার্থ ;
তত্ত্ববিষয়।
পরমৃত্যু, কাক, বায়স। [বিষ্ণু।
পরমেশ্বর, (পরম-ঈশ্বর) পরব্রহ্ম ; শিব ;
পরমেশ্বরী, পরমেশ্বরের শক্তি ; পরদে-
বতা, ব্রহ্মরূপিণী।
পরমেষ্ঠী, ব্রহ্মা, পিতামহ ; শালগ্রামবিশেষ
পরম্পর, (পর-পর) প্রপৌত্রপুত্র, বৃদ্ধপ্র-
পৌ ; মৃগবিশেষ।
পরম্পরা, (পর) অন্বয় বংশ, সন্তান ; অনু-
ক্রম, ক্রমেং, আনুপূর্ব্বী ; বধ, হিংসা
পরম্পরাক, যজ্ঞার্থ পশুবধ।
পরম্পরাগত, (পরম্পরা-আগত) ক্রমাগত,
ক্রমেং প্রাপ্ত। [অন্যান্য দ্বারা।
পরম্পরায়, ক্রমেং ; আনুপূর্ব্বী অনুসারে ;
পরম্পরায়াত, (পরম্পরা-আয়াত) পরম্পরা
গত, ক্রমাগত, ক্রমেং প্রাপ্ত।
পরম্পরীণ, পরম্পরা প্রাপ্ত, ক্রমাগত।
পরলোক, অন্যলোক, স্বর্গাদি ; লোকান্তর
পরলোকগমন, মৃত্যু, মরণ, নিধন, লোকা-
ন্তর গমন। [মণি, পরশপাতর।
পরশ, (স্পৃশ) স্পর্শ ; রত্নবিশেষ ; পরশ-
পরশাড়া, (পর-আশ্রয়) লতাবিশেষ ; স্তাবক
পরশু, (পর-শৃ) কুঠার, কুড়ালি।
পরশুধর, গণেশ ; কুঠারধারী।
পরশুরাম, ভগবানের অবতার বিশেষ ;
ষোড়শ অবতার।
পরশ্ব, (পর-শ্বস) শ্বঃ পর দিন, আগামী
তৃতীয় দিবস।
পরশ্বধ, (পরশু) কুঠার, কুড়ালি।
পরসংজ্ঞক, আত্মা, জীব।
পরস্ত, (পর-অস) ছন্দোবিশেষ।
পরস্বধ, কুঠার, কুড়ালি।
পরস্পর, (পর) অন্যোন্য ; ইতরেতর।
পরক্ষেত্র, পরপত্নী ; পর শরীর ; পরভূমি,
অন্যের ক্ষেত।
পরা, বিমোক্ষ ; প্রাধান্য ; আভিমুখ্য ;
বিক্রম, গতি ; বধ ; উপসর্গ বিশেষ ; ভঙ্গ
অনাদর ; ক্ষুদ্র ; রোগবিশেষ ; জন্তুবিশেষ
পরাক, (পর-অক) ব্রত বিশেষ ; খড়্গ ;
পরাকপুষ্পী, অপামার্গবৃক্ষ, আপাংগাছ।
পরাক্রম, (পরা-ক্রম) শক্তি, বীর্য্য, বিক্রম,
প্রতাপ। [রহিত, দুর্ব্বল।
পরাক্রমশূন্য, শক্তিহীন, নির্বীর্য্য, প্রতাপ-
পরাক্রমী, বীর্য্যবান্, বিক্রমী, প্রতাপান্বিত,
বলবান। [বিক্রমশালী।
পরাক্রান্ত, (পরা-ক্রম) বীর্য্যবান, শক্তিমান্,
পরাগ, (পরা-গম) পুষ্পরেণু, পুষ্পধূলি।
পরাঙ্গদ, শিব, মহেশ, মহাদেব।
পরাঙ্গব, সমুদ্র, পয়োনিধি ; জলধি।
পরাঙ্মুখ, (পরাক্-মুখ) বিমুখ, বহির্মুখ।
পরাচিত, পরপুষ্ট, পরদ্বারা প্রতিপালিত।
পরাচীন, পরাঙ্মুখ, বিমুখ।
পরাজয়, (পরা-জি) পরাভব, ভঙ্গ, হারি।
পরাজয়ী, (পরাজয়) পরাজিত, পরাস্ত, হারা
পরাজিত, (পরা-জি) কৃতপরাজয়, হারিত,
পরাভূত, বিজিত, নির্জ্জিত। [করণোপযুক্ত
পরাজেয়, (পরা-জি) পরাজিত ; পরাজয়
পরাঞ্জ, তৈলযন্ত্র, ঘানি ; ফেনা।
পরাণ, (পরা) বস্ত্রাদি পরিধান করাণ ; প্রাণ
জীবন। [ক্লী, পরমাত্মা, পরমেশ্বর।
পরাৎপর, (পরাৎ-পর) শ্রেষ্ঠ হইতেও শ্রে-
পরাৎপ্রিয়, তৃণবিশেষ, উলুখড়। [ষ্ঠ বান।
পরাধীন, (পর-অধীন) পরবশ, পরতন্ত্র, না-
পরানস, চিকিৎসা, রোগ প্রতিকার।
পরান্ন, (পর-অন্ন) পরের অন্ন, অন্য স্বামিক
অন্ন, পরভক্ত ; পরপিণ্ড
পরান্নভোক্তা, অন্যের অন্নে উপজীবী

পরান্নভোজী, পর পোষিত, পরান্নে প্রতিপালিত, পর পিণ্ডাদ।

পরান্নোপজীবী, (পরান্ন-উপজীবিন্) পরপিণ্ডাদ, পরান্নভোজী, পরের অন্নে জীবিত।

পরাপবাদ, (পর-অপবাদ) পরনিন্দা, অন্যের কুৎসা, পরগ্লানি।

পরাপর, পর এবং অপর।

পরাপরগুরু, গুরু বিশেষ গুরুর গুরু।

পরাবজ্ঞ, (পর-অবজ্ঞা) তুচ্ছকারী; ঘৃণাকারী; অবহেলক, অবজ্ঞাতা।

পরাবজ্ঞা, ঘৃণা; অতিশয় তুচ্ছতা।

পরাবর্ত, (পরা-বৃৎ) পরিবর্ত্ত, বিনিময়।

পরাবর্ত্তন, (পরা-বৃৎ) প্রত্যাগমন, পুনরাগমন, ফিরণ।

পরাবর্ত্তনীয়, পরাবর্ত্ত্য, প্রত্যাগমন যোগ্য

পরাবহ, সপ্ত বায়ুর অন্তর্গত সপ্তমবায়ু, পরিবহ বায়ুর উৰ্দ্ধস্থ বায়ু।

পরাবৃত্ত, (পরা-বৃৎ) পুনরাগত, প্রত্যাগত।

পরাবৃত্তি, (পরা-বৃৎ) প্রত্যাগমন, পুনরাগমন।

পরাভব, (পরা-ভু) পরাজয়, হারণ, পরিভব তিরস্কার; উৎপাত; বিনাশ। [জিত, হারা।

পরাভূত, (পরা-ভু) পরাজিত, পরাস্ত, নি-

পরামনন, (পরা-মন) চিন্তন, অনুতাপ; অধর্ম্ম করিয়া পশ্চাত্তাপ। [না; বিতর্ক।

পরামর্শ, (পরা-মৃশ) মন্ত্রণা; যুক্তি; বিবেচ-

পরামর্শী, (পরা-মৃশ) মন্ত্রী; পরামর্শ দাতা, যুক্তি দায়ক। [না পত।

পরামাণিক, (প্রামাণিক) ক্ষৌর জাতিরকর্ত্তা;

পরামৃত, বর্ষণ, বৃষ্টি।

পরামৃষ্ট, (পর-আমৃষ্ট) সম্বদ্ধ, সম্বদ্ধযুক্ত; বিবেচিত, পরামর্শ করা।

পরায়ণ, (পর-অয়) তৎপর, নিপুণ; আশ্রিত

পরারি, (পর-অরি) পূর্ব্বতর বৎসর, গত তৃতীয়বর্ষ, পর শত্রু।

পরারু, কারবেল্ল, করলা।

পরারুক, প্রস্তর, শিলা, পাষাণ, পাতর।

পরার্থ, (পর-অর্থ) পরের নিমিত্ত, স্বার্থ ভিন্ন। [নিমিত্ত কথা কহে।

পরার্থবাদী, (পরার্থ-বাদিন্) যে অন্যের

পরার্দ্ধ, লক্ষ কোটি; শেষ সংখ্যা।

পরার্দ্ধ্য, প্রধান, শ্রেষ্ঠ, সর্ব্বোৎকৃষ্ট।

পরাশর, ব্যাসপিতা শক্তিমুনি পুত্র।

পরাশরী, চতুর্থাশ্রমী, ভিক্ষু।

পরাশ্রয়, (পর-আশ্রয়) পরাবলম্বন, পরাধীনতা গ্রহণ। [তা।

পরাশ্রয়া, বৃক্ষোপরি জাত লতা, পর সেব-

পরাশ্রিত, অন্যের আশ্রয়ে স্থিত, পরাধীন, পরবশ।

পরাসন, মারণ, হনন, বধ।

পরাসু, মৃত, মরা, গত প্রাণ।

পরাসুতা, মৃতত্ব, মরণ; নিদ্রাপরবশতা।

পরাসেধ, (পর-আসেধ) অন্যকর্ত্তৃক আসেধিত, অন্য দ্বারা বন্দীকৃত।

পরাস্কন্দী, চোর তস্কর, অপহারক। [হারা।

পরাস্ত, (পরা-অস) পরাজিত, পরাভূত,

পরাহ, (পর-অহন) পরদিন, পরদিবস।

পরাহ্ণ, অপরাহ্ণ, বিকাল।

পরি, উপসর্গ, নিশেষ, সর্ব্বতোভাব; শেষ।

পরিকথা, কাব্য বিশেষ।

পরিকম্প, ভয়; কম্পন, কাঁপা।

পরিকর, কটি বন্ধন, কোমর বাঁধ; পর্য্যঙ্ক, খট্টা, খাট; পরিবার; সমারম্ভ, সমূহ; সহকারী। [সংস্কার।

পরিকর্ম্ম, (পরি-কর্ম্মন) কুঙ্কুমাদি দ্বারা অঙ্গ

পরিকর্ম্মী, পরিচারক, সেবক।

পরিকল্পনা, (পরি-কৢপ) উপায় চিন্তা; চেষ্টা

পরিকল্পিত, নির্দ্ধারিত, স্থিরীকৃত।

পরিকাঙ্ক্ষিত, তপস্বী, যোগি, মুনি।

পরিকীর্ত্তন, (পরি-কৄৎ) প্রস্তাব; গল্প; প্রতিষ্ঠা করণ, সর্ব্ব প্রকারে প্রশংসন।

পরিকীর্ত্তিত, (পরি-কৄৎ) প্রকাশিত, কথিত প্রস্তাবিত, প্রতিষ্ঠিত। [চার, প্রদক্ষিণ।

পরিক্রম, ক্রীড়ার্থ পাদ দ্বারা গমন, পাদবি-

পরিক্রমসহ, অজ, ছাগ, ছাগল।

রিক্রিয়া, পরিখার জলাদি দ্বারা বেষ্টন।

পরিখা, (পরি-খন) রাজধান্যাদি বেষ্টন খাত, গড়খাই।

পরিখ্যাত, বিখ্যাত, প্রথিত, প্রসিদ্ধ।

পরিগণিত, (পরি-গণ) সর্ব্বতোভাবে গণনা করা, সংখ্যা করা, গণা।

পরিগত, (পরি-গম) প্রাপ্ত, পাওয়া; জ্ঞাত, বিদিত, জ্ঞাত; চেষ্টিত; বেষ্টিত।

পরিগৃহীত, (পরি-গ্রহ) স্বীকৃত, গ্রহণ করা

পরিগৃহ্যা, নারী; স্ত্রী, বনিতা।

পরিগ্রহ, আদান, স্বীকার, প্রতিগ্রহ, গ্রহণ পরিজন, পরিবার; পত্নী; শপথ, দিব্য।

পরিগ্রাহ, যজ্ঞবেদিবিশেষ।

পরিঘ, (পরি-হন্) লৌহবদ্ধ লগুড়, লোহময়যষ্টি, গদা, মুদগর; শূল; অর্গল, হুড়কা।
পরিঘাত, অস্ত্র; হনন; আঘাত।
পরিঘাতন, সর্ব্বতোভাবে হনন; পরিঘ, অস্ত্র দ্বারা প্রহার করণ।
পরিঘোষ, শব্দ; মেঘশব্দ; অবাচ্য।
পরিচয় (পরি-চি) বিশেষ রূপে জ্ঞান; জানা, চেনা, আলাপ।
পরিচরিত, (পরি-চর) সেবিত, শুশ্রূষিত
পরিচর্য্যা, (পরি-চর) সেবা, শুশ্রূষা; উপাসনা
পরিচায়ক, (পরি-চি) জ্ঞাপক, বোধক, আলাপক, যাহার দ্বারা পরিচয় পাওয়াযায়।
পরিচায্য, যজ্ঞীয় অগ্নিবিশেষ।
পরিচারক, (পরি-চর) ভৃত্য, সেবক, চাকর শুশ্রূষাকারী। [যোগ্য।
পরিচার্য্য, সেবা, সেবনীয়; শুশ্রূষাকরিবার
পরিচিত, (পরি-চি) পরিচয়বিশিষ্ট, জ্ঞাত, চেনা। [র উপযুক্ত।
পরিচেয়, (পরি-চি) পরিচয় যোগ্য, চিনিবা-
পরিচ্ছদ, (পরি-ছদ) বস্ত্র; বেশ; বসন ভূষণাদি; পরিধান, আচ্ছাদন; পোষাক।
পরিচ্ছন্দ (পরি-ছদ) পরিচ্ছদ, বস্ত্র, পোষাক
পরিচ্ছন্ন (পরি-ছদ) পরিহিত, সমাচ্ছাদিত, পরিষ্কৃত, পরিশুদ্ধ। [নিষ্পত্তি।
পরিচ্ছিত্তি (পরি-ছিদ) ব্যবধান; বিচ্ছেদ;
পরিচ্ছিন্ন (পরি-ছিদ) সীমাবদ্ধ, পরিমিত পরিচ্ছেদ বিশিষ্ট অবধিযুক্ত।
পরিচ্ছেদ, (পরি-ছিদ) সীমা; শেষ; বিভাগ; প্রকরণ; ব্যবধান।
পরিজন, পরিবার; পুত্র কলত্রাদি পোষ্যবর্গ; স্বজন। [অনল, বহ্নি।
পরিজন্মা, নিশাকর, চন্দ্র, শশাঙ্ক; অগ্নি
পরিজবা, দেবরাজ, ইন্দ্র; অগ্নি, বহ্নি।
পরিজ্ঞাত, (পরি-জ্ঞা) জানিত, বিদিত, অবগত, বিশেষরূপে জ্ঞাত।
পরিজ্ঞান, (পরি-জ্ঞা) নিশ্চয় বোধ, সর্ব্বতোভাবে অবগতি; বিশেষরূপে জানা।
পরিজ্ঞাপন, (পরি-জ্ঞা) জ্ঞাত করাণ, জানান; প্রত্যয় করাণ, বিশ্বাস জন্মান।
পরিডীনক, পক্ষির গতি বিশেষ।
পরিণত, (পরি-নম) পরিণাম প্রাপ্ত, পক্ক, পাকা; সর্ব্বতোভাবে নত। [হওন।
পরিণতি, (পরি-নম) পরিণাম, পাকন, শেষ
পরিণয়, (পরি-নী) বিবাহ, দারপরিগ্রহ।

পরিণয়ন (পরি-নী) বিবাহকরণ, পাণিগ্রহণ
পরিণাম, (পরি-নম) অবস্থান্তর প্রাপ্তি; বিকার; ভাবান্তর প্রাপণ; উত্তরকাল; শেষ। [দর্শী।
পরিণামদর্শক, বিজ্ঞ, দূরদর্শক; পরকাল-
পরিণামদর্শী, দূরদর্শী, বিজ্ঞ; পরকালদর্শী; শেষদর্শক।
পরিণামবিরুদ্ধ অস্বাভাবিক; শেষবিরুদ্ধ।
পরিণামশূল, রোগবিশেষ।
পরিণাহ, (পরি-নহ) পরিসর, বিস্তার, ওসার চৌড়া; বিশালতা।
পরিণীতা, (পরি-নী) বিবাহিতা, ঊঢ়া পাণিগৃহীতা। [পতি।
পরিণেতা, (পরি-নী) বিবাহকর্ত্তা, ভর্ত্তা
পরিতঃ সর্ব্বতঃ, চতুর্দ্দিকে। [মনস্তাপিত
পরিতপ্ত, (পরি-তপ) সন্তাপিত, দুঃখিত,
পরিতাপ, (পরি-তপ) মনস্তাপ, সন্তাপ, ক্লেশ, দুঃখ, শোক; অতিশয় উষ্ণ।
পরিতুষ্ট, (পরি-তুষ) সন্তুষ্ট, আহ্লাদিত, আনন্দিত।
পরিতুষ্টি, সন্তোষ, তৃপ্তি, আহ্লাদ।
পরিতোষ (পরি-তুষ) হর্ষ, তৃপ্তি; সন্তোষ; আহ্লাদ। [হর্ষজনক।
পরিতোষজনক, সন্তোষজনক; তৃপ্তিকর
পরিত্যাগ (পরি-ত্যজ) সর্ব্বতোভাবে বিসর্জ্জন, বর্জ্জন, ত্যাগ।
পরিত্যাগী, পরিত্যাগ কর্ত্তা, বিবর্জ্জক।
পরিত্রাণ, (পরি-ত্রৈ) মারণোদ্যত হইতে রক্ষাকরা, রক্ষণ; মোচন; নিষ্কৃতি।
পরিত্রাতা, (পরি-ত্রৈ) নিস্তারক; রক্ষক, মোচন কর্ত্তা। [কর্ত্তা, রক্ষক।
পরিত্রায়ক, (পরি-ত্রৈ) নিস্তারক, পরিত্রাণ-
পরিদান (পরি-দা) পরিবর্ত্ত, বিনিময়, বদল।
পরিদেবন, (পরি-দিব) অনুশোচন, অনুতাপ, পশ্চাত্তাপ, পশ্চাত্তান
পরিদেবনা, (পরি-দিব) শোকনিমিত্ত বিলাপ; পশ্চাত্তাপ; বিবেচনা; পরিণামে চিন্তা; পশ্চাদ্ভাবনা। [বসন, অধোংশুক
পরিধান, (পরি-ধা) বস্ত্রাদি ধারণ; পরিধেয়
পরিধাপন, (পরি-ধা) পরিধানকরান; পরান
পরিধাবন, (পরি-ধাব) পশ্চাতে দ্রুত গমন; ধাবন, দৌড়ন; বিবেচন; চিন্তন
পরিধান পরিচ্ছদ; নিতম্ব, পাছা। [মণ্ডল
পরিধি, (পরি-ধা) বেষ্টন, বেড়; চন্দ্রসূর্য্য

পরিধেয়, (পরি-ধা) পরিধানীয় বস্ত্রাদি, পরিধানের উপযুক্ত ; ধারণ যোগ্য।
পরিপক্ক, (পরি-পচ) সুপক্ক ; পাকা, পটু নিপুণ ; উপযুক্ত, যোগ্য ; দক্ষ।
পরিপক্কতা, নৈপুণ্য, পটুতা, পারগতা।
পরিপণ, মূলধন, পুঁজি ; জমা।
পরিপন্থিক, শত্রু, বৈরী, অরি।
পরিপন্থী (পরি-পথ) শত্রু, বৈরী, বিপক্ষ।
পরিপাক, (পরি-পচ) জীর্ণতা ; পক্কতা ; পরিণাম।
পরিপাটী, (পরি-পট) অনুক্রম, আনুপূর্ব্বিক, যথাক্রম ; পরিষ্কার ; উত্তম ; অঙ্কবিদ্যা
পরিপালন, (পরি-পাল) প্রতিপালন, পোষণ ; রক্ষণ, রক্ষাকরণ।
পরিপালক, প্রতিপালক, রক্ষকর্ত্তা, রক্ষক
পরিপালিত, রক্ষিত ; প্রতিপালিত ; আশ্রিত।
পরিপিষ্টক, সীসক, সীসা।
পরিপূত, পবিত্র, শুদ্ধ ; নিস্তুষ ধান্য।
পরিপূর্ণ, (পরি-পূর) সম্পূর্ণ ; পুরিত ; ভরা প্রচুর, যথেষ্ট।
পরিপূর্ণতা, সম্পূর্ণতা ; সাঙ্গতা।
পরিপেলব, কোমল, নরম ; কৈবর্ত্তীমুস্তা, মুথাবিশেষ।
পরিপ্লব, চঞ্চল, অস্থির, চপল।
পরিপ্লুতা, মদিরা, সুরা, মদ্য।
পরিবর্জ্জন, (পরি-বৃজ) পরিহার, ত্যাগ, ছাড়া ; রহিত করণ, নিরাকরণ। [কৃতরহিত
পরিবর্জ্জিত, (পরি-বৃজ) ত্যক্ত, নিরাকৃত ;
পরিবর্ত্ত, (পরি-বৃৎ) বিনিময়, বদল ; কূর্ম্মরাজ ; যুগান্ত। [মুণ্ডন, বদলান।
পরিবর্ত্তন, বিনিময় করণ, পরস্পর বদলি-
পরিবর্ত্তী, বিনিময়কারী, বদলকারী।
পরিবর্ত্তে, (পরিবর্ত্ত) বিনিময়ে, বদলে।
পরিবর্হ, পরিচ্ছদ ; আচ্ছাদন ; পোষাক।
পরিবসথ, গ্রাম, জনস্থান।
পরিবাদ, (পরি-বদ) অপবাদ, নিন্দা ; বীণা বাদন যন্ত্র। [ন্দক।
পরিবাদক, (পরি-বদ) পরিবাদ কর্ত্তা, নি-
পরিবাদিনী, সপ্ততন্ত্রী যুক্ত বীণা ; পরিবাদকারিণী স্ত্রী। [নিন্দিত ; দুর্নামগ্রস্ত।
পরিবাদী, (পরি-বদ) নিন্দক, অপবাদ কর্ত্তা
পরিবাপ, (পরি-বপ) বপন, মুণ্ডন ; পরিচ্ছদ
পরিবাপন, মুণ্ডন, বপন, মুণ্ডান।

পরিবাপিত, মুণ্ডিত, কৃতমুণ্ডন, নেড়া।
পরিবার, (পরি-বৃ) পরিজন ; স্বজন ; খড়্গকোষ, তরবারের খাপ।
পরিবিত্তি, (পরি-বিদ) আপনি অকৃত বিবাহ থাকিতে যাহার কনিষ্ঠ বিবাহ করে।
পরিবিন্ন, (পরি-বিদ) জ্যেষ্ঠ ভ্রাতার বিবাহ না হইতে যে কনিষ্ঠের বিবাহ হয়।
পরিবৃঢ়, অধিপ, প্রভু, স্বামী।
পরিবৃত, (পরি-বৃ) আবৃত, বেষ্টিত, ঘেরা ; অন্বিত, মিলিত, যুক্ত।
পরিবেত্তা, (পরি-বিদ) জ্যেষ্ঠ অবিবাহিত থাকিতে বিবাহ কর্ত্তা কনিষ্ঠ।
পরিবেদন, (পরি-বিদ) জ্যেষ্ঠের বিবাহ না হইতে কনিষ্ঠের বিবাহ বা অগ্ন্যাধান ; সর্ব্বতোভাবে জ্ঞান।
পরিবেদনা, (পরি-বিদ) অতিশয় ব্যথা অনুতাপ ; বিবেচনা ; জ্ঞানালোচনা।
পরিবেশ, (পরি-বিশ) পরিধি, বেষ্টন, বেড়
পরিবেশক, (পরি-বিশ) যে ব্যক্তি আহারীয় দ্রব্যাদি বণ্টন করিয়া দেয়।
পরিবেষণ, আহারীয় দ্রব্য বণ্টন, খাদ্য দ্রব্য যোগাইয়া দেওন।
পরিবেষ্টন, (পরি-বেষ্ট) চতুর্দ্দিকে ঘেরণ, বেড়ন। [বণ্টক, ভাগকারক।
পরিবেষ্টা, (পরি-বিশ) পরিবেশণ কর্ত্তা,
পরিবেষ্টিত, (পরি-বেষ্ট) সর্ব্বতোভাবে ঘেরিত, চারিদিগে আবৃত। [যোগ, ধ্যান।
পরিব্রজ্যা, (পরি-ব্রজ) সন্ন্যাস, তপস্যা,
পরিব্রাজক, (পরি-ব্রজ) সন্ন্যাসী মুনি, চতুর্থাশ্রমী, যতি। [শ্রমী, সন্ন্যাসী, যতি।
পরিব্রাট, (পরি-ব্রজ) পরিব্রাজক, চতুর্থা-
পরিভব, (পরা-ভূ) পরাজয়, পরাভব, পরাস্ত ; অবজ্ঞা, অনাদর, হেয়।
পরিভাব, অবজ্ঞা, অনাদর ; পরাভব।
পরিভাষণ, নিন্দাপূর্ব্বক কথন ; পরিভাষা করণ ; নিয়ম ; আলাপ।
পরিভাষা, (পরি-ভাষ) পরিষ্কৃত ভাষা ; প্রজ্ঞাপ্তি ; শাস্ত্রের সঙ্কেত বিশেষ।
পরিভূত, (পরি-ভূ) অবজ্ঞাত ; তুচ্ছীকৃত ; অপমানিত ; পরাস্ত, পরাজিত। [দন।
পরিভোগ, (পরি-ভুজ) উপভোগ ; আস্বা-
পরিভ্রম, ভ্রান্তি, ভুল, মিথ্যাজ্ঞান।
পরিভ্রমণ, পর্যাটন, অনবরত ভ্রমণ।
পরিভ্রষ্ট, (পরি-ভ্রন্সূ) নষ্ট, খসে ; চ্যুত।

পরিব্রাজক, (পরি-ব্রজ) ভ্রমণকর্ত্তা, পর্য্যটক; ভিক্ষুক, সন্ন্যাসী
পরিমণ্ডল, বর্ত্তুল, বাঁটুল, গোল।
পরিমণ্ডলচক্র, গ্রহাদির পথ, গ্রহচক্র।
পরিমল, চন্দনাদি চূর্ণ; মর্দ্দন জন্য মনোহর গন্ধ। ...সমতা; প্রমাণ; পরিকর।
পরিমাণ, (পরি-মা) মাপ, ওজন; তুলা;
পরিমাতা, (পরি-মা) পরিমাণকারক, মাপকর্ত্তা। [ওজনকর্ত্তা।
পরিমাপক, (পরি-মা) পরিমাণ কারক;
পরিমাপণ (পরি-মা) পরিমাণকরাণ, মাপ করাণ; ওজন করাণ।
পরিমার্গ্য, পরিশোধনীয়, শোধনের যোগ্য; অন্বেষণীয়। [মাপ; পরিচ্ছিন্ন।
পরিমিত, (পরি-মা) পরিমাণ বিশিষ্ট,
পরিমৃজ্য, শোধনীয়, শোধনের যোগ্য।
পরিমেয়, (পরি-মা) পরিমাণের যোগ্য, পরিমাণীয়, মাপনীয়। [পূর্ব্বক গ্রহণ।
পরিমোষণ, অপহরণ, চুরিকরণ, অন্যায়
পরিমোষী, চোর, তস্কর, মলিম্লুচ।
পরিরম্ভ, আশ্লেষ, আলিঙ্গন; কোলাকোলি
পরিরক্ষণ, (পরি-রক্ষ) ত্রাণকরণ, উদ্ধার; রক্ষণ। [ভয় করিবার যোগ্য।
পরিশঙ্কনীয়, সর্ব্বতোভাবে শঙ্কারবিষয়,
পরিশিষ্ট, (পরি-শেষ) পরিশেষ বিশিষ্ট; অবশিষ্টার্থ প্রকাশক গ্রন্থবিশেষ। ...ক্ত।
পরিশুদ্ধ, (পরি-শুধ) পরিশোধিত, পরি-
পরিশুষ্ক, (পরি-শুষ) শুকনা; অতিশয় শুষ্ক অতিকৃশ; মাংসের ব্যঞ্জন বিশেষ।
পরিশুশ্রূষা, (পরি-শুষ) শুষ্ক, নীরস।
পরিশেষ, (পরি-শিষ) অন্ত, সীমা; বিচ্ছেদ
পরিশোধ, (পরি-শুধ) ঋণাপনয়ন; নিকাশ; প্রতিকার; প্রতিদান।
পরিশোষ, (পরি-শুষ) সর্ব্বপ্রকারে শুষ্কতা।
পরিশ্রম, আয়াস, শ্রম; উদ্যোগ, চেষ্টা; ক্লেশ, ক্লান্তি। [চেষ্টান্বিত।
পরিশ্রমী, (পরি-শ্রম) উদ্যোগী, শ্রমকর্ত্তা;
পরিশ্রয়, সভা; আশ্রয়, অবলম্বন।
পরিশ্রান্ত, (পরি-শ্রম) সর্ব্বতোভাবে শ্রান্তিযুক্ত, পরিশ্রমযুক্ত, ক্লান্ত, অবসন্ন।
পরিশ্রান্তি, (পরি-শ্রম) ক্লান্তি, শ্রম, শ্রান্তি, অবসন্নতা।
পরিশ্রুত, সর্ব্বতোভাবে শুনা, শ্রবণ করা।
পরিশ্লেষ, আশ্লেষ, আলিঙ্গন, কোলাকোলি
পরিষৎ, পারিষদ, সভাসদ, সভ্য; অনুচর; ভৃত্য।
পরিষদ্, সভা, সংসদ, বহুজন সমাগম স্থান
পরিষদ্য, (পরি-সদ্) সভাসদ, সভ্য, সভাস্থ
পরিষদ্বল, সভাসদ, সভাস্থ, পারিষদ।
পরিষ্কার, (পরি-কৃ) নির্ম্মল, স্বচ্ছ, শুদ্ধ; সুব্যক্ত; স্পষ্ট।
পরিষ্কারী, নির্ম্মলকারী, শুদ্ধকারক।
পরিষ্কার্য্য, পরিষ্কারযোগ্য, নির্ম্মল করণোপযুক্ত। [ভূষণযুক্ত, অলঙ্কৃত।
পরিষ্কৃত, (পরি-কৃ) নির্ম্মল, শুদ্ধ, স্বচ্ছ;
পরিষ্কৃতভূমি, বেদি, যজ্ঞভূমি; শুদ্ধস্থল
পরিষ্বঙ্গ, আলিঙ্গন; রমণ। [জিক।
পরিসভ্য, সভাসদ, পারিষদ, সভ্য, সামা-
পরিসমাপ্ত, (পরি-সং-আপ) সমাপণ প্রাপ্ত
পরিসর, (পরি-সৃ) পর্য্যন্তভূমি, নদী নগর পর্ব্বতাদির নিকটস্থ ভূমি; মৃত্যু; বিধি; প্রস্থ পরিমাণ; আয়তন।
পরিসর্য্যা, সর্ব্বতো গমন, সর্ব্বত্র ভ্রমণ
পরিসীমা, (পরি-সীমন) অন্ত, ইয়ত্তা, শেষ, পরিচ্ছেদ।
পরিসেবন, সেবা করণ, ব্যবহার; গ্রহণ।
পরিস্কন্দ, পরপুষ্ট, পরদ্বারা প্রতিপালিত।
পরিস্তোম, গজ পৃষ্ঠস্থ চিত্র কম্বল, হাতির পিঠের ঝুল। [র্ত্তন, লড়ন, কম্পন।
পরিস্পন্দন, (পরি-স্পন্দ) আন্দোলন, ন-
পরিস্পন্দমান, সর্ব্বতোভাবে কম্পমান, সর্ব্বদা কম্পন বিশিষ্ট।
পরিস্রুত, সর্ব্ব প্রকারে ক্ষরিত; নিঃসৃত।
পরিস্রুতা, বারুণী, সুরা, মদিরা; ক্ষরিতা।
পরিহরণ, (পরি-হৃ) ত্যাগ; খণ্ডন; ত্যাজ্যকরণ। [ত্যাগোপযুক্ত;
পরিহর্ত্তব্য, (পরি-হৃ) খণ্ডনীয়, পরিহার্য্য,
পরিহসিত, (পরি-হস) পরিহাসপ্রাপ্ত, অবজ্ঞাত। [ত্যাগ; পরাভব স্বীকার।
পরিহার (পরি-হৃ) মোচন, ছাড়ন, পরি-
পরিহার্য্য, (পরি-হৃ) পরিত্যাগের উপযুক্ত, ত্যাজ্য; বলয়, বালা।
পরিহাস (পরি-হস) বিদ্রূপ, ব্যঙ্গ, উপহাস, ঠাট্টা, কৌতুক। [উপহাস কর্ত্তা।
পরিহাসক, বিদ্রূপকারী, কৌতুককারক,
পরিহাসজনক, উপহাসজনক, কৌতুককর, বিদ্রূপ জনক। [যোগ্য।
পরিহাস্য, উপহাসাস্পদ; কৌতুককরণের

পরিহিত, পরিধান করা; আচ্ছাদিত, ধৃত
পরিক্ষয়, (পরি-ক্ষী) বিনাশ; লয়, ধ্বংস।
পরিক্ষিৎ, অভিমন্যুপুত্র।
পরিক্ষিপ্ত, সর্ব্বতোভাবে ক্ষেপণ করা, পরিখাদি দ্বারা বেষ্টিত। [অতি কৃশ।
পরিক্ষীণ, (পরি-ক্ষী) সর্ব্বতোভাবে বিনষ্ট;
পরী, (যাং) দেবযোনি বিশেষ।
পরীণায়, (পরি-নী) বিবাহ, পাণিগ্রহণ।
পরীত, পরিবেষ্টিত, আবৃত, ঘেরা।
পরিস্তৃত, বিস্তৃত, বিস্তারিত; সর্ব্বত্র প্রসারিত। [বদল।
পরীবর্ত্ত, (পরি-বৃৎ) বিনিময়; প্রতিদান,
পরীবাদ, (পরি-বদ্) দোষোল্লাপ; কুৎসা, নিন্দা, অপক্রোশ, ভৎসনা।
পরীবার, (পরি-বৃ) পরিজন; অসিকোষ, তলবারের খাপ। [রাজভোগ্য বস্তু।
পরিবাহ, জলের স্ফীততা, জলোচ্ছ্বাস;
পরীভাব, অনাদর, অবজ্ঞা, তুচ্ছ।
পরীর, ফল; বীজ।
পরীরম্ভ, আশ্লেষ আলিঙ্গন। [সুশ্রূষা।
পরীষ্টি, গবেষণা, অন্বেষণ; ঢুণ্ডন; সেবা,
পরীসার্প পরিসর্য্যা, সর্ব্বতোভাবে গমন।
পরীহার, ত্যাগ, বর্জ্জন; অবজ্ঞা, অনাদর।
পরীহাস, উপহাস; কৌতুক, তামাসা; অবজ্ঞা। [মাণদ্বারা নির্ণয়কর্ত্তা।
পরীক্ষক, (পরি-ঈক্ষ) গুণাদিবিবেচক, প্র-
পরীক্ষণ, (পরি-ঈক্ষ) বিবেচনাকরণ; প্রমাণ দর্শন পূর্ব্বক নির্ণয় করণ।
পরীক্ষা, (পরি-ঈক্ষ) গুণাদির প্রত্যক্ষ প্রমাণগ্রহণ পূর্ব্বক বিবেচনা; দিব্য, শপথ।
পরীক্ষিত, (পরি-ঈক্ষ) যাহার গুণাদি বিবেচিত হইয়াছে; অভিমন্যুপুত্র।
পরু, সমুদ্র; স্বর্গলোক; গ্রন্থি; পর্ব্বত; বৃক্ষবিশেষ।
[পরুৎ] বৎসর, অতীত বর্ষ।
পরুদ্বার, ঘোটক, অশ্ব, ঘোড়া।
পরুষ, (পৃ) নিষ্ঠুর বাক্য; কঠোর, শক্ত; নিৰ্দ্দয়; কর্ব্বুর বর্ণ।
পরুষভাষী, কঠোর বক্তা; নীরসভাষক
পরুষোক্তি, কঠোর বাক্য, নীরসকথা।
পরুষোক্তিক, নিষ্ঠুর বক্তা, কটুভাষী।
পরুষ, ফলবিশেষ, পরুষ ফলস
পরে, (পর) অনন্তর; পশ্চাতে, শেষে
পরেত, (পর-ইত) মৃত, পরলোক প্রাপ্ত।
পরেতরাট, প্রেতরাজ, যম। [পর দিন
পরেদ্যবি, (পর) পরেদ্যুঃ; আগামি দিবস;
পরেদ্যুঃ, (পর) পর দিন; আগামি দিবস।
পরেঙ্গিত, (পর-ইঙ্গিত) অন্যের ইঙ্গিত, অপরের বাঞ্ছিত। [পরের ভাল।
পরোপকার, (পর-উপকার) অন্যের হিত,
পরোপকারক, (পর-উপকারক) অন্যের হিতকারী, পরহিতৈষী।
পরোপকারী, (পর-উপকারিন) অন্যের হিতকারী পরহিত কর্ত্তা।
পরোপকৃত, অন্যের দ্বারা সাহায্য প্রাপ্ত।
পরোয়ানা, (যাং) আজ্ঞাপত্র, তলব চিঠী
পরোষ্ণী, তৈলপায়িকা, আর্সুলা।
পরোক্ষ, (পর-অক্ষ) অদৃষ্ট, অগোচর, অসাক্ষাৎ, অপ্রত্যক্ষ।
পর্কটি, বৃক্ষ বিশেষ, পাকুড় গাছ।
পর্কলা, (পর-কল) কাচ, স্বচ্ছ মৃত্তিকা বিশেষ
পর্জ্জনী, (পৃ-জন) দারুহরিদ্রা। [মেঘ।
পর্জ্জন্য, ইন্দ্র; শব্দকারী মেঘ; মেঘ শব্দ;
পর্জ্জন্যা, কাষ্ঠবিশেষ; দারুহরিদ্রা।
পর্ণ, (পৃ) পত্র, দল, পাতা; পান
পর্ণকার, বার, বারজীবী, বারুই।
পর্ণচোরক, (পর্ণ-রুচ) চোরক নামে গন্ধদ্রব্য বিশেষ। [তুল।
পর্ণনর, শরপত্রাদি নির্ম্মিত মনুষ্যাকার পু-
পর্ণভোজন, ছাগল, ছাগ; পত্রভক্ষণ।
পর্ণমাচল, কর্ম্মরঙ্গবৃক্ষ, কামরাঙ্গা।
পর্ণশালা, মুনিদিগের কুটীর; পত্রগৃহ।
পর্ণাশন,(পর্ণ-অশন) মেঘ, বারিদ, জলধর।
পর্ণাস, তুলসী বৃক্ষ।
পর্ণী, (পর্ণ) বৃক্ষ, দ্রুম, তরু, গাছ।
পর্দ্দ কেশসমূহ; মরুৎক্রিয়া, বাতকর্ম্ম।
পর্দ্দন, বাতকর্ম্মকরণ, বায়ু নিঃসারণ।
পর্দ্দা, (যাং) যবনিকা, ব্যবধান, বেড়া।
পর্প, নবতৃণ, নূতন ঘাস; গৃহ।
পর্পট, (পর্প) বৃক্ষবিশেষ, ক্ষেত পাপড়া
পর্পরীক, সূর্য্য; অগ্নি; জলাশয়।
পর্পিক, খঞ্জ, পঙ্গু, খোঁড়া
পর্ব্ব, (পর্ব্বন) গ্রন্থি, গাঁইট, পাব; প্রস্তাব; গ্রন্থবিচ্ছেদ; উৎসব।
পর্ব্বক, উরুপর্ব্ব, আঁটু, হাঁটু।
পর্ব্বত, (পর্ব্বন) শৈল, গিরি, নগ; দেবর্ষিবিশেষ; মৎস্যবিশেষ, পাবদা মাছ।
পর্ব্বতকাক, দ্রোণকাক, দাঁড়কাক

পর্ব্বতজ, (পর্ব্বত-জন) পর্ব্বত জাত, পর্ব্বতোৎপন্ন; নদী; বৃক্ষ; পার্ব্বতী।
পর্ব্বতজা, স্রোতস্বতী, নদী; দুর্গা।
পর্ব্বতমোচা, গিরিকদলী, পাহাড়িয়া কলা
পর্ব্বতাধারা, (পর্ব্বত-আধার) পৃথিবী, মহী, ধরণী। [পতি।
পর্ব্বতারি, (পর্ব্বত অরি) ইন্দ্র, শক্র, সুর-
পর্ব্বতাশয়, মেঘ, বারিদ, জলধর।
পর্ব্বতাশ্রয়, পর্ব্বতবাসী, পাহাড়িয়া।
পর্ব্বতীয়, শৈল সম্বন্ধীয়; পর্ব্বতজাত।
পর্ব্বতোর্ম্মি, মৎস্যবিশেষ।
পর্ব্বধি, চন্দ্র, বিধু, শশাঙ্ক।
পর্ব্বন, (পর্ব্ব) গ্রন্থি, গাঁইট, পাব; উৎসব।
পর্ব্বপূর্ণতা, সম্ভার, আয়োজন, উদ্‌যোগ
পর্ব্ববাণ, পর্ব্ব, পরব; পবন; বায়ু; প্যাভার শির।
পর্ব্বরুট্, দাড়িম, ডালিম।
পর্ব্বসন্ধি, গ্রন্থি, গাঁইট; প্রতিপদের সহিত অমাবস্যা বা পূর্ণিমার সংযোগ।
পর্ব্বাহ, (পর্ব্ব-অহন) উৎসব দিবস পর্ব্বদিন
পার্ব্বিত, পর্ব্বত সংস্থ; পাবনা নাক।
পর্য্যঙ্ক, (পরি-অঙ্ক) খাট, খট্টা, পালঙ্ক।
পর্য্যটক, (পরি-অট) ভ্রমণকারী, ভ্রামক।
পর্য্যটন, (পরি-অট) সর্ব্বতোভাবে ভ্রমণ পুনঃ২ গমন, অটাটা। মেঘ
পর্য্যন্য, ইন্দ্র, শব্দায়মান মেঘ; ঘন, বারি-
পর্য্যনুযোগ, জিজ্ঞাসা, প্রশ্ন। [সীমা, শেষ।
পর্য্যন্ত, (পরি-অন্ত) শেষসীমা, অন্ত্যসীমা;
পর্য্যন্তভূ, নদী নগর পর্ব্বতাদির নিকটস্থ ভূমি, পরিসর ভূমি। [পরিণাম।
পর্য্যবসান, (পরি-অব-ষো) সমাপ্তি; শেষ,
পর্য্যবস্থা, (পরি-অবস্থা) বিবাদ, বিরোধ; শেষাবস্থা; শেষকাল। [স্থায়ী।
পর্য্যবস্থাতা, বিরোধী বিবাদী; শেষ পর্য্যন্ত
পর্য্যবস্থান, বিরোধ, বিবাদ, কলহ, দ্বন্দ্ব।
পর্য্যয়, (পরি-অয়) ক্রমোল্লঙ্ঘন, ব্যতিক্রম, ব্যত্যয়। [সাজ, অশ্বসজ্জা, ঘোড়ার জিন্।
পর্য্যয়ণ, ক্রম, পালা; অবসর, ঘোটকের-
পর্য্যস্ত, (পরি-অস্) পতিত; হত; ক্ষিপ্ত।
পর্য্যস্তিকা, খট্টা, পর্য্যঙ্ক, খাট, পল্যঙ্ক পালঙ্ক
পর্য্যাণ, অশ্বসজ্জা, ঘোড়ার জিন।
পর্য্যাপ্ত, (পরি-আপ) সমাপ্ত; যথেষ্ট; বিস্তর; তৃপ্তি। [তৃপ্তি; নিবারণ।
পর্য্যাপ্তি, (পরি-আপ) প্রাপ্তি; সমাপ্তি;
পর্য্যায়, (পরি-অয়) পালা, ক্রম; আনুপূর্ব্বী, বিবর্ত্ত। [শয্যা গ্রহণ।
পর্য্যায়শয়ন, প্রহরি দিগের পর্য্যায় ক্রমে
পর্য্যালোচনা, (পরি-আ-লোচ) বিশেষরূপে অবলোকন; বিচার পূর্ব্বক দর্শন
পর্য্যাস, পতন; হনন, বিনাশন।
পর্য্যুদঞ্চন, ঋণ, ধার, কর্জ্জ
পর্য্যুদস্ত, (পরি-উৎ-অস) একেবারে নিষিদ্ধ
পর্য্যুদাস, (পরি-উৎ-অস) নিষেধ, নিবারণ
পর্য্যুষিত, (পরি-বস) পূর্ব্বদিবস জাত বস্তু, বাসি। [ত অন্ন, বাসি অন্ন, পান্তাভাত।
পর্য্যুষিতান্ন, (পর্য্যুষিত-অন্ন) পূর্ব্বদিবস জা-
পর্য্যেষণা, গবেষণা, অন্বেষণ, অনুসন্ধান।
পর্শু, (পরশু) কুঠার, কুড়ালি।
পর্শুকা, (পৃ) পার্শ্বের অস্থি, পঞ্জর, পাঁজরা।
পর্শুপাণি, গণেশ; পরশুরাম।
পর্শুরাম, জমদগ্নি মুনি পুত্র; ভগবানের অবতার বিশেষ।
পর্শ্বধ, কুঠার, পরশু, কুড়াল।
পর্ষৎ, পরিষদ্, সভা, সমাজ।
পর্ষদ্বল, পারিষদ, সভাস্থ, সভ্য, সামাজিক।
পল, (পল) ষষ্টি বিপল কাল; অত্যল্পকাল; তৃণ, খড়; মাংস।
পলক, (পল) নিমেষ, সূক্ষ্ম ক্ষণ।
পলক্যা, পালঙ্কশাক, পালংশাক। [রাজ।
পলগণ্ড, লেপক; ইষ্টকময় গৃহ নির্ম্মাতা,
পলঙ্কট, ভীরু, ভয়শীল, শঙ্কিত।
পলঙ্কর, পিত্ত; ধাতুবিশেষ।
পলঙ্কষ, রাক্ষস, কৌণপ, রক্ষঃ।
পলঙ্কষা, পলাশবৃক্ষ, লাক্ষা; গোক্ষুর লং
পলপ্রিয়, দ্রোণকাক, দাঁড়কাক
পলব, মৎস্য ধারণ যন্ত্র বিশেষ; পোব, মাছ-ধরা পোলো।
পলল, (পল) মাংস নিশাচর।
পললাশয়, গণ্ডরোগ, গাঁড়, ফোড়া।
পলা, (পরা-অয়) প্রবাল; রত্নবিশেষ; তৈলাদি গ্রহণার্থ দর্ব্বী বিশেষ; প্রস্থান কর।
পলাকাঁঠি, সোণালি অলঙ্কার বিশেষ।
পলাগ্নি, (পল-অগ্নি) ধাতুবিশেষ, পিত্ত।
পলাঙ্ক, (পল-অঙ্ক) শিশুমার, মৎস্য বিশেষ
পলাণ্ডু, (পল) মূলবিশেষ, পেঁয়াজ
পলায়িত, (পলা) পলায়িত, প্রস্থিত।
পলাদ, (পল-অদ) রাক্ষস, রক্ষঃ, ক্রব্যাদ।
পলাদন, মাংস ভক্ষক; মাংসাশী, রাক্ষস।

পলান, (পলা) পলায়ন, ভয়াদি হেতুক স্থানান্তরে দ্রুত গমন।
পলান্ন, (পল-অন্ন) মাংসপক্ক অন্ন, পোলাও
পলায়ন, (পরা-অয়) ভয়াদি হেতুক স্থানান্তর গমন, প্রস্থান, পলান।
পলায়নপর, দ্রুত গমনোন্মুখ; পলায়িত।
পলায়মান, (পরা-অয়) প্রস্থানকারক, ভয়াদি হেতু স্থানান্তরে গমনকারী।
পলায়িত, (পরা-অয়) পলায়ন বিশিষ্ট, প্রস্থিত, পলাতক। নকারী।
পলায়িতা, (পরা-অয়) পলায়নকর্ত্তা, প্রস্থা-
পলাল, (পল) শস্যশূন্য তৃণ; খড়, বিচালি।
পলালদোহদ, আম্রবৃক্ষ, চূতদ্রুম, আঁবগাছ
পলাশ, (পল-অশ) বৃক্ষবিশেষ, কিংশুক বৃক্ষ; পত্র; শ্যামবর্ণ, নিষ্ঠুর; মাংসখাদক; রাক্ষস।
পলাশক, শটী, ওষধি বিশেষ।
পলাশপর্ণী, অশ্বগন্ধা বৃক্ষ।
পলাশী, (পলাশ) বৃক্ষ, তরু; রাক্ষস; ক্ষীরিকাবৃক্ষ; লাক্ষা; লতা বিশেষ।
পলি, নদীর জল প্রবাহে পতিত মৃত্তিকা।
পলিক্নী, বৃদ্ধা, প্রাচীনা, বয়ীয়সী।
পলিঘ, কলস, ঘট, গাগরী। [প্রাচীনা
পলিত, (পল) জরা; পক্ককেশাদি, বৃদ্ধত্ব,
পলিতা, (পল) বৃদ্ধা, প্রাচীনা, জরাগ্রস্তা
পলিত্যা, (পল) বাত্তিকা, বর্ত্তি, বাতী, দশী শা
পলুকীট, গুটিপোকা, তুঁতপোকা।
পল্কল, (পল্ক) অসার; ক্ষীণ; ভগ্নপ্রায়
পল্কানিত, জীর্ণ, পুরাতন, ভগ্নবৎ।
পল্বল, (পল) ক্ষুদ্র সরোবর, ডোবা।
পল্যঙ্ক, খট্বা, খাট
[illegible] ঘোড়ার জিন।
সৈন্যদল, যোদ্ধা-শ্রেণী
দোলা, মঞ্চ।
পল্লব, (পল-লব) লতাগ্রাদিযুক্ত শাখার অগ্রভাগ, পাতা, পাতা শাখা; অঙ্কুর।
পল্লবক, বেশ্যাপতি; মৎস্য বিশেষ।
পল্লবগ্রাহিপাণ্ডিত্য, যে বিদ্যায় ফল দর্শন হয় না, নিষ্ফল বিদ্যা।
পল্লবগ্রাহী, (পল্লব-গ্রাহিন) ফল না লইয়া পত্র গ্রহণ করী, অসারাংশ গ্রহণকর্ত্তা; অল্পজ্ঞানী, খুট আঁকুরে।
পল্লবদ্রু, অশোক বৃক্ষ।

পল্লবাধার, (পল্লব-আধার) শাখা, ডাল।
পল্লবিক, কামুক, লম্পট; অভিলাষী।
পল্লবিত, (পল্লব) পল্লব যুক্ত, পত্রান্বিত, বিস্তৃত, বহুলীকৃত।
পল্লবী, বৃক্ষ, দ্রুম, তরু।
পল্লি, (পল) পাড়া; ক্ষুদ্র গ্রাম; কুটী।
পল্লিগ্রাম, ক্ষুদ্রগ্রাম, পাড়াগাঁ।
পল্লিকা, গৃহগোধিকা, জ্যেষ্ঠী, টিকটিকী।
পল্লী, (পল) ক্ষুদ্রগ্রাম; পাড়া; টিকটিকী।
পল্লীগ্রাম, নগর ভিন্ন বসতি স্থান, সামান্য গ্রাম; পাড়াগাঁ।
পশন, (প্রবেশ) প্রবেশকরণ, ঢুকন, সেঁধন
পশব্য, (পশু) পশু সম্বন্ধীয়, পশু বিষয়ক।
পশম, (ফাং) ঊর্ণা, লোম।
পশমী, (ফাং) ঊর্ণানির্ম্মিত, লোমরচিত [জন্তু
পশু, (দৃশ) শৃঙ্গ লাঙ্গুলবন্ত প্রাণী; চতুষ্পদ
পশুক্রিয়া, মৈথুন, শৃঙ্গার, রমণ।
পশুগায়ত্রী, বলিদান কালে পশুর কর্ণে জপনীয় মন্ত্র বিশেষ।
পশুতা, (পশু) পশুত্ব, পশুভাব; মূঢ়ত্ব।
পশুতুল্য, পশুসদৃশ; অবোধ, নির্ব্বোধ।
পশুত্ব, (পশু) পশুর ধর্ম্ম, পশুর স্বভাব।
পশুপতি, শিব, মহাদেব, ত্রিলোচন।
পশুপল্বল, কৈবর্ত্ত মুস্তক, মুথা বিশেষ।
পশুপাল, পশুপালন কর্ত্তা; পশু রক্ষক; পশু সমূহ।
পশুপালক, পশু পালন কর্ত্তা, পশু রক্ষক।
পশুপাশক, (পশু-পাশ) রতিবন্ধ বিশেষ; পশু বন্ধন রজ্জু।
পশুপ্রেরণ, পশুদিগের চালন।
পশুমোহনিকা, কচী, কচুগাছ।
পশুরজ্জু, অশ্ব গবাদির বন্ধন দড়ি, বন্ধনী।
পশুরাজ, (পশু-রাজন) সিংহ, মৃগেন্দ্র, কেশরী
পশ্চাৎ, (পশ্চ) চরম, শেষ; পৃষ্ঠে, পিছে পশ্চিম দিক।
পশ্চাত্তাপ, (পশ্চাৎ-তাপ) কর্ম্মানন্তর সন্তাপ, পশ্চাৎ শোক, অনুশোচন, পস্তান।
পশ্চাদাগমন, (পশ্চাৎ-আগমন) পশ্চাতের আইসন। [শ্চাদ্গামী; পশ্চাতে অবস্থিত
পশ্চাদ্বর্ত্তী, (পশ্চাৎ-বর্ত্তিন) অনুবর্ত্তী, প-
পশ্চাদ্ভাবনা, (পশ্চাৎ-ভাবনা) গতানুশোচনা, পরে চিন্তা করণ, শেষ ভাবনা।
পশ্চার্দ্ধ, (পশ্চ-অর্দ্ধ) শেষার্দ্ধ, পরার্দ্ধ, শরীরের অপর ভাগ।

পশ্চিম, (পশ্চাৎ) চরম; শেষ; প্রতীচী দিক্। [কপাটী।
পশ্চিমা, প্রতীচীদিক্; রোগবিশেষ; দাঁত-
পশ্চিমাস্য, (পশ্চিম-আস্য) প্রতীচী দিঙ্-মুখ, পশ্চিমদিকে যাহার মুখ।
পশ্য, (দৃশ্) দেখ; প্রশংসা; বিস্ময়।
পশ্যতোহর, চোর, তস্কর; স্বর্ণকার।
পশ্যন্, দর্শনকর্ত্তা, দর্শক।
পশ্বাচার, (পশু-আচার) আচারবিশেষ, পশুর ন্যায় ব্যবহার। [নিমুক;
পসরা, (প্র-সৃ) বিক্রেয় দ্রব্যভার, পণ্য
পসলা, (প্র-সৃ) বৃষ্টিপাতন; বারম্বার বর্ষণ;
পসার, (প্র-সৃ) খ্যাতি, প্রতিপত্তি, নাম-ডাক।
পসারী, (প্র-সৃ) দোকানী, বিক্রয়কারী।
পসুরী, (পঞ্চ-সের) পাঁচসের; পরিমাণ বিশেষ। [চিন, খেদ, আপশোষ।
পস্তান, (পশ্চা) সন্তাপ, আক্ষেপ, অনুশো-
[illegible], গৃহ, ভবন, বাসস্থান।
পহিলা, (প্রথম) আদ্য; অগ্র, আগে।
পহ্লব, শ্মশ্রুধারী ম্লেচ্ছজাতিবিশেষ।
পক্ষ, (পক্ষ) পঞ্চদশ দিন রাত্রি; পক্ষিদের অবয়ব বিশেষ, পাখা; পার্শ্ব; কেশ; মাথা, বিরোধ, বল; সখা; বর্গ, সমূহ।
পক্ষক, পক্ষদ্বার, পার্শ্বদ্বার, খড়কীদ্বার; সহায়। [কারী হস্তী।
পক্ষচর, চন্দ্র, শশধর, বিধু, পৃথক্চারণ
পক্ষজ, চন্দ্র, শশধর, নিশাকর।
পক্ষজন্মা, চন্দ্র, নিশাকর; পক্ষের উৎপত্তিশীল। [ডানক, ডানা।
পক্ষতি, (পক্ষ) প্রতিপত্তিথি; পক্ষমূল,
পক্ষদ্বার, পার্শ্বদ্বার, খড়কী দ্বার।
পক্ষধর, (পক্ষ-ধৃ) চন্দ্র, শশধর; পক্ষ ধারণ কর্ত্তা। [করণ।
পক্ষপাত, অন্যায় সাহায্য করণ, গণতা
পক্ষপাতকারক, পক্ষপাতকারী; গণতাকারী, অন্যায়তঃ সাহায্যকারক।
পক্ষপাতিতা, (পক্ষপাত) সহায়তা, গণতা, পক্ষপাত।
পক্ষপাতী, (পক্ষ-পাতিন্) গণতাকারী, পক্ষপাতকর্ত্তা; অন্যায়তঃ সাহায্যকারক।
পক্ষপালি, পার্শ্বদ্বার, খড়্কিকা, খড়্কী দ্বার, খিড়্কীদ্বার।
পক্ষবান্, (পক্ষ) পক্ষবিশিষ্ট; পক্ষী।

পক্ষবাহন, পক্ষী, বিহঙ্গ।
পক্ষব্যাপী, (পক্ষব্যাপিন্) পক্ষ পর্য্যন্ত ব্যাপক; একপক্ষে বিস্তীর্ণ।
পক্ষভাগ, হস্তির পার্শ্বভাগ; একপার্শ্ব।
পক্ষলক্ষণ, অভিযোগ পত্রের স্বরূপ; আবেদন বিষয়, আক্কাশ, নালিসের আর্জী।
পক্ষাঘাত, (পক্ষ-আঘাত) রোগ বিশেষ, বিশেষং অঙ্গের অবশতা।
পক্ষান্ত, (পক্ষ-অন্ত) পূর্ণিমা; অমাবস্যা; পঞ্চদশী; পর্ব্ব। [কিম্বা;
পক্ষান্তরে, (পক্ষান্তর) ভিন্নপক্ষে; নতুবা,
পক্ষাবসর, অমাবস্যা; পূর্ণিমা।
পক্ষাল, বিহঙ্গম, পক্ষী, পাখী।
পক্ষিণী, (পক্ষিন্) আগামি ও বর্ত্তমান দিন যুক্ত রাত্রি; পূর্ণিমা; বিহঙ্গী।
পক্ষিরাজ, গরুড়, ময়ূর, ঘোটক বিশেষ।
পক্ষিল, ঋষিবিশেষ, বাৎস্যায়ন মুনি।
পক্ষিশাবক, (পক্ষিন্-শাবক) পক্ষির সন্তান, পাখীর ছানা।
পক্ষিশালা, কুলায়, নীড়, পাখির বাসা।
পক্ষিসিংহ, গরুড়; পক্ষীন্দ্র।
পক্ষীস্বামী, গরুড়; পক্ষীরাজ। [ইষু, বাণ।
পক্ষী, (পক্ষ) পক্ষবিশিষ্ট, বিহঙ্গম, পাখী;
পক্তৃ, পাককর্ত্তা, পাচক, রন্ধনকারক।
পক্ষ্ম, (পক্ষ) অক্ষিলোম, চক্ষুর রোম; কিঞ্জল্ক; কেশর; পালক, পাখা।
পা, পদ, চরণ; পদচিহ্ন। [পয়সা।
পাই, (পাদ) এক আনার চতুর্থাংশ, এক
পাইক, (পদাতিক) গ্রামরক্ষক, চৌকিদার; পদাতিক, পিয়াদা।
পাইকার, (যাং) পাইকেড়, ফেরিওয়ালা।
পাইড়, (পা) গৃহের কাষ্ঠ বিশেষ; বস্ত্রের প্রান্তভাগ। [ক্লি, ঝালন।
পাইন, (পা) ধাতুদ্রব্য সংযোগ করিবার দ্র-
পাওন, (পা) প্রাপণ, লাভ; মিলন; যোগ।
পাওনা, (পা) প্রাপ্য, লভ্য; আদেয়।
পাওনিয়া, (পা) অধিকারী; যাহার প্রাপ্য।
পাওয়ান, প্রাপণ, প্রাপ্তি করাণ; মিলাইয়া দেওন। [নিবেদ্য, লভ্য, গ্রাহ্য।
পাংক্তেয়, (পংক্তি) পংক্তি সম্বন্ধীয়; শ্রেণি-
পাংশব, (পাংশু) লবণবিশেষ, পাঙ্গা লবণ।
পাংশু, (পশ) ধূলি, ধূলা; শস্য বৃদ্ধ্যর্থ অনেক দিনের রক্ষিতগোবর ন্যায়; কর্পূর বিশেষ।
পাংশুকুলী, রাজমার্গ, রাজপথ।

পাংশুচত্বর, ঘনোপল করকা, শিল। [শিব।
পাংশুচন্দন, ভস্মবিভূতিধারী ; মহাদেব,
পাংশুচামর, পটবাস, তাঁবু ; ধূলিসমূহ ; দূর্ব্বাযুক্ত তট ভূমি, প্রশংসা।
পাংশুজ, (পাংশু-জন) পাংশুলবণ, পাঙ্গালোণ
পাংশুপাত্র, বাস্তুক শাক, বেতোশাক।
পাংশুর, দংশক, ডাঁশ। [কাঁটা করঞ্জ।
পাংশুল, অধম পাপী ; ধূলিময় ; মহাদেব
পাংশুলা, কুলটা, বেশ্যা ; ভূমি ; কেতকী, কেয়াফুল ; রজস্বলা স্ত্রী। [গোময়, সার।
পাংসু, ধূলা, ধূলি ; অনেক দিনের সঞ্চিত
পাঁইজ, (পঙ্ক্তি) চরকায় কাটিবার নিমিত্ত তুলার স্থূল পলিতা।
পাঁইত, (পংক্তি) শ্রেণী,
পাঁইশ, ভস্ম, ছাই। [রুটী
পাঁওরুটী, (বাং-রুটী) পিষ্টক বিশেষ, ফুলা
পাঁক, (পঙ্ক) কর্দ্দম, কাদা।
পাঁকাটী, (পাটকাঠি) শুষ্ক পাটকাঠি, পাটগাছের শুক্‌না ডাঁটা। [স্থিত মাছ।
পাঁকাল, (পঙ্কগতিক) মৎস্যবিশেষ, পঙ্ক-
পাঁকুই, (পঙ্ক) পাদাঙ্গুলির মধ্যে পঙ্ক বা সর্ব্বদা জল সংযোগে উৎপন্ন ক্ষতবিশেষ।
পাঁখাটী, (পাটকাঠি) শুক্‌না পাট গাছের ডাঁটা। [চতুষ্টয়।
পাঁচ, (পঞ্চন) সংখ্যাবিশেষ, পঞ্চ, একাধিক
পাঁচটী, (পাঁচ) প্রসবাবধি পঞ্চম দিবস
পাঁচড়া, খোস, কচ্ছুরোগ।
পাঁচন, (পাচন) ঔষধবিশেষ। [যষ্টি।
পাঁচনবাড়ি, (পাঁচনী) প্রতোদ, গো তাড়ান-
পাঁচনী, (প্রাজন) গোতাড়ন দণ্ড, প্রতোদ।
পাঁচমিশালী, পঞ্চপ্রকার দ্রব্যাদি মিশ্রিত।
পাঁচালী, (পঞ্চন-আলি) গীত বিশেষ ; পরস্পর মিলিত বাক্য প্রবন্ধ।
পাঁচিল, (প্রাচীর) ভিত্তি, দেওয়াল।
পাঁজ, পদাঙ্ক, চরণচিহ্ন, পাএর দাগ।
পাঁজর, (পঞ্জর) পদ্মাভরণ বিশেষ।
পাঁজরা, (পঞ্জর) উদরের পার্শ্বভাগ।
পাঁজা, (পঞ্জ) ইষ্টক রাশি, তৃণগুচ্ছ ধান্যসমূহ। [পুস্তক।
পাঁজী, (পঞ্জিকা) বার তিথি প্রভৃতিজ্ঞাপক
পাঁঠা, (পট) ছাগ, ছাগল।
পাঁঠী, ছাগী, অজা, স্ত্রী ছাগ। [বিবাহ দেওয়া
পাঁঠাবেচা, যে পণ লইয়া আপন কন্যার
পাঁতার, নদীর পরিসর বা ওসার।

পাঁতি, পংক্তি, শ্রেণী ; তালিকা ; ব্যবস্থাপত্র ; ঔষধি পত্র।
পাঁদাড়, (পশ্চাৎ-অন্ত) গৃহের পশ্চাদ্ভাগ।
পাঁশ, পাংশু, ছাই, ভস্ম।
পাক, (পচ) সিদ্ধ, পক্ক ; পচন ; জীর্ণ ; ঘুরণ উৎপাত ; ভ্রম। [রন্ধনকারী।
পাককর্ত্তা, (পাক-কর্তৃ) পাচক, সূপকার,
পাককৃষ্ণ, করমর্দ্দক, পানী আমলা।
পাকখোলা, পেঁচ খুলিবার যন্ত্র।
পাকগৃহ, রন্ধনালয়, রান্নাঘর।
পাকচক্র, কৌশল ; গণ্ডতা, শঠতা।
পাকজ, (পাক-জন) কাচ লবণ ; পরিপাক দ্বারা উৎপন্ন বস্তু মাত্র।
পাকড়ন, (পাকড়) ধারণ ; গ্রহণ।
পাকড়ী, উষ্ণিক, শিরোবেষ্টন বস্ত্র।
পাকতঃ, অনিচ্ছা পূর্ব্বক ; কার্য্যগতি ক্রমে
পাকন, (পচ) পরিপক্ক হওন, পরিণত হওন
পাকনা, (পাক) পক্ক, ডানা ; আবর্ত্ত, ঘুরণ
পাকপড়া, অস্পষ্ট ; পেঁচাল।
পাকপাড়া, শঠ, খল, ধূর্ত্ত, কুটিল।
পাকপুটী, কুম্ভশালা, পয়ন, পোয়ান।
পাকফল, পানী আমলা।
পাকভাণ্ড, পাকপাত্র, স্থালী, হাঁড়ী।
পাকযজ্ঞ, চরুহোমাত্মক কর্ম্ম।
পাকরঞ্জন, পেজপত্র, তেজপাত।
পাকল, (পচ) কুষ্ঠৌষধি ; বায়ু ; অগ্নি ; পক্কাবস্থাপন্ন।
পাকলা, (প্রক্ষালন) পক্কতা বিশিষ্ট ; ধৌতকরণ, প্রক্ষালন।
পাকশালা, রন্ধন গৃহ, পাকস্থান।
পাকশাসন, ইন্দ্র, দেবরাজ।
পাকশাসনি, ইন্দ্রপুত্র, জয়ন্ত।
পাকশুক্লা, খড়ী, কঠিনী।
পাকসাঁড়াশী, কর্ম্মকারের যন্ত্রবিশেষ।
পাকস্থান, মহানস, উনান, চুলী ; রন্ধনালয়।
পাকস্থালী, হাঁড়ি, ডেকচি ; পাকপাত্র বিশেষ। [বালিকা।
পাকা, (পচ) পক্ক, পরিণতি অবস্থাপন্ন ;
পাকাকেশ, পক্ককেশ, পাকা চুল। [পাকা আঁটী
পাকাটী, (পাকা-আট) পাটগাছের কাটী,
পাকান, (পাকন) পাকচক্র, ঘোর, পেঁচ।
পাকাপাকি, (পাকা) পরস্পর কর্ত্তব্য বিষয় নির্দ্ধার্য্য করণ, স্থির করা, দৃঢ়করণ
পাকামি, পক্কতা, পক্কতার বিশেষ।

পাঠক, (পঠ্) অধ্যাপক ; কথক ; আবৃত্তি-কারক, পাঠকর্ত্তা। [অধ্যক্রম।
পাঠক্রম, ক্রমান্বিত অধ্যয়ন ; পাঠবিবার-
পাঠগুরু, শিক্ষক, অধ্যাপক।
পাঠভূ, ব্রহ্মারণ্য ; বেদাদিপাঠস্থান
পাঠমঞ্জরী, শারিকা পক্ষিণী।
পাঠযোগ্য, পাঠ্য, পঠনীয়, পঠনোপযুক্ত।
পাঠশালা, অধ্যয়ন গৃহ, বিদ্যালয়, চতুষ্পাঠী বিদ্যাগার, টোল।
পাঠা, লতাবিশেষ, আকনাদি লতা, নির্মুখী
পাঠান, (পাঠ) প্রেরণ, পেষণ ; চালান।
পাঠাপাঠ, (পাঠ-অপাঠ) লিখিবার ধারা, যুক্তাযুক্ত পাঠ। [ঠেচ্ছু।
পাঠার্থী, (পাঠ-অর্থিন) [illegible]ভিলাষী, পা-
পাঠিত, (পঠ্) অধ্যাপিত ; পড়ান।
পাঠী, পাঠবিশিষ্ট, পাঠশীল ; চিত্রকবৃক্ষ।
পাঠীন, মৎস্যবিশেষ, বোয়ালি মাছ।
পাঠ্য, (পঠ) পঠনোপযুক্ত, পাঠযোগ্য, পঠনীয়
পাড়, (পড) তট, কূল, আড়া, তীর।
পাতন, (পাত) অধঃপাতন, নীচে নিক্ষেপ করণ, বিস্তার করণ, বিস্থান।
পাড়া, পল্লী, নির্দ্দিষ্ট বসতি স্থান।
পাড়াগাঁ, (পল্লীগ্রাম) অল্প সংখ্যক লোকের বসতি স্থান।
পাড়াপড়সী, প্রতিবাসী ; এক পল্লীবাসী।
পাড়ী, (পার) গৃহের কাষ্ঠ ; বস্ত্রের প্রান্ত-ভাগ ; পর তীর।
পাড়ীদেওন, নৌকা লইয়া পারপারে যাওন
পান, (পর্ণ) তাম্বূল, পর্ণ, পত্র বিশেষ।
পানপত্র, কন্যাদানার্থ লিপি বিশেষ।
পানবাটা, তাম্বুলকরঙ্ক ; পানের বাটা।
পানা, (বারীপর্ণী) জলোপরি ভাসমান শৈ-বাল বিশেষ কুম্ভী।
পাণি, (পণ) হস্ত, কর ; পণাবীথী, হট্ট, হাট। [ঊঢ়া, পরিণীতা।
পাণিগৃহীতা, বিধি পূর্ব্বক বিবাহিতা স্ত্রী,
পাণিগ্রহণ, বিবাহ, দারকর্ম্ম, পরিণয় [পতি
পাণিগ্রাহ, (পাণি-গ্রহ) বিবাহকর্ত্তা, ভর্ত্তা,
পাণিগ্রাহী, ভর্ত্তা, স্বামী, পতি।
পাণিঘ, হস্তদ্বারা মৃদঙ্গাদি বাদ্য। [প্রহার।
পাণিঘাত, করাঘাত, চপেটাঘাত, চাপড়,
পাণিজ, নখ, নখর, করুরুহ।
পাণিতল, করতল, করতলে হস্তেরঅধোভাগ
পাণিনি, মুনিবিশেষ, ব্যাকরণ কর্ত্তা।

পাণিপীড়ন, পাণিগ্রহণ, বিবাহ
পাণিবাদক, হস্তদ্বারা মৃদঙ্গাদি বাদ্যবাদক ; হস্ত দ্বারা বাদ্যকারী। [স্ত্রী] ভোজন কর্ত্তা।
পাণিভুক, উড়ুম্বর বৃক্ষ, ডুমুর গাছ ; হস্তদ্বা
পাণিমর্দ্দ, করমর্দ্দক, পেনেলা
পাণিমুক্ত, অস্ত্র ; বাণ।
পাণিরুহ, নখ, নখর।
পাণিশঙ্খ, জলশঙ্খ, ক্ষুদ্রশঙ্খ।
পাণিসর্গ্যা, রজ্জু, দড়া, রশি।
পাণীকরণ, পাণিগ্রহণ, বিবাহ।
পাণ্ডব, (পাণ্ডু) পাণ্ডু নন্দন, পাণ্ডু পুত্র।
পাণ্ডবাভীল, শ্রীকৃষ্ণ, নারায়ণ।
পাণ্ডবায়ন, বিষ্ণু, শ্রীকৃষ্ণ।
পাণ্ডবেয়, (পাণ্ডব) পাণ্ডু পুত্র, যুধিষ্ঠিরাদি।
পাণ্ডর, (পড়) শ্বেতবর্ণ ; শুভ্রবর্ণ বিশেষ।
পাণ্ডরবর্ণ, শ্বেতবর্ণ, শুভ্রবর্ণ, শাদা।
পাণ্ডা, (পড) জগন্নাথেরপুরোহিত, পূজারী
পাণ্ডিত্য, (পণ্ডিত) পণ্ডিতের ধর্ম্ম বা কর্ম্ম ; নৈপুণ্য, দক্ষতা ; বিদ্যা।
পাণ্ডু, (পড়) কুরুবংশজাত রাজা বিশেষ ; বর্ণ বিশেষ শুক্ল পীত মিশ্রিতবর্ণ, পাণ্ডু-বর্ণ ; রোগ বিশেষ, পাণ্ডুরোগ।
পাণ্ডুক, পাণ্ডুরাজ ; শুক্ল পীত মিশ্রিতবর্ণ
পাণ্ডুকণ্টক, অপামার্গ বৃক্ষ, আপাং।
পাণ্ডুকম্বল, প্রস্তর বিশেষ ; পাণ্ডুবর্ণ কম্বল
পাণ্ডুনাগ, পুন্নাগবৃক্ষ ; শ্বেত বর্ণ হস্তী ; শ্বেতবর্ণ সর্প।
পাণ্ডুপৃষ্ঠ, পাণ্ডুবর্ণ পৃষ্ঠযুক্ত ; অলক্ষণ।
পাণ্ডুফল, পটোল।
পাণ্ডুবর্ণ, শুক্ল পীত মিশ্রিত বর্ণ।
পাণ্ডুমৃৎ, পাণ্ডুভূমি খড়ী মৃত্তিকা, খড়ীমাটী
পাণ্ডুর, (পাণ্ডু) শুক্লপীত মিশ্রিতবর্ণ ; কা-মলা রোগ ; শ্বিত্ররোগ।
পাণ্ডুরঙ্গ, শাক বিশেষ, পাটরাঙ্গা শাক।
পাণ্ডুরা, (পাণ্ডু) লতাবিশেষ, মাষপর্ণী লতা ; শুক্ল পীত বর্ণ যুক্ত স্ত্রী।
পাণ্ডুরোগ, দমনকবৃক্ষ, পাণ্ডু বর্ণ যুক্ত।
পাণ্ডুরেক্ষু, শ্বেতেক্ষু, শাদা আখ।
পাণ্ডুলেখ্য, খসড়া লেখা, মুশাবিদা।
পাণ্ডুশর্ম্মিলা, দ্রৌপদী, পাণ্ডব পত্নী।
পাণ্ডুশর্করা, রোগবিশেষ
পাণ্ডুসোপাক, বর্ণসঙ্কর জাতিবিশেষ।
পাণ্য, (পাণি) স্তুত্য, প্রশংসনীয় শ্লোকাদির পাত
পাত, (পৎ) পতন, পড়া ; পুস্তকের পত্র ;

পাতক, (পৎ) নরক সাধন, পাপ, অঘ, কিল্বিষ কলুষ ; অশুভ। [ঘবাম।
পাতকী, (পাতক) পাপী ; পাতকবিশিষ্ট ; অ-
পাতকুয়া, কূপ, জলযুক্ত গর্ত্ত বিশেষ।
পাতখোলা, পাতখাবরা, মৃত্তিকা নির্ম্মিত ছোট কটোরা।
পাতঙ্গ, শনৈশ্চর, শনিগ্রহ।
পাতঞ্জিয়া, (পাত-অনঙ্গ) আস্তর ; শয্যা আসনাদি। [দর্শন শাস্ত্র বিশেষ।
পাতঞ্জল, (পাতঞ্জলি) পতঞ্জলি মুনিপ্রণীত
পাতড়া, (পাত) খাদ্যদ্রব্যের অংশ ; খসড়া ; নানা বিষয়ক লিপি ; পুস্তকের উপপত্র।
পাতন, পতিত করান ; অধঃক্ষেপণ ; শয্যাদি বিস্তারণ ; বিছাওন।
পাতনা, (পৎ) উপক্রম, আরম্ভ ; কল্পনা।
পাতর, (প্রস্তর) শিলা, পাষাণ।
পাতল, (পত্তল) তরল ; ক্ষীণ ; হাল্কা।
পাতলা, (পত্তল) তরল, ক্ষীণ, হাল্কা ; অসংশ্লিষ্ট, পৃথক২। [পত্র।
পাতা, (পত্র) রক্ষিতা, ত্রাণকর্ত্তা, রক্ষক,
পাতাপা, (পত্র-পদ) হংসের চরণের ন্যায় বিস্তৃতপদ। [ভুবন ; নরক।
পাতাল, (পৎ) রসাতল, নাগলোক ; অধো-
[illegible]নিলয়, দৈত্য ; সর্প
পাতালভেদী, (পাতাল-ভেদিন) পাতালপর্য্যন্ত গমনশীল ; জলাকর, উলুই।
পাতালোকাঃ পাতালবাসী, দৈত্য ; সর্প
পাতি, (পা) প্রভু, স্বামী, ক্ষুদ্র ; ব্যবস্থাপত্র
পাতিক, জলজন্তু বিশেষ ; শিশুমার, শুশুক
পাতিত, (পৎ) অধঃক্ষিপ্ত ; পতিত করান ; বিস্তৃত করা, বিছান।
পাতিত্য, (পতিত) পাতক, পাপ, দুষ্কৃত ; জাতি ভ্রষ্টাবস্থা।
পাতিলেবু, জম্বীর বিশেষ ; অগ্নি উদ্দীপক
পাতিপাতি, (পত্র) বিশেষরূপে অনুসন্ধান।
পাতিব্রত্য, (পতিব্রতা) সাধ্বীধর্ম্ম, সতীত্ব ; পতিব্রতার লক্ষণ। [তীব্রাচরণ।
পাতিব্রত্যাচরণ, পতিব্রতা ধর্ম্ম পালন, স-
পাতিমৌড়, নব বিবাহিতার মুকুট, সিঁথিমৌড়। [গুরা, কাঁদা।
পাতিলী, নারী ; মৃত্তিকাপাত্র বিশেষ ; বা-
পাতিশিয়াল, শিবা, জম্বুকী, গোমায়ু।
পাতিহাঁস, (পাতি-হংস) ক্ষুদ্র হংস, দেশি হাঁস

পাতী, (পত্র) পতনশীল ; পতনকর্ত্তা ; পত্র লিপি ; ব্যবস্থাপত্র।
পাতুক, (পৎ) পতনশীল ; ভৃগু, উচ্চ, ঢালু ; বৃহৎ জলজন্তু বিশেষ। [ধার গর্ত্ত।
পাৎকুয়া, (পাতাল-কূয়া) কূপ, ইন্দারা, জলা-
পাত্র, (পা) আধার, ভাজন ; মন্ত্রী ; বর, কন্যা সম্প্রদানীয় ব্যক্তি, বিদ্যাদি গুণ সম্পন্ন, যোগ্য।
পাত্রট, কৃশ, ক্ষীণ, দুর্বল।
পাত্রটীর, লৌহপাত্র ; কাংস্যপাত্র ; রজত পাত্র ; অগ্নি ; কাক।
পাত্রতা, (পাত্র) উপযুক্তা, যোগ্যতা ; পাত্রের ধর্ম্ম। [ধর্ম্ম।
পাত্রত্ব, (পাত্র) [illegible]যুক্ততা, পাত্রতা, পাত্রের
পাত্রপাল, তুলা, ধট ; পরিমাণ দণ্ড, তরাজু
পাত্রসংস্কার, ভাজন শোধন করণ ; লতা বিশেষ, রায়ভাটী লতা।
পাত্রস্থ, (পাত্র-স্থা) পাত্রস্থিত, আধারস্থ।
পাত্রী, (পাত্র) আধার, যোগ্য, উপযুক্ত।
পাত্রীয় (পাত্র) যজ্ঞপাত্র ; পাত্রসম্বন্ধীয়।
পাত্রীর, যজ্ঞদ্রব্য, যাগের সামগ্রী।
পাত্রেসমিত, যে ভোজন ব্যতীত অন্য কর্ম্মে মিলিত হয় না, ভোজন দক্ষ, উদর পরায়ণ, পেটুক। [ভরণ।
পাত্রোপকরণ, উপভূষণ, অন্য প্রকার
পাথ, (পা) জল ; সূর্য্য ; অগ্নি
পাথর, (প্রস্তর) পাষাণ, শিলা।
পাথরচুর, বৃক্ষবিশেষ ; পাথরকুঁচি গাছ
পাথরী, (পাথর) রোগবিশেষ, অশ্মরী রোগ
পাথরীয়া, (পাথর) প্রস্তরকর্ত্তক, প্রস্তর নির্ম্মাতা ; পাথরগড়া।
পাথস্, (পা) জল, সলিল, নীর।
পাথিস, (পাথস) সমুদ্র ; চক্ষু ; জল।
পাথেয়, (পাথিন) পথের সম্বল ; পথে ব্যয়িতব্য দ্রব্য, পথ খরচ।
পাথোজ, (পাথস-জন) পদ্ম, কমল, পঙ্কজ।
পাথোদ, (পাথস-দা) মেঘ, ঘন, বারিদ।
পাথোধর, (পাথস-ধৃ) মেঘ, বারিদ, অভ্র
পাথোধি, (পাথস-ধি) সমুদ্র, সাগর, জলধি।
পাথোনিধি, (পাথস-নিধি) সমুদ্র, সাগর, জলধি, অর্ণব।
পাদ, (পদ) চরণ, পা ; চতুর্থভাগ ; এক পোয়া ; শকৃৎক্রিয়া, বাতকর্ম্ম।
পাদকটক, নূপুর, পাদ ভূষণ বিশেষ, বাঁকমল

পাদকনিষ্ঠাপকর্ষক, (পাদকনিষ্ঠ-অপকর্ষক) শিরাবিশেষ, যে শিরার দ্বারা পায়ের কনিষ্ঠাঙ্গুলী চালিত হয়।
পাদকৃচ্ছ্র, ব্রত বিশেষ ; প্রায়শ্চিত্ত বিশেষ।
পাদগণ্ডির, শ্লীপদরোগ, গোদ।
পাদগ্রহণ, অভিবাদন, পাদস্পর্শ পূর্ব্বক প্রণাম। [ভিবাদনকর্ত্তা।
পাদগ্রাহী, (পাদ-গ্রাহিন) চরণসেবক ; অ-
পাদচত্বর, ছাগ, ছাগল ; বালুকা ; পরের দোষ মাত্র কথক, পিশুন। [নকারী।
পাদচারী, পিয়াদা, পদাতি ; পদব্রজে গম-
পাদজ, (পাদ-জন) অবরবর্ণ, শূদ্রজাতি।
পাদত্রাণ, (পাদ) পাদুকা, বিনামা, জুতা ; উপানৎ, খড়ম।
পাদন, (পাদ) বায়ুনিঃসারণ, মরুৎক্রিয়া করণ। [পণ।
পাদনিক্ষেপ, ধাপ, সিঁড়ি, পৈঠা ; পাদক্ষে-
পাদপ, (পাদ-পা) বৃক্ষ, দ্রুম, তরু, গাছ।
পাদপদ্ম, পদ্মসদৃশ চরণ, চরণকমল।
পাদপা, পাদুকা, বিনামা, জুতা। [দড়ি।
পাদপাশ, অশ্বপাদ রজ্জু, ঘোড়ার পায়ের
পাদপাশী, শৃঙ্খলা, শিকলী। [রাখা টুল।
পাদপীঠ, পাদস্থাপনার্থ আসন, পদাসন, পা
পাদপ্রক্ষালন, চরণপ্রক্ষালন, পাদধৌত, পা ধোয়া। [বিনামা, জুতা।
পাদপ্রাবরণ, (পাদ-প্র-আবরণ) পাদুকা,
পাদপ্রসারণ, পদ বিস্তীর্ণ করণ, পা ছড়ান।
পাদপ্রহার, পদাঘাত, লাথী।
পাদপ্রক্ষালন, চরণ ধৌত, পা ধোয়া।
পাদবন্দন, চরণসেবন, পদে প্রণতি করণ।
পাদবন্ধন, গো মহিষাদি ধন ; গবাদির চরণ বন্ধন।
পাদবল্মীক, রোগ বিশেষ, শ্লীপদ, গোদ।
পাদবিক, পথিক, পান্থ, পথস্থ ব্যক্তি।
পাদবিরজা, (পাদ-বিরজস) পাদুকা, বিনামা জুতা। [শনৈঃ২ চলন।
পাদবিহরণ চরণ নিক্ষেপ, পাদচালন ;
পাদবিহীন, চরণহীন, পদরহিত, পঙ্গু।
পাদরজ, (পাদ-রজস) চরণধূলি, পায়েরধূলা
পাদরথী, (পাদ-রথ) উপানৎ, পাদুকা, জুতা
পাদরক্ষণ, উপানৎ, পাদুকা, জুতা।
পাদরোহণ, বটবৃক্ষ, বটগাছ।
পাদশৈল, প্রত্যন্ত পর্ব্বত, ক্ষুদ্র২ পাহাড়।
পাদসেবা, চরণ সেবা, চরণ বন্দন।

পাদস্ফোট, রোগ বিশেষ, বিপাদিকারোগ, চরণের অধোভাগে স্ফোটক।
পাদাগ্র, (পাদ-অগ্র) চরণের অগ্রভাগ, প্রপদ। [পদদ্বারা প্রহার, লাথী।
পাদাঘাত, (পাদ-আঘাত) চরণ দ্বারা তাড়ন
পাদাঙ্ক, (পাদ-অঙ্ক) পদচিহ্ন, পাএর দাগ।
পাদাঙ্গদ, নূপুর, চরণভূষণ।
পাদাত, (পাদ-অৎ) পদাতি সমূহ, সৈন্যসংঘ
পাদাতি, (পাদ-অৎ) পদব্রজে গমনকারি সেনা। [গমনকারি সৈন্য, যোদ্ধা ; পাইক।
পাদাতিক, (পাদ-অৎ) পদাতি ; পদব্রজে-
পাদানত, (পাদ-আনত) চরণে পতিত, চরণে প্রণত, পাদাবনত। মর্দ্দন।
পাদাবন, (পা-দাবন) পা মারণ, পদ দ্বারা
পাদাবর্ত্ত, অরঘট্ট, কূপ, কূয়া।
পাদাবিক, (পাদ-অৎ) পদাতিক, পেয়াদা, পদব্রজে গমনকারি সেনা।
পাদালিন্দ, তরি, নৌকা, তরণী। [ভাগ ;
পাদী, (পাদ) পাদযুক্ত জলজন্তু ; চতুর্থাংশ-
পাদু, (পদ) পাদুকা, উপানৎ, জুতা।
পাদুকা, (পাদু) চর্ম্মাদি নির্ম্মিত পাদাচ্ছাদন, পাদরক্ষক, জুতা, বিনামা ; খড়ম।
পাদুকাকৃৎ, (পাদু-কৃ) চর্ম্মকার, চামার, মুচী।
পাদোদক, (পাদ-উদক) চরণামৃত, পদধৌত জল।
পাদ্য, (পাদ) পাদপ্রক্ষালনার্থ জল।
পান, (পা) দ্রবদ্রব্যের গলাধঃ করণ।
পানগোষ্ঠিকা, মদ্যপান চক্র, ভৈরবীচক্র যে স্থানে অনেকে একত্র হইয়া মদ্য পান করে
পানপত্র, বিবাহের সম্বন্ধ নির্ণায়ক লিপি
পানপাত্র, মদ্যপান পাত্র, চষক, মদের পিয়ালা।
পানবণিক্, শৌণ্ডিক, সুরা ব্যবসায়ী, শুঁড়ী
পানমগ্ন, সুরাপানে আসক্ত, মদ্যপানে রত
পানশৌণ্ড, অতিশয় মদ্যপায়ী, মাতাল।
পানস, (পনস) কাঁটালের আরকের মদ্য ; কাঁটাল সম্বন্ধীয়। [তরি
পানসী, (পাদালিন্দা) নৌকা বিশেষ, ক্ষুদ্র
পানা, (পান) জল মিশ্রিত শর্করাদি ; প্রাচীরের পরিসর ; পুষ্করিণ্যাদির জলোপরি ভাসমান শৈবালবিশেষ, কুম্ভী।
পানাসক্ত, (পান-আসক্ত) মদ্যাসক্ত, মদ্যপানে রত।

পানিল, পানপাত্র, চষক, পিয়ালা।
পানী, (পা) জল, সলিল ; তরল দ্রব্য।
পানীফল, সিঙ্গাড়া, জলজ ফলবিশেষ।
পানীকৌড়ী, (পানী-কুড়) জলস্থ পক্ষিবিশেষ।
পানীবসন্ত, ক্ষুদ্র বসন্ত, রোগবিশেষ।
পানীয়, (পা) জল, পানযোগ্য, পেয়।
পানীয়নকুল, উদ্র, জলমার্জ্জার, উদ্বিড়াল।
পানীয়পৃষ্ঠজ, কুম্ভী, পানা।
পানীয়ফল, মূলবিশেষ, পানীফল।
পানীয়বর্ণিকা, বালুকা, বালি।
পানীয়শালিকা, জলাবস্থান গৃহ, জলের ঘর ; জলছত্র।
পানীয়ামলক, প্রাচীনামলক ; পানিআমলা।
পানীস, (পান) বিরস, বিস্বাদ ; জলবৎ।
পানে, (পন) দিকে, প্রতি।
পান্থ, (পথিন) পথিক, পথিস্থ, রাহী।
পান্না, হীরক বিশেষ, বহুমূল্য প্রস্তরবিশেষ
পাপ, (প) কলুষ, অধর্ম্ম, দুরিত ; অপরাধ।
পাপকৃৎ, (পাপ-কৃ) পাপকর্ত্তা, অধর্ম্মকারক গ্রহ।
পাপগ্রহ, মন্দগ্রহ, অনিষ্টকারক গ্রহ। [তিল
পাপঘ্ন, (পাপ-হন) পাপনাশক, পাপহারী ;
পাপনাপিত, ধূর্ত্ত নাপিত।
পাপপতি, উপপতি, জার, ভুজঙ্গ [পুরুষ।
পাপপুরুষ, পাপময় নর, পাপস্বরূপ
পাপভাক্ (পাপ-ভজ) পাপভাগী, অধর্ম্মাংশী
পাপমুক্ত, নিষ্পাপ, পাপ হইতে পরিত্রাণ প্রাপ্ত।
পাপরোগ, বসন্তরোগ।
পাপর্দ্ধি, মৃগয়া, পশুহিংসা, শিকার।
পাপল, পাপী ; পরিমাণ বিশেষ ; অধর্ম্ম বিশিষ্ট। [গাছ।
পাপশমনী, পাপনাশিনী, শমীবৃক্ষ, শাঁই-
পাপহা, (পাপ-হন) পাপঘ্ন, পাপনাশক।
পাপাচার, দুরাচার, মন্দব্যবহার, অধমাচার
পাপাত্মা, (পাপ-আত্মন) অধর্ম্মশীল, পাপবিশিষ্ট, পাপী। [দুরাত্মা।
পাপিষ্ঠ, (পাপ) অতিশয় পাপী ; অতি
পাপী, (পাপিন) পাপিষ্ঠ, পাতকী, দুরাত্মা।
পাপীয়সী, (পাপ) অতিশয় পাপ যুক্তা স্ত্রী, পাপিষ্ঠা। [অধর্ম্মী।
পাপীয়ান্, (পাপ) অতিশয় পাপী, অত্যন্ত-
পাপ্ম, (পাপ) পাপ, অধর্ম্ম, দুরিত।

পাব, (পর্ব্ব) গ্রাম্য, পথ্য।
পাবক, (পূ) অগ্নি, অনল, বহ্নি ; বজ্রাগ্নি ; শোধনকারক, পবিত্র কর্ত্তা।
পাবকি, কার্ত্তিকেয়, কুমার, অগ্নিজ।
পাবদা, (পর্ব্বত) মৎস্যবিশেষ।
পাবন, (পূ) পবিত্রকারক ; জল ; গোময় ; রুদ্রাক্ষ ; প্রায়শ্চিত্ত ; অগ্নি।
পাবনধ্বনি, শঙ্খধ্বনি ; পবিত্র শব্দ।
পাবনী, (পাবন) হরীতকী ; পবিত্রকারিণী ; তুলসী, গো, গঙ্গা।
পাম, (পামন) কণ্ডুরোগ, কাছু, পাঁচড়া।
পামঘ্ন (পাম-হন) গন্ধক ; কণ্ডুরোগ নাশক
পামন, (পামন) কণ্ডুরোগবিশিষ্ট, পাচড়াযুক্ত।
পামর, (পাম-রা) অধম, নীচ, পাপিষ্ঠ ; মূর্খ
পায়চারী, (পা-চর) পদবিহার।
পায়পড়া, (পা-পড়) চরণ সেবক ; পদানত
পায়রা, (পারাবৎ) কপোত, পারাবত।
পায়রাচাঁদা, মৎস্যবিশেষ, বৃহৎ চাঁদা মৎস্য
পায়স, (পয়স) দুগ্ধ দ্বারা সংস্কৃত অন্ন, পরমান্ন।
পায়া, (পা) পদ ; কর্ম্ম ; খট্টাদি ধারক।
পায়িক, পদাতিক, পদব্রজে গমনকারি সৈন্য
পায়ু, (পা) গুহ্যদেশ, মলদ্বার, অপান।
পায্য, পরিত্রাণ ; পান ; জল ; নিন্দনীয়।
পার, পরতীর, নদী লঙ্ঘনে গন্তব্যতীর ; প্রান্ত ; শেষ ; লঙ্ঘন ; তরণ, উদ্ধরণ, মোচন
পারক, (পার) সমর্থ, পারগ ; পূর্ত্তিকারক ; পালক ; ব্যায়ামকারক।
পারকা, পরলোকহিত কর্ম্ম, পরকালের শ্রেয়োজনক বিষয়।
পারগ, (পার-গম) সমর্থ, পারগামী, নিপুণ, কর্ম্মদক্ষ ; নদ্যাদির পারগামী।
পারগত, পার প্রাপ্ত ; নিস্তীর্ণ, উত্তীর্ণ।
পারজ স্বর্ণ, স্বর্ণ, কাঞ্চন।
পারজায়িক, পারদারিক, পরস্ত্রীগামী
পারটীট, প্রস্তর, পাথর, শিলা, পাত্থর।
পারণ, (পার) সমর্থ হওন, উপবাসের পর দিন বিহিত ভোজন ; মেঘ।
পারণা, (পারণ) উপবাসের পরদিনে বিহিত ভোজন। [রদ, পারা
পারত, সাধ্যানুসারে, সামর্থ্যানুক্রমে ; পা-
পারতন্ত্র্য, (পরতন্ত্র) পরাধীনতা, অস্বাধীনতা, পারবশ্য।

পারৎপক্ষ, (পার-পক্ষ) ক্ষতিসাধ্য; পার-
পতাক্রমেণ (লৌকিক; পরকালের বিষয়।
পারত্রিক, (পরত্র) পরলোক সম্বন্ধীয়, পার-
পারদ, (পার-দা) ধাতুবিশেষ পারা, রসধাতু
পারদণ্ডক, দেশ বিশেষ; উড়িষ্যাদেশের
একভাগ। [পুণ, দক্ষ।
পারদর্শী, (পার-দর্শিন) পারগামী; নি-
পারদারিক, (পরদার) কামুক, পরস্ত্রী রত,
অন্য রমণীতে আসক্ত। [হরণ
পারদার্য্য, (পরদার) পরদারগমন, পরস্ত্রী-
পারদেশ্য, (পরদেশ) প্রোষিত, পরদেশিক,
বিদেশী। (পরকালবিষয়ক; মোক্ষ প্রাপক
পারমার্থিক, (পরমার্থ) পরমার্থ সম্বন্ধীয়;
পারম্পর্য্য, (পরম্পরা) পরম্পরাগত; কুল-
ক্রম; অনুক্রম।
পারম্পর্য্যোপদেশ, (পারম্পর্য্য-উপদেশ) উ-
পদেশ পরম্পরা, ধারাবাহিক উপদেশ।
পারবত, পারাবত, কপোত, পায়রা।
পারলৌকিক, (পরলোক) পরলোক সম্ব-
ন্ধীয়, পরকালের বিষয় ॥ ঔরস জাত সন্তান
পারশব, (পর-শব) শূদ্রা গর্ভে ব্রাহ্মণের
পারশ্বধ, (পরশ্বধ) কুঠার, কুড়ালি।
পারশ্বধিক, (পরশ্বধ) পরশুধারী, কুঠারক।
পারসী, পারস্যভাষা, স্লেচ্ছভাষাবিশেষ।
পারসীক, পারস্য দেশীয়, পারস্যদেশজাত
জন্তু বা বস্তু। [জাত সন্তান।
পারস্ত্রৈণেয়, (পরস্ত্রী) ক্ষেত্রজপুত্র, পরস্ত্রী-
পারা, (পারদ) পারদ, রসধাতু; নদীবিশেষ
পারাণী, (পার) পারহওনের বেতন আত-
র, তরপণ্য। [সাগর; পারহওন।
পারাপার, (পার-অপার) পারাবার সমুদ্র,
পারাবত, (পর-অব) কপোত, পায়রা।
পারায়ণ, (পার-অয়ন) পুরাণ পাঠবিশেষ,
সপ্তাহ নিয়ম করিয়া শ্রীমদ্ভাগবত পঠন বা
পাঠন; সম্পূর্ণতা।
পারায়ণিক, পাঠ; ছাত্র।
পারাক্কক, প্রস্তর, শিলা পাষাণ।
পারাশর, (পরাশর) বেদব্যাস; পরাশর
মুনি সম্বন্ধীয়। [মুনির পুত্র।
পারাশরী, (পরাশর) ব্যাসদেব, পরাশর
পারাশরিন্, চতুর্থাশ্রমী, সন্ন্যাসী।
পারাশর্য্য (পরাশর) পরাশরপুত্র, ব্যাসদেব
পারিকাঙ্ক্ষী, তপস্বী, মুনি, ঋষি।
পারিজাত, সুরতরু; পুষ্পবিশেষ।

পারিণায্য, (পরিণয়) যৌতুকদ্রব্য, বিবাহ-
কালীন লব্ধ ধন, বৈবাহিক ধন।
পারিণাহ্য, (পরিণহ) গৃহোপকরণ, শয্যা,
আসন ইত্যাদি। (ললাটালঙ্কার, সিঁথী।
পারিতথ্যা, সীমন্তিকায় ধার্য্য ভূষণ বিশেষ,
পারিতোষিক, (পরিতোষ) তুষ্টিজনক, দান,
পুরস্কার, আনন্দকর বস্তু।
পারীন্দ্র, সিংহ, মৃগেন্দ্র, কেশরী।
পারিপন্থিক, (পরিপন্থি) তস্কর, চৌর, মলি-
ম্লুচ। [চীর ভাব
পারিপাট্য, (পরি-পাটি) উত্তমতা, পরিপা-
পারিপাত্র, পর্ব্বতবিশেষ।
পারিপাত্রক, পর্ব্বতবিশেষ, পারিপাত্র প-
র্ব্বত। [বর্ত্তী।
পারিপার্শ্বিক, (পরিপার্শ্ব) পার্শ্বস্থিত, পার্শ্ব-
পারিপ্লব, চঞ্চল; আকুল; অস্থির।
পারিভদ্র, বৃক্ষ বিশেষ, পালিতা মাদারগাছ
পারিভদ্রক, দেবদারু বৃক্ষ; নিম্ববৃক্ষ।
পারিভাব, জামিনী, প্রতিভূস্ব, লগ্নকত্ব।
পারিভাষিক, (পরিভাষা) সাঙ্কেতিক শব্দ;
শিল্প বিদ্যাদি সম্বন্ধীয় কল্পিত কথা।
পারিমাণ্ডল্য, (পরিমণ্ডল) পরমাণুর পরি-
মাণ। [স্থিত।
পারিমুখিক, (পরিমুখ) সম্মুখবর্ত্তী, সম্মুখ-
পারিযাত্র, পর্ব্বত বিশেষ, পারিপাত্র পর্ব্বত
পারিযানিক, অশ্বরথ, পর্যাস্থিত রথ।
পারিশ, বৃক্ষবিশেষ; পলাশ; পিপুল।
পারিশা, (পূ) মৎস্যবিশেষ, পার্শেমাছ।
পারিষদ, (পরিষদ) সভাস্থ, সভাসদ, সভ্য।
পারিষদ্য, সভাস্থ, সভ্য, সভাসদ।
পারিহারিক, (পরিহার) পরিহার কর্ত্তা;
বিনতি করা।
পারিহার্য্য, অলঙ্কার বিশেষ বলয়, বালা।
পারী, জলসমূহ; হস্তিপাদরজ্জু; পানপ।
নপাত্র; দোহন পাত্র।
পারীন্দ্র, সিংহ; অজগর সর্প, অজাগর
পারীরণ, কমঠ, কূর্ম্ম, কচ্ছপ, দণ্ড, পটশাক
পারীক্ষিত, (পরীক্ষিত) পরীক্ষিত রাজপু-
ত্র, জনমেজয়।
পারু, অগ্নি, অনল; সূর্য্য, দিবাকর।
পারুল (পাটলি) বৃক্ষবিশেষ।
পারুষ্য, (পরুষ) পরনিন্দা; পরদ্রোহ, অ-
প্রিয় সত্যবাক্য; কঠোরতা।
পারেরক, খড়্গ; অসি, তলবার।

পার্থিত, প্রার্থিত, উচ্চ, উন্নত

পার্থ, (পৃথা) পৃথিবীপাল ; পৃথা পুত্র।

পার্থক্য, (পৃথক) পৃথক্ হওন, ভিন্নতা প্রভেদ।

পার্থব, (পৃথু) পৃথুতা, স্থূলতা।

পার্থিব, (পৃথিবী) রাজা, পৃথিবী সম্বন্ধীয় পৃথ্বীজাত ; মৃণ্ময়।

পার্থিবী, (পৃথিবী) সীতা, জানকী।

পার্পর, যম, অন্তক, রবিসুত। [পর্ব্ব

পার্ব্বণ, (পর্ব্বন) পর্ব্ব কর্ত্তব্য শ্রাদ্ধ, উৎসব

পার্ব্বণী, (পর্ব্বন) উৎসব কালীন পুরস্কার

পার্ব্বত, মহানিম্ব ; ঘোড়া নিম্ব, পর্ব্বত জাত ; পর্ব্বত সম্বন্ধীয়।

পার্ব্বতী, (পর্ব্বত) দুর্গা, ভগবতী।

পার্ব্বতীনন্দন, কার্ত্তিকেয়, কুমার।

পার্য্যমাণ, (পার) কৃতিসাধ্য, সক্ষম, সমর্থ।

পার্শ্ব, (পর্শু) একদেশ, পাশ, ধার, কিনার।

পার্শ্বত, পার্শ্বে, পাশে, নিকটে।

পার্শ্বতীয় পার্শ্ব সম্বন্ধীয়।

পার্শ্বপরিবর্ত্তন, পাশ ফেরাণ, পার্শ্বপরিবর্ত্তন

পার্শ্বব, (পর্শু) পরশুধারী যোদ্ধা।

পার্শ্ববর্ত্তী, (পার্শ্ব-বর্ত্তন) পার্শ্বগ, সহচর।

পার্শ্বশূল, শূলরোগবিশেষ

পার্শ্বস্থ, (পার্শ্ব-স্থা) নিকটস্থ সমীপস্থ।

পার্শ্বস্থিত, নিকটস্থ, সমীপবর্ত্তী।

পার্শ্বাস্থি (পার্শ্ব-অস্থি) পঞ্জর, পাঁজরা।

পার্ষতী দ্রৌপদী, পাণ্ডবপত্নী।

পার্ষদ, (পর্ষদ) পারিষদ, সভাস্থ, অনুচর।

পার্ষ্ণি, (পৃষ) কুন্তী, পাণ্ডুরাজ স্ত্রী, পশ্চাৎ পশ্চাদ্ভাগস্থ ; পৃষ্ঠ।

পার্ষ্ণিগ্রাহ, পৃষ্ঠদেশে বর্ত্তমান শত্রু।

পার্ষ্ণিত্র, পশ্চাৎ রক্ষক, সেনা।

পাল, (পাল) পতদ্গ্রহ, পিকদান, পালক, রক্ষক ; সমূহ দল। [রাশি।

পালই, (পাল) ধান্যের স্তূপ, সতৃণ ধান্যের

পালক, (পাল) রক্ষক, পোষক ; শাসনকর্ত্তা।

পালকপুত্র, পোষ্যপুত্র, দত্তক পুত্র।

পালকী, (পর্য্যঙ্ক) শিবিকা, নরযান, মনুষ্য বাহ্য যান বিশেষ।

পালখ, পাঁক, পক্ষ ; পাখা। [পালংশাক।

পালঙ্ক, (পল্যঙ্ক) জন্তুবিশেষ ; শাক বিশেষ

পালঙ্ক্য, (পালঙ্ক) শাক বিশেষ, পালংশাক

পালঙ্ক, (পালঙ্ক) শাক বিশেষ ; খট্টা, খাট পল্যঙ্ক।

পালটি, (পালট) পরিবর্ত্ত, বদল, বিনিময়

পালন, (পাল) ভরণপোষণ, প্রতিপালন ; মান্যকরণ ; রক্ষণ, অঙ্গীকার পূরণ।

পালনীয়, (পাল) প্রতিপাল্য ; পালনযোগ্য

পালা, (পাল) রক্ষিত, পোষা ; পল্লব ; নীহার ; বার, পর্য্যায় ; কালনিরূপণ।

পালাঙ্গা, (পাল-অঙ্গ) প্রাচীরাবস্থিত তৃণাদি নির্ম্মিত চাল, ক্ষুদ্রচালা। [প্রস্থিত।

পলায়িত, (পালা) পলায়িত, কৃতপলায়ন,

পালান, (পালা) পলায়ন, প্রস্থান গোস্তন।

পালাশ, হরিদ্বর্ণ, সবুজরং, হরিদ্বর্ণবিশিষ্ট ; তেজপত্র

পালাশষণ্ড, মগধদেশ, পলাশসমূহ

পালি, (পাল) কোণ ; পংক্তি, শ্রেণী ; প্রান্তভাগ, সেতু, আইল ; ক্রোড় ; গ্রন্থপরিমাণ, প্রশংসা ; চারি সের।

পালিকা, (পালি) অস্ত্র, কোণ ; পালনকারিণী

পালিত, (পাল) রক্ষিত, স্থাপিত, পোষিত

পালী, শ্রেণী পংক্তি ; স্থালী, হাঁড়ী।

পালো, (পাল) ঔষধ বিশেষ ; চূর্ণ, গুঁড়া।

পালটন, (পালট) বদল, পরিবর্ত্তন ; ফিরাণ

পালটা (পরি-অট) বদলা, বিনিময়, পরিবর্ত্ত ; পরিশোধ।

পাল্য, (পাল) পালনীয়, পালন যোগযুক্ত।

পাল্লা, (ধাং) তৌল করণের পাত্র ; তরাজু।

পাশ (পশ) রজ্জু, গুণ, সূত্র, দড়ী ; পার্শ্ব।

পাশক, দ্যূত বিশেষ, পাশা খেলা ; অক্ষ, পাকি, চৌপাড়, পাশা।

পাশকথা, ইতরবাক্য, প্রাসঙ্গিক কথা।

পাশপাণি, বরুণ, জলাধিষ্ঠাত্রী দেবতা।

পাশবপালন, (পশু-পালন) ঘাস, তৃণ।

পাশলী, (পাশ) পাদাঙ্গুলির ভূষণ বিশেষ।

পাশা, (পাশ) অক্ষ, পার্শ্ব ; কর্ণভূষাবিশেষ

পাশাপাশী, (পার্শ্ব) পরস্পর পার্শ্বে স্থিত। নিকটানিকটি, কাছাকাছি।

পাশিত, পাশযুক্ত, বদ্ধ, বাঁধা। [যম।

পাশী, (পাশ) পাশধর, রজ্জুবিশিষ্ট, ব্যাধ ;

পাশীকৃত, পাশবদ্ধ, দড়ী বাঁধা।

পাশুপত, (পশুপতি) মন্ত্রে উপাসক, শৈব।

পাশুপতাস্ত্র, (পাশুপত-অস্ত্র) শূলাস্ত্র বিশেষ

পাশুপাল্য, বৈশ্যবৃত্তি, গো রক্ষণাদি। [শৈব।

পাষণ্ডী, (পাষ) পাষণ্ড, পদাঙ্গুলাভরণ বিশেষ।

পাশে, পার্শ্বে, কাছে, নিকটে। [শীর

পাশ্চাত্য, (পশ্চাৎ) পশ্চাজ্জাত, পশ্চিমদে

পাষক, (পাদ) পাদাভরণ বিশেষ, পাঁযুজী।
পাষণ্ড, (পাপ-খণ্ড) পামর, পাপী নাস্তিক।
পাষণ্ডী, পামর, নীচ, নাস্তিক।
পাষাণ, (পিষ) শিলা, প্রস্তর, পাতর।
পাষাণভেদী বৃক্ষবিশেষ, পাথর চুর।
পাষাণী, (পাষাণ) ক্ষুদ্রপাষাণ বাটখারা।
পাষিক, (পাশক) অক্ষ, পাশক।
পাসরণ, (পাসর) বিস্মরণ, ভ্রম, ভুলন।
পাসরাণ, চলন; পদক্ষেপণ।
পাসোরা, (অপ-স্মৃ) বিস্মৃতি; ভ্রম ভুল।
পাহাড়, (পর্ব্বত) শৈল, গিরি।
পাহাড়িয়া (পাহাড়) পর্ব্বতীয়, গিরিসম্বন্ধীয়
পাক্ষিক, (পক্ষ) পক্ষপাতী; অনিয়ত ভাবী
পক্ষিঘাতক, পাখি মারা; পক্ষসম্বন্ধীয়।
পিঁজরা, (পিঞ্জর) পিঞ্জর, খাঁচা।
বিনীতাত্মা, (বিনীত-আত্মন) নম্রমনাঃ, শিষ্ট,
বিনীয়, বল্ক, খইল; পাপ, কলুষ, অধর্ম্ম।
বিনেতা, (বি-নী) দেশক; রাজা; শিক্ষক।
বিনেয় (বি-নী) নেতব্য শাসনীয়, দণ্ডার্হ।
বিনোদ, (বি-নুদ) কৌতূহল; হর্ষ; ক্রীড়া; আলিঙ্গন বিশেষ; রাজগৃহ বিশেষ।
বিন্দু, (বিদ) জলকণা, পৃষত; কণিকা, কণা, দন্তক্ষত বিশেষ; জ্রমধ্য; অনুস্বার।
বিন্দুচিত্রক, বিন্দু রেখাঙ্কিত মৃগবিশেষ।
বিন্দুজাল, হস্তির শুণ্ডোপরি বিচিত্র বিন্দুসমূহ। [সমূহ।
বিন্দুজালক, হস্তির মুখাদিতে স্থিত বিন্দু
বিন্দুপত্র, ভূর্জ্জবৃক্ষ, ভোজপাতের গাছ।
বিন্দুরেখক, বিন্দুরেখান্বিত পক্ষিবিশেষ।
বিন্দুসর, সরোবর বিশেষ।
বিন্ধন, (বিধ) ছিদ্রকরণ; ভেদন; ফোড়ন।
বিন্ধপত্রী, জ্বরাপহা, জ্বরনাশক, বেলশুঁটি।
বিন্ধস, চন্দ্র, বিধু, শশী, শশধর। [ব্যাধ।
বিন্ধ্য (বি-ধৈ) পর্ব্বত বিশেষ, বিন্ধ্যাগিরি;
বিন্ধ্যবাসিনী, দুর্গা, ভগবতী; বিন্ধ্যপর্ব্বতে বাসকারিণী। [পর্ব্বতে বাসকারী ব্যক্তি
বিন্ধ্যবাসী, (বিন্ধ্য-বাসিন) ব্যাড়িমুনি; বিন্ধ্য
বিন্ধ্যা, লবলীবৃক্ষ, নোয়াড় বৃক্ষ; এলাচি।
বিন্ধ্যাচল, (বিন্ধ্য-অচল) বিন্ধ্য নামক পর্ব্বত, বিন্ধ্যাদ্রি, বিন্ধ্যাগিরি
বিন্ধ্যাবলী, বাণরাজার মাতা।
বিন্ধ্যাবলীপুত্র, বাণরাজ।
বিন্ন, বিচারিত, প্রাপ্ত; জ্ঞাত; স্থিত, বিবাহিত। [র্পিত; রাজান।
বিন্যস্ত, (বি-নি-অস) রচিত; যথাক্রমে স্থা-
বিন্যাক, বৃক্ষ বিশেষ, ছাতিয়ান গাছ।
বিন্যাস, (বি-নি-অস) স্থাপন; রচন; কেশসংস্কার; সাজান। [পরিপাক প্রাপ্ত।
বিপক্ক, (বি-পচ) বিশেষে পাকা, অতিশয়

বিপচ্ছূন্য, (বিপদ-শূন্য) বিপত্তিশূন্য, আপদরহিত। [কষ্টজনক।

বিপজ্জনক, (বিপদ-জনক) আপজ্জনক, স-

বিপঞ্চিকা, (বি-পঞ্চ) বাদ্যযন্ত্র বিশেষ, বীণা।

বিপঞ্চী, (বিপঞ্চ) বাদ্যযন্ত্র বিশেষ, বীণা।

বিপণ, (বি-পণ) বিক্রয়, বেচা, মূল্য লইয়া স্বত্ব ত্যাগকরা।

বিপণি, (বি-পণ) পণ্যবিক্রয়শালা, দোকান; হট্ট, হাট, বাজার; হট্টমধ্যস্থ পণ্যবিক্রয়-বীথী, দোকানের চক। [হাট।

বিপণী, (বি-পণ) বণিক্, বেণিয়া; হট্ট,

বিপৎ, (বিপদ) আপদ, সঙ্কট, বিপত্তি।

বিপত্তরণ, (বিপদ-তরণ) আপদ হইতে উদ্ধার, বিপত্ত্রাণ, বিপদ হইতে মোচন।

বিপত্তারক, (বিপদ তারক) বিপদুদ্ধারক

বিপত্তারী, (বিপদ-তারিন) বিপত্রাতা, বিপত্তারক। [বিনাশ।

বিপত্তি, (বি-পদ) আপদ, বিপদ, সঙ্কট;

বিপথ, (বি-পথিন) নিন্দিত পথ, কুপথ; অসৎ মার্গ।

বিপথগামী, (বিপথ-গামিন) কুপথগামী; কুমার্গ প্রবৃত্ত; দুষ্টাচারী; অধর্ম্মে রত।

বিপদ, বিপত্তি, আপদ; সঙ্কট। [ত্তিশূন্য।

বিপদ্ধীন, বিপদ-হীন) আপদরহিত, বিপ-

বিপন্ন, (বি-পদ) বিপদাক্রান্ত, আপদগ্রস্ত; দুর্দ্দশাপন্ন; নষ্ট; পাপ, ভুজঙ্গ, বিষধর।

বিপব্য, শোধনীয়, পবিত্রকরণযোগ্য।

বিপরীত, (বি-পরি-ই) বিপর্যায়; উল্টা; প্রতিকূল, বিরুদ্ধ; অসম্ভব।

বিপরীতা, কামুকী, কামাতুরা, সকামা।

বিপর্ণক, পলাশবৃক্ষ, পলাশগাছ। [ব্যত্যয়।

বিপর্যায়, (বি-পরি-ই) ব্যতিক্রম, ব্যত্যাস,

বিপর্য্যাস, (বি-পরি-আস) অন্যরূপ গ্রহণ; বিপরীত; বিপর্যায়, উল্টা, ভ্রম, ভ্রান্তি।

বিপশ্চিৎ, পণ্ডিত, বুধ, ধীর; প্রাজ্ঞ।

বিপক্ষ, (বি-পক্ষ) শত্রু, বৈরী, অরি, বিরুদ্ধপক্ষাশ্রিত; প্রতিকূল। [তিকূল্য।

বিপক্ষতা, (বিপক্ষ) শত্রুতা, বৈরিতা; প্রা-

বিপক্ষতাচরণ, (বিপক্ষতা-আচরণ) শত্রুআচরণ, বিরুদ্ধাচরণ [আক্রান্ত; বৈরিগ্রস্ত,

বিপক্ষাক্রান্ত, (বিপক্ষ-আক্রান্ত) শত্রুকর্তৃক

বিপাক, (বি-পাক) কর্ম্মের বিসদৃশ ফল, পরিণাম; দুর্গতি; স্বেদ, ঘর্ম্ম; পাচন; দৈবঘটনা; ক্লেশ, আপদ।

বিপাট, নদী বিশেষ, বিপাশা নদী।

বিপাঠ, বাণ, ইষু, বিশিখ, শর।

বিপাদিকা, (বি-পদ) রোগবিশেষ, পাদস্ফোটরোগ; কুষ্ঠরোগ বিশেষ।

বিপাশা, নদী বিশেষ।

বিপিন, (বিপ) বন, কানন, অটবী, অরণ্য।

বিপুল, (বি-পুল) বৃহৎ, প্রকাণ্ড; মহৎ; মেরু; পশ্চিম পর্ব্বত; সুমেরু; হিমালয়

বিপুলতা, মহত্ত্ব, প্রকাণ্ডতা, বিশালতা।

বিপুলরস, ইক্ষু, আউক। [বিশেষ।

বিপুলা, (বিপুল) পৃথিবী; প্রকাণ্ডা, ছন্দো-

বিপুর, মুঞ্জতৃণ, মুঞ্জলতা।

বিপ্র, (বি-প্রা) ব্রাহ্মণ, দ্বিজোত্তম, ভূদেব।

বিপ্রকার, (বি-প্র-কৃ) অপকার, অনিষ্ট, অহিত; তিরস্কার।

বিপ্রকৃত, (বি-প্র-কৃ) অপকৃত; তিরস্কৃত; নিকৃত, ভৎসিত, নিন্দিত।

বিপ্রকৃতি, (বি-প্র-কৃ) তিরস্কার; অপকার

বিপ্রকৃষ্ট, (বি-প্র-কৃষ) দূর, অন্তর; মন্দ।

বিপ্রগামী, (বি-প্র-গম) বিচলিত; কুপথগামী। [শেষ।

বিপ্রচিত্ত, দনুপুত্র, অসুরবৃত্ত, অসুর বি-

বিপ্রতিকারী, (বি-প্রতি-কৃ) অপকারী, মন্দকরী, প্রতিকূল; বিরোধকারক।

বিপ্রতিপত্তি, (বি-প্রতি পদ) বিরোধ, বিসম্বাদ, বিবাদ; কলহ, ঝকড়া।

বিপ্রতিষিদ্ধ (বি-প্রতি-ষিধ) নিবারিত, নিষিদ্ধ। [শয়; রোষ, ক্রোধ।

বিপ্রতিসার, অনুতাপ, পশ্চাত্তাপ, অনু-

বিপ্রদহ, ফলমূলাদি শুষ্ক দ্রব্য।

বিপ্রপ্রিয়, পলাশ বৃক্ষ; ব্রাহ্মণের বল্লভ।

বিপ্রয়াণ, (বি-প্র-যা) পলায়ন, প্রস্থান, স্থানান্তরে গমন।

বিপ্রযুক্ত, বিশিষ্ট, বিভিন্ন, পৃথক। [চ্ছেদ।

বিপ্রয়োগ, (বি-প্রযুজ) বিরহ, বিয়োগ বি-

বিপ্রলপন, (বি-প্র-লপ) বিরুদ্ধ উক্তি; বিতণ্ডাবাক্য, অসঙ্গত কথা।

বিপ্রলব্ধ, (বি-প্র-লভ) বঞ্চিত, প্রতারিত

বিপ্রলব্ধা, (বিপ্রলব্ধ) নায়িকা বিশেষ; বঞ্চিতা নায়িকা।

বিপ্রলাপ, (বি-প্র-লপ) বিরোধোক্তি, অন্যোর বাক্যের বিরুদ্ধে বচন, অনর্থক বাক্য অসঙ্গতকথা।

বিপ্রিয়, অপরাধ, মন্দ, দোষ অপ্রিয়।

বিপ্রুষ, (বি-প্রুষ) বিন্দু, জলকণা, মুখনির্গত জলবিন্দু। [শস্থ।

বিপ্রোষিত, (বি-প্র-বস) প্রবাসিত, বিদে-

বিপ্লব, (বি-প্লু) পরচক্রাদি ভয়, রাষ্ট্রাদির উপদ্রব, উৎপাত; নাশ, ধ্বংশ।

বিপ্লাব, (বি-প্লু) অশ্বের প্লুতগতি, লম্ফপ্রদান পূর্ব্বক গমন। [পাতিগ্রস্ত।

বিপ্লুত, (বি-প্লু) ব্যসনার্ত্ত, উপদ্রুত, উৎ-

বিফল, (বি-ফল) নিরর্থক, মোঘ, ব্যর্থ, নিস্ফল, অনর্থক, বৃথা।

বিফলতা, বৈয়র্থ্য, ফলাভাব, নিষ্ফলতা

বিফলা, (বিফল) কেতকী, কেয়া। [বৃথা

বিফলে, (বিফল) নিষ্ফলে, নিরর্থকরূপে;

বিফুল্ল, বিকাসিত, প্রফুল্ল।

বিবদন, (বি-বদ) বিরোধকারী, বিবাদকর্ত্তা

বিবদমান, (বি-বদ) বিবাদকর্ত্তা, বিরোধকারী

বিবন্ধ, রোগবিশেষ আনাহ রোগ।

বিবর, (বি-বৃ) ছিদ্র, ছেঁদা, বিল, গর্ত্ত।

বিবরণ, (বি-বৃ) ব্যাখ্যা; বৃত্তান্ত, বর্ণনা।

বিবরণীয়, (বি-বৃ) বিশেষ কথনীয়, বর্ণনার্হ।

বিবরনালিকা, বেণু, বংশী, বাঁশী।

বিবর্জ্জন, (বি-বৃজ) ত্যাগ, পরিহার, ছাড়ন;

ন। [মলিন, ম্লান।

বিবর্ণ, (বি-বর্ণ) নীচ; বর্ণহীন, বিকৃতবর্ণ,

বিবর্ত্ত, (বি-বৃৎ) সমুদায়; মৃত্যু; অপবর্ত্তন

বিবর্ত্তন, (বি-বৃৎ) পরিভ্রমণ, ঘূর্ণন।

বিবশ, অবশীভূত, অবশ, অবাধ্য।

বিবসন, বিবস্ত্র, বসন হীন, উলঙ্গ।

বিবস্বান্, সূর্য্য, রবি, মার্ত্তণ্ড, বিকর্ত্তন; অর্ক বৃক্ষ, আকন্দগাছ; দেবতা; অরুণ; বৈবস্বত মনু। [বাসনা।

বিবক্ষা, (বচ) কহিবার ইচ্ছা, বাক্য কথনের

বিবক্ষিত, (বচ) কথনেচ্ছার বিষয়।

বিবক্ষু, (বচ) কথনাভিলাষী, কহিতে ইচ্ছুক

বিবাক, বিবেচনা কর্ত্তা, বিবেচক।

বিবাগবরারী, রাগিণী বিশেষ।

বিবাদ, (বি-বদ) বিরোধ, কলহ, ঝকড়া।

বিবাদক, (বি-বদ) বিবাদানুগত; বিবাদী, বিবাদকর্ত্তা, বিরোধী, কলহী, কলহকারী

বিবাদযুক্ত, কলহবিশিষ্ট, বিরোধীয়; বিরোধকারী। [দীয়।

বিবাদার্হ, (বিবাদ-অর্হ) বিবাদ যোগ্য, বিবা-

বিবাদাস্পদ, (বিবাদ-আস্পদ) বিবাদের স্থান, বিরোধীয়।

বিবাদী, (বি-বদ) বিরোধী, প্রতিপক্ষ, বিরোধকারী।

বিবাদীয়, (বিবাদ) বিরোধীয়, বিবাদাস্পদ।

বিবাহ, (বি-বহ) দারপরিগ্রহ, উপযম, পরিণয়, উদ্বাহ, দারকর্ম্ম। [কাদি।

বিবাহলগ্ন, বিবাহকালীন প্রাপ্ত, যৌতুক

বিবাহার্থী, (বিবাহ-অর্থিন) দারার্থী, পরিণয় করিতে প্রার্থনাকারী। [পরিণীত;

বিবাহিত, (বি-বহ) কৃতবিবাহ, উদ্বাহিত,

বিবাহ্য, (বি-বহ) জামাতা; বিবাহ যোগ্য;

বিবিক্ত, (বি-বিচ) পবিত্র; বিজন, নির্জ্জন; বিবেকী; পৃথক; বিবেচিত।

বিবিক্তা, দুর্ভগা, দুরদৃষ্টা, দুরবস্থান্বিতা।

বিবিধ, (বি-বিধ) নানা প্রকার, বহুরূপ।

বিবীত, (বি-বীত) ভূমি বিশেষ।

বিবীতভর্ত্তা, বিবীতভূমির স্বামী। [শণধর

বিবুধ, (বি-বুধ) দেবতা; পণ্ডিত; চন্দ্র,

বিবুধান, (বিবুধ) আচার্য্য; পণ্ডিত; দেবতা

বিবৃক্তা, দুর্ভাগা; দুঃখিতা। [করা

বিবৃত, (বি-বৃৎ) বিস্তৃত, প্রসারিত, বিবরণ-

বিবৃতা, ক্ষুদ্ররোগ বিশেষ। [বিস্তৃত নেত্র।

বিবৃতাক্ষ, (বিবৃত-অক্ষি) কুক্কুট, কুকুড়া,

বিবৃতি, (বি-বৃ) ব্যাখ্যা, অর্থ বিবরণ, বর্ণন।

বিবৃত্ত, (বি-বৃৎ) চলিত, ভ্রমিত, ঘূর্ণায়মান

বিবৃত্তা, ক্ষুদ্ররোগবিশেষ।

বিবৃত্তি, (বি-বৃৎ) চক্রবৎ ভ্রমণ, ঘূর্ণন।

বিবেক (বি-বিচ) বিবেচনা, বিচার; সাংসারিক পদার্থে হেয় জ্ঞান। [ভাব।

বিবেকিতা, (বিবেক) বিবেকিত্ব, বিবেকির-

বিবেকী, (বি-বিচ) বিচারকর্ত্তা, বিবেকাবশিষ্ট, সাংসারিক পদার্থে হেয়বুদ্ধিকারী।

বিবেচক (বি-বিচ) বিবেচনা কর্ত্তা; বিচারক সৎতার্কিক; ভদ্রাভদ্র নির্ণয়ক্ষম।

বিবেচন, (বি-বিচ) বিতর্কণ; বিচারণ।

বিবেচনা, (বি-বিচ) বিচার; অনুধাবন, চর্চ্চা ভাবনা; পরামর্শ। [পরামৃষ্ট।

বিবেচনীয়, (বি-বিচ) বিবেচ্য, বিবেচিতব্য,

বিবেচিত (বি-বিচ) বিতর্কিত, পরামর্শকৃত, বিচারিত; তর্কিত; ভাবিত, চিন্তিত আন্দোলিত। [যোগ্য।

বিবেচ্য, (বি-বিচ) বিবেচনাযোগ্য, বিচার-

বিবোঢ়া, বিবাহ কর্ত্তা, বর, পতি, ভর্ত্তা।

বিবোধ, (বি-বুধ) অনবধানতা; প্রবোধ, জ্ঞান।

বিবোধক,(বি-বুধ) জাগরণকারী, নিদ্রাভঞ্জক, প্রবোধ দায়ক, জ্ঞানদায়ক। [জ্ঞাপন।
বিবোধন, (বি-বুধ) প্রবোধন, জাগরণ;
বিব্রত, (বি-বৃ) ক্লেশাপন্ন; কাতর, অস্থির
বিব্রুবন্, (বি-ব্রু) বিরুদ্ধবক্তা, অন্যায় ভাষী
বিব্বোক, রমণীদিগের শৃঙ্গার ভাবজন্য ক্রিয়া বিশেষ, হাব, বিলাস, কটাক্ষাদি
বিভক্ত, (বি-ভজ) প্রাপ্ত বিভাগ; কৃতাংশ বিভিন্ন, পৃথক কৃত। [ধানে উৎপন্ন পুত্র।
বিভক্তজ, (বিভক্ত-জন) বিভাগানন্তর গর্ভা
বিভক্তি,(বি-ভজ) অংশকরণ, বণ্টন, বিভাগ; ব্যাকরণমতে লিঙ্গ এবং ক্রিয়ার উত্তর প্রযুজ্য প্রত্যয় বিশেষ।
বিভজন, (বি-ভজ) বিভাগকরণ, অংশকরণ, ভাগকরণ, বণ্টন, বাঁটিয়া লওন।
বিভজনীয়, (বি-ভজ) বিভাজ্য, বিভাগযোগ্য, বিভাগার্হ, ভাগ করিবার উপযুক্ত
বিভব, (বি-ভূ) ধন সম্পত্তি, ঐশ্বর্য্য, মোক্ষ
বিভবশালী, ঐশ্বর্য্যশালী, ধনবান্ ধনসম্পন্ন
বিভবহীন, বিভবশূন্য, ঐশ্বর্য্যরহিত। [বাহু।
বিভা, প্রভা, কিরণ; প্রকাশ; শোভা; বি
বিভাকর, (বিভা-কৃ) সূর্য্য, রবি, দিবাকর মার্ত্তণ্ড; অর্কবৃক্ষ, আকন্দগাছ, চিত্রক বৃক্ষ, চিতা গাছ; অগ্নি, বহ্নি, অনল।
বিভাগ, (বি-ভজ) ভাগ, অংশ; বণ্টন; পার্থক্য। [ভাগী।
বিভাগী, (বি-ভজ) অংশী, ভাগাধিকারী,
বিভাজক, (বি-ভজ) অংশকারী, বিভাগকর্ত্তা, বণ্টক।
বিভাজ্য, (বি-ভজ) বিভজনীয়, বিভাগার্হ; অংশকরণযোগ্য, বণ্টনীয়।
বিভাণ্ডক, মুনিবিশেষ, ঋষ্যশৃঙ্গমুনির পিতা
বিভাণ্ডকসুত, মুনি বিশেষ, ঋষ্যশৃঙ্গমুনি, দশরথের জামাতা।
বিভাত, (বি-ভা) উদ্দীপিত; প্রত্যুষ, প্রাতঃকাল, উষ, সময়। [দি ভাব।
বিভাব, (বি-ভূ) পরিচয়; রসের উদ্দীপনা-
বিভাবন,(বি-ভূ) প্রকাশন, অনুভব করণ।
বিভাবনা,(বি-ভূ) বিবেচনা, তর্ক; অনুভব।
বিভাবনীয়,(বি-ভূ) বিবেচনীয়; বিতর্কণীয় চিন্তনীয়; পরিচ্ছেদ্য। [নীয়; বিবেচনীয়।
বিভাবয়িতব্য, (বি-ভূ) চিন্তনীয়; বিতর্ক-
বিভাবরী,(বি-ভা) রাত্রি, রজনী, নিশা; হরিদ্রা; কুট্টনী, বক্রযোষিৎ।

বিভাবসু, সূর্য্য, রবি, ভানু, বিভাকর, প্রভাকর, দিবাকর; আকন্দগাছ; অনল, অগ্নি; চিত্রকবৃক্ষ, চিতাগাছ।
বিভাবিত, (বি-ভূ) চিন্তিত; বিবেচিত, বিচারিত; বিশেষে উৎপাদিত।
বিভাষা,(বি-ভাষ) বিকল্প; দ্বৈতবাদ।
বিভাষিত; (বি-ভাষ) বিকল্প; উক্ত, কথিত।
বিভাস, (বি-ভাস) রাগিণী বিশেষ; প্রভা, দীপ্তি, আলোক। [ভেদিত।
বিভিন্ন, (বি-ভিদ) বিভক্ত; পৃথক; বিদীর্ণ
বিভিন্নতা, প্রভেদ, পার্থক্য, ভিন্নতা।
বিভিন্নত্ব, (বিভিন্ন) প্রভেদ, পৃথকতা, পার্থক্য, ভিন্নতা।
বিভীতক,(বি-ভীত) বৃক্ষবিশেষ, বহেড়াগাছ
বিভীষণ, (বি-ভী) রাবণভ্রাতা; ভয়ানক, ভয়ঙ্কর; তৃণবিশেষ, নলতৃণ।
বিভীষিকা, (বি-ভী) ভয়দেখান।
বিভু, (বি-ভূ) প্রভু; সর্ব্বগত; শঙ্কর; ব্রহ্মা বিষ্ণু; ব্যাপক। [শিবধৃত ভস্ম।
বিভূতি, (বি-ভূ) অণিমাদি অষ্ট ঐশ্বর্য্য;
বিভূতিদ্বাদশী, ব্রতবিশেষ।
বিভূতিমান্, শিব; ঐশ্বর্য্যবন্ত, ধনবান্।
বিভূষণ, (বি-ভূষ) আভরণ, অলঙ্কার।
বিভূষা, শোভা; আভরণ, অলঙ্কার।
বিভূষিত, (বি-ভূষ) অলঙ্কৃত; শোভিত।
বিভৃত, (বি-ভৃ) ধৃত; পুষ্ট; রক্ষিত।
বিভেদ,বি-ভিদ) বিচ্ছেদ; প্রভেদ, ভিন্নতা, পার্থক্য; বৈলক্ষণ্য, বিশেষ; বৈপরীত্য।
বিভেদক, (বি-ভিদ) ভেদকর্ত্তা, পার্থক্যকারক, প্রভেদক।
বিভ্রৎ, ভরণ পোষণকর্ত্তা; ধারণকারী।
বিভ্রম, (বি-ভ্রম) স্ত্রীদিগের শৃঙ্গার ভাব জাত ক্রিয়াবিশেষ; শোভা, সংশয়।
বিভ্রমা, বার্দ্ধক্য, বৃদ্ধত্ব।
বিভ্রাট, (বি-ভ্রাজ) অলঙ্কারাদি দ্বারা দীপ্তিশীল, ভ্রাজিষ্ণু; আপদ, বিপদ, সঙ্কট।
বিভ্রান্ত (বি-ভ্রম) বিভ্রমযুক্ত, ভুল হও
বিভ্রান্তি, (বি-ভ্রম) বিভ্রম, ভুল।
বিভ্রাল(বিহ্বল)হতজ্ঞান, ভ্রান্ত; অচেতন।
বিমত, (বি-মন) বিরুদ্ধ মত, অন্য মত, প্রতিকূল, বিপরীত; অন্যথা। [প্রেত।
বিমতি, (বি-মতি) অনিচ্ছা; অজ্ঞ, অনভি
বিমনস্ক, (বি-মনস) বিমনাঃ, চিন্তাদিতে ব্যাকুলচিত্ত, দুর্ম্মনাঃ, দুঃখিত মানস।

বিমনস্কতা, অন্যমনস্ক হওয়া, অন্যদিকে মনঃ দেওয়া। [কুলচিত্ত।
বিমনাঃ, (বি মনস) দুর্ম্মনাঃ, চিন্তাবিষ্টে ব্যা
বিময়, বিনিময়, বদল, পরিবর্ত্ত।
বিমর্দ্দ, (বি-মৃদ) কালঙ্কত বৃক্ষ, কালকাসুন্দিয়া গাছ; ডলন, বিমর্দ্দন।
বিমর্দ্দক, (বি-মৃদ) চক্রমর্দ্দ বৃক্ষ, চাকুন্দিয়া-গাছ। [লোড়ন।
বিমর্দ্দন, (বি-মৃদ) মর্দ্দন, ডলন, পেষণ, বি-
বিমর্দ্দিত, (বি-মৃদ) দলিত, পিষ্ট, ডলা।
বিমর্দ্দোত্থ, মর্দ্দনজাত উৎপন্ন গন্ধাদি।
বিমর্শন, পরামর্শ, যুক্তিকরণ; বিতর্কণ।
বিমর্ষ, (বি-মৃষ) বিচারণা, মৌন; ভাবিত, চিন্তিত, উদ্বিগ্ন; অপ্রসন্ন, খেদ, অনুতাপ
বিমর্ষী, (বিমর্ষ) খিদ্যমান; দুঃখিত, মৌনী
বিমল, (বি-মল) নির্ম্মল, স্বচ্ছ, পরিষ্কার, পরিচ্ছন্ন; চারু, মনোহর।
বিমলদান, নিত্য নৈমিত্তিক কাম্যদান, ঈশ্বর প্রীণনার্থ দান।
বিমলমণি, স্ফটিক, বেল্লোর, বেলয়ারী।
বিমলা, (বিমল) দেবী বিশেষ; জগন্নাথের-ভগিনী। [হিত, পরিষ্কৃত।
বিমলাত্মক, (বিমল-আত্মন) নির্ম্মল মলর-
বিমলাদ্রি, (বিমল-অদ্রি) পর্ব্বত বিশেষ, শত্রুঞ্জয়পর্ব্বত। [কাতর দায়
বিমা, (বিক্ষা) আপদগ্রস্ত, দায়ঠেকা, ঝুঁকি
বিমাংস, অশুদ্ধ কুক্কুরাদি মাংস
বিমাতা, (বি-মাতৃ) মাতৃসপত্নী, সৎমা [ভ্রাতা
বিমাতৃজ, সপত্নীপুত্র, বৈমাত্রেয়, বৈমাত্র
বিমান, (বি-মন) দেবরথ, ব্যোমযান; ঘোটক যানমাত্র।
বিমাননা, অপমান, অনাদর।
বিমার, (ফাং) রোগ, পীড়া, বেমারাম।
বিমার্গ, (বি-মার্গ) সম্মার্জ্জনী; ঝাঁটা; কুপথ; কুৎসিত বর্ত্ম।
বিমার্গগামী, (বিমার্গ-গামিন) কুপথগামী, পথগামী। [মোচিত।
বিমুক্ত, (বি-মুচ) বিশেষ মুক্ত, মোক্ষপ্রাপ্ত;
বিমুক্তি, (বি-মুচ) বিমোচন; মোক্ষ;
বিমুখ, (বি-মুখ) বহির্মুখ, বিরক্ত; অপ্রসন্ন
বিমুগ্ধ, (বি-মুহ) মোহপ্রাপ্ত [illegible]
বিমূঢ়, উৎকণ্ঠ [illegible] প্রকৃত মূঢ়।
[illegible]
বিমো [illegible]

বিমোচন, (বি-মুচ) দূরীকরণ, মুক্তকরণ, পরিত্রাণ করণ। [ভুলান যায়।
বিমোহন, (বি-মুহ) মুগ্ধকরণ, অজ্ঞানকরণ
বিমোহিত, (বি-মুহ) মোহযুক্ত, মুগ্ধ, অজ্ঞান।
বিমোক্ষণ, (বি-মোক্ষ) বিমোচন, পরিত্রাণ
বিম্ কী, (বম) বলে জলাদির ঊর্দ্ধ নিঃসারণ
বিম্ব, (বী) প্রতিবিম্ব, প্রতিমূর্ত্তি; বিম্বিকা ফল, তেলাকুঁচা, জলবুদ্বুদ, কৃকলাস, কাকলাস
বিম্বক, (বিম্ব) বিম্বিকা ফল, তেলাকুঁচা।
বিম্বট, সর্ষপ, সরিষা।
বিম্বা, প্রতিবিম্ব, প্রতিচ্ছায়া, তেলাকুঁচাফল
বিম্বাকার, (বিম্ব-আকার) বুদ্বুদাকার, বিম্বিকা ফলসদৃশ, বুদ্বুদবৎ, কূর্ম্মপৃষ্ঠাকার বিশিষ্ট
বিম্বিকা, (বিম্ব) তেলাকুঁচা গাছ।
বিম্বিত, প্রতিচ্ছায়া প্রাপ্ত, প্রতিমূর্ত্তি।
বিম্বু, গুবাক, গুপারি, গুয়া।
বিম্বোষ্ঠ, (বিম্ব-ওষ্ঠ) বিম্বের তুল্য ওষ্ঠ যে ব্যক্তির, রক্তবর্ণ ওষ্ঠ।
বিয়চ্চারী, (বিয়ৎ-চর) চিল্লপক্ষী, চিল, আকাশগামী। [নভোমণ্ডল।
বিয়ৎ, (বি-যম) আকাশ, অন্তরীক্ষ, গগণ,
বিয়দ্গঙ্গা, স্বর্গগঙ্গা, মন্দাকিনী।
বিয়দ্ভূত, তিমির, অন্ধকার, তমঃ।
বিয়ন, (বি-ই) প্রসবন, গর্ভ হইতে সন্তান-নিঃসারণ।
বিয়নি, বেণী, বিউনী, বিন্যস্ত কেশ।
বিয়ন্মণি, (বিয়ৎ-মণি) সূর্য্য, দিনমণি, রবি।
বিযম, (বি-যম) সংযম, ইন্দ্রিয় দমন।
বিযাত, নির্লজ্জ, লজ্জাহীন; অপগত।
বিযাম, (বি-যম) সংযম, ইন্দ্রিয় দমন।
বিয়াল্লিশ, (দ্বিচত্বারিংশৎ) সংখ্যা বিশেষ, ৪২
বিযুক্ত, (বি-যুজ) বিয়োগ বিশিষ্ট, বিচ্ছিন্ন; বিরহিত। [illegible]
বিয়ে, (বিবাহ) উদ্বাহ, পরিণয়, দারপরিগ্রহ
বিয়োগ, (বি-যুজ) বিচ্ছেদ, বিপ্রয়োগ, বিরহ
বিয়োজনক, বিচ্ছেদজনক, বিরহজনক।
বিয়োগভাক, বিচ্ছেদযুক্ত, বিরহ বিশিষ্ট, বিয়োগান্বিত [illegible] বিরহিত
বিয়োগী, (বি-যুজ) চক্রবাক পক্ষী প্রভৃতি
বিয়োজিত, (বি-যুজ) বিয়োজিত, পৃথক্কৃত;
[illegible]

বিরোচনসুত, বলিরাজা, প্রহ্লাদের পৌত্র।
বিরোদ্ধা, (বি-রুধ) বিপক্ষ, প্রতিবন্ধকতা-কারী। [বিবাদ, অনৈক্য, বৈপরীত্য।
বিরোধ, (বি-রুধ) শত্রুতা, বৈর; বিদ্বেষ,
বিরোধক, (বি-রুধ) বিরোধকারী; বিবাদী, প্রতিবন্ধক। [শত্রু।
বিরোধকর্ত্তা, (বিরোধ-কর্ত্তৃ) বিরোধকারী,
বিরোধন, (বি-রুধ) বিরোধ, বিবাদ, কলহ।
বিরোধানর্হ, (বিরোধ-অনর্হ) বিবাদানুপযুক্ত, বিরোধের অযোগ্য। [বাধা।
বিরোধিতা, (বিরোধিন) বিরোধিত্ব, ব্যাঘাত,
বিরোধিনী, বিরোধকারিকা, বিবাদকারিণী
বিরোধী, (বি-রুধ) শত্রু, বৈরী; বিবাদী।
বিরোধোক্তি, (বিরোধ-উক্তি) অন্যের কথার বিরুদ্ধ বচন, বিপ্রলাপ, বিরুদ্ধ বাক্য।
বিল, (বিল) ছিদ্র, গুহা, গর্ত্ত, বিবর; উচ্চৈঃশ্রবা ঘোটক, বেতস বৃক্ষ।
বিলকারী, মূষিক, ইন্দুর, গর্ত্তকারক।
বিলগ্ন, (বি-লগ) অসংলগ্ন, অসংযুক্ত, বিশ্লিষ্ট
বিলঙ্ঘন, বি-লঙ্ঘ) উৎক্রমণ, ডিঙ্গন, লঙ্ঘন
বিলজ্জ, (বি-লজ্জা) লজ্জারহিত, নির্লজ্জ, অপত্রপাশূন্য, অনপত্রপ, বেহায়া।
বিলন, (বিল) ব্যয়করণ, বণ্টন, দানকরণ
বিলপন, (বি-লপ) বিলাপ করণ, খেদোক্তিকরণ, শোকবাক্য কথন।
বিলপিত (বি-লপ) ক্রন্দিত, শোকোক্তি
বিলবাস, জন্তুবিশেষ, গ্রাহক জন্তু।
বিলবাসী, সর্প, ভুজঙ্গ, গর্ত্তস্থ
বিলমৎস্য, বিলজাতমৎস্য, বিলমাছ।
বিলম্ব (বি-লব) কালাতিক্রম; দেরি গৌণ কালব্যাজ, অশীঘ্র। [ক্ষেপণ।
বিলম্বন, (বি-লব) অশীঘ্র, গৌণকরণ, কাল
বিলম্বিত, (বি-লব) অশীঘ্র, গৌণ, কালক্ষেপণ। [বিলম্বকারী।
বিলম্বী, (বি-লব) বিলম্ববিশিষ্ট, অসত্বর,
বিলম্ভ, অতিদান, অতিশয় বিতরণ।
বিলয় (বি-লী) প্রলয়, বিনাশ, ধ্বংস।
বিলশয়, সর্প, অহি, ভুজঙ্গ, বিষধর, ভুজগ।
বিলসৎ, (বি-লস) বিলাসযুক্ত, দীপ্তিশীল, প্রকাশ বিশিষ্ট, শোভমান [কৃতকৌতুক।
বিলসিত, (বি-লস) আস্ফালিত, কৃতক্রীড়,
বিলাক, বিস্ময়ান্বিত, চমৎকারযুক্ত।
বিলক্ষণ, (বি-লক্ষ) ভিন্ন, বিশেষ লক্ষণ যুক্ত, উত্তম, উৎকৃষ্ট।

বিলক্ষণা, প্রেতশ্রাদ্ধে দেয় দানবিশেষ, শয্যাবিশেষ। [বিলমাছ
বিলাছানাছ, (বিল-মাছ) বিলজাত মৎস্য,
বিলাতী, (যাং) ইউরোপ দেশীয়, ইংরাজী।
বিলাপ, (বি-লপ) অনুশোচন উক্তি, পরিদেবন, শোকবাক্য।
বিলাপন, (বি-লপ) শোককরণ, ক্রন্দন, আক্ষেপকরণ। [আক্ষেপ বচনশীল।
বিলাপী, বি-লপ) শোককারী, অনুশোচী,
বিলাল, যন্ত্র, কল, বিড়াল, বিরাল, মার্জ্জার
বিলাস, (বি-লস) হাববিশেষ, লীলা, শোভা, রমণ, আমোদ। [আরাম।
বিলাসকানন, ক্রীড়াবন, বিলাসবিপিন,
বিলাসবিত্তবানস, লুব্ধ, লোভী, অর্থগৃধ্নু,
বিলাসভবন, আমোদ প্রমোদার্থনির্মীত গৃহ বিলাসমন্দির, ক্রীড়াগৃহ, কেলিস্থান।
বিলাসমন্দির, ক্রীড়াগৃহ, কেলিগৃহ লীলাস্থান
বিলাসিনী, (বি-লস) রমণী, নারী, বেশ্যা।
বিলাসী, (বিলাসিন) ক্রীড়ারত, কৌতুককারী, আমোদী, বিলাসশীল; সর্প, অগ্নি চন্দ্র, কামদেব, হর। [ক্রিত, অঙ্কিত।
বিলিখিত, (বি-লিখ) বিশেষে লেখা, চি-
বিলী, (বিল) অংশকরণ, ভাগকরণ, বণ্টন, ব্যয়করণ; পৃথক২ করণ।
বিলীন, (বি-লী) প্রাপ্তদ্রবীভাব ঘৃতাদি, বিশেষে লয় প্রাপ্ত, অন্তর্হিত।
বিলুপ্ত, (বি-লুপ) লোপ প্রাপ্ত, নষ্ট, রহিত, অন্তর্হিত। [লিপি করণ, বিশেষ লিখন।
বিলেখন, (বি-লিখ) লিখন; খনন, বিশেষে
বিলেপ, (বি-লিপ) লেখন, মাখান, প্রলেপ
বিলেপন, (বি-লিপ) গাত্রানুলেপন-যোগ্য সুগন্ধিদ্রব্য, গাত্রানুলেপনী; ম্রক্ষণ লেপন
বিলেপনী, (বি-লিপ) যবাগূ, যাউ, সুবেশা স্ত্রী [যাউ।
বিলেপী, (বি-লিপ) বিলেপনীয়, যবাগূ,
বিলেবাসী, সর্প, ভুজগ, গর্ত্তে বাসকারী, ইন্দুর, যাহারা বিলে বাস করে।
বিলেশয়, সর্প, ভুজঙ্গ, মূষিক, ইন্দুর গোধা, গোসাপ, শশক খরগোশ, শল্লকী শজারু।
বিলোক, নির্জ্জন, বিজন, লোকশূন্য।
বিলোকন, (বি-লোক) অবলোকন, নিরীক্ষণ, নর্শন, দেখন। [জ্ঞেয়; দর্শনীয়
বিলোকনীয়, (বি-লোক) প্রত্যক্ষ, বোধ্য,

বিলোকিত, (বি-লোক) অবলোকিত, নিরীক্ষিত, দৃষ্ট। [প্রেক্ষক, দর্শন।
বিলোকিতা, (বি-লোক) দ্রষ্টা, দর্শনকর্ত্তা,
বিলোচন, (বি-লোচ) চক্ষুঃ, নয়ন, নেত্র।
বিলোটক, (বি-লুট) মলমীন, মলিয়া মাছ।
বিলোড়ন, (বি-লুড়) মন্থন, আলোড়ন, ঘোঁটন; মর্দ্দন। [তক্র, ঘোল।
বিলোড়িত, (বি-লুড়) আলোড়িত, মথিত;
বিলোপ, (বি-লুপ) বিশেষে লোপ, একেবারে লয় প্রাপ্তি, নাশ। [শয় লোলুপতা।
বিলোভ, (বি-লুভ) বিশেষে লোভ
বিলোভন, (বিলোভ) বিশেষে লোভ প্রদর্শন, অত্যর্থ লোভ দেখান।
বিলোম, (বি-লোমন) উল্টা, প্রতিকূল, বাম, ব্যুৎক্রম, প্রতীপ; সর্প; বরুণ; কুক্কুর; লোম শূন্য। [বিপর্য্যয়।
বিলোমক, (বি-লোমন) বিপরীত, ব্যতিক্রম
বিলোমক্রিয়া, বিপরীত ক্রিয়া; ব্যতিক্রম, বৈপরীত্য।
বিলোমজ, (বিলোম-জন) উত্তম বর্ণ স্ত্রীর গর্ভে অধম বর্ণ হইতে উৎপন্ন।
বিলোমজাত, অসবর্ণ পুরুষ হইতে উত্তম বর্ণা স্ত্রীর গর্ভে উৎপন্ন, বিলোমজ।
বিলোমজিহ্ব, হস্তী, করী, গজ।
বিলোমবর্ণ, বর্ণসঙ্কর জাতি।
বিলোমী, আমলকী, ধাত্রীফল।
বিলোল (বি-লোড়) চঞ্চল, চপল, অস্থির।
বিলোলন, (বি-লোড়) চঞ্চলকরণ.
বিল্ল, আলবাল, বৃক্ষমূলস্থ জল হিঙ্গু, হিং।
বিল্লমূলা, লতাবিশেষ, বারাহীকন্দ, শূকর কান্দিয়া। [শ্রীফল।
বিল্ব, (বিল) বেলগাছ, শ্রীফলবৃক্ষ, বেল
বিল্বপত্র, শ্রীফল পত্র, ত্রিপত্র, বেলপাতা।
বিল্বপেশিকা, শুষ্ক বিল্বখণ্ড, বেলশুঁঠ।
বিলবিল, একত্র দলবদ্ধ হইয়া নড়ন।
বিশ, (বিংশতি) মৃণাল, পদ্মের ডাঁটা; সংখ্যা বিশেষ, কুড়ি। [তীয় পক্ষী।
বিশকণ্ঠী, বলাকা, ক্ষুদ্রবকশ্রেণী; বকজা-
বিশঙ্ক, (বি-শঙ্কা) শঙ্কারহিত, নিঃশঙ্ক, নির্ভয়
বিশঙ্কট, বিশাল, বৃহৎ, বড়, প্রকাণ্ড।
বিশঙ্কিত, (বি-শঙ্কা) ভীত, ত্রস্ত, ভয়ার্ত্ত।
বিশদ, বিমল, নির্ম্মল, পরিষ্কার; ব্যক্ত; শুক্লগুণযুক্ত; শ্বেতবর্ণ, সাদা।

বিশফরা, পল্লী, পাড়া, বসতি শ্রেণী [বিনষ্ট।
বিশয়, (বি-শী) সংশয়, সন্দেহ; আশ্রয়, অ-
বিশয়ী, (বিশয়) সংশয়ী; আশ্রয়ী।
বিশর, বধ, প্রাণহত্যা, নাশ, হিংসা।
বিশরণ, মারণ, হনন, নাশন।
বিশল্য, (বি-শল্য) শল্য রহিত; যাতনাহীন
বিশল্যকরণী, (বিশল্য-করণ) ঔষধি বিশেষ
বিশল্যকৃৎ, বিশল্য-কৃ) মিশালী বৃক্ষ, রোপ-রমালীর গাছ
বিশল্যা, লতাবিশেষ, গুড়ূচী লতা।
বিশসন, মারণ, নাশন, হনন; খড়্গ, অসি
বিশসিত, (বি-শস) মারিত, হিংসিত, হত
বিশস্ত, (বি-শস) অবিনীত, ধৃষ্ট, দুষ্ট।
বিশস্তা, চণ্ডাল, চাণ্ডাল, চাঁড়াল।
বিশাকর, ভদ্রচূড় বৃক্ষ, লঙ্কাসিজ গাছ।
বিশাখ, কুমার, কার্ত্তিকেয়, ষড়ানন; ভিক্ষুক, যাচক; পুনর্নবা শাক।
বিশাখজ, বৃক্ষবিশেষ, নাগরঙ্গ বৃক্ষ।
বিশাখা, বি-শাখা) অশ্বিনী প্রভৃতি সপ্তবিংশতি নক্ষত্রের অন্তর্গত নক্ষত্র বিশেষ, ষোড়শ নক্ষত্র। [শয়ন।
বিশায়, (বি-শী) প্রহরিদিগের পর্য্যায়ক্রমে
বিশারণ, মারণ, হনন, হিংসন;
বিশারদ, (বিশাল-দা) বিদ্বান্, পণ্ডিত; প্রগল্ভ; প্রসিদ্ধ; শ্রেষ্ঠ।
বিশাল, (বি-শল) বৃহৎ, প্রকাণ্ড, মহৎ; মৃগবিশেষ; পক্ষিবিশেষ; বৃক্ষবিশেষ।
বিশালতা, (বিশাল) পার্শ্ব বিস্তার, ওসার; মহত্ত্ব, প্রকাণ্ডতা। [ছাতিম গাছ।
বিশালত্বক, (বিশাল-ত্বচ) সপ্তপর্ণ বৃক্ষ,
বিশালাক্ষ, (বিশাল-অক্ষি) হর, মহাদেব; গরুড়; সুনেত্র, দীর্ঘচক্ষুঃ, বিষ্ণু।
বিশালাক্ষী, (বিশাল-অক্ষি) দীর্ঘনয়না নারী, বর স্ত্রী; ভগবতী; যোগিনী বিশেষ; নাগদন্তী বৃক্ষ।
বিশিখ, (বি-শিখা) শর, বাণ, ইষু; বাদ্যযন্ত্রবিশেষ; শিখা রহিত। [রাস্তা।
বিশিখা, (বিশিখ) খনিত্রী, খন্তা; রথ্যা,
বিশিপ, মন্দির, গৃহ, ভবন, আগার।
বিশিষ্ট, (বি-শিষ) ভদ্র উৎকৃষ্ট; বিশেষে শিষ্ট; যুক্ত, মিলিত।
বিশিষ্টতা, (বিশিষ্ট) ভদ্রতা, শিষ্টতা, উৎকৃষ্টতা। [নীয়।
বিশিষ্য, (বি-শিষ) দ্রব্যবাচক শব্দ, বিশেষ

বিশীর্ণ, (বি-শৄ) শুষ্ক, দুর্ব্বল, গ্লানিযুক্ত।
বিশীর্ণপর্ণ, নিম্ববৃক্ষ, নিমগাছ।
বিশুদ্ধ (বি-শুধ) বিশেষে শুদ্ধ, পরিষ্কৃত শুচি; উজ্জ্বল; নির্ভুল। [নির্ম্মলতা।
বিশুদ্ধি, (বি-শুধ) শোধন; পরিষ্কার
বিশুষ্ক, (বি-শুষ) বিশীর্ণ; নীরস, ম্লান।
বিশৃঙ্খল, (বি-শৃঙ্খলা) শৃঙ্খলা রহিত; ক্রম রহিত; উলটাপালটা।
বিশৃঙ্খলা, বৈপরীত্য, ব্যতিক্রম, বিপর্য্যয়।
বিশেষ, (বি-শিষ) বৈলক্ষণ্য; ভেদ; প্রভেদ; প্রকার; উপশম।
বিশেষক, (বি-শিষ) ললাটে কৃত তিলক; ভেদ সূচক, প্রভেদক।
বিশেষণ, (বি-শিষ) বিশেষ্য ধর্ম্ম, প্রভেদক গুণ বাচক। [করিবার যোগ্য।
বিশেষণীয়, (বি-শিষ) প্রভেদনীয় বিশেষ-
বিশেষতঃ, (বিশেষ) বিশেষরূপে; বৈলক্ষণ্য হেতু, অধিকন্তু; অপরঞ্চ।
বিশেষফল, বিশেষলাভ, বিশেষ প্রাপ্তি।
বিশেষবিধি, অল্পবিষয়ক বিধি।
বিশেষিত (বি-শিষ) ভিন্ন, ব্যবচ্ছিন্ন পৃথক্-কৃত। [প্রভেদনীয়; বিশেষণীয়।
বিশেষ্য, (বি-শিষ) ধর্ম্মি পদার্থ; সংজ্ঞাপদ;
বিশোক বি-শুচ) অশোকবৃক্ষ, শোকরহিত
বিশোচন, (বি-শুচ) শোক নাশ করণ, দুঃখ-নিবর্ত্তন। [সংশোধন।
বিশোধন, (বি-শুধ) শুদ্ধ করণ, শুধরন;
বিশোধনী, (বিশুধ) দন্তী বৃক্ষ, দন্তীর গাছ।
বিশোধনীয়, (বি-শুধ) শোধনার্হ, বিশোধ্য।
বিশোধিনী, বৃক্ষ বিশেষ, নাগদন্তীবৃক্ষ।
বিশোধ্য, (বি-শুধ) শোধনীয়, শোধনার্হ।
বিশোভ, (বি-শুভ) শোভাহীন, শোভারহিত, কুৎসিৎ; কদর্য্য।
বিশোষ, (বি-শুষ) শুষ্ক, নীরস, রসহীন।
বিশ্রণন, দান, বিতরণ, অর্পণ ত্যাগ। [গাঢ়।
বিশ্রব্ধ, (বি-শ্রনভ) শান্ত; বিশ্বস্ত; অত্যর্থ,
বিশ্রম, বিশ্রাম, বিরাম; ক্লেশনিবারণ।
বিশ্রম্ভ, (বি-শ্রনভ) বিশ্বাস; কেলি কলহ; প্রণয়, প্রীতি, অনুরাগ।
বিশ্রাণন, দান, বিতরণ, ত্যাগ, অর্পণ।
বিশ্রান্ত (বি-শ্রম) শ্রান্তিযুক্ত; বিশ্বস্ত; সুস্থির
বিশ্রান্তি, (বি-শ্রম) বিশ্রাম, আরাম, বিরাম।
বিশ্রাব, (বি-শ্রু) অতিপ্রসিদ্ধ, মড়বিখ্যাত
[illegible]

বিশ্রামকাল, বিরামকাল, অবসর।
বিশ্রামবার, রবিবার, ভানুবাসর।
বিশ্রি, মৃত্যু, মরণ; অত্যয়, বিনাশ।
বিশ্রী, (বি-শ্রী) শ্রীহীন, শ্রীভ্রষ্ট, কুৎসিত, কদর্য্য। [সংসৃষ্ট, বিশেষে শুনা।
বিশ্রুত, (বি-শ্রু) বিখ্যাত, প্রসিদ্ধ; জ্ঞাত;
বিশ্রুতি, (বি-শ্রু) বিখ্যাতি, প্রসিদ্ধি।
বিশ্লিষ্ট, (বি-শ্লিষ) ভিন্ন, পৃথগ্‌ভূত; বিচ্ছিন্ন ছাড়া। [বিয়োগ।
বিশ্লেষ, (বি-শ্লিষ) অযোগ, বিচ্ছেদ, বিরহ,
বিশ্ব, (বিশ) ব্রহ্মাণ্ড, জগৎ; সমুদায়, শুণ্ঠী শুঁঠ; গণদেবতাবিশেষ, পরিমাণবিশেষ।
বিশ্বকদ্রু, (বিশ্ব-দ্রু) মৃগয়াকুশল, কুক্কুর, শিকারী কুকুর।
বিশ্বকর্ম্মজা, বিশ্বকর্ম্ম সুতা, সূর্য্যভার্য্যা; ছায়া
বিশ্বকর্ম্মা, (বিশ্ব-কর্ম্মন) দেবশিল্পী, ত্বষ্টা, মুনিবিশেষ।
বিশ্বকা, গঙ্গাচিল্লী, গাংচিল। [শিল্পী।
বিশ্বকৃৎ, বিশ্বকর্ম্মা, দেবশিল্পী, দেবতাদের
বিশ্বকেতু, অনিরুদ্ধ, উষাপতি।
বিশ্বক্‌শেন, বিষ্ণু, নারায়ণ, ত্রয়োদশমনু।
বিশ্বক্‌শেনা, বৃক্ষবিশেষ, প্রিয়ঙ্গুবৃক্ষ।
বিশ্বখণ্ড, কঠিন; বিদ্বেষী; ধূর্ত্ত, বঞ্চক।
বিশ্বখণ্ডক, অস্পষ্ট; পশ্চাত্তাপ বিশিষ্ট।
বিশ্বগ, সর্ব্বত্রগামী; ব্রহ্মা, প্রজাপতি।
বিশ্বগন্ধ, পলাণ্ডু, পাঁ্যাজ।
বিশ্বগন্ধা, পৃথ্বী, পৃথিবী, ধরণী, ধরিত্রী।
বিশ্বগোপ্তা, বিষ্ণু, ইন্দ্র; জগতেররক্ষাকর্ত্তা।
বিশ্বগায়ু, সর্ব্বত্র গামী পবন।
বিশ্বঙ্কর, চক্ষুঃ, নয়ন, নেত্র, লোচন, অক্ষি।
বিশ্বচক্র, মহাদান বিশেষ; ব্রহ্মাণ্ড রূপ চক্র
বিশ্বচক্রাত্মা, (বিশ্ব-চক্র-আত্মন) বিষ্ণু, নারায়ণ, শ্রীকৃষ্ণ।
বিশ্বজয়ী, (বিশ্ব-জায়িন) সর্ব্বত্র জয়প্রাপ্ত; অখিল সংসার জয়কারী। [জয়ী।
বিশ্বজিৎ, (বিশ্ব-জি) যজ্ঞ বিশেষ; ব্রহ্মাণ্ড-
বিশ্বতঃ, সর্ব্বত্র; সকল প্রকারে।
বিশ্বদেব, গণদেবতা বিশেষ। [তোগামী।
বিশ্বদ্র্যঙ, সর্ব্বত্র গমন কর্ত্তা, সর্ব্বগ, সর্ব্ব-
বিশ্বধারিণী, পৃথিবী, ধরণী, অবনী, বসুমতী
বিশ্বনাথ, শিব, মহাদেব, বিশ্বের প্রভু।
বিশ্বপা, বিশ্বের পালনকর্ত্তা; পরমেশ্বর।
বিশ্বপ্সা, অগ্নি; চন্দ্র; দেব; বিশ্বকর্ম্মা, সূর্য্য
[illegible]

বিশ্ববেদা, (বিশ্ব-বিদ্) সর্ব্বজ্ঞ, বিশ্বজ্ঞাতা।
বিশ্বব্যাপক, সর্ব্বত্রগামী ; পরমেশ্বর।
বিশ্বব্যাপী, (বিশ্ব-ব্যাপিন) সর্ব্বত্রগামী, সকল স্থানে বিস্তৃত। [মহা ধূর্ত্ত।
বিশ্ববঞ্চক, বিশ্ববঞ্চক, প্রসিদ্ধ প্রতারক,
বিশ্বভেষজ, শুণ্ঠী, শুঁঠ।
বিশ্বভোজী, সর্ব্বভুক, সর্ব্বখাদক, অগ্নি।
বিশ্বম্ভর, (বিশ্ব-ভৃ) বিষ্ণু, নারায়ণ ; ইন্দ্র।
বিশ্বম্ভরা, (বিশ্ব-ভৃ) পৃথিবী, বসুধা, ধরণী।
বিশ্বযু, বায়ু, অনিল, পবন। [পরমেশ্বর।
বিশ্বরাজ, (বিশ্ব-রাজন) বিশ্বের রাজা ;
বিশ্বরূপ, বিষ্ণু ; সর্ব্বময়। [প্রজাপতি।
বিশ্বরেতাঃ, (বিশ্ব-রেতস্) ব্রহ্মা, বিধাতা।
বিশ্বসনীয়, (বি-শ্বস) বিশ্বাসযোগ্য, প্রত্যয়াই।
বিশ্বসার, তন্ত্রবিশেষ ; ব্রহ্মাণ্ডের মধ্যে সার পদার্থ
বিশ্বসারক, বৃক্ষবিশেষ, ফণিমনসা।
বিশ্বসিত, (বি-শ্বস) বিশ্বস্ত, বিশ্বাসপাত্র, আপ্ত, প্রত্যয়িত, বিশ্বাসজাত, বিশ্বাস্য
বিশ্বসৃক, (বিশ্ব-সৃজ) ব্রহ্মা, সৃষ্টিকর্ত্তা, বিধাতা।
বিশ্বস্ত, (বি-শ্বস) জ্ঞাতবিশ্বাস, প্রত্যয়িত।
বিশ্বস্তা, (বি-শ্বস) বিধবা ; প্রত্যয়িতা।
বিশ্বস্থা, লতাবিশেষ, শতাবরী লতা।
বিশ্বস্রষ্টা, (বিশ্ব-স্রষ্টৃ) সৃষ্টিকর্ত্তা, ঈশ্বর, পরমেশ্বর। [প্রমোদিত।
বিশ্বা, অতিবিষাবৃক্ষ, শতাবরী লতা ; পি-
বিশ্বাচী, অপ্সরা বিশেষ ; [পীড়াযুক্ত।
বিশ্বাত্মা, (বিশ্ব-আত্মন) বিশ্বমূর্ত্তি, বিষ্ণু,
বিশ্বাধার, দেবতা, সুর, ত্রিদশ, অমর।
বিশ্বামিত্র, (বিশ্ব-মিত্র) ব্রহ্মর্ষি বিশেষ, গাধিজ, কৌশিক।
বিশ্বাস, (বি-শ্বস) প্রত্যয়, বিশ্রম্ভ ; আশ্বাস।
বিশ্বাসক, (বি-শ্বস) প্রত্যয়কারী, প্রত্যয়ী।
বিশ্বাসঘাতক, বিশ্বাসহন্তা, বিশ্রম্ভনাশক, অপ্রত্যয়ী। [শ কার্য্য ; কৃতঘ্নতা ব্যবহার।
বিশ্বাসঘাতকতা, (বিশ্বাসঘাতক) বিশ্বাসনা-
বিশ্বাসঘাতী, (বিশ্বাস-ঘাতিন) বিশ্বাসনাশক, বিশ্বাসহন্তা।
বিশ্বাসন, (বি-শ্বস) প্রত্যয় করণ, বিশ্বাস করণ ; আশ্রয় লওন।
বিশ্বাসভাজন, বিশ্বাসপাত্র, বিশ্বস্ত, বিশ্বাস্ত
বিশ্বাসভূমি, বিশ্বাসস্থান, প্রত্যয়স্থল ; আত্মবিষয়। [প্রত্যয়ী।
বিশ্বাসী, (বি-শ্বস) বিশ্বাসকারী, বিশ্বাসক,
বিশ্বাস্য, (বি-শ্বস) বিশ্বসনীয়, বিশ্বাসপাত্র, প্রত্যয়াই, প্রত্যয় যোগ্য।
বিশ্বেশ, (বিশ্ব-ঈশ) শিব ; ব্রহ্মাণ্ডের স্বামি কাশীস্থ শিবলিঙ্গ বিশেষ।
বিশ্বেশ্বর, (বিশ্ব-ঈশ্বর) শিব, মহাদেব, কাশীস্থ প্রধান শিবলিঙ্গ ; ব্রহ্মাণ্ডের ঈশ্বর
বিশ্বৌষধ, (বিশ্ব-ঔষধ) শুণ্ঠী, শুঁঠ।
বিষ, (বিষ) গরল, কালকূট, হলাহল ; পদ্মকেশর। [জল, মৃণালতা।
বিষঘ্না, (বিষ-হন) লতাবিশেষ, গুড়ূচী,
বিষঘাতী, শিরীষবৃক্ষ ; বিষনাশক।
বিষঘ্ন, (বিষ-হন) বিষনাশক, গরলের তেজঃ নিবারক ; শিরীষবৃক্ষ ; ঘাস, নহেড়াগাছ ; চম্পক বৃক্ষ।
বিষঘ্নী, (বিষ-হন) হিলমোচিকা শাক, হেলেঞ্চাশাক ; রক্তপুনর্নবা, হরিদ্রা, বৃশ্চিকালী লতা, বিছাটী।
বিষজিহ্ব, বৃক্ষ বিশেষ, দেবতাড়গাছ।
বিষজ্বর, বিষজন্য গাত্রের উত্তাপ ; পশুবিশেষ, মহিষ। [দির জ্বালা।
বিষণি, (বিষ) গরলজন্য যন্ত্রণা, স্ফোটকা-
বিষণ্ড, মৃণাল, পদ্মের ডাঁটা।
বিষণ্ণ, (বি-ষদ) বিষাদপ্রাপ্ত, বিমর্ষ, খিন্ন ; ভাবিত। [অবসাদ, জড়তা, জাড্য।
বিষণ্ণতা, (বিষণ্ণ) বিমর্ষতা, বিষাদ ; খেদ ;
বিষণ্ণানন, (বিষণ্ণ-আনন) বিষণ্ণমুখ।
বিষদ, (বিষ-দা) শ্বেতবর্ণ, শুক্লবর্ণ ; বিষদাতা।
বিষদন্তক, (বিষ-দন্ত) সর্প, উরগ, ফণী, ফণী
বিষধর, (বিষ-ধৃ) সর্প, ভুজঙ্গ, সাপ।
বিষধর্ম্মা, আলকুশী, লতাবিশেষ।
বিষনাশিনী, জঙ্কাকুমুনিপাতী, মনসাদেবী।
বিষনাশন, (বিষ-নাশ) গরলনিবারক, শিরীষবৃক্ষ। [নেপালা।
বিষপায়ী, (বিষ-পায়িন) বিষপানকর্ত্তা, গর-
বিষপুষ্প, নীলপদ্ম ; বিষযুক্ত পুষ্প।
বিষপুষ্পক, মদনবৃক্ষ, ময়নাগাছ ; বিষপুষ্প ভক্ষণ জন্য রোগ
বিষবৎ, (বিষ) বিষতুল্য, বিষ সদৃশ, গরলবৎ
বিষবিদ্যা, বিষঘ্নমন্ত্র বিষনাশক মন্ত্র।
বিষবৈদ্য, বিষঘ্ন মন্ত্রবেত্তা, বৈদ্য, ওঝা, জাঙ্গুলিক, বিষ চিকিৎসক।
বিষবৈরিণী, নির্ব্বিষাবৃক্ষ, নির্ব্বিষীগাছ।
বিষভিষক, (বিষ-ভী) বিষবৈদ্য, ওঝা, সাপুড়িয়া, বিষচিকিৎসক।

বিষভুজঙ্গ, বিষযুক্ত সর্প, বিষধর অহি।
বিষম, (বি-সম) অসমান; অযুগ্ম, উৎকট, দুর্গম, আপদ।
বিষমচ্ছদ, সপ্তচ্ছদ বৃক্ষ, ছাতিয়ান গাছ।
বিষমজ্বর, জ্বররোগ বিশেষ।
বিষমধাতু, স্বাস্থ্যাভাব; অসুস্থ।
বিষমনয়ন, শিব, মহাদেব, ত্রিনেত্র।
বিষমন্ত্র, সর্প ধারক; ধাদয়া, সাপুড়ে, জাঙ্গলী; বিষনাশক মন্ত্র।
বিষমবিভাগ, অসমানাংশ, ন্যূনাধিকভাগ।
বিষমশিষ্ট, দোষবিশেষ; বৈষম্য।
বিষমসাহস, দুঃসাহস, অতিশয়-সাহস।
বিষমস্থ, (বিষম-স্থ) অসমানস্থিত, উপপ্লব দেশস্থ; বিপন্ন; উৎপাত গ্রস্ত, রুগ্ন।
বিষমায়ুধ, (বিষম-আয়ুধ) কামদেব, মদন, কন্দর্প। [ত্রিনেত্র।
বিষমাক্ষ, (বিষম-অক্ষি) শিব, মহাদেব,
বিষয়, (বি-ষি) চক্ষুরাদি গ্রাহ্য, গোচর, ইন্দ্রিয়ার্থ; দেশ; অশেষ ভোগসাধন; নিত্যসেবিত; অন্যান্ত; জনপদ; কার্য্য; বিভব, সম্পত্তি, ধন।
বিষয়ক, (বি-ষি) বিষয় সম্বন্ধীয়, হেতুক, কারণ। [কৃষ্যাদি; অর্থ উপার্জ্জনার্থ কর্ম্ম।
বিষয়কর্ম্ম, (বিষয়-কর্ম্মন্) সাংসারিক কা-
বিষয়কর্ম্মকুশল, যে সাংসারিক কার্য্যাদিতে বিলক্ষণ নিপুণ। [বিজ্ঞতা।
বিষয়জ্ঞান, বিষয়বোধ; সাংসারিক কর্ম্মে
বিষয়ান্বিত, (বিষয়-অন্বিত) বিষয়যুক্ত; ধনী কর্ম্মশীল। [কামদেব; বিষয়াসক্ত পুরুষ।
বিষয়ায়ী, ভোক্তা; বৈষয়িক জন; ইন্দ্রিয়;
বিষয়াসক্ত, (বিষয়-আসক্ত) বিভবাসক্ত; যে চক্ষুরাদি ইন্দ্রিয়গ্রাহ্য পদার্থে আসক্ত।
বিষয়ী, (বিষয়) বিষয়াসক্ত; বিষয়যুক্ত; ব্যবসায়ী; ভূপতি; কামদেব।
বিষয়ে, (বিষয়) প্রস্তাবে; সম্বন্ধে; উপরে।
বিষয়ৈষী, (বিষয়-এষিন্) বিভবেচ্ছুক, বিষয়াভিলাষী।
বিষত্ব, বিষযুক্ত; গরল, কালকূট।
বিষলতা, লতাবিশেষ; ইন্দ্রবারুণীলতা।
বিষশালূক, পদ্মকন্দ, পদ্মেরমূল।
বিষসূচক, পক্ষিবিশেষ, চকোরপক্ষী।
বিষহন্ত্রী, অপরাজিতা; নির্ব্বিষা লতা।
বিষহর, (বিষ-হৃ) গরলনাশক ঔষধাদি।
বিষহরা, (বিষ-হৃ) বিষহরী; মনসা দেবী।

বিষহৃৎ, (বিষ-হৃন) দেবদালীলতা; নির্ব্বিষা লতা। [ব্রাহ্মী।
বিষা, লতাবিশেষ, অতিবিষা লতা; বুদ্ধি,
বিষাক্ত, (বিষ-অক্ত) গরলযুক্ত, গরলমিশ্রিত, বিষমিশ্রিত।
বিষাঙ্কুর, (বিষ-অঙ্কুর) অস্ত্রবিশেষ শলাস্ত্র।
বিষাণ, (বি-ষণ) কুষ্ঠৌষধ, কুড়; পশুশৃঙ্গ; হস্তিদন্ত, বরাহদন্ত।
বিষাণী, (বি-ষণ) বৃশ্চিকালী লতা, বিছাতী; তিন্তিড়ীবৃক্ষ, তেতুলগাছ, তেঁতুল; হস্তী; শৃঙ্গী; পানীফল, শিঙ্গাড়া।
বিষাদ, (বি-ষদ) বিষণ্ণতা, খেদ, শোক, বিমর্ষ, উদ্বিগ্ন।
বিষাদনী, লতাবিশেষ, পলাশী লতা। [ফণী।
বিষানন, (বিষ-আনন) সর্প, অহি, ভুজঙ্গ,
বিষান্তক, (বিষ-অন্তক) শিব; বিষনাশক।
বিষাপহা, (বিষ-অপহন) লতাবিশেষ; ইন্দ্রবারুণীলতা; নির্ব্বিষা লতা। [বিষী।
বিষাভাব, (বিষ-অভাব) নির্বিষা লতা, নি-
বিষায়ুধ, (বিষ-আয়ুধ) সর্প; বিষযুক্ত অস্ত্র।
বিষার, সর্প, ফণী, বিষধর। [যুক্ত।
বিষাল, (বিষ) বিষালু, বিষমিশ্রিত, গরল-
বিষালু, (বিষ) গরলযুক্ত, বিষমিশ্রিত, বিষাল
বিষাস্য, (বিষ-আস্য) সর্প; বিষযুক্ত মুখ;
বিষুব, (বিষু) সমরাত্রিন্দিব কাল, মেষ ও তুলা সংক্রান্তি।
বিষৌষধী, (বিষ-ঔষধী) নাগদন্তী বৃক্ষ।
বিষ্কম্ভ, (বি-স্কম্ভ) প্রথম যোগ; বিস্তার; প্রতিবন্ধক; রূপকাঙ্গবিশেষ। [দণ্ড।
বিষ্কম্ভী, অর্গল, হুড়কা দণ্ড, বন্ধননিমিত্ত
বিষ্কল, বিড়্বরাহ, গ্রাম্য শূকর।
বিষ্কির, ময়ূর কুক্কুটাদি পক্ষী। [প্রবেশ।
বিষ্ট, (বিষ) প্রবিষ্ট, প্রবেশবিশিষ্ট, কৃত-
বিষ্টপ, ভুবন, জগৎ, ব্রহ্মাণ্ড।
বিষ্টম্ভ, (বি-স্তম্ভ) প্রতিবন্ধক, রোগবিশেষ, অনাহ রোগ। [দি আসন।
বিষ্টর, (বি-স্তৃ) দর্ভমুষ্টি, কুশাসন; পীঠা-
বিষ্টরশ্রবা, বিষ্ণু, নারায়ণ।
বিষ্টি, (বিশ) বেতন বিনা হঠাৎ ভার বহনাদির ক্লেশ, অবৈতনিক পরিশ্রম, বেগার।
বিষ্ঠল, দূরস্থান, বাহ্যস্থিত স্থল।
বিষ্ঠা, (বি-স্থা) মল, উচ্চার, শকৃৎ, গু, পুরীষ।
বিষ্ণু, (বিষ) নারায়ণ; ব্রহ্মার রূপবিশেষ; অগ্নি; ধর্ম্মশাস্ত্রকর্ত্তা মুনিবিশেষ।

বিস্ফোটক, ব্রণবিশেষ, দুষ্ট স্ফোটক, বিস্ফোড়া, ফোড়া।

বিস্ফোড়া, (বিস্ফোট) বিস্ফোটক, দুষ্টস্ফোটক, ব্রণবিশেষ।

বিস্মৎ, (সাং) বিসমৎ নামক ধাতুবিশেষ।

বিস্ময়, (বি-স্মি) আশ্চর্য, চমৎকার।

বিস্ময়ান্বিত, (বিস্ময়-অন্বিত) বিস্ময়যুক্ত, বিস্মিত, আশ্চর্য্য বিশিষ্ট।

বিস্মরণ, (বি-স্মৃ) স্মরণহীন, ভুলন, পাসরণ।

বিস্মাপন, কুহক, কাপট্য, মায়া; গন্ধর্ব্ব নগর; কামদেব; বিস্ময় করান।

বিস্মার্য্য, (বি-স্মৃ) বিস্মরণীয়, ভুলিবার যোগ্য

বিস্মিত, (বি-স্মি) বিস্ময়বিশিষ্ট, বিস্ময়ান্বিত; চমৎকৃত, আশ্চর্য্যান্বিত।

বিস্মিতি, (বি-স্মৃ) বিস্মৃতি, বিস্মরণ; ভ্রম ভুল; আশ্চর্য্য, বিস্ময়।

বিস্মৃত, (বি-স্মৃ) স্মরণের অবিষয়, বিস্মরণবিশিষ্ট, ভুলা, ভ্রমযুক্ত।

বিস্মৃতি, (বি-স্মৃ) বিস্মরণ, ভুলন; ভ্রম।

বিস্র, অপক্ক মাংস গন্ধ; চিতাধূমের গন্ধ।

বিস্রগন্ধি, হরিতাল।

বিস্রব্ধ, বিশ্বস্ত, প্রত্যয়িত; অত্যর্থ, গাঢ়।

বিস্রম্ভ, বিশ্বাস, প্রত্যয়; নির্ভয়; প্রণয়। পরিচয়; শৃঙ্গার প্রার্থনা; কেলিকলহ।

বিস্রম্ভী, বিশ্বাসী, প্রত্যয়িত; প্রণয়ী।

বিস্রসা, জরা, বার্দ্ধক্য দশা।

বিসৃত, বিস্তৃত, প্রসারিত, বিস্তীর্ণ।

বিস্বাদ, (বি-স্বদ) রসহীনতা, অতার, পানসয়া।

বিস্বাদু, (বি-স্বদ) স্বাদহীন, স্বাদ রহিত।

বিহগ, (বিহায়স-গম) পক্ষী; বাণ; সূর্য্য; চন্দ্র; গ্রহ।

বিহঙ্গ, (বিহায়স-গম) পক্ষী; বাণ; মেঘ; চন্দ্র; সূর্য্য।

বিহঙ্গম, (বিহায়স-গম) পক্ষী, পাখী।

বিহঙ্গমা, ভারযষ্টি, ভারের বাঁক।

বিহঙ্গরাজ, (বিহঙ্গ-রাজন) গরুড়, বৈনতেয়।

বিহঙ্গিকা, ভারবহনযষ্টি; বাঁক।

বিহত, (বি-হন) বিশেষ হত, বিনষ্ট, বিধ্বস্ত,

বিহনন, (বি-হন) বিঘ্ন; হিংসা, মারণ।

বিহর, (বি-হৃ) বিয়োগ; বিচ্ছেদ; ত্যাগ।

বিহরণ, (বি-হৃ) বিহার; ক্রীড়ার্থ পর্য্যটন।

বিহর্ত্তা, (বি-হর্ত্তৃ) বিহারী, কেলিকারী, ভ্রমণশীল, বিহরণকর্ত্তা।

বিহব, (বি-হ্লস) বিশেষে আনন্দ, অতিশয় আহ্লাদ।

বিহসন, (বি-হস) হাস্যকরণ, পরিহাস করণ ঈষদ্ধাস্য করণ

বিহসনীয়, (বি-হস) হাস্যযোগ্য, পরিহাস যোগ্য।

বিহসিত, (বি-হস) মধ্যম হাস্য; মুখবিকাশ, মুখ সূচকন।

বিহস্ত, (বি-হস্ত) ব্যাকুল; পণ্ডিত; হস্তবিহীন, শুণ্ডা; পশু।

বিহা, (বিবাহ) স্বর্গ, সুরলোক; বিবাহ।

বিহান, (বি-হা) প্রাতঃকাল, প্রত্যূষ।

বিহাপন, (বি-হা) দান, ত্যাগ; অর্পণ।

বিহাপিত, (বি-হা) দানকরা, দত্ত, ত্যক্ত, অর্পণকরা, অর্পিত।

বিহায়স, (বি-হা) আকাশ, গগণ, অন্তরীক্ষ।

বিহায়সা, (বি-হা) আকাশ, গগণ, নভোমণ্ডল।

বিহার, (বি-হৃ) ক্রীড়ার্থ ভ্রমণ; পরিক্রমণ, ভ্রমণ; লীলা; কেলি।

বিহারকারী, ক্রীড়ার্থ ভ্রমণকর্ত্তা, কেলিকারী; লীলাকারক; পরিক্রমী।

বিহারী, (বি-হৃ) বিহারক, বিহারকর্ত্তা;

বিহাস, (বি-হস) ঈষদ্ধাস্য; বিদ্রূপ, ঠাট্টা

বিহাস্য, (বি-হস) হাস্যযোগ্য; বিদ্রূপযোগ্য

বিহিত, (বি-ধা) বিধেয়, উচিত, কর্ত্তব্য।

বিহিতবিধান, (বিহিত-বিধা) উপযুক্ত বিধি

বিহীন, (বি-হা) বিশেষে হীন; ত্যক্ত; বিরহিত।

বিহৃতি, (বি-হৃ) বিশেষে হরণ, বলাৎকার করিয়া লওন; বিহার, লীলা।

বিহেঠ, হিংসা; মর্দ্দন; বিড়ম্বন।

বিহ্বল, (বি-হ্বল) ভয়াদি হেতুক অভিভূত, স্বাঙ্গধারণাশক্ত, বিক্লব, ব্যাকুল।

বিহ্বলতা, (বিহ্বল) অজ্ঞানতা, বৈক্লব্য, ব্যাকুলতা।

বিক্ষত, (বি-ক্ষণ) বিশেষে ক্ষত, ঘা, দাগ।

বিক্ষাব, শব্দ, ধ্বনি, রব।

বিক্ষিপ্ত, (বি-ক্ষিপ) ত্যক্ত, বিক্ষেপণীয়; পতিত।

বিক্ষীর, অর্কবৃক্ষ, আকন্দ গাছ।

বিক্ষেপ, (বি-ক্ষিপ) প্রেরণ; ত্যাগ; ক্ষেপণ

বিক্ষেপণ, (বি-ক্ষিপ) ক্ষেপণকরণ; ত্যাগকরণ; প্রেরণ করণ।

বিক্ষেপণীয়, (বি-ক্ষিপ) বিক্ষেপ্য, বিক্ষেপ্তব্য, ক্ষেপণযোগ্য।

বিক্ষেপ্য, (বি-ক্ষিপ) বিক্ষেপণীয়, ক্ষেপণযোগ্য।

বিক্ষেপশক্তি, মায়াশক্তিবিশেষ।

বী, গমন, চলন।

বীক, পবন, বায়ু; পক্ষী; মনঃ।

বীকাশ, রহঃ, নির্জ্জন; প্রকাশ।

বীথা, শৃকশিম্বী লতা, শুয়াশিম্; গতি বিশেষ; নৃত্য, নাচ; অশ্বগতি বিশেষ; সন্ধি

বীরবৃক্ষ, বৃক্ষবিশেষ, অর্জ্জুন বৃক্ষ। [গুল্ম।
বীরবৌলি, (বীর-বস্থ) কর্ণভূষণ বিশেষ, কু-
বীরভদ্র, (বীর-ভদ্র) বীরশ্রেষ্ঠ, বীরণতৃ
শিবগণ বিশেষ; অশ্বমেধের ঘোটক।
বরভদ্রক, (বীর-ভদ্র) বীরণতৃণ, বেণা।
বীরভাব, ভাববিশেষ, বীরাচার
বীরভার্য্যা, বীরপত্নী, বীরস্ত্রী।
বীরভোগ্যা, বীর ব্যক্তির ভোগকরণাই।
বীরমাতা, (বীর-মাতৃ) বীরসূ, বীরজননী।
বীররজ, সিন্দুর।
বীররেণু, ভীমসেন, ভীম, পবনপুত্র
বীরসূ, বীরমাতা, বীরজননী।
বীরসেন, অর্ক বৃক্ষ; নলরাজের পিতা।
বীরসেনজ, নলরাজা। [বাংহস্তা।
বীরহা, (বীর-হন) নষ্টাগ্নিব্রাহ্মণ; বিষ্ণু;
বীরা, (বীর) লতা বিশেষ; পতিপুত্রবতী-
নারী; মদিরা; শিংশপা বৃক্ষ।
বীরাশংসন, অতি ভয় প্রদ যুদ্ধভূমি, ভয়া-
নক রণক্ষেত্র। [করিয়া উপবেশন।
বীরাসন (বীর-আসন) ভিত্ত্যাদি আশ্রয় না
বীরুৎ, বিস্তৃতা, গুল্মিনী।
বীরুধ বিস্তৃতা লতা, গুল্মিনী।
বীরেশ, (বীর-ঈশ) শিব, মহাদেব।
বীরেশ্বর, (বীর-ঈশ্বর) বিশ, মহাদেব।
বীরোপজীবিক, (বীর-উপজীব) অগ্নিহোত্র
উপজীবীকা যে ব্যক্তির। [উপজীব্যকারী।
বীরোপজীবী, (বীর-উপজীব) অগ্নিহোত্র
বীর্য্য, (বীর) চরমধাতু, শুক্র, রেতঃ; পৃথি-
ব্যাদির সারভাগ; শক্তি, বল; প্রভাব,
তেজঃ, প্রতাপ।
বীর্য্যজ, (বীর্য্য-জন) পুত্র, সুত, আত্মজ।
বীর্য্যবান, (বীর্য্য) মাংসল, বীর্য্যযুক্ত; বলিষ্ঠ,
বলবান, তেজস্বী।
বীর্য্যবৃদ্ধিকর, শুক্র বৃদ্ধিকারক ঔষধাদি।
বীর্য্যা, (বীর্য্য) বীর্য্য, শুক্র; তেজঃ; শক্তি।
বীক্ষ, (বি-ঈক্ষ) দৃষ্টি, দেখা, দর্শন।
বীক্ষক, (বি-ঈক্ষ) দর্শক, দর্শন কারক।
বীক্ষণ, (বি-ঈক্ষ) বিশেষে ঈক্ষণ, দর্শন।
বীক্ষণীয়, (বি-ঈক্ষ) দর্শনীয়, ঈক্ষণীয়।
বীক্ষাপন্ন, (বীক্ষ-আপন্ন) বিস্ময়াপন্ন, আশ্চ-
র্য্যান্বিত, চমৎকৃত।
বীক্ষিত, (বি-ঈক্ষ) দৃষ্ট, অবলোকিত; বি-
শেষরূপে দেখা। [দর্শনীয়।
বীক্ষিতব্য, (বি-ঈক্ষ) ঈক্ষণীয়, বীক্ষণীয়,
বীক্ষ্য, (বি-ঈক্ষ) বিস্ময়; দৃশ্য, দর্শনযোগ্য;
ঘোটক, ঘোড়া।
বুঁইচ, (বিকঙ্কত) ফলবিশেষ, বঁইচ।
বুঁদিয়া, (বিন্দু) মিষ্টান্নবিশেষ, বঁদে।
বুক, (বক্ষস) বক্ষঃস্থল, হৃদয়।
বুকড়, (বুক) সাহসান্বিত, সাহসী; নির্ভয়।
বুকড়া, (বুক) বক্ষঃস্থল; জঠর; সাহসী।
বুকনী, (বুক্ক) চূর্ণ, খণ্ড, দানা।
বুকফুলন, সাহঙ্কারে চলন
বুকাল, (বুক) নির্ভয়, সাহসী।
বুক্ক, (বুক্ক) বক্ষঃস্থলের অভ্যন্তরস্থ মাংস-
বিশেষ, অগ্রমাংস।
বুক্কন, (বুক্ক) কুক্কুর শব্দ, কুকুরের রব।
বুক্কাগ্রমাংস, (বুক্ক-অগ্রমাংস) হৃদয়, বক্ষঃ
স্থল, বুক।
বুক্কার, সিংহধ্বনি, সিংহের শব্দ।
বুগ, ত্যাগ; ক্ষেপ।
বুজবুজি, (বুদ্বুদ) বিম্ব, ভুড়ভুড়ি।
বুজন, (বুজ) মুদিত হওন; বিদীর্ণ, ছিদ্রাদি
রোধকরণ। [ভরাট করণ।
বুজান, (বুজ) নির্ব্বাণকরণ, অবরোধন;
মুবুজজ; (বুদ্বুদ) ক্ষুদ্র বিম্ব।
বুধ, (বুধ) জ্ঞান, বোধ; অনুমান।
বুঝন, (বুধ) জ্ঞাতহওন, অনুভব করণ, হৃদ-
য়ঙ্গম করণ। [তকরণ।
বুঝান, (বুধ) বিজ্ঞাপন, প্রবোধ দেওন, জ্ঞা-
বুঝাপড়া, বিশেষ পরিচয়; তত্ত্বজিজ্ঞাসা।
বুট, (বর্ত্তুল) কলায়বিশেষ, ছোলা।
বুটা, (বর্ত্তুল) কাপড়ের বুটী; জনার, মক্কা।
বুড়া, (বুড়) বৃদ্ধ প্রাচীন, স্থবির।
বুড়ান, (বুড়) জলমগ্ন করণ, ডুবান; সর্ব্ব-
নাশকরণ।
বুড়াপনা, (বুড়া) বার্দ্ধক্য, প্রাচীনতা, স্থাবির্য্য
বুড়ি, (বুড়) পাঁচগণ্ডা, কাকিনী; জলপ্লাবন।
বুড়ী, (বৃদ্ধা) বৃদ্ধা স্ত্রী, প্রাচীনা, জরতী।
বুড়ীগঙ্গা, নদী বিশেষ।
বুড়ীগোপাল, বৃক্ষ বিশেষ।
বুদ্ধ, (বুধ) ভগবানের অবতার বিশেষ,
সর্ব্বজ্ঞ, সুগত; বিদিত, জ্ঞাত।
বুদ্ধি, (বুধ) নিশ্চয়াত্মিকা অন্তঃকরণ বৃত্তি,
জ্ঞান; মতি, প্রজ্ঞা, উপলব্ধি, বোধ।
বুদ্ধিগম্য, (বুদ্ধি-গম) জ্ঞানগম্য, বোধগম্য।
বুদ্ধিজীবী, অতিশয় বুদ্ধিমান, বুদ্ধিদ্বারা
জীবিকাকারী।

বুদ্ধিমত্তা, (বুদ্ধিমৎ) বুদ্ধি বিশিষ্টতা, জ্ঞান।
বুদ্ধিমান, (বুদ্ধি) বুদ্ধিযুক্ত, জ্ঞানবান্, পণ্ডিত
বুদ্ধিসহায়, মন্ত্রী, বুদ্ধির সাহায্যকারী।
বুদ্ধীন্দ্রিয়, (বুদ্ধি-ইন্দ্রিয়) জ্ঞানেন্দ্রিয়, চক্ষুঃ-শ্রোত্রাদি। [বিম্বুকী ; জলের ভুড়্ভুড়ি।
বুদ্বুদ, (বুদ-বিদ) বর্ত্তুলাকার জলবিন্দু, জল
বুধ, (বুধ) পণ্ডিত, বিদ্বান্; চতুর্থগ্রহ, সৌম্য ; সূর্য্য বংশীয় রাজর্ষিবিশেষ।
বুধতাত, চন্দ্র, বিধু, শশী।
বুধবার, বুধগ্রহের নামক চতুর্থ বার।
বুধরত্ন, রত্নবিশেষ, মরকত মণি, পান্না।
বুধসুত, পুরুরবা রাজা।
বুধা, ওষধি বিশেষ, জটামাংসী।
বুধান, (বুধ) গুরু, বিজ্ঞ, প্রধান; পণ্ডিত; ব্রহ্মবাদী; প্রিয়বাদী।
বুধাষ্টমী, (বুধ-অষ্টমী) ব্রতবিশেষ।
বুধিত, (বুধ) জ্ঞাত, বিদিত।
বুধিল, (বুধ) বিদ্বান্, পণ্ডিত, জ্ঞানী।
বুধ্ন, বৃক্ষমূল; শিব, মহাদেব।
বুন, বহিন, ভগিনী, ভগ্নী, স্বসৃ।
বুনট, (বুন) বুনন, বস্ত্র নির্ম্মাণ।
বুনন, (বুন) বস্ত্র নির্ম্মাণ, বপন, বোনা।
বুনো, (বন) বপনকর্তা, বনবাসী, জঙ্গলী।
বুনাই, (বুন) ভগিনীপতি।
বুনানিয়া, (বুন) তন্তুবায়, তাঁতী, বস্ত্রাদি-বপনকর্ত্তা। [বেতন।
বুনানী, (বুন) বপন, বুনা; বস্ত্রনির্ম্মাণের
বুবুধান, আচার্য্য; পণ্ডিত; দেবতা।
বুভুৎসা, (বুধ) জ্ঞানেচ্ছা, জিজ্ঞাসা।
বুভুৎসু, (বুধ) জ্ঞানেচ্ছু, জিজ্ঞাসু।
বুভুক্ষা, (ভুজ) ক্ষুধা, ভোজনেচ্ছা।
বুভুক্ষিত, (ভুজ) ক্ষুধিত, বুভুক্ষু, ক্ষুধান্বিত
বুভুক্ষু, (ভুজ) ক্ষুধিত, অতিশয় ভোজনেচ্ছাবিশিষ্ট, ক্ষুধাতুর।
বুরুল, (বুড়া-অঙ্গুলী) যবত্রয় পরিমাণ, তিন যব। [তুরপুন।
বুর্ম্মা, (বুল) ছিদ্রকরণার্থ অস্ত্রবিশেষ, ভ্রমর
বুলন, (বুল) হস্তদ্বারা মার্জ্জন; স্পর্শ করণ; ঘর্ষণ; ভ্রমণ। [ভাষা
বুলি, ভগ, যোনি, স্ত্রীচিহ্ন; বাক্য, কথা,
বুলী, ভাষা, বাক্য, কথা।
বুলবুল, (বাং) পাখিবিশেষ, বুল্বুল্।
বুষ, (বুস) তুচ্ছধান্য, ধানের আগড়া; ভূঁষ।
বুস, (বুস) তুচ্ছ ধান্য, আগড়া।

বুক্ক, মাংসপিণ্ড বিশেষ; পনসাদিফলের অসারভাগ, ভোঁতা, স্থালীভ্রষ্ট মাংস
বুক, (বুক) বক্ষঃস্থল, হৃদয়, বুক।
বৃংহণ, পুষ্টিকারক, স্থূলতাকারক। [র্জিত।
বৃংহিক, হস্তিগর্জ্জন, হাতির ডাক, করিগ-
বৃংহিত, হস্তিগর্জ্জন, হাতির ডাক।
বৃক, (বৃক) কুক্কুর পরিমাণ হরিণ খাদক-জন্তুবিশেষ, নেকড়িয়া বাঘ, ধোঁয়া; কাক; বকবৃক্ষ, বকফুলের গাছ; শৃগাল; ক্ষত্রিয়
বৃকদংশ, (বৃক-দংশ) কুক্কুর, শ্বা, সারমেয়।
বৃকধূপ, নামা সুগন্ধি দ্রব্যকৃত দশাঙ্গাদিধূপ; সরলবৃক্ষের রস, টারপিন্।
বৃকধূর্ত্ত, শৃগাল, জম্বুক, শিবা।
বৃকারাতি, (বৃক-অরাতি) কুক্কুর, শ্বা, বৃকারি
বৃকারি, (বৃক-অরি) কুক্কুর, সারমেয়, শ্বা।
বৃকোদর, (বৃক-উদর) ভীমসেন, ভীম, দ্বিতীয় পাণ্ডব, মরুৎপুত্র।
বৃক্ক, বক্ষঃস্থল, হৃদয়, বুক।
বৃক্ণ, ছিন্ন; কাটা; প্রশস্ত, চৌড়া। [কুটিল।
বৃজন, কলুষ, পাপ; আকাশ; নিরাকরণ,
বৃজিন, পাপ, অধর্ম্ম; কেশ; কুটিল।
বৃত, (বৃ) কৃতবরণ, কর্ম্মকরণার্থ নিযুক্ত।
বৃতি, (বৃ) বেষ্টন; বেড়া; বরণ; গোপন।
বৃতিঙ্কর, (বৃতি-কৃ) বৃক্ষবিশেষ, বিকঙ্কত বৃক্ষ, বৈঁচিগাছ; বৃত্তিকারক।
বৃত্ত, (বৃৎ) ব্যবহার; চরিত্র; পদ্য; গত, অতীত; দৃঢ়; বর্ত্তুল, গোলাকৃতি; আচরিত, অধীত; মৃত।
বৃত্তগন্ধি, গদ্যবিশেষ।
বৃত্তগুপ্ত, তৃণবিশেষ
বৃত্তপুষ্প, শিরীষ ফুল; কদম্ব। [বন্যকুল
বৃত্তফল, মরীচ; গোল ফল মাত্র, দাড়িম;
বৃত্তফলা, (বৃত্ত-ফল) বার্ত্তাকী বেগুন।
বৃত্তস্থ, (বৃত্ত-স্থা) বৃত্তেস্থিত; যে ব্যক্তি সচ্চরিত্র বিশিষ্ট।
বৃত্তক্ষেত্র, বর্ত্তুলাকার ক্ষেত্র, গোলক্ষেত্র।
বৃত্তা, বৃক্ষ বিশেষ, প্রিয়ঙ্গুগাছ।
বৃত্তাধ্যয়নর্দ্ধি, ব্রহ্মবর্চ্চস, ব্রতগ্রহণ পূর্ব্বক বেদাধ্যয়ন ও আচার পালনজন্য তেজঃ।
বৃত্তান্ত, (বৃত্ত-অন্ত) সংবাদ; বার্ত্তা; বিবরণ; প্রস্তাব
বৃত্তি, (বৃৎ) জীবিকা; বিবরণ; বার্ষিক
বৃত্তিভোগী, (বৃত্তি-ভোগিন্) বৃত্তিজীবী, বার্ষিকাদি প্রাপ্য দ্রব্যদ্বারা জীবিকাকারী।

বৃত্য, (বৃত) বরণীয়, বরণ করিবার যোগ্য।

বৃত্ত্যর্থী, (বৃত্তি-অর্থিন) জীবিকার্থী, বৃত্তেচ্ছুক

বৃত্র, অথ্বকের শত্রু, দানব বিশেষ; মেঘ, পর্ব্বত বিশেষ; শব্দ।

বৃত্রদ্বিট্, বৃত্রাসুরের দ্বেষকারী, ইন্দ্র।

বৃত্রহা, (বৃত্র-হন) বৃত্রাসুরের অরি, ইন্দ্র, দেবরাজ

বৃথা, (ব-অর্থ) নিরর্থক, মুধা, ব্যর্থ, নিষ্ফল

বৃথাকথা, নিরর্থক বাক্য, নিষ্ফল বচন।

বৃথাজন্ম, নিরর্থক জনন, মিথ্যা উৎপত্তি।

বৃথাদান, নিষ্ফল দান, নটনর্ত্তকাদিতে দান

বৃথাভোজন, গব্যহীনভোজন, তৃপ্তির অজনক আহার, অনর্থক ভোজন।

বৃথামাংস, দেবতা পিতৃলোকের অনুদ্দেশে কৃতমাংস, অপ্রোক্ষিত মাংস।

বৃথালাপ, (বৃথা-আলাপ) নিরর্থক কথাবার্ত্তা, নিষ্ফল বচনা। [ত; শৈলজ নামে গন্ধদ্রব্য।

বৃদ্ধ, (বৃধ) গতযৌবন, বুড়া, প্রবৃদ্ধ; পণ্ডি-

বৃদ্ধকাক, দ্রোণকাক, দাঁড়কাক, দণ্ডকাক।

বৃদ্ধকাল, বৃদ্ধাবস্থা, প্রাচীন সময়।

বৃদ্ধগঙ্গা, নদীবিশেষ, বুড়ীগঙ্গা।

বৃদ্ধতা, (বৃদ্ধ) বৃদ্ধত্ব, স্থবিরতা, বার্দ্ধক্য।

বৃদ্ধত্ব, (বৃদ্ধ) স্থাবির্য্য, বার্দ্ধক্য, বৃদ্ধাবস্থা।

বৃদ্ধদারক, বীজতাড়ক বৃক্ষ, বীজতাড়কাগাছ

বৃদ্ধনাভি, উন্নতনাভি, গোঁড়নাভিযুক্ত ব্যক্তি

বৃদ্ধপ্রপিতামহ, প্রপিতামহের পিতা।

বৃদ্ধপ্রপিতামহী, প্রপিতামহের মাতা। [কুল্য

বৃদ্ধপ্রপৌত্র, প্রপৌত্রের পুত্র, অধস্তন স-

বৃদ্ধপ্রমাতামহ, প্রমাতামহের পিতা।

বৃদ্ধপ্রমাতামহী, প্রমাতামহের মাতা।

বৃদ্ধবিভীতক, আম্রাতক, আমড়া।

বৃদ্ধরাজ, অম্লবেতস বৃক্ষ।

বৃদ্ধশ্রবা, ইন্দ্র, দেবরাজ, শক্র।

বৃদ্ধসংঘ, বৃদ্ধসমূহ, বৃদ্ধবর্গ, প্রাচীনবৃন্দ।

বৃদ্ধসূত্রক, (বৃদ্ধ-সূত্র) ইন্দ্রতুল, আকাশ-গামী সূতা।

বৃদ্ধা, (বৃধ) গতযৌবনা, বুড়ী, পলিক্নী, পলিতা, স্থবিরা, জরতী, প্রাচীনা।

বৃদ্ধাঙ্গুলি, (বৃদ্ধ-অঙ্গুলি) অঙ্গুষ্ঠ, বুড়া আঙ্গুল

বৃদ্ধাঙ্গুষ্ঠ, (বৃদ্ধ-অঙ্গুষ্ঠ) হস্ত পদের স্থূল অঙ্গুলি, বুড়া আঙ্গুল।

বৃদ্ধি, (বৃধ) ঋদ্ধি, সিদ্ধি, উন্নতি, বর্দ্ধন; নীতিবেদির ক্ষয়াদি ত্রিবর্গের অন্তর্গত বর্গ বিশেষ; একাদশ যোগ; সুদ, ব্যাজ; অভ্যুদয়, সমৃদ্ধি।

বৃদ্ধিকা, ঔষধ বিশেষ, ঋদ্ধিনামক ঔষধ।

বৃদ্ধিজীবিকা, ঋণদান জীবিকা, অর্থ প্রয়োগ দ্বারা জীবিকাকারী, কুসীদী।

বৃদ্ধিজীবী, (বৃদ্ধি-জীবিন) যে ব্যক্তির ঋণদানই জীবিকা, কুসীদী।

বৃদ্ধিদ, (বৃদ্ধি-দা) শূকরকন্দগাছ; বৃদ্ধিদাতা

বৃদ্ধিবর্দ্ধক, উন্নতিবর্দ্ধক; ব্যাজবর্দ্ধক। [হীন

বৃদ্ধিরহিত, বৃদ্ধিশূন্য, উন্নতিরহিত; সুদ-

বৃদ্ধিশ্রাদ্ধ, আভ্যুদয়িক শ্রাদ্ধ, নান্দীমুখশ্রাদ্ধ

বৃদ্ধোক্ষ, বৃদ্ধ বৃষ, বুড়া ষাঁড়

বৃদ্ধ্যাকাঙ্ক্ষী (বৃদ্ধি-আকাঙ্ক্ষিন) ঋণদানেচ্ছু, সুদলাভাভিলাষী। [খোর।

বৃদ্ধ্যাজীব, (বৃদ্ধি-আজীব) বার্দ্ধুষিক, সুদ-

বৃদ্ধ্যাজীবী, (বৃদ্ধি-আজীবিন) বৃদ্ধ্যুপজীবী, বার্দ্ধুষি কুসীদী, সুদখোর।

বৃধসান; মনুষ্য, মানব, মনুজ।

বৃধ্য, (বৃধ) বর্দ্ধনীয়, উন্নতকরণ যোগ্য

বৃন্ত, (বৃ) ফল পুষ্প পত্রাদির মূল, প্রসব বন্ধন।

বৃন্তাক, বার্ত্তাকী, বার্ত্তাকু, বেঁগুন।

বৃন্তাকী, বার্ত্তাকু, বার্ত্তকী, বেগুণ।

বৃন্দ, (বৃ) সমূহ, রাশি, দশার্ব্বুদ, শত কোটি

বৃন্দা, তুলসী; জলন্ধর রাজপত্নী, কেদার রাজ কন্যা, রাধার নাম বিশেষ।

বৃন্দাবন, স্বনাম খ্যাত তীর্থ বিশেষ।

বৃন্দাবনচন্দ্র, শ্রীকৃষ্ণ, নারায়ণ। [রায়ণ,

বৃন্দাবনেশ্বর, (বৃন্দাবন-ঈশ্বর) শ্রীকৃষ্ণ, না-

বৃন্দাবনেশ্বরী, (বৃন্দাবন-ঈশ্বর) শ্রীরাধা, বৃষভানুসুতা।

বৃন্দার, (বৃন্দ) মনোজ্ঞ, মনোহর। [প্রধান।

বৃন্দারক (বৃন্দ) দেবতা; যুথপতি, শূর, শ্রেষ্ঠ,

বৃন্দিষ্ঠ, শ্রেষ্ঠতর, অতিশয় প্রধান।

বৃন্ধ, (বৃণ) দশার্ব্বুদ, শত কোটি।

বৃশ, মূষিক, উন্দুরু; বৃক্ষ বিশেষ, বাসক বৃক্ষ

বৃশা, ওষধী বিশেষ।

বৃশ্চিক, (ব্রশ্চ) শূককীট, শূয়াপোকা; কীটবিশেষ; বিছা, অলি; অষ্টম রাশি, মদন বৃক্ষ, ময়নাগাছ; গোময় কীট, গুবরেপোকা; অগ্রহায়ণ মাস।

বৃশ্চিকপ্রিয়, পুঁতিকাশাক, পুঁইশাক।

বৃশ্চিকর্ণী, আখুকর্ণী, ইন্দুরকাণীগাছ।

বৃশ্চিকালী, লতাবিশেষ, বিছাটী।

বৃশ্চীর, শাকবিশেষ, শ্বেত পুনর্ণবা।

রাশি; ধর্ম্ম; শৃঙ্গী; শ্রেষ্ঠ; শুক্রল; বাস্তু-স্থান বিশেষ; শ্রীকৃষ্ণ; শত্রু; কাম; বলবান্; ঋষভ নামে ঔষধ।
বৃষচক্র. কৃষি কর্ম্মোক্ত বৃষাকার চক্র।
বৃষণ. অণ্ডকোষ. মুষ্ক. হোল।
বৃষণশ্ব, ইন্দ্রের ঘোটক, উচ্চৈঃশ্রবা অশ্ব।
বৃষণ্বসু. ইন্দ্রের ধন, শক্রনিধি, দেবরাজের সম্পত্তি।
বৃষদংশক, (বৃষ-দন্স) বিড়াল. মার্জ্জার।
বৃষধ্বজ. মহাদেব শিব; পুণ্যকর্ম্মা।
বৃষধ্বাঙ্ক্ষী, নাগরমুস্তা. নাগরমুতা।
বৃষপতি, (বৃষ-পতি) ষণ্ড, ষাঁড়; শিব, মহাদেব। [কাণী গাছ।
বৃষপর্ণী, (বৃষপর্ণ) আখুকর্ণী বৃক্ষ, ইন্দুর-
বৃষপর্ব্বা. শিব; দৈত্য বিশেষ. ভঙ্গারুবৃক্ষ।
বৃষবাহন. (বৃষ-বহ) শিব, মহাদেব।
বৃষভ, (বৃষ) বৃষ. ষাঁড়; শ্রেষ্ঠ; কর্ণরন্ধ্র, ঋষভ নামে ঔষধ বিশেষ। [গমন।
বৃষভগতি, বৃষধ্বজ. শিব, শঙ্কর; ষাঁড়ের
বৃষভানু, রাধিকার পিতা।
বৃষভাসা, অমরাবতী, ইন্দ্রপুরী।
বৃষভাক্ষী, লতাবিশেষ. ইন্দ্রবারুণীলতা।
বৃষয়. (বৃষ) আশ্রয়. অবলম্ব; বৃষভ।
বৃষল, (বৃষ-লা) গৃঞ্জন, গাজর; শূদ্র; অধার্ম্মিক; ঘোটক। [পিয়; শূদ্রহইতে উদ্ভূত।
বৃষলাত্মজ, (বৃষল-আত্মজ) অধার্ম্মিকোৎ-
বৃষলী, (বৃষল) পিতৃগৃহে অবিবাহিতাবস্থায় রজস্বলা কন্যা, স্বপতি পরিত্যাগ পূর্ব্বক পরপতিগামিনী স্ত্রী; শূদ্রা। [বিবাহকারী
বৃষলীপতি, বৃষলী কন্যা বিবাহকর্ত্তা; শূদ্র।
বৃষলোচন, মূষিক, ইন্দুর; বৃষের নয়ন।
বৃষশত্রু, বিষ্ণু, শ্রীকৃষ্ণ।
বৃষস্যন্তী, কামুকী, কামাতুরা, আলকুশী।
বৃষা, (বৃষ) মূষিকপর্ণী. ইন্দুরকাণী গাছ;
বৃষাকপায়ী, লক্ষ্মী; গৌরী, লতাবিশেষ।
বৃষাকপি, বিষ্ণু; শিব-অগ্নি; ইন্দ্র।
বৃষাকর, মাষ, মাষকলাই।
বৃষাঙ্ক.(বৃষ-অঙ্ক) শিব. মহাদেব; ষণ্ড, ষাঁড়
বৃষাঙ্কজ (বৃষ-অঙ্ক-জন) ডমরু. মহাদেবের করস্থিত বাদ্য যন্ত্র বিশেষ।
বৃষাঙ্কন. (বৃষাঙ্ক) শিব, মহাদেব. শঙ্কর।
বৃষান্তক, (বৃষ-অন্তক) বিষ্ণু নারায়ণ।
বৃষাধারণ, চটক, চড়াপাখী; শিব, মহাদেব।
বৃষাহার, বিড়াল. মার্জ্জার।
বৃষী, ময়ূর; ব্রতিদের কুশাদি ময় আসন বত্যাসন।
বৃষোৎসর্গ, (বৃষ-উৎসর্গ) শ্রাদ্ধাদিতে বৎসতরী চতুষ্টয় সহিত ত্রিশূল চক্রাঙ্কিত বৃষত্যাগ। [বর্ষণ।
[illegible], (বৃষ) মেঘ হইতে জলবিন্দু পতন,
বৃষ্টিকাল প্রাবৃট্, বর্ষাকাল। [নাশক।
বৃষ্টিঘ্নী (বৃষ্টি-হন) গুজর টী এলাইচ; বৃষ্টি-
বৃষ্টিজীবন, দেবমাতৃক দেশ; যে প্রাণির কেবল বৃষ্টির জলে জীবন ধারণ।
বৃষ্টিভূ, (বৃষ্টি-ভূ) ভেক ব্যাঙ্গ; বৃষ্টিজাত।
বৃষ্ণি, মেষ যাদব. শ্রীকৃষ্ণ; পাষণ্ড।
বৃষ্ণিগর্ত্ত, শ্রীকৃষ্ণ বিষ্ণু। [ঔষধাদি।
বৃষ্য. মাষ. মাষকলাই, শুক্রবৃদ্ধিকারক-
বৃষ্যা. ঋদ্ধি নামে ঔষধ; শতাবরী লতা; আমলকী। [দীর্ঘচঞ্চু, বড়ঠোঁট।
বৃহচ্চঞ্চু. (বৃহৎ-চঞ্চু) মহাচঞ্চু, শাক;
বৃহচ্চিত্ত, (বৃহৎ-চিত্ত) বীজপুর, দাড়িম।
বৃহচ্ছল্ক. চিঙ্গট মৎস্য, চিঙ্গড়া মাছ।
বৃহচ্ছরীর, (বৃহৎ-শরীর) বৃহদ্দেহবিশিষ্ট, প্রকাণ্ড শরীর।
বৃহড্ডক্কা, (বৃহৎ-ঢক্কা) ঢক্কাবিশেষ বড় ঢাক। [ব্যাকুড় ফল।
বৃহতিকা. (বৃহৎ) উত্তরীয় বস্ত্র; ক্ষুদ্রবার্ত্তাকু,
বৃহতী. (বৃহৎ) ক্ষুদ্র বার্ত্তাকী, ব্যাকুড় ফল, মহতী, প্রকাণ্ড. উত্তরীয় বস্ত্র; বারীধানী, জলের করঙ্গ; কণ্টকারী।
বৃহতীপতি, বৃহস্পতি, সুরগুরু।
বৃহৎ, (বৃহ) মহৎ, শ্রেষ্ঠ, বড়; প্রকাণ্ড।
বৃহৎকন্দ, গৃঞ্জন. গাজর, মূলবিশেষ।
বৃহৎকায়, বৃহচ্ছরীর, প্রকাণ্ড শরীরবিশিষ্ট।
বৃহৎকালশাক, বড় কালকাসুন্দিয়া।
বৃহৎকাশ, খড়তৃণ, খাগড়া।
বৃহৎকুক্ষি, তুন্দিল, বৃহদুদর যুক্ত। [গাছ।
বৃহত্তাল,(বৃহৎ-তাল) হিন্তাল বৃক্ষ. হেঁতাল
বৃহত্তৃণ, (বৃহৎ-তৃণ) বংশ. বাঁশ। [গাছ।
বৃহত্ত্বক, (বৃহৎ-ত্বচ) বৃক্ষবিশেষ, ছাতিয়ান-
বৃহৎপাটলি. ধুস্তূর, ধুতুরা।
বৃহৎপাদ. বটবৃক্ষ, বটগাছ।
বৃহৎফলা, কটুতুম্বী, তিতলাউ।
বৃহদঙ্গ, (বৃহৎ-অঙ্গ) মতঙ্গজ, হস্তী, করী।
বৃহদম্ল, (বৃহৎ অম্ল) ফলবিশেষ, কামরাঙ্গা।
বৃহদ্গৃহ, (বৃহৎ-গৃহ) দেশ বিশেষ, করুষদেশ; বড়ঘর

বৃহদ্গোল. শীর্ণবৃন্ত, তরমুজ। [গাছ।
বৃহদ্দল, (বৃহৎ-দল) হিন্তাল বৃক্ষ, হেঁতাল
বৃহদুদর, (বৃহৎ-উদর) তুন্দজ, স্থূলোদরযুক্ত
বৃহদ্ধল, (বৃহৎ-হল) মহালাঙ্গল, হলী।
বৃহদ্বাত (বৃহৎ-বাত), ধান্যবিশেষ, দেধান, ভয়ঙ্কর বায়ু, প্রচণ্ড পবন।
বৃহদ্বীজ (বৃহৎ-বীজ) আম্রাতক, আমড়া
বৃহদ্ভট্টা রিকা, দুর্গা, পার্ব্বতী।
বৃহদ্ভানু, (বৃহৎ-ভানু) অগ্নি, অনল, চিত্রক বৃক্ষ, চিতাগাছ। [বিশেষ।
বৃহদ্রথ, (বৃহৎ-রথ) ইন্দ্র; যজ্ঞপাত্র; মন্ত্র-
বৃহদ্রোলী ক্ষুদ্রউলূক, ছোট পেঁচা।
বৃহন্নলা, ক্লীবরূপী অর্জ্জুন।
বৃহস্পতি, (বৃহৎ-পতি) পঞ্চম গ্রহ; সুরাচার্য্য, দেবগুরু, গীষ্পতি; পঞ্চম বার।
বৃহস্পতি চক্র, শুভাশুভজ্ঞানার্থ নক্ষত্রঘটিত নরাকার চক্র বিশেষ।
বৃহস্পতিবার, গুরুবার, পঞ্চমবার।
বৃক্ষ, (বৃক্ষ) স্থাবর যোনিবিশেষ, গাছ, মহীরুহ, শাখী, দ্রুম, তরু, পাদপ।
বৃক্ষক, (বৃক্ষ) ক্ষুদ্রবৃক্ষ; বৃক্ষমাত্র।
বৃক্ষচর, (বৃক্ষ-চর) বানর, কপি, শাখামৃগ।
বৃক্ষচ্ছায়, (বৃক্ষ-ছায়া) বহুবৃক্ষের ছায়া।
বৃক্ষতল, বৃক্ষমূল; গাছতলা।
বৃক্ষনাথ, বটবৃক্ষ, বটগাছ।
বৃক্ষবাটিকা, উপবন; গাছের চৌকা।
বৃক্ষভবন, বৃক্ষের কোটর, গাছের খোঁড়র
বৃক্ষমর্কটিকা, জন্তুবিশেষ; কাঠবড়াল।
বৃক্ষস্থ, (বৃক্ষ-স্থা) বৃক্ষস্থিত; বৃক্ষসম্বন্ধীয়।
বৃক্ষাবাস, বৃক্ষকোটরবাসী, বৃক্ষবাসী।
বৃক্ষাম্ল, (বৃক্ষ-অম্ল) তিন্তিড়ীবৃক্ষ, তেঁতুল আম্রাতক, আমড়া। [বৃক্ষবাসী
বৃক্ষালয়, (বৃক্ষ-আলয়) পক্ষী, বিহগ, বিহঙ্গ
বৃক্ষাশ্রয়ী, (বৃক্ষ-আশ্রয়িন) ক্ষুদ্রউলূক, ছোট পেঁচা, যে বৃক্ষ আশ্রয় করিয়া থাকে।
বৃক্ষোৎপল, (বৃক্ষ-উৎপল) কর্ণিকার পুষ্প; সুরপলা। [গল।
বেআক্কেল, (ফাং) অজ্ঞান মুর্খ, অবোধ; পা-
বেআদব, (ফাং) অপমানক; অধম, নীচ।
বেআরাম, (ফাং) পীড়া রোগ, অসুস্থ।
বেইমান, (ফাং) অধার্ম্মিক, পাপী, অন্যায়
বেউড়বাঁশ, (বেড়-বাঁশ) বেষ্টবংশ, কণ্টকান্বিত বংশবিশেষ।
বেওরা, (বিবরণ) বৃত্তান্ত, বিস্তারিত।

বেঁক, (বক) বক্রতা; তেওড়, নদীর বাঁক।
বেঁকন, (বক) বক্র হওন, বাঁকন, আভুগ্নতা
বেঁকা, (বক) বক্র, বাঁকা, অসরল।
বেঁকি, (বক) বক্রতা বাঁকা; পদালঙ্কারবিশেষ
বেঁটিয়া, (বণ্ঠ) খর্ব্ব, হ্রস্ব, খাটো, বামন।
বেঁড়ে, (বণ্ড) পুচ্ছহীন, লাঙ্গুল রহিত।
বেকট, মৎস্যবিশেষ, ভেকটী, মাছ, বিদূষক; তরুণ, যুবা।
বেকলা, (বল্কল) ছাল, ত্বক, খোসা।
বেকসুর, (ফাং) নিরপরাধ, নির্দ্দোষ।
বেগ, (বীজ) প্রবাহ, ওঘ, রয়ঃ; মহাকাল ফল, মাকাল ফল, রেতঃ, শুক্র; মূত্রবিষ্ঠাদির নির্গম প্রবৃত্তি।
বেগড়া, (বিকার) নষ্ট, বিকৃত; দুষ্ট।
বেগন, (বেগ) বেগ বহন, দৌড়িয়া যাওন
বেগনাশন, শ্লেষ্মা, কফ, ছর্দ্দি
বেগবান, (বেগ) বেগবিশিষ্ট ত্বরান্বিত, দ্রুত-
বেগম, (ফাং) রাণী, রাজমহিষী
বেগরহিত, বেগহীন, বেগশূন্য; অমন্থর; শিথিল, দুর্ব্বল।
বেগসর, বেগগামী ঘোটক; অশ্বতর।
বেগার, (বিষ্টি) বিনা বেতনে কর্ম্মকারী; বেতন হীন কার্য্য; অনর্থক শ্রম।
বেগাল, (বেগ) বেগান্বিত; দ্রুতগতি বিশিষ্ট
বেগিত, (বেগ) বেগবিশিষ্ট, বেগযুক্ত।
বেগী, (বেগ) বেগবান, বেগযুক্ত, জবনী; ত্বরিত; শ্যেনপক্ষী, শচান।
বেগুণ, (বঙ্গন) বার্ত্তাকী; বার্ত্তাকু। [য় বৃক্ষ।
বেগুণিয়া, (বেগুণ) ঈষৎধুম্রবর্ণ, বার্ত্তাকুর ন্যা
বেঙ, (ভেক) মণ্ডুক, ভেক।
বেঙ্গা, (বাম) নেটা, নেঙ্গা, বামহস্ত প্রধান।
বেঙ্গাচি, (বেঙ) ভেকশাবক, বেঙ্গের বাচ্চা
বেঙ্গাপিতল, (বেঙ্গ-পিত্তল) মিশ্রিত ধাতু; পিত্তল বিশেষ। [অর্পণ।
বেচন, (বেচ) বিক্রয়করণ, মূল্যগ্রহণ পূর্ব্বক
বেচনীয়া, (বেচ) বিক্রয়কারী, বিক্রেতা।
বেচা, (বেচ) কৃতবিক্রয়, বিক্রীত।
বেজানী, সোমরাজী, সোমরাজ।
বেজী, (বীজ) নকুল, নেউল, বেঁজী।
বেটন, (বট) বেষ্টিত বস্ত্র; বস্ত্রনের কাপড়
বেটা, (বিট) পুত্র, সুত, সন্তান, আত্মজ।
বেটী, (বিট) পুত্রী, কন্যা, দুহিতা।
বেটুয়া, (বাট) দারপুত্রাদি বিহীন, অনাথ; অবিশ্রান্ত ভ্রমণকারী।

বেট্যা, (বট) রুশি, রজ্জু, পাটের দড়ী
বেঠন, পরিবেষ্টিত বস্ত্রাদি।
বেড়, (বেষ্ট) বেষ্টন, বৃতি, ঘেরা; পরিধি।
বেড়ন, (বেড়) বেষ্টন, ঘেরণ; চারি দিকে-আবরণ। [আবৃতি, ঘেরা।
বেড়া, (বিহার) ভ্রমণ; বেষ্টন, বৃতি, আবরণ
বেড়ান, (বেড়া) ভ্রমণ, চলন, পর্য্যটন।
বেড়ী, (বেষ্ট) পাদবন্ধনীয় লৌহ পাশ, শৃঙ্খল, নিগড়; স্থালীধারণার্থ লৌহ যন্ত্র বিশেষ, বাউলী; কেশ বিন্যাস বিশেষ, গর।
বেড়্বাঁশ, (বেষ্টবংশ) বেউড়বাঁশ।
বেড়ে, উত্তম, উৎকৃষ্ট, অতিশয় উপাদেয়।
বেড়্যান, যষ্ট্যাদির দ্বারা আঘাত করণ, মারণ, প্রহার করণ, পিটন।
বেঢ়নিকা রোটি বিশেষ, রুটী।
বেণ, বর্ণসঙ্কর জাতি বিশেষ, ত্রেতাযুগের সূর্য্যবংশীয় রাজাবিশেষ, পৃথুরাজার পিতা
বেণা, (বীরণ) উশীর, তৃণবিশেষ, বীরণ তৃণ
বেণি, (বেণ) প্রোষিত ভর্তৃকাদির ধার্য্য কেশ রচনা বিশেষ; বিরহিণীর বদ্ধকেশ, বিউনী; জলসমূহ, জলরাশি।
বেণিকা, (বেণি) কেশবন্ধন বিশেষ।
বেণিবেধনী, জলৌকা, জোঁক।
বেণিমাধব, প্রয়াগস্থ পাষাণময় চতুর্ভুজ মূর্ত্তি বিশেষ।
বেণিয়া, (বণিক) বণিক, পোদ্দার, ব্যবসায়ী
বেণিয়াতি, বাণিজ্য সম্পর্কীয়।
বেণী, (বেণ) কেশবন্ধনবিশেষ, চুলের বিউনী, দেবতাড় বৃক্ষ, জলপ্রবাহ বিশেষ।
বেণীসংহার, ভট্টনারায়ণকৃত সপ্তাঙ্কযুক্ত নাটক বিশেষ; কেশ বন্ধন। [বিশেষ।
বেণু, (বিণ) বংশ; বাঁশ; বংশী, বাঁশী; নৃপ
বেণুকর্কর, করবীর বৃক্ষ, করবী গাছ।
বেণুধ্মা, বেণুবাদক, বংশীবাদক।
বেণুন, মরিচ, কটুরসযুক্ত দ্রব্যবিশেষ।
বেণুবাদক, বংশীবাদক, বাঁশিবাজানিয়া।
বেণুযব, বেণুবীজ, বংশফল, বাঁশের চাউল।
বেণে, (বণিক) বণিক, পোদ্দার, ব্যবসায়ী।
বেণ্যা, (বণিক) বণিক, ব্যবসায়ী।
বেত, (বেত্র) বেতস, বেতগাছ।
বেতন, (বী) কর্ম্মদক্ষিণা; কর্ম্মের মূল্য; ভৃত্যা, ভৃতি; মাহিয়ানা, মজুরী।
বেতনগ্রাহী, (বেতন-গ্রাহিন) যে মাহিয়ানা গ্রহণপূর্ব্বক কর্ম্ম করে।
বেতনিক, (বেতন) যাহাতে বেতন আছে বেতন পাইয়া কর্ম্মকারী।
বেতস, (বেত্র) লতাবিশেষ, বেত গাছ।
বেতসী, (বেতস) লতাবিশেষ, বৈতসলতা।
বেতস্বান, যে স্থানে বেতস লতা বহুল।
বেতাগুল, (বাং) ক্ষীণ, দুর্ব্বল; অমনোযোগ, অসাবধান। [বিশেষ, পিরগণাধিপ বিশেষ।
বেতাল, ভূতাধিষ্ঠিত শব; মন্ত্রবিশেষ, ভূত-
বেতালভট্ট, রাজা বিক্রমাদিত্যের সভাস্থ নবরত্নের একরত্ন। [বাতরোগী।
বেতুয়া, (বাস্তুক) বাস্তুক শাক, বেতোশাক;
বেত্তা, (বিদ) জ্ঞাতা, বেদিতা।
বেত্র, (বী) বৃক্ষবিশেষ, বেতগাছ, অসুরবিশেষ, বেত্রাসুর।
বেত্রকীয়, (বেত্র) বেত্রসমূহ যুক্ত দেশাদি।
বেত্রধর, (বেত্র-ধৃ) দ্বারপাল, দ্বারী, বেত্রধারক
বেত্রবতী, নদী বিশেষ; বেত্রাসুরের মাতা; বেত্রধারিণী, পুররক্ষিকা।
বেত্রহা, (বেত্র-হন) ইন্দ্র, শক্র, সুররাজ।
বেত্রবতী, নদীবিশেষ, বেত্রবতী নদী।
বেত্রাসন, (বেত্র-আসন) বেত্র নির্ম্মিত আস্তর, বেতের বিছানা।
মুখঘণ্টা, হুলুহুলি ধ্বনি।
মুখচীরী, জিহ্বা, রসনা, জিহ্ব। [দুগ্ধাকৃষ্ণ।
মুখচোরা, (মুখ-চোর) লজ্জাশীল, লাজুক ;
মুখজ, (মুখ-জন) ব্রাহ্মণ ; মুখ হইতে উৎপন্ন
মুখদূষণ, পলাণ্ডু, প্যাজ।
মুখদোষিণী, (মুখ-দোষ) ডাকিনী, ডাইন।
মুখদোষী, (মুখ-দোষিন) কটুভাষী, দুর্ম্মুখ।
মুখধাবন, মুখপ্রক্ষালন, মুখধোয়া। [গাছ।
মুখধৌত, ব্রাহ্মণ যষ্টিকা বৃক্ষ, বামন হাটী-

মৃগজীবন, ব্যাধ, নিষাদ, শিকারী।
মৃগণা, অপহৃত দ্রব্যের অন্বেষণ, চোরা বস্তু-
র অনুসন্ধান। [মরীচিকা।
মৃগতৃষ্ণা, (মৃগ-তৃষ্ণা) সূর্য্যকিরণে জলভ্রম,
মৃগদংশক, কুক্কুর, শ্বা, কুকুর।
মৃগধূর্ত্ত, শৃগাল, শিবা, শিয়াল।
মৃগধূর্ত্তক, শৃগাল, জম্বুক, গোমায়ু।
মৃগনয়না, (মৃগ-নয়ন) মৃগ সদৃশ লোচনা স্ত্রী,
মৃগাক্ষী, হরিণেক্ষণা।
মৃগনাভি, (মৃগ-নাভি) কস্তুরী, মৃগমদ।
মৃগনাভিজা, (মৃগনাভি-জন) কস্তুরী, মৃগমদ
মৃগপতি, সিংহ, কেশরী।
মৃগপিপ্লু, চন্দ্র, বিধু, শশাঙ্ক।
মৃগপ্রিয়, পর্ব্বত তৃণ, গিরিজাত তৃণ।
মৃগবধাজীব, নিষাদ, ব্যাধ, শিকারী।
মৃগবন্ধিনী, মৃগবন্ধনার্থ জাল, বাগুরা।
মৃগবাহন, পবন, বায়ু, অনিল, বাতাস।
মৃগব্য, (মৃ) মৃগয়া, বন্য পশুর বধ চেষ্টা,
ব্যাধবৃত্তি, শীকার।
মৃগমদ, (মৃগ-মদ) কস্তুরী, মৃগনাভি।
মৃগয়া, (মৃগ) পশুবধচেষ্টা, শিকার, আখেট
মৃগয়ু, (মৃগ) ব্রহ্ম, শৃগাল; ব্যাধ, শীকারী।
মৃগরস, লতাবিশেষ, সহদেবী লতা।
মৃগরাজ, (মৃগ-রাজন) সিংহ, মৃগেন্দ্র, কেশরী
মৃগরিপু, সিংহ, পঞ্চাস্য, কেশরী। [স্রাদি।
মৃগরোমজ, (মৃগরোম-জন) পশুলোমজ ব-
মৃগলাঞ্ছন, রাঙ্কব; চন্দ্র, শশী, সুধাংশু।
মৃগলোচনী, (মৃগ-লোচন) মৃগসদৃশ লোচন-
বিশিষ্টা স্ত্রী, এণনয়না।
মৃগশাবক, মৃগশিশু, হরিণ বৎস।
মৃগশিরা, (মৃগ-শিরস) সপ্তবিংশতি নক্ষত্রে-
র অন্তর্গত পঞ্চম নক্ষত্র, মৃগশীর্ষ নক্ষত্র।
মৃগশীর্ষ, (মৃগ-শিরস) সপ্তবিংশতি নক্ষত্রের
অন্তর্গত পঞ্চম নক্ষত্র।
মৃগশৃঙ্গ, (মৃগ-শৃঙ্গ) হরিণের শিং।
মৃগক্ষীর, মৃগীদুগ্ধ, হরিণীর দুগ্ধ।
মৃগাঙ্ক, (মৃগ-অঙ্ক) চন্দ্র, কর্পূর; মৃগচিহ্ন।
মৃগাজীব, (মৃগ-আজীব) ব্যাধ, নিষাদ, শিকারী
মৃগাণ্ডজা, (মৃগাণ্ড-জন) কস্তুরী, মৃগমদ।
মৃগাদন, (মৃগ-অদন) ক্ষুদ্রব্যাঘ্র, তরক্ষু; চি-
তাবাঘ, নেকড়িয়া বাঘ।
মৃগাদনী, (মৃগ-অদন) সহদেবী লতা; ক্ষুদ্র
ব্যাঘ্রী, ছোট বাঘিনী। [বিশেষ।
মৃগান্তক, (মৃগ-অন্তক) চিত্রক ব্যাঘ্র, চিতা-
মৃগাবিৎ, ব্যাধ, নিষাদ, শিকারী।
মৃগারাতি, (মৃগ-অরাতি) কুক্কুর; মৃগশত্রু।
মৃগারি, (মৃগ-অরি) সিংহ, ব্যাঘ্র; কুক্কুর।
মৃগাল, (মর্কটক) মৎস্যবিশেষ, মিরগেলমাছ
মৃগালয়, (মৃগ-আলয়) মৃগশালা, হরিণালয়,
পশ্বাকীর্ণ বন। [স্ত্রী।
মৃগাক্ষী, (মৃগ-অক্ষি) মৃগলোচন তুল্য নেত্রা
মৃগিত, (মৃগ) অন্বেষিত, কৃতানুসন্ধান; চে-
ষ্টিত। [রোগ; মূর্চ্ছাগত বায়ু।
মৃগী (মৃগ) মৃগজাতি স্ত্রী হরিণী; অপস্মার
মৃগেন্দ্র, (মৃগ-ইন্দ্র) সিংহ, কেশরী, পশুরাজ
মৃগেন্দ্রচটক, শ্যেনপক্ষী, শচান; শিকরা।
মৃগেক্ষণা, (মৃগ-ঈক্ষণ) মৃগনয়না; যে স্ত্রীর
হরিণতুল্য লোচন।
মৃগ্য (মৃগ) অন্বেষণীয়, অনুসন্ধানীয়।
মৃজ, (মৃ-জন) বাদ্যবিশেষ, মর্দ্দলবাদ্য, মাদল
মৃজা, (মৃজ) মার্জ্জন, পরিষ্কার করণ। [নীয়।
মৃজ্য, (মৃজ) মার্জ্জনীয় পরিষ্কারণীয় শোধ-
মৃড, (মৃড়) শিব, মহাদেব।
মৃড়ঙ্কন, বালক, শিশু, কিশোর।
মৃড়া, (মৃড়) দুর্গা, ভগবতী পার্ব্বতী।
মৃড়ী (মৃড়) দুর্গা, ভগবতী, পার্ব্বতী।
মৃড়ীক, এণ, হরিণ, মৃগ।
মৃণাল, (মৃণ) পদ্মের নাল, বিস; বীরণ মূল।
মৃণালিনী, (মৃণাল) পদ্মিনী; পদ্মযুক্ত দেশ।
মৃণালী, (মৃণাল) মৃণাল; পদ্ম, পদ্মিনী।
মৃণ্ময় (মৃৎ) মৃত্তিকা নির্ম্মিত, মাটিয়া।
মৃত, (মৃ) গতপ্রাণ, মৃত্যুপ্রাপ্ত, মরা, প্রাপ্ত-
পঞ্চত্ব, পরেত, প্রেত, সংস্থিত।
মৃতক (মৃ) শব, মড়া, মৃত দেহ।
মৃতকল্প, (মৃত) মৃত প্রায় মৃততুল্য, মুমূর্ষু।
মৃতকান্তক, (মৃতক-অন্তক) শৃগাল, জম্বুক
শিয়াল।
মৃততুল্য, মৃতপ্রায়, মৃতকল্প, মৃতবৎ।
মৃতদত্ত মুমূর্ষু দান, মরণকালীন দান।
মৃতদার, (মৃত-দারা) অস্ত্রীক, পত্নী বিহী-
ন ব্যক্তি। [হইয়াছে।
মৃতপিতৃক, (মৃত-পিতৃ) যাহার পিতার মৃত্যু
মৃতপুত্রা, (মৃত-পুত্র) মৃতবৎসা, অজীবৎ
পুত্রিকা, যে স্ত্রীর সন্তান নষ্ট হয়।
মৃতপ্রায়, মৃততুল্য, মৃতবৎ, মৃতকল্প, অসাধ্য
ব্যাধি জন্য বিনষ্টতাসম্পন্ন। [সন্তানা।
মৃতবৎসা, (মৃত-বৎস) মৃতাপত্যা, অজীবৎ-
মৃতমত্ত, শৃগাল, শিয়াল, জম্বুক।

মৃতস্নান, মৃতের উদ্দেশে স্নান, মরণ শৌচ অবগাহন, অপস্নান।
মৃতাপত্যা, (মৃত-অপত্য) মৃতবৎসা, যে স্ত্রীর সন্তান রক্ষা পায় না।
মৃতান্তর, (মৃত-অন্তর) ব্যক্তি বিশেষ, মৃত লোকের পক্ষ হইয়া সাক্ষ্যদাতা।
মৃতি, (মৃ) মরণ, মৃত্যু, প্রাণত্যাগ।
মৃৎ, (মৃদ) মৃত্তিকা, মাটি।
মৃৎকার, (মৃৎ-কৃ) কুম্ভকার, কুমার।
মৃৎকাংস্য, শরাব, শরা, মৃত্তিকাপাত্র বিশেষ।
মৃৎকিরা, কীটবিশেষ, ঘুঘুরী কীট, ঘুর্ঘুরিয়া পোকা।
মৃত্তিকা, (মৃৎ) মৃৎ, মাটী।
মৃৎফলা, (মৃৎ-ফল) কুষ্ঠ ঔষধ, কুড়।
মৃত্যু, (মৃ) যম, অন্তক; প্রাণ বিয়োগ, পঞ্চত্ব, কালধর্ম্ম, অত্যয়; নাশ, মরণ, নিধন, মৃতি, দীর্ঘনিদ্রা, পরলোকগমন, নিপাত, বিলয়, কাল।
মৃত্যুঞ্জয়, (মৃত্যু-জয়) শিব, মহাদেব, মৃত্যুঞ্জয়কারী।
মৃত্যুনাশক, পারদ, পারা; মরণহারক।
মৃত্যুপুষ্প, ইক্ষু, আউক।
মৃত্যুফল, মহাকাল ফল, মাকালফল।
মৃত্যুফলা, (মৃত্যু-ফল) কদলী, রম্ভা, কলা।
মৃত্যুবঞ্চন, শিব, বিল্ববৃক্ষ; দাঁড়কাক।
মৃত্যুতূর্য্যক, মরণ কালে বাদনীয় পটহ, বাদ্য বিশেষ।
মৃত্যুভৃত্য, রোগ, পীড়া, ব্যামোহ।
মৃৎ, (মৃদ) মৃত্তিকা, মাটি।
মৃৎসা, (মৃৎ) প্রশস্ত মৃত্তিকা, উত্তম মাটী।
মৃৎস্না, (মৃৎ) উত্তম মৃত্তিকা, ভাল মাটী।
মৃদঙ্গ, (মৃদ) বাদ্যযন্ত্রবিশেষ, মুরজ; পটহ।
মৃদঙ্গফল, পনস বৃক্ষ, কাঁটাল।
মৃদা, (মৃদ) মৃত্তিকা, মাটী।
মৃদাকর, বজ্র, অশনি, কুলীশ, বাজ।
মৃদিত, (মৃদ) চূর্ণীকৃত, গুঁড়া করা।
মৃদিনী, (মৃৎ) প্রশস্ত মৃত্তিকা, উত্তম মাটি।
মৃদু, (মৃদ) অতীক্ষ্ণ, কোমল; শান্ত, ধীর।
মৃদুগমনা, হংসী; মন্দগমনা স্ত্রী।
মৃদুচর্ম্মী, (মৃদু-চর্ম্মন) ভূর্জ্জ বৃক্ষ, কোমলত্বক্‌বিশিষ্ট।
মৃদুতা, (মৃদু) ধীরতা, মন্দতা; কোমলতা।
মৃদুত্ব, (মৃদু) কোমলতা; ধীরতা।
মৃদুদ্ভব, (মৃৎ-উদ্ভব) ভূমিজাত দ্রব্য।
মৃদুলক, স্বর্ণ, স্বর্ণ, হেম, সোণা।
মৃদুপর্ব্বক, বেত্র, বেত; কোমল পর্ব্ববিশিষ্ট, সুরম পাব।
মৃদুপুষ্প, শিরীষ বৃক্ষ; কোমল কুসুম।
মৃদুল, (মৃদু) কোমল, নরম।
মৃদুলোমক, শশক, শশারু; কোমল রোম বিশিষ্ট।
মৃদুস্রোতঃ নদীর মন্দ গতি, মন্দ টান, অল্পস্রোতঃ।
মৃদুস্বভাব, কোমলান্তঃকরণ, কোমল স্বভাব, শান্ত, ধীর।
মৃদুস্বর, (মৃদু-স্বর) কোমল শব্দ, অতীক্ষ্ণ রব।
মৃদুহাস্য, (মৃদু-হাস্য) ঈষদ্ধাস্য, অল্পহাস্য, মুচ্‌কে হাস্য।
মৃদূৎপল, (মৃৎ-উৎপল) নীলপদ্ম, নীল কমল।
মৃদগ, মৎস্য বিশেষ, মৃগাল মাছ।
মৃদ্বী, কোমলাঙ্গী; কোমলা স্ত্রী।
মৃদ্বীকা, (মৃদ) দ্রাক্ষা, কিস্‌মিস্‌।
মৃধ, যুদ্ধ, রণ, সংগ্রাম, লড়াই।
মৃধা, মৃষা, অলীক, মিথ্যা; বৃথা।
মৃন্ময়, (মৃৎ) মৃত্তিকানির্ম্মিত, মাটিয়া, মেটে।
মৃষা, (মৃষ) মিথ্যা, অলীক, অসত্য, বৃথা।
মৃষাবাদ, মিথ্যা বাক্য, অসত্য কথন।
মৃষাবাদী, (মৃষা-বাদিন) মিথ্যাবাদক, অসত্যবাদী।
মৃষার্থক, (মৃষা-অর্থ) অত্যন্ত অসম্ভবার্থ বাক্য, অপ্রসিদ্ধ কথন।
মৃষালক, আম্রবৃক্ষ, চূত বৃক্ষ, আঁবগাছ।
মৃষোদ্য, মিথ্যা বাক্য, অসত্য কথন, অলীক ভাষণ; বৃথা কথা।
মৃষ্ট, (মৃজ) মার্জ্জিত, শোধিত; মরিচ।
মৃষ্টেরুক, বদান্য, দাতা; মিষ্টাশী, মিষ্ট দ্রব্য ভোজনকারী।
মেঢ়ি, (মেধি) স্তম্ভ; মেধী, খামারের মাঝকাঠ।
মেইয়া, (মায়া) স্ত্রীলোক, কন্যা, বালিকা।
মেইয়ামী, (মেইয়া) স্ত্রীপনা, কাপুরুষত্ব, ক্লীবত্ব।
মেইয়ামুখো, (মেইয়া-মুখ) সলজ্জ, মুখচোরা, লাজুক।
মেঁহদি, (মেন্ধী) বৃক্ষবিশেষ।
মেক, ছাগ, অজ; স্তম্ভ, খুঁটি।
মেকলকন্যকা, নদীবিশেষ, নর্ম্মদানদী।
মেকলী, (মেখলা) স্ত্রীলোকের পরিধেয় বস্ত্রবিশেষ, চটের কাপড়।
মেখলা, (মি) স্ত্রীলোকের কটির আভরণ, চন্দ্রহার, গোট, কাঞ্চী, রসনা; পর্ব্বত নিতম্ব; উপনয়ন কালে ধারণীয় শর পত্রাদি নির্ম্মিত সূত্র ত্রয়।
মেঘ, (মিহ) জলধর, বারিদ; মুস্তক, মুতা; রাক্ষস; রাগবিশেষ।
মেঘজ্যোতিঃ করকা, বর্ষোপল, শিল।

মেঘচিন্তক, চাতক পক্ষী। [শিশয
মেঘজ, (মেঘ-জন) মেঘজাত বস্তু, করকা;
মেঘজাল, মেঘ সমূহ ; ঘনঘটা।
মেঘজীবন, চাতক পক্ষী। [বিদ্যুৎ।
মেঘজ্যোতিঃ, (মেঘ-জ্যোতিস) বজ্রাগ্নি;
মেঘডম্বর, মেঘের আড়ম্বর ; মেঘ গর্জ্জন।
মেঘডম্বুর, (মেঘ-ডম্বুর) মেঘ, বারিদ।
মেঘতিমির, মেঘাচ্ছন্ন দিন, দুর্দ্দিন।
মেঘদীপ, বিদ্যুৎ, তড়িৎ, সৌদামিনী।
মেঘনাদ, রাবণপুত্র ; মেঘ গর্জ্জন, মেঘের শব্দ ; পলাশ বৃক্ষ।
মেঘনাদানুলাসক, ময়ূর, কলাপী, শিখী।
মেঘনাদানুলাসী, (মেঘনাদ-অনুলাসিন) ময়ূর কলাপী, শিখী
মেঘনামা, (মেঘ-নামন) মুস্তক, মুতা।
মেঘনির্ঘোষ, মেঘশব্দ, মেঘগর্জ্জন।
মেঘপুষ্প, জল ; নদীর জল।
মেঘপ্রসব, (মেঘ-প্রসূ) জল, সলিল, পয়ঃ।
মেঘবর্ণা, (মেঘ-বর্ণ) নীলীবৃক্ষ, নীলগাছ।
মেঘবর্ত্ম, আকাশ, গগণ, অন্তরীক্ষ।
মেঘবহ্নি, বজ্রাগ্নি, বিদ্যুতের অনল।
মেঘবাহন, দেবরাজ, শক্র, ইন্দ্র।
মেঘবেশ্ম, আকাশ, গগণ, অন্তরীক্ষ।
মেঘভূত বজ্র, অশনি, বাজ।
মেঘমাল, রমাগর্ভজাত কল্কিদেব পুত্র।
মেঘমালা, মেঘশ্রেণী, কাদম্বিনী।
মেঘযোনি, ধুম, ধূঁয়া।
মেঘলা, (মেঘ) মেঘাচ্ছন্ন দিন, দুর্দ্দিন, বাদলা
মেঘসার, কর্পূরবিশেষ, চীনা কর্পূর।
মেঘসুহৃৎ, ময়ূর, শিখী।
মেঘাখ্যা, (মেঘ-আখ্যা) মুস্তক, মুতা, মেঘ নামা। [আগমন।
মেঘাগম, (মেঘ-আগম) বর্ষাকাল ; মেঘের
মেঘাচ্ছন্ন, (মেঘ-আচ্ছন্ন) দুর্দ্দিন, মেঘ দ্বারা আবৃত। [সমূহ।
মেঘাড়ম্বর, (মেঘ-আড়ম্বর) ঘনঘটা ; মেঘ-
মেঘানন্দা, (মেঘ-আনন্দ) বলাকা বকশ্রেণী
মেঘানন্দী, (মেঘ-আনন্দ) ময়ূর, কলাপী।
মেঘান্ত (মেঘ-অন্ত) ঘনাপগম ; শরৎকাল
মেঘাস্থি, (মেঘ-অস্থি) করকা, শিল, বর্ষোপল
মেঘাস্পদ (মেঘ-আস্পদ) আকাশ, গগণ।
মেচক, অন্ধকার ; নীলবর্ণ ; ময়ূরচন্দ্রক ; ময়ূরপুচ্ছের চাঁদ ; মেঘ। [চৌকী, মোড়া
মেচ্য, (নক্ষ) কাষ্ঠাসন বিশেষ, কেদারা,

মেছুনী, (মৎস্য) ধীবর পত্নী, জেলেনী।
মেছুয়া, (মৎস্য) মৎস্যজীবী, ধীবর, জেলিয়া
মেজিয়া, (মধ্য) গৃহের মধ্যস্থল, ঘরের মাঝ
মেঝ, (মধ্য) গৃহমধ্য ভূমি, মেজ্যা।
মেঝিয়া, (মেঝ) গৃহ মধ্য ভূমি, গৃহের মাঝ
মেঝেম, (মেঝ) গৃহের মধ্যস্থল প্রস্তুত করণ
মেটা, (মিট) সমাধা ; নিষ্পত্তি, শেষ।
মেটান, (মেটা) নিষ্পত্তিকরণ, চুকান।
মেটিয়া, (মৃত্তিকা) মৃন্ময়, মৃত্তিকা নির্ম্মিত
মেটিয়াতৈল ভূমিজাত তৈলবিশেষ।
মেটুলা, আমলকী, ধাত্রীফল।
মেট্যাতৈল, ভূমিজাত তৈলবিশেষ।
মেঠ, হস্তিপক, হস্তিপালক, মাহুত।
মেড়, (মূড়) কাঠাম, নির্ম্মিত, বাড়।
মেড়া, (মেষ) অবি ভেড়া ; নির্বোধ।
মেড়ী, (মেষ) মেষী, ভেড়ী। [শর্চ্চা।
মেড়ুয়, (মৎ-রুক) ক্ষুদ্র হাতুড়ী, মলিনতা,
মেঢ্র, (মেহ) শিশ্ন, লিঙ্গ, উপস্থ।
মেঢ্ররোগ, উপদংশ রোগ, বাও
মেণ্ট, হস্তিপক, মাহুত।
মেণ্ড, হস্তিপক, মাহুত।
মেণ্ট, মেষ ; মেড়া, ভেড়া। [কারক।
মেতর, (ফাং) ঝাড়ুদার, পায়খানা পরি-
মেথি, পশু বন্ধনার্থ ন্যস্ত দারু, মেইকাঠ।
মেথিকা (মেথ) শাক বিশেষ, মেথিশাক।
মেথী, (মেথ) শাকবিশেষ, মেথিশাক।
মেদঃ, (মিদ) মাংস প্রভব ধাতুবিশেষ, বসা, মজ্জা ; রোগ বিশেষ।
মেদস্কৃৎ, (মেদস-কৃ) মাংস, পল, পিশিত।
মেদা, (মন্দ) স্থূলবুদ্ধি জড়, অষ্টবর্গ প্রসিদ্ধ ঔষধবিশেষ।
মেদিনী, (মেদ) পৃথ্বী, পৃথিবী, ধরা, ধরণী
মেদিনীদ্রব, পাংশু, রজঃ, রেণু, ধূলা।
মেদুর, অতিশয় স্নিগ্ধ ; শীতল।
মেদোজ, (মেদস-জন) অস্থি, হাড়।
মেদোজ্জ, বর্ণসঙ্কর জাতিবিশেষ।
মেধ, ক্রতু, যাগ, যজ্ঞ।
মেধা, (মেধ) ধারণাবতী বুদ্ধি, ধী। [বুদ্ধিকর
মেধাকৃৎ, শাক বিশেষ ; মেধাকারক, বুদ্ধি-
মেধাজিৎ, কাত্যায়ন মুনি। [বিশেষ।
মেধাবতী, মেধাবিশিষ্টা, বুদ্ধিমতী ; লতা-
মেধাবান, বুদ্ধিমান ; স্মরণ শক্তিবিশিষ্ট।
মেধাবিনী, (মেধা) বুদ্ধিমতী স্ত্রী, স্মরণ-শক্তিবিশিষ্টা নারী ; ব্রহ্মার পত্নী

মেধাবী, (মেধা) মেধাযুক্ত, স্মরণশক্তিবিশিষ্ট, পণ্ডিত ; শুকপক্ষী। [বোধ, বুদ্ধিহীন
মেধাহীন, (মেধা-হীন) ধীশক্তিরহিত, নি-
মেধি, (মিধ) খলে পশু বন্ধনার্থ প্রোথিত কাষ্ঠ, ধান্য মর্দ্দন স্থান মধ্যে পশুবন্ধনার্থ নি-
মিত্ত নিহিত দারু, মেইকাঠ।
মেধির, (মেধা) মেধাবী, মেধাযুক্ত, স্মরণশক্তিবিশিষ্ট, পণ্ডিত ; শুকপক্ষী।
মেধিষ্ঠ, অতিশয় মেধাযুক্ত ; বুদ্ধিমান।
মেধ্য, (মেধ) পবিত্র, পূত ; শুচি ; যজ্ঞীয়।
মেনকা, (মে-ন-কা) স্বর্গবেশ্যাবিশেষ, উ-
মার মাতা, হিমালয়ের পত্নী। [পার্ব্বতী।
মেনকাত্মজা, (মেনকা-আত্মন-জন) দুর্গা,
মেনা, (মা) মেনকা, হিমালয় পত্নী ; স্তন, মাই। [পদ্মা, পার্ব্বতী
মেনাজা, (মেনা-জন) মেনকা গর্ভে উৎ-
মেনাদ, (মে-নাদ) বিড়াল ; ছাগল ; ময়ূর।
মেনাধব, হিমালয় পর্ব্বত।
মেনী, (মেনা) স্ত্রী জাতীয় বিড়াল ; স্ত্রীলোক
মেনীমুখো, (মেনী-মুখ) লাজুক, স্ত্রীলোকের তুল্য সলজ্জ পুরুষ।
মেয়ে, (মায়া) স্ত্রীলোক ; কন্যা, পুত্রী, দুহিতা
মেয়্যা, (মায়া) স্ত্রীলোক ; কন্যা, দুহিতা।
মেরু, (মি) পর্ব্বত বিশেষ, সুমেরু পর্ব্বত ; জপমালার অগ্রবর্ত্তি প্রধান মালা।
মেরুগ্রন্থি, (মেরু-গ্রন্থি) মেটিয়া ; শিলা ; কাণ্ড। [পিঠের শির দাঁড়া।
মেরুদণ্ড, (মেরু-দণ্ড) পৃষ্ঠের মধ্যস্থিতঅস্থি,
মেল, (মিল) মিলন, ঐক্য, সংযোগ। [লোপী
মেলক, (মিল) মিলনকারী, মিলনিয়া ; আ-
মেলক, লবণ ; ক্ষার লবণ।
মেলন, (মিল) একত্রহওন ; মিলন, সংযোগ
মেলনিয়া, (মেল) মিলনার্থ অনুরাগী, মেলক
মেলা, (মিল) মেলক ; মসী, কালী ; অঞ্জন ; হাট, হাট ; একত্র হওন, জনতা, লোকা-
রণ্য। [প্রসারণ।
মেলান, (মেল) মিলন করাণ, যোগ করাণ ;
মেলানন্দা, মস্যাধার, দোয়াত।
মেলানি, (মেল) সমাজ ; জনতা ; বিদায়।
মেলাপ, (মিল) ঐক্য, মিল, সন্ধি, সম্প্রীতি
মেলাম্বু, মস্যাধার, মসীধানী, দোয়াত।
মেষ, (মিষ) পশুবিশেষ, ভেড়া, মেড়া ; রাশিবিশেষ ; প্রথম রাশি।
মেষকম্বল, মেষলোমনির্ম্মিত আচ্ছাদন।
মেষপাল, (মেষ-পাল) মেষসমূহ, ভেড়ার পাল ; মেষের পালনকর্ত্তা।
মেষপালক, মেষ রক্ষক, ভেড়ার রাখাল।
মেষরাশি, (মেষ-রাশি) মেষাকারাকারিত তারকাসমূহ, প্রথমরাশি।
মেষলোচন, চক্রমর্দ্দ বৃক্ষ, চাকুন্দেগাছ ;
মেষচক্ষু তুল্য চক্ষু।
মেষশৃঙ্গ, স্থাবর বিষ বিশেষ ; গাছের শিং, ভেড়ার শিং। [শিঙ্গীলতা।
মেষশৃঙ্গী, (মেষ-শৃঙ্গ) অজশৃঙ্গী লতা, মেড়া-
মেষাক্ষ, চক্রমর্দ্দ বৃক্ষ, চাকুন্দিয়া গাছ
মেষী, (মেষ) জটামাংসী ; স্ত্রীজাতীয় মেষ, মেড়ী। [স্বামী।
মেস্বয়া, (মাসী) মাতার ভগিনীপতি, মাসীর
মেস্যাড়া, (মাংস) ছানী ; ক্ষতস্থানের নূতন মাংস। [ক্ষরণ ; প্রস্রাব দোষ।
মেহ, (মিহ) প্রমেহ রোগ, ধাতুচালা ; রে-
মেহকর, (মেহ-কৃ) প্রস্রাবজনক, মূত্রবর্দ্ধক
মেহদুষ্ট, মেহবিকার, ধাতুচালা ; প্রস্রাব দোষ। [পীড়ক রোগ।
মেহন, (মিহ) শিশ্ন, লিঙ্গ ; প্রস্রাব, মূত্রোৎ-
মেহনৎ, (য়াং) আয়াস, পরিশ্রম, ক্লান্তি।
মেহনা, মহিলা, স্ত্রী, নারী।
মৈত্র, (মিত্র) মিত্রসম্বন্ধীয়, বন্ধুতা, সখ, সুহৃদ
মৈত্রকর্ম্ম, মলত্যাগ, পুরীষোৎসর্গ, বাহ্যক্রিয়া
মৈত্রতা, (মৈত্র) মিত্রের ধর্ম্ম, বন্ধুতা, সখ্য সৌহার্দ্দ্য।
মৈত্রভ, অনুরাধা নক্ষত্র।
মৈত্রাবরুণ, মুনিবিশেষ, অগস্ত্যমুনি।
মৈত্রী, (মিত্র) মিত্রতা ; মিত্রের কর্ম্ম।
মৈত্রেয়, (মিত্র) মিত্রসম্বন্ধীয় ; মুনিবিশেষ।
মৈত্র্য, (মিত্র) মিত্রতা ; মিত্রের কর্ম্ম।
মৈথিল, (মিথিলা) মিথিলা দেশীয়, মিথি-
লাজাত।
মৈথিলী, (মিথিলা) সীতা, জানকী।
মৈথুন, (মিথুন) স্ত্রী সংসর্গ, সুরত, রতিক্রিয়া
মৈনাক, (মেনকা) পর্ব্বত বিশেষ ; হিমালয়-
পর্ব্বতের পুত্র।
মৈন্দ, অসুর বিশেষ ; বানর বিশেষ।
মৈন্দহা, (মৈন্দ-হন) বিষ্ণু, নারায়ণ।
মৈরেয়, মদ্য বিশেষ।
মোক্ষণ, (মুচ) মোচন, মোক্ষ, ত্যাগ, ক্ষেপণ
মোক্তা, (মুচ) মোক্ষকর্ত্তা, ত্যাগকর্ত্তা, নিস্তা-
রক।

মোঘ, (মুহ) নিরর্থক ; প্রাচীর ; পুষ্পবিশেষ।
মোঘপুষ্পা, (মোঘ-পুষ্প) বন্ধ্যা, বাঁঝা।
মোঘোলি, প্রাচীর পাঁচীল, দেওয়াল।
মোচ, (মুচ) কদলী বৃক্ষ কলা ; ওষ্ঠোপরি ধারিত কেশ, গোঁপ।
মোচক, (মুচ) মোক্ষ ; মোচনকারী ; কদলী, রম্ভা, কলা। [বৃক্ষ বিশেষ।]
মোচক, পুষ্পরস হারি পক্ষিবিশেষ ; বাদ্য-
মোচড়, (মুট) ভগ্ন, ভাঙ্গা।
মোচন, (মুচ) মুক্তকরণ ; ত্যাগকরণ।
মোচনা, (মুচ) কর্ষণ ; সংদংশ, সাঁড়াশী।
মোচরস, (মোচ-রস) শাল্মলীবৃক্ষের আটা, শীমুলের আটা। [লি বৃক্ষ ; নীলী বৃক্ষ।]
মোচা, (মুচ) কদলী বৃক্ষ, কলাগাছ ; শাল্ম-
মোচাট, কৃষ্ণজীরক, কেলেজীরা, রম্ভা।
মোচী, হিলমোচিকা শাক, হিংচাশাক।
মোছন, (মুচ) পুছন ; মার্জ্জন।
মোজা, (যাব) বিনামাবিশেষ, বুট।
মোট, (মুস্ত) মস্তক দ্বারা বহনীয় বস্তু, ভার একুন, সমুদয়। [ত্রয়, মটুক।]
মোটক, শ্রাদ্ধকালে দানার্থ দ্বিগুণ, ভুগ্ন কুশ-
মোটন, চূর্ণকরণ, গুঁড়ান ; বায়ু ; মটকান।
মোটা, (মুস্ত) মাংসল, স্থূল, পীন, পীবর।
মোটামোটি, (মোটা) সামান্যতঃ, যেমন তেমন ; অবিশেষ। [মোটবহনকারী।]
মোটিয়া, (মোট) ভারবাহক, বেতন লইয়া
মোড়, (মুড়) বক্র, বাঁক ; পশুর স্তন।
মোড়ক, (মুড়) আচ্ছাদন, আবরণ।
মোড়ন, (মোড়) আচ্ছাদন, বক্রকরণ, বাঁকান।
মোড়া, (মুণ্ড) আসনবিশেষ মাচিয়া ; আবরণ
মোড়ান, জড়ান, জড়ান, বেষ্টন।
মোদ, (মুদ) হর্ষ, আহ্লাদ, আনন্দ।
মোদক, (মুদ) মিষ্টান্নবিশেষ, মোয়া ; শর্করাদি দ্বারা পক্ক ঔষধ বিশেষ ; বর্ণসঙ্কর জাতিবিশেষ, ময়রা। [দ, মুদ্রিত, বুজান।]
মোদন, (মুদ) শিক্‌থক, মোম ; হর্ষ, আহ্লা-
মোদয়ন্তী, (মুদ) বন মল্লিকা, কাঠমল্লিকা।
মোদা, (মুদ্রা) রুদ্ধ, বদ্ধ, মুদ্রিত ; বুজা।
মোদাখ্য, আম্রবৃক্ষ, আঁবগাছ।
মোদাঢ্য, (মোদ-আঢ্য) হর্ষযুক্ত, আনন্দ পূর্ণ।
মোদিত, (মুদ) হর্ষযুক্ত, আহ্লাদিত, সানন্দ।
মোদিনী, (মুদ) মাদকা ; যূথিকা, যুঁইফুল।
মোদী, (মুদ) আমোদকারী হর্ষযুক্ত, বিক্রয়কারী, দোকানী।

মোন, (মন) চত্বারিংশৎ সের পরিমাণ, চত্বারিংশৎ সের।
মোনা, (মন্থ) মুষল, ঢেঁকীর মুদগর।
মোনী, (মন) নৌকার পরিমাণ বিশেষ।
মোম, (মধু) শিক্‌থক, মৌচাক জাত দ্রব্য।
মোমজামা, মোমযুক্তবস্ত্র, মোমচাল।
মোমচাল, মোমযুক্ত বস্ত্র, মোমলাগান কাপড়। [বিশেষ।]
মোরচঙ্গ, (মো-শুঙ্গ) পুষ্পরসহারী পক্ষি-
মোরট, লতা বিশেষ, ক্ষীর মোরতালতা।
মোরটা, মূর্ব্বা তৃণ, মুজ।
মোষক, (মুষ) তস্কর, চোর, ঠগ ; বঞ্চক।
মোষণ, (মুষ) লুণ্ঠন ; অপহরণ ; চাতুরী করিয়া লওন, বধ করণ।
মোষিতা, (মুষ) মোষণ কর্ত্তা ; দস্যু ; চোর, অপহারক। [অবিদ্যা।]
মোহ, (মুহ) মূর্চ্ছা, অচৈতন্য ; অজ্ঞান ;
মোহগত, মোহপ্রাপ্ত, মুগ্ধ, অজ্ঞান।
মোহজনক, মোহকারক, অচৈতন্য কারক, অজ্ঞানজনক।
মোহন, (মুহ) ঔষধাদি দ্বারা মুগ্ধ করণ ; মূর্চ্ছাকরণ, অচৈতন্য করণ ; ধুস্তূর বৃক্ষ, কামদেবের বাণ বিশেষ। কুহক, ভেল্কী।
মোহনী (মুহ) অচৈতন্য কারি, মায়াবিশেষ
মোহনীয়, (মুহ) মুগ্ধ করণীয়।
মোহন্ত-মহান্ত, (মহৎ) উদাসীন ; সন্ন্যাসী।
মোহপ্রাপ্ত, মোহিত মুগ্ধ, অজ্ঞান, অচেতন, হতজ্ঞান।
মোহর, (মুদ্রা) স্বর্ণমুদ্রা, নামাঙ্কিত মুদ্রা।
মোহশাস্ত্র, অবিদ্যাজনক গ্রন্থ।
মোহিত, (মুহ) মুগ্ধ, অজ্ঞান, অচেতন, হতজ্ঞান। [জনিকা, অচৈতন্য কারিণী।]
মোহিনী (মুহ) মোহকারিণী ; মায়া ; অজ্ঞান
মোহী, (মুহ) মোহবিশিষ্ট, মুগ্ধ, অজ্ঞান।
মোক্ষ, (মোক্ষ) নির্ব্বাণ, মুক্তি, মোচন ; পাটলা বৃক্ষ। [ত্যাগ করণ।]
মোক্ষণ, (মোক্ষ) নির্ব্বাণ প্রাপ্তি ; মোচন ;
মোক্ষোপায়, (মোক্ষ-উপায়) মুক্তি সাধন, নির্ব্বাণপ্রাপ্তির উপায়, মুক্তির উপযোগী।
মৌ, (মধু) পুষ্পরস, মকরন্দ, পুষ্পাসব।
মৌকাল, কাক বায়স।
মৌক্তিক, (মুক্তা) মুক্তা, মতি। [শুক্তি।]
মৌক্তিকপ্রসবা, (মৌক্তিক-প্রসূ) শুক্তি
মৌক্তিকশুক্তি, শুক্তিবিশেষ, মুক্তার ঝিনুক।

মৌখর্য্য, (মুখর) মুখরত্ব, মুখরতা, বাচালতা।
মৌখিক, (মুখ) মুখসম্বন্ধীয়, মুখস্থ ; কাল্পনিক ; বাহ্যিক।
মৌচাক, মধুমক্ষিকা রচিত মধুচক্র।
মৌঞ্জী, (মুঞ্জ) মুঞ্জ তৃণ নির্ম্মিত মেখলা ; শর পত্র নির্ম্মিত মেখলা।
মৌঞ্জীবন্ধ, মুঞ্জ মেখলা বন্ধন ; উপনয়ন।
মৌঢ্য, (মূঢ়) মোহ, অচৈতন্য ; মূঢ়তা, মূর্খতা, অনভিজ্ঞতা, অজ্ঞানতা।
মৌদগলি, কাক, বায়স। [অকথন, তূষ্ণীম্ভাব
মৌন, (মুনি) শব্দ প্রয়োগ রহিত, অভাষণ,
মৌনব্রত, নীরব থাকনের নিয়ম, অভাষণ
মৌনসম্মতি, অকথন প্রযুক্ত অনুমতি।
মৌনী, (মৌন) মুনি, মৌনযুক্ত, নীরব, তুষ্ণীম্ভূত মৌনবিশিষ্ট।
মৌনে, (মৌন) নিঃশব্দে, নীরবে।
মৌমাছী, (মৌ-মাছী) মধুমক্ষিকা।
মৌরছল, (মৌর-ছোল) ময়ুর পুচ্ছে নির্ম্মিত ব্যজন বিশেষ।
মৌরী, (মধুরিকা) বণিকদ্রব্য বিশেষ, মধুরী, মউরী। [বাদক।
মৌরজিক, (মুরজ) মুরজ বাদ্য বাদক, মৃদঙ্গ
মৌর্খ্য, (মূর্খ) জাড্য, মূর্খতা, অনভিজ্ঞতা
মৌর্খ্যনাশক, যাহাতে মূর্খতার ধ্বংস হয়।
মৌর্ব্বী, (মূর্ব্বা) ধনুগুর্ণ, ধনুকের ছিলা
মৌল, (মুকুল) ভূম্যাদির মূল জাত, মঞ্জরী, মোড়ল ; মুকুল। [চিট, নরম।
মৌলা, (মূল) নল নির্ম্মিত আসন বিশেষ,
মৌলি, (মূল) চূড়া, কিরীট, মুকুট ; মস্তক, শিরঃ, অশোক বৃক্ষ।
মৌলিক, (মূল) কুলীনভিন্ন, অকুলীন, বংশজ
মৌষল, (মুষল) মুষলবৎ ; মহাভারতের পর্ব্ব বিশেষ ; মুষল সম্বন্ধীয়।
মৌষ্টা, মুষ্টিপ্রহরণ ক্রীড়া, পরিহাস পূর্ব্বক কীল মারা। [জ্ঞ ; দৈবজ্ঞ, গণক।
মৌহূর্ত্তিক, (মুহূর্ত্ত) জ্যোতির্বেত্তা, জ্যোতি-
ম্রদিমা, মৃদুতা ; কোমলতা ; নম্রতা।
ম্রদিষ্ঠ, অতিশয় মৃদু, অতিশয় নম্র ; অতিশয় কোমল।
ম্রদীয়ান্, অতিশয় মৃদু, অতিশয় কোমল।
ম্রক্ষণ, (ম্রক্ষ) সংযোজন, নিশ্রণ, মিশান।
ম্রাতঙ্গ, মুস্তক বিশেষ, কেউটিয়া মুতা।
ম্রিয়মাণ, (মৃ) মৃতকল্প, অবসন্ন, মৃততুল্য, মৃতপ্রায়, মরা মরণ।
ম্লক্ত, চোরিত ; মোষিত, অপহারিত।
ম্লান, (ম্লৈ) মলিন ; শুষ্ক বিরস ; কুৎকান বিষণ্ণ, খেদযুক্ত।
ম্লানতা, (ম্লান) ম্লানভাব, বিষণ্ণতা, অবসন্নতা
ম্লানবদন, বিষণ্ণমুখ, মলিনাস্য।
ম্লানমুখ, বিষণ্ণবদন, মলিনাস্য।
ম্লানি, (ম্লৈ) কান্তি ক্ষয়, বিষাদ, শুষ্কতা, মলিনতা। [কথন।
ম্লিষ্ট, অস্পষ্টবাক্য, অব্যক্ত বাক্, অস্ফুট
ম্লেচ্ছ, (ম্লেচ্ছ) অন্ত্যজ জাতি, কিরাত, শবর পুলিন্দাদি ইতর জাতি ; পামর, নীচ
ম্লেচ্ছকন্দ, লশুন, রশুন।
ম্লেচ্ছজাতি, গোমাংস খাদক বহু বিরুদ্ধ ভাষক সর্ব্বাচার বিহীন জাতি বিশেষ ; বেদাচার হীন জাতি।
ম্লেচ্ছদেশ, চাতুর্ব্বর্ণ্য ব্যবস্থাদি রহিত স্থান, অন্ত্যজ জাতির দেশ।
ম্লেচ্ছমণ্ডল, ম্লেচ্ছদেশ, অন্ত্যজজাতির দেশ
ম্লেচ্ছাস্য, (ম্লেচ্ছ-আস্য) তাম্র, তাঁবা।
ম্লেচ্ছিত, (ম্লেচ্ছ) ম্লেচ্ছভাষা ; অপশব্দ।

য

য, ব্যঞ্জনের ষড়বিংশ বর্ণ ; বায়ু ; যশঃ ; কীর্ত্তি যোগ ; যান
যক্ষ, (যক্ষ) যক্ষ, কুবেরের ধন রক্ষক।
যকৃৎ, (য-কৃ) কুক্ষির দক্ষিণ ভাগস্থ মাংসখণ্ড বিশেষ, রোগ বিশেষ। [ভারগুলা।
যক্ষ্মদাস্থিকা, তৈলপায়িকা, তেলাপোকা,
যখন, (যদ্) যে সময়ে, যৎকালে।
যজত, (যজ) ঋত্বিক, পুরোহিত। [করণ।
যজতি, (যজ) যাগ, যজ্ঞ, মখ, যজন, পূজা-
যজত্র, (যজ) অগ্নিহোত্রী, যজ্ঞকারী।
যজন, (যজ) যাগকরণ ; পূজন।
যজমান, (যজ) যাগাদির অনুষ্ঠানকর্ত্তা, ব্রতী
যজাক, (যজ) দানকর্ত্তা, দাতা ; যজ্ঞকারী।
যজি, (যজ) যষ্টা, যজমান, যাগকারী।
যজুঃ, (যজুস) বেদবিশেষ, যজুর্ব্বেদ।
যজুর্ব্বেদ, (যজুস-বেদ) দ্বিতীয় বেদ ; বেদবিশেষ।
যজুর্ব্বেদী, (যজুর্ব্বেদ) যজুর্ব্বেদবেত্তা ; যজুর্ব্বেদাধ্যাপক ; যজুর্মতে কর্ম্মকাণ্ড কারী।
যজুস, (যজ) বেদবিশেষ, যজুর্ব্বেদ।
যজ্ঞ, (যজ) যাগ, অধ্বর, মখ, ক্রতু ; হোম।
যজ্ঞকুণ্ড, যথার্থ চতষ্কোণ গর্ত্তবিশেষ।

যথেষ্ট, (যথা-ইষ্ট) যেমন ইচ্ছা, ইচ্ছানুরূপ, প্রচুর, বহুতর, বিস্তর।
যথেষ্টাচার, (যথেষ্ট-আচার) ইচ্ছানুরূপ ব্যবহার ; ইচ্ছানুসারি আচরণ।
যথেষ্টাচারী, (যথেষ্ট-আচারিন) পক্ষী, বিহগ ; স্বেচ্ছাক্রমে ব্যবহারকারী।
যথোচিত, (যথা-উচিত) যথাযোগ্য, যেমন উপযুক্ত, ন্যায় মত।
যথোদিত, (যথা-উদিত) যথোক্ত, যেমন কথিত।
যদবধি, (যদ-অবধি) যে পর্য্যন্ত, যে কাল হইতে।
যদা, (যদ) যে কালে, যখন, যে সময়।
যদি, (যৎ) পক্ষান্তর, সম্ভাবনার্থ, চেৎ, যদ্যপি।
যদিও, যদ্যপি, অন্য সম্ভাবনার্থ।
যদিস্যাৎ, (যদি-স্যাৎ) যদি হয়, অন্য সম্ভাবনার্থ, যদ্যপি।
যদীয় (যৎ) যৎসম্বন্ধীয়, যাহার।
যদু, (যৎ) দেবযানীর গর্ব্ভে যযাতি রাজার পুত্র।
যদুনাথ, যদুপতি, শ্রীকৃষ্ণ।
যদুপতি, শ্রীকৃষ্ণ, যদুবংশের প্রধান পুরুষ।
যদৃচ্ছা, (যদ-ঋচ্ছ) স্বাতন্ত্র্য ; স্বচ্ছন্দ, ইচ্ছানুরূপ অনায়াস।
যদ্যপি, (যদি-অপি) যদিও, যদিচ, যদিস্যাৎ অন্য সম্ভাবনার্থ।
যন্তা, (যম) সারথি, রথ চালন কর্ত্তা ; হস্তিপক, মাহুত ; দমনকারক
যন্ত্র, (যম) কল, কৌশলে শিল্পাদি কর্ম্ম নির্ব্বাহার্থ নির্ম্মিত পদার্থ বিশেষ, অগ্নিযন্ত্র, দারুযন্ত্রাদি।
যন্ত্রক, (যন্ত্র) যন্ত্রকাষ্ঠ কুঁদ।
যন্ত্রগৃহ, তৈলকশালা, ঘানিঘর ; কলরাখা ঘর।
যন্ত্রগোল, কলায়বিশেষ, মটর কলাই।
যন্ত্রণ, বন্ধন, নিয়মন।
যন্ত্রণা, (যন্ত্র) পীড়া, দুঃখ, ক্লেশ, বেদনা
যন্ত্রণাদায়ক, ক্লেশদায়ক, দুঃখদায়ক।
যন্ত্রতন্ত্র (যন্ত্র) কল ; বাদ্যযন্ত্রাদি।
যন্ত্রপেষণী, পেষণার্থ যন্ত্র, যাঁতা। জাঁতি।
যন্ত্রিকা, পত্নীর কনিষ্ঠা ভগিনী, ছোট শালী।
যন্ত্রিত, (যন্ত্র) বদ্ধ, বাঁধা ; নিয়মিত।
যন্ত্রী, (যন্ত্র) যন্ত্রবিশিষ্ট, যন্ত্রযুক্ত, জাঁতি।
যব, (যু) শূকধান্য বিশেষ।
যবক, (যু) শূকধান্য বিশেষ।
যবগণ্ড, ব্রণবিশেষ, ব্রয়সফোড়া।
যবতিক্তা, (যব-তিক্ত) লতা বিশেষ, শঙ্খিনী বা যবাচী লতা।
যবতৈল, যবচূর্ণাদি যুক্ত পক্ব তৈলবিশেষ।
যবথব, (নযযৌ-নতস্থৌ) অথর্ব্ব, চলনশক্তি রহিত ; অশক্ত ; অকর্ম্মণ্য ; জড়।
যবন, দেশবিশেষ ; বেগাধিক অশ্ব ; জাতিবিশেষ, ম্লেচ্ছজাতি, মুসলমান।
যবনাচার্য্য, (যবন-আচার্য্য) জ্যোতিঃ শাস্ত্র কর্ত্তা মুনি বিশেষ।
যবনারি, (যবন-অরি) শ্রীকৃষ্ণ, বিষ্ণু।
যবনাল, ধান্য বিশেষ, দেধান।
যবনিকা, (যবনী) বস্ত্রাবৃতি, বেষ্টনবস্ত্র, কানাৎ, তাম্বুর ব্যবধান।
যবনেষ্ট, (যবন-ইষ্ট) নিম্ব ; লশুন ; পলাণ্ডু ; গৃঞ্জন, গাজোর।
যবময়, (যব) যবনির্ম্মিত ; যবস্বরূপ।
যবস, (যু) তৃণ, ঘাস, পশুর ভক্ষ্য।
যবসুরা, যবজাত সুরা, যবদ্বারা উৎপন্ন মদিরা।
যবস্থব, (যবথব) পূর্ব্ববৎ ; স্থগিত ; যেমন তেমন।
যবক্ষার, (যবক্ষার) ক্ষার বিশেষ, শোরা।
যবক্ষারজাম্ল(যবক্ষারজ-অম্ল)সোরাজাতঅম্ল
যবক্ষোদ, যবচূর্ণ, শক্তু, ছাতু।
যবাকৃতি, (যব-আকৃতি) যবের তুল্য আকৃতিবিশিষ্ট ; বাদামে।
যবাগূ, ছয়গুণ জল দিয়া পক্ব করা যব দ্রব্যবিশেষ, যব মণ্ড, যাউ।
যবাগ্রজ, যবক্ষার, শোরা। ওষধিবিশেষ।
যবান, (যুবন) যুবা ; বেগী, বেগ বিশিষ্ট ;
যবানী, (যব) ওষধি বিশেষ, যোয়ানী।
যবান্ন,(যব-অন্ন) যবের পক্ব অন্ন ; শক্তু, ছাতু।
যবাপত্য, (যব-অপত্য) যবক্ষার, শোরা।
যবার, (যত-বার) যত বার, যাবৎ সংখ্যা।
যবাস, (যবস) লতাবিশেষ ; তৃণ, ঘাস।
যবিষ্ঠ, (যুবন) অতিশয় যুবা ; কনিষ্ঠ।
যবীয়ান্, (যুবন) অতিশয় কনিষ্ঠ, অতিশয় ক্ষুদ্র, অতি ছোট।
যবে, (যদা) যখন, যে সময়, যে দিনে।
যবেস্তবে, (যবথব) যেমন তেমন ভাবে ; যথাস্থিত, স্থগিত
যব্যবীয়, (যবথব) আর্দ্র, ভিজা।
যম, (যম) দক্ষিণাদিক্পাল, ধর্ম্মরাজ, শমন, মৃত্যু, কৃতান্ত ; যমক, যুগ্ম।
যমক, (যম) শব্দালঙ্কার বিশেষ ; একজাতীয় শব্দের পুনঃ২ প্রয়োগে যমজ একগর্ব্ভে একদা উৎপন্ন দুইসন্তান ; যোড়া।
যমকিঙ্কর, যমদূত, যমের ভৃত্য।

যমকীট, কীটবিশেষ, ঘুর্ঘুরে পোকা।

যমকোটি, লঙ্কার পূর্ব্বে পৃথিবীর চতুর্থ ভাগে স্থিত দেশবিশেষ

যমজ, (যম-জন) এক কালীন এক গর্ব্ভে জাত সন্তানদ্বয়, যমক সন্তান।

যমদগ্নি, (যমদ্-অগ্নি) মুনিবিশেষ, পরশুরামের পিতা।

যমদূত, যমের কিঙ্কর, কৃতান্তের ভৃত্য।

যমদূতক, (যমদূত) কাক, বায়স, যমের বার্ত্তাবহ।

যমদূতিকা, (যমদূত) তিন্তিড়ীবৃক্ষ, তেঁতুলগাছ।

যমদূতী, (যমদূত) তিন্তিড়ী, তেঁতুল।

যমদ্রুম, শাল্মলীবৃক্ষ, শিমুল গাছ

যমদ্বার, (যম-দ্বার) মৃত্যুদ্বার, কৃতান্তেরদ্বার

যমদ্বিতীয়া, কার্ত্তিকী শুক্ল দ্বিতীয়া, ভ্রাতৃদ্বিতীয়া।

যমধর, (যম-ধৃ) পার্শ্বদ্বয়ে ধারযুক্ত অস্ত্রবিশেষ, কটার; কিরীচ।

যমন, (যম) বন্ধন, বাঁধন; যম।

যমনিকা, যবনিকা, বেষ্টন বস্ত্র, কানাৎ; পর্দ্দা

যমপুর, যমের পুরী, যমালয়।

যমপ্রিয়, বটবৃক্ষ, বট গাছ।

যমভগিনী, যমস্বসা, যমুনা।

যমরাজ, (যম-রাজন) যম; কৃতান্ত, ধর্ম্মরাজ

যমল, যুগ্ম, যুগল, যোড়া।

যমানিকা (যমানী) যোয়ান, যবানী।

যমানী, (যম-আ-নী) মসলা বিশেষ, যোয়ান

যমান্তক, (যম-অন্তক) শিব, মহেশ, পশুপতি

যমালয়, (যম-আলয়) যমের বাড়ী।

যমী, নদীবিশেষ, যমুনা নদী; জিতেন্দ্রিয়, ইন্দ্রিয় দমন বিশিষ্ট।

যমুনা, নদীবিশেষ, সূর্য্যতনয়া, কালিন্দী.

যমুনাজনক, সূর্য্য রবি, দিবাকর ভানু।

যমুনাভিৎ, বলদেব, বলরাম।

যমুনাভ্রাতা, যম, মৃত্যু, শমন।

যযাতি, নহুষরাজপুত্র; রাজাবিশেষ।

যযী, মহাদেব, মহেশ, শিব।

যযু, অশ্বমেধযজ্ঞের ঘোটক; সামান্য ঘোটক

যশঃ, (যশস্) সুখ্যাতি, কীর্ত্তি, সমাখ্যা।

যশঃপটহ, (যশস-পটহ) ঢক্কা, ঢাক।

যশঃশেষ, (যশস-শেষ) মৃত্যু, মরণ, ধ্বংস।

যশঃসঞ্চয়, (যশস-সঞ্চয়) সুখ্যাতি সঞ্চয়, কীর্ত্তিলাভ।

যশদ, ধাতুবিশেষ, দস্তা।

যশর, যশোহর, দেশবিশেষ।

যশস্কর, (যশস-কৃ) কীর্ত্তিকারক, সুখ্যাতিজনক।

যশস্ক, কীর্ত্তিজনক, সুখ্যাতিবর্দ্ধক।

যশস্বান্, (যশস) যশোবিশিষ্ট, কীর্ত্তিমান্।

যশস্বী, কীর্ত্তিমান, সুখ্যাত, লব্ধপ্রতিষ্ঠ।

যশোগায়ক, (যশস-গায়ক) কীর্ত্তিপ্রচারক, সুখ্যাতি গায়ক, স্তাবক।

যশোগান, গুণব্যাখ্যা, কীর্ত্তি কীর্ত্তন।

যশোগায়ক, (যশস-গায়ক) সুখ্যাতি গায়ক, স্তাবক, কীর্ত্তি প্রচারক।

যশোদে, প্রাজ্ঞ, পারা; যশোদাতা।

যশোদা, (যশস-দা) নন্দপত্নী, শ্রীকৃষ্ণেরমাতা

যষ্টা, (যজ) যাগকর্ত্তা, যজমান.

যষ্টি, (যজ) ধ্বজদণ্ড; ভুজদণ্ড; লগুড়, লাঠী; শস্য বিশেষ। [দণ্ড, লাঠী।

যষ্টিক, (যষ্টি) জল কুক্কুট, পানীকৌড়ী;

যষ্টিগ্রহ, যষ্টিধারক, লগুড় গ্রাহী।

যষ্টিধারী, দণ্ডধর, লাঠী অবলম্বনকারী।

যষ্টিমধু, মিষ্টরস যুক্ত কাষ্ঠ বিশেষ, যষ্টীমধু

যষ্টী, (যজ) লগুড়, লাঠী, দণ্ড; যষ্টিমধু।

যষ্ঠ (যজ) যজমান, যাগকর্ত্তা।

যক্ষ, (যক্ষ) দেবযোনি বিশেষ, গুহ্যক; ধনরক্ষক।

যক্ষকর্দ্দম, সম ভাগে মিশ্রিত কর্পূর, অগুরু কস্তুরী কক্কোল।

যক্ষতরু, বটবৃক্ষ, বট গাছ।

যক্ষরস, পুষ্পমদ্য, মধ্বাসব, পুষ্পের মদিরা।

যক্ষরাজ, কুবের, ধনেশ্বর, ধনাধিপ।

যক্ষরাট্পুরী, অলকা; কৈলাস পর্ব্বত স্থিত কুবেরের পুরী।

যক্ষসাধন, যক্ষোপাসন; ভূত সিদ্ধি।

যক্ষাবাস, (যক্ষ-আবাস) বটবৃক্ষ, বট গাছ।

যক্ষামলক, পিণ্ডকর্জ্জুর, পিণ্ডীখাজুর.

যক্ষিণী, (যক্ষ) কুবের পত্নী; যক্ষের ভার্য্যা

যক্ষাঙ্গী, দ্রাক্ষা, কিস্‌মিস্।

যক্ষ্মা, (যক্ষ) রোগ বিশেষ, ক্ষয়রোগ।

যা, (যা) প্রস্থান কর; পতির ভ্রাতৃজায়া।

যাউ, (যবাগূ) যবমণ্ড; যাঁউ।

যাওন, (যা) গমন, চলন, প্রস্থান করণ।

যাওয়া, (যা) গমন, প্রস্থান। [গমন।

যাওয়াআসা, যাতায়াত, গতি বিধি, যমনাগমন।

যাঁতা, (যন্ত্র) পেষণ যন্ত্র। [যোগ যন্ত্রী

যাঁতি, (যন্ত্র) গুবাকাদি ছেদনার্থ লৌহ নির্ম্মিত যন্ত্র বিশেষ। [চক্র।

যাগ, (যজ) যজ্ঞ, হোম, যজন।

যাগার্থী, (যাগ-অর্থিন) যাগাভিলাষী, যজ্ঞ-

যাচক, (যাচ) যাচ্ঞাকর্ত্তা, ভিক্ষুক, ভিক্ষাকারী, ভিখারী

যাচকতা, (যাচক) যাচকের ধর্ম, ভিক্ষুকের স্বভাব, ভিক্ষাজীবিকা, ভিক্ষা উপজীবিকা।
যাচকবৃত্তি, ভিক্ষোপজীবিকা, প্রার্থনোপ-
যাচন, (যাচ) যাচ্ঞা, যাচনা, ভিক্ষা।
যাচনক, (যাচ) যাচক, ভিক্ষুক; প্রার্থক।
যাচনীয়, (যাচ) ভিক্ষণীয়, ভিক্ষা করিবার যোগ্য; প্রার্থনীয়।
যাচা, (যাচ) প্রার্থনা, আপনা হইতে দেওয়া
যাচাই, (যাচ) যথার্থ অনুসন্ধান, নিগূঢ় তত্ত্ব গ্রহণ; পরীক্ষণ।
যাচিত, (যাচ) প্রার্থিত, ভিক্ষিত, মাগা।
যাচিতক, (যাচিত) যাচ্ঞা প্রাপ্ত; হাওলাত
যাচ্ঞা, (যাচ) যাচন, ভিক্ষা চাওন।
যাচ্ঞাবৃত্তি, ভিক্ষোপজীবিকা, ভিক্ষাদ্বারা জীবন নির্বাহ।
যাজ, অন্ন, ভক্ত, ভাত।
যাজক, (যজ) যাজ্ঞিক; ঋত্বিক, পুরোহিত
যাজকতা, (যাজক) পৌরোহিত্য, ঋত্বিকের কর্ম্ম, যাজকত্ব।
যাজন, (যজ) যজ্ঞক্রিয়া করাণ, যজ্ঞনির্বাহন
যাজি, (যজ) যজ্ঞ, যাগকর্ত্তা। [illegible]
যাজিক, (যজ) যজ্ঞ সম্বন্ধীয়; ঋত্বিক; য-
যাজুষ, যজুস) যজুর্ব্বেদ সম্বন্ধীয়, যজুর্ব্বেদী
যাজ্ঞবল্ক্য, ধর্ম্মশাস্ত্র প্রণেতা মুনিবিশেষ।
যাজ্ঞসেনী, দ্রৌপদী, পাণ্ডব পত্নী।
যাজ্ঞিক, (যজ্ঞ) যজ্ঞকর্ত্তা; পুরোহিত, যজ্ঞের অনুষ্ঠানকারী, যজ্ঞ সম্বন্ধীয়।
যাজ্ঞিক্য, (যজ্ঞ) যজ্ঞ, যাগ, ক্রতু।
যাজ্য, (যজ) যজমান; যজনীয়; যজ্ঞদ্বারা উপার্জ্জিত ধনাদি।
যাটি, (যষ্টি) লগুড়, লাঠী।
যাঠা, (যষ্টি) লাঠী, দণ্ড, লগুড়
যাতনা, (যত) যন্ত্রণা, তীব্রবেদনা, অতি ক্লেশ
যাতনাকর, (যাতনা-কৃ) বেদনাকর, ক্লেশকর
যাতনাদায়ক, ক্লেশদায়ক, যন্ত্রণাপ্রদ।
যাতযাম, (যাত-যাম) জীর্ণ; পরিভুক্ত; ম্লান
যাতা, (যা) পতির ভ্রাতৃপত্নী, যা, গমনকর্ত্তা
যাতায়াত, (যাত-আয়াত) গমনাগমন, যাওয়া আসা।
যাত্রিক, (যাত্রা) পান্থ, পথিক।
যাতু, রাক্ষস, কাল; পথ; আয়ু [illegible]
যাতুঘ্ন, গুগ্গুলু, গুগ্গুল। [illegible]
যাতুধান, রাক্ষস, নিশাচর।
যাতৃ, (যা) গমনকর্ত্তা; পতির ভ্রাতৃপত্নী, যা

যাত্রক, (যা) পান্থ, পথিক।
যাত্রা, (যা) প্রস্থান, গমন; দেশভ্রমণ, পর্য্যটন, যাপন; উৎসব; উপায়।
যাত্রাকালীন (যাত্রাকাল) প্রস্থানকালীন, গমনসময়ের। [ত্রি, পথিক, পান্থ;
যাত্রিক, (যাত্রা) যাত্রোপযুক্ত তিথি নক্ষত্র,-
যাত্রী, (যাত্রা) যাত্রাকারী; তীর্থ পর্য্যটক; গমনকারী; বিদেশগামী।
যাথার্থিক, (যথার্থ) বাস্তবিক, বস্তুত, সত্য।
যাথার্থ্য, (যথার্থ) তথ্য, যথার্থতা, সত্যতা।
যাদঃ, (যাদস) জলজন্তু, জলচর।
যাদঃপতি, সমুদ্র, সাগর; বরুণ।
যাদঈশ, সমুদ্র, সাগর, জলধি; বরুণ।
যাদব, (যদু) শ্রীকৃষ্ণ, যদুবংশজাত, গো মহিষাদি ধন।
যাদবী, (যাদব) দুর্গা, পার্ব্বতী, ভগবতী।
যাদসাংপতি, সাগর, সমুদ্র; বরুণ। ভেল্কী
যাদু, বশীকরণ বিদ্যা, মোহিনী; কুহক,
যাদৃক, (যদ-দৃশ) যে প্রকার, যেরূপ যেমন
যাদৃচ্ছিক, (যদৃচ্ছা) যদৃচ্ছাজাত, অনায়াসে উপস্থিত ইচ্ছানুসারী।
যাদোনাথ, সমুদ্র, বারিধি; বরুণ; জলাধিপ।
যাদোনিবাস, অপ্, জল, সলিল।
যান, (যা) হস্তি অশ্ব রথ দোলাদি বাহন।
যানপাত্র, নিষ্পদ যান বিশেষ, সমুদ্রযান, অর্ণবতরি পোত, জাহাজ।
যানবাহক, শিবিকাদি বহনকর্ত্তা, বিয়ারা; শকটাদি চালক, অশ্বাদি বাহক।
যানবাহী, (যান-বাহিন্) শিবিকাদি বহনকর্ত্তা; শকটাদি চালক।
যানমুখ, (যান-মুখ) রথাদির অগ্রভাগ।
যাপন, (যা) কালক্ষে
যাপনীয়, (যা) গোপনীয় গোপ্য; ক্ষেপণীয়
যাপ্য, (যা) যাপনীয়, ক্ষেপণীয়, গোপনীয়; অধম; নিন্দিত। পাল্কী
যাপ্যযান, যানবিশেষ, শিবিকা, মহাপায়া,
যাব, অলক্ত, আলতা।
যাবক, (যব) অর্দ্ধপক্ক যব; বোরো ধান; অলক্তক, আলতা। পর্য্যন্ত।
যাবজ্জীবন (যাবৎ-জীবন) যাবদায়ুঃ; জীবন-
যাবতিথ, যাবৎ পরিমাণ, যত পরিমাণ।
যাবতীয়, (যাবৎ) সাকল্য, সমগ্র, সমুদায়
যাবৎ, (যদ) সাকল্য; অবধি; যে পর্য্যন্ত
যাবত্তাবৎ, (যাবৎ-তাবৎ) যত তত।

যাবদ্দেশে, (যাবদ্দেশ) সর্ব্বত্র, সকল স্থানে, প্রত্যেক দেশে। [বিশেষ।
যাবনাল, ধান্যবিশেষ, জোয়ারিধান ; দেশ-
যাবশূক, যবক্ষার, শোরা
যাভ, মৈথুন, শৃঙ্গার, অস্তুন।
যাম, (যম) প্রহর, দিবা অথবা রাত্রির চতুর্ভাগের এক ভাগ।
যামঘোষ, (যাম-ঘোষ) কুক্কুট, কুঁকড় ; মুরগী
যামঘোষা, ঘটিকা যন্ত্র, ঘড়ী।
যামবতী, (যাম) রাত্রী, রজনী, নিশা।
যামল, (যম) যুগল ; তন্ত্রশাস্ত্র বিশেষ।
যামাতা (জামাতৃ) দুহিতার পতি, জামাই।
যামার্দ্ধ, (যাম-অর্দ্ধ) প্রহরের অর্দ্ধেক, অর্দ্ধপ্রহর। [রজনী, নিশা।
যামি, স্বসা, ভগিনী ; কুলস্ত্রী, কুলবধূ ; রাত্রি,
যামিক, (যাম) প্রহর সম্বন্ধীয় ; প্রহরী, কোটাল, চৌকীদার।
যামিকভট, প্রহরী, কোটাল ; চৌকীদার।
যামিনী, (যাম) রাত্রী, রজনী ; হরিদ্রা, হলুদ
যামিনীপতি, চন্দ্র নিশাকর, শশধর।
যামী, (যাম) দক্ষিণদিক্ ; কুলবধূ, কুলাঙ্গনা কন্যা পুত্রবধূ ইত্যাদি।
যামুন, (যমুনা) যমুনা সম্বন্ধীয় ; যমুনাস্থ।
যামেয়, (যাম) ভগিনীপুত্র, ভাগিনেয়।
যাম্য, অগস্ত্যমুনি ; চন্দনবৃক্ষ ; দক্ষিণদিক্
যাম্যা, (যাম্য) দক্ষিণ দিক্‌দক্ষিণদিকে গমন
যাম্যায়ন, (যাম্য-অয়ন) দক্ষিণায়ন, সূর্য্যের
যায়জূক, (যজ্ঞ) যজ্ঞকারী, যজমান।
যাযাবর, অশ্বমেধীয় ঘোটক ; জরৎকারু মুনি, পুনঃ পুনর্যজ্ঞকারী।
য়ার, (জার) বন্ধু, সহযোগী, ইয়ার।
য়ারকী, (য়ার) বন্ধুত্ব, ইয়ারকী
যাষ্টীক, (যষ্টি) যষ্টিধারী যোদ্ধা ; লেঠেড়া।
যাসা, পক্ষিবিশেষ, মদনশলাকা পাখী।
যিনি, (যদ) যে ব্যক্তি, যে লোক, যে জন।
যিযক্ষা, (যজ্ঞ) যজনের ইচ্ছা, যজনবাঞ্ছা।
যিযক্ষু (যজ্ঞ) যজ্ঞ করিতে ইচ্ছুক।
যুঁকন, (যুক্ত) ধোঁকা দেওন, মাপন, তৌলন
যুক্, (যুক্ত) তুলা, নিক্তি, পরিমাণ দণ্ড।
যুক্ত, (যুজ) ন্যায্য ; মিলিত ; লগ্ন, আবিষ্ট, আসক্ত ; অভ্যস্তযোগী পুরুষ।
যুক্তা, মিলিতা, একত্রিতা, সঙ্গতা।
যুক্তি, (যুজ) ন্যায়, বিচার, বিবেচনা ; পরামর্শ ; মন্ত্রণা ; লোক ব্যবহার।
যুক্তিদাতা, (যুক্তি-দাতৃ) মন্ত্রী, পরামর্শী।
যুক্তিযুক্ত, যুক্তিমত, পরামর্শানুরূপ।
যুক্তিবিরুদ্ধ, ন্যায় বিরুদ্ধ, বিচারের বিপরীত
যুক্তিসিদ্ধ, সুযুক্ত, উপযুক্ত ; সঙ্গত ; পরামর্শানুরূপ, বিচারসিদ্ধ।
যুগ, (যুজ) যুগ্ম, যোড়া ; সত্যত্রেতাদি কাল চতুষ্টয় ; রথ হলাদি অঙ্গবিশেষ ; জোয়ালি
যুগকীলক, রথ লাঙ্গলাদির কাষ্ঠের কীলক, জোয়ালের খিল।
যুগধর্ম্ম, কালের ধর্ম্ম, কাল মাহাত্ম্য।
যুগন্ধর, (যুগ-ধৃ) শকট লাঙ্গলাদির জোয়ালি ধারী পশু ; পর্ব্বত বিশেষ।
যুগপৎ, (যু) একদা, এককালীন।
যুগপত্রিকা, (যুগ-পত্র) বৃক্ষবিশেষ, শিংশপা বৃক্ষ। [গোরু, পাটে বাঁধা গোরু
যুগপার্শ্বগ, অভ্যাসার্থ লাঙ্গলের পার্শ্বে বাঁধা
যুগল, (যুগ) যুগ্ম, যোড়, যোড়া, দম্পতি।
যুগলমন্ত্র, লক্ষ্মী নারায়ণাদি মন্ত্র।
যুগলাখ্য, (যুগল-আখ্যা) বর্বুর বৃক্ষ, বাবুই গাছ ; যুগ্মনামক।
যুগাংশক, (যুগ-অংশ) বৎসর ; যুগবিভাজক
যুগান্ত, (যুগ-অন্ত) প্রলয়, যুগশেষ, যুগের অবসান।
যুগ্ম, (যুজ) দুই ; যোড়া, দ্বন্দ্ব।
যুগ্মপত্র, রক্তকাঞ্চন বৃক্ষ ; যুগলপত্র।
যুগ্মপত্রিকা, (যুগ্ম-পত্র) বৃক্ষ বিশেষ শিংশপা বৃক্ষ। [ছিয়ান গাছ।
যুগ্মপর্ণ কোবিদার বৃক্ষ ; সপ্তপর্ণ বৃক্ষ, ছা-
যুগ্মফলা, লতাবিশেষ, বৃশ্চিকালীলতা ; বিছুটী লতা।
যুগ্য, (যুগ) বাহন ; যান ; জোয়ালি বাহক।
যুঙ্গী, বর্ণসঙ্কর জাতিবিশেষ।
যুজ্যমান, (যুজ) মিলিত হওনোপযুক্ত।
যুঞ্জান, সারথি ; বিপ্র ; ভাবনা সহকারে সঙ্গ যোগী। [সংযোগ করণ ; শীতল হওন।
যুড়ন, (যুড়) একত্রীকরণ, মিলন ; দুই বস্তুর
যুড়া, (জুষ) ছায়া, অনাতপ স্থান।
যুড়ান, (যুড়া) শীতল করণ ; শান্তি হওন ; তুষ্টি জন্মান।
যুড়, (যুড়) যুগ্ম, যোড়া, দুইটা।
যুত, (যু) যুক্ত, মিলিত ; অপৃথগ্‌ভূত ; একত্র
যুতক, সংশয় ; যুগ ; নারীর বস্ত্রাঞ্চল ; যৌতুক ; কুলার অগ্রভাগ।
যুতা, (যুত) সংবকা, মিলিতা ; চর্ম্মপাদুকা

যোগভ্রষ্ট,সমাধিচ্যুত, ধ্যানচ্যুত, সন্ন্যাসভ্রষ্ট
যোগমায়া, ভগবতী, দুর্গা, মহামায়া।
যোগক্ষেম, অলব্ধ লাভ ও লব্ধ রক্ষণ, অনাগতের আনয়ন এবং আগতের রক্ষণ
যোগাড়,(যোগা)কর্ম্মনির্ব্বাহের উপায়,কর্ম্মের সুযোগ ; কর্ম্মের উদযোগ। [ত্তা কারক
যোগাড়িয়া,(যোগা) সহকারী, কর্ম্মের সহায়
যোগাবলন, ছলদ্বারা বন্ধক দেওন
যোগান, (যোগা) দ্রব্যাদির কুলান, সংগ্রহ-করিয়া দেওন, নির্ব্বাহ। [কারী।
যোগানিয়া, (যোগা) নির্ব্বাহকারী সাহায্য
যোগান্যা, (যোগা) সাহায্যকারী ; যোগাড়ে
যোগারূঢ়, (যোগ-আরূঢ়) যোগযুক্ত, যোগী
যোগাসন, (যোগ-আসন) ধ্যানাসন, যোগসাধনার্থ উপবেশনীয় পীঠাদি।
যোগিদণ্ড, বেত্র বেত।
যোগিনিদ্রা, জনুনিদ্রা, অল্পনিদ্রা ,কাকতন্দ্রা
যোগিনী, (যোগিন) যোগযুক্তা নারী, ভগবতীর সখীরূপা অসাধারণ দেবী বিশেষ।
যোগী, (যোগিন) যোগযুক্ত, যোগাবিশিষ্ট ; সন্ন্যাসী। [যোগিরপ্রধান।
যোগীশ্বর, (যোগিন-ঈশ্বর) যোগিমধ্যে শ্রেষ্ঠ
যোগীশ্বরী, দুর্গা, পার্ব্বতী, ভগবতী।
যোগে, (যোগ) দ্বারা, উপায়ে, সুযোগক্রমে
যোগেশ, (যোগিন-ঈশ) যাজ্ঞবল্ক্য মুনি ; যোগিশ্রেষ্ঠ যোগীশ্বর ; শ্রীকৃষ্ণ, বিষ্ণু।
যোগেষ্ট, (যোগ-ইষ্ট) সীসক, সীসা।
যোগ্য (যুজ) উপযুক্ত, সক্ষম, শক্ত ; নিপুণ
যোগ্যতা, (যোগ্য) ক্ষমতা, উপযুক্ততা, নিপুণতা। [গ্যতা নিপুণতা।
যোগ্যত্ব (যোগ্য) ক্ষমতা, উপযুক্তত্ব, যো-
যোগ্যা, (যোগ্য) নিপুণ ,উপযুক্তা, পারগা।
যোঙড়া,(যুজ) জলজন্তু বিশেষ, শম্বুকাদি-গোষ্ঠ। [ঘটক।
যোজক, (যুজ) মিলন কারক, মিলনকর্ত্তা,
যোজন (যুজ) চতুঃক্রোশ, চারি ক্রোশ মিশ্রণ, মিলন, একত্র করণ।
যোজনগন্ধা, (যোজন-গন্ধা) কস্তুরী, সীতা, সত্যবতী ; যোজনপর্ণী , মঞ্জিষ্ঠা লতা ; পুষ্পবিশেষ।
যোজনবল্লী, লতাবিশেষ, মঞ্জিষ্ঠালতা।
যোজনা, (যুজ) মিলান, ঘটান, যোগকরাণ।
যোজনীয়, (যুজ) যোজ্য, যোগকরণযোগ্য, মিলাইবার যোগ্য।

যোজিত, (যুজ) যোজন করা ; মিলাইয়া-দেওয়া, মিলিত।
যোজ্য, (যুজ) যোজনীয়।
যোট (যুজ) যুগল, উভয়ে মিলন ; সঙ্গ।
যোটক, (যোট) যোটন মিলন ; কার্য্যকারক, ঘটক যে মিলাইয়া দেয়।
যোটন, (যোট) মিলন, মিশন, একত্র হওন
যোড় (যোড়,যুগ্ম, দ্বন্দ্ব ; মিলন ; একত্রহওয়া
যোড়ন,(যুড়) মিলকরণ, একত্রকরণ যোজনা
যোড়া, (যোড) মিলন করা ; একত্র করা ; যুগ্ম জুট ; মিথুন, দম্পতী। [করণ।
যোড়ান, মিল করান, সংলগ্ন করান , একত্র
যোত (যোক্ত্র) হলবন্ধন রজ্জু, যোৎদড়ী
যোতন, লাঙ্গলে বলদ সংযুক্ত করণ, যোগকরণ, যোজন, একত্র করণ।
যোত্র, (যু) যোক্ত হলবন্ধন রজ্জু, যোৎদড়ী , সম্পত্তি, সংস্থিতি। [নির্ধন।
যোত্রহীন, সম্পত্তিহীন, সংস্থিতিরহিত,
যোদ্ধা, শূর, যুদ্ধকর্ত্তা, রণ কারক।
যোধ, যোদ্ধা, যুদ্ধকর্ত্তা, বীরসৈন্য।
যোধন (যুধ) যুদ্ধ রণ , অস্ত্র।
যোধসংসার, যোদ্ধাদের মধ্যে পরস্পর যুদ্ধে আহ্বান। [কারক।
যোধেয়, (যোধ) যোদ্ধা , সংগ্রামকর্ত্তা, রণ-
যোনল, শস্য বিশেষ, দেবধান্য, দেধান।
যোনি, (যু) আকর ; কারণ , উৎপত্তিস্থান ভগ, স্ত্রী চিহ্ন।
যোনিকন্দ যোনি রোগ বিশেষ।
যোনিকীট লম্পট, কামুক, স্ত্রীতে অত্যন্ত আসক্ত। [শরীর।
যোনিজ, (যোনি-জন) যোনি হইতে নির্গত
যোনিভ্রমণ, পুনঃ২ জন্ম পরিগ্রহ।
যোনিমুদ্রা, পূজাদিতে প্রদর্শনীয় অঙ্গুলী-রচিত যোন্যাকার মুদ্রাবিশেষ।
যোনিরোগ, ভগগন্ধ, ভগের রোগ।
যোনার্শ, (যোনি-অর্শ) যোনিজাত রোগ বিশেষ, রক্তস্রাবাদি। [যোআলি।
যোয়াল, (যুজ) লাঙ্গলাদি যুড়িবার কাষ্ঠ, যুগ,
যোষা, (যুষ) স্ত্রী, নারী, মহিলা।
যোষিতা, (যোষা) স্ত্রী, নারী , অবলা।
যোষিৎ, (যুষ) নারী স্ত্রী, অবলা।
যোষিৎপ্রিয়া, হরিদ্রা, হলুদ, ইত্যাদি ; [সমূহ
যোষিদ্বর্গ, (যোষিৎ-বর্গ) স্ত্রীজাতি-নারী-বিষয়) [illegible]।

যৌক্তিক, (যুক্তি) যুক্তিযুক্ত, যুক্তিসিদ্ধ, পরামর্শানুরূপ।
যৌগিক, (যোগ) যোগ সম্বন্ধীয়।
যৌগিক, (যোগ) প্রকৃতি প্রত্যয় যোগে লভ্য অর্থের বাচক।
যৌজনশতিক, (যোজন-শত) শতযোজন গমনকর্ত্তা, শত যোজনগামী।
যৌজনিক, (যোজন) এক যোজন গমন কর্ত্তা, চারি ক্রোশ গামী।
যৌতক, (যু) বিবাহাদি কালে দম্পতীর লব্ধ ধন। [লব্ধ ধন।
যৌতুক, (যু) বিবাহাদি কালে দম্পতীর
যৌধিষ্ঠির, (যুধিষ্ঠির) যুধিষ্ঠির রাজ সম্বন্ধীয়।
যৌধেয়, (যুধ) যোদ্ধা, রণকর্ত্তা, সংগ্রামকারী।
যৌন, (যোনি) যোনি সম্বন্ধীয়, যোনিগত।
যৌবত, (যুবন) যুবতী সমূহ।
যৌবন, (যুবন) তারুণ্য, যুবত্বের সময়।
যৌবনযুক্ত, বয়ঃপ্রাপ্ত, তরুণ।
যৌবনলক্ষণ, লাবণ্য; তারুণ্যচিহ্ন।
যৌবনস্থ, (যৌবন-স্থা) যৌবনযুক্ত, যুবা।
যৌবনাশ্ব মান্ধাতৃ রাজা; মান্ধাতা।
যৌবনাবস্থা, (যৌবন-অবস্থা) যৌবনদশা, যুবাকাল। [ভূসত্বে রাজ পদ প্রাপ্তি।
যৌবরাজ্য, (যুবরাজ) যুবরাজের পদ, পি-
যৌষ্মাক, (যুষ্মদ) যুষ্মৎ সম্বন্ধীয়।
যৌষ্মাকীণ, যুষ্মৎ সম্বন্ধীয়।

র

র, রেফ, রকার, ব্যঞ্জনের সপ্তবিংশতি বর্ণ; অগ্নি; তীক্ষ্ণ; কামাগ্নি, বহ্ন, বর্ণ।
রইকাঠ, (রহ-কাঠ) পুষ্করিণী উৎসর্গকালীন পুষ্করিণীর মধ্যস্থলের প্রথিত কাষ্ঠ।
রং, বর্ণ, রঙ্গ।
রংহঃ, জব, বেগ; শীঘ্রতা।
রওন, রহন, থাকন, তিষ্ঠন।
রকম, (যাং) প্রকার, বিধানতা।
রক্ত, (রন্জ) শোণিত, রুধির, কুঙ্কুম; তাম্র; সিন্দুর; হিঙ্গুল; লোহিত বর্ণ; কুসুম্ভ পুষ্প; অনুরাগী।
রক্তক, (রক্ত) অম্লান বৃক্ষ; শোণ বর্ণবস্ত্র; অনুরাগী; রাঙ্গা শঙ্কিনা, লালজেরুয়া।
রক্তকন্দ, রত্নবিশেষ বিদ্রুম; রাঙ্গালালু, বড় পীয়াজ; রাঙ্গা আলু।
রক্তকন্দল, রত্নবিশেষ, প্রবাল, পলা।

রক্তকমল, শোণবর্ণ উৎপল কোকনদ, রক্তোৎপল; রক্তপদ্ম।
রক্তকরবী, রক্ত, লোহিত বর্ণ করবীর পুষ্প বিশেষ, রাঙ্গা করবী।
রক্তকাঞ্চন, পুষ্পবিশেষ।
রক্তকাণ্ডা, রাঙ্গা পুনর্নবা, শাকবিশেষ।
রক্তকাষ্ঠ, লোহিত বর্ণ কাষ্ঠ, রাঙ্গাকাষ্ঠ।
রক্তকুমুদ, রাঙ্গা কৈরব, লালছেলাফুল।
রক্তকেশর, পারিভদ্র বৃক্ষ, পুন্নাগগাছ।
রক্তকৈরব, রাঙ্গা কুমুদ, রক্তকমল। [পদ্ম।
রক্তকোকনদ, লোহিত বর্ণ উৎপল; রাঙ্গা
রক্তখদির, রক্তবর্ণ খদির।
রক্তগুল্ম, স্ত্রীলোকের শোণিতস্রাব ঘটিত গুল্ম রোগ। [দূর্ব্বা।
রক্তগ্রন্থী, দূর্ব্বা বিশেষ, গাঁটিয়া দূর্ব্বা, গণ্ড
রক্তচন্দন, শোণবর্ণ চন্দন, রাঙ্গাচন্দন।
রক্তচিত্রক, বৃক্ষবিশেষ, রাংচিতা গাছ।
রক্তচূর্ণ, সিন্দূর; লালবর্ণ চূর্ণ মাত্র।
রক্তজন্তুক, (রক্ত-জন্তু) শোণবর্ণ জন্তু।
রক্তজিহ্ব, সিংহ, শোণবর্ণ জিহ্বা বিশিষ্ট।
রক্তঝিন্টী, লালবর্ণ ঝিন্টীপুষ্প বৃক্ষ, রাঙ্গা ঝাঁটি ফুলের গাছ।
রক্ততুণ্ড, শুকপক্ষী; লোহিত বর্ণ মুখ।
রক্তদন্তিকা, ভগবতীর রূপ বিশেষ, চণ্ডিকা, চণ্ডী। [চঞ্চুঃ।
রক্তদৃক, (রক্ত-দৃশ) কপোত, পায়রা; লাল
রক্তধাতু, গৈরিক, গেরিমাটী, তাম্র; লাল রঙ্গের ধাতু মাত্র।
রক্তনাল, শাকবিশেষ, নালিতা শাক।
রক্তনাসিক, (রক্ত-নাসিকা) পেচক, পেঁচা শোণবর্ণ নাসা যুক্ত।
রক্তপ, (রক্ত-পা) রাক্ষস; শোণিত পানকর্ত্তা।
রক্তপত্রিকা, (রক্ত-পত্র) রক্তপুনর্নবা শাক; লাল রঙ্গের পাতা।
রক্তপাদ, শুকপক্ষী, লোহিতবর্ণ চরণ।
রক্তপদ্ম, লালবর্ণ কমল, রক্তোৎপল।
রক্তপল্লব, অশোক বৃক্ষ, লোহিত বর্ণ পত্র
রক্তপক্ষ, গরুড়, রক্তবর্ণ পাখাবিশিষ্ট।
রক্তপা, (রক্ত-পা) জলৌকা, জোঁক, সৃক্কিনী; শোণিত পান কর্ত্তা।
রক্তপাত, শোণিত পতন, রুধির ক্ষরণ।
রক্তপাতা, (রক্ত-পা) জলৌকা, জোঁক শোণিত পানকর্ত্তা।
রক্তপাদ, শুকপক্ষী; লোহিত বর্ণ চরণ।

রক্তপায়িনী, (রক্ত-পা) জলৌকা, জোঁক।
রক্তপায়ী, শোণিত পানশীল, রুধির পানকারী।
রক্তপারদ, (রক্ত-পারদ) হিঙ্গুল।
রক্তপিণ্ড, জবা পুষ্প, জবাফুল।
রক্তপিত্ত, (রক্ত-পিত্ত) রোগবিশেষ।
রক্তপিত্তহা, (রক্তপিত্ত-হন) গণ্ডদূর্ব্বা, গাঁটিয়া দূর্ব্বা।
রক্তপুনর্নব, লালবর্ণশাক বিশেষ।
রক্তপুষ্প, করবির, রক্তকাঞ্চন বৃক্ষ, দাড়িম বৃক্ষ। [ল গাছ, রোহিতক বৃক্ষ।
রক্তপুষ্পক, (রক্ত-পুষ্প) পলাশ বৃক্ষ, শিমু-
রক্তপুষ্পা, শাল্মলি বৃক্ষ, শিমুল গাছ।
রক্ত পুষ্পী পাটলি বৃক্ষ, জবা বৃক্ষ।
রক্তপুতিকা, রাঙ্গা পুঁইশাক।
রক্তপ্রবাহক, যে নাড়ির দ্বারা হৃদপিণ্ড হইতে সর্ব্বশরীরে রক্ত চালিত হয়।
রক্তপ্রসব, রাঙ্গা করবির, লাল করবী।
রক্তফল বটবৃক্ষ, বটগাছ
রক্তবটী বসন্তরোগ।
রক্তবর্গ, দাড়িম, কিংশুকবৃক্ষ, লাক্ষা, লা কুসুম্ভ পুষ্প, মঞ্জিষ্ঠা লতা।
রক্তবর্ণ, রাঙ্গা রং, শোণিত বর্ণ, ইন্দ্রগোপকীট, সিঁদুরে পোকা।
রক্তবর্দ্ধন, বার্ত্তাকু, বেগুণ।
রক্তবসন, সন্ন্যাসী ব্রহ্মচারী ; লালকাপড়।
রক্তবাত, রোগবিশেষ
রক্তবালুক, সিন্দুর, সিঁদুর।
রক্তবিন্দু শোণিত কণা। [ন্তের সেনাপতি।
রক্তবীজ, দাড়িম ; অসুর বিশেষ শুম্ভনিশু-
রক্তবৃন্তা, (রক্ত-বৃন্ত) শেফালিকা, শিউলী।
রক্তবৃষ্টি, রুধির বর্ষণ, শোণিত বৃষ্টি ; উৎপাত বিশেষ। [মাছ।
রক্তমৎস্য, লালবর্ণ মৎস্যবিশেষ, তপস্যা
রক্তময়, (রক্ত) শোণিতময়, রুধিরাপ্লুত।
রক্তমূলক, (রক্ত-মূল) সর্ষপ বিশেষ, রাইসর্ষা।
রক্তমেহ, প্রমেহরোগবিশেষ, প্রস্রাবদ্বারা শোণিত ক্ষরণ।
রক্তমোক্ষণ শোণিত স্রাব ; রক্তনির্গতকরণ
রক্তশাক, (রক্ত-শাক) লালবর্ণ শাকবিশেষ রক্তপুনর্ণবা। [পুষ্প।
রক্তরেণু, সিন্দুর, পলাশ কলিকা পুন্নাগ
রক্তরেণুকা, পলাশকলিকা, পলাশফুলেরকুঁড়ি
রক্তলশুন, লালবর্ণ রশুনবিশেষ, গৃঞ্জন, গাজর

রক্তলোচন, কপোত, পায়রা, রাঙ্গালোচনবিশিষ্ট রাঙ্গা চক্ষুঃ।
রক্তশালি, লোহিতবর্ণধান্যবিশেষ, শৈলোশালি
রক্তশাসন, সিন্দুর, সিঁদুর।
রক্তশিগ্রু, লালশোভাঞ্জন বৃক্ষ, রাঙ্গা সজিনা
রক্তশৃঙ্গিক, (রক্ত-শৃঙ্গ) বিষ হলাহল গরল।
রক্তসন্দংশিকা, জলৌকা, জোঁক।
রক্তসন্ধ্যক, লালকহ্লার, রাঙ্গাসুঁদী।
রক্তসরোরুহ লালপদ্ম রাঙ্গাকমল।
রক্তসর্ষপ, রাজিকা রাইসর্ষা।
রক্তসার, রক্তচন্দন রাঙ্গা খদির।
রক্তসৌগন্ধিক, (রক্ত-সুগন্ধি) লালবর্ণ উৎপল।
রক্তস্রাব (রক্ত-স্রাব) শোণিতনির্গম।
রক্তহংসা, (রক্তহংস) রাগিণী বিশেষ।
রক্তা, গুঞ্জা, লাক্ষা ; মঞ্জিষ্ঠা।
রক্তাকার, (রক্ত-আকার) প্রবাল, পলা।
রক্তাক্ত, (রক্ত-অক্ত) শোণিতমিশ্রিত, রুধিরাপ্লুত ; রক্তচন্দন।
রক্তাজ (রক্ত-অজ) রত্ন বিশেষ, বিদ্রুম, প্রবাল, কুঙ্কুম। [রক্ত নির্গম রোগ
রক্তাতিসার, (রক্ত-অতিসার) রোগবিশেষ,
রক্তাধার, (রক্ত-আধার) চর্ম্ম, ত্বক চামড়া, ছাল। [পামার্গ বৃক্ষ রাঙ্গা আপাং।
রক্তাপামার্গ, (রক্ত-অপ মার্গ) লোহিতবর্ণ অ-
রক্তাবাহক, (রক্ত-আবাহক) যে নাড়ীদ্বারা শরীরহইতে হৃদপিণ্ডে রক্ত আগত হয়।
রক্তাম্বর, (রক্ত-অম্বর) কষায় বস্ত্র, লোহিতবর্ণ বসন, রাঙ্গা কাপড়।
রক্তাম্লান (রক্ত-অম্লান লালবর্ণ, পুষ্পবিশেষ
রক্তারক্তি, (রক্ত) যুদ্ধেতে উভয়ের রুধির নির্গম ; পরস্পর রুধির নিঃসারণ।
রক্তার্ব্বুদ (রক্ত-অর্ব্বুদ) রোগবিশেষ [পীড়া
রক্তাশ্রু (রক্ত-অশ্রু) নেত্ররোগবিশেষ, চক্ষুর
রক্তার্শ, (রক্ত-অর্শ) অর্শোরোগ বিশেষ।
রক্তালু, (রক্ত-আলু) লালবর্ণ আলুবিশেষ, শকরকন্দ আলু, রাঙ্গা আলু।
রক্তাক্ষ, (রক্ত-অক্ষি) মহিষ ; পায়রা ; চকোরপক্ষী, সারস পক্ষী লোহিতবর্ণ-চক্ষু।
রক্তিক (রক্ত) গুঞ্জা, কুঁচ ; রাজিকা, রাইসরিষা ; রতি পরিমাণ।
রক্তিমা, (রক্ত) [illegible]
রক্তোৎপল, (রক্ত-[illegible]) [illegible]
রক্তেরণ্ড, (রক্ত-এরণ্ড) [illegible] ভেরেণ্ডা।

রক্তোৎপল, (রক্ত-উৎপল) রক্তপদ্ম ; রক্ত-কুমুদ ; শাল্মলী বৃক্ষ, শিমুল গাছ।
রক্তোৎপলাভ, (রক্তোৎপল-আভা) শোণ বর্ণ, রক্তবর্ণ লাল।
রক্তোপল, (রক্ত-উপল) গৈরিক ; গেরিমাটি
রগ, (বাং) শিরা, মস্তকের পার্শ্বদ্বয়ের শির, কপালের পার্শ্বদ্বয়ের শির।
রগড়, (রগড) কাদার শব্দ ; ঢক্কাদিতে আঘাতের উপক্রম ; মর্দ্দন, ডলন।
রগড়ন, (রগড়) মর্দ্দন, ডলন, পেষণ।
রঘু, (লঘ) সূর্য্যবংশীয় দিলীপ রাজপুত্র।
রঘুকার, (রঘু-কৃ) কালিদাস।
রঘুকুলতিলক, শ্রীরাম ; রঘুবংশের প্রধান
রঘুনন্দন, শ্রীরাম, রঘুনাথ।
রঘুনাথ, শ্রীরাম, দাশরথী রাঘব।
রঘুপতি, শ্রীরাম, রামচন্দ্র।
রঘুবংশ, কালিদাস কৃত মহাকাব্য গ্রন্থ-বিশেষ, রঘুর পরিবার।
রঘুবংশতিলক শ্রীরাম রঘুবংশের প্রধান
রঘুবর, শ্রীরাম দাশরথি, রাঘব।
রঙ্ক, কৃপণ, দরিদ্র, মন্দ।
রঙ্কু, মৃগ বিশেষ। [নাট্য স্থান ; রঞ্জন দ্রব্য।
রঙ্গ, (রনজ) ধাতু বিশেষ, রাং, রণভূমি ;
রঙ্গকর, (রঙ্গ-কৃ) চিত্রকর, বর্ণক।
রঙ্গকারী (রঙ্গ-কারিন) রঙ্গকারক, কৌতুককারক, পরিহাসক।
রঙ্গচঙ্গ (রঙ্গ-চঙ্গ) চিত্র বিচিত্র, চটকদার।
রঙ্গচঙ্গিয়া, (রঙ্গ-চঙ্গ) চিত্র বিচিত্র, ভূষণাদি সম্পন্ন ; পরিষ্কৃত।
রঙ্গজ, সিন্দুর, সিঁদূর।
রঙ্গজীবক (রঙ্গ-জীবিকা) চিত্রকর, পটুয়া
রঙ্গণ, (রন্‌জ) রঙ্গান, চিত্রকরণ, ছোপান, পুষ্পবৃক্ষবিশেষ।
রঙ্গদ্রঢ়ক, সোহাগা, খদির সার।
রঙ্গপত্রী, (রঙ্গ-পত্র) নীলীবৃক্ষ।
রঙ্গবীজ, রৌপ্য, রূপা, রজত।
রঙ্গভঙ্গ, কৌতুক ; হাবভাব ; পরিহাস।
রঙ্গভূতি, কোজাগর পূর্ণিমা। [যুদ্ধ স্থান।
রঙ্গভূমি, মল্লভূমি ; আখড়া, নাট্যভূমি ;
রঙ্গমাতা, বীণা, বাঁশী। [লাক্ষা, লা, গালা।
রঙ্গমাতা, (রঙ্গ-মাতৃ) কুট্টিনী, কুটনী, দূতী।
রঙ্গমাতৃকা, (রঙ্গ-মাতৃ) লাক্ষা, লা, গালা।
রঙ্গরস, ক্রীড়া, কৌতুক, ফিচলামি।
রঙ্গশালা, (রঙ্গশালা) নাট্যগৃহ, নাচঘর।
রঙ্গাজীব, (রঙ্গ-আজীবিন) চিত্রকর, পটুয়া, নট, নর্ত্তক। [ছোপান।
রঙ্গান, (রন্‌জ) রঞ্জিত করা, চিত্রকরণ,
রঙ্গানিয়া, (রন্‌জ) রঙ্গকর, রঞ্জক, বর্ণহারী
রঙ্গাবতারক, (রঙ্গ-অবতার) নৃত্যগীতের স্থানে গীত বাদ্যাদির প্রসঙ্গকারী, শৈলূষ, নট, চারণ।
রঙ্গাবতারী, (রঙ্গ-অবতারিন) নৃত্যগীত স্থানে গীতাদির প্রসঙ্গকারী, নট।
রঙ্গারি, করবীর, করবীকুসুম।
রঙ্গিণ, (রন্‌জ) রঙ্গযুক্ত, রঞ্জিত, রঙ্গকরা।
রঙ্গিণী, (রঙ্গ) রঙ্গবিশিষ্ট ; নর্ত্তকী, শতমূলী
রঙ্গিল, (রন্‌জ) চিত্র বিচিত্র, রঙ্গযুক্ত।
রঙ্গী, (রন্‌জ) রঙ্গকারক, চিত্রকর, কৌতুকী, পরিহাসকারী, নর্ত্তক।
রঙ্গীন, (রন্‌জ) বিচিত্র, বহুরঙ্গ বিশিষ্ট।
রঙ্ঘ, বেগ, জব, শীঘ্রতা। [মিস্ত্রী।
রচক, (রচ) রচনা কর্ত্তা, নির্ম্মায়ক, গঠক,
রচন, (রচ) গ্রন্থন ; বিন্যাস, নির্ম্মাণ, গঠন, কল্পন। [পূর্ব্বক নির্ম্মাণ সাজান।
রচনা, (রচ) বিন্যাস, গ্রন্থন, গাঁথন, শ্রেণী
রচয়িতব্য, (রচ) রচনীয়, নির্ম্মাণযোগ্য।
রচয়িতা, (রচ) নির্ম্মাতা ; রচক, গ্রন্থনকারক
রচিত, (রচ) কৃত, নির্ম্মিত, গঠিত, কল্পিত।
রজ, (রন্‌জ) স্ত্রী কুসুম, ঋতু।
রজঃ, (রজস) পরাগ, রেণু, ধূলি, গুণবিশেষ ; স্ত্রীকুসুম, ঋতু।
রজঃপ্রিয়, কুক্কুর, সারমেয়, শ্বা।
রজঃসারথি, বায়ু, অনিল, বাতাস।
রজক, (রন্‌জ) বর্ণসঙ্কর জাতিবিশেষ, বস্ত্র-রঞ্জক, ধোবা, নির্ণেজক।
রজকী, (রজক) রজক পত্নী, ধোবানী।
রজত, (রন্‌জ) রৌপ্য, ধবল, শুক্লবর্ণবিশিষ্ট পর্ব্বতবিশেষ ; হস্তীদন্ত।
রজতদ্যুতি, হনুমান, পবন নন্দন।
রজতপ্রস্থ, পর্ব্বত বিশেষ কৈলাসপর্ব্বত।
রজতাচল, (রজত-অচল) রৌপ্যময় পর্ব্বত কৈলাসপর্ব্বত। [তগিরি, কৈলাস পর্ব্বত।
রজতাদ্রি, (রজত-অদ্রি) রৌপ্য পর্ব্বত রজ-
রজন, (রন্‌জ) রঞ্জন, রঙ্গযুক্ত করণ।
রজনি, (রন্‌জ) রাত্রি, নিশা, যামিনী ; হরিদ্রা
রজনী, (রন্‌জ) রাত্রি, নিশা ; শর্ব্বরী হরিদ্রা

রজনীগন্ধা, (রজনী-গন্ধ) পুষ্প বিশেষ।
রজনীচর, রাক্ষস, নিশাচর ; চোর ; তস্কর, প্রহরী, ধার্মিক ভট।
রজনীজল নীহার, শিশির, হিম।
রজনীপুষ্প পূতিকরঞ্জ। [সন্ধ্যাকাল।
রজনীমুখ, প্রদোষ, সূর্য্যাস্ত কাল, সায়ংকাল,
রজনীহাসা, শেফালিকা পুষ্প, শিউলীফুল।
রজস, (রনজ) পরাগ, রেণু ; স্ত্রীকুসুম। [মনঃ
রজসানু, (রজস অনু) মেঘ, জলদ, চিত্ত,
রজস্বল, মহিষ, বুলাপ।
রজস্বলা, (রজস) রজোযুক্তা, জাতরজস্কা ; স্ত্রীধর্ম্মিণী, ঋতুমতী।
রজি, চন্দ্র বংশীয় রাজা বিশেষ।
রজোগুণ, (রজস-গুণ) বিষয়াভিলাষের কারণীভূত গুণ। [ধ্বান্ত
রজোবল, অন্ধকার তিমির, তমিস্র, তমঃ,
রজোহর, বস্ত্রক্ষালনকর্ত্তা, রজক ধোবা।
রজ্জু, (সৃজ) বন্ধন সাধন বস্তু, দড়ী ; বেণী, চুলের বিউনী। [দি রাগকর্ত্তা।
রঞ্জক, (রনজ) হিঙ্গুল, প্রীতিজনক, বস্ত্রা-
রঞ্জন, (রন্‌জ) রক্তচন্দন ; হিঙ্গুল ; অনুরাগ জনন, হর্ষজনন।
রঞ্জনক ফলবিশেষ, কট ফল।
রঞ্জনদ্রু, অক্তক বৃক্ষ, আচগাছ।
রঞ্জনী, রঙ্গকারিণী : মঞ্জিষ্ঠা ; হরিদ্রা।
রঞ্জিত, (রনজ) রঙ্গান, রঙ্গকরা, রক্তিম।
রটন, (রট) ঘোষণ, ব্যক্তকরণ, প্রকাশন।
রটনা, (রট) ঘোষণা, প্রকাশ করা, জনরব।
রটন্তীচতুর্দ্দশী, মাঘমাসের শুক্লাচতুর্দ্দশী।
রটিত, (রট) ঘোষিত ; প্রচারিত ; বিখ্যাত
রড়ন, (রড়) শীঘ্রগমন, দৌড়ন।
রণ, (রণ) সংগ্রাম সমর, যুদ্ধ, লড়াই।
রণকৃতী, (রণ-কৃতিন) রণকুশল, রণপণ্ডিত, যুদ্ধে নিপুণ।
রণজয়, সমর বিজয়, যুদ্ধ জয়। [জয়কারী।
রণজয়ী (রণ-জয়িন) যুদ্ধে জয় প্রাপ্ত, পরা
রণতূর্য্য, যুদ্ধবাদ্য, সংগ্রাম পটহ, রণবাদ্য।
রণপ্রিয়, যোদ্ধা, শ্যেনপক্ষী ; উশীর, বীরণ মূল, বেণার মূল।
রণবাদ্য, যুদ্ধপটহ, রণতূর্য্য।
রণভঙ্গ, যুদ্ধে পরাস্ত হওন, পরাভব।
রণভঞ্জন, যুদ্ধ ভঙ্গকরণ।
রণভূমি, সমরক্ষেত্র, যুদ্ধস্থল।
রণমত্ত, যোদ্ধৃত ; মাস হস্তী।
রণরঙ্গ রণকাতর, হস্তী।
রণরণ, মশক, মশা, বিবাহ করণ।
রণরণক উৎকণ্ঠা, উদ্বেগ, ভাবনা।
রণসঙ্কুল তুমুলসংগ্রাম, ঘোরতর যুদ্ধ।
রণসজ্জা, যুদ্ধকালে বাজাইবার উপযুক্ত ভেরী, রণ বাদ্যবিশেষ। [মূর্খ।
রণ্ড, (রম) নিষ্ফল, ফলহীন, আশ্রয়হীন ;
রণ্ডক, (রণ্ড) অফল বৃক্ষ, ন্যাড়া গাছ।
রণ্ডা, (রম) বিধবা, রাঁড়, মূষিকপর্ণী বৃক্ষ, ইঁদুরকাণী গাছ।
রণ্ডাশ্রমী, (রণ্ড-আশ্রমিন) অষ্টচত্বারিংশৎ বৎসরোপরি ভার্য্যাহীন, আটচল্লিশ বৎসরের পর স্ত্রী বিহীন ব্যক্তি।
রণ্ডী, (রণ্ডা) পতিহীনা স্ত্রী, বিধবা, রাঁড়।
রত, (রম) আসক্ত, অনুরক্ত ; মৈথুন, গুহ্যন, রতিক্রিয়া, শৃঙ্গার।
রতকীল কুক্কুর ; স্মরত কণ্টক।
রতকুজিত, মৈথুন কালীন ধ্বনি।
রতগুরু, কান্ত, পতি, স্বামী, ভর্ত্তা।
রতজ্বর, কাক, বায়স।
রততালী, জার, ষিড়্‌গ, উপপতি লম্পট ; কুট্টিনী, কুটনী।
রতনারীচ নারী দিগের শীৎকার শব্দ ; কুক্কুর, কন্দর্প, জার, উপপতি।
রতনিধি, পক্ষিবিশেষ, খঞ্জন, খঞ্জরীট।
রতব্রণ, কুক্কুর, সারমেয়, কুকুর।
রতশায়ী, কুক্কুর, কুকুর, সারমেয়।
রতহিণ্ডক, স্ত্রীচোর, নারী চোর ; লম্পট, লোচ্চা ; ব্যলীক।
রতা, (রত) আসক্তা, অনুরাগিণী।
রতান্দুক, কুক্কুর, কুকুর, সারমেয়।
রতান্ধ্রী, কুজ্ঝটী, কুয়াসা, কোহাড়া।
রতামর্দ্দ, কুক্কুর, শ্বা, কুকুর, সারমেয়।
রতায়নী, বেশ্যা, বারবিলাসিনী, বারাঙ্গনা, বারযোষিৎ। [কামুকী।
রতার্থিনী, (রত-অর্থিন) মৈথুনাভিলাষিণী,
রতার্থী, (রত-অর্থিন) মৈথুনাভিলাষী কামুক
রতি, (রম) কামদেব পত্নী ; আসক্তি, রাগ ; অনুরাগ ; মৈথুন, গুহ্যন।
রতিকুহর, যোনি, ভগ ; স্ত্রী চিহ্ন।
রতিকুজিত, শৃঙ্গারকালীন শব্দ, রমণধ্বনি।
রতিক্রিয়া, মৈথুন, রমণ, স্ত্রীসংসর্গ।
রতিগৃহ, (রতি-গৃহ) যোনি, ভগ।
রতিপতি, কামদেব, মদন, মার, কন্দর্প।

প্রেশস্ত্রোজ্ঞমিদ্যায় নিপুণ।

রাজটীকা, (রাজন-টীকা)র অভিষেক, রাজ্যাভিষেক, নৃপপদপ্রাপক সংস্কার।

রাজত (রজত) রজত নির্ম্মিত; রৌপ্যময়।

রাজতরু, কর্ণিকার বৃক্ষ, আরগ্বধবৃক্ষ, সোঁদালি গাছ।

রাজতরুণী, পুষ্পবিশেষ, স্বর্ণ পুষ্প।

রাজতা, (রাজন) রাজত্ব, নৃপপদ, রাজসমূহ।

রাজতাল গুবাক বৃক্ষ, গুপারী গাছ।

রাজতী, (রাজন) রাজ্য, রাজত্ব।

রাজত্ব, (রাজন) রাজতা, রাজপদ নৃপত্ব।

রাজদণ্ড, রাজশাসন, বিচার দ্বারা অপরাধির দমন।

রাজদেশীয়,(রাজন-দেশ) রাজকল্প, রাজতুল্য

রাজদেশ্য, (রাজনদেশ) রাজকল্প, রাজতুল্য, নৃপতির সদৃশ। [চেষ্টা, নৃপতির মন্দবাঞ্ছা।

রাজদ্রোহ, (রাজন-দ্রোহ) রাজার অনিষ্ট

রাজদ্রোহী,(রাজন-দ্রোহিন) রাজার অহিত কাঙ্ক্ষী, নৃপতির অনিষ্টইচ্ছুক।

রাজদ্বার, রাজসভা, রাজার বিচারস্থান।

রাজধর্ম্ম, রাজার কর্ত্তব্যকর্ম্ম, নৃপতির উচিত কার্য্য, রাজনীতি, রাজব্যবহার

রাজধর্ম্মবেত্তা, (রাজধর্ম্ম-বেত্ত) ন্যায়ধর্ম্মজ্ঞ।

রাজধানী, (রাজ-ধানী) রাজপুরী, ভূপতির বাসস্থান। [প্রধান।

রাজধান্য, ধান্যবিশেষ, শ্যামাক-ধান্য, শ্যা-

রাজধুস্তূর, (রাজন-ধুস্তূর) বড় ধুতুরা।

রাজনীতি, (রাজন-নীতি) রাজনিয়ম, রাজার কর্ত্তব্যকর্ম্ম, নৃপতির উচিত আচার।

রাজনীল, রত্ন বিশেষ, মরকত মণি, নীলকান্তমণি, পান্না। [কর্ণিকা বৃক্ষ।

রাজন্য, (রাজন) ক্ষত্রিয়; রাজপুত্র, অগ্নি,

রাজন্যক, (রাজন) ক্ষত্রিয় সমূহ।

রাজন্বান, সুরাজযুক্ত দেশ, প্রজাপালনাদি স্বধর্ম্ম পরায়ণ রাজযুক্ত দেশ।

রাজপটোল, পটোল বিশেষ বৃহৎ পটোল।

রাজপট্ট, মণি বিশেষ; নৃপতির সিংহাসন।

রাজপট্টিকা, পক্ষি বিশেষ চাতকপক্ষি।

রাজপত্নী, (রাজন-পত্নী) রাণী, রাজমহিষী।

রাজপথ, (রাজন-পথিন) রাজমার্গ; প্রশস্ত

রাজপলাণ্ডু, রক্তবর্ণ পলাণ্ডু, লালপ্যাজ।

রাজপাট, রাজসিংহাসন, রাজাসন।

রাজপুত্র,রাজকুমার যুবরাজ; বর্ণসঙ্কর বিশেষ, রাজপুত।

রাজপুত্রিকা, শরারি পক্ষী, শরালীপাখী, রাজকন্যা। [ছুছুন্দরী, চুঁচা।

রাজপুত্রী, রাজকন্যা; কটুতুম্বী, তিতলাউ,

রাজপুর, ভূপতির বাসস্থান, রাজবাটী।

রাজপুরী, রাজধানী, ভূপতির বাসস্থান।

রাজপুষ্প, পুষ্প বিশেষ, নাগকেশরপুষ্প।

রাজফল, (রাজন-ফল) পটোল।

রাজফলা, (রাজন-ফল) জম্বু, জাম।

রাজবংশী, বর্ণসঙ্কর জাতি বিশেষ।

রাজবংশ্য, (রাজবংশ) রাজবংশোদ্ভব, নৃপকুলজাত। [ধুব কুল।

রাজবদর, উত্তম কোলি, নারিকেলিকুল, ক-

রাজবর্ত্ম, (রাজন-বর্ত্মন) রাজপথ, সড়্‌কপথ রাজমার্গ, প্রশস্ত রাস্তা।

রাজবলা, ভদ্রবলা, গন্ধভাদালিয়া লতা।

রাজবল্লভ, (রাজন-বল্লভ) রাজার প্রিয়, রক্তবদর, উত্তম কুলফল।

রাজবল্লী, লতাজাত তরুফল বিশেষ, উচ্ছা।

রাজবাটী, (রাজন-বাটী) রাজগৃহ, নৃপালয়, রাজপুরী। [জপুরী।

রাজবাড়ী, রাজবাটী, রাজগৃহ, নৃপালয়, রা-

রাজবান্ (রাজন) রাজমাত্র যুক্ত দেশ।

রাজবাহ, ঘোটক, অশ্ব, ঘোড়া।

রাজবাহ্য, (রাজন-বহ) রাজবাহক হস্তী, বিজয়কুঞ্জর। [বংশোদ্ভব।

রাজবীজী, (রাজন-বীজ) রাজবংশ্য, রাজ-

রাজবৃক্ষ, আরগ্বধ বৃক্ষ, সোঁদালি গাছ, পিয়াল বৃক্ষ, পিয়াশাল গাছ, লঙ্কাসিজ।

রাজব্যাপার, (রাজন-ব্যাপার) নৃপাচরণ, ভূপতির ব্যবহার।

রাজভট, রাজকীয় সেনা, নৃপসৈন্য।

রাজভদ্রক, কুষ্ঠ, কুড়; নিম্ব, নিম, পারিভদ্র বৃক্ষ, পারুলগাছ।

রাজভূয়, রাজত্ব, নৃপত্ব, রাজতা।

রাজমণ্ডূক, বৃহৎ ভেক, বড় বেঙ, মহামণ্ডূক, সোণা ব্যাং।

রাজমল্ল, (রাজন-মল্ল) রাজার মল্ল, রাজার মাল। [রাজপত্নী।

রাজমহিষি, (রাজন-মহিষী) রাজরাণী,

রাজমার্গ, রাজপথ, বৃহৎ পথ, প্রশস্ত বর্ত্ম।

রাজমাষ, বর্ব্বট কলায়; বরবটীকলাই।

রাজযক্ষ্মা, (রাজন-যক্ষ্মন) ক্ষয়রোগ বিশেষ, ক্ষয়কাশ। [উপযুক্ত।

রাজযোগ্য, রাজার্হ, নৃপোচিত, রাজার

রাঢ়, (রহ) দেশ বিশেষ, গঙ্গার পশ্চিম তীরস্থ জনপদ।
রাঢ়া, সুন্দর; শোভা; পুরী বিশেষ।
রাঢ়ী, (রাঢ়) রাঢ়ীয়, রাঢ়দেশোদ্ভব, রাঢ়দেশোৎপন্ন।
রাঢ়ীয়, (রাঢ়) রাঢ় দেশোদ্ভব, রাঢ়ী।
রাণা, (রণ) পুষ্করিণ্যাদির সোপান বিশেষ, সোপানের পার্শ্ববর্ত্তি স্থান।
রাণী (রাজন) রাজ্ঞী, রাজমহিষী।
রাতারাতি, (রাত্রি) রাত্রিকালে, রাত্রির মধ্যে, রাত্রি থাকিতেই।
রাতি, (রাত্রি) রজনী, যামিনী, নিশা।
রাতিকাণা, রাত্র্যন্ধ, রাত্রিকালে দৃষ্টিহীন।
রাত্রি, (রা) রজনী, যামিনী, নিশা; হরিদ্রা, হলুদ।
রাত্রিকর, চন্দ্র, নিশাকর, শশী।
রাত্রিচর, রাক্ষস, নিশাচার।
রাত্রিচরী, (রাত্রিচর) নিশাচরী, রাক্ষসী।
রাত্রিজল, কুজ্‌ঝটি, কুয়াসা; হিম শিশির
রাত্রিজাগর, কুকুর, রাত্রিকালে জাগরণকারী
রাত্রিজাগরদ, মশক, মশা।
রাত্রিঞ্চর, (রাত্রি-চর) রাক্ষস, নিশাচর; রাত্রিতে চরণশীল।
রাত্রিঞ্চরী, (রাত্রিচর) রাক্ষসী, নিশাচরী।
রাত্রিপুষ্প, উৎপল, কহ্লার, কেল।
রাত্রিবাস, অন্ধকার; রাত্রিতে শয়নার্থ পরিধেয় বস্ত্র।
রাত্রিবিগম, প্রভাত, প্রত্যুষ প্রাতঃকাল।
রাত্রিবেদ, কুক্কুট, কুকুড়া, মোরগ।
রাত্রিমট, (রাত্রি-অট) রাক্ষস, রাত্রিচর; রাত্রিকালে পর্য্যটনকারী।
রাত্রিমণি, (রাত্রি-মণি) চন্দ্র, বিধু, শশাঙ্ক।
রাত্রিযেগে, নিশাকাল, রজনী সময় [কহ্লার
রাত্রিহাস, শ্বেতোৎপল, শাদা হেলা, শ্বেত
রাত্রিহিণ্ডক, অন্তঃপুর রক্ষক; প্রহরী।
রাত্রী, (রা) নিশা, যামিনী, রজনী।
রাত্র্যট, (রাত্রি-অট) রাক্ষস; রাত্রিকালে ভ্রমণকারী।
রাত্র্যন্ধ, (রাত্রি-অন্ধ) রাত্রিকালে দৃষ্টিহীন ব্যক্তি রাতিকাণা, রাত্রি সময়ে স্বাভাবিক দৃষ্টিহীন পক্ষী।
রাদ্ধ, পক্ক; সিদ্ধ।
রাদ্ধান্ত, সিদ্ধান্ত, মীমাংসা নিষ্পত্তি।
রাধ, বৈশাখ মাস। [সেবন।
রাধন, (রাধ) সাধন; প্রাপণ; সন্তোষণ;
রাধা, (রাধ) গোপীবিশেষ, শ্রীকৃষ্ণের প্রেয়সী; বিশাখা নক্ষত্র; বিদ্যুৎ।
রাধাকান্ত, শ্রীকৃষ্ণ; রাধানাথ।
রাধাবল্লভ, রাধানাথ, কৃষ্ণ। [প্রেয়সী।
রাধিকা, (রাধা) বৃষভানুসুতা; শ্রীকৃষ্ণের
রাধেয়, (রাধা) প্রসিদ্ধ বীর বিশেষ, কর্ণ।
রান্না, (রন্ধন) অন্নাদি পাককরণ।
রান্নাঘর, পাকশালা, পাকালয়, রন্ধন গৃহ।
রাব, (রু) শব্দ, রৗল, ধ্বনি, নাদ। [দশানন।
রাবণ, (রু) লঙ্কাধিপতি, লঙ্কেশ, দশকন্ধর,
রাবণগঙ্গা, সিংহল দেশস্থ নদীবিশেষ।
রাবণারি, (রাবণ-অরি) শ্রীরামচন্দ্র, রাবণের বৈরী।
রাবণি, (রাবণ) রাবণপুত্র ইন্দ্রজিৎ।
রাম, (রম) দশরথ রাজপুত্র; বলরাম; পরশুরাম; পশুবিশেষ, বাস্তুক শাক, বেতোশাক।
রামকদলী, (রাম-কদলী) রামরম্ভা।
রামকরী, (রাম-কৃ) রাগিণী বিশেষ, রামকেলী রাগিণী।
রামকর্পূর, তৃণবিশেষ।
রামকলী, (রাম-কল) রাগিণীবিশেষ।
রামকুড়্যা, কুটীর, ক্ষুদ্রগৃহ, কুঁড়েঘর।
রামকেলী, (রাম-কেলী) রাগিণীবিশেষ।
রামখড়ী, খড়িবিশেষ, কঠিনী; মৃত্তিকা বিশেষ।
রামগিরি, পর্ব্বত বিশেষ, চিত্রকূট পর্ব্বত।
রামচন্দ্র, দশরথ রাজার পুত্র, শ্রীরাম, রাঘব, রঘুনাথ, জানকীবল্লভ।
রামচন্দ্রর্দ্দনক, মদন বৃক্ষ, ময়না গাছ।
রামছাগল, ছাগবিশেষ, বৃহৎ ছাগল।
রামজননী, বলদেবের মাতা, রোহিণী; শ্রীরামের মাতা, কৌশল্যা। [সিন্দুক।
রামণীয়ক, (রমণী) রমণীয়, মনোজ্ঞ; রমণী
রামতরুণী তরুণীপুষ্প, সেউতী ফুল।
রামতুলসী, বৃক্ষবিশেষ, রামদূতী।
রামদূত, হনুমান, পবননন্দন।
রামদূতী, তুলসী বিশেষ, রামতুলসী।
রামধনুক, শক্রধনুঃ; ইন্দ্রায়ুধ। [তিথি।
রামনবমী, চৈত্র শুক্লনবমী, শ্রীরামের জন্ম-
রামপূগ, গুবাক বিশেষ, রামগুপারী।
রামবাণ, ঔষধ বিশেষ, শ্রীরামচন্দ্রের শর
রামবীণা, (রাম-বীণা) বীণা বিশেষ।

রামভদ্র, শ্রীরামচন্দ্র, দশরথ সুত।
রামরম্ভা, (রাম-রম্ভা) রামকদলী, রামকলা
রামরম্ভোরু, (রামরম্ভা-উরু) রামরম্ভা সদৃশ উরুযুক্ত।
রামশর, শর বৃক্ষ বিশেষ।
রামশিলা, (রাম-শিলা) তীর্থ বিশেষ।
রামসখা, (রাম-সখা) শ্রীরামচন্দ্রের মিত্র, সুগ্রীব; কপিশ্রেষ্ঠ, বানর বিশেষ।
রামসেনক, ভূনিম্ব, চিরতা; কটফল
রামা, (রম) উৎকৃষ্টা স্ত্রী; বোবা; হিঙ্গু; [illegible]ন; শ্বেত কণ্টকারি; অশোক কলিকা; গোরোচনা, গৈরিক মৃত্তিকা।
রামাৎ, (রাম) নাগা, রামোপাসক বৈরাগী বিশেষ। [বিষয়ক কাব্য, রামচরিত গ্রন্থ।
রামায়ণ, (রাম-অয়ন) রামকর্ত্তৃক রাবণবধ
রামিল, রমণ; কামদেব, কন্দর্প।
রায়, (রৈ) উপাধি বিশেষ; সম্মতি, মত, অভিপ্রায়।
রায়ণ, পীড়া, রোগ, ব্যামোহ। [বিশেষ
রায়বাঁশ, (রায়-বংশ) বংশ নির্ম্মিত অস্ত্র-
রায়বাঁশিয়া, (রায়বাঁশ) শস্ত্র বিশেষ ধারক
রায়বাঘিনী, (রায়-বাঘিনী) অত্যন্ত ব্যাপিকা স্ত্রী, অতিশয় প্রবলা অবলা।
রায়ভাটী, নদীর স্রোতোবিশেষ, আওড়।
রাল, সালবৃক্ষ, সালগাছ।
রালকার্য্য, শালবৃক্ষ, সালগাছ।
রাশি, (অশ) ধান্যাদি সমূহ; পুঞ্জ, স্তূপ; জ্যোতিশ্চক্রের দ্বাদশ অংশ, মেষাদি দ্বাদশ
রাশিচক্র, মেষাদি দ্বাদশ রাশি যুক্ত বৃত্ত, জ্যোতিষ চক্র। [নাম, গুপ্ত নাম
রাশিনাম (রাশি-নামন) জন্মরাশি ঘটিত
রাশিভোগ, সূর্য্যাদি গ্রহের একৎ রাশিতে নিয়মিত কাল অবস্থান।
রাশীকৃত, বহুল, পুঞ্জীকৃত, স্তূপাকার।
রাশীভূত, স্তূপাকার, বহুল, পুঞ্জ।
রাষ্ট্র, (রাজ) বিষয়, জনপদ, রাজ্য; ব্যক্ত, প্রচার, প্রকাশ। [দেশবাসী, রাজ্যবাসী।
রাষ্ট্রনিবাসী, (রাষ্ট্র-নিবাসিন) জানপদলোক
রাষ্ট্রভঙ্গ, দেশোপদ্রব, দেশ ব্যাপক উৎপাত, রাজ্যব্যাপী উপদ্রব।
রাষ্ট্রিয়, (রাষ্ট্র) নাট্যোক্তিতে রাজশ্যালক।
রাষ্ট্রীয়, (রাষ্ট্র) নাট্যোক্তিতে রাজশ্যালক; রাজ্য সম্বন্ধীয়, রাজ্যসংক্রান্ত।
রাস, (রস) শৃঙ্খল; ভগবানের ক্রীড়া বিশেষ, শ্রীকৃষ্ণের লীলা। [রাস সম্বন্ধীয়।
রাসন, (রসনা) রসনেন্দ্রিয় জন্য জ্ঞান, জি-
রাসভ, (রস) খর, গর্দ্দভ, গাধা।
রাসভী, (রাসভ) গর্দ্দভী, গাধী।
রাসমঞ্চ, শ্রীকৃষ্ণের রাসক্রীড়ার স্থান।
রাসমণ্ডপ, শ্রীকৃষ্ণের রাসক্রীড়া স্থল
রাসযাত্রা, শ্রীকৃষ্ণের রাসক্রীড়া
রাসযাত্রী, (রাস-যাত্রিন) রাসক্রীড়া দর্শনাভিলাষী। [উৎসব; পরিহাস।
রাসেরস গোষ্ঠি সভা, পরিষদ; শৃঙ্গার;
রাসেশ্বরী, (রাস-ঈশ্বরী) রাধা, রাধিকা।
রাস্তা, (অস) বর্ত্ম, মার্গ, পথ। [বিশেষ।
রাস্না, (রস) লতাবিশেষ, রাসনলতা, ওষধি
রাহু, (রুহ) গ্রহ; অষ্টমগ্রহ, সৈংহিকেয়।
রাহুগ্রস্ত, চন্দ্র সূর্য্যের গ্রহণ।
রাহুগ্রাহ, রাহুগ্রাস, চন্দ্রসূর্য্যের গ্রহণ।
রাহুচ্ছত্র, আর্দ্রক, আদা।
রাহুদর্শন, চক্ষুর্ব্বা রাহুরজ্ঞান, চন্দ্রসূর্য্যের গ্রহণ দর্শন।
রাহুপীড়া, চন্দ্র সূর্য্যের গ্রহণ, উপরাগ।
রাহুরত্ন, রত্নবিশেষ, গোমেদক রত্ন।
রাহুস্পর্শ, উপরাগ, চন্দ্রসূর্য্যের গ্রহণ।
রাহুহা, (রাহু-হন) বিষ্ণু, শ্রীকৃষ্ণ।
রাহূচ্ছিষ্ট, (রাহু-উচ্ছিষ্ট) লশুন, রশুন।
রাক্ষস, (রক্ষস) প্রাণিহিংসক জাতিবিশেষ নিশাচর, কৌণপ, ক্রব্যাদ, যাতুধান
রাক্ষসী, (রাক্ষস) প্রাণি হিংসক জাতীয়া স্ত্রী নিশাচরী, রাক্ষস পত্নী; বৃহদ্দন্ত।
রাক্ষসীবেলা, সন্ধ্যার প্রাক্কাল, গোধূলি
রাক্ষসেন্দ্র, (রাক্ষস-ইন্দ্র) রাবণ, দশকণ্ঠ।
রাক্ষা, লাক্ষা, লা।
রিক্ত, (রিচ) শূন্য, হীন; খালি; নির্ধন।
রিক্তক, (রিক্ত) শূন্য, হীন, রহিত।
রিক্তা, (রিক্ত) তিথিবিশেষ, চতুর্থী নবমী চতুর্দ্দশী। [সম্পত্তি
রিক্থ (রিচ) পৈতৃক ধন, বিত্ত, ঐশ্বর্য্য;
রিক্থহারী, (রিক্থ-হারিন) দায়াদ, ধনাধিকারী ধনহরণকর্ত্তা।
রিক্থী, (রিক্থ) ধনহারী, ধনাধিকারী।
রিঙ্খণ, স্খলন, বিগলন, ক্ষরণ, পতন।
রিঙ্গণ, (রিগ) স্খলন, চ্যুত হওন, [illegible]
রিঞ্জন, (রিঞ্জ) সম্বোধন; পুরীষোৎসর্গ, [illegible]
রিঠা, (রিষ্টক) [illegible], [illegible], গোটা [illegible] বিশেষ; মৎস্য বিশেষ, ইঠামাছ।

রিধম, কন্দর্প, কাম ; বসন্ত।
রিপু, (রপ) শত্রু, বৈরী, বিপক্ষ ; চোরক নামে গন্ধ দ্রব্য বিশেষ।
রিপুকুল, (রিপু-কুল) বৈরিবংশ ; শত্রুসমূহ
রিপুঘাতিনী, লতাবিশেষ, কুঁচই লতা।
রিপ্ ফ, লগ্নাপেক্ষা দ্বাদশ রাশি।
রিপ্র, অধম, নীচ, জঘন্য।
রিরী, পিত্তল, পিতল ; অব্যক্ত শব্দ।
রিশ, হিংসা, দ্বেষ, ঈর্ষা।
রিশ্য, মৃগ, এণ, হরিণ।
রিষি, ঋষি, মুনি, তপস্বী।
রিষ্ট, (রিষ) শুভ, ক্ষেম, কল্যাণ, অশুভ-অমঙ্গল ; পাপ ; বস্ত্রাদি ক্ষালনযোগ্য ফল, রিটা।
রিষ্টক রক্ত শিগ্রু, লাল শজিনা।
রিষ্টি, (রিষ) অশুভ ; খড়্গ ; শস্ত্র বিশেষ
রিষ্য, (রিষ) মৃগবিশেষ।
রীজ্যা, ঘৃণা ; অপ্রবৃত্তি ; অবজ্ঞা
রীঠা, (রিষ্টক) করঞ্জ বিশেষ ; রীঠা ফল, মৎস্য বিশেষ। [পীঠের শির দাঁড়া।
রীঢক, (রিহ) পৃষ্ঠদেশের অস্থি, মেরুদণ্ড,
রীঢ়া, অবজ্ঞা, ঘৃণা, তাচ্ছল্য।
রীণ, ক্ষরিত জলাদি ; চ্যুত, স্খলিত।
রীত, (রীতি) চরিত্র, ব্যবহার।
রীতি (রী) স্বভাব ; চরিত্র ; ব্যবহার ; ধারা ; পিত্তল ; লৌহকিট, লোহার মড়িচা ; দগ্ধ স্বর্ণাদির মল। [পিতল।
রীতিকা, (রীতি) কুসুমাঞ্জন ; পিত্তল,
রীতিজ্ঞ, (রীতি-জ্ঞা) ব্যবহারজ্ঞ, আচার জ্ঞাতা। [মৎস্য বিশেষ, রোহিত মৎস্য।
রুই, (রোহিত) বল্মীক কীট, উইপোকা,
রুক, বহুপ্রদ, বহুলদাতা, মহাবদান্য।
রুক্, শোভা ; দ্যুতি ; ইচ্ছা ; বাঞ্ছা, রুচি ; রোগ, পীড়া। [শান্ত করণ, ভৈষজ্য।
রুক্প্রতিক্রিয়া, চিকিৎসা দ্বারা রোগ
রুক্ম, (রুচ) কাঞ্চন, সুবর্ণ, সোনা, ধুতুরা ; নাগকেশর পুষ্প।
রুক্মকার, (রুক্ম-কৃ) স্বর্ণকার, সেকরা।
রুক্মাঙ্গদ, (রুক্ম-অঙ্গদ) রাজাবিশেষ, ভীষ্মকরাজপুত্র।
রুক্মিণী, (রুক্ম) কৃষ্ণের মহিষীবিশেষ, ভীষ্মক রাজকন্যা ; লক্ষ্মী, কমলা।
রুক্মিদর্প, বলদেব, হলধর, বলরাম।
বলদেব, বলরাম, হলধর।
রুক্মিভিৎ, বলদেব, বলরাম।
রুক্মী (রুক্ম) ভীষ্মক রাজের জ্যেষ্ঠ পুত্র।
রুক্ষ সম্ম, মল, বিষ্ঠা, পুরীষ।
রুখ, (রুক্ষ) ক্ষীণ, ক্লিষ্ট ; অতৈল।
রুখন, (রুষ) কোপন ; ত্যক্ত হওন, বিরক্ত হওন। [পী পীড়িত।
রুগ্ন, (রুজ) রোগাদি দ্বারা কুটিলীকৃত, রো-
রুচক, (রুচ) অশ্বাভরণ ; মাল্য ; মাঙ্গল্য-দ্রব্য ; আদা রস, রোচনা ; বিড়ঙ্গ লবণ ; বীজপূর, ডালিম, নিষ্ক, মেহির ; দন্ত, দাঁত ; কপোত পায়রা। [পক্ষির বাক্য।
রুচা, (রুচ) দীপ্তি, শোভা ; শারি ও শুক
রুচি, (রুচ) অনুরাগ, আসক্তি ; ইচ্ছা, স্পৃহা, অভিলাষ প্রবৃত্তি ; শোভা ; গোরোচনা
রুচিত, (রুচ) মিষ্ট বস্তু, স্বাদু দ্রব্য।
রুচির, (রুচ) মনোজ্ঞ, মনোহর, সুন্দর ; মিষ্ট ; কুঙ্কুম, লবঙ্গ।
রুচিরা (রুচির) গোরোচনা ; মনোজ্ঞ, উৎকৃষ্ট। [ন্দর ঘোটক।
রুচিরাশ্ব, (রুচির-অশ্ব) রাজাবিশেষ, সু-
রুচিষ্য, মিষ্ট বস্তু ; অভিপ্রেত। [শোভা।
রুচী, (রুচ) প্রবৃত্তি, ইচ্ছা স্পৃহা ; দীপ্তি ;
রুচ্য, (রুচ) মনোজ্ঞ, সুন্দর, রুচিজনক ; লবণবিশেষ সৌবর্চ্চ লবণ ; শালিধান্য, কান্ত, পতি, স্বামী।
রুচ্যকন্দ, শূরণ, ওল। [ঔষধি।
রুজা, রোগ, পীড়া ; ঔষধি বিশেষ, কুষ্ঠৌ-
রুজাকর, ব্যাধি রোগ ; কর্ম্মরঙ্গ ফল, কামরাঙ্গা। [দ্বারা কৃত পিষ্টক।
রুটী, (রোটিক) পিষ্টক বিশেষ, গোধুম চূর্ণ-
রুটীওয়ালা, রুটীবিক্রেতা।
রুট, ক্রোধ, কোপ, রোষ।
রুঠ, রুক্ষ, অস্নেহ ; বিস্বাদ।
রুঢ়, (রুঢ়) শক্ত, কঠিন, নারস।
রুণ্ড, কবন্ধ মস্তক হীন। [বিভূতি।
রুণ্ডিকা, (রুণ্ড) যুদ্ধভূমি, রণস্থল, রণক্ষেত্র ;
রুণুরুণু, রুণু ক্ষুদ্রঘণ্টার শব্দ।
রুত, (রু) পশু পক্ষ্যাদির শব্দ ; ধ্বনি।
রুদথ, কুক্কুর ; বিদ্যার্থী
রুদিত, (রুদ) ক্রন্দন, কাঁদন, বিলাপ।
রুদ্ধ (রুধ) নদী বাঁধ কারাদি দ্বারা কৃত বেষ্টন, বেষ্টিত আবৃত ; আটক কয়েদ।
রুদ্র, (রুদ) গণদেবতা বিশেষ, শিব।
রুদ্রগণ, শিব পারিষদ সমূহ।

রুদ্রজটা, লতাবিশেষ ; শিবজটা।
রুদ্রপত্নী, অতসী পুষ্প ; দুর্গা।
রুদ্রপ্রিয়া ; হরীতকী ; পার্ব্বতী।
রুদ্রবীণ, বীণা বিশেষ, শিঙ্গা।
রুদ্রভূ, শ্মশান প্রেতস্থান।
রুদ্রাক্রীড়, শ্মশান, প্রেতভূমি, শবদাহ স্থান
রুদ্রজুঁই, শঙ্করযূথিকা, পুষ্পবিশেষ।
রুদ্রাণী (রুদ্র) দুর্গা ; রুদ্রজটা।
রুদ্রাবতার, (রুদ্র-অবতার) হনুমান, মারুতী
রুদ্রাবাস, (রুদ্র-আবাস) কাশী, বারাণসী।
রুদ্রারি, (রুদ্র-অরি) কামদেব, মদন, কন্দর্প
রুদ্রাক্ষ, (রুদ্র-অক্ষি) বৃক্ষ বিশেষ ; মহাদেবের প্রিয় ফল বিশেষ।
রুদ্রাক্ষমালা, রুদ্রাক্ষফলদ্বারা প্রস্তুত করা মালা।
রুধির, (রুধ) শরীরস্থ রসধাতু, রক্ত, ক্ষতশোণিত, কুঙ্কুম ; মঙ্গলগ্রহ।
রুধিরাক্ত, (রুধির-অক্ত) রক্তমাখা, শোণিত লেপন।
রুধিরাখ্য, (রুধির-আখ্যা) মণিবিশেষ, লাল মণি।
রুবু, এরণ্ড বৃক্ষ, ভেরেণ্ডা গাছ ; রক্তএরণ্ড লাল ভেরেণ্ডা।
রুবুক, এরণ্ড বৃক্ষ, ভেরেণ্ডা গাছ।
রুমা, সুগ্রীব ভার্য্যা ; বিশিষ্ট লবণাকর।
রুমাল, (যাং) গামছা, গাত্রমার্জ্জনী।
রুস্র, অরুণ ; সূর্য্য, দিবাকর, ভানু।
রুয়া, (লোম) চুল পশম ; চালের প্রস্তবাঁশ ; দাড়িম দানা।
রুরু (রু) মৃগবিশেষ, হরিণ বিশেষ ; চিত্রমৃগ ; দৈত্য বিশেষ।
রুষা, (রুষ) অমর্ষ, ক্রোধ, মন্যু, কোপ, রোষ
রুষিত, (রুষ) ক্রোধযুক্ত, রাগান্বিত, কোপিত
রুষ্ট, (রুষ) ক্রুদ্ধ, ক্রোধান্বিত ; অসন্তুষ্ট।
রুষ্টি, (রুষ) উষ্মা, কোপ, ক্রোধ।
রুষ্টিকর, (রুষ্টি-কৃ) কোপ জনক ; প্রচণ্ড।
রুহ, (রুহ) জাত, উৎপন্ন ; আরোহণ।
রুহক, (রুহ) ছিদ্র, রন্ধ্র, ছেঁদা।
রুহরুহিকা, উৎকণ্ঠা, উদ্বেগ, ভাবনা।
রুহা, বৃক্ষ, দ্রুম, গাছ।
রুক্ষ, (রুক্ষ) অচিক্কণ, অস্নিগ্ধ, তৈলহীন
রূঢ়, (রুহ) জাত ; প্রসিদ্ধ, প্রকৃতি প্রত্যয়ার্থ অপেক্ষা না করিয়া অর্থ প্রকাশক শব্দ
রূঢ়কথা, শক্ত কথা ; অপ্রিয় বাক্য।
রূঢ়বচন, কর্কশবাক্য ; অপ্রিয় বাক্য।
রূঢ়বাক্য, কটুবাক্য, শক্তকথা, উগ্রভাষা।
রূঢ়ি, (রুহ) প্রসিদ্ধি, জন্ম ; প্রাদুর্ভাব ; রূঢ়শব্দনিষ্ঠ শক্তি।

রূপ (রূপ) আকার, মূর্ত্তি ; স্বভাব ; সৌন্দর্য্য গ্রন্থাবৃত্তি ; প্রকার ; ধারা।
রূপক, (রূপ) নাটক ; কাব্যালঙ্কার বিশেষ ; মূল্য ; সংখ্যাবিশেষ।
রূপচাঁদ, (রূপ-চন্দ্র) পক্ষিবিশেষ ; মৎস্যবিশেষ ; মুদ্রা, টাকা তঙ্কা।
রূপধারি, কৃত্রিম আকার বিশিষ্ট ; বেশধারী
রূপনাশন, পেচক, পেঁচা ; সৌন্দর্য্যনাশক।
রূপনিধান, রূপে আধার, সৌন্দর্য্যের আকর
রূপনিলয় রূপেরস্থান, রূপাধার।
রূপবতী, (রূপ) সুরূপ, সুন্দরী, রূপসী
রূপবন্ত, (রূপ) সুরূপ, সুন্দর, সুশ্রী।
রূপবান, (রূপ) সুন্দর আকার বিশিষ্ট ; সৌন্দর্য্য যুক্ত, সুশ্রী, সুরূপ।
রূপসী, (রূপ) রূপবতী, সুন্দরী, সুরূপা।
রূপা, (রূপ) রজত, রোপ্য, চাঁদী।
রূপাজীবা, (রূপ-আজীব) বেশ্যা, গণিকা বারবিলাসিনী, বারাঙ্গনা, পণ্যস্ত্রী।
রূপাস্ত্র, (রূপ-অস্ত্র) কামদেব, মদন, মন্মথ।
রূপিক, শ্বেতার্কবৃক্ষ, শ্বেত আকন্দ।
রূপী, (রূপ) রৌপ্যমুদ্রা, তঙ্কা, টাকা।
রূপেশ্বরী, (রূপ-ঈশ্বরী) দেবীবিশেষ ; সুন্দর
রূপ্য, (রূপ) ধাতুবিশেষ, রজত, রূপা ; সু
রূপ্যশালা, টঙ্কশাল, টাকশাল।
রূপ্যাধ্যক্ষ, (রূপ্য অধ্যক্ষ) নৈষ্কিক, রজত মুদ্রার অধিপতি ; টাকাওয়াল ; খাজাঞ্চী।
রুবুক, এরণ্ড ভেরাণ্ডা।
রূষিত, গুণ্ঠিত চূর্ণিত ; স্রক্ষিত, চর্চ্চিত।
রূক্ষ, অচিক্কণ ; নিঃস্নেহ, তৃণবিশেষ।
রূক্ষগন্ধক, গুগ্‌গুলু, গুগ্‌গুল।
রূক্ষপত্র, শাখোট বৃক্ষ, শাওড়া গাছ।
রূক্ষা, বৃক্ষবিশেষ, দন্তী বৃক্ষ।
রে, সম্বোধন বিশেষ ; ইতর সম্বোধন।
রেউড়ি, (রাতাবর্ত্ত) মিষ্টান্নবিশেষ, এউড়ী।
রেঁদা, (রদ) কাষ্ঠ পরিষ্কার করণার্থ অস্ত্রবিশেষ, খিস্‌কাপ।
রেক, (রেক) শঙ্কা ; নীচ ; বিরেচন ; তণ্ডুলাদি পরিমাণের পাত্র বিশেষ
রেকা, সন্দেহ, সংশয়।
রেখা, (লেখ) দণ্ডাকার লিপি বিশেষ ; দাঁড়ী ; কসী ; ছদ্ম, ছল, আভোগ উল্লেখ
রেখাকার, (রেখ-আকার) রেখাকৃতি, চিহ্নের ন্যায়। [সূক্ষ্মপথ রেখা।
রেখাভূমি, লঙ্কা ও সুমেরুপর্ব্বতের মধ্য

রেচক, (রিচ) ভেদক, বিরেচক ; কঙ্করময় মৃত্তিকা, কর্করযুক্ত মাটী ; যবক্ষার ; অম্লপাল বৃক্ষ, ক্রীড়ার্থ জল নিক্ষেপ যন্ত্র ; পিচ্‌কারী।

রেচন, (রিচ) মলভেদন, বিরেক, বিরেচন।

রেচনী (রেচন) বৃক্ষবিশেষ, দন্তীবৃক্ষ।

রেজাই, (রেজা) লেপ, গুদড়ি ; জোলাই, বস্ত্রবিশেষ।

রেজ্ঞান, (রেজ্ঞ) সম্মতিকরণ, তোষণ।

রেণু (রি) ধূলি, পাংশু গুঁড়া।

রেণুকা, (রেণু) মরিচাকৃতি সুগন্ধিদ্রব্যবিশেষ, পরশুরামের মাতা।

রেণুকাসুত, পরশুরাম, জামদগ্ন্য।

রেণুবাস, ভ্রমর, মধুকর ভৃঙ্গ।

রেণুরূষিত, গর্দ্দভ, গাধা ; ধূলিচর্চিতং ধূলিপ্রক্ষিত, ধূলা মাখা।

রেণুসার, কর্পূর।

রেতঃ (রেতস) শুক্র, বীর্য্য ; পারদ, পারা।

রেতজা, বালুকা, বালি।

রেতন, (রেতস) শুক্র, বীর্য্য।

রেত্য, পিত্তল পিতল।

রেত্র, রেতঃ ; শুক্র ; পীযূষ, অমৃত ; পটবাস, সুগন্ধি চূর্ণ বিশেষ। [পের অংশবিশেষ

রেপ, (রেপ) নিন্দিত, ক্রূর ; কৃপণ, কুলু-

রেফ (র) রবর্ণ ; রাগ ; কুৎসিত ; নিন্দিত।

রেফী, ক্রূর, অধম ; দুষ্ট, কৃপণ।

রেবট, শঙ্খ বিশেষ, দক্ষিণাবর্ত্ত শঙ্খ ; শূকর ; রেণু, বাঁশ ; বাতুল, উন্মত্ত ; বিষবৈদ্য, ওঝা।

রেবত, (রী) জম্বীর ; লেবু ; আরগ্বধ বৃক্ষ ; সোঁদালী গাছ, বলরামের শ্বশুর।

রেবতী, (রেবত) বলরাম পত্নী ; সপ্তবিংশতি নক্ষত্রের অন্তর্গত সপ্তবিংশ নক্ষত্র, মাতৃকাবিশেষ, স্ত্রীগবী, দুর্গা।

রেবতীভব, শনৈশ্চর, শনিগ্রহ।

রেবতীরমণ, বলদেব বলরাম।

রেবতীশ, বলরাম, বলভদ্র।

রেবা, (রেব) নদী বিশেষ, নর্ম্মদা নদী।

রেভণ, গোধ্বনি, গোরুর শব্দ।

রেয়ো, (রোষব) রবাহূত, অনিমন্ত্রিত।

রেরিহাণ, শিব অসুর ; চোর।

রেরে, নীচ সম্বোধন।

রেল, (রী) বেষ্টন ; সমূহ ; অপর্য্যাপ্ত।

রেলা, (রেল) জনতা ; সমূহ ; অপর্য্যাপ্ত।

রেসম, (য়াং) ঊর্ণা, পশম।

রৈ, (রৈ) ধন, সম্পত্তি, বিত্ত।

রৈবত, বৃক্ষবিশেষ ; পর্ব্বত বিশেষ ; শঙ্কর ; দৈত্যবিশেষ।

রৈবতক, বৃক্ষবিশেষ ; রৈবতক পর্ব্বত।

রোওন, (রুহ) রোপণ, বুনন, পোঁতন।

রোঁয়া, (লোমন) রোম, লোম।

রোক, (রুচ) ছিদ্র ; পাপ ; নৌকা ; দীপ্তি ; নগদ টাকা। [হিসাবের খাতা।

রোকড়, (রোক) আয় ব্যয় লিখিবার বহী,

রোকণ, (রোষ) নিবারণ, আটকান, রুদ্ধকরণ। [গহনার রস্যনকার ; ক্রোধন।

রোকণিয়া, (রুচ) অলঙ্কারের রঙ্গ কারক ;

রোখন, (রোষ) কোপন, ক্রোধন।

রোখাল, (রোষ) ক্রোধযুক্ত, প্রচণ্ড, কোপাল, উগ্র, রাগী, রাগাল। [ঔষধ, কুড়।

রোগ, (রুজ) পীড়া, ব্যাধি, ব্যামোহ ; কুষ্ঠ

রোগকর, (রোগ-কৃ) পীড়াজনক ; অপথ্য।

রোগগ্রস্ত, রোগান্বিত রোগী, পীড়িত, অসুস্থ। [ব্যাধিযুক্ত।

রোগশালী, (রোগ) পীড়িত, রোগ বিশিষ্ট,

রোগহারী, (রোগ-হারিন) বৈদ্য, চিকিৎসক ; রোগ নাশক।

রোগহীন, পীড়ারহিত, সুস্থ, নিরোগী।

রোগা, রুজ) কৃশ, দুর্ব্বল ; রোগী, পীড়াযুক্ত

রোগিতরু, বৃক্ষবিশেষ, অশোকবৃক্ষ।

রোগিবল্লভ, ঔষধ, রোগির প্রিয়।

রোগী, (রুজ) রোগযুক্ত, ব্যাধিত, আতুর, রুগ্ন, অপটু। [ন্ধীয়।

রোগ্য, (রোগ) অপথ্য, অহিত ; রোগসম্ব-

রোচক, (রুচ) রুচিকারক, ক্ষুধা, বুভুক্ষা ; রুচি ; কদলী ; রাজপলাণ্ডু।

রোচকপাচক, আগ্নেয় অথচ রুচিকর।

রোচন, (রুচ) রুচিজনক, রোচক ; পলাণ্ডু, পীঁয়াজ ; আরগ্বধ বৃক্ষ, সোঁদালিগাছ ; দাড়িম।

রোচনক, রোচন) জম্বীর জামীর, লেবু।

রোচনফল, বীজপুর, দাড়িম।

রোচনা, (রুচ) রক্তকহ্লার, রক্তকম্বল ; গোরোচনা ; বারযোষিৎ, বেশ্যা।

রোচনিকা, বংশরোচনা, বংশলোচন।

রোচনী, আমলকী, গোরোচনা ; গৈরিক ধাতু বিশেষ ; মনঃশিলা।

রোচমান, ঘোটকের গলদেশ স্থিত রোমা-

বর্ক, ঘোড়ার গলার চক্রাকৃতি লোম
রোচি, (রুচ) প্রভা, দীপ্তি আভা।
রোচিষ্ণু, (রুচ) অলঙ্কারাদি দ্বারা দীপ্তিশীল, ভ্রাজিষ্ণু।
রোচিস্, (রুচ) প্রভা, দীপ্তি, আভা
রোচী, (রুচ) হিলমোচিকা শাক, হিংচাশাক ; আভরণাদি দ্বারা শোভাযুক্ত।
রোচ্য, (রুচ) প্রকাশ্য ; প্রীতির বিষয় ; রুচিকর, স্পৃহাজনক।
রোজ, (যাং) তারিখ, দিবস। [ঠিক বিশেষ।
রোটি, (রোটিকা) গোধুম চূর্ণ দ্বারা কৃত পি
রোটিকা, পিষ্টকবিশেষ গোধূমচূর্ণ-দ্বারা কৃত পিষ্টক, রুটি। [দ্বারা কৃত পিষ্টক।
রোটী, (রোটিকা) পিষ্টকবিশেষ, গোধূমচূর্ণ
রোদঃ, স্বর্গ ; ভূমি।
রোদক, (রুদ) রোদনকর্ত্তা, ক্রন্দনকারী।
রোদন, (রুদ) ক্রন্দন, কাঁদন, অশ্রুপাতন
রোদনীয়, (রুদ) ক্রন্দনীয়, বিলাপনীয়।
রোদস্, স্বর্গ ; আকাশ।
রোদসী, স্বর্গ ; ভূমি। [কারক।
রোদ্ধা, (রুধ) প্রতিবন্ধক-নিবারক ; রোধ
রোধ, (রুধ) আটক ; বাধা ; নিবারণ ;
রোধঃ, (রোধস) নদীতীর, তট, পুলিন।
রোধক, (রুধ) প্রতিবন্ধক ; আটককারক, বাধক।
রোধকতা, বাধকতা, প্রতিবন্ধকতা।
রোধন, (রুধ) রোধকর্ত্তা ; প্রতিবন্ধক, নিবারণ, বাধা, আটক। [নীয়।
রোধনীয়, (রুধ) প্রতিবন্ধক যোগ্য, নিবার-
রোধবক্রা, নদী, তটিনী, সরিৎ।
রোধবতী, নদী, তটিনী, স্রোতস্বতী।
রোধিত, (রুধ) রুদ্ধ, নিবারিত, বদ্ধ।
রোধ্র, অপরাধ, দোষ ; পাপ, কলুষ ; বৃক্ষবিশেষ, লোধগাছ।
রোধ্রপুষ্প, মধুলফুল, মউয়ার ফুল।
রোধ্রপুষ্পিণী, (রোধ্র-পুষ্প) ধাতকী বৃক্ষ, ধাইফুলের গাছ।
রোপ, (রুহ) বাণ ; রোপণ ; ছিদ্র, ছেদা।
রোপক, (রুহ) রোপণকারক, বপনকর্ত্তা ; কৃষক।
রোপণ, (রুহ) বপন, বুনন, পোতন, জনন প্রাদুর্ভাব ; অঙ্কুর বিরোহ। [বিশেষ।
রোপণচূর্ণ, নয়নাঞ্জন বিশেষ, চক্ষুরঞ্জন।
রোপণীয়, (রুহ) বপনার্হ, রোপণযোগ্য।

রোপিত, বপন করা, উপ্ত ; প্রোথিত পোঁতা।
রোপ্যাতিরোপ্য, ধান্যবিশেষ।
রোম, (লোমন) শরীর জাত কেশাঙ্কুর ; লোম, রোঁআ, তনুরুহ। [বিশেষ।
রোমক, পাংশুজ লবণ, পাঙ্গালোণ ; অয়স্কান্ত
রোমকন্দ, পিণ্ড আলু, চুবড়ী আলু।
রোমকপত্তন, দেশবিশেষ। [ছিদ্র।
রোমকূপ (রোমন-কূপ) লোমবিবর, রোমের
রোমকেশর চামর, রোম গুচ্ছ
রোমন্থ, উদ্গীর্ণ চর্ব্বণ, জাওর কাটা।
রোমবান, লোমবিশিষ্ট লোমযুক্ত।
রোমবিকার, রোমাঞ্চ, হর্ষ বা ভয়াদিহেতু লোমোদ্গম, শিহরণ
রোমভূমি, চর্ম্ম, ত্বক্, চামড়া, ছাল।
রোমলতা, লোমাবলী লোমশ্রেণী।
রোমশ (লোমন) অতিশয় লোম বিশিষ্ট মেষ ভেড়া ; শূকর, বরাহ। [উদ্গম।
রোমহর্ষ, (রোমন-হৃষ) রোমাঞ্চ, লোমের
রোমহর্ষণ, রোমাঞ্চ, শিহরণ ; সুত।
রোমাঞ্চ (রোমন-অঞ্চ) রোমহর্ষ রোমোদ্গম
রোমউঠন ; শিহরণ, গাত্রে কাঁটা দেওন।
রোমাঞ্চিত, (রোমাঞ্চ) জাত পুলক, রোমাঞ্চ বিশিষ্ট, পুলকিত।
রোমাবলি, (রোমন-আবলী) নাভির ঊর্দ্ধস্থ লোমশ্রেণী লোমরাজী। [আলু।
রোমালু, (রোমন-আলু) পিণ্ডআলু, চুবড়ী
রোমোদ্গম, (রোমন-উদ্গম) রোমাঞ্চ লোম উঠন। [মোদ্গম।
রোমোদ্ভেদ, (রোমন-উদ্ভেদ) রোমাঞ্চ, লো
রোয়ালী, (রুহ) বীজধান্য ধানের চারা ; রোপিত ধান্য। [ও ঢোলকের বাদ্য।
রোশনচৌকী, (যাং) বাদ্য বিশেষ, সানাই
রোসনাই, (যাং) দীপ্ত প্রভা, আলো।
রোষ, (রুষ) ক্রোধ, কোপ, রাগ।
রোষণ (রোষ) পারদ, পারা ; হেম ঘর্ষণোপল ; উষর ভূমি, অচস্য ক্ষেত্র ক্রোধন, কোপন।
রোষাণ (রোষ) ক্রোধ জন্মান, কোপান্বি-
রোষাল, (রোষ) কোপযুক্ত, ক্রোধান্বিত, উগ্র প্রকৃতি রাগী।
রোহ, (রুহ) অঙ্কুর, কুঁড়ী, কোঁকড়ী।
রোহক, প্রেত বিশেষ।
রোহণ, (রুহ) শুক্র, রেতঃ, অঙ্গ, অঙ্কুর, রোহ

পাদন, প্রাদুর্ভাব; পর্ব্ব; বিশেষ।
রোহন্ত, বৃক্ষবিশেষ।
রোহন্তী, লতাবিশেষ; লতামাত্র।
রোহি, বীজ বৃক্ষ; ধার্ম্মিক।
রোহিণ, (রুহ) কালবিশেষ, দিবসীয় নবম মুহূর্ত্ত; তৃণবিশেষ; বটগাছ।
রোহিণি, (রুহ) রোহিণীনক্ষত্র, ২৭নক্ষত্রের অন্তর্গত চতুর্থ নক্ষত্র।
রোহিণিকা, ক্রোধাদি হেতুক রক্তবর্ণা স্ত্রী।
রোহিণী, (রুহ) স্ত্রীগবী; বিদ্যুৎ, হরীতকী মঞ্জিষ্ঠা লতা; বলদেবমাতা, বসুদেব ভার্য্যা; নবম বর্ষীয়া কন্যা; ২৭ নক্ষত্রের অন্তর্গত চতুর্থ নক্ষত্র।
রোহিণীপতি, চন্দ্র, শশাঙ্ক, বিধু।
রোহিণীরমণ, বৃষভ; ষাঁড়, বসুদেব।
রোহিণীশ, (রোহিণী-ঈশ) চন্দ্র; বসুদেব।
রোহিত, (রুহ) কুঙ্কুম; রক্ত; মৎস্যবিশেষ, রুইমাছ; মৃগবিশেষ; বৃক্ষ বিশেষ, রোহিতক বৃক্ষ।
রোহিতক, (রুহ) বৃক্ষবিশেষ, রোহড় গাছ
রোহিতা, রাগাদি দ্বারা রক্তবর্ণা।
রোহিতাশ্ব, অগ্নি; হরিশ্চন্দ্র রাজপুত্র।
রোহিতিকা, (রোহিত) রাগাদি দ্বারা রক্তবর্ণা
রোহিতেয়, (রোহিত) রোহিতক বৃক্ষ রোহড়া গাছ।
রোহিৎ, সূর্য্য, মৎস্যবিশেষ, লতাবিশেষ।
রোহী, (রুহ) রোহিতক বৃক্ষ, রোহড়া গাছ; অশ্বত্থ বৃক্ষ; বটবৃক্ষ।
রৌদ, (রৌদ্র) সূর্য্যতেজঃ, আতপ।
রৌদ্র, (রুদ্র) শৃঙ্গারাদি নব রসের অন্তর্গত রসবিশেষ; উগ্র; সূর্য্যতেজঃ আতপ; যম; ভীষণ, রুদ্র সম্বন্ধীয়।
রৌদ্রী, (রুদ্র) চণ্ডী, রুদ্রজটা।
রৌপ্য, (রূপ্য) রূপ্য রজত রূপা।
রৌরব, (রুরু) নরকবিশেষ; ঘোর, ভয়ানক মূর্ত্তি; চঞ্চল।
রৌহিণ, দিবসের নবম মুহূর্ত্ত চন্দন; বৃক্ষ;
রৌহিণেয়, (রোহিণী) মরকত মণি; বলদেব, বুধগ্রহ, গোবৎস।
রৌহিষ, (রুহ) মৃগবিশেষ; রোহিত মৎস্য
রৌহিষী, হরিণী, মৃগী; দূর্ব্বা।
রৌক্ষ্য, (রুক্ষ) রুক্ষতা, রূক্ষতা, রুক্ষত্ব, অচিক্কণতা, নিস্নেহতা।

ল

ল লকার, বাঙ্গালার অষ্টাবিংশ বর্ণ; ইন্দ্র, শক্র, দেবরাজ।
লওন, (লী) গ্রহণ, ধরণ; স্বীকার করণ।
লওয়ান, (লী) গ্রহণ করাণ; প্রবোধ জন্মান বুঝান, প্রবৃত্তি দেওন।
লওয়ানিয়া, (লী) প্রবোধ দায়ক; প্রবর্ত্তক।
লকচ, বৃক্ষবিশেষ, লকুচবৃক্ষ, ডেহুয়, মাদার বৃক্ষ ফল।
লকুচ, বৃক্ষবিশেষ, মাদার, ডেহুয়া।
লক, মাজা করা সূক্ষ্ম রেশমের সূত্রবিশেষ।
লক্কা, (লগ) পারাবত বিশেষ।
লক্ত, অলক্তক, আলতা; সংলগ্ন।
লক্তক, অলক্তক, আলতা; জীর্ণবস্ত্রখণ্ড।
লক্তকর্ম্মা; রক্তবর্ণ লোধ বৃক্ষ, রাঙ্গালোধ গাছ।
লক্‌লকিয়া, (লকলক) পাতলা; দোদুল্যমান
লগড়, চারু, মনোহর, সুন্দর।
লগা, (লগ) আকর্ষণী আঁকুড়ী, আঁকুষী।
লগিত, (লগ) সংযুক্ত, সংলগ্ন, লাগা, সংযুক্ত থাকা। [আকর্ষণী, আঁকুষী।
লগী, (লগ) নৌকাবাহনদণ্ডবিশেষ, ধ্বজী;
লগুড়, (লগ) দণ্ড, লাঠি, বংশাদি নির্ম্মিত যষ্টি; লৌহময় অস্ত্র বিশেষ।
লগে, (লগ) সঙ্গে, নগভিব্যাহারে; সমীপে
লগ্ন, (লগ) বিশেষ সময়; রাশির উদয় কাল; স্তুতিপাঠক; লজ্জিত।
লগ্নক, (লগ্ন) প্রতিভূ, জামীন।
লগ্নপত্র, বিবাহ নির্ব্বাহক কালের অবধারণার্থ লিপি, বিবাহ কাল নিরূপণপত্র।
লগ্নালগ্নি, (লগ্ন) যোগ; লাগালাগি; একত্র হওয়া। [বৃদ্ধিকা।
লগ্নিকা, (লগ্ন) বিবস্ত্রা স্ত্রী, অজাতরজস্কা।
লগ্‌লগিয়া, (লকলক) দোদুল্যমান পাতলা
লঘট, (লঘ) বায়ু, অনিল, বাত, বাতাস
লঘিমা, (লঘ) লঘুত্ব, অল্পত্ব, ভারহীনত্ব
লঘিষ্ঠ, (লঘ) অতিশয় লঘু, অতি ক্ষুদ্র, বড় হালকা। [বড় হালকা
লঘীয়ান লঘুতর; অতিশয় ক্ষুদ্র; ক্ষুদ্রতর,
লঘু, (লঘ) শীঘ্র, হ্রস্ব, খর্ব্ব, সূক্ষ্ম অল্প, হালকা পাতলা।
লঘুকায়, ছাগ, ছাগল; অল্প শরীর।

লঘুকাশ্মর্য্য, কটফলের গাছ।
লঘুগর্গ, ত্রিকণ্টক মৎস্য টেংরা মাছ।
লঘুজ্ঞান, ক্ষুদ্রজ্ঞান, হেয়বোধ, অবজ্ঞা।
লঘুতা (লঘু) লাঘব, তুচ্ছতা, অল্পত, ক্ষুদ্রতা
লঘুতেজঃ (লঘু-তেজস) অল্পদীপ্ত, অল্পশক্তি
লঘুত্ব (লঘু) অল্পতা, নীচত্ব, হালকাই।
লঘুদন্তী, ক্ষুদ্র দন্তীবৃক্ষ
লঘুদুন্দুভি, বাদ্যবিশেষ ক্ষুদ্র জয়ঢাক, ছোট
লঘুদোষ, ক্ষুদ্র অপরাধ সামান্য দোষ।
লঘুপঞ্চমূল পাচনবিশেষ, ক্ষুদ্র পঞ্চমূল
লঘুপাক অল্প সময়ে পাক হইবারযোগ্য,
সুপচ, পাচনযোগ্য।
লঘুবদর ক্ষুদ্রকোলি, ছোটকুল।
লঘুবীর্য্য, অল্পতেজঃ, অল্পবল, দুর্ব্বল।
লঘুব্যয়, অল্পব্যয়, কৃপণ। [পণ।
লঘুব্যয়ী, (লঘুব্যয়িন) পরিমিত ব্যয়ী, কৃ-
লঘুভার, অল্পপরিমাণ; অল্প ভার, হালকা।
লঘুমাংস, তিত্তিরি পক্ষী, হাল্কামাংস।
লঘুমূল, বীরণ মূল, বেণার সিকড়।
লঘুসমর, ক্ষুদ্রযুদ্ধ, অল্পসংগ্রাম।
লঘুহস্ত, শীঘ্রবেধী শীঘ্রহস্ত; আশুবাণত্যা-
গকারী। [শাক; প্রস্রাব, মূত্র।
লঘ্বী (লঘু) লাঘবযুক্তা, পৃক্কাশাক, পিড়াং
লঘ্বী ক্রিয়া, মূত্রত্যাগ, প্রস্রাব করণ।
লঙ্কা, (লক) রাক্ষসপুরী, সিংহল দ্বীপ; ফল-
বিশেষ, লঙ্কামরিচ।
লঙ্কাদাহ, লঙ্কাদাহবৎ ভয়ানক অগ্নিউৎপাত
লঙ্কাদাহী, (লঙ্কা-দাহিন) হনুমান, লঙ্কাদ-
হনকারী। [শ্বর
লঙ্কাধিপতি (লঙ্কা-অধিপতি) রাবণ, লঙ্কে-
লঙ্কাদাহ্যে ডা, হনুমান, পবনতনয়।
লঙ্কামরিচ, কটুরস যুক্ত ফল বিশেষ, মরিচ
বিশেষ। [সিজ; লঙ্কাবাসী
লঙ্কাস্থায়ী, (লঙ্কা-স্থায়িন) বৃক্ষবিশেষ, লঙ্কা
লঙ্কেশ, (লঙ্কা-ঈশ) রাবণ, লঙ্কাধিপতি।
লঙ্কোপিকা, পৃক্কাশাক, পিড়াং শাক
লঙ্গ, (লঙ্গ) মিলন, উপপতি, লঙ্গ।
লঙ্গর, (লগ) নঙ্গর।
লঙ্গুল, লাঙ্গুল, ল্যাজ, পুচ্ছ।
লঙ্ঘন, (লঘ) উপবাস; অতিক্রমণ, উৎপ্লব-
ন, লম্ফন, ডিঙ্গান; অতিক্রম।
লজ্জা, (লস্জ) আয়াড়, প্রাচুর, মর্দ্দন।
লজ্জালু, লাজ লাকি, ভেড়ালিক।
লজ্জা, (লস্জ) আত্মাপকর্ষবৃত্তিবিশেষ; অক-
র্ত্তব্য কর্ম্ম করিলে পর পরিতাপ জনক ভয়,
লাজ, ত্রপা ব্রীড়া। [অকর্ত্তব্য কর্ম্ম
লজ্জাকর, (লজ্জা-কৃ) ব্রীড়াকর, লজ্জাজনক;
লজ্জান্বিত, (লজ্জা-অন্বিত) অপত্রপিষ্ণু, ল-
জ্জাবিশিষ্ট, লজ্জিত, ত্রপাশীল।
লজ্জাবান, (লজ্জা) লজ্জাযুক্ত, লাজুক, লজ্জিত
লজ্জারহিত, নির্লজ্জ, অনপত্রপ, বেহায়া।
লজ্জালু, (লজ্জ) লজ্জাযুক্ত, লজ্জাশীল, লা-
জুক, লতাবিশেষ
লজ্জাশীল, লজ্জাবিশিষ্ট, লাজুক, অপত্রপিষ্ণু
লজ্জাহীন, অনপত্রপ নির্লজ্জ, লজ্জাশূন্য,
বেহায়া। [ত্রপান্বিত।
লজ্জিত, (লস্জ) লজ্জাযুক্ত, লজ্জাবিশিষ্ট,
লজ্জিতা, (লস্জ) লজ্জালু, লজ্জাবতী, ল-
তাবিশেষ, লজ্জালু লতা।
লজ্জুক, (লস্জ) লজ্জা, ত্রপা, লাজ।
লঞ্জ, পাদ, চরণ, কচ্ছ, কাছ; পুচ্ছ লেজ।
লঞ্জিকা, বেশ্যা বারাঙ্গনা।
লট, অনবধানতার কথা, প্রমাদ বাক্য, দোষ
লটক, দুর্জ্জন, দুষ্ট, [illegible]।
লটপর্ণ, ত্বক, চর্ম্ম, ছাল।
লটকন (লটক) ঝুলন, দোলন, টাঙ্গন।
লটকান, (লটকা) লম্বমান, ঝুলান, টাঙ্গান
লটখট, (লটকুষ্ট) উৎপাত, ঝঞ্ঝাট।
লটখটী, (লটখট) উৎপাত ঝঞ্ঝাট;
যন্ত্রণা, ক্লেশ।
লটা, দুর্জ্জন; দুষ্ট, ধূর্ত্ত।
লটপট, লুণ্ঠন; শ্রান্তি বশতঃ দুর্ব্বল।
লটু, জাতিবিশেষ, লেটুয়া, রাগবিশেষ,
ঘোটক। [চোর; পক্ষিবিশেষ।
লট্টা, করঞ্জবিশেষ মাটা কবন্ধ, বাদ্যবি-
লঠুয়া, লম্পট) লোচ্চা, কামুক।
লঠু, (লম্পট) লোচ্চা, কামুক
লড়ন, (লড) স্পন্দন, দোলন, যুদ্ধকরণ।
লডহ, মনোজ্ঞ, চারু, মনোহর, সুন্দর।
লড়াই, (লড) যুদ্ধ, রণ, সমর, সংগ্রাম।
লড়াক, (লড়াই) যোদ্ধা, রণকারক, বীর।
লড়ান, (লড়া) যুদ্ধকরান যুদ্ধে প্রবৃত্তি দেওন
লড়ালড়ি, (লড়া) উভয় পক্ষের যুদ্ধ, পর-
স্পর যুদ্ধ করণ, পুনঃ২ যুদ্ধ।
লড়ি, (লগুড়) যষ্টি, লাঠী। [লোক দেখান
লড় ক্লান, (লড়কা) সংক্ষোভ আঘাত দেওন;
লড়চড়, (লড়) চঞ্চল অস্থির।
লড্ডুক, (লড়) মোদক বিশেষ, লাড়ু।

লম্বজিহ্বা. আলজিব।
লম্বিত. (লম্ব) লম্বমান মাল্যাদি; স্রংশিত; ঝুলিত, লটকান। [উদর
লম্বোদর, (লম্ব-উদর) গণেশ, ঔদরিক; বৃহৎ
লম্বোষ্ঠ. (লম্ব-ওষ্ঠ) উষ্ট্র, উট; দীর্ঘ ওষ্ঠবিশিষ্ট। [দ্বির তাল বিশেষ।
লয়. (লী) বিনাশ, ধ্বংস, প্রলয়; গীত বাদ্যা
লয়গত লয়প্রাপ্ত বিনাশ হওয়া।
লয়পুত্রী. নর্ত্তকী, নটী; নৃত্যকারিণী।
লয়প্রাপ্ত. লয়গত, বিনাশ হওয়া।
লয়ারম্ভ, (লয়-আরম্ভ) নট, নর্ত্তক।
লয়ালম্ব (লয়-আলম্ব) নট, নর্ত্তক [হিংসক।
ললজ্জিহ্ব, উষ্ট্র, উট, কুক্কুর. কুকুর; হিংস্র
ললৎ, (লল) বিলাসযুক্ত; চঞ্চল; জিহ্বাক্রিয়া বিশিষ্ট; ভাষণ বিশিষ্ট; উৎক্ষেপণ বিশিষ্ট
ললন. (লল) কেলি, ক্রীড়া, চালন; শালবৃক্ষ পিয়াল বৃক্ষ।
ললন্তিকা, নাভিলম্বিত হার; দীর্ঘমাল্যাদি।
ললনা. কামিনী, মহিলা; জিহ্বা। [রীপ্রিয়।
ললনাপ্রিয়. কদম্ববৃক্ষ; কামিনীবল্লভ. না-
ললাট. (লল-অট) অবয়ববিশেষ, কপাল, ভাল; অদৃষ্ট।
ললাটিক (ললাট) প্রশস্তললাট; ললাটমাত্র
ললাটন্তপ, সূর্য্য, রবি ভানু
ললাটভূষণ, কপালের অলঙ্কার, টিক
ললাটিকা. (ললাট) স্বর্ণাদি রচিত ললাট ভূষণ টিকা; তিলক. ললাটস্থ চন্দন।
ললাম, ভূষা, ভূষণ, অলঙ্কার; চিহ্ন; ধ্বজ; শৃঙ্গ; প্রধান. বালধি, পুচ্ছ; অশ্বললাটস্থ চিহ্ন বিশেষ, গবাদির ললাটস্থ চিত্র।
ললামী, কর্ণভূষণ বিশেষ।
ললিত. (লল) সুন্দর; মনোজ্ঞ; কোমল; নরম ঈপ্সিত; চালিত, শৃঙ্গার ভাব জাত ক্রিয়া বিশেষ।
ললিতকান্তা, মঙ্গলচণ্ডিকা, মঙ্গলচণ্ডী।
ললিতা, (লল) কস্তুরী; নারী, নদীবিশেষ; গোপী বিশেষ।
ললিতাসপ্তমী. ভাদ্র মাসের শুক্লা সপ্তমী।
লশুন, (অশ) মূলবিশেষ রশুন।
লশুনীক্ষ, (লশুন) মূলবিশেষ রশুন।
লবণীয়. (লব) বাঞ্ছনীয়, স্পৃহণীয়।
লষত, (লষ) বাঞ্ছিত, ইষ্ট, অভীষ্ট।
লষ নর্ত্তক; নৃত্যকারক, নট।
লষা. হরিদ্রা, হলুদ।

লসিকা. লালা, লাল, মুখের অমৃত।
লসীকা. ইক্ষুরস, আউকের রস; ত্বক্ ও মাংসের মধ্যগত রস বিশেষ।
লগ্ন; শ্লিষ্ট, ক্রীড়িত; শিল্পযুক্ত।
লস্তক, ধনুর মধ্যভাগ. ধনুকের মধ্যদেশ।
লস্তকী ধনুঃ, ধনুক, কার্ম্মুক।
লহরি, (রহ) মহাতরঙ্গ; কল্লোল, ঢেউ।
লহরী. (রহ) মহাতরঙ্গ, কল্লোল. ঢেউ।
লক্ষ, (লক্ষ) শরব্য, বাণের লক্ষ্য, দশ অযুত সংখ্যা, একশত সহস্র, লাক।
লক্ষণ. (লক্ষ) চিহ্ন, নিদর্শন; সুমিত্রা পুত্র লক্ষ্মণ; ব্যাকরণের সূত্র; বিশেষ গুণ; আকার; ভাব।
লক্ষণরহিত, বিশেষ চিহ্ন রহিত।
লক্ষণা, (লক্ষ) শক্যসম্বন্ধ, অধ্যাহার; সারসী. হংসী। [যুক্ত।
লক্ষণাক্রান্ত, (লক্ষণ-আক্রান্ত) বিশেষ চিহ্ন
লক্ষণোপেত, (লক্ষণ-উপেত) বিশেষ চিহ্নিত, লক্ষান্বিত।
লক্ষা, (লক্ষ) লক্ষ. দশ অযুত সংখ্যা, লাক
লক্ষিত, (লক্ষ) নিরীক্ষিত; দৃষ্ট; অঙ্কিত; লক্ষণাশ্রয়।
লক্ষিতা, পরকীয় নায়িকার অন্তর্গত নায়িকা বিশেষ। [শ্রেষ্ঠ।
লক্ষ্ম, (লক্ষ) চিহ্ন, লক্ষণ, নিদর্শন; প্রধান.
লক্ষ্মণ, (লক্ষ) চিহ্ন; নাম; শ্রীবিশিষ্ট; সারস পক্ষী, শ্রীরামচন্দ্রের ভ্রাতা, সৌমিত্রি
লক্ষ্মণপ্রসূ, সুমিত্রা, লক্ষ্মণের মাতা।
লক্ষ্মণা, শ্বেত কন্টকারি; সারসপক্ষিণী; ওষধি বিশেষ, দুর্য্যোধনের কন্যা। [বৃক্ষ।
লক্ষ্মণা, (লক্ষ্মণ) বৃক্ষবিশেষ. শ্বেত কন্টকারি
লক্ষ্মী, (লক্ষ) বিষ্ণুপত্নী, কমলা, শ্রী, সম্পত্তি শোভা; সীতা; বারস্ত্রী; স্থলপদ্মিনী; হরিদ্রা, শমীধান্য।
লক্ষ্মীকান্ত (লক্ষ্মী-কান্ত) নারায়ণ, বিষ্ণু।
লক্ষ্মীগৃহ. রক্তোৎপল; লক্ষ্মীর ঘর।
লক্ষ্মীছাড়া. শ্রীভ্রষ্ট দুর্ভাগ্য, দরিদ্র।
লক্ষ্মীজনার্দ্দন, শালগ্রামশিলাবিশেষ, একদ্বারে চতুশ্চক্রযুক্ত বনমালা রহিত শিলা বিশেষ।
লক্ষ্মীনারায়ণ, শালগ্রাম শিলাবিশেষ. একদ্বারে চতুশ্চক্র যুক্ত বনমালা ভূষিত শিলা বিশেষ।
লক্ষ্মীনৃসিংহ. শালগ্রাম শিলাবিশেষ. দ্বি-

চক্র বর্ম্মচিহ্নযুক্ত শিলা বিশেষ।
লক্ষ্মীপতি, বাসুদেব; নরপতি; মহাধনী;
লবঙ্গবৃক্ষ; গুবাক, গুপারী; ক্রমুক, লব।
লক্ষ্মীপুত্র, কন্দর্প, মদন, কামদেব; ঘোটক
লক্ষ্মীপুষ্প, মণিবিশেষ, পদ্মরাগ মণি।
লক্ষ্মীফল, বিল্ববৃক্ষ; শ্রীফল।
লক্ষ্মীবন্ত, (লক্ষ্মী) শ্রীযুক্ত, ধনবন্ত, শ্রীমান।
লক্ষ্মীবান্, (লক্ষ্মী) শ্রীযুক্ত, ধনবান্, শ্রীমান্;
পনস বৃক্ষ, কাঁটাল গাছ।
লক্ষ্মীশ, (লক্ষ্মী-ঈশ) বিষ্ণু, নারায়ণ।
লক্ষ্মীসহায়া, সীতা, জানকী। [ধাকর।
লক্ষ্মীসহজ, (লক্ষ্মীসহ-জন) চন্দ্র, বিধু, সু-
লক্ষ্মীহীন, শ্রীহীন, নির্ধন, লক্ষ্মীছাড়া।
লক্ষ্য, (লক্ষ) শরবেধ স্থান, বাণের নিশানা;
শরব্য, বেধ্য; লক্ষণাদ্বারা বোধ্য।
লা, (লাক্ষা) গ্রহণ; দান; লাক্ষা, জতু।
লাউ, (লাবু) তুম্বী অলাবু, কদুফল।
লাক, (লক্ষ) শতসহস্র সংখ্যা, দশ অযুত।
লাকপতি, লক্ষপতি, লক্ষমুদ্রার অধিপতি
লাখেরাজ, (বাং) নিষ্কর ভূমি।
লাগন, (লগ) সংযোগ হওন; স্পর্শন; ক্লে-
শন; প্রবর্ত্তন; নিকটস্থ হওন।
লাগা, (লগ) সংযোগ, লগ্ন; সম্বন্ধ; বিশেষ
লাগাইল, (লাগ) ধরা; মিল, অন্বেষণ, সন্ধান
লাগান, (লাগ) সংযুক্তকরণ, মিলান, নিক-
টস্থ হওন; প্রহারকরণ। [কটানিকটি।
লাগালাগি, (লাগা) সংলগ্ন, সংযুক্ত; নি-
লাগি, (লগ) নিমিত্ত; ধরা।
লাঘব, (লঘু) লঘুত্ব; হ্রাসতা; ক্ষুদ্রতা, অ-
ল্পতা; অপমান।
লাঘবী, (লাঘব) অল্পব্যয়ী, ব্যয়কুণ্ঠ।
লাঙ্গল, (লগ) ভূমিকর্ষণার্থ যন্ত্রবিশেষ, হল;
পুষ্পবিশেষ; তালবৃক্ষ।
লাঙ্গলগ্রহ, কৃষক, হলবাহক, চাষী।
লাঙ্গলদণ্ড, লাঙ্গল মধ্যস্থ কাষ্ঠ; লাঙ্গলের
ঈষ, ঈশা।
লাঙ্গলপদ্ধতি লাঙ্গল রেখা, সিরাল
লাঙ্গলা, (লাঙ্গল) চাষী, কৃষক, হলবাহক।
লাঙ্গলিক, (লাঙ্গলী) স্থাবর বিষ বিশেষ;
কৃষক। [ঙ্গলাগাছ।
লাঙ্গলিকা, (লাঙ্গলী) বৃক্ষবিশেষ বিষলা-
লাঙ্গলিকী, বৃক্ষবিশেষ, বিষলাঙ্গল গাছ।
লাঙ্গলিয়, (লাঙ্গল) হলবাহক, কৃষক
লাঙ্গলী, (লাঙ্গল) বলরাম, হলধর; লাঙ্গল-
ধারী; নারিকেল; সর্প; লাঙ্গলাকার পুষ্প
অলক্ষ শাকবিশেষ কাঁচড়াদাম।
লাঙ্গুল, (লগ) পুচ্ছ, ল্যাজ, বালহস্ত, বালধি
লাঙ্গুলী, (লাঙ্গুল) বানর, ঋষভনামে ঔষধ-
বিশেষ। [ভিজা চাউল; লাজা।
লাজ, (লজ্জ) ভৃষ্টধানা, খৈ; আর্দ্র তণ্ডুল,
লাজা, (লাজ) অক্ষত, আতপতণ্ডুল, আল-
চাউল; ভৃষ্টধান্য, খই। [ন্বিত।
লাজুক, (লজ্জ) লজ্জাশীল, লজ্জাযুক্ত ত্রপা-
লাজুলজ্জা, (লজ্জ) ত্রপান্বিত; বৃক্ষবিশেষ।
লাঞ্ছন, (লাছ) কলঙ্ক; চিহ্ন; দাগ; গঞ্জন;
নিন্দা, তিরস্কার, ভর্ৎসন।
লাঞ্ছনা, (লাছ) তিরস্কার, ভর্ৎসনা; যন্ত্রণা।
লাঞ্ছনীয়, (লাঞ্ছন) অনুযোগার্হ; ঘৃণ্য।
লাঞ্ছিত, (লাছ) তিরস্কৃত, ভর্ৎসিত, নি-
ন্দিত। [মালান, বিশ্রী।
লাট (লট) দেশান্তর; বস্ত্র; জীর্ণ ভূষণাদি
লাটিম, (লাট) ক্রীড়া সাধন দ্রব্য বিশেষ;
বর্ত্তুলাকার খেলিবার বস্তু।
লাঠামাছ, মৎস্যবিশেষ।
লাঠী, (লগুড়) যষ্টি, দণ্ড, বাড়ী
লাঠীয়াল, যষ্টিপ্রহরী, লেঠেড়া।
লাঠেড়া, (লাঠি) যষ্টিপ্রহার পূর্ব্বক উপদ্রব
কারী। [হেলান; চঞ্চল করণ।
লাড়ন, (লড়) স্থানান্তর করণ; দোলান,
লাড়া, (লড়) ছেদিত ধান্যের অবশিষ্ট অংশ
বিচালীর গোড়া; স্থানান্তর করা, দোলান।
লাড়ু, (লড্ডুক) মিষ্টদ্রব্য বিশেষ।
লাড়ুগোপাল, দেববিগ্রহ বিশেষ।
লাত, (লট) পদাঘাত, পদদ্বারা প্রহার।
লাথী (লট) লাত, পদাঘাত, পদ প্রহার।
লাপ, (লপ) কথন, বাক্য, বচন।
লাপ্য (লপ) কথনীয়, কথ্য
লাফ, (লম্ফ) লম্ফ, উৎপ্লব।
লাফডিংরা, (লাফ-ডিঙ্গ) দুর্দ্দান্ত, দুষ্ট।
লাফন, (লাফ) লম্ফ প্রদান, উৎপ্লবন, আ-
স্ফালন।
লাফানি, লম্ফন, কুর্দ্দনী।
লাব, (লু) পক্ষিবিশেষ, লাওয়া পাখী।
লাবণ, (লবণ) লবণ দ্বারা সংস্কৃত, লবণযুক্ত,
লাবণিক, (লবণ) লবণ দ্বারা সংস্কৃত; লব-
ণাক্ত; লবণসম্বন্ধীয়, লবণ বিক্রেতা লবণ-
পাত্র। [চাকচিক্য।
লাবণ্য, (লবণ) কান্তি সৌন্দর্য্য শ্রী শোভা।

লাবণ্যযুক্ত, শ্রীযুক্ত, সৌন্দর্য্যান্বিত, শোভান্বিত।
লাবণ্যরহিত, কান্তিহীন, শ্রীহীন, শোভারহিত
লাবণ্যার্জ্জিত, বিবাহ কালীন শ্বশুরের নিকট লব্ধ ধন।
লাবা, (লূ) পক্ষিবিশেষ, লাওয়া পাখী।
লাবু, আলাবু, লাউ, তুম্বী।
লাভ, (লভ) মূলধন হইতে অধিক; বাণিজ্যোপার্জ্জিত ধন; লভ্য; বৃদ্ধি; ব্যাজ, সুদ।
লাভকর, (লাভ-কৃ) লভ্য জনক; ফলজনক।
লাভভুক, (লাভ-ভুজ) বৃদ্ধিজীবী, উত্তমর্ণ, মহাজন; বাণিজ্যাদির উপস্বত্বভোগী।
লাভাকাঙ্ক্ষা, (লাভ-আকাঙ্ক্ষ) লভ্যাকরিবার আশয়, লাভের ইচ্ছা।
লাভানর্হ, (লাভ-অনর্হ) লাভের অযোগ্য।
লাভালাভ, (লাভ-অলাভ) ফলাফল, প্রাপ্তাপ্রাপ্তি।
লাম্পট্য (লম্পট) লম্পটতা, কামুকতা, লোলামী।
লাল, (লাল) লালা, থুথু, মুখামৃত।
লালচ, (লালস) লালসা, অতিশয় স্পৃহা, লাভেচ্ছা; লোভ।
লালচিয়া, (লালচ) অতিশয় লোভী, লিপ্সু।
লালন, (লা) অতিশয় স্নেহ করণ; প্রেমপূর্ব্বক বালকের আদর করণ, সোহাগ করণ, বাৎসল্য করণ।
লালনটীয়, (লাল-নটীয়া) রাঙ্গা নটীয়াশাক
লালসা, (লস) লোভ; মহা অভিলাষ, ঔৎসুক্য; ইচ্ছা, বাঞ্ছা; শ্রদ্ধা; লোল, চঞ্চল।
লালসীক, (লালস) পিচ্ছল পিছল; লোভী, আকাঙ্ক্ষী।
লালা, (লল) মুখজাত জল, লাল, মুখামৃত।
লালাটিক, (ললাট) অদৃষ্টদর্শী, দৈবপরায়ণ; ললাট সম্বন্ধীয়।
লালাবিষ, লতাস্যাদি, মাকড়সা প্রভৃতি।
লালামেহ, প্রমেহ বিশেষ, ধাতুক্ষরণ।
লালাস্রাব, ঊর্ণনাভ, লূতা, মাকড়সা।
লালিক, (লাল) মহিষ, লুলাপ।
লালিত, (লা) প্রতিপালিত, লালন করা।
লালিত্য, (ললিত) কোমলতা, মৃদুতা, সুরসতা, রম্যতা।
লালী, (য়াং) রক্তবর্ণতা; রাঙ্গা।
লালুক, (লল) বাঞ্ছান্বিত; লোভী; ব্যাকুলতা কারক।
লাস, (লস) নৃত্য; স্ত্রীলোকের নৃত্য; যূষ, ঝোল; শব, মৃতদেহ।
লাসক, (লস) ঘটক; ঘরের নটকা; ময়ূর
লাসকা, (লস) নর্ত্তকী, নৃত্যকারিণী স্ত্রী।
লাস্য, (লস) নৃত্য, স্ত্রীনৃত্য; তৌর্য্যত্রিক; নর্ত্তক, নট।
লাস্যা, (লস) নর্ত্তকী, নৃত্যকারিণী।
লাহা, (লাক্ষা) লা, জতু, জৌ; পদার্থবিশেষ
লাক্ষকী, সীতা, জানকী।
লাক্ষণিক, (লক্ষণ) লক্ষণা দ্বারা অর্থ প্রতিপাদক।
লাক্ষা, (লক্ষ) রক্ত বর্ণ বৃক্ষ নির্যাস বিশেষ, লা, জতু, জৌ।
লাক্ষাতৈল, পক্বতৈল বিশেষ।
লিকুচ ডহু, মান্দার, ডেহুয়া, ডেঁফল।
লিক্ষা, যূকাণ্ড, ক্ষুদ্র উকুন, নিকি।
লিখ, (লিখ) লেখন, লিপি।
লিখন, (লিখ) লেখন, লিপি, লেখা; চিত্রকরণ।
লিখিত, (লিখ) লিপি; লেখন; লিখিতপত্রাদি, ধর্ম্মশাস্ত্র বক্তা মুনি বিশেষ।
লিখিতব্য, (লিখ) লেখনীয়, লিখনার্হ।
লিগ, (লিগ) অক্ষদণ্ড, গাড়ির চাকার আল
লিঙ্গ, (লিগ) চিহ্ন; মেঢ্র, শিশ্ন, উপস্থ; মূর্ত্তি বিশেষ, ব্যক্ত; সামর্থ্য।
লিঙ্গক, (লিঙ্গ) কপিথবৃক্ষ, কতবেল।
লিঙ্গবর্দ্ধ, কপিথবৃক্ষ; শিশ্ন বৃদ্ধি করণ।
লিঙ্গবর্দ্ধিনী, অপামার্গবৃক্ষ, আপাংগাছ।
লিঙ্গবৃত্তি, জীবিকার্থ জটাদি চিহ্ন ধারণ; ধর্ম্মধ্বজী হওয়া।
লিঙ্গার্চ্চক, (লিঙ্গ-অর্চ্চক) শিব পূজক।
লিঙ্গালিকা, ক্ষুদ্র মূষিক, নেংটিয়া ইন্দুর।
লিঙ্গিনী, (লিঙ্গ) লতা বিশেষ।
লিঙ্গী, (লিঙ্গ) হস্তী, করী; জীবিকার্থ জটাদি চিহ্নধারী, ধর্ম্মধ্বজী।
লিপি, (লিপ) লিখিত বর্ণ; অক্ষর সংস্থাপন; লিবি; লিখন, লেখন, অক্ষর রচনা; লিখিত পত্রাদি।
লিপিকর, (লিপি-কৃ) লেখক, লিপিকার; চিত্রকারক।
লিপিকার, (লিপি-কৃ) লেখক; চিত্রকারক
লিপিজ্ঞ, (লিপি-জ্ঞা) অক্ষরচঞ্চু, লিখন পঠন জ্ঞাতা।
লিপিবৃত্তি, লেখা ব্যবসা; লেখক; লিখন [দ্বারা] জীবিকাকারী।
লিপিব্যবসা, লিখনবৃত্তি; লিখিয়া অক্ষর বিক্রয় করণ জীবিকা। [অথবা মুনশী।
লিপিসজ্জ, লেখন সাধন দ্রব্য, লিখিবার

লিপ্ত, (লিপ) কৃতলেপন, লেপা, বিষচর্চ্চিত, মিলিত ; সংযুক্ত।
লিপ্তক, (লিপ্ত) বিষাক্ত কাণ, বিষযুক্ত শর।
লিপ্তপদ, (লিপ্ত-পদ) হংস ; সংযুক্তপদ।
লিপ্সা, (লভ) ইচ্ছা, অভিপ্রায়, বাঞ্ছা, স্পৃহা ; লাভ বাসনা, প্রাপ্তীচ্ছা।
লিপ্সিত, (লভ) বাঞ্ছিত, অভিলষিত, অভীষ্ট লাভ করিতে বাসনা করা।
লিপ্সু (লভ) লাভকরিতে ইচ্ছুক, অভিলাষুক, গৃধু, লুব্ধ, লোলুপ, লোভী।
লিম্প, লেপনকর্ত্তা, লেপকারী, লেপক
লিম্পট, (লম্পট) উপপতি, ষিড়্গ, লম্পট, কামুক, লোচ্চা। [গর্দ্দভ।
লিম্পাক, নিম্বু বিশেষ, পাতিলেবু ; খর,
লিবি, (লিপ) লেখন, লিখিত পত্রাদি
লিবিকর, (লিবি-কৃ) লেখক, লিপিকারক।
লিবিঙ্কর, (লিবি-কৃ) লিপিকারক, লেখক, চিত্রকর।
লিম্ব, (লস) নর্ত্তক, নৃত্যকারক নট।
লিক্ষা, যূকাণ্ড, নিকি, উকুনের ডিম।
লীক্ষা, নিকি, উকুনের ডিম।
লীঢ়, (লীহ) আস্বাদিত ; লেহনকরা, চাটা।
লীন, (লী) লয়প্রাপ্ত ; মিশ্রিত ; অন্তর্হিত।
লীলা, (লী-লা) কেলি ; খেলা ; বিলাস, শৃঙ্গার ভাব চেষ্টা।
লীলাবতী কেলিযুক্তা, বিলাসবতী ; শৃঙ্গার ভাব চেষ্টান্বিত ; ভাস্করাচার্য্য পত্নী ; অঙ্ক গ্রন্থকর্ত্রী ; বেশ্যা বিশেষ ; ন্যায়গ্রন্থবিশেষ
লীলাসম্বরণ, কেলিসম্বরণ, বিলাস নিবৃত্তি ; মৃত্যু। [তাদের উপবন।
লীলোদ্যান, (লীলা-উদ্যান) দেব বন, দেব-
লীক্ষা, লিক্ষা, নিকি, উকুনবিশেষ।
লুআড়ি, (লুভ) লবলী বৃক্ষ, লোয়াড়ি গাছ।
লুই, (লোমন) পশু লোম নির্ম্মিত শীতবস্ত্রবিশেষ। [প্লুলাবন।
লুকন, (লুক) গোপন, প্রচ্ছন্নভাবে থাকন ;
লুকান, (লুক) ছাপান প্রচ্ছাদিত করণ, ঢাকন, লুক্কায়িত করিয়া রাখন।
লুক্কায়িত, (লুক) অন্তর্হিত, লুকান, প্রচ্ছন্ন
লুঙ্গী, (রুক) স্ত্রীলোকের বিচিত্র বস্ত্রবিশেষ
লুচি, (চুলিক) ঘৃতপক্ক গোধূম চূর্ণের পিষ্টকবিশেষ পুরি।
লুট, (লুট) বলপূর্ব্বক অপহরণ, অপহার।
লুটন, (লুট) অপহরণ, অপবার, উড়ান
লুটিয়ারা, (লুট) দস্যু, লুঠকারক। [ডেলা।
লুটা, (লুট) বর্ত্তুলাকার করা বস্ত্রাদি ; গোল
লুঠ, (লুঠ) লুণ্ঠন, অপহরণ, কাড়িয়ালওন।
লুঠন, (লুঠ) বলদ্বারা গ্রহণ, লুণ্ঠন ; ভূমিতে লোটান, গড়াগড়ি দেওন। [অপহরণ।
লুঠি, (লুঠ) চৌর্য্য বৃত্তি করণ ; বলপূর্ব্বক
লুঠিত, (লুঠ) শ্রম শান্ত্যর্থ পুনঃ২ ভূমিতে পতিত ; বলদ্বারা অপহৃত, লুঠকরা।
লুঠেরা, (লুঠ) দস্যু, লুঠকারক, লুণ্ঠক।
লুড়ী, (লুড়) ক্ষুদ্র প্রস্তরখণ্ড ; ক্ষুদ্র শিলা।
লুণিয়া (লু) লুণিশাক ; লবণ বিক্রেতা ; লবণ প্রস্তুত কারক।
লুন্টক, (লুন্ট) শাকবিশেষ, নটিয়া শাক।
লুন্টাক, (লুন্ট) চৌর তস্কর ; দস্যু।
লুন্টাকী, চোরা, স্ত্রী, চোর নারী।
লুণ্ঠক, (লুণ্ঠ) স্তেয়কারক ; লুঠেরা ; দস্যু, বল দ্বারা অপহারক।
লুণ্ঠন, (লুণ্ঠ) লোটা, গড়াগড়িদেওয়া, লুঠন, বলদ্বারা অপহরণ, বলাৎকার করিয়া লওন
লুণ্ঠী, (লুণ্ঠ) লুঠন, গড়াগড়ি দেওন।
লুপ, (লুপ) লোপ, নাশ, ধ্বংস।
লুপ্ত, (লুপ) চৌর্য্য ধন, লোত ; নষ্ট ; হারিত
লুফন, (লুফ) হস্তদ্বারা উৎক্ষিপ্ত বস্তু ধারণ।
লুব্ধ, (লুভ) ব্যাধ, শীকারী ; লোভী, আকাঙ্ক্ষী ; অভিলাষুক।
লুব্ধক, (লুভ) ব্যাধ, নিষাদ ; লম্পট, কামুক।
লুভিত, (লুভ) বিমোহিত ; আকাঙ্ক্ষিত।
লুলাপ, মহিষ, কাসর।
লুলাপকান্তা, মহিষী, স্ত্রী মহিষ।
লুলিত, (লুড়) আন্দোলিত, ঝোলা।
লুষভ, মত্তহস্তী, মাতোওআলা হাতী।
লূতা, (লূ) কীটবিশেষ, মর্কটক, মাকড়সা ঊর্ণনাভ।
লূতাজাল, মর্কটক তন্তু, মাকড়সার জাল।
লূতাতন্তু, মাকড়সার সূতা মাকড়সার জাল
লূতাতন্তুবিতান, মর্কটক তন্তু, মাকড়সার জাল
লূতিকা, (লূতা) মর্কটক, মাকড়সা।
লূন, ছিন্ন, ছেঁড়া।
লূনক, ভেদিত, পশু, জন্তু।
লূম, লাঙ্গুল, পুচ্ছ, ল্যাজ।
লেংটা, (নগ্ন) উলঙ্গ বিবস্ত্র।
লেংট্যা, (নগ্ন) ক্ষুদ্রইন্দুর, লেংট্যা ইন্দুর।
লেই, (লিহ্) মণ্ড কাই, মাড়।
লেওড়া (লগাক) উপস্থ, লিঙ্গ।

লেখ, (লিখ) দেবতা ; লেখা, লিপি।
লেখক,(লিখ) লেখনকর্ত্তা, লিপিকর।
লেখন, (লিখ) অক্ষর বিন্যাস, লিপি করণ, ভূর্জ্জত্বক, ভূর্জ্জপত্র ; দীপ্তি।
লেখনপড়ন, লিখা পড়া।
লেখনিক, (লেখন)লেখহারক,লিপিবাহক লিপিকর, লেখক। [কলম।
লেখনী, (লিখ) লিখনসাধন বস্তু, বর্ণ তুলিকা,
লেখনীয়, (লিখ) লেখ্য, লিখিতব্য, লিখিবার বিষয়।
লেখর্ষভ, ইন্দ্র, সুরপতি দেবরাজ। [বাহক
লেখহার, লেখহারক, পত্রবাহক. লিপি-
লেখা, (লিখ) লিপি, পত্র ; লিখিত, লিখন
লেখাজোখা, (লেখা) হিসাব বাহি, নিদর্শন পত্র, লিখনাদির যুক্তি।
লেখাপড়া, (লেখা-পড়া) লিখন পঠন।
লেখালিখি পরস্পর পত্রলিখন বা লিপি প্রেরণ পত্র চালাচালি। [খনীয়।
লেখাহ্য, বৃক্ষবিশেষ ; লেখন যোগ্য, লে-
লেখিত, (লিখ) লিখিত, লেখা, লিপিবদ্ধ।
লেখ্য, (লিখ) লিখিতব্য, লেখনীয় লিখন যোগ্য খতপত্র, পাট্টা পত্র।
লেখ্যচূর্ণিকা,তুলিকা, তুলী, লেখনী. কলম
লেখ্যপত্র, লেখনীয়-পত্র ; খতপত্র, তাল-পত্র, তালপাত.
লেখ্যপত্রক, লেখ্য-পত্র) তালপত্র,তালপাত
লেখ্যস্থান, লিখনস্থল আফিস, দপ্তরখানা
লেঙড়া (লঙ্গ) খঞ্জ, পদবিকল খোড়া।
লেঙ্গুড়, (লাঙ্গুল) লেজ, লাঙ্গুল, পুচ্ছ।
লেজ, (লাঙ্গুল) পুচ্ছ লেঙ্গুড়। [যোগ।
লেঠা, (লঠ) উৎপাত ; ঝঞ্জাট ; গোল-
লেণ্ড, বিষ্ঠা, মল, গু লাড়।
লেড়া, (লড্ড) কেশহীন চুলরহিত, গৌ-রাঙ্গের ভক্ত বিশেষ।
লেপ, (লিপ) লেপন, ম্রক্ষণ. চুণশুরকীমাখা
লেপক, (লিপ) জাতিবিশেষ ; রাজমিস্ত্রী. থৈকর, লেপনকারক। [দ্রব্য বিশেষ।
লেপন, (লিপ) চর্চ্চিত করণ ; ম্রক্ষণ, গন্ধ-
লেপা, (লিপ) ম্রক্ষিত, মাখা. লিপ্ত।
লেপাপোঁছা, নিকান, পরিষ্কৃত. পরিচ্ছন্ন. চুণকাম করা।
লেপিত, (লিপ) লেপা ম্রক্ষিত, মাখান।
লেপী (লিপ) লেপক, লেপনকর্ত্তা ; রাজ-মিস্ত্রী, থৈকর ; লেপনবিশিষ্ট।

লেপ্য (লিপ) লেপনীয়, লেপনযোগ্য।
লেপ্যকৃৎ, লেপক, লেপনকারক।
লেপ্যময়ী, কাষ্ঠাদি ঘটিত পুত্তলিকা।
লেপস্ত্রী, সুগন্ধ দ্রব্যলিপ্তা স্ত্রী।
লেফাফা, (যাং) পত্রাদির আবরক কাগজ-বিশেষ, মোড়ক।
লেবু, (নিম্বুক) জম্বীর, জামীর।
লেম; (লী) সংসর্গ, সংশ্রব, এলাকা।
লেয়, সিংহ রাশি।
লেলান, (লেলা) অন্ন জন্তু ধারণার্থ কুকু-রাদি নিয়ে,অন শীকার করাণ।
লেলিহান,(লিহ) পুনঃং লেহনকর্ত্তা, চাট-নিয়া ; সর্প, সাপ ; শিব, মহাদেব।
লেশ, (লিশ) কণ, বিন্দু কিঞ্চিৎ, অল্প।
লেষ্টু, লোষ্টু, ইষ্টকাখণ্ড. ডেলা. চিস।
লেষ্টুঘ্ন, লোষ্টভঙ্গ সাধন মুদার. ডেলা ভাঙ্গা মুগুর।
লেসক, হস্ত্যারোহী, হাতির চড়নদার।
লেহ, লিহ) আহার ভক্ষণ,আস্বাদন,চাটন
লেহন, (লিহ) জিহ্বাদ্বারা রসগ্রহণ চাট।
লেহই (লিহ) লেই. মণ্ড, কাই।
লেহালি, (নিহালি) মুদগ আকার লোহপিণ্ড বিশেষ। চাটনী, অমৃত সুধা
লেহ্য, (লিহ) লেহনীয়, চাটিবার যোগ্য,
লৈঙ্গ, (লিঙ্গ) পুরাণ বিশেষ, লিঙ্গপুরাণ।
লোক, (লোক) ভুবন, জগৎ, জন, ব্যক্তি।
লোককান্ত, ঔষধ বিশেষ।
লোকচক্ষু, সূর্য্য, দিবাকর, ভুবনস্থ জনসক লের লোচন। [লোকভুবার, কর্পূর।
লোকতঃ(লোক) ইহলোকে, সর্ব্বজনসমক্ষে
লোকন, (লোক) দর্শন, ঈক্ষণ, দেখন।
লোকনাথ, ব্রহ্ম, বিষ্ণু শিব ; নৃপ।
লোকনীয়, (লোক) দর্শনীয় ঈক্ষণীয়।
লোকপাল, রাজা, ভূপতি ; দিক্‌পাল।
লোকবাদ, জনরব, জনশ্রুতি।
লোকবান্ধব, সূর্য্য, রবি, দিনকর।
লোকবাহ্য, সর্ব্বাচারবর্জ্জিত,সর্ব্বাচার বিহীন, যথেষ্টাচারী।
লোকবিশ্রুতি, কিম্বদন্তী জনরব। [জনক।
লোকভয় লোককৃত অপমান শঙ্কা লোক
লোকমাতা, (লোকমাতৃ) লক্ষ্মী কমলা রমা
লোকযাত্রা, সংসার যাত্রা ; লোকের কর্তব্য কর্ম্ম, লোকব্যবহার।
লোকলোচন সূর্য্য ভানু, রবি।

লোকান্তর, (লোক-অন্তর) পরলোক, অমুত্র মৃত্যু, মরণ, অন্য ব্যক্তি, ব্যক্ত্যন্তর।
লোকাপবাদ, (লোক অপবাদ) লোকত তিরস্কার ; জনসমক্ষে নিন্দা। [কক্কের মত
লোকায়ত, তর্কবিশেষ ; চার্ব্বাক শাস্ত্র, নাস্তি
লোকায়তিক ; চার্ব্বাক, নাস্তিক।
লোকারণ্য (লোক-অরণ্য) লোকসমূহ, অনন্ত বহু ব্যক্তির সমাগম।
লোকালয়, (লোক-আলয়) লোকদের বাসস্থ ন, জনস্থান। [পৃথিবী বেষ্টিত পর্ব্বত
লোকালোক, (লোক-অলোক) পর্ব্বতবিশেষ
লোকিত, (লোক) দর্শিত দেখা
লোকেশ, (লোক-ঈশ) ব্রহ্মা, প্রজাপতি ; পা রদ, পারা। [পতি, রাজা
লোকেশ্বর, (লোক-ঈশ্বর) ভুবনেশ ; অধি
লোচ, অশ্রু, নেত্রজল।
লোচক, (লোচ) মাংসপিণ্ড, চক্ষু তারকা কজ্জল, স্ত্রীলোকের ললাট ভূষণ কদলী, কলা ; নীলবস্ত্র ; নির্বুদ্ধি।
লোচন, (লোচ) চক্ষু, নেত্র, নয়ন
লোচনহীন, চক্ষুরহিত, অন্ধ
লোচনাময়, (লোচন-আময়) চক্ষুরোগ বিশেষ
লোচ্চা, (লোচক) লম্পট, কামুক
লোচ্চামী, (লোচ্চা) কামুকতা, লম্পটতা।
লোটন, (লুট) বলপূর্ব্বক পরদ্রব্যহরণ ; অ বলুণ্ঠন ; কপোত বিশেষ, বদ্ধকেশ
লোটা, (লুট) ধাতু নির্ম্মিত জলপাত্র বিশেষ ঘটী ; লুণ্ঠিত অবনত। [বায় করণ।
লোটান, (লোট) অবলুণ্ঠন ; দোলন, ঝুলান
লোড়া, (লুড়) শিলাপুত্র, পেষণ শিলা
লোণ, (লবণ) লবণ, ক্ষার।
লোণতৃণ, লবণ তৃণ, লোণা ঘাস।
লোণা, (লবণ) লবণাক্ত ; ফল বিশেষ।
লোণার, (লোণা) ক্ষারবিশেষ, লবণ বিশেষ।
লোত, (লূ) স্তেয়ধন, লোপ্ত ; নেত্রাম্বু, অশ্রু চক্ষুর জল ; চিহ্ন। [নেত্রজল, অশ্রু।
লোত্র, (লোত) চোরা মাল, স্তেয়ধন, লোপ্ত;
লোধ, (লোধ্র) বৃক্ষ বিশেষ, লোধগাছ।
লোপ, (লুপ) বিনাশ, ধ্বংস, মিটান ; অপচয়
লোপা, অগস্ত্য মুনিপত্নী।
লোপাক, শৃগাল, শিয়াল, শিয়াল।
লোপালিকা, শৃগালী, শিয়ালী।
লোপামুদ্রা, অগস্ত্য মুনিপত্নী।
লোপাশক, শৃগাল, শিয়াল।

লোপাশিকা, শৃগালী, শিয়ালী।
লোপ্ত, (লুপ) লোত, স্তেয়ধন, চৌর্য্যধন, অ পহৃত দ্রব্য, চোরা মাল।
লোপ্য, (লুপ) নাশ্য, ধ্বংসনীয়, রহিত ক রিবার উপযুক্ত। [নিক্ষিপ্ত গ্রহণ।
লোফন, (লুফ) উৎক্ষিপ্ত দ্রব্য ধারণ, ঊর্দ্ধে
লোভ, (লুভ) আকাঙ্ক্ষা ; পর দ্রব্যাভিলাষ, লিপ্সা ; স্পৃহা, বাঞ্ছা।
লোভনীয়, (লুভ) লোভের বিষয় ; লোভ করিবার যোগ্য লোভ্য, লোভজনক দ্রব্য
লোভা, (লুভ) লুব্ধ, লোলুপ, লোভযুক্ত।
লোভান, (লোভ) লোভদেখান, প্রবৃত্তিজন্মান
লোভান্বিত, (লোভ-অন্বিত) লোভ বিশিষ্ট, লুব্ধ, গৃধ্নু, লোভী, লালসী।
লোভানর্হ, (লোভ-অনর্হ) লোভেরঅযোগ্য
লোভিত, (লুভ) লোভকৃত, লুব্ধ, লোভযুক্ত
লোভী, (লোভিন) লোভযুক্ত, লুব্ধ, লোলপ অর্থাকাঙ্ক্ষান্বিত, গৃধ্নু
লোভ্য, (লোভ) লোভের বিষয়, লোভনীয়, বাঞ্ছনীয় ; মুদগ, মুগ।
লোম, (লোমন) শরীরস্থ কেশ, তনুরুহ, রোম, লাঙ্গুল, পুচ্ছ। [বিশিষ্ট।
লোমকর্ণ, শল্লকী, শজারু, লোমযুক্ত কর্ণ-
লোমকূপ, লোমের মূলগর্ত্ত, রোমকূপ।
লোমঘ্ন, (লোমন-হন) ইন্দ্রলুপ্ত কীট, টা- কপোকা। [শৃঙ্গ মুনির শ্বশুর।
লোমপাদ, অঙ্গদেশীয় রাজাবিশেষ ; ঋষ্য-
লোমশ, (লোমন) অতিশয় লোমযুক্ত, মুনি বিশেষ ; মেষ।
লোমশপুষ্পক, শিরীষ বৃক্ষ
লোমশমার্জ্জার, অতিশয় রোমযুক্ত মার্জ্জার, বিড়ালবিশেষ ; গন্ধগোকুলা।
লোমশ্রেণী, লোমাবলী, রোমপংক্তি।
লোমশাতন, লোমকাটন, রোমকর্ত্তন।
লোমহর্ষণ, (লোমন-হর্ষণ) রোমাঞ্চ, লোম শিহরণ ; পুরাণ বক্তা, সূত ব্যাসশিষ্য।
লোমহৃৎ, লোমহারী, হরিতাল।
লোমাঞ্চ, (লোমন-অঞ্চ) লোমহর্ষণ, পুলকো- দয়, লোম শিহরণ, গাত্রে কাঁটা দেওন।
লোমাঞ্চিত, (লোমন-অঞ্চিত) লোমাঞ্চযুক্ত, রোমাঞ্চিত, পুলকিত।
লোমাবলি, (লোমন-আবলি) লোম শ্রেণী, রোমপংক্তি। [শিয়ালী।
লোমালিকা, শৃগালিকা, উল্কামুখী, খেঁক-

লোল, (লুড়) চঞ্চল অস্থির; সস্পৃহ, সাকাঙ্ক।
লোলক-নোলক, (লুড়) নাসিকাভরণবিশেষ
লোলা, (লুড়) জিহ্বা; লক্ষ্মী; চঞ্চলা স্ত্রী।
লোলার্ক, (লোল-অর্ক) সূর্য্য, ভাস্কর ভানু।
লোলিত, (লুড়) শ্লথ; কোলা; আন্দোলিত
লোলুপ, (লুভ) অতিশয় লুব্ধ, অত্যন্ত লোভী
লোলুপতা, (লোলুপ) লুব্ধতা, লোভ, স্পৃহা।
লোষ্ট, (লোষ্ট) লৌহমল, লোহার মড়িচা; মৃত্তিকা খণ্ড, মাটীর ডেলা, ঢিল।
লোষ্টঘ্ন (লোষ্ট-হন) লোষ্টভঞ্জ সাধন মুদ্গর বিশেষ, ডেলা ভাঙ্গা মুগুর।
লোষ্টু, (লোষ্ট) ঢিল, ডেলা, মৃত্তিকাখণ্ড।
লোহ, লু) অগুরু; লৌহ, লোহা; রুধির, মুক্ত
লোহকন্টক, মদনবৃক্ষ, ময়নাগাছ; লৌহময় কণ্টক।
লোহকান্ত(লোহ-কান্ত)অয়স্কান্ত চুম্বকপাতর
লোহকার, (লোহ-কৃ) লৌহকার, কামার, কর্ম্মকার।
লোহকিট্ট, লৌহমল, লোহার মড়িচা।
লোহচূর্ণ, লৌহকিট্ট, লৌহমল, লোহারমড়িচা, ঔষধ বিশেষ।
লোহজ, লোহ-জন)লোহকিট্ট, লোহার মলা
লৌহজিবী টঙ্কণ সোহাগা।
লোহনাল, নারাচ, লৌহময় অস্ত্র বিশেষ।
লোহপ্রতিমা, লোহময়ী প্রতিমূর্ত্তি; নেহালি, নেহাই।
লোহবর, স্বর্ণ হেম, সোনা, কাঞ্চন।
লোহময়, (লোহ) লোহনির্ম্মিত।
লোহাশ্লেষণ, টঙ্কণ, সোহাগা।
লোহসঙ্কর, মিশ্রিত তৈজস।
লোহা, (লোহ) ধাতুবিশেষ, লৌহ, অয়স।
লোহার, (লোহা-কৃ) লৌহকার, কর্ম্মকার, কামার। [বিশেষ।
লোহার্গল(লোহ-অর্গল) লৌহকীলক, তীর্থ-
লোহিকা, (লোহ) লৌহপাত্র।
লোহিত, (রুহ) রক্তবর্ণ; কুঙ্কুম; রক্তচন্দন; রুধির নদবিশেষ; রোহিত মৎস্য, রুইমাছ; মৃগবিশেষ। [রাগ মণি।
লোহিতক, (লোহিত) মঙ্গল গ্রহ; পদ্ম-
লোহিতচন্দন, কুঙ্কুম; রক্তচন্দন।
লোহিতনয়ন, রক্তবর্ণ চক্ষু; প্রচণ্ড।
লোহিতপুষ্পক (লোহিত-পুষ্প) দাড়িম্ববৃক্ষ, ডালিম।

লোহিতমুখ, রক্তবর্ণবদন, ক্রোধামুখ।
লোহিতমৃত্তিকা, গৈরিক, গেরিমাটি, রক্তবর্ণ মৃত্তিকা। [ন্বিত।
লোহিতলোচন, রক্তবর্ণ চক্ষু যুক্ত; ক্রোধা-
লোহিতা (রুহ) রাগাদি যারা রক্তবর্ণ; রক্ত পুনর্নবা শাক। [বর্ণ শরীর।
লোহিতাঙ্গ (লোহিত-অঙ্গ) মঙ্গলগ্রহ, রক্ত-
লোহিতানন, (লোহিত-আনন) নকুল; রক্তবর্ণ মুখ। [ল; রক্তবর্ণ চক্ষুযুক্ত।
লোহিতাক্ষ (লোহিত-অক্ষি) বিষ্ণু; কোকি
লোহোত্তম, (লোহ-উত্তম) স্বর্ণ, হেম সোণা
লৌ, (লোহিত) লৌহ, ঔষধবিশেষ।
লৌকায়তিক তার্কিকবিশেষ; চার্ব্বাক শাস্ত্রবেত্তা; নাস্তিক। [কাচার।
লৌকিক, (লোক) লোকব্যবহার সিদ্ধ, লো-
লৌকিকতা, (লৌকিক) লোক ব্যবহার সিদ্ধত্ব লোকাচার, সমাজের ব্যবহার
লৌকিকত্ব, (লৌকিক) লোকব্যবহার সিদ্ধত্ব, লোকাচার
লৌঠি, (লুঠি) বাঁটুল, ভাঁটা, গেণ্ডুক।
লৌহ, (লোহা) লোহা; ঔষধ বিশেষ।
লৌহকার, (লৌহ-কৃ) লোহার, কামার।
লৌহকারক, কামার; নরক বিশেষ।
লৌহজ, (লৌহ-জন) লৌহকিট্ট, লোহার মড়িচা। [ভাল, হামানদিস্তা।
লৌহভাণ্ড লৌহনির্ম্মিত পাত্রবিশেষ, অশ্ম
লৌহময়, (লৌহ) লৌহদ্বারা নির্ম্মিত; লৌহ সরূপ, লৌহত্ব প্রাপ্ত।
লৌহমল লৌহকি, লোহারমড়িচা।
লৌহশঙ্কু, নরকবিশেষ; লৌহনির্ম্মিত কীলক, লোহার গোঁজ।
লৌহিতক,(লোহিত লোহিতবর্ণ তুল্য, রক্ত বর্ণসদৃশ। [ব্রহ্ম নদ।
লৌহিত্য, (লোহিত) নদবিশেষ, ব্রহ্মপু-

শ

শ, শকার, শবর্গীয় প্রথমবর্ণ, ব্যঞ্জনের ত্রিংশ বর্ণ কল্যাণ, শুভ, শিব; শান্ত।
শং, (শী) সৌভাগ্যক্রমে, সৌভাগ্যপূর্ব্বক।
শংব, মুষলাগ্রস্থ লোহ মণ্ডল; বজ্র, শুভান্বিত।
শংবর, জল, সলিল, পানীয়।
শংযু (শং) শুভান্বিত, কল্যাণযুক্ত।

শক্রজ, (শক্র-জন) কাক, বায়স ; ইন্দ্রজাত
শক্রজিৎ, রাবণপুত্র, ইন্দ্রজিত। [ইন্দ্রক
শক্রধনুঃ, (শক্র-ধনুস) ইন্দ্রধনু ; আকাশীয়
শক্রধ্বজ, ইন্দ্রধ্বজ।
শক্রনন্দন, অর্জুন ; ইন্দ্রের আনন্দকারক
শক্রপর্য্যায়, কূটজবৃক্ষ ; ইন্দ্রযবচক।
শক্রপাদপ, বৃক্ষবিশেষ, দেবদারুবৃক্ষ ; কুটজবৃক্ষ।
শক্রপুষ্পিকা, (শক্র-পুষ্প) বৃক্ষবিশেষ, অগ্নিশিখাবৃক্ষ। [ফুল সমা।
শক্রবল্লী, লতাবিশেষ, ইন্দ্রবারুণীলতা, মা-
শক্রবাহন, মেঘ, ঘন, বারিদ, জলদ।
শক্রবীজ, (শক্র-বীজ) ইন্দ্রযব।
শক্রভবন, স্বর্গ ; অমরাবতী।
শক্রভিৎ, ইন্দ্রজিৎ, রাবণ পুত্র।
শক্রমাতা, (শক্র-মাতৃ) লতাবিশেষ, ভার্গীলতা ; ইন্দ্রজননী, অদিতি। [বিশেষ।
শক্রমাতৃকা, শক্রধ্বজের অঙ্গ স্বরূপ যষ্টি
শক্রমূর্দ্ধ, বল্মীক, উইপোকা।
শক্রশরাসন ইন্দ্রধনু ; আকাশস্থ রামধনু।
শক্রশাখী, বৃক্ষবিশেষ কুটজবৃক্ষ।
শক্রশির, বল্মীক উইপোকা, ইন্দ্রেরমস্তক
শক্রসারথি, ইন্দ্রসারথি, মাতলি।
শক্রসারথি, ইন্দ্রসারথি, মাতলি।
শক্রসৃষ্টা, (শক্র-সৃজ) হরীতকী।
শক্রাখ্য, পেচক, পেঁচা ; ইন্দ্রনামক।
শক্রাণী, (শক্র) শচী, ইন্দ্রভার্য্যা, ইন্দ্রাণী।
শক্রাশন (শক্র-অশন) ভাঙ্গা, ভাঙ, সিদ্ধি ; ইন্দ্রভোজন ; কুটজ বৃক্ষ।
শক্রাহ্ব ইন্দ্রযব ; ইন্দ্রনামক।
শক্রি, (শক্র) মেঘ, বজ্র ; হস্তী, পর্ব্বত।
শক্রোত্থান, (শক্র-উত্থান) উৎসব বিশেষ, শক্রধ্বজোৎসব। [শক্রোত্থানজন্য উৎসব।
শক্রোৎসব, (শক্র-উৎসব) উৎসব বিশেষ,
শক্ল, প্রিয়ম্বদ, প্রিয়ভাষী ; মিষ্টবক্তা।
শক্কর, বৃষ, ষণ্ড, ষাঁড়। [জোবিশেষ।
শক্করী, অঙ্গুলী ; নদী বিশেষ ; মেখলা, ছ-
শঙ্কা, হস্তী, করী, দন্তী, হাতী।
শগুন, (শকুন) পক্ষীবিশেষ, গৃধ্র।
শঙ্ক, (শক) শকটাদি বাহক বৃষভ, গাড়ীবাহক বলদ।
শঙ্কনীয়, (শঙ্ক) ত্রাসজনক ; ভয়ের বিষয়।
শঙ্কর, (শং-কৃ) শিব, মহাদেব ; মঙ্গলকারক ভক্তবৎসল।
[illegible] ; ভাষিনী ; পার্ব্বতী ; [illegible]।
শঙ্করস্বামী, ঋষি বিশেষ ; [illegible]
শঙ্করাচার্য্য, (শঙ্কর-আচার্য্য) আচার্য্যবিশেষ অদ্বৈতবাদী, [illegible] কর্ত্তা।
শঙ্করাবাস, (শঙ্কর-আবাস) কর্পূর বিশেষ ; পর্ব্বত বিশেষ, কৈলাস পর্ব্বত।
[illegible] লতা, শমী, শাঁইগাছ ; শঙ্করজায়া, দুর্গা।
শঙ্কা, (শঙ্ক) ত্রাস, ভয়, সন্দেহ ; বিতর্ক।
শঙ্কাকুল (শঙ্কা-আকুল) ভীত, ত্রস্ত।
শঙ্কাজনক, [illegible]।
শঙ্কান্বিত, (শঙ্কা-অন্বিত) ভীত, ত্রস্ত, শঙ্কাযুক্ত। [ভয়ের বিষয়।
শঙ্কাস্পদ, (শঙ্কা-আস্পদ) ভয়ের স্থান, শ-
শঙ্কিত, (শঙ্ক) শঙ্কান্বিত, ভীত, ত্রাসযুক্ত।
শঙ্কিতগর্ভা, যে স্ত্রীর গর্ভ হইয়াছে এমত অনুমান হয়, অজাতগর্ভা।
শঙ্কিতবর্ণক, চোর, তস্কর, দস্যু।
শঙ্কিতব্যভিচার, যে স্ত্রীর দুশ্চরিত্রতার সন্দেহ করা যায়।
শঙ্কু, (শক) স্থাণু, মুড়া গাছ ; মৎস্যবিশেষ, শাঁকোচ মাছ ; শল্য অস্ত্র, শেল ; সংখ্যা-বিশেষ, দশলক্ষ কোটি ; কীল, গোঁজ ; মেচ ; নদীনামে গন্ধদ্রব্য বিশেষ ; দ্বাদশ অঙ্গুলী পরিমাণ।
শঙ্কুকর্ণ গর্দ্দভ, গাধা, খর।
শঙ্কুচি, মৎস্যবিশেষ শঙ্কুমৎস্য।
শঙ্কুতরু, শালবৃক্ষ, শালগাছ।
শঙ্কুর, (শক) ত্রাসদায়ী, ভয়দায়ক, ভয়ানক
শঙ্কুলা, পুগকর্ত্তরী, জাঁতি।
শঙ্কোচ, শঙ্কু মৎস্য, শাঁকোচ মাছ।
শঙ্খ (শম) সমুদ্রজাত জন্তু বিশেষ, শাঁখ ; ললাটের অস্থি ; হস্তিদন্ত মধ্য ; দশনিখর্ব্ব সংখ্যা, লক্ষকোটি ; ধর্ম্মশাস্ত্র প্রয়োজক মুনিবিশেষ ; রণবাদ্যবিশেষ।
শঙ্খক, (শঙ্খ) বলয়, বালা, করভূষণ ; শিরোরোগ বিশেষ [শাঁখারি।
শঙ্খকার, (শঙ্খ-কৃ) বর্ণসঙ্কর জাতি বিশেষ,
শঙ্খচূর্ণ, শঙ্খজাত চূর্ণ ; শাঁখের চূণ।
শঙ্খজ, (শঙ্খ-জন) কপোত [illegible] বৃহৎ মুক্তা, শঙ্খজাত বস্তু।
শঙ্খধরা, হিলমোচিকা শাক, হিংচাশাক।
শঙ্খধ্মা, শঙ্খবাদক ; শাঙ্খিক ; দ্রব্য বিশেষ।
শঙ্খনখ, ক্ষুদ্রশঙ্খ, কৌড়িকা, নখীনামে গন্ধ

শম্ভু, শিব, মহাদেব; ব্রহ্মা; বিষ্ণু; শ্বেত অর্কন্দ গাছ।
শম্ভুতনয়, কার্ত্তিকেয়, গণেশ।
শম্ভুনন্দন, কার্ত্তিকেয়, গণেশ।
শম্ভুপ্রিয়া, আমলকী; দুর্গা।
শম্ভুবল্লভ, শ্বেতকমল, শুক্লপদ্ম; শিবপ্রিয়।
শয়, হস্ত; সর্প, নিদ্রা, পণ।
শয়ানক, (শ্যেন) শ্যেনপক্ষী, শিকরাপাখী।
শয়ণ্ড, নিদ্রাশীল, নিদ্রযুক্ত।
শয়ত, (শী) নিদ্রালু, নিদ্রাবিশিষ্ট।
শয়তান, (যাং) দুষ্ট, প্রতারক; ভূতরাজ
শয়ণ, অজগর সর্প; মৃত্যু; নিদ্রালু; শূকর বরাহ; মৎস্য।
শয়ন, (শী) নিদ্রা; শয্যা, বিছানা; মৈথুন।
শয়নকুটীর, শয়নালয়, শয়নাগার।
শয়নগৃহ, শয়নাগার, শুইবার ঘর।
শয়নঘর, শয়নাগার, শয়নমন্দির।
শয়নমন্দির, শয়নগৃহ, শয়নালয়।
শয়নাগার, (শয়ন-আগার) নিদ্রাগৃহ, শুইবার ঘর। [উপযুক্ত।
শয়নার্হ, (শয়ন-অর্হ) শয়নযোগ্য, শুইবার
শয়নীয়, (শী) শয্যা; শয়নযোগ্য।
শয়নীয়ক, (শয়নীয়) শয্যা, বিছানা।
শয়ান, (শী) নিদ্রিত; কৃতশয়ন; শয্যাস্থ।
শয়ানক, সর্প; কৃকলাস, কাঁকলাস।
শয়ালু, (শী) নিদ্রালু; অজগর সর্প।
শয়িত, (শী) নিদ্রালু, সুপ্ত, নিদ্রিত।
শয়িতব্য, (শী) শয়নীয়, শয়নার্হ।
শয্যা, (শী) শয়নীয়, তল্প, বিছানা।
শর, (শৃ) ইষু, বাণ; জল; দধি দুগ্ধের অগ্রভাগ; তৃণবিশেষ, মুঞ্জ তৃণ।
শরজ,(শর-জন) হৈয়ঙ্গবীন, সদ্যোজাতঘৃত
শরজন্মা, কার্ত্তিকেয়, ষড়ানন, কুমার।
শরজাল, বিক্ষিপ্ত তীর সমূহ।
শরট, (শৃ) কৃকলাস, কাঁকলাস; শাকবিশেষ কুসুম্ভশাক। [বাতিন।
শরণ, (শৃ) গৃহ; রক্ষিতা; রক্ষণ; বধ;
শরণপুঁঠী, শফরীবিশেষ, মৎস্যবিশেষ।
শরণাগত, (শরণ-আগত) শরণাপন্ন, শরণার্থী, রক্ষা প্রার্থনায় আশ্রয় গ্রাহী।
শরণাপন্ন, (শরণ-আপন্ন) আশ্রয়ে আগত, রক্ষাপ্রার্থী নিকটে আগত।
শরণার্থী, শরণপ্রার্থী; শরণাগত, রক্ষার্থী, আশ্রয়প্রার্থী।
শরণি, (শৃ) পথ, পথি।
শরণী (শৃ) পথ, বর্ত্ম; প্রসারণী লতা
শরণ্ড, পক্ষী; কামুক; ধূর্ত্ত; কৃকলাস, কাঁকলাস; ভূষণ বিশেষ। [রক্ষার্থ।
শরণ্য, (শৃ) রক্ষক, রক্ষার্থ আশ্রয় দানে
শরণ্যা, (শৃ) দুর্গা; শরণযোগ্যা।
শরণ্যু, বারিদ, মেঘ; বাত, বায়ু। [বৎসর।
শরৎ, (শৃ) ঋতুবিশেষ, ভাদ্র আশ্বিন মাস;
শরৎকামী, সারমেয়, কুক্কুর, কুকুর।
শরৎকাল, ভাদ্র আশ্বিন মাস, ঋতুবিশেষ।
শরৎপদ্ম, সিতাম্ভোজ, শ্বেতপদ্ম।
শরৎপার্ব্বণ, কোজাগর পূর্ণিমা।
শরদ, (শৃ) শরৎকাল, ভাদ্র আশ্বিন।
শরদন্ত, (শরৎ-অন্ত) হেমন্ত, শীতকাল।
শরদা, (শরদ) বৎসর; শরৎ ঋতু।
শরদিজ, (শরদ-জন) শরৎকাল জাত, শরৎকালে উৎপন্ন। [সরোবর।
শরদুদাশয়, (শরদ-উদ-আশয়) শরৎকালীন
শরধি, (শর-ধা) তূণ, বাণাধার।
শরপুঙ্খ, বৃক্ষবিশেষ; বাণের অগ্রভাগ।
শরবনোদ্ভব, (শরবন-উদ্ভব) কার্ত্তিকেয়, কুমার, ষড়ানন।
শরবর্ষণ, বাণবৃষ্টি, ভূরি বাণক্ষেপণ।
শরবাণি, শরমুখ; বাণের অগ্রভাগ; পদাতিক সেনা, পদব্রজে গমনকারী।
শরব্য, (শর) লক্ষ্য, শরের নিশান।
শরভ, মৃগেন্দ্র বিশেষ, করভ; করিশাবক; বানর বিশেষ; উষ্ট্র, উট; শলভ, পতঙ্গ ফড়িঙ্গ।
শরভু, (শর-ভূ) কার্ত্তিকেয়, কুমার।
শরম, (যাং) লজ্জা, ত্রপা, ব্রীড়া।
শরমল্ল, পক্ষিবিশেষ, গোসালিক; যোদ্ধা বিশেষ, বাণদ্বারা যুদ্ধকারী।
শরযু, নদীবিশেষ।
শরল, (শৃ) বৃক্ষবিশেষ; নিন্দিত, বিগীত; নির্ম্মালান্তঃকরণ; অবক্র, সোজা।
শরলক, জল, পয়ঃ, সলিল।
শরলতা, (শরল) সরলত্ব, সারল্য।
শরা, (শরাব) মৃত্তিকা নির্ম্মিত ঢাকনি।
শরাঘাত, (শর-আঘাত) বাণাঘাত, তীরবেধ।
শরাটি, পক্ষিবিশেষ, শরালি পাখী, [illegible]।
শরাধার, (শর-আধার) তূণ, বাণ রাখিবার
শরাব, (শর-আপ) পাত্র বিশেষ, শরা, বর্দ্ধমানক; কুড়ব পরিমাণ; চতুঃষষ্টি

তোলক, এক সের ; মদ্য, সুরা।
শরাবতী, নদীবিশেষ।
শরাবাপ, কুড়বপরিমাণ, বত্রিশতোলা, অর্দ্ধ সের, আধসের। [শিক্ষা।
শরাভ্যাস, (শর-অভ্যাস) বাণশিক্ষা, শস্ত্র-
শরারি, পক্ষিবিশেষ, শরালিপাখী।
শরারু, হিংস্র, হিংসক।
শোথঘ্নী, (শোথ-হন) পুনর্নবাশাক, শালপর্ণী বৃক্ষ, শালপাইন গাছ, শোথনাশক।
শোথহৃৎ, (শোথ-হৃ) শোথহারক, বৃক্ষবিশেষ
শোধ, (শুধ) পরিষ্কার, শোধন, বৈরনির্যাতন, প্রতিক্রিয়া।
শোধক, (শুধ) পরিষ্কারকারক শোধনকর্ত্তা
শোধন, (শুধ) শুদ্ধকরণ; নির্দ্দোষ করণ, পরিষ্কার করণ, শৌচ, লিখিত পত্রাদি নির্ভুল করণ।
শোধনী, (শোধন) সংমার্জ্জনী, খাঙ্গরা, ঝাঁটা
শোধনীবীজ, জয়পালের বীচা।
শোধনীয়, (শুধ) শোধিতব্য, শোধ্য, সংশোধনের যোগ্য।
শোধিত, (শুধ) শুদ্ধকরা, মক্ষিকাদির অপনয়ন দ্বারা কৃত শোধন ব্যঞ্জনাদি, সংস্কৃষ্ট, অপনীত মল।
শোধিতব্য, (শুধ) শোধনার্হ, শোধনীয়।
শোধ্য, (শুধ) সংশোধনের উপযুক্ত, শোধনীয়
শোফ, শোথরোগ ফুলা, গোদ, শ্লীপদ।
শোফহৃৎ, ভল্লাতক, ভেলা; শোথরোগ নাশক। [পঞ্চম মেঘ।
শোভন, (শুভ) শোভাজনক; সুন্দর; গ্রহ
শোভনক, (শোভন) শোভাঞ্জন বৃক্ষ, শজিনা গাছ, শোভন শব্দ কারক।
শোভনা, (শোভন) হরিদ্রা, গোরোচনা; উত্তম। [হর।
শোভনীয়, (শুভ) শোভাযুক্ত, উত্তম, মনো-
শোভা, (শুভ) দীপ্তি, কান্তি, দ্যুতি, স্ফূর্তি, হরিদ্রা, গোরোচনা।
শোভাঞ্জন, (শোভা-অঞ্জ) বৃক্ষবিশেষ, শজিনাগাছ। [শোভাবিশিষ্ট।
শোভান্বিত, (শোভা-অন্বিত) শোভাযুক্ত,
শোভিত, (শুভ) শোভাবিশিষ্ট, প্রভাযুক্ত
শোয়া, (শী) শয়ন, নিদ্রা যাওন।
শোয়ান, শয়নকরান, নিদ্রিত করণ।
শোরসরাবৎ, (ফাং) গোলমাল।
শোরা, (ফাং) যবক্ষার, ক্ষার বিশেষ।
শোল, (শূল) জলজন্তু বিশেষ। [রোগ।
শোষ, (শুষ) শোষণ, শুষ্কতা রসাকর্ষণ, যক্ষ্মা
শোষক, (শুষ) রসাকর্ষক, শোষণকর্ত্তা।
শোষণ (শুষ) রসাকর্ষণ, চূষণ, রস রহিত করণ, কামদেবের বাণবিশেষ।
শোষিত, (শুষ) কৃতশোষণ, শোষা।
শৌক্তিকেয়, (শুক্তি) মুক্তা, মৌক্তিক
শৌক্তেয়, (শুক্তি) মুক্তা, শুক্তি সম্বন্ধীয়
শৌক্লিকেয়, (শুক্লিক) বিষ, সর্পবিশেষ
শৌক্ল্য, (শুক্ল) শুক্লতা, শুভ্রত্ব।
শৌচ, (শুচ) শুচিতা, শুচিত্ব, শুদ্ধি। [চার।
শৌচাচার, (শৌচ-আচার) শুদ্ধিকর্ম্ম শুদ্ধা-
শৌচিক, বর্ণসঙ্কর জাতি বিশেষ।
শৌচেয়, (শুচ) রজক, ধোবা।
শৌটির, বীর; গর্ব্বান্বিত।
শৌটির্য্য, বীর্য্য, গর্ব্ব দর্প।
শৌণ্ড, (শুণ্ড) বীর, মত্ত; বিখ্যাত।
শৌণ্ডতা, (শৌণ্ড) মত্ততা, বীরত্ব।
শৌণ্ডর্য্য, অহঙ্কার, গর্ব্ব।
শৌণ্ডিক, (শুণ্ড) অন্ত্যজ জাতিবিশেষ শুঁড়ী
শৌণ্ডী, (শুণ্ড) শৌণ্ডিক জাতি শুঁড়ী
শৌণ্ডীর, (শৌণ্ড) অহঙ্কারী, গর্ব্বিত।
শৌদ্র, (শূদ্র) শূদ্রাপুত্র, শূদ্র সম্বন্ধীয়।
শৌন, মাংস বিক্রয়ী, মাংসজীবী।
শৌনক, (শুন) মুনিবিশেষ।
শৌনিক, (শূনা) মাংসবিক্রয়কর্ত্তা, মৃগয়া।
শৌভ, (শুভ) দেবতা, গুবাক, সুপারী, হরিশ্চন্দ্র রাজার পুরী।
শৌভাঞ্জন, শোভাঞ্জন বৃক্ষ, শজিনা গাছ।
শৌভিক, (শুভ) ইন্দ্রজালিক, মায়াবী, ভেল-জ বিদ্যা [illegible]।
শৌরি, (শূর) বিষ্ণু, শনৈশ্চর গ্রহ।
শৌর্পিক, (শূর্প) শূর্পপরিমিত, কুলাপরিমাণ
শৌর্য্য (শূর) শূরত্ব, বিক্রম, বল।
শৌল্ক, [illegible] মাশুল গ্রহণে নিযুক্ত।

শ্রবণা, (শ্রু) নক্ষত্রবিশেষ, অশ্বিনী আদি ২৭ নক্ষত্রের অন্তর্গত দ্বাবিংশ নক্ষত্র।
শ্রবণার্হ, (শ্রবণ-অর্হ) শুনিবার যোগ্য।
শ্রবণীয় (শ্রু) শ্রবণার্হ; শুনিবার যোগ্য।
শ্রবণেন্দ্রিয় (শ্রবণ-ইন্দ্রিয়) যে ইন্দ্রিয় দ্বারা শব্দ গ্রহণ হয়, কর্ণ; কাণ।
শ্রবাপা বলিঃ বাগা পশু বলিয়ে পর্ব্ব।
শ্রব্য (শ্রু) শ্রোতব্য শ্রবণার্হ বাক্যাদি।
শ্রম, (শ্রম) খেদ; ক্লান্তি; ক্লেশ। [যুক্ত।
শ্রমান্বিত (শ্রম-অন্বিত) শ্রমাসক্ত; শ্রম-
শ্রমী (শ্রমিন) শ্রমবিশিষ্ট শ্রমশীল।
শ্রয়, (শ্রি) আশ্রয়, অবলম্বন।
শ্রয়ণ, (শ্রয়) আশ্রয়, অবলম্বন।
শ্রাদ্ধ (শ্রদ্ধ) শাস্ত্রোক্ত বিধান পূর্ব্বক পিতৃ কর্ম্ম, পিতৃকৃত্য, শ্রদ্ধাযুক্ত কর্ম্ম।
শ্রাদ্ধদেব, যম, অন্তক, কাল। [ক্তা বা
শ্রাদ্ধি, (শ্রাদ্ধ) শ্রাদ্ধভোক্তা; শ্রাদ্ধ সম্ব-
শ্রাদ্ধী, শ্রাদ্ধ ভোক্তা।
শ্রাদ্ধীয়, (শ্রাদ্ধ) শ্রাদ্ধের দ্রব্য।
শ্রান্ত, (শ্রম) শ্রমযুক্ত; ক্লান্ত, অবসন্ন।
শ্রান্তি, (শ্রম) অবসাদ, শ্রম, ক্লেশ।
শ্রান্তিযুক্ত, ক্লেশযুক্ত, ক্লান্ত, অবসন্ন।
শ্রাব (শ্রু) শ্রবণ, শুনন।
শ্রাবক, (শ্রু) শাক্যমুনির শিষ্য বিকাক, শ্রোতা, শ্রবণকর্ত্তা।
শ্রাবণ, (শ্রবণ) চতুর্থমাস, শ্রাবণিক; শ্রবণা নক্ষত্র সম্বন্ধীয়, শ্রবণকরাণ শুনান।
শ্রাবণিক, (শ্রাবণ) শ্রাবণমাস, নভ।
শ্রাবণী, (শ্রাবণ) শ্রাবণ মাসীয় পূর্ণিমা, বৃক্ষ বিশেষ।
শ্রাব্য (শ্রু) শ্রবণীয়, শুনিবার যোগ্য।
শ্রায় শ্রবণ, আশ্রয়; শ্রীসম্বন্ধীয়।
শ্রায়স, কল্যাণজাত, শুভদ।
শ্রিত, (শ্রি) সেবিত, আশ্রিত।
শ্রিতবান্, (শ্রিত) সেবাকারক, পরিচারক, আশ্রয়কারী।
শ্রিয়ম্মন্যা, যে আত্মাকে শ্রী করিয়া মানে।
শ্রী, (শ্রি) লক্ষ্মী; সরস্বতী, শোভা, বিভূতি সম্পদ; প্রভা; কীর্ত্তি; বিল্ববৃক্ষ, ধর্ম্ম-অর্থ-কাম, বেশ, রাগবিশেষ, পঞ্চম রাগ।
শ্রীকণ্ঠ শিব, মহাদেব; কুরুজাঙ্গলদেশ।
শ্রীকণ্ঠসখ, (শ্রীকণ্ঠ-সখা) কুবের, ধনেশ।
শ্রীকর, (শ্রী-কৃ) রক্তোৎপল; বিষ্ণু; স্মৃতি-নিবন্ধকার মুনি বিশেষ; শোভাকারক।
শ্রীকরণ, (শ্রী-কৃ) লেখনী; কলম; শোভা-করণ।
শ্রীকাতর দেবী, শুভদ্বেষ্টা।
শ্রীকান্ত, (শ্রী-কান্ত) বিষ্ণু, নারায়ণ।
শ্রীখণ্ড চন্দন গন্ধ।
শ্রীগর্ভ, বিষ্ণু, নারায়ণ; খড়্গ, খাঁড়া।
শ্রীগৃহ, পক্ষির পানীয় শালা, শকুনিপ্রপা।
শ্রীজ, (শ্রী-জন) কামদেব, মদন; লক্ষ্মীপুত্র
শ্রীতাল তালবৃক্ষ সদৃশ বৃক্ষবিশেষ।
শ্রীদ, (শ্রী-দ) কুবের, ধনপতি; শোভাদাতা
শ্রীধর, (শ্রী-ধৃ) বিষ্ণু; শালগ্রাম বিশেষ।
শ্রীনন্দন, কামদেব; লক্ষ্মীপুত্র।
শ্রীনিকেতন, বিষ্ণু; শ্রীকৃষ্ণ।
শ্রীনিবাস নারায়ণ; লক্ষ্মীর বাসস্থান।
শ্রীপতি, নারায়ণ বিষ্ণু, পৃথিবীনাথ
শ্রীপথ রাজপথ, রাজমার্গ।
শ্রীপর্ণ, পদ্ম, কমল; বৃক্ষবিশেষ।
শ্রীপিষ্ট, সরলবৃক্ষের রস; টার্পিন।
শ্রীপুত্র, ঘোটক, কামদেব। [প্রদ।
শ্রীপ্রদ, (শ্রী-প্রদ) সম্পত্তি দায়ক; শোভা-
শ্রীফল, বিল্ববৃক্ষ, বেলগাছ।
শ্রীফলা, (শ্রীফল) নীলীবৃক্ষ; ক্ষুদ্র কারবেল্লী ছোট করলা। [করলা।
শ্রীফলিকা, (শ্রীফল) ক্ষুদ্র কারবেল্লী, ছোট-
শ্রীফলী, (শ্রীফল) আমলকী; নীলীবৃক্ষ।
শ্রীবৎস, বিষ্ণু, বিষ্ণুর চিহ্ন বিশেষ; নৃপতিবিশেষ।
শ্রীবৎসভৃৎ, (শ্রীবৎস-ভৃ) বিষ্ণু, নারায়ণ।
শ্রীবরাহ, বিষ্ণু নারায়ণ।
শ্রীবল্লী, কন্টকবৃক্ষ বিশেষ, কন্টকবল্লী।
শ্রীবাস, সরলবৃক্ষ, রস টারপিন; বিষ্ণু, নারায়ণ; শিব। [পিন্।
শ্রীবাসা (শ্রীবাস) সরল বৃক্ষের রস, টার-
শ্রীবিদ্যা, মহাবিদ্যা বিশেষ, ত্রিপুরাসুন্দরী
শ্রীবৃক্ষ, অশ্বত্থবৃক্ষ; বিল্ববৃক্ষ।
শ্রীবেষ্ট, সরলবৃক্ষের নির্য্যাস, টারপিন, ধুনা
শ্রীভাগবত, বেদব্যাস প্রণীত মহাপুরাণ-বিশেষ। [ভাগ্যা।
শ্রীভ্রষ্ট, শ্রীহীন, বিশ্রী, দুর্ভাগা, লক্ষ্মীছাড়া,
শ্রীভ্রাতা, উচ্চৈঃশ্রবা ঘোটক; চন্দ্র।
শ্রীমতী (শ্রীমৎ) শ্রীযুক্তা; স্ত্রী কর্ত্তৃ স্ত্রীলোকের নামের পূর্ব্বে প্রয়োজ্য শব্দ।
শ্রীমৎ, শ্রীবিশিষ্ট; ঐশ্বর্য্যবান।
শ্রীমান্, (শ্রী) শ্রীবিশিষ্ট, ধনী; বিষ্ণু, শিব

শ্রৌত, (শ্রুতি) শ্রুতিবিহিত ধর্মাদি, বেদবিহিত।
শ্রোত্র (শ্রোত্র) কর্ণ, শ্রবণেন্দ্রিয় অন্য জ্ঞান
শ্র্যাহ্ন (শ্রী-অহ্ন) পদ্ম, কমল।
শ্লথ, (শ্লথ) শিথিল, অদৃঢ়, ঢিলা।
শ্লক্ষ্ণ, অল্প; মনোজ্ঞ, মনোহর।
শ্লক্ষ্ণক, পুগফল, সুপারি; মনোহর। [ঢিলা।
শ্লক্ষ্ণতা (শ্লক্ষ্ণ) শৈথিল্য; সুন্দরতা, অকা-
শ্লক্ষ্ণত্বক, অশ্মন্তক বৃক্ষ; সুন্দর বল্কলযুক্ত।
শ্লাঘনীয় (শ্লাঘ) প্রশংসার যোগ্য, প্রতিষ্ঠার উপযুক্ত।
শ্লাঘা, (শ্লাঘ) প্রশংসা, প্রতিষ্ঠা।
শ্লাঘ্য, (শ্লাঘ) শ্লাঘনীয়, প্রশস্ত। [কোলা।
শ্লিষ, (শ্লিষ) আশ্লেষ, আলিঙ্গন; কোলা
শ্লিষ্ট, (শ্লিষ) শ্লেষযুক্ত শব্দাদি, ভিন্নার্থক এক রূপ পদ বা বাক্য; মিলিত, যুক্ত।
শ্লীপদ, স্ফীত পদাদি, গোদ।
শ্লেষ, (শ্লিষ) সংযোগ, আলিঙ্গন, শব্দালঙ্কার বিশেষ; ব্যঙ্গোক্তি, ঠাট্টা।
শ্লেষবাক্য, দ্ব্যর্থবাক্য, ব্যঙ্গোক্তি, ঠাট্টা।
শ্লেষ্মক, (শ্লেষ্মন) শৈত্য, কফ, ঠাণ্ডি।
শ্লেষ্মঘ্ন, (শ্লেষ্মন-হন) কফনাশক, শ্লেষ্মা নাশকারী। [শ্লেষ্মানাশক।
শ্লেষ্মঘ্নী, (শ্লেষ্মন-হন) মল্লিকা, কেতকী;
শ্লেষ্মজনক, কফকারক; শীতল।
শ্লেষ্মণ, (শ্লেষ্মন) কফী, কফযুক্ত।
শ্লেষ্মল, (শ্লেষ্মন) শ্লেষ্মযুক্ত, কফাবিশিষ্ট; বৃক্ষবিশেষ, বহুবারক গাছ। [নাশক।
শ্লেষ্মহ, (শ্লেষ্মন-হন) কট্‌ফল বৃক্ষ; কফ
শ্লেষ্মা, (শ্লেষ্মন) কফ, সর্দ্দি, ঠাণ্ডা।
শ্লেষ্মাত, বহুবার বৃক্ষ, চালতা গাছ।
শ্লেষ্মাতক, (শ্লেষ্মন-অৎ) বহুবারবৃক্ষ, চালতা গাছ। [ক্ষীয়।
শ্লৈষ্মিক, (শ্লেষ্মন) শ্লেষ্মোদ্ভব; শ্লেষ্মসম্ব-
শ্লোক, (শ্লোক) পদ্য, কবিতা, অষ্টাক্ষর ছন্দঃ। [কথা।
শ্বঃ, (শ্বস) আগামী দিন, আগামী দিবস,
শ্বগণ কুক্কুর সমূহ।
শ্বদংষ্ট্রক, লতাবিশেষ, গোক্ষুরীলতা।
শ্বদংষ্ট্রা, গোক্ষুরীলতা; কুক্কুরের দন্ত।
শ্বদন্ত, (শ্বন-দন্ত) কুক্কুরবৎ দন্ত, সম্মুখের দন্তের পার্শ্বদন্ত।
শ্বধূর্ত্ত, শৃগাল, শিয়াল।
শ্বপচ, চণ্ডাল, চাঁড়াল।
শ্বপাক, চণ্ডাল, অন্ত্যজবর্ণ, চাঁড়াল।
শ্বফল, বীজপূর, দাড়িম।
শ্ববৃত্তি, (শ্বন-বৃত্তি) সেবা, চাকুরী, ভৃত্যতা; কুক্কুর তুল্য জীবিকা।
শ্বব্যাঘ্র, হিংস্র পশু।
শ্বভীরু, (শ্বন-ভী) শৃগাল, জম্বুক, শিয়াল।
শ্বভ্র রন্ধ্র, ছিদ্র, বিল, গর্ত্ত।
শ্বয়থু, রোগবিশেষ, শোথরোগ।
শ্বশুর, (শু-অশ) পতি পত্নীর পিতা।
শ্বশুর্য্য, (শ্বশুর) দেবর, দেওর; শ্যালক, শালা।
শ্বশ্রূ, (শ্বশুর) পতি পত্নীর জননী, শাশুড়ী।
শ্বশ্রেয়স, শুভ; কল্যাণ, সুখ, ভদ্র।
শ্বশন, (শ্বস) নিশ্বাস বায়ু; মদন ময়নাগাছ।
শ্বশনাশন, (শ্বশন-অশন) সর্প, অহি।
শ্বসনোৎসুক, (শ্বসন-উৎসুক) সর্প, ভুজঙ্গ।
শ্বসিত, (শ্বস) শ্বাস, নিশ্বাস।
শ্বসুন, কৃতঘ্ন বৃক্ষ, কুকুরশোঁক গাছ।
শ্বস্তন, ভবিষ্যদ্বস্তু, ভবিষ্যৎকাল।
শ্বা, (শ্বন) কুক্কুর, সারমেয়, কুকুর।
শ্বান, (শ্বন) কুক্কুর, কুকুর।
শ্বানী, (শ্বান) কুক্কুরী, কুক্কুর স্ত্রী।
শ্বাপদ, (শ্বন-পদ) হিংস্র পশু; ব্যাঘ্র।
শ্বাবিৎ, পশুবিশেষ, শজারু।
শ্বাস, (শ্বস) নাসিকানির্গত বায়ু; রোগবিশেষ। [হাঁপানি।
শ্বাসকাস, রোগবিশেষ, শ্বাসযুক্ত কাসরোগ,
শ্বাসকুঠার, শ্বাসরোগের ঔষধবিশেষ।
শ্বাসপ্রশ্বাসধারণ, প্রাণায়াম।
শ্বাসরোধ, নিশ্বাস বন্ধ, দম আটকান।
শ্বাসহেতি, নিদ্রা, ঘুম।
শ্বাসী (শ্বাস) বায়ু; শ্বাসযুক্ত।
শ্বিত্র, (শ্বিৎ) শ্বেত কুষ্ঠ; শ্বেত ধবল।
শ্বিত্রঘ্নী, (শ্বিত্র-হন) লতাবিশেষ, বিছুটী।
শ্বিত্রী, (শ্বিত্র) শ্বিত্ররোগযুক্ত।
শ্বেত, (শ্বিৎ) শুক্লবর্ণ; রূপা; দ্বীপবিশেষ; পর্ব্বতবিশেষ; কপর্দ্দক, কড়ী; শুক্লবর্ণযুক্ত। [আকন্দ।
শ্বেত আকন্দ, বৃক্ষবিশেষ, শ্বেতার্ক, শাদা
শ্বেতক, (শ্বেত) রূপা, রজত, কপর্দ্দক, বরাটক, কড়ী।
শ্বেতকরবী, বৃক্ষবিশেষ, শাদা করবী।
শ্বেতকুষ্ঠ, শুক্লকুষ্ঠ, শাদা কুষ্ঠ।
শ্বেতকুঞ্জর, ঐরাবত হস্তী; শুক্লগজ।

ষিড়্গ, (ষিট) কামুক, লম্পট, লোচ্চা; উপপতি। [ষাঁড়।
ষেড়ন, ছয় দন্তযুক্ত বৃষ, ছয় দাঁত বিশিষ্ট
ষোড়শ, (ষষ-দশন) সংখ্যা বিশেষ, ষোল; ষোলর পূরণ।
ষোড়শকলা, চন্দ্রমণ্ডলের ষোল ভাগ; ষোল অংশ। [দ্রব্য।
ষোড়শদান, শ্রাদ্ধাদিতে ষোল প্রকার দেয়
ষোড়শভুজা, ষোড়শ হস্তযুক্তা ভগবতী।
ষোড়শমাতৃকা, ষোড়শ সংখ্যক দেবীবিশেষ
ষোড়শাংশু, (ষোড়শ-অংশু) শুক্র গ্রহ; ষোড়শ কিরণ যুক্ত। [সুগন্ধি দ্রব্য মিশ্রিত ধুপ।
ষোড়শাঙ্গ, (ষোড়শ-অঙ্গ) ষোড়শ প্রকার
ষোড়শাঙ্ঘ্রি, (ষোড়শ-অঙ্ঘ্রি) কর্কট, কাঁকড়া; ষোড়শ পদবিশিষ্ট।
ষোড়শাবর্ত্ত, (ষোড়শ-আবর্ত্ত) শঙ্খ, শাঁখ; ষোলটা চক্রযুক্ত।
ষোড়শার, ষোড়শদল পদ্ম।
ষোড়শার্চ্চি, শুক্রগ্রহ, ষোড়শ শিখাযুক্ত।
ষোড়শী, (ষোড়শ) যজ্ঞপাত্র বিশেষ; দশমহাবিদ্যান্তর্গত বিদ্যা বিশেষ; ষোল সংখ্যার পূরণ। [প্রকার পূজার উপকরণ।
ষোড়শোপচার, (ষোড়শ-উপচার) ষোড়শ-
ষোঢ়, ষটপ্রকার, ছয় প্রকার।
ষোঢ়ান্যাস, বিধি পূর্ব্বক শরীরে মন্ত্রবিন্যাস
ষোল, (ষোড়শ) ষড় এক দশসংখ্যা, ষোড়শ।

স

স, দন্ত্য সকার, ব্যঞ্জনের দ্বাত্রিংশ বর্ণ; সহিত; সমাস।
সই, (সখী) সঙ্গিনী, বয়স্যা, মিত্র
সইস, (বাং) অশ্বপাল।
সওঁ, (সখী) সঙ্গিনী, বয়স্যা।
সওয়ারি, (বাং) যান, পাল্কী আদি।
সওয়াল, (বাং) প্রশ্ন, জিজ্ঞাসা।
সওদাগর, (বাং) বণিক, ব্যাপারী
সং, শোভনার্থ; সঙ্গতার্থ; সমানার্থ; প্রকৃষ্টার্থ; নটাদির কৌতুকাবহ বেশ।
সংকলন, একত্র করণ; সংগ্রহ।
সংকলিত, একত্রিত, সংগৃহীত।
সংক্রম, রাশিসঞ্চার, স্থানান্তর গমন।
সংক্রমণ, রাশিসঞ্চার, স্থানান্তরে গমন।
সংক্রান্ত, সম্পর্কীয়, সংলগ্ন, মিলিত।
সংক্রান্তি, সূর্য্যের রাশ্যন্তরে গমন।
সংখ্যা, গণনা, হিসাব।
সংখ্যাত, (সংখ্যা) সংখ্যা করা, গণিত।
সংগুপ্ত, লুক্কায়িত, ছাপান, অব্যক্ত।
সংগৃহীত, (সংগ্রহ) সংকলিত, একত্র করা।
সংগোপন, লুকান; ছাপান, অপ্রকাশ।
সংগ্রহ, সঞ্চয়; আহরণ; একত্র করণ।
সংগ্রহীতা, সংগ্রহকারক, সংগ্রাহক।
সংগ্রাম, যুদ্ধ, রণ, সমর, লড়াই।
সংগ্রাহক, (সংগ্রহ) সংগ্রহ কর্ত্তা; সংকলনকারী; সঞ্চয়কারী।
সংগ্রাহী, সংগ্রহ কর্ত্তা, সঞ্চয়কারী, কুটজ বৃক্ষ। [হার্য্য।
সংগ্রাহ্য, (সংগ্রহ) সংগ্রহের যোগ্য; ব্যব-
সংঘটনা, যোগ; একত্র হওন, মিলন।
সংঘটিত, মিলিত; যুক্ত; সংশ্লিষ্ট।
সংঘট্ট, ঘটন; বহুলোকের জনতা;
সংজ্ঞপন, হনন, মারণ; বিজ্ঞাপন।
সংজ্ঞপ্তি, হনন, মারণ; বিজ্ঞাপন।
সংজ্ঞা, (সং-জ্ঞা) চেতনা, জ্ঞান; নাম; হস্তাদির দ্বারা অর্থ সূচনা।
সংজ্ঞাসুত, (সংজ্ঞা-সুত) শনিগ্রহ, শনৈশ্চর
সংজ্বর, (সং-জ্বর) অগ্নিজন্য তাপ, অনল জন্য সন্তাপ; জ্বররোগ।
সংবৎ, (সম্বৎ) বৎসর এবং বিক্রমাদিত্য নামা প্রসিদ্ধ রাজা কর্ত্তৃক প্রচলীকৃত শক।
সংবৎসর, বৎসর, হায়ন, বর্ষ। [সংবাদ দেওন
সংবদন, (সংবাদ) আলোচন; বশীকরণ;
সংবদনা, (সংবদন) বশক্রিয়া, মণি মন্ত্র দিয়া আয়ত্ত করণ। [হরিণ বিশেষ।
সংবর, জল, দৈত্য বিশেষ; মৎস্য বিশেষ;
সংবর্ত্ত, (সংবৃৎ) প্রলয়; মুনিবিশেষ; মেঘ
সংবর্ত্তক, (সংবৃৎ) প্রলয়; বলরামের লাঙ্গল; বড়বানল, সমুদ্রস্থ অগ্নি।
সংবর্ত্তকী, (সংবর্ত্তক) বলদেব, বলরাম।
সংবর্ত্তি, পত্রের অগ্রের সমীপস্থ দল।
সংবর্দ্ধক, (সংবর্দ্ধ) বর্দ্ধন কারী।
সংবর্দ্ধন, সম্যক বৃদ্ধিকরণ; সন্দীপন।
সংবর্দ্ধিত, (সংবর্দ্ধ) সম্যক্ বৃদ্ধি প্রাপ্ত।
সংবলিত, মিশ্রিত, একত্রীকৃত।
সংবসথ, গ্রাম, বসতিস্থান।
সংবহ, (সং-বহ) সপ্ত প্রকার বায়ুর অন্তর্গত বায়ু বিশেষ।
সংবাটিকা, শৃঙ্গাটক, শিঙ্গাড়া, পানীফল।
সংবাদ, (সং-বদ) কথোপকথন, সমাচার, বার্ত্তা।

সংবাস, গৃহ, পুরবাসি দিগের বিহারার্থ অনাবৃত স্থান।
সংবাহ, (সং-বহ) অঙ্গবিমর্দ্দন, গাত্রমর্দ্দন।
সংবাহক, (সং-বাহ) অঙ্গমর্দ্দনকারক, অঙ্গমর্দ্দক। [বন্ধন।
সংবাহন, (সং-বাহ) অঙ্গমর্দ্দন; ভারাদি
সংবিৎ, (সং-বিদ) অঙ্গীকার; জ্ঞান; সম্ভাষণ; বুদ্ধি; সঙ্কেত; নাম; সমাধি।
সংবিত্তি, প্রতিপত্তি, চেতনা; বুদ্ধি।
সংবিদিত, (সংবিদ) অঙ্গীকৃত, স্বীকৃত।
সংবিদ, অঙ্গীকার; প্রতিজ্ঞা; নিয়ম।
সংবীত, রুদ্ধ; আবৃত, আচ্ছাদিত।
সংবীক্ষণ, অন্বেষণ, অনুসন্ধান, খোঁজা।
সংবৃত্ত, (সং-বৃত) নিষ্পন্ন, জাত।
সংবৃত্তি, সম্যক প্রকারে বর্ত্তন; আবরণ।
সংবেগ, ভয়াদি জনিত ত্বরা; সম্যক বেগ।
সংবেদ, (সং-বিদ) অনুভব, প্রতীতি বোধ, জ্ঞান। [রতি।
সংবেশ, (সং-বিশ) নিদ্রা; স্থিতি, বেতন;
সংবেশন, (সং-বেশ) রতিক্রিয়া, রমণ, মৈথুন
সংব্যান, উত্তরীয় বস্ত্র, বসন।
সংয, (সং-যম) কঙ্কাল; অস্থি, হাড়।
সংযত, (সং-যম) বদ্ধ, কৃত সংযম।
সংযৎ, যুদ্ধ, রণ, সংগ্রাম, লড়াই।
সংযদ্বর, (সংযৎ-বর) নৃপ, রাজা, ভূপতি।
সংযন্তা, (সং-যম) সংযম কর্ত্তা, নিয়ন্তা।
সংযম, (সংযম) ব্রতাদির অঙ্গীভূত পূর্ব্বদিন কর্ত্তব্য আচার, নিয়ম বিশেষ।
সংযমক, (সংযম) নিয়ন্তা; সংযম বিশিষ্ট।
সংযমন, (সংযম) বন্ধন; দমন।
সংযমনী, যমপুরী, যমালয়।
সংযমিত, (সংযম) কৃতসংযম, বদ্ধ, নিগৃহীত।
সংযমী, (সংযম) মুনি; নিগৃহীত ইন্দ্রিয়।
সংযম্য, (সং-যম) মিলিত হওন যোগ্য, জমাট হওনোপযুক্ত।
সংযাত্রা, (সং-যাত্রা) দ্বীপান্তর গমন।
সংযাত্রিক, (সংযাত্রা) পোত বণিক, জাহাজযোগে বাণিজ্যকারী।
সংযান, (সং-যা) সম্যক গমন।
সংযাব, পিষ্টক বিশেষ, ঘৃতক্ষীরাদি দ্বারা পক্ব গোধূম চূর্ণ, পোলাকটী।
সংযাম, (সং-যম) সংযমন, বন্ধন।
সংযুক্ত, (সং-যুজ) সংযোগপ্রাপ্ত, সংলগ্ন।
সংযুগ, (সং-যুজ) যুদ্ধ, রণ, সমর।

সংযুত, (সং-যুজ) সংযুক্ত, সংলগ্ন।
সংযোগ, (সং-যুজ) মিলন, মিশ্রণ; একত্র করণ, মিশ্রিতি।
সংযোগরহিত, মিলন রহিত, সংযোগশূন্য।
সংযোগিত, (সংযোগ) জাতসংযোগ একত্রিত
সংযোগী, (সংযুজ) সংযোগ বিশিষ্ট।
সংযোজন, (সংযুজ) মৈথুন; মিলন, একত্র করণ। [একত্রীকৃত।
সংযোজিত, (সংযুজ) সংযুক্ত করা, মিলিত;
সংরম্ভ, ক্রোধ, আটোপ; উৎসাহ।
সংরাব, (সং-রব) শব্দ, ধ্বনি, নাদ।
সংরাবী, (সংরাব) প্রশস্ত শব্দ বিশিষ্ট।
সংরুদ্ধ, (সং-রুধ) আটকান; অবরুদ্ধ; রুদ্ধ।
সংরোদ্ধা, (সং-রুধ) আটককারী, অবরুদ্ধকারক।
সংরূঢ়, অঙ্কুরিত; জাত, উৎপন্ন।
সংরোধ, (স-রুধ) রোধন, আটক করণ।
সংরোধ্য, (সংরুধ) রোধনীয়, রুদ্ধ হওনযোগ্য
সংলগ্ন, (সং-লগ) সংযুক্ত, মিলিত।
সংলয়, (সং-লী) নিদ্রা; প্রলয়। [কথন।
সংলাপ, (সংলপ) পরস্পর সম্ভাষণ, উভয়ে
সংশয়, (সং-শী) সন্দেহ, দ্বৈধ জ্ঞান।
সংশয়ান, (সংশয়) সংশয়যুক্ত, সন্দেহ বিশিষ্ট
সংশয়াপন্ন, (সংশয়-আপন্ন) সংশয়ান্বিত, সন্দিগ্ধ। [দোলায়িত মনা।
সংশয়াপন্নমানস, সংশয় যুক্ত চিত্ত,
সংশয়ালু, (সংশয়) সংশয়িতা, সংশয়বিশিষ্ট
সংশয়িত, (সংশয়) সন্দেহাস্পদ, সন্দেহযুক্ত
সংশয়িতা, সংশয়কর্ত্তা, সন্দেহকারক।
সংশয়ী, (সং-শী) সন্দেহী, অবিশ্বাসী।
সংশরণ, (সং-শৄ) রণারম্ভ, যুদ্ধোপক্রম।
সংশুদ্ধি, (সংশুধ) সম্যক শোধন; শরীর মার্জ্জন। [শিত, নীরজীকৃত।
সংশুষ্ক, (সং-শুষ) আতপাদি দ্বারা সংশো-
সংশোধক, (সংশুধ) শোধন কর্ত্তা, পরিষ্কার কারক। [শোধন।
সংশোধন, (সংশুধ) সংশুদ্ধি, সম্যকপ্রকারে
সংশোধিত, শুদ্ধীকৃত বস্তু।
সংশ্চৎ, কুহক, কপট মায়া।
সংশ্রব, (সংশ্রু) অঙ্গীকার; সংযোগ, সম্পর্ক, সম্বন্ধ; মিশ্রণ।
সংশ্রয়, (সং-শ্রি) আশ্রয়; উপায়; গতি।
সংশ্রিত, (সং-শ্রি) আশ্রিত, শরণাগত; শরণাপন্ন।

সংশ্রিত, (সং-শ্রি) আশ্রিত ; অপেক্ষিত, সংযুক্ত। [যুক্ত।
সংশ্লিষ্ট, (সং-শ্লিষ) আশ্লিষ্ট ; মিলিত, সং-
সংশ্লেষ, (সং-শ্লিষ) আলিঙ্গন ; মিলন, সং-
যোগ।
সংশ্বৎ, মায়া, কল্ক, কপট।
সংসক্ত, (সং-সন্জ) সংলগ্ন, যুক্ত ; অব্যবহিত
সংসক্তি, (সং-সন্জ) অব্যবধান ; সংযোগ।
সংসদ, সভা, সমাজ, পারিষদ, বহুজন সমা-
গম স্থান।
সংসরণ, (সং-সৃ) গমন ; অসম্বাধে সৈন্য-
দিগের চলন ; যুদ্ধারম্ভ।
সংসর্গ, (সং-সৃজ) সম্বন্ধ ; মিলন ; সহবাস
সংসর্গী, (সং-সৃজ) সংসর্গ বিশিষ্ট ; সঙ্গী,
সম্পর্কিত, একত্রবাসী। [গমন ; গমন।
সংসর্প, সম্যক্ প্রকারে গমন ; সর্পাদির
সংসর্পী, (সং-সর্প) সম্যক্ গমনশীল।
সংসার, (সং-সৃ) মিথ্যা জ্ঞান জন্য বাসনা ;
গৃহস্থাশ্রম ; ইহলোক।
সংসারগুরু, কামদেব ; জগদ্গুরু।
সংসারমার্গ, যোনি, ভগ ; সংসারের পথ।
সংসারাশ্রম, (সংসার-আশ্রম) গৃহস্থাশ্রম,
সংসারধর্ম।
সংসারী, (সং-সৃ) সংসার বিশিষ্ট প্রাণী ;
গৃহাশ্রমী, গৃহী ; শরীরী। [সম্যক্ সিদ্ধি।
সংসিদ্ধি, (সং-সিধ) প্রকৃতি, স্বভাব, স-
সংসৃতি, (সং-সৃ) সংসার ; প্রবাহ।
সংসৃষ্ট, (সং-সৃজ) সংসর্গান্বিত, একত্রিত,
সহবাসী, সংযুক্ত।
সংসৃষ্টত্ব, সংসৃষ্টির ভাব সংসর্গ।
সংসৃষ্টি (সং-সৃজ) সংসৃষ্টত্ব বিশিষ্ট, বিভা-
গানন্তর একত্র সহবাসী।
সংস্কার, (সং-কৃ) অদৃষ্ট বিশেষের জনক
কর্ম্ম ; বিবাহাদি দশবিধ কর্ম্ম ; মানস ধর্ম্ম,
গুণবিশেষ।
সংস্কারক, (সং-কৃ) পরিষ্কারকর্ত্তা, শোধক।
সংস্কারবর্জ্জিত, উপনয়ন সংস্কারহীন, ব্রাত্য।
সংস্কারযুক্ত, সংস্কারবিশিষ্ট, সংস্কারাপন্ন।
সংস্কারাপন্ন, (সংস্কার-আপন্ন) সংস্কারযুক্ত বিশিষ্ট।
সংস্কৃত, (সং-কৃ) ভাষা বিশেষ, দেববাণী ;
শোধিত, মার্জ্জিত, পরিষ্কৃত।
সংস্ক্রিয়া, অন্ত্যেষ্ট্যাদি ক্রিয়া ; সংস্কার।
সংস্তব, (সং-স্তু) পরিচয়, সম্যক স্তুতি।
সংস্তবান, (সং-স্তু) সম্বর্জ্জী, বাগ্মী ; হর্ষ।
সংস্তর, (সং-স্তৃ) শয্যা ; যজ্ঞ ; পল্লবাদি র-
চিত আস্তরণ।
সংস্তুত, (সং-স্তু) সম্যক্ প্রকারে স্তুতি প্রা-
প্ত সম্যক স্তব বিষয়ীভূত।
সংস্থ, (সং-স্থা) নষ্ট ; অবস্থিত ; চর।
সংস্থা, (সং-স্থা) ন্যায় পথে স্থিতি ; সাদৃশ্য ;
নাশ ; ব্যবস্থা ; সমাপ্তি ; সঙ্ঘ।
সংস্থান, (সং-স্থা) চতুষ্পথ ; আকৃতি ; মৃত্যু
উপায় ; সম্যক্ স্থিতি। [কর্ত্তা।
সংস্থাপক, (সং-স্থা) স্থিতি প্রাপক ; স্থির-
সংস্থাপন, (সং-স্থা) সম্যক্ প্রকারে স্থিতি
প্রাপণ ; স্থিরীকরণ। [যোগ্য।
সংস্থাপনার্হ, (সংস্থাপন-অর্হ) সংস্থাপন
সংস্থাপনীয়, (সং-স্থা) স্থাপিত হওয়োপযুক্ত
সংস্থাপিত, (সং-স্থা) কৃতস্থাপন ; রাখা।
সংস্থিত, (সং-স্থা) মৃত, সম্যক্ প্রকারে
স্থিতি বিশিষ্ট। [বাস।
সংস্থিতি, (সং-স্থা) সংস্থান ; মৃত্যু ; গৃহ ;
সংস্পর্শ, (সং-স্পৃশ) সম্যক স্পর্শ ; ত্বগি-
ন্দ্রিয় গ্রাহ্য গুণ বিশেষ।
সংস্পৃশ্য, (সং-স্পৃশ) সম্যক প্রকারে স্পর্শ-
নের যোগ্য ; স্পর্শনীয়।
সংস্পৃষ্ট, (সং-স্পৃশ) সংলগ্ন, সংযুক্ত ; ছুঁয়া।
সংস্ফাল, মেষ, অবি, মেঢ়া, ভেড়া।
সংস্ফুট, বিকশিত, প্রকাশিত ; ব্যক্ত।
সংস্ফেট, যুদ্ধ, রণ, সমর।
সংস্ফোট, সংগ্রাম, যুদ্ধ, রণ।
সংস্মরণ, (সং-স্মৃ) সম্যক্ প্রকারে মনে
করণ, পূর্ব্বানুভূতের বোধ
সংস্মৃতি, (সং-স্মৃ) স্মরণ, মনেকরা।
সংস্রব, (সং-স্রু) মিলন ; সংসর্গ, সংযোগ।
সংহত, (সং-হন) মিলিত ; দৃঢ় ; সম্যক
প্রকারে হত। [অঁাজলা।
সংহততল, মিলিত পাণিদ্বয় ; যুক্ত হস্তদ্বয়,
সংহতি, (সং-হন) সমূহ, সংঘ, সকল।
সংহনন, (সং-হন) শরীর ; সম্যক্ আঘাত
সংহরণ, (সং-হৃ) বিনাশ করণ, সম্যক্ প্র-
কারে করণ। [কারক।
সংহর্ত্তা, (সং-হৃ) সংহার কর্ত্তা, বিনাশক, বধ-
সংহর্ষ, (সংহৃষ) প্রমোদ ; অতিশয় আহ্লা-
দ ; স্পর্দ্ধা ; বায়ু। [বিক্ষেপ।
সংহার, (সং-হৃ) বিনাশ, বধ ; প্রলয় ; নরক
সংহারক, (সং-হৃ) বিনাশক, নাশকর্ত্তা।

সংহারকারী, (সংহার-কারিন) বিনাশক, বধকারক। [করণ।
সংহরণ, (সং-হৃ) বিনাশন, বধকরণ, নাশ
সংহারমুদ্রা, বিসর্জ্জন মুদ্রা।
সংহারী, (সং-হৃ) সংহারক, বিনাশক।
সংহিত, (সং-ধা) মিলিত, যুক্ত, সঞ্চিত।
সংহিতা, (সং-হিত) মন্বাদি মুনি প্রণীত ধর্ম্মশাস্ত্র; স্মৃতি, ধর্ম্মসংহিতা।
সংহূতি, (সংহ্বে) বহুকর্ত্তৃক কৃত আহ্বান।
সংহৃত, (সং-হৃ) সংহার করা; নাশিত।
সংহৃতি, (সংহৃ) সংহার নাশ; প্রলয়।
সংক্ষয়, নাশ, প্রলয়। [ক্ষেপ বিশিষ্ট।
সংক্ষিপ্ত, (সং-ক্ষিপ) সংক্ষেপ করা; সং-
সংক্ষুব্ধ, (সং-ক্ষুভ) সঞ্চলন বিশিষ্ট, আকুল
সংক্ষুভিত, (সং-ক্ষুভ) চঞ্চল; আন্দোলিত।
সংক্ষেপ, (সংক্ষিপ) অল্পেতে অনেক বস্তুর কথন; চুম্বক, স্বল্প [সমুদায় সংগ্রহ করণ।
সংক্ষেপণ, (সং-ক্ষিপ) চুম্বক করা, অল্পে
সংক্ষোভ, (সং-ক্ষুভ) চাঞ্চল্য, সঞ্চলন।
সকট, শাখোট বৃক্ষ, শাওড়া গাছ।
সকটান্ন, (সকট-অন্ন) অশুদ্ধ অন্ন।
সকণ্টক, (সহ-কণ্টক) শৈবাল, শেওলা; করঞ্জ বিশেষ, নাটাকরঞ্জ; কণ্টক যুক্ত।
সকর, (সহ-কর) হস্তযুক্ত; রাজস্ব বিশিষ্ট; শুণ্ড যুক্ত; কিরণান্বিত। [বিশিষ্ট।
সকরুণ, (সহ-করুণা) করুণান্বিত, সদয়; দয়া
সকর্ণ, শ্রবণশীল, শ্রুতিতৎপর; কর্ণযুক্ত।
সকর্ম্মক, (সহ-কর্ম্মন) কর্ম্মসংযুক্ত ধাতু।
সকল, (সহ-কল) সমুদায়, সর্ব্ব, অশেষ, কৃৎস্ন, সমস্ত, নিখিল, অখিল, সমগ্র।
সকলঙ্ক, কলঙ্কযুক্ত, অপবাদবিশিষ্ট।
সকল্যাণ, (সহ-কল্যাণ) কল্যাণযুক্ত। [যুক্ত।
সকাম, (সহ-কাম) কামনাবিশিষ্ট, অভিলাষ
সকারবকার, অবাচ্য ভাষণ; ইতর কথন, মাচোবি, গালাগালি। [থাকে
সকারান্ত, (সকার-অন্ত) যে পদের অন্তে স
সকাল, (সহ-কাল) প্রাতঃকাল, প্রভাত
সকাশ, সমীপ, নিকট, সন্নিধি [মাছ।
সকুল, (স-কুল) সগোত্র; মৎস্যবিশেষ, সলু-
সকুলী, (সকুল) মৎস্যবিশেষ, সলুমাছ।
সকুল্য, (সকুল) সগোত্র, অষ্টমাবধি দশম-পুরুষ পর্য্যন্ত পুরুষত্রয়।
সকৃৎ, একবার; বিষ্ঠা; [illegible] বিশিষ্ট্য [illegible]। [স কাক; যাহার এক প্রসবমাত্র

সক্রোধ, (সহ-ক্রোধ) ক্রোধযুক্ত, রাগান্বিত।
সক্ত, অবরত, নিরত; আসক্ত।
সক্তি, সঙ্গ, আসক্তি, অবিরত।
সক্তু, ভৃষ্ট যবাদি চূর্ণ, ছাতু।
সক্তুক, বিষ বিশেষ; ছাতু।
সক্তুফলা, শমীবৃক্ষ, শাঁইগাছ।
সক্থি, ঊরু; শকটের অবয়ব বিশেষ।
সখা, (সখি) সৌহার্দ্দযুক্ত, মিত্র, সুহৃৎ, বয়স্য বন্ধু।
সখি, (স-খ্যা) সখা, সুহৃৎ, বয়স্য।
সখিতা, (সখি) সখ্য; মিত্রতা, বন্ধুত্ব।
সখিত্ব, (সখি) বন্ধুত্ব, মিত্রতা, সখ্য।
সখী, (সখি) সহচরী, বয়স্যা।
সখ্য, (সখি) মিত্রতা, সৌহৃদ্য, বন্ধুত্ব।
সগড়, (সকট) শকটবিশেষ, গাড়ী।
সগন্ধ, (সহ-গন্ধ) গন্ধযুক্ত; জ্ঞাতি।
সগর, (সহ-গর) সূর্য্যবংশীয় রাজা বিশেষ।
সগর্ভ, (সহ-গর্ভ) সহোদর; অভ্যন্তরিত সূক্ষ্ম পত্রাদিযুক্ত কুশাদি। [সহোদর।
সগর্ভা, (সহ-গর্ভ) গর্ভবতী, অন্তরাপত্যা,
সগর্ভ্য, (সহ-গর্ভ) সহোদর, সোদর্য।
সগুণ, (সহ-গুণ) গুণবান্, গুণযুক্ত।
সগোত্র, (সহ-গোত্র) সকুল্য; জ্ঞাতি; বান্ধব
সঙ্কট, (সং-কট) সম্বাধ, আপদ, বিপদ।
সঙ্কটা, দেবীবিশেষ; যোগিনী বিশেষ।
সঙ্কটাপন্ন, (সঙ্কট-আপন্ন) বিপদগ্রস্ত, বিপন্ন; আপদে পতিত। [কটাক্ষ সহিত।
সঙ্কটাক্ষ, (সং-কটাক্ষ) বৃক্ষবিশেষ, ধববৃক্ষ;
সঙ্কথন, (সং-কথন) সম্যক্ ভাষণ।
সঙ্কথা, পরস্পর ভাষণ, সম্যক্ কথন।
সঙ্কর, (সং-কৄ) সম্মার্জ্জনীদ্বারাক্ষিপ্ত ধূল্যাদি, খঙ্করার ধুলা, অবস্কর; মিশ্রিতত্ব; বর্ণসঙ্কর জাতি। [শেষ।
সঙ্করীকরণ, নববিধ পাপান্তর্গত পাপবি-
সঙ্কর্ষণ, (সং-কৃষ) আকর্ষণ; সম্যক প্রকারে কর্ষণ; বলদেব, বলরাম।
সঙ্কল, সঙ্কলন, যোগ, একত্র করণ।
সঙ্কলন, (সং-কল) একত্রীকরণ, যোজন, [illegible] ; মিলন; সংগ্রহকরণ, সঞ্চয়ন।
সঙ্কলিত, (সঙ্কল) যোজতাঙ্ক [illegible] সংগৃহীত; পুঞ্জীকৃত [illegible] একত্রীকৃত, যোজিত।
সঙ্কল্প, (সংকৃপ) কর্ম্মের মানস; প্রবৃত্তি।
সঙ্কল্পজন্মা, কামদেব, কন্দর্প, মন্মথ।

সটীক, (সহ-টীকা) টীকার সহিত ; যথার্থ।
সট্টকম, (ষটক) পলায়ন, প্রস্থান।
সট্ট, পক্ষিবিশেষ, বাদা।
সড়ক, (সরণি) রাস্তা, বর্ত্ম, পথ। [দীর্ঘ।
সড়কা, (সরণি) দীর্ঘাকার, অপ্রশস্ত অথচ
সড়কীপথ, ক্ষুদ্রপথ, গলি, সূক্ষ্মপথ দীর্ঘ।
সড়ঙ্গা, (সরু-অঙ্গ) দীর্ঘাকার, অপ্রশস্ত অথচ
সড়ন, (সড়) নষ্ট হওন ; পচন।
সড়া, (সড়) পচা, নষ্ট ; জঘন্য।
সড়গড়, (সহ-গঠ) অভ্যাস, অভ্যস্ত, মুখস্থ।
সড়সড়ান, (সড়সড়) নিঃসারণ ; চুলকান।
সড়সড়ী, নীরস ; শুষ্ক ; ভাজা।
সণসূত্র, শণের দ্বারা নির্ম্মিত সূতা।
সণ্ড, (ষণ্ড) ষণ্ড, ষাঁড় বৃষ।
সণ্ডিশ, সন্দংশ, সাঁড়াশি। [দিকে পতন।
সণ্ডীন, পক্ষির গতি বিশেষ, উড়িয়া বৃক্ষা-
সতত, (সং-তত) নিরন্তর, অনবরত, সর্ব্বদা
সততা, (সৎ) সাধুর স্বভাব, সদ্ভাব, সতের আচরণ।
সতত্ত্ব, (সৎ) স্বভাব, প্রকৃতি সত্তা।
সতরঞ্চ, সূত্রনির্ম্মিত আসন বিশেষ।
সতরঞ্জ, (চতুরঙ্গ) ক্রীড়াবিশেষ। সাবধান।
সতর্ক, (সহ-তর্ক) তর্কের সহিত বর্ত্তমান ;
সতল, (সহ-তল) সমান, চৌরস।
সতা, (সতিন) সপত্নী।
সতানন্দ, মুনিবিশেষ, গৌতম মুনির পুত্র।
সতিন, (সপত্নী) একস্বামির স্ত্রী।
সতিনপো, সপত্নীপুত্র, পতির অন্যস্ত্রীর সন্তান। [বিদ্যমান।
সতী, পতিব্রতা, সাধ্বী ; সাবিত্রী ; নিত্যা,
সতীত্ব, (সতী) সতীর ধর্ম্ম, সতীতা।
সতীর্থ, (সহ-তীর্থ) পরম্পরা এক গুরুর শিষ্য, এক সম্প্রদায়ভুক্ত ; একশ্রেণী।
সতাল, বংশ ; বায়ু ; কলায়।
সতীন, কলায়বিশেষ, তেওড়াকলাই।
সতুষ, তুষযুক্তশস্য ধান্য ; খোসাযুক্ত।
সতৃষ্ণ, (সহ-তৃষ্ণা) তৃষ্ণান্বিত, তৃষিত, পিপাসিত। [উর্দ্ধ্বর।
সতেজঃ (সহ-তেজস) তেজাল, তেজস্বী ;
সতের, তুষ ; সপ্তদশ সংখ্যা।
সৎ, (অস্) ভদ্র, শিষ্ট, সাধু ; বিদ্যমান ; প্রশস্ত ; ধীর ; নিত্যবস্তু।
সৎকর্ত্তা, [illegible] সৎকর্ম্মকারক।
সৎকর্ম্ম, বেদবিহিত ক্রিয়া ; উত্তম কার্য্য
সৎকর্ম্মী, উত্তমক্রিয়াকারী, ভালকার্য্যেরত।
সৎকার, পূজা ; শবদাহাদি ক্রিয়া।
সৎকার্য্য, শবদাহাদি কার্য্য উত্তমক্রিয়া।
সৎকুলীন, সদ্বংশজাত, উত্তম বংশীয়।
সৎকুলোদ্ভব, (সৎকুল-উদ্ভব) সদ্বংশ্য, ভদ্রসন্তান, উত্তম কুলে জাত।
সৎকৃত, (সৎ-কৃ) পূজিত কৃতসৎকার।
সৎক্রিয়া, শবদাহাদি ক্রিয়া ; সংস্কার ; পূজা
সৎক্রিয়ান্বিত, (সৎক্রিয়া-অন্বিত) উত্তমক্রিয়াযুক্ত, সৎকর্ম্মী।
সত্তম, অতিশয় সাধু ; পূজ্যতম ; উত্তম।
সত্তা, (সৎ) বিদ্যমানতা ; সাধুত্ব, ভদ্রতা।
সত্র, (ষদ) যজ্ঞ, ক্রতু ; আচ্ছাদন ; অরণ্য ; কৈতব, ছল ; ধনগৃহ ; দান ; সরোবর ; সতত অন্নাদি দান।
সত্রশালা, অন্নাদি দানগৃহ ; যজ্ঞশালা।
সত্রি, (সত্র) মেঘ ; হস্তী ; জয়শীল
সত্রি জাতক, মাংসব্যঞ্জন বিশেষ।
সত্রী, (ষদ) গৃহপতি ; সদা দান বা যজ্ঞাদি কর্ম্মকারী। [রিস, জন্তু ; স্থিতি, প্রাণ।
সত্ত্ব, (সৎ) প্রকৃতির গুণবিশেষ, বল, আত্মা ;
সত্ত্বগুণ, (সত্ত্ব-গুণ) প্রকৃতির আদ্য গুণ আনন্দ প্রকাশক গুণ।
সত্ত্বস্থ, (সত্ত্ব-স্থ) আদ্য গুণ নিষ্ঠ ; সত্ত্বপ্রধান।
সৎপত্র, পদ্মের নবদল, নূতন পদ্মপত্র।
সৎপথ, (সৎ-পথিন) প্রশস্ত পথ, সুপথ।
সৎপথাবলম্বী (সৎপথ-অবলম্বিন) ধর্ম্মপথাবলম্বী ; সুপথগামী।
সৎপশু, যজ্ঞীয়পশু, শোভনপশু, সুন্দরপশু
সৎপুত্র, উত্তম সন্তান, পিত্রাদির বেদাদিবিহিত কার্য্য কর্ত্তা পুত্র।
সৎপুরুষ, পূজ্যমান পুরুষ, উত্তম পুরুষ ; সাধু ; ভদ্রলোক [র গ্রহণ।
সৎপ্রতিগ্রহ সাধুজন কর্ত্তৃক দত্ত দ্রব্যে-
সৎপ্রতিপক্ষ, তুল্য ব্যক্তি প্রতিযোগী, সমান বিপক্ষ
সৎফলা দাড়িম্ববৃক্ষ ; শোভন ফলবিশিষ্ট বৃক্ষ
সৎমা, (সৎ-মা) বিমাতা, সপত্নীমাতা।
সত্য, (অস্) কৃতযুগ ; যথার্থ, তথ্য ; ব্রহ্ম ; প্রতিজ্ঞা ; শপথ ; তপোলোকের উর্দ্ধস্থিত লোক ; [ব্রহ্ম।
সত্যক, (সত্য) যথার্থ, সাক্ষী ; প্রতিজ্ঞা ; বা-
সত্যঙ্কার, (সত্য-কৃ) অবশ্য ক্রয় করিব এই বলিয়া স্বীকার, বায়না।

সদাশিব, (সদা-শিব) মহাদেব, ত্রিলোচন, শঙ্কর। [ভাল জবাব।
সদুত্তর, (সৎ-উত্তর) উৎকৃষ্ট প্রতিবচন,
সদৃক্, (সম-দৃশ) তুল্য, সমান সদৃশ।
সদৃশ, (সম-দৃশ) সম, তুল্য, সমান।
সদেশ, (সম-দেশ) নিকট, সমীপ; সমান দেশ; একদেশ। [বাসী।
সদেশীয়, (সদেশ) একদেশবাসী: নিকট-
সদ্গতি, (সৎ-গতি) মুক্তি; উত্তম গতি।
সদ্ভাব, (সৎ-ভাব) বিদ্যমানতা, সত্তা; প্রণয়, বন্ধুতা। [প্রকৃত
সদ্ভূত, (সৎ-ভূ) সুনৃত, ঋত, সত্য, যথার্থ।
সদ্ম, আগার, গৃহ, আলয়, ঘর।
সদ্যঃ, (সম-দ্যস) তৎক্ষণাৎ, তখনি; তদ্দিবস। [বিনী
সদ্যঃপ্রসূতা, তদ্দিনে জাতাপত্যা, নবপ্রস-
সদ্যঃপ্রাণকর, তৎক্ষণাৎ বল বা আয়ুষ্কারক দ্রব্যাদি। [দ্রব্যাদি।
সদ্যঃপ্রাণহর, তৎক্ষণাৎ বল বা আয়ুর্নাশক
সদ্যঃশুদ্ধি, সদ্যঃশৌচ, তৎক্ষণাৎ শুদ্ধতা
সদ্যঃশৌচ, তৎক্ষণাৎ শুদ্ধি।
সদ্যস্ক, (সদ্যস) নূতন, নব, নবীন।
সদ্যোজাত, (সদ্যস-জাত) তৎক্ষণাৎ উৎপন্ন, নূতন বৎস; শিব।
সদ্যোভাবী, সদ্যোজাত বৎস।
সদ্বক্তা, (সৎ-বক্তৃ) সৎকথক, বাগ্মী, বাকপটু।
সদ্বসথ, গ্রাম; উত্তম বসতি স্থান।
সদ্বৃত্ত, (সৎ-বৃত্ত) সাধুস্বভাব, সচ্চরিত্র।
সদ্বৃত্তিভাক্, সদ্বৃত্তি বিশিষ্ট, সুশীল।
সধন, (সহ-ধন) ধনবান, ধনী।
সধবা, (সহ-ধব) জীবৎপতিকা, সভর্তৃকা, আয়ুষ্মতী, পতিবত্নী, সনাথা।
সধর্ম্মা, (সহ-ধর্ম্ম) সদৃশ, তুল্য, সমান, সমান ধর্ম্মাক্রান্ত। [অ, স্ত্রী।
সধর্ম্মচারিণী, ভার্য্যা, পত্নী, জায়া, দারা, বনি
সধর্ম্মিণী, (সম-ধর্ম্মিন) ভার্য্যা, পত্নী জায়া।
সধর্ম্মী, (সম-ধর্ম্মিন) সমান ধর্ম্মাচারী, এক ধর্ম্মাক্রান্ত।
সধি, অগ্নি, বহ্নি, অনল।
সধ্রীচী, সখী, সহচরী, সঙ্গিনী।
সধ্র্যঙ, সহচর, সখা, দোসর।
সনক, বিষ্ণুর পারিষদ বিশেষ; ব্রহ্মার চারি পুত্রের মধ্যে এক পুত্র।
সনৎকুমার, মুনিবিশেষ, ব্রহ্মার পুত্র।
সনন্দ, ব্রহ্মার পুত্র চতুষ্টয়ের মধ্যে পুত্র বিশেষ; প্রমাণ স্বরূপ লিখিত পত্রাদি।
সনসূত্র, শোণের দ্বারা নির্ম্মিত সূত্র।
সনাতন, (সনা) নিত্য; সর্ব্বদা স্থায়ী; বিষ্ণু; শিব; ব্রহ্মা। [সরস্বতী।
সনাতনী, (সনাতন) নিত্যা; দুর্গা; লক্ষ্মী;
সনাথ, (সহ-নাথ) সস্বামিক, প্রভুবিশিষ্ট।
সনাথা, জীবৎ ভর্তৃকা, পতিবত্নী, সধবা; সস্বামিক। [দর; তুল্য; সোদর্য্য।
সনাভি, (সম-নাভি) সপিণ্ড, জ্ঞাতি; সহোদর।
সনাম, (সম-নাম) একনাম, সমান সংজ্ঞা।
সনামক, শোভাঞ্জন বৃক্ষ, শজিনা গাছ; সমান নামধারী।
সনিত, প্রতিপন্ন, খ্যাতিযুক্ত।
সনিষ্ঠীব, বারিবিন্দু পূর্ণ মুখ, থুথুকরা মুখ
সনীড়, (সহ-নীড়) নিকট; সন্নিধান; নীড়যুক্ত
সন্তত, (সং-তন) সতত, নিত্য, নিরন্তর।
সন্ততাভ্যাস, (সন্তত-অভ্যাস) নিরন্তর অভ্যাস
সন্ততি, (সংতন) গোত্র; পুত্র; কন্যা; বংশ পংক্তি; বিস্তার।
সন্তপ্ত, (সংতপ) পথ গমনাদি দ্বারা শ্রান্ত; সন্তাপিত; অগ্নিজন্য তাপযুক্ত।
সন্তমস, (সং-তমস) চতুর্দিক আচ্ছন্নকারি অন্ধকার, সর্ব্বতোব্যাপি অন্ধকার।
সন্তরণ, (সং-তৄ) হস্ত পদাদি চালন পূর্ব্বক জলোপরি ভাসিয়া বেড়ান, সাঁতারদেওন।
সন্তর্পণ, (সং তৃপ) তৃপ্ত করণ, তোষণ।
সন্তান, (সং-তন) বংশ, অপত্য, পুত্র; বিস্তার; কল্পবৃক্ষ। [তাপ, মনস্তাপ, দুঃখ।
সন্তাপ, (সং-তপ) অগ্নিজন্য তাপ, সম্যক
সন্তাপন, (সং-তপ) সম্যক তাপকারক; কামদেবের পঞ্চ বাণান্তর্গত বাণবিশেষ।
সন্তাপান্বিত, (সন্তাপ-অন্বিত) মনস্তাপান্বিত, দুঃখযুক্ত; সন্তপ্ত।
সন্তাপিত, (সং-তপ)) পথ গমনে শ্রান্ত; সন্তাপ বিশিষ্ট, দুঃখিত, মনস্তাপান্বিত।
সন্তি, বিতরণ, দান, অবসান।
সন্তুষ্ট, (সং-তুষ) সন্তোষযুক্ত, হৃষ্ট, আহ্লাদিত
সন্তুষ্টচিত্ত, হৃষ্টচিত্ত, আহ্লাদিত অন্তঃকরণ।
সন্তুষ্টি, (সং-তুষ) আহ্লাদ, আনন্দ; পরিতোষ; তৃপ্তি। [তোলন,
সন্তোরণ, সাঁতোল, সন্তরণ; সম্যকপ্রকারে
সন্তোষ, (সং-তুষ) সন্তুষ্টি, পরিতোষ; তৃপ্তি আনন্দ; স্বাস্থ্য।

সন্তোষক, (সং-তুষ) তুষ্টিকর ; হর্ষজনক, আনন্দ দায়ক।

সন্তোষী (সং-তুষ) হর্ষান্বিত, আহ্লাদবিশিষ্ট

সন্দংশ, (সম্-দন্স) সাঁড়াশী, সোম্বা।

সন্দংশিকা, (সন্দংশ) সাঁড়াশী, চিমটা ; লৌহ নির্ম্মিত যন্ত্র বিশেষ কাত রি।

সন্দর্ভ, (সং-দৃভ) রচনা, প্রবন্ধ, গ্রন্থ।

সন্দর্শন, (সং-দৃশ) সম্যক প্রকারে দর্শন, নিরীক্ষণ, অবলোকন, দেখন।

সন্দানিত, বদ্ধ, আটকান।

সন্দানিনী, গোগৃহ, গোশালা, গোয়ালিঘর।

সন্দাব, পলায়ন, প্রস্থান।

সন্দিগ্ধ, (সং-দিহ) সন্দেহ যুক্ত ; সংশয় বিশিষ্ট। [অন্তঃকরণ।

সন্দিগ্ধচিত্ত, সংশয়াপন্ন মনাঃ, সন্দেহান্বিত

সন্দিগ্ধচেতাঃ (সন্দিগ্ধ-চেতস) সন্দেহযুক্ত অন্তঃকরণ, সংশয়িত মনাঃ।

সন্দেহান্বিত বুদ্ধি

সন্দিগ্ধার্থ, (সন্দিগ্ধ-অর্থ) সন্দেহের বিষয়ীভূত অর্থ

সন্দিত, বদ্ধ বাঁধা।

সন্দিষ্ট, (সং-দিশ) বার্ত্তা, কথিত ; আদিষ্ট।

সন্দিষ্টার্থ (সন্দিষ্ট-অর্থ) দূত, বার্ত্তাবহ।

সন্দিহান, (সং-দিহ) সন্দিগ্ধ, সন্দেহান্বিত, সংশয় যুক্ত। [বিশেষ, মণ্ডা।

সন্দেশ, (সং-দিশ) সংবাদ সমাচার ; মিষ্টান্ন

সন্দেশবাক, সংবাদ, বার্ত্তা, সমাচার।

সন্দেশহর, দূত, বার্ত্তাবহ।

সন্দেশহারক, দূত, বার্ত্তাবহ।

সন্দেহ, (সং-দিহ) ভাবাভাব প্রকারক বিরুদ্ধ জ্ঞান, দ্বৈধজ্ঞান বিচিকিৎসা, সংশয়।

সন্দেহস্থল, সংশয় স্থল ; সন্দিগ্ধ।

সন্দেহী, (সং-দিহ) সন্দিগ্ধ, সন্দেহযুক্ত, সংশয়ান্বিত, দ্বৈধজ্ঞান সম্পন্ন।

সন্দোহ, বহুল, রাশি, বহু। [করিয়া লওন।

সন্দোহন, সম্যক প্রকারে রসাদি নিঃসৃত

সন্দ্রাব, পলায়ন, প্রস্থান।

সন্ধা, (সং-ধ) স্থিতি ; প্রতিজ্ঞা ; সন্ধান।

সন্ধান, (সং-ধা) সঙ্ঘটন, অন্বেষণ, তত্ত্ব ; ধনুকে বাণ যোজন।

সন্ধানিত, (সং-ধা) সন্ধান বিশিষ্ট ; সঙ্ঘটিত

সন্ধানিনী, গোগৃহ, গোশালা, গোয়ালি ঘর।

সন্ধানী, (সং-ধা) সন্ধান বিশিষ্ট, অন্বেষণকারী, চেষ্টান্বিত।

সন্ধায়ী (সং-ধা) অন্বেষণকারী সংযোগকারী

সন্ধি, (সং-ধা) রাজাদিগের ছয় গুণের অন্তর্গত গুণবিশেষ ; সংযোগ, সঙ্ঘটন ; বর্ণদ্বয়ের মেলন ; উভয়ের যোগ ; গ্রন্থিস্থান।

সন্ধিচোর, চোরবিশেষ, সিঁধাল চোর।

সন্ধিচ্যুত, সংযোগ ভ্রষ্ট ; গ্রন্থিভঙ্গ ; মিলনের অন্যথা। [ন্বিত।

সন্ধিত, (সং-ধা) সন্ধিযুক্ত, মিলিত, এক-

সন্ধিনী, বৃষভের দ্বারা আক্রান্তা গাভী ; অকাল দুগ্ধা ধেনু।

সন্ধিপূজা, শারদীয় মহাপূজার অন্তর্গত তৃতীয়া পূজা, অষ্টমী নবমীর সন্ধিক্ষণে কর্ত্তব্য পূজা।

সন্ধিবন্ধ, ভূমিচম্পক, ভুঁইচাপা।

সন্ধিবন্ধন, শিরা, রক্ত সঞ্চালনের পথ। [কাল

সন্ধিবেলা, কালবিশেষ ; দিবারাত্রির মেলন

সন্ধিভেদী, তস্কর বিশেষ, সিঁধালচোর।

সন্ধিলা, সুরঙ্গ ; নদী ; মদিরা।

সন্ধিহারক, সন্ধিচোর, সিঁধাল চোর।

সন্ধেয়, (সং-ধা) মিলিত হওনোপযুক্ত।

সন্ধ্যা, (সন্ধি) কালবিশেষ, দিবারাত্রি সন্ধি দণ্ডদ্বয়, সায়ং, দিনান্ত, সায়াহ্ন ; যুগসন্ধি ; সন্ধ্যাসময়ে কর্ত্তব্য উপাসনা।

সন্ধ্যাংশ, (সন্ধ্যা-অংশ) যুগ সন্ধি।

সন্ধ্যাকাল, সায়ংকাল, সূর্য্যাস্ত সময়।

সন্ধ্যাচল, (সন্ধ্যা-অচল) পর্ব্বতবিশেষ।

সন্ধ্যানাটী, শিব, মহাদেব। [তীপুষ্প।

সন্ধ্যাপুষ্পী, (সন্ধ্যা-পুষ্প) পুষ্পবিশেষ, জা-

সন্ধ্যাবল রাক্ষস, নিশাচর। [নির্ম্মিত বৃষ ;

সন্ধ্যাবলি, শিবালয় স্থিত মৃত্তিকা কাষ্ঠাদি

সন্ধ্যাভ্র, স্বর্ণ বর্ণ গৈরিক মৃত্তিকা ; গেরিমাটী, সন্ধ্যাকালীন মেঘবৎ রক্তবর্ণ।

সন্ধ্যারাগ, সিন্দূর, সন্ধ্যাকালের ন্যায় রক্তবর্ণ

সন্ধ্যারাম, ব্রহ্মা, প্রজাপতি।

সন্নকদ্রু, বৃক্ষবিশেষ, পিয়াল বৃক্ষ।

সন্নতি, (সং-নতি) প্রণতি ; ধ্বনি ; নম্রতা।

সন্নদ্ধ (সং-নহ) বর্ম্মিত, কৃতসন্নাহ, কবচযুক্ত ব্যূহ বিন্যাস যুক্ত ; মন্ত্রাদি সংযুক্ত।

সন্নয়, সমূহ ; পৃষ্ঠদেশে স্থায়ি সেনা।

সন্নাহ, (সং-নহ) অঙ্গত্রাণ, সাঁজোয়া, বর্ম্ম, কবচ, তনুত্র।

সন্নাহ্য, (সং-নহ) যুদ্ধ যোগ্য হস্তী।

সন্নিকট, (সং-নিকট) সন্নিকর্ষ, নিকট, সমীপ, অন্তিক, সন্নিধান।

সন্নিকর্ষ, (নি-কৃষ) সান্নিধ্য, নৈকট্য, সামীপ্য।
সন্নিকর্ষণ, (সং-নি-কৃষ) সন্নিধান, সন্নিধি।
সন্নিকৃষ্ট, (সং-নি-কৃষ) সন্নিকর্ষ বিশেষ. নিকট; সমীপবর্ত্তী।
সন্নিধ, (সং-নি-ধা) সন্নিধান, নিকট সমীপ
সন্নিধান, (সং নি-ধা) নিকট, সমীপ।
সন্নিধি, (সং-নি-ধা) সন্নিকর্ষ; নিকট।
সন্নিধিবর্ত্তী, (সন্নিধি-বর্ত্তিন) নিকটাবর্ত্তী, সমীপস্থ। [শ্রিত।
সন্নিপতিত, (সং-নি-পৎ) একত্রীকৃত, মি
সন্নিপাত, (সং-নিপৎ) সম্যক্ প্রকারে পতন; রোগ বিশেষ, বাত পিত্ত শ্লেষ্মার মিলন।
সন্নিপাতঘ্ন, (সন্নিপাৎ-হন) সন্নিপাত নাশক
সন্নিপাতজ্বর, ত্রিদোষ জন্য জ্বর; অষ্ট প্রকার জ্বরের অন্তর্গত জ্বর বিশেষ। [দৃঢ়বদ্ধ।
সন্নিবদ্ধ, (সং-নি-বন্ধ) সম্যক্ বন্ধন যুক্ত;
সন্নিবন্ধন, সম্যক্ নিশ্চিত বন্ধন।
সন্নিবিষ্ট, (সং-নি-বিশ) উপবিষ্ট; নিকট; মনোযোগী। [নিবৃত্ত।
সন্নিবৃত্ত, একেবারে বিরত, সম্যক্ প্রকারে
সন্নিবৃত্তি, সম্যক্ নিবর্ত্তন।
সন্নিবেশ, (সং-নি-বিশ) পুরাদির বহির্বিহরণ ভূমি, গৃহাদির নিকটবর্ত্তি গমনাদি স্থান।
সন্নিরোধ, (সং-নি-রুধ) রুদ্ধাবরোধ, বন্ধ।
সন্নিহিত, (সং-নি-ধা) নিকটবর্ত্তী, সমীপস্থ
সন্ন্যস্ত, (সং-নি-অস) সম্যক্ন্যাসীকৃত; সমর্পিত; পরিত্যক্ত।
সন্ন্যাস, (সং-নি-অস) কাম্য কর্ম্মাদির পরিত্যাগ, চতুর্থাশ্রম ভিক্ষু ধর্ম্ম।
সন্ন্যাসী, (সন্ন্যাস) সন্ন্যাসাশ্রম বিশিষ্ট, চতুর্থাশ্রমী; যতি।
সপ, (যাং) দীর্ঘ কাটার মাদুরী।
সপত্রকৃত, বাণাদি দ্বারা বিক্ষত মৃগাদি; অত্যন্ত পীড়িত।
সপত্রাকরণ, অত্যন্ত পীড়ন, বাণাদি দ্বারা বেধন। [ত্যন্ত পীড়িত।
সপত্রাকৃত, বাণাদি দ্বারা ক্ষত মৃগাদি; অ
সপত্রাকৃতি, বাণদ্বারা অত্যন্ত পীড়ন।
সপত্ন, শত্রু, বৈরী, রিপু।
সপত্নারি, বংশবিশেষ, বেউড় বাঁশ।
সপত্নী, (সম-পতি) এক পতির স্ত্রী, সতীন।
সপত্নীপুত্র, সপত্নীর সন্তান, সতীনেরপুত্র।
সপত্নীমাতা, (সপত্নী-মাতৃ) বিমাতা, সৎমা।

সপরিবার, (সহ-পরিবার) পোষ্যবর্গ সহিত পরিবার সহ, পুত্র কলত্র সমেত।
সপর্ব্ব, (সহ-পর্ব্বন) যুক্ত, মিলিত; পর্ব্বযুক্ত
সপর্য্যা, (সপর) পূজা, অর্চ্চা, আরাধনা।
সপক্ষ, (সম-পক্ষ) অনুকূল, সহায়, সমান পক্ষ। [সহায়তা, আনুকূল্য।
সপক্ষতা, (সপক্ষ) অনুকূলতা, পক্ষপাত;
সপাদ, (সহ-পাদ) চরণযুক্ত; চতুর্থভাগ সহিত সওয়া। [সিংহাসনাদি।
সপাদপীঠ (সহ-পাদপীঠ) পাদ পীঠ যুক্ত
সপিণ্ড, (সহ-পিণ্ড) সপ্তম পুরুষান্তর্গত জ্ঞাতি, সজাতি।
সপিণ্ডন, (সপিণ্ড) শ্রাদ্ধ বিশেষ. প্রেতত্ব মোচনার্থ পিত্রাদির পিণ্ডসহ পিণ্ডমিশ্রণ
সপিণ্ডীকরণ, পূর্ণ সম্বৎসরে ক্রিয়মাণ শ্রাদ্ধ বিশেষ। লিয়া এককালীন পান
সপীতি, (সহ-পা) আত্মীয়জনের সহিত মি-
সপ্ত, (সপ) সংখ্যা বিশেষ, সাত।
সপ্তক, (সপ্তন) সাতের পূরণ, সপ্তম।
সপ্তকী, কাঞ্চী, স্ত্রীলোকের কট্যাভরণ।
সপ্তচত্বারিংশৎ, (সপ্ত-চত্বারিংশৎ) সংখ্যা বিশেষ, ৪৭।
সপ্তচ্ছদ, বৃক্ষ বিশেষ ছাতিম গাছ।
সপ্তজিহ্ব, অগ্নি বহ্নি, আগুন।
সপ্ততন্তু, যজ্ঞ, যাগ, ক্রতু।
সপ্ততি, (সপ্তন) সংখ্যাবিশেষ, সত্তোর।
সপ্ততিতম, সত্তোর সংখ্যার পূরণ।
সপ্তত্রিংশৎ, (সপ্তন-ত্রিংশৎ) সংখ্যাবিশেষ
সপ্তদশ, (সপ্তন-দশন) সংখ্যা বিশেষ, সতেরো; সপ্তদশের পূরণ, সতেরএর।
সপ্তদীধিতি, অগ্নি, অনল, আগুন।
সপ্তদ্বীপা, (সপ্তন-দ্বীপ) প্লক্ষাদি সাত দ্বীপ
সপ্তদ্বীপপতি, সাতদ্বীপের অধিপতি।
সপ্তদ্বীপা, পৃথিবী, পৃথ্বী, বসুধা।
সপ্তধা, (সপ্তন) সপ্তপ্রকার, সাত বার।
সপ্তধাতু, শরীরস্থ সপ্ত সংখ্যক ধাতু, যথা-রস, রক্ত, মাংস, বসা, মজ্জা, অস্থি, শুক্র।
সপ্তধাতব, (সপ্তধাতু) শরীরস্থ সপ্তসংখ্যক ধাতু।
সপ্তপদীগমন, বিবাহাঙ্গীভূত দম্পতীর সপ্তপদ গমন। [গাছ।
সপ্তপর্ণ (সপ্তন-পর্ণ) বৃক্ষ বিশেষ. ছাতিম
সপ্তপাতাল, সপ্তসংখ্যক অধোভুবন।

সপ্তম, (সপ্তন্) সাতের পূরণ, সাতগুণ।
সপ্তমী, তিথি বিশেষ, চন্দ্রের সপ্তম কলার ক্রিয়া কাল।
সপ্তর্ষি, (সপ্তন্ ঋষি) সপ্তসংখ্যক ঋষি, যথা মরীচি-অত্রি-অঙ্গিরা- পুলস্ত্য-পুলহ-ক্রতু-বশিষ্ঠ।
সপ্তলা, (সপ্তন্) নবমালিকা, পুষ্প; গুঞ্জা, কুঁচ।
সপ্তশতী, (সপ্তন্-শত) সপ্ত শত শ্লোকাত্মক গ্রন্থবিশেষ; চণ্ডী পুস্তক।
সপ্তশলাক, (সপ্তন্-শলাকা) বিবাহে শুভাশুভ দিন জ্ঞানার্থ তির্য্যগূর্দ্ধ সপ্তরেখা বিশিষ্ট চক্র বিশেষ।
সপ্তসপ্তি, সূর্য্য, রবি, দিনকর।
সপ্তসূ, সপ্ত পুত্র প্রসূতা স্ত্রী, সাত পুত্রের মাতা।
সপ্তাংশুপুঙ্গব, শনিগ্রহ; শনৈশ্চর।
সপ্তার্চ্চি, অগ্নি, চিত্রক বৃক্ষ, চিতাগাছ; শনিগ্রহ।
সপ্তাশ্ব, (সপ্তন্-অশ্ব) সূর্য্য, রবি, দিনকর।
সপ্তাশ্ববাহন, সূর্য্য, ভানু, দিনমণি।
সপ্তাস্র, (সপ্তন্-অস্র) সপ্তকোণ, সাতকোণ।
সপ্তাহ, (সপ্তন্-অহন্) সপ্তদিন, সাত দিন।
সপ্তি, অশ্ব, ঘোটক, তুরঙ্গ।
সপ্রতিভ, (সহ-প্রতিভা) অকুণ্ঠ; বুদ্ধিমান চতুর।
সপ্রভুক, (সহ-প্রভু) প্রভু
সপ্রমাণ, (সহ-প্রমাণ) প্রমাণ সহিত; অসংশয়; সত্যত্ব অবধারণ।
সফর, মৎস্য বিশেষ পুঁটীমাছ।
সফরী, মৎস্য বিশেষ, প্রোষ্ঠি, পুঁটীমাছ।
সফল, (সহ-ফল) ফলবিশিষ্ট, ফলবান, অমোঘ, সুসিদ্ধ।
সফেণ, (সহ-ফেণ) ফেণাযুক্ত।
সফেদ, (যাং) শুক্লবর্ণ, শাদা।
সফেদা, (যাং) তণ্ডুল চূর্ণ; শাদা রং।
সব, (সর্ব্ব) যজ্ঞ, সূর্য্য; চন্দ্র; সর্ব্ব, সকল।
সবন, (সব) যজ্ঞে স্নান; যজ্ঞ, অধ্বর, প্রসব
সবয়াঃ, সমবয়স্ক, বয়স্য, সখা, সহচর।
সবর, সলিল, জল; শিব, মহেশ।
সবর্ণ, (সম-বর্ণ) সদৃশ, তুল্য; সমান বর্ণ, তুল্য জাতি।
সবর্ণা, (সবর্ণ) সূর্য্যপত্নী, ছায়া, সমানবর্ণাস্ত্রী
সবল, (সহ-বল) সামর্থ্যবান; সৈন্য যুক্ত
সবলোট, (সব-লম্পট) লম্পট; সর্ব্ব ভক্ষক উৎশৃঙ্খল।
সবাধ, (সহ-বাধা) প্রতিবন্ধক যুক্ত; পীড়াবিশিষ্ট, নিষেধান্বিত।
সবিকাশ, বিকশিত, প্রফুল্ল; স্ফুটিত।
সবিতা, (সবিতৃ) সূর্য্য রবি, দিবাকর।
সবিত্র (সূ) প্রসব করণ।
সবিত্রিয়, (সবিতৃ) সূর্য্য সম্বন্ধীয়।
সবিত্রী (সবিত্র) মাতা, জননী; প্রসবকারিণী
সবিদ্য, (সহ-বিদ্যা) পণ্ডিত, বিদ্বান।
সবিধ, নিকট, সমীপ; সমান প্রকার।
সবিনয়, (সহ-বিনয়) বিনয়যুক্ত, বিনয়ান্বিত।
সবিশেষ, (সহ-বিশেষ) বিশেষযুক্ত, নিগূঢ় বিবরণ সহিত।
সবিষাণ, (সহ-বিষাণ) শৃঙ্গযুক্ত, শিঙ্গাল।
সবিষাদ, বিষাদযুক্ত, খেদিত, দুঃখিত।
সবিস্ময়, বিস্ময়াপন্ন, বিস্ময়যুক্ত।
সবেশ, নিকট, সমীপ; বেশ যুক্ত, বেশান্বিত
সব্য, (সু) বাম; প্রতিকূল; বিরুদ্ধ।
সব্যসাচী, (সব্য-সচ) অর্জ্জুন; উভয় হস্তে সমবল যুক্ত।
সব্যেষ্ঠ, সারথি, রথচালক।
সব্রহ্মচারী, পরস্পর ব্রহ্মচর্য্য ব্রতচারী এক গুরুর শিষ্য।
সভয়, (সহ-ভয়) ভয়যুক্ত, শঙ্কান্বিত, ত্রস্ত, ভীত।
সভর্ত্তৃকা, (সহ-ভর্তৃ) বিদ্যমান পতিকা, পতিব্রতা, সধবা, সনাথা।
সভা, (সহ-ভা) সমাজ, সমজ্যা, পারিষৎ, সমিতি মজলিস মিটিং।
সভাকার, (সভা-কৃ) সমাজকারক; সকলকার
সভাজন, গমনাগমনাদি সময়ে সুহৃৎ সঙ্গে আলিঙ্গন; আনন্দ; কুশলাদি প্রশ্নকরণ; পূজন।
সভাপতি, সমাজাধিপতি, দ্যূত গৃহস্বামী।
সভাসদ, (সভা-ষদ) সভ্য, সামাজিক, সভাসদ, পারিষদ, সভাস্থ।
সভাস্তার, সভাস্থ, রক্ষক; সভাষদ, সভাস্থ।
সভাস্থ, (সভা-স্থা) সভ্য, সভাতে বর্ত্তমান।
সভিক, দ্যূতকারক; ফড়ের কর্ত্তা।
সভীক, দ্যূতকারক; ফড়ের কর্ত্তা।
সভোচিত, (সভা-উচিত) পণ্ডিত; সভাযোগ্য।
সভ্য, (সভা) সজ্জন, সাধু; সভাসদ; সভারক্ষক; সভাসম্বন্ধীয়।
সম, (সম) সর্ব্ব, সমান; সাধু; গীতবিষয়ে মানের প্রকার বিশেষ।
সমকন্যা, বিবাহের উপযুক্তা কন্যা।
সমকোণ, নব্বই ডিগ্রীপরিমিত কোণ।
সমকোল, সর্প, ভুজঙ্গ, অহি।

সমাংশহারী, সমভাগাই, সমান অংশ যোগ্য তুল্যাংশী।
সমাংশিক, (সমাংশ) তুল্যভাগী সমভাগী।
সমাংশী, (সম-অংশ) তুল্যভাগ বিশিষ্ট, তুল্যভাগী, সমান ভাগের অধিকারী।
সমাংসমীনা, (সমা) প্রতিবর্ষ প্রসূতা গবী
সমাংসকরণ, (সহ-মাংস-কৃ) মাংস সহিত বলি নিবেদন।
সমাকর্ষী, (সং-আ-কৃষ) অতি দূরগামী গন্ধ
সমাকুল, (সং-আকুল) দুঃখিত, আকুলিত
সমাখ্যা, (সং-আখ্যা) কীর্ত্তি, যশঃ; সংজ্ঞা, নাম। [বিশিষ্ট, উপস্থিত; মিলিত।
সমাগত, (সং-আ-গম) সম্যক্ আগমন
সমাগতি, (সং-আ-গম) সমাগমন, মিলন।
সমাগম, সং-প্র-গম) সম্যক আগমন, মিলন
সমাঘাত, (সং-আঘাত) যুদ্ধ, রণ; বধ, হিংসা। [বার্ত্তা, সংবাদ, খবর।
সমাচার, (সং-আ-চর) সম্যক্ আচরণ,
সমাজ, (সং-অজ) পশু ভিন্নের সমূহ, সভা, সংসদ, পরিষদ। [র্থনা।
সমাদর (সং-আদ) সম্মান, মর্য্যাদা, অভ্য
সমাদরণীয়, (সং-আ-দৃ) সম্ভ্রান্ত, মান্য, সমাদরযোগ্য। [সম্যক্ গ্রহণ।
সমাদান, (সং-আদান) সমীচীন রূপে গ্রহণ,
সমাদৃত, (সং-আ-দৃ) সম্যক্ প্রকারে আদর প্রাপ্ত; অভ্যর্থিত; মর্য্যাদান্বিত। [মিটান
সমাধা, (সং-আ-ধা) নিষ্পত্তি, বিরোধভঞ্জন
সমাধান, (সং-আ-ধা) ব্রহ্মেতে মনঃস্থিরী করণ; চিত্তের একাগ্রতা; অবধান, প্রণিধান; নিষ্কান্তকরণ; নিষ্পত্তি।
সমাধি, (সং-আ-ধা) ধ্যান, ব্রহ্মেতে মনঃ স্থিরীকরণ, ইন্দ্রিয় নিরোধন; যোগ [বিশিষ্ট
সমাধিস্থ, (সং-আধি-স্থা) ধ্যানস্থিত, সমাধি
সমান, (সং-আ) সম, তুল্য, সদৃশ; শরীরস্থ বায়ুবিশেষ। [প্রাপ্তি শীল।
সমানকালীন, এককালীন, তুল্যকালে উৎ-
সমানোদক, (সমান-উদক) একোদক, জ্ঞাতি বিশেষ, চতুর্দ্দশ পুরুষ পর্য্যন্ত জ্ঞাতি।
সমানোদর্য্য, (সমান-উদর) সহোদর, সোদর
সমাপক, (সং-আপ) সমাপনকর্ত্তা; নিষ্পত্তিকারক। [চুকান
সমাপন, (সং-আপ) পরিচ্ছেদ, সমাপ্তি,
সমাপনার্হ, (সমাপন-অর্হ) সমাপনোপযুক্ত, নিষ্পত্তিযোগ্য

সমাপন্ন, (সং-আপ) সমাপ্ত; প্রাপ্ত, নিষ্পন্ন
সমাপিকা, বাক্য সমাপক ক্রিয়া।
সমাপিত, (সং-আপ) কৃত সমাপন, সমাপন করা। [বিশিষ্ট; নিষ্পন্ন।
সমাপ্ত, (সং-আপ) সমাপন প্রাপ্ত সমাপ্তি
সমাপ্তি, (সং-আপ) অবসান, শেষ, নিষ্পত্তি
সমাপ্ত্যর্থা, (সমাপ্তি-অর্থ) সমস্যা, শ্লোকের পাদ পূরণার্থ প্রশ্ন।
সমাপ্য, (সং-আপ) সমাপনীয়; নিষ্পাদনীয়
সমাবর্ত্তন, (সং-আ-বৃৎ) বেদাধ্যয়নের পর গৃহস্থ হইবার নিমিত্তস্নান।
সমাবিষ্ট, (সং-আ-বিশ) একাগ্রচিত্ত, নিবিষ্ট মনাঃ। [বৃত; ব্যস্ত।
সমাবৃত, (সং-আ-বৃৎ) সম্যক প্রকারে আ-
সমাবৃত্ত, (সং-আ-বৃৎ) বেদাধ্যয়ন হইতে নিবৃত্ত, ব্রহ্মচর্য্য সমাপনের পর গৃহস্থাশ্রমে প্রবিষ্ট। [প্রকারে জানান
সমাবেদন, (সং-আবেদন) নিবেদন, সম্যক
সমাবেশ, (সং-আ-বিশ) মনোযোগ; সহাবস্থান, একত্র অবস্থিতি; প্রবেশ করণ।
সমাবেশিত, সহ অবস্থিত, সমাবেশপ্রাপ্ত।
সমাযোগ, সংযোগ, সমবায়।
সমারোহ (সং-আরুহ) ঘটা; বহুলোকাগম
সমালম্ভ, কুঙ্কুমাদি বিলেপন।
সমালম্ভন, কুঙ্কুমাদি বিলেপন; মারণ।
সমাশ্রয়, (সং-আশ্রয়) সম্যক আশ্রয়; সহায়
সমাশ্রিত, (সং-আশ্রিত) সম্যক্ প্রকারে আশ্রয় প্রাপ্ত, শরণাপন্ন।
সমাস, (সং-অস) সংক্ষেপ, চুম্বক, সমর্থন; সমাহার; বহুপদের একপদ করণ।
সমাসক্ত, (সং-অস) সংযুক্ত, মিলিত।
সমাসঙ্গ, (সং-অস) মেলন, সংযোগ।
সমাসন্ন, নিকট, সমীপ, সন্নিহিত।
সমাসাদিত, আহৃত; প্রাপ্ত, লব্ধ। [প্রশ্ন।
সমাসার্থা, সমস্যা; শ্লোকের পাদ পূরণার্থ
সমাসীন, সম্যক প্রকারে উপবিষ্ট।
সমাহার, (সং-আহৃ) সমুচ্চয়; মিলন, একত্র করণ। [বিবাদী কৃত।
সমাহিত, (সং-আধা) সমাধিস্থ; নিষ্পন্ন, নি
সমাহৃত, (সং-আ-হৃ) সম্যক প্রকারে আহরণ করা; সংগৃহীত; একত্রী কৃত
সমাহৃতি, (সং-আ-হৃ) সংগ্রহ, একত্র করণ
সমাহ্বয়, (সং-আ-হ্বে) পশুপক্ষিপ্রভৃতি দ্বারা দ্যূত ক্রীড়া; আহ্বান।

সমাম্লা, (সং-আম্ন্রে) নাম, সংজ্ঞা।
সমিক, শল্য, শেল, বড়শা নামে অস্ত্রবিশেষ
সমিতা, (সং-ই) গোধুম চূর্ণ, ময়দা।
সমিতি, সভা; যুদ্ধ সমর।
সমিথ, অগ্নি, যুদ্ধ, সমর। [কাষ্ঠাদি।
সমিদ, যুদ্ধ, সংগ্রাম; অগ্নি সন্দীপনার্থ তৃণ
সমিদ্ধ, প্রজ্বলিত, উদ্দীপ্ত, জ্বলন্ত।
সমিধ (সং-ইন্ধ) অগ্নি; যজ্ঞীয়কাষ্ঠ।
সমিন্ধন অগ্নিসন্দীপনার্থ তৃণকাষ্ঠাদি।
সমির, বায়ু, অনিল, বাতাস।
সমিক, (সম) যুদ্ধ, সমর, রণ।
সমীকতা, (সমীক) তুল্যকরণ, সমানকরা।
সমীকৃত, (সম-কৃত) একীকৃত, সমানীকৃত।
সমীচ, সমুদ্র, জলধি, সাগর।
সমীচক, মৈথুন, স্ত্রীসংসর্গ। [উপযুক্ত।
সমীচীন, (সম্যক) যথার্থ, সত্য, তথ্য; উত্তম,
সমীচীনতা (সমীচীন) উত্তমতা, উৎকৃষ্টতা।
সমীদ গোধূম চূর্ণ ময়দা।
সমীন, বৎসর সম্বন্ধীয়।
সমীনিকা, প্রতিবর্ষ প্রসূতা গো।
সমীপ, (সং-আপ) নিকট, সন্নিধান।
সমীপতা নৈকট্য, সান্নিধ্য, সামীপ্য।
সমীর, (সং-ঈর) অনিল, শমীগাছ।
সমীরণ (সং-ঈর) বায়ু, অনিল, পবন।
সমীহা লজ্জা; বহু চেষ্টা।
সমীহিত, চেষ্টা, যত্ন; শ্রম।
সমীক্ষ, (সং-ঈক্ষ) সম্যক দর্শন; সাঙ্খ্যশাস্ত্র
সমীক্ষণ, (সং-ঈক্ষ) সম্যক প্রকারে দর্শন, উত্তম রূপে অবলোকন।
সমীক্ষা, (সং-ঈক্ষ) মীমাংসা, শাস্ত্র, যত্ন, বুদ্ধি
সমুখ, (সহ-মুখ) বাগ্মী, বাবদুক, বাচাল।
সমুচিত, (সং-উচিত) সম্যক উচিত, উপযুক্ত
সমুচ্চয়, সমাহার, অনেকের মিলন।
সমুচ্চিত, মিলিত, একত্র হওয়া।
সমুচ্ছেদ, (সং-উচ্ছেদ) বিনাশ, ধ্বংস, ক্ষয়।
সমুচ্ছ্রয়, বিরোধ; উৎসেধ, উচ্চতা।
সমুচ্ছ্রায়, উৎসেধ, উচ্চতা।
সমুচ্ছ্রিত, উন্নত, উচ্চ, বৃদ্ধিযুক্ত।
সমুজ্ঝিত, বর্জ্জিত ত্যক্ত, ত্যাগ করা।
সমুৎক্রম, (সং-উৎক্রম) ঊর্দ্ধগমন, উপরে যাওনা। [উচ্চৈঃশব্দ।
সমুৎক্রোশ, (সং-উৎক্রোশ) কুররপক্ষী; সমুৎথ, সমুদ্ভব, সমুৎপন্ন। [কারে উত্থান।
সমুত্থান, (সং-উত্থান) ঊর্দ্ধগমন, সম্যক প্র-
সমুত্থিত, সম্যক উত্থিত, উঠা; উৎপন্ন।
সমুৎপন্ন, (সং-উৎপন্ন) সমুদ্ভূত, সর্ব্বতোভাবে জাত। [সেনা।
সমুৎপিঞ্জ, অত্যন্ত ব্যাকুল; অতিশয় আকুল
সমুৎসুক, (সং-উৎসুক) অতিশয় উৎকণ্ঠিত, সম্যক্‌ইষ্টার্থে উদ্যুক্ত; চেষ্টান্বিত উদযোগী
সমুদক, (সং-উদক) কূপাদির উদ্ধৃত জল।
সমুদায়, (সং-উৎ-ই) সকল, সমূহ; যুদ্ধ, সংগ্রাম।
সমুদাগম, উত্তমরূপে জ্ঞান।
সমুদাচার, (সং-উৎ-আচর) আশয় অভিলাষ
সমুদাহৃত, (সং-উৎ-আ-হৃ) সম্যক প্রমাণীকৃত। [ত; উদয় প্রাপ্ত; সমুদ্ভূত।
সমুদায়, (সং-উৎ-ই, সম্যক প্রকারে কথি-
সমুদ্গ সম্পুটক কৌটা; আচ্ছাদনে মোহর করা।
সমুদ্গক, সম্পুটক, কৌটা।
সমুদ্গম, (সং-উৎ-গম) ঊর্দ্ধগতি; উৎপত্তি; উদয়। [কার।
সমুদ্গীত, (সং-উৎ-গৈ) উচ্চৈঃস্বরে গান
সমুদ্গীর্ণ, বমিত, বমনকরা; কথিত।
সমুদ্ধত, (সং-উদ্ধত) অবিনীত, দুষ্ট, অশিষ্ট।
সমুদ্ধরণ, (সং-উৎ-ধৃ) বান্তান্ন; বমি, ন্যাকার করা; উত্তোলন; মুক্তকরণ, পরিত্রাণ দান
সমুদ্ধার, (সং-উৎ-ধৃ) সম্যক্‌ প্রকারে উদ্ধার; পরিত্রাণ করণ মুক্ত করণ।
সমুদ্ধৃত (সং-উৎ-ধৃ) মোচিত, উদ্ধার করা; উত্তোলিত, উঠান। [কাশিত।
সমুদ্ভূত, (সং-উৎ-ভূ) সমুৎপন্ন, জাত; প্র-
সমুদ্র, (সং-উৎ-র) জল সমূহ তাম অব্ধি, অকূপার, পারাবার, অর্ণব, সিন্ধু, সাগর।
সমুদ্রকফ, সমুদ্রের ফেণা। [পিড়ীংশাক।
সমুদ্রকান্তা, নদী, সরিৎ, তটিনী, পৃক্কাশাক,
সমুদ্রগা, (সমুদ্র-গম) নদী; সমুদ্র গামিনী।
সমুদ্রগৃহ, জলযন্ত্র গৃহ।
সমুদ্রচুলুক, অগস্ত্যমুনি, সাগর শোষণকারী
সমুদ্রদয়িতা, নদী, তটিনী, হ্রদিনী।
সমুদ্রনবনীত, অমৃত; চন্দ্র।
সমুদ্রফল, ঔষধ বিশেষ, সমুদ্রোৎপন্ন ফল
সমুদ্রফেণ, সমুদ্রের ফেণা।
সমুদ্রফেণোপজীবী, (সমুদ্রফেণ-উপ-জীব) মৎস্য বিশেষ।
সমুদ্রবহ্নি, বাড়বানল, বাড়বাগ্নি।
সমুদ্র... [illegible]

সমুদ্রযাত্রা, জাহাজযোগে সমুদ্রে গমন।
সমুদ্রযান, পোত, জাহাজ, অর্ণবযান।
সমুদ্রযায়ী, সমুদ্রগামী।
সমুদ্ররসনা, পৃথ্বী, ধরা, বসুধা, বসুন্ধরা।
সমুদ্রলবণ, সমুদ্রের জল জাত লবণ, সৈন্ধব লোণ।
সমুদ্রশোক, (সমুদ্র-শোক) বৃক্ষ বিশেষ।
সমুদ্রসুভগা, গঙ্গা, জাহ্নবী।
সমুদ্রান্ত, (সমুদ্র-অন্ত) জাতীফল; সমুদ্রতীর
সমুদ্রাম্বরা, (সমুদ্র-অম্বর) পৃথিবী, ধরিত্রী, ধরণী।
সমুদ্রারু, কুম্ভীর; সেতুবন্ধ; তিমিঙ্গিল নামে মৎস্য বিশেষ।
সমুদ্রিক, বদ্ধকৃত; প্রশস্ত; তেজাল।
সমুদ্রীয়, (সমুদ্র) সমুদ্র সম্বন্ধীয়, সামুদ্রিক
সমুন্দন, আর্দ্রীয়ভাব জলযুক্ত, ভিজা।
সমুন্ন, আর্দ্র ভিজা, জলযুক্ত।
সমুন্নত, (সং-উৎ-নম) উচ্চ; মহৎ; বৃদ্ধিশীল
সমুন্নতি, (সং-উৎ-নম) উচ্ছ্রায়, উৎসেধ, উচ্চতা, সম্যক প্রকারে বৃদ্ধি।
সমুন্নদ্ধ, পণ্ডিতম্মন্য: গর্ব্বিত সমুদ্ধৃত।
সমুপজোষ, আনন্দ, হর্ষ, আহ্লাদ।
সমুল্লসৎ, (সং-উৎ-লস) সম্যক উল্লাসযুক্ত।
সমুল্লাস, (সং-উৎ-লস) আহ্লাদ, আনন্দ, হর্ষ
সমুল্লসিত, (সং-উৎ-লস) প্রফুল্ল; হৃষ্ট, আহ্লাদিত। [খনন।
সমুল্লিখন, (সং-উৎ-লিখ) পদাদি দ্বারা ভূমি
সমূঢ়, (সং-উঢ়) পুঞ্জীকৃত রাশীকৃত; বিবাহিত। [মূল সহিত গোড়া সমেত।
সমূল, (সহ-মূল) মূলের সহিত বর্ত্তমান,
সমূহ, (সং-উহ) অনেক বৃহৎ, সন্দোহ, স্তোম, নিকর, ব্রাত, সংঘ, সমুদায়, চয়, নিচয়, সমুচ্চয়, প্রচয়।
সমূহনী, সম্মার্জ্জনী খাঙ্গরা ঝাঁটা।
সমৃদ্ধ, (সং-ঋধ) সমৃদ্ধিযুক্ত, অধিক সম্পত্তিশালী, ধনাঢ্য।
সমৃদ্ধি, (সং-ঋধ) সম্যক বৃদ্ধি; অতিশয় সম্পত্তি। [লিত।
সমেত, (সং-ই) সম্যক প্রাপ্ত; সংযুক্ত, মি-
সমেধিত, সম্যক বর্দ্ধিত; উন্নত।
সমোদক, (সং-উদক) অর্দ্ধ জলযুক্ত ঘোল।
সমোপকারক, (সম-উপকারক) তুল্যোপকার কর্ত্তা। [ভব।
সম্পচ্ছূন্য, (সম্পদ-শূন্য) ঐশ্বর্য্য শূন্য বি-

সম্পজ্জনক, (সম্পদ-জনক) বিভব জনক
সম্পত্তি, (সং-পদ) বিভবোৎকর্ষ, শ্রী, সম্পদ, ঐশ্বর্য্য। [ধন।
সম্পদ, (সং-পদ) সম্পত্তি, বিভব, ঐশ্বর্য্য;
সম্পদ্বর, রাজা, নৃপতি, ভূপতি। [রহিত।
সম্পদ্বিহীন, (সম্পদ-হীন) ঐশ্বর্য্যহীন, বিভব-
সম্পন্ন, (সং-পদ) সাধিত, সম্পত্তিযুক্ত, ধনাঢ্য
সম্পরায়, আপৎ; যুদ্ধ; উত্তরকাল।
সম্পরায়ক, যুদ্ধ সমর; সংগ্রাম।
সম্পর্ক, (সং-পৃচ) সংসর্গ, সম্বন্ধ, সংযোগ; মেলন; সহবাস।
সম্পর্কী (সং-পৃচ) সম্পর্কবিশিষ্ট, সম্বন্ধী
সম্পর্কীয়, (সং-পৃচ) সম্পর্ক যুক্ত, সম্বন্ধীয়।
সম্পা, বিদ্যুৎ, তড়িৎ, সৌদামিনী। [লম্পট।
সম্পাক, আরগ্বধবৃক্ষ, সোঁদাল গাছ; ধৃষ্ট;
সম্পাট, (সং-পট) তর্কু, চরকার টেকো।
সম্পাত, (সং-পৎ) পতন; পক্ষিদিগের গতি বিশেষ।
সম্পাদক, (সং-পদ) নিষ্পাদক, সম্পন্নকর্ত্তা।
সম্পাদন, (সং-পদ) নিষ্পাদক, নিষ্পন্নকরণ, সমাধান। [দনীয়।
সম্পাদয়িতব্য, (সং-পদ) সম্পাদনীয় নিষ্পা
সম্পাদিত, (সং-পদ) নিষ্পাদিত, নিষ্পন্নকরা
সম্পাদ্য, (সং-পদ) নিষ্পাদ্য, নিষ্পন্ন করিবার যোগ্য।
সম্পীড়ন, (সং-পীড়) সম্যক্ প্রকারে ক্লেশ দেওন, অতিশয় দুঃখ দেওন।
সম্পুট, (সং-পুট) আধারবিশেষ; ঠোঙ্গা; কৌটা; পেটরা। [পেটরা।
সম্পুটক, (সং-পুট) আধার বিশেষ, কৌটা
সম্পূর্ণ (সং-পূর) সমগ্র; পরিপূর্ণ; সপ্তস্বর-মিশ্রিত রাগ রাগিণী।
সম্পূর্ণতা, (সম্পূর্ণ) পরিপূর্ণতা, সম্পূর্ণত্ব।
সম্পৃক্ত, (সং-পৃচ) মিশ্রিত, যুক্ত, মিলিত।
সম্প্রতি, (সং-প্র-তি) বর্ত্তমান কালে, ইদানী অধুনা, সাংপ্রতং, এক্ষণে।
সম্প্রতিপত্তি, (সং-প্রতি-পদ) উত্তর বিশেষ
সম্প্রতিপাদন, (সং-প্রতি-পদ) দান, অর্পণ, সমর্পণ।
সম্প্রতিরোধক, (সং-প্রতি-রুধ) প্রতিবন্ধক বাধক, ব্যাঘাতক; উত্তমর্ণ কর্ত্তৃক ঋণ আদায়ার্থ অধমর্ণের ভোজনাদি রোধকরণ
সম্প্রতীতি, সম্যক্ খ্যাতি, সম্যক্ জ্ঞান।
সম্প্রদাতা, (সং-প্র-দা) সংপ্রদান কর্ত্তা, দাতা

সম্প্রদান, (সং-প্র-দা) সম্যক্ প্রকারে দান ; ষট কারকের অন্তর্গত কারক বিশেষ।

সম্প্রদানীয়, (সং-প্র-দা) জ্ঞাপনীয় ; সম্প্রদান যোগ্য।

সম্প্রদায়, (সং-প্র-দা) গুরু পরম্পরাগত সদুপদেশ ; পরম্পরাগত সদুপদিষ্ট ব্যক্তি সমূহ ; সমাজ ; দল।

সম্প্রদায়ী, সম্প্রদায় বিশিষ্ট, সমাজস্থ, সামাজিক, সভ্য।

সম্প্রধারণ, উচিত অনুচিত নিশ্চয় করণ।

সম্প্রপদ, ভ্রমণ, পর্য্যটন।

সম্প্রয়োগ, (সং-প্র-যুজ) মৈথুন, রমণ, নিধুবন ; সম্বন্ধ।

সম্প্রয়োগী, লম্পট, কামুক ; সংপ্রযোজক।

সম্প্রহার, (সং-প্র-হৃ) যুদ্ধ ; গমন ; হনন।

সম্প্রাপ্ত, (সং-প্রাপ) সম্যক্ প্রকারে প্রাপ্ত লব্ধ।

সম্প্রাপ্তি, (সং-প্রাপ) সম্যক্ প্রকারে পাওয়া ; লাভ।

সম্প্রৈষ, নিয়োগ ; বিধি।

সম্ফাল, মেষ, অবি, ভেড়া, মেড়া।

সম্ফুল্ল, (সং-ফুল্ল) বিকসিত, প্রফুল্ল।

সম্ব, জল ; দুই বার চাস দেওয়া।

সম্বৎ, (সং-বৎ) বৎসর বিশেষ ; বিক্রমাদিত্য রাজা কর্তৃক প্রচলী কৃত অব্দ।

সম্বৎসর, (সং-বৎসর) বর্ষ, বৎসর।

সম্বদ্ধ (সং-বন্ধ) সম্বন্ধযুক্ত, সম্পর্কিত।

সম্বন্ধ, (সং-বন্ধ) সংসর্গ, সম্পর্ক, সংযোগ।

সম্বন্ধী, (সং-বন্ধ) সম্বন্ধ বিশিষ্ট, সম্পর্কীয়, শ্যালক, শ্যালা।

সম্বন্ধীয়, (সং-বন্ধ) সম্পর্কীয় ; সম্বন্ধ বিশিষ্ট

সম্বর, (সং-বৃ) সংযম ; জল ; সেতু ; দৈত্য-বিশেষ ; মৎস্য বিশেষ।

সম্বরণ, (সং-বৃ) আবরণ ; দমন ; গোপন, লুকান ; ইন্দ্রিয় সংযম।

সম্বরা, (সং-বৃ) ব্যঞ্জন পুনঃ পাক করণ ; সাঁতোলা।

সম্বরারি, (সম্বর-অরি) কামদেব, মদন, কন্দর্প।

সম্বরী, শতাবরী লতা ; থুলকুড়া গাছ।

সম্বর্ত্ত, (সং-বৃৎ) প্রলয়, যুগান্ত ; যুগক্ষয়।

সম্বর্দ্ধক, (সং-বৃধ) সম্যক্ বৃদ্ধিকারক, বিশেষ উন্নতিকর ; মর্য্যাদাকারী।

সম্বর্দ্ধনা, (সং-বৃধ) সম্মান করণ, অভ্যর্থনা করণ।

সম্বর্দ্ধিত, (সং-বৃধ) উত্তমরূপে বৃদ্ধি প্রাপ্ত ; সম্মানিত, আদৃত।

সম্বল, (সম্ব) জল ; পাথেয় ; সঞ্চিত পুঁজী।

সম্বলস্কার, (সম্বল-কার) গন্ধমিলন।

সম্বলিত, (সম্বল) সমেত, মিশ্রিত, সহিত।

সম্বাকৃত, বারম্বার কৃষ্ট ক্ষেত্র, দুই বার কর্ষণ করা ক্ষেত, দোচসা জমী

সম্বাদ, (সং-বদ) সমাচার, বার্ত্তা, খবর।

সম্বাধ, (সং-বাধ) সঙ্কট ; ভয় ; দুর্গম ; নরকবর্ত্ম

সম্বুদ্ধ, (সং-বুধ) সম্যক্ বোধান্বিত ; জ্ঞাত।

সম্বুদ্ধি, (সং-বুধ) সম্বোধন, ডাকা।

সম্বুল, (যাং) গন্ধদ্রব্য বিশেষ, জটামাংসী।

সম্বেগ, (সং-বিজ) সম্যক্ বেগ ; শীঘ্রগতি।

সম্বেশ, (সং-বিশ) নিদ্রা স্বাপ, শয়ন।

সম্বোধন, (সং-বুধ) আভিমুখ্য বিধান, অভিমুখী করণ ; আমন্ত্রণ। ডাকা।

সম্বোধিত (সং-বুধ) কৃত সম্বোধন ; আহূত,

সম্ভব, (সং-ভূ) হেতু ; উৎপত্তি ; যোগ্য।

সম্ভবন, (সং-ভূ) মিলন ; উৎপাদন।

সম্ভব্য, (সং-ভূ) সম্ভবনীয় ; কপিত্থ, কতবেল

সম্ভল, নগর বিশেষ ; সম্বল মুরাদাবাদ নগর।

সম্ভাবন, (সং-ভূ) অধ্যবসায় ; উৎকট কোটিক জ্ঞান।

সম্ভাবনা, (সং-ভূ) উৎকট কোটিক জ্ঞান ; উপযুক্ততা, ঘটিবার যোগ্যতা।

সম্ভাবনীয়, (সং-ভূ) সম্ভাব্য, উৎপত্তিযোগ্য, হওন যোগ্য।

সম্ভাবিত, (সং-ভূ) সম্ভাবনা যোগ্য, হইবার উপযুক্ত।

সম্ভাব্য, (সং-ভূ) সম্ভাবনীয় উৎপত্তিযোগ্য।

সম্ভার, (সং-ভৃ) সমূহ, রাশি ; সম্পূর্ণত্ব।

সম্ভাষণ, (সং-ভাষ) কথন, আলাপন।

সম্ভাষা, সম্ভাষণ, কথন, আলাপন।

সম্ভাষিত, (সং-ভাষ) কৃতালাপ ; বাক্যব্যয়, কৃতাভ্যর্থন।

সম্ভিন্ন (সং-ভিদ) সম্যক্ ভেদবিশিষ্ট ; যুক্ত মিলিত।

সম্ভূত, (সং-ভূ) উৎপন্ন, জাত, উদ্ভূত।

সম্ভূয়সমুত্থান, বণিক্ দগের মিলিয়া বাণিজ্য করণ, সাঝার ব্যবসা।

সম্ভৃত, (সং-ভৃ) সম্যক্ পুষ্ট ; সম্যক্ প্রকারে ধৃত।

সম্ভৃতি, (সং-ভৃ) সম্যক্ পোষণ ; সম্যক্ ধারণ।

সম্ভেদ, (সং-ভিদ) নদী সঙ্গম, মেলন, স্ফুটন।

সম্ভোগ (সং-ভুজ) সম্যক্ প্রকারে ভোগ ; সুরত, শৃঙ্গার বিশেষ।

সম্ভোগী, (সং-ভুজ) সম্ভোগ বিশিষ্ট ; লম্পট

সম্ভ্রম, (সং-ভ্রম) ভয়াদি জনিত ত্বরা ; আবেগ ; ভয় ; সম্মান, মর্য্যাদা, মান্যতা।

সম্ভ্রান্ত, (সং-ভ্রম) ত্বরান্বিতে ত্বরান্বিত; মর্য্যাদাপন্ন।
সম্ভ্রমানর্হ, (সম্ভ্রম-অনর্হ) সম্মানাযোগ্য।
সম্মত (সং-মন) অনুমত, অভিপ্রেত; স্বীকৃত
সম্মতি, (সং-মন) স্বীকার; অঙ্গীকার।
সম্মদ, হর্ষ, আনন্দ, আহ্লাদ।
সম্মর্দ্দ, (সং-মৃদ) যুদ্ধ রণ, সংগ্রাম। [হত্যা।
সম্মদ, মৎস্যবিশেষ; সম্যক্ প্রকারে ম-
সম্মান, (সং-মন) সম্ভ্রম, মর্য্যাদা।
সম্মানিত, (সং-মন) সমাদৃত, গৌরবিত।
সম্মনীয়, (সম্মান) মান্য, পূজ্য, পূজনীয়।
সম্মার্জ্জক, (সং-মৃজ) সম্মার্জ্জনী, ঝাঙ্গরা; স-
ম্যক্ মার্জ্জন কর্ত্তা।
সম্মার্জ্জন, (সং-মৃজ) সংশোধন, মার্জন।
সম্মার্জ্জনী, (সং-মৃজ) মার্জ্জন সাধনী, কোঁস্তা, ঝাঁটা, ঝাঙ্গরা।
সম্মার্জ্জিত, পরিষ্কৃত, পরিচ্ছন্ন, শোধিত।
সম্মিত, তুল্য, সমান। [যোগ।
সম্মিলন, (সং-মিল) একত্র হওন, পরস্পর
সম্মিলিত, (সং-মিল) একত্রিত, যুক্ত
সম্মিশ্র সংযুক্ত; মিশ্রিত, মিলিত।
সম্মুখ, (সং-মুখ) অভিমুখ, সমক্ষ।
সম্মুখী, (সং-মুখ) দর্পণ, আর্শি, আয়না।
সম্মুখীন, অভিমুখস্থিত, সম্মুখবর্ত্তী।
সম্মূঢ়, (সং-মুহ) সম্যক্ মোহযুক্ত, মুগ্ধ, অ-
চেতন। [শয় বৃদ্ধি পাওন,
সম্মূর্চ্ছন, মোহ, অজ্ঞান, অচৈতন্য; অতি-
সম্মৃষ্ট, সংশোধিত, সম্মার্জ্জিত।
সম্মোদ, (সং-মুদ) প্রীতি, [illegible] আনন্দ।
সম্মিশ্র, মিশ্রিত, সংযুক্ত, স[illegible]ন্বিত।
সম্যক্, (সং-অন্চ) সকল; [illegible]; সঙ্গত
সত্যবচন।
সম্যক্ প্রকার, উত্তম রূপ; সর্বতোভাবে
সম্রাজ্য, (সং-রাজ) মণ্ডলেশ্বরত্ব, অধিরাজত্ব
সম্রাট্, (সং-রাজ) মণ্ডলেশ্বর রাজাধিরাজ, রাজচক্রবর্ত্তী, বাদসাহ।
সযত্ন, (সহ-যত্ন) যত্নবান, চেষ্টান্বিত, সচেষ্ট
সযোনি, (সহ-যোনি) সহোদর; এক প্রভব; ইন্দ্র। [সার, দুগ্ধসার।
সর, (সৃ) সরোবর, পুষ্করিণী; জল; দধির
সরঃ, (সৃ) সরোবর, পুষ্করিণী।
সরঃকাক, (সরস-কাক) হংস, হাঁস, মরাল।
সরঃকাকী, হংসী। [ক্ষুদ্রপথ;
সরক, (সৃ) সরোবর; আকাশ; মধুপাত্র;
সরগরম, (যাং) উষ্ণ; উৎসাহশীল।
সরঘা, মধুমক্ষিকা, মৌমাছি।
সরঙ্গ, চতুষ্পদ; পক্ষী।
সরজ, (সর-জন) নবনীত; স দ্যোজাত ঘৃত; পদ্ম।
সরজস্কা, (সহ-রজস) ঋতুমতী, রজস্বলা।
সরজা, (সহ-রজস) ঋতুমতী স্ত্রী।
সরট, (সৃ) কৃকলাস, কাঁকলাস।
সরটি, পবন, বায়ু; মেঘ, অম্বু।
সরটু, (সৃ) কৃকলাস, কাঁকলাস।
সরট্, বায়ু; মেঘ; মধুমক্ষিকা; কৃকলাস।
সরণ, (সৃ) লৌহমল; গমন; স্খলন, ক্ষরণ।
সরণা, গন্ধভাদালিয়া লতা, গমনকর্ত্রী।
সরণি, (সৃ) পংক্তি শ্রেণী; পথ; বর্ত্ম।
সরণী, (সৃ) পংক্তি; পথ, মার্গ।
সরণ্ড, দুষ্ট, ধূর্ত্ত; লম্পট, কামুক।
সরণ্য, (সরণ) গম্য, গন্তব্য।
সরণ্যু, (সৃ) মেঘ; বায়ু; জল; বসন্ত; অগ্নি
সরতা, গুবাক ছেদনাস্ত্র; জাঁতী।
সরদ, (সহ-রদ) দন্তযুক্ত; রদন বিশিষ্ট।
সরদি, (যাং) ঠাণ্ডা; শীতল, আর্দ্রতা।
সরদ্বান্, গৌতমমুনি; গৌতমমুনির পুত্র
সরপত্রিকা, (সর-পত্র) পদ্মপত্র পদ্মের পাতা
সরভাগ, দুগ্ধের সারভাগ, সর।
সরপোষ (যাং) ঢাকনী, আচ্ছাদন।
সরফরাজী, (যাং) প্রশংসা করণ।
সরমা, (সহ-রম) রাক্ষসী বিশেষ, বিভীষণ পত্নী; সারমেয়ী; কুক্কুরী।
সরযু, (সৃ) বায়ু; নদীবিশেষ, সরযূ নদী।
সরল, (সৃ) বৃক্ষ বিশেষ, সালগাছ; ঋজু, অবক্র সোজা।
সরলতা (সরল) সরলের ধর্ম্ম, সারল্য, ঋজুত
সরলদ্রব, সরল বৃক্ষের রস; টারপীন।
সরস, (সৃ) সরোবর, পুষ্করিণী; (সহ-রস) আর্দ্র; রসাল, রস যুক্ত; স্বাদু।
সরসগন্ধ, ত্রিকণ্টক বৃক্ষ, তেকাঁটা সিজ।
সরসিজ, (সরসি-জন) পদ্ম, পঙ্কজ, কমল।
সরসী, (সরস) সরোবর, পুষ্করিণী।
সরসীরুহ, (সরসী-রুহ) পদ্ম, কমল।
সরস, (সৃ) সরোবর, পুষ্করিণী, জলাশয়।
সরস্বতী, (সরস্) বাগ্দেবতা, বাগ্দেবী; বাণী, বাক্য; নদী বিশেষ; দুর্গা।
সরস্বান্, (সরস্) সমুদ্র, সাগর; রসিক
সরা, (সৃ) নির্ঝর, ঝোরণা।

সরাই, (ফাং) পান্থশালা, পথিকদিগের উ-
ত্তরিবার, আড্ডা স্থান।
সরাগ, (সহ-রাগ) ক্রোধী; অনুরাগী।
সরাণ, (সৃ) স্থানান্তর করণ; চালনা।
সরার, মৃত্তিকা পাত্র বিশেষ, সরা।
সরি, (সৃ) নির্ঝর, পর্ব্বতের ঝোরণা।
সরিতাংনাথ, সরিতাংপতি, সমুদ্র, পয়োনিধি
সরিতাম্বরা, গঙ্গা, সুরধনী।
সরিৎ, (সৃ) নদী, তটিনী, তরঙ্গিনী।
সরিৎপতি, সমুদ্র, সাগর, জলনিধি।
সরিদ্বান, (সরিৎ) সমুদ্র, সাগর, জলধি।
সরিৎসুত, ভীষ্ম, গাঙ্গেয়।
সরিদ্বরা, (সরিৎ-বর) গঙ্গা, ভাগিরথী।
সরিন্নাথ, (সরিৎ-নাথ) নদীপতি, সমুদ্র, বারিধি
সলিল, (সলিল) জল, বারি, উদক;
সরিষপ, (সর্ষপ) সরিষা।
সরিষা, (সর্ষপ) শস্যবিশেষ, সর্ষপ।
সরী, (সৃ) নির্ঝর, পর্ব্বতের ঝোরণা।
সরীসৃপ, (সৃপ) সর্প বৃশ্চিকাদি।
সরু, (সৃ) খড়্গমুষ্টি; ক্ষীণ, সূক্ষ্ম, মিহি।
সরূপ, (সম-রূপ) সদৃশ, সমান রূপ, তুল্য।
সরূপতা, (সরূপ) সমরূপত্ব; তুল্যতা।
সরোজ, (সরস-জন) পদ্ম সরোরুহ, পঙ্কজ,
কমল। [সমূহ।
সরোজিনী, (সরোজ) পদ্মলতা, পদ্ম; পদ্ম
সরোজী, (সরোজ) ব্রহ্মা, বিধি, প্রজাপতি।
সরোৎসব, পক্ষিবিশেষ, সারসপক্ষী। [রিণী
সরোবর, (সরস-বর) জলাশয় বিশেষ, পুষ্ক-
সরোরুহ, (সরস-রুহ) পদ্ম কমল, পঙ্কজ।
সরোরুহাসন, ব্রহ্মা, প্রজাপতি।
সর্ক, বায়ু; মনঃ; প্রজাপতি।
সর্গ, (সৃজ) স্বভাব; অধ্যায়; সৃষ্টি; উৎসাহ
সর্গবন্ধ, (সর্গ-বন্ধ) মহাকাব্য।
সর্জ্জ, (সৃজ) শালবৃক্ষ, শালগাছ।
সর্জ্জন, (সৃজ) সৈন্যের পশ্চাদ্ভাগ; ত্যাগ,
বিসর্জ্জন; সৃষ্টি।
সর্জ্জরস, শালবৃক্ষের নির্য্যাস, ধুনা।
সর্জ্জিকা, (সর্জ্জি) ক্ষারবিশেষ।
সর্জ্জু, বণিক্, বেণিয়া।
সর্জ্জু, তড়িৎ, বিদ্যুৎ, হার। [ভুজঙ্গ।
সর্প, (সৃপ) হিংস্র জন্তু বিশেষ, সাপ, অহি,
সর্পদন্তী, (সর্প-দন্ত) নাগদন্তী বৃক্ষ।
সর্পমণিজ, (সর্পমণি-জন) সর্পের মস্তকজাত
মণি, সর্পের মস্তকোদ্ভব মণি।

সর্পকণা, সর্পের মস্তক।
সর্পভুক্, (সর্প-ভুজ) ময়ূর, সর্পভক্ষক।
সর্পভ্রম, রজ্জুতে মিথ্যা সর্পবোধ।
সর্পমণি, সর্পের মস্তকস্থ মণি।
সর্পরাজ, (সর্প-রাজন) বাসুকি, সর্পের রাজা
সর্পসত্র, সর্প নাশক যজ্ঞ বিশেষ। [জন্মে
সর্পসত্রী, সর্প নাশার্থ যজ্ঞকারী, জনমেজয়
সর্পহা, (সর্প-হন) নকুল, বেজী, নেউল।
সর্পাবাস, (সর্প-আবাস) চন্দন বৃক্ষ, সর্প-
স্থান। [গঠন।
সর্পাকৃতি, (সর্প-আকৃতি) সর্পের তুল্য
সর্পারাতি, (সর্প-অরাতি) গরুড়পক্ষী, স-
র্পের শত্রু। [শত্রু।
সর্পারি, (সর্প-অরি) নকুল; গরুড়, সর্পের
সর্পাশন, (সর্প-অশন) ময়ূর, শিখী; গরুড়।
সর্পিকা, (সৃপ) সাপিনী, ভুজঙ্গী।
সর্পিণী, (সৃপ) সর্প ভার্য্যা, সাপিনী, ভুজঙ্গী
সর্পিস, (সৃপ) ঘৃত, হবিঃ, আজ্য।
সর্পী, (সৃপ) সাপিনী; গমনকর্ত্তা, গমক।
সর্পীষ্ট, (সর্পী-ইষ্ট) শ্রীখণ্ড, চন্দন; সাপিনী-
র প্রিয়।
সর্পেষ্ট, (সর্প-ইষ্ট) খণ্ড-চন্দন; সাপের প্রিয়
সর্ব্ব, (ষর্ব) শিব, সমস্ত, সকল।
সর্ব্বংসহা, (সর্ব্ব-সহ) পৃথিবী, ধরণী, ধরা।
সর্ব্বকর্ত্তা, (সর্ব্ব-কর্ত্তৃ) ব্রহ্মা; বিশ্বস্রষ্টা।
সর্ব্বকর্ম্মীণ, সকল কর্ম্ম কর্ত্তা।
সর্ব্বকাল, সকল সময়, সর্ব্বক্ষণ।
সর্ব্বকেশী, নট, নৃত্য কারক। [ত্রিগামী।
সর্ব্বগ, (সর্ব্ব-গম) শিব; ব্রহ্ম; আত্মা; সর্ব্ব
সর্ব্বগত, (সর্ব্ব-গম) বিশ্বব্যাপী, সর্ব্বত্র স্থিত
সর্ব্বগা, (সর্ব্ব-গম) প্রিয়ঙ্গু বৃক্ষ; সর্ব্বত্র-
গামিনী। [পাদিকা।
সর্ব্বজননী, সর্ব্বজন সম্বন্ধীয়; সকলের উৎ-
সর্ব্বজনীন, (সর্ব্বজন) সর্ব্বজন সম্বন্ধীয়।
সর্ব্বজিৎ, (সর্ব্ব-জি) সকলের জয়কর্ত্তা,
বিশ্বজয়ী।
সর্ব্বজ্ঞ, (সর্ব্ব-জ্ঞা) শিব; বুদ্ধ; সকলজ্ঞাতা।
সর্ব্বজ্ঞতা, (সর্ব্বজ্ঞ) অতীত অনাগত জ্ঞানে
অভিজ্ঞতা
সর্ব্বজ্ঞা, (সর্ব্ব-জ্ঞা) সকল বিষয় জ্ঞাত্রী;
দুর্গা, পার্ব্বতী। [জানেন।
সর্ব্বজ্ঞাতা, (সর্ব্ব-জ্ঞা) যিনি সকল বিষয়
সর্ব্বতঃ, (সর্ব্ব) চতুর্দ্দিক, সমস্ততঃ, পরিতঃ
সকল শাস্ত্র অধ্যেতা; সকল শাস্ত্র

সর্ব্বতোভদ্র, (সর্ব্বতস্-ভদ্র) ঈশ্বরগৃহবিশেষ বৃষোৎসর্গ ব্রত প্রতিষ্ঠাদিতে পূজাধার মণ্ডল বিশেষ; মনুষ্যের শুভাশুভ জ্ঞানার্থ চক্রবিশেষ; ব্যূহবিশেষ; চিত্রকাব্য বিশেষ

সর্ব্বতোভাবে, (সর্ব্বতস্-ভাব) সম্যক্ প্রকারে

সর্ব্বতোমুখ, (সর্ব্বতস্-মুখ) শিব; ব্রহ্মা; আত্মা; স্বর্গ; অগ্নি।

সর্ব্বত্র, (সর্ব্ব) সকল দিকে; সকল দেশে; সকল কালে; সকল স্থানে।

সর্ব্বত্রগ, (সর্ব্বত্র-গম) বায়ু, সকলস্থানে গমনকারী।

সর্ব্বথা, (সর্ব্ব) সর্ব্বপ্রকারে; অবশ্য; পুনঃ২

সর্ব্বদর্শী, (সর্ব্ব-দর্শিন্) সকল দর্শনকর্ত্তা।

সর্ব্বদা, (সর্ব্ব) সকল কালে, সদা।

সর্ব্বদুঃখক্ষয়, মোক্ষ; সকল ক্লেশের শান্তি

সর্ব্বদেবমুখ, অগ্নি, অনল। [সাধারণ।

সর্ব্বদেশীয়, (সর্ব্বদেশ) সমস্ত দেশসম্বন্ধীয়;

সর্ব্বনাম, (সর্ব্ব-নামন্) ব্যাকরণের সংজ্ঞা বিশেষ, সকলের সংজ্ঞা।

সর্ব্বনাশ, সকল ধ্বংস, সমস্ত ক্ষয়।

সর্ব্বনাশী, সকল নষ্টকারিণী, সমস্ত ক্ষয়কর্ত্রী

সর্ব্বপ্রিয়, সকল জন বল্লভ, সকলের প্রিয়।

সর্ব্ববল্লভা, (সর্ব্ব-বল্লভ) অসতী নারী, কুলটা; সকলের প্রিয়া।

সর্ব্ববিৎ, (সর্ব্ব-বিদ) পরমেশ্বর; সর্ব্বজ্ঞ;

সর্ব্ববিধ, (সর্ব্ব-বিধ) সকল প্রকার।

সর্ব্ববেদ সকল বেদ অধ্যেতা ব্রাহ্মণ; সর্ব্বজ্ঞ

সর্ব্ববেশী, (সর্ব্ববেশ) নট; ভণ্ড, ভাঁড়; সকল বেশধারী।

সর্ব্বব্যাপক, (সর্ব্ব-ব্যাপক) সর্ব্বত্র গত, সকল স্থানে স্থিত; সকল স্থানে বিস্তীর্ণ। [গত

সর্ব্বব্যাপী, (সর্ব্ব-ব্যাপিন) সর্ব্বত্র স্থিত, সর্ব্ব

সর্ব্বব্যাপ্ত, সর্ব্বত্র বিস্তীর্ণ।

সর্ব্বভক্ষ, হুতাশন, অগ্নি। কর্ত্রী।

সর্ব্বভক্ষা, (সর্ব্বভক্ষ) ছাগী; সকল ভক্ষণ

সর্ব্বমঙ্গলা, (সর্ব্ব-মঙ্গল) দুর্গা ভগবতী।

সর্ব্বময়, (সর্ব্ব) সর্ব্বাত্মক, সর্ব্বস্বরূপ [ঝাঁটা]

সর্ব্বমুখী, (সর্ব্বমুখ) সম্মার্জ্জনী, খাজরা,

সর্ব্বমূল্য, কপর্দ্দক, কড়ী

সর্ব্বমূষক, (সর্ব্ব-মুষ) সময়, কাল, অন্তক

সর্ব্বরস, ধুনা; বাদ্যভাণ্ড, বীণা বিশেষ; পণ্ডিত।

সর্ব্বরসোত্তম, (সর্ব্বরস-উত্তম) লবণ রস, লবণ। [রাত্রি

সর্ব্বরাত্রি (সর্ব্ব-রাত্রি) সমস্ত রজনী, সকল

সর্ব্বরী, (শর্ব্বরী) রাত্রি, রজনী, নিশা।

সর্ব্বরীকর, (সর্ব্বরী-কৃ) চন্দ্র নিশাকর।

সর্ব্বর্ত্তুপরিবর্ত্ত, বৎসর, বর্ষ

সর্ব্বর্ত্তুফল, সকল ঋতু জাত ফল।

সর্ব্বলিঙ্গী, পাষণ্ড, পামর; সকল চিহ্নধারী

সর্ব্বলী, অস্ত্রবিশেষ, তোমর অস্ত্র।

সর্ব্বলোহ, লোহময় বাণ; সকলধাতু।

সর্ব্বশক্তিমান, (সর্ব্বশক্তি) সকল সামর্থ্য যুক্ত; সর্ব্ব বিষয়ে ক্ষমতাশালী, পরমেশ্বর

সর্ব্বশান্তিকৃৎ, (সর্ব্বশান্তি-কৃ) সকল শমতা কারক। [মেত, অঙ্কুরে

সর্ব্বশুদ্ধ, সর্ব্ব, সাকল্য, সমুদায়; সকল স-

সর্ব্বসঙ্গত, ধান্যবিশেষ, ষষ্টিকা ধান্য; সকল সঙ্গতি যুক্ত। [এক প্রকার মত।

সর্ব্বসম্মত, সর্ব্ববাদির অনুমত, সকলের

সর্ব্বসহ, (সর্ব্ব-সহ) সকল সহিষ্ণু।

সর্ব্বসহা, (সর্ব্ব-সহ) পৃথিবী, ধরণী।

সর্ব্বসাধারণ, সামান্যতঃ; সমুদায়।

সর্ব্বসাক্ষী, সর্ব্বজ্ঞ; পরমেশ্বর; সূর্য্য। [সিদ্ধ

সর্ব্বসিদ্ধ, (সর্ব্ব-ষিধ) সকল লোকসমীপে প্র-

সর্ব্বসিদ্ধি, (সর্ব্ব-ষিধ) শ্রীফল; সকল সাধন

সর্ব্বস্ব, (সর্ব্বস্ব) সমুদায় ধন, সকল সম্পত্তি

সর্ব্বস্বান্ত, (সর্ব্বস্ব-অন্ত) সকল সম্পত্তির শেষ বা নাশ।

সর্ব্বস্বী, বর্ণসঙ্কর জাতি বিশেষ।

সর্ব্বহিত, সকলের উপকার।

সর্ব্বক্ষণ, সকল সময়; নিরন্তর, সর্ব্বদা।

সর্ব্বক্ষার, ক্ষারবিশেষ, সাবান। [শরীর।

সর্ব্বাঙ্গ, (সর্ব্ব-অঙ্গ) সকল অবয়ব, সমুদায়

সর্ব্বাঙ্গসুন্দররস ঔষধবিশেষ।

সর্ব্বাঙ্গীন, (সর্ব্বাঙ্গ) সর্ব্ব অবয়বের সম্বন্ধ যুক্ত; সকল অবয়বে ব্যাপ্ত।

সর্ব্বাণী, (সর্ব্ব) দুর্গা, ভগবতী।

সর্ব্বান্তর্যামী, (সর্ব্ব-অন্তর্যামিন) সর্ব্বজ্ঞ, পরমেশ্বর। [কার খাদ্যদ্রব্য।

সর্ব্বান্ন, (সর্ব্ব-অন্ন) সকলের অন্ন; সকল প্র-

সর্ব্বান্নভক্ষক, সকলের অন্নভোক্তা, উদর পিশাচ; সর্ব্বপ্রকার অন্নখাদক।

সর্ব্বান্নীন, (সর্ব্বান্ন) সকলের অন্নভোক্তা।

সর্ব্বাপেক্ষা, (সর্ব্ব-অপেক্ষা) সকলাপেক্ষা।

সর্ব্বাবসর, (সর্ব্ব-অব-সৃ) অর্দ্ধরাত্রি, নিশার্দ্ধ, নিশীথ।

সর্ব্বাভিসারী, (সর্ব্ব-অভিসারি) বিশাল তপস্বী, দুম্ভ তাপস; সকল অভিসারি বিশিষ্ট।

সর্ব্বার্থসাধিকা, (সর্ব্বার্থ-সাধক) দুর্গা ; সকল প্রয়োজন-সিদ্ধিকারিণী। [স্থূল।
সর্ব্বার্থ সদ্ধ, বুদ্ধ ; সকল প্রয়োজন-সিদ্ধি-
সর্ব্বার্থানুসাধিনী, দুর্গা, পার্ব্বতী, ভগবতী।
সর্ব্বাস্ত্রা, (সর্ব্ব-অস্ত্র) ষোড়শ বিদ্যা দেবীর অন্তর্গত দেবীবিশেষ ; সকলাস্ত্র যুক্তা।
সর্ব্বাহ্ন, (সর্ব্ব-অহন) সমস্ত দিন, সমুদায় দিবস। [ইন্দ্রিয়।
সর্ব্বেন্দ্রিয়, (সর্ব্ব-ইন্দ্রিয়) হস্তপদাদি সকল
সর্ব্বেশ্বর, (সর্ব্ব-ঈশ্বর) শিব ; সার্ব্বভৌম, সকলের অধিপতি ; রাজাধিরাজ।
সর্ব্বোপরি, (সর্ব্ব-উপর) সকলের উপর ; সর্ব্ব প্রধান।
সর্ব্বৌষধি, (সর্ব্ব-ওষধি) ওষধি বর্গ বিশেষ।
সর্ব্বৌষধিগণ, মুরা মাংসাদি ওষধি সমূহ।
সর্ষপ, (সৃ) শস্য বিশেষ, সরিষা।
সর্ষপতৈল, সর্ষপজাত স্নেহ, সরিষার তেল।
সলগ্ন, (সহ-লগ্ন) সঙ্গত ; লগ্ন সহিত।
সলিল, (সল) জল, উদক, অম্বু।
সলিলকুন্তল, শৈবাল, শেওলা।
সলিলজ, (সলিল-জন) পদ্ম, জলজাত
সলিলদ, (সলিল-দা) জলদাতা, মেঘ।
সলিলাধ, (সলিল-ধা) সমুদ্র, সাগর
সলিলার্থী, (সলিল-অর্থিন) জলাভিলাষী, পিপাসু। [রিণী।
সলিলাশয়, (সলিল-আশয়) জলাশয়, পুষ্ক
সলিলেন্ধন, (সলিল-ইন্ধন) বাড়বানল।
সলীল, (সহ-লীলা) লীলাসহ বর্ত্তমান, কৌতুহলী। [লোভী
সলোভ, (সহ-লোভ) লোভান্বিত লোভযুক্ত
সল্লকী, বৃক্ষ বিশেষ, সজারু।
সশঙ্ক, (সহ-শঙ্কা) শঙ্কান্বিত, ভীত, সভয়।
সশঙ্কিত, (সহ-শঙ্কিত) ভীত, ত্রস্ত।
সশঙ্খচক্র, শঙ্খচক্র সহিত বর্ত্তমান।
সশস্যা, (সহ-শস্য) নাগদন্তী বৃক্ষ ; ক্ষুদ্র ভূম্যাদি। [কীরা।
সশা, (দেশজ) অলাম খাদ্য ফল বিশেষ,
সশ্মশ্রু, (সহ-শ্মশ্রু) শ্মশ্রুযুক্তা স্ত্রী।
সসংখ্য, (সহ-সংখ্যা) সংখ্যাযুক্ত, গণ্য।
সসজ্জ, (সহ-সজ্জা) বেশযুক্ত, সজ্জিত।
সসত্ত্বা, (সহ-সত্ত্ব) গর্ভিণী, প্রাণিযুক্তা।
সসন, যজ্ঞার্থ পশুহনন। [বর্ত্তমান
সসাধ্বস, (সহ-সাধ্বস) সাধ্বস সহিত
সসৈন্য, (সহ-সৈন্য) সেনাগণের সহিত।

সস্ত্রীক, (সহ-স্ত্রী) স্ত্রীসহিত ; ভার্য্যার সহিত বর্ত্তমান। [তৈলাদি দ্রব পদার্থ সহিত।
সস্নেহ, (সহ-স্নেহ) স্নেহান্বিত, স্নেহযুক্ত ;
সস্মিত, (সহ-স্মিত) ঈষদ্ধাস্য যুক্ত, সুহাস্য।
সস্য, (সস) বৃক্ষাদির ফল, ধান্য, ঘাস।
সস্যসংবর, শালবৃক্ষ, শালগাছ। [ষিকর্ম্ম।
সস্যাবাপ, (সস্য-আবাপ) শস্যের চাস ; কৃ-
সস্বেদা, (সহ-স্বেদ) দূষিতা কন্যা ; ঘর্ম্মান্বিতা
সহ, (ষহ) সহিত, সাক, সার্দ্ধ ; অগ্রহায়ণ মাস ; বল ; শক্তি।
সহকার, (সহ-কৃ) অতিসৌরভ আম্র ; সাহায্য ; সহিত। [সাহায্য, উপকার।
সহকারিতা, (সহকারিন) সাহায্য কারী ;
সহকারিত্ব, (সহকারিন) সহকারিতা ; সাহায্য
সহকারী, (সহ-কারিন) সহায়, সঙ্গী, সহায্যকারী। [সখা।
সহক্রীড়, বয়স্য, বালকবন্ধু বাল্যকালীন
সহগন্ত্রী, (সহ-গন্তৃ) সহিত গমনকারিণী, মৃত পতির সহিত এক চিতারোহিণী।
সহগমন, সহিত গমন ; অনুমরণ [সহমৃতা
সহগামিনী, (সহ-গামিন) অনুমরণকারিণী,
সহগামী, (সহ-গামিন) একসঙ্গে গমনকারী সহচর ; সমান পথানুবর্ত্তী। [সাথী
সহচর, (সহ-চর) বয়স্য, সখা ; অনুচর, সঙ্গ
সহচরী, (সহচর) পত্নী ; সখী ; সঙ্গিনী।
সহজ, (সহ-জন) সহোদর ; সহজাত ; অনায়াস সিদ্ধ ; নিসর্গজ ; স্বাভাবিক
সহজমিত্র, স্বাভাবিক সুহৃৎ, অকৃত্রিম বন্ধু
সহজাত, সহোদর যমজ, একত্রজাত।
সহজারি, (সহজ-অরি) স্বাভাবিক শত্রু ; বৈমাত্রেয় ভ্রাতাদি।
সহদেব, পাণ্ডববিশেষ, পঞ্চমপাণ্ডব। [পত্নী
সহদেবী, বলা নামে লতা বিশেষ, সহদেব
সহধর্ম্মিণী, (সহ-ধর্ম্মিন) পত্নী, বেদবিধানক্রমে বিবাহিতা স্ত্রী, বিবাহ সংস্কৃত ভার্য্যা
সহন, (ষহ) ক্ষমা, তিতিক্ষা ; সহিষ্ণুতা।
সহনর্ত্তন, একত্র মণ্ডলাকারে নৃত্যকরণ।
সহনশীল সহিষ্ণু, সহনক্ষম ; সহাকারী ধৈর্য্যবান।
সহনীয়, (ষহ) সহিবার যোগ্য, সহনার্হ।
সহপান, একত্র মদ্যাদি পান।
সহবর্ত্তী, (সহ-বর্ত্তিন) সাথী ; অনুচর।
সহবসতি, একত্র বাস ; প্রতিবাসী।
সহবাস, (সহ-বাস) একত্র বাস ; সংসর্গ।

সাংবৎসরিক, (সংবৎসর) সংবৎসরে উৎপা-
ত্তিশালী বার্ষিক; বৎসরে বৎসরে কর্ত্তব্য
কর্ম্ম। [দাতা।
সাংবাদিক, (সংবাদ) নৈয়ায়িক; সংবাদ
সাংযাত্রিক, (সংযাত্রা) পোতবণিক; জাহাজ-
যোগে ব্যবসা কারী; বিদেশীয় সওদাগর।
সাংযুগীন, (সংযুগ) যুদ্ধকুশল, রণপণ্ডিত।
সাংশয়িক, (সংশয়) সংশয়যুক্ত, সন্দিহান।
সাংসারিক, (সংসার) সংসারসম্বন্ধীয়, ঐহিক
সাংস্থানিক, (সংস্থান) সমানদেশীয়; সংস্থা-
নযুক্ত, সঙ্গতিবিশিষ্ট।
সাঁকো (সংক্রম) সেতু, পুল।
সাঁচ, সকৎ; পুস্তক লিখিবার পত্রবিশেষ।
সাঁচা, সত্য, যথার্থ, অকৃত্রিম।
সাচি, (সু-অনৃত) সত্য, যথার্থ, খাঁটি।
সাঁজ, সন্ধ্যাকাল, সায়ংসময়।
সাঁজো, (সদ্যোজ) সদ্যঃকৃত, সদ্যোজাত।
সাঁজোয়া, (সজ্জ) অস্ত্রনিবারণার্থ কবচ, বর্ম্ম
সাঁটন, আহরণ গ্রহণ।
সাঁড়াশী, (সন্দংশ) লৌহনির্ম্মিত যন্ত্রবিশেষ
সাঁতার, (সং-তৃ) সন্তরণ, জলোপরি ভাসন।
সাঁধন, (সং-ধা) প্রবেশন, অভ্যন্তরে গমন,
ঢুকন, ধুসন।
সাঁধি, (সন্ধি) ছিদ্র, ফাঁক।
সাঁস, (শস্য) ফলের শস্য।
সাক, সহ সহিত, সঙ্গে, সাথে।
সাকল্য, (সকল) সমুদায়, সকল, সমূহ।
সাকাঙ্ক্ষ, (সহ-আকাঙ্ক্ষা) আকাঙ্ক্ষান্বিত,
ইচ্ছুক, অভিলাষুক। [মান, বেশধারী।
সাকার, (সহ-আকার) আকার বিশিষ্ট, মূর্ত্তি
সাকেত, অযোধ্যা নগর। [আর।
সাক্তুক, (সক্তু) যব, সক্তু সমূহ, সক্তু সম্ব-
সাখেয়, (সখি) সখিসম্বন্ধীয়, মিত্র সম্পর্কীয়
সাখ্য, (সখ) সখ্য, সখিতা, বন্ধু।
সাগর, (সগর) সমুদ্র, জলনিধি, সংখ্যা বি-
শেষ, দশপদ্ম সংখ্যা।
সাগরগামিনী, নদী, সমুদ্রে গমনশীলা।
সাগরনেমি, পৃথিবী, ধরা, ধরিত্রী।
সাগরমেখলা, পৃথ্বী, ধরণী, ধরিত্রী।
সাগরাম্বরা, (সাগর-অম্বর) পৃথিবী, বসুমতী, ধরা।
সাগরালয়, (সাগর-আলয়) বরুণ, জলাধি-
ষ্ঠাতৃ দেবতাবিশেষ, সমুদ্রে বাসকারী।
সাগরোত্থ, (সাগর-উৎ-স্থা) সমুদ্রজাত, সৈ-
ন্ধব লোণ।

সাগ্র, (সহ-অগ্র) অগ্রবিশিষ্ট, অগ্রবর্ত্তিত,
আগাল।
সাঙ্কৃতি, মুনিবিশেষ। [বিশেষ।
সাংখ্য, (সংখ্যা) কাপিল মুনি কৃত দর্শন শাস্ত্র
সাংখ্যজ্ঞ, সাংখ্যশাস্ত্র জ্ঞাতা।
সাঙ্গ, (সহ-অঙ্গ) অঙ্গের সহিত বর্ত্তমান;
সম্পূর্ণ। [হিত্য; সম্পূর্ণতা।
সাঙ্গত্য, (সঙ্গ) অঙ্গ সাহিত্য; অবয়ব সা-
সাঙ্গাৎ, সখা, মিত্র, সখী; সহচর, সেবাজিত
সাঙ্গোপাঙ্গ, (সহ-অঙ্গ-উপাঙ্গ) সম্পূর্ণ, সর্ব্বাঙ্গ
সাংগ্রামিক, (সংগ্রাম) যুদ্ধসম্পর্কীয়, সেনাপতি
সাংক্ষেপিক, (সংক্ষেপ) সংক্ষিপ্ত, সংক্ষেপ
কারক।
সাচি, তির্য্যক্, বক্র, বাঁকা, অসরল।
সাচিব্য, (সচিব) মন্ত্রিত্ব; আনুকূল্য, সহায়।
সাচীকৃত, বক্রীকৃত, বাঁকা।
সাজ, (সজ্জ) বেশ, ভূষণ দ্রব্য; অস্ত্র শস্ত্রাদি
সাজন, (সাজ) বেশ-ভূষা করণ।
সাজা, (সজ্জ) দণ্ড, শাস্তি, বধারণ; আব-
ভক্ত; দুগ্ধ ঘনীকরণার্থ অম্লাভূত দধি;
সাজান, (সাজ) বেশভূষা করান, সজ্জীকৃতকর।
সাজী, বংশ শলাকানির্ম্মিত পুষ্পপাত্রবিশেষ
সাঞ্জন, কৃকলাস, কাঁকলাস; অঞ্জনযুক্ত।
সাট, সংক্ষেপ, স্বল্পতা।
সাড়, (সহ) চৈতন্য, জ্ঞান; স্পর্শজন্য বোধ।
সাড়, শব্দ; উত্তর; ঠার।
সাড়ে, (সার্দ্ধ) সার্দ্ধ, অর্দ্ধ সহিত।
সাত, (সপ্তম) সুখ; দত্ত; নষ্ট; সপ্তসংখ্যা।
সাতচল্লিশ, (সপ্তচত্বারিংশৎ) সংখ্যাবিশেষ
সাতপ্রকার, সপ্ত প্রকার, সাত রকম।
সাতেয়, (সাত) সুখজনক, সুখপ্রদ।
সাতষট্টি, (সপ্তষষ্টি) সংখ্যাবিশেষ, ৬৭।
সাতাত্তর, (সপ্তসপ্ততি) সংখ্যাবিশেষ, ৭৭।
সাতান্ন, (সপ্তপঞ্চাশৎ) সংখ্যাবিশেষ, ৫৭।
সাতি, অবসান; দান; তীব্রবেদনা।
সাতিশয়, (সহ-অতিশয়) আধিক্য যুক্ত,
যুক্ত, অতি অধিক। [সারকী।
সাতিসার, (সহ-অতিসার) অতিসার রোগ
সাত্যকি, (সত্যক) বৃষ্ণি বংশীয় সত্যক পুত্র
শ্রীকৃষ্ণের সারথি।
সাত্যবতেয়, (সত্যবতী) বেদব্যাস, ব্যাসদেব।
সাত্বত, কৃষ্ণদেব; বিষ্ণু; বিষ্ণু ভক্ত বিশেষ।
সাত্ত্বিক, (সত্ত্ব) ব্রহ্মাণ্ড ত্রিবিধ ভাবান্তর্গত
ভাববিশেষ; সত্ত্বগুণ সম্পন্ন, সাধু।

সাত্বিকী, (সত্ব) দুর্গা ; পূজাবিশেষ, সত্বগুণাবলম্ব কর্তৃক ক্রিয়মাণ পূজাদি।
সাথ, (স'হত) সঙ্গ, সমভিব্যাহার।
সাথী, (সাথ) সঙ্গী, অনুচর সহায়।
সাদর, (সহ-আদর) আদরযুক্ত ; মান্য, [illegible]
সাদি, সারথি, ঘোড়া ; অবসন্ন, বায়ু। [প্রাপ্ত
সাদিত, বিষাদিত ; শরণ প্রাপিত ; গমিত
সাদী, অশ্বারূঢ় ; গজারোহী ; রথারোহী।
সাদৃশ্য, (সদৃশ) সদৃশত্ব, তুল্যতা, সাম্য।
সাধ, (সাধ) বাসনা, অভিলাষ, গর্ভিনীর ইচ্ছামতে ভোজন। [সক।
সাধক, (সাধ) সাধনকর্তা, নিষ্পাদক ; উপা-
সাধন, (সাধ) করণ ; কারক বিশেষ ; মারণ ; নিষ্পাদন ; উপকরণ ; উপায় ; মেঢ্র, লিঙ্গ প্রমাণ, মন্ত্র সিদ্ধিকরণ, উৎপাদন।
সাধনা, (সাধ) সিদ্ধি, নিষ্পাদন, আরাধনা।
সাধনীয়, (সাধ) নিষ্পাদ্য, সাধন যোগ্য, আরাধনীয়।
সাধয়ন্ত, (সাধ) ভিক্ষুক, যাচক।
সাধয়ন্তী, (সাধ) উপাসনা কারিণী।
সাধারণ, (সহ-আধারণ) সমান, সদৃশ ; সামান্য ; সকল। [ধর্ম।
সাধারণধর্ম, চতুর্বর্ণের কর্তব্য কর্ম ; সামান্য
সাধারণস্ত্রী, বেশ্যা, বারাঙ্গনা, সর্বভোগ্যা নারী। [অনেকের সম্বন্ধ
সাধারণ্য, (সাধারণ) সামান্য, এক বস্তুতে
সাধিকা, (সাধক) সাধনকর্ত্রী ; সুষুপ্তি। [কৃত
সাধিত, (সাধ) দাপিত, নিষ্পাদিত ; সিদ্ধী-
সাধিষ্ঠ, (সাধ) দৃঢ়তম, ন্যায্য ; অতিশয় সাধু
সাধীয়ান, (সাধ) অতিশয়দৃঢ় ; অতিশয় সাধু
সাধু, (সাধ) উত্তম কুলোদ্ভব, সজ্জন, শিষ্ট ; বার্দ্ধুষিক, উত্তমর্ণ, মহাজন, সৎপুরুষ।
সাধুজ, (সাধু-জন) উত্তম কুলোদ্ভব, সৎকুলীন
সাধুতা, (সাধু) সৌজন্য ; শিষ্টতা ; ভদ্রতা ; ভাল মানুষী।
সাধুত্ব, (সাধু) শিষ্টতা, ভদ্রতা ; সৌজন্য।
সাধুধী, শ্বশ্রূ, শাশুড়ী ; সুন্দর বুদ্ধি।
সাধুপুষ্প, স্থলপদ্ম, উত্তম কুসুম।
সাধুবাহ (সাধু-বহ) বিনীত অশ্ব, উত্তম ঘোটক ; সুন্দর বাহন।
সাধুবাহী, (সাধু-বাহিন) উত্তমরূপে বহনশীল সুশিক্ষিত অশ্ব। [বর্জন।
সাধুবৃত্তি, উত্তম জীবিকা, সদ্ব্যবহার ; সুন্দর
সাধুবৃক্ষ, কদম্ব বৃক্ষ, শোভন বৃক্ষ।

সাধুক, [illegible] সমুদ্র ; আকার, পাখাবিশিষ্ট ; [illegible] বৃক্ষ।
সাধ্যে, (সাধ) ইচ্ছায় ; সাধক্রমে।
সাধ্য, (সাধ) গণদেবতা বিশেষ ; নিষ্পাদ্য, সাধন যোগ্য।
সাধ্যক্রমে, (সাধ্য-ক্রম) যথাসাধ্য, শক্ত্যনুসারে। [বিনয়।
সাধ্যসাধনা, যানাপনয়নার্থ যত্ন, বিনয়, অ-
সাধ্যসিদ্ধি, অভীষ্ট সিদ্ধি ; বাঞ্ছিত প্রাপ্তি
সাধ্বস, (সাধু-অস) ভয়, ত্রাস, শঙ্কা।
সাধ্বী, (সাধু) পতিব্রতা, সতী।
সান, (ষণ) শাড়, চৈতন্য। [হৃষ্ট।
সানন্দ, (সহ-আনন্দ) আহ্লাদযুক্ত, হর্ষান্বিত
সানসি, সুবর্ণ, স্বর্ণ, হেম, সোনা।
সানা, (শান) তন্তুবায়ের যন্ত্র বিশেষ।
সানিকা, (সানেয়ী) বংশী, বাঁশী ; সানাই।
সানু, (সন) পর্বত সম ভূভাগ, পর্বতের সমান স্থান, পর্বতের প্রস্থ দেশ। [প্রশ্রয়।
সানুকূল, (সহ-অনুকূল) সহায়, সপক্ষ ;
সানুমান, (সানু) পর্বত, শৈল, গিরি
সানেয়িকা, (সানেয়ী) বংশী, বাঁশী সানাই।
সানেয়ী, বংশী, বাঁশী ; সানাই।
সান্তপন, প্রায়শ্চিত্তাত্মক ব্রত বিশেষ।
সান্তর, (সহ-অন্তর) বিরল নির্জন, অন্তরের সহিত বর্তমান।
সান্ত্ব, (সান্ত্ব) অত্যর্থ মধুর, কর্ণ ও মনের প্রীতি জনক বাক্য।
সান্ত্বন, (সান্ত্ব) প্রবোধ দেওন ; সন্তুষ্টকরণ।
সান্ত্বনা, (সান্ত্ব) প্রবোধ বাক্য, তুষ্টিকরণ।
সান্ত্ববাদ, সান্ত্বনা বাক্য, প্রিয়কথন।
সান্দৃষ্টিক, (সন্দৃষ্টি) দৃষ্ট পরিকল্পনা ন্যায়।
সান্দ্র, (সহ-অদ্র) বন, অরণ্য ; ঘন, নিবিড়।
সান্দ্রস্নিগ্ধ, (সান্দ্র-স্নিগ্ধ) অতিশয় স্নিগ্ধ, মেদুর, শীতল।
সান্ধিক, (সন্ধি) শৌণ্ডিক, শুঁড়ী, সন্ধিকর্তা।
সান্ধ্য, (সন্ধ্যা) সন্ধ্যাসম্বন্ধীয়, সায়ংকালীন।
সান্নিধ্য, (সন্নিধি) নৈকট্য, সামীপ্য। [যোগ্য।
সান্নিপাতিক, (সন্নিপাত) সন্নিপাতে জাত
সান্ন্যাসিক, (সন্ন্যাস) সন্ন্যাসী, ভিক্ষু, যতি।
সাপ, (সর্প) অহি, ভুজঙ্গ, বিষধর।
সাপকর্ষ, (সহ-অপকর্ষ) অপকৃষ্ট, মন্দ।
সাপত্ন্য, (সহ-অপত্য) [illegible]
সাপত্নী, (সপত্নী) [illegible]
সাপরাধ, (সহ-অপরাধ) অপরাধবিশিষ্ট।

সাপিণ্ড্য, (সপিণ্ড) সপিণ্ডতা ; জ্ঞাতিত্ব।
সাপুড়িয়া, ব্যালগ্রাহী ; ওঝা, বিষবৈদ্য।
সাপেক্ষ, (সহ-অপেক্ষা) অপেক্ষাকারী, আশাযুক্ত।
সাপ্টন, সংগ্রহ করণ ; একত্র ধারণ।
সাপ্টা, মিশ্রিত, একত্রিত।
সাপ্তপদীন, (সপ্তপদ) সখ্য, বন্ধুত।
সাফল্য, (সফল) সফলতা, ফলোৎপত্তি, ।
সাবক, (শাবক) শিশু, বালক।
সাবকাশ, অবকাশ যুক্ত ; কর্ম্ম রহিত সময়।
সাবধান, (সহ-অবধান) সচেতন, সতর্ক, সচৈতন্য। [মান ; বরুণ : মাস বিশেষ।
সাবন, (যু) সৌর দিবস, সূর্য্য সম্বন্ধীয় ; যজ্ঞ
সাবনদিন, এক প্রভাত অবধি অপর প্রভাত পর্য্যন্ত কাল। [সহিত।
সাবয়ব, (সহ-অবয়ব) অঙ্গযুক্ত, অবয়বের
সাবর, পাপ, অপরাধ।
সাবর্ণলক্ষ্য, চর্ম্ম, চামড়া।
সাবর্ণি, (সবর্ণ) মনু বিশেষ, অষ্টম মনু।
সাবাশী, (যাং) সাবাইস, প্রশংসা জনকবাক্য
সাবিত্র, (সবিতৃ) যজ্ঞোপবীত, যজ্ঞসূত্র ; ব্রাহ্মণ। [পত্নী ; ব্রহ্মবিদ্যা বিশেষ, গায়ত্রী।
সাবিত্রী, (সবিতৃ) মাদ্রদেশীয় সত্যবানের জায়
সাবিত্রীব্রত, জ্যৈষ্ঠ মাসের কৃষ্ণ চতুর্দ্দশীতে কর্ত্তব্য নিয়ম বিশেষ।
সাবিত্রীসূত্র যজ্ঞোপবীত, পৈতা। [মাণ
সাব্যস্ত, (সভ্য-স্থা) নিশ্চিত, নির্ণীত ; সপ্র-
সাম, (সাম) বেদবিশেষ, তৃতীয় বেদ ; শত্রু বশীভূত করণার্থ উপায় বিশেষ।
সামক, (যৌ) মূল ; ঋণ ; তর্কুশাণ, টেকোর শাণ। [দপাঠক।
সামগ, (সামন-গৈ) সামবেদী ব্রাহ্মণ, সামবে-
সামগর্ভ, বিষ্ণু, নারায়ণ।
সামগী, (সামগ) সামবেদি ব্রাহ্মণের
সামগ্রী, (সমগ্র) কারণ সমূহ ; দ্রব্য, বস্তু।
সামগ্র্য, (সমগ্র) সমুদায়ত্ব, সাকল্য।
সামজ, হস্তী, করী দন্তী, গজ। [ভাব।
সামঞ্জস্য, (সমঞ্জস) ঔচিত্য ; সমতা, সমান-
সামনী, পশুবন্ধনার্থ রজ্জু।
সামন্ত, (সমন্ত) স্ববিষয়ান্তরবর্ত্তী রাজা, অধীনস্থ রাজা ; নিকটস্থ ; সভা।
সামন্য, (ব্রাহ্মণ) সামবেদস্থ ব্রাহ্মণ, সামবে-দবেত্তা বিপ্র।

সামর, (যৌ) তৃতীয় বেদ, সামবেদ।
সামবায়িক, (সমবায়) মন্ত্রী, অমাত্য।
সাময়িক, (সময়) সময়োচিত্ত কালোপযুক্ত ; যথা সময়।
সামযোনি, ব্রহ্মা, প্রজাপতি ; হস্তী, গজ।
সামর্থ্য, (সমর্থ) যোগ্যতা ; শক্তি, বল।
সামাজিক, (সমাজ) সভ্য, সভাস্থ ; সমাজস্থ।
সামাজিকতা, সভ্যতা, সমাজভুক্তি।
সামান্য, (সমান) অনেকের সম্বন্ধে একরূপ ; সাধারণ ; অপকৃষ্ট।
সামান্যশাসন অপকৃষ্ট শাসন।
সামান্যা, (সামান্য) সাধারণী নায়িকা।
সামাল, (সাম) সাবধান ; আরোগ্য।
সামালন, (সামাল) সাবধান হওন ; স্থির হওন ; রক্ষণ।
সামিপীত, অর্দ্ধপান কৃত, অর্দ্ধেক পানকরা
সামিভুক্ত, অর্দ্ধভুক্ত। [ক্রান্ত।
সামিল, (সমিল) সম্মিলিত, অন্তর্গত, সং-
সামীচী, বন্দনা, স্তুতিবাদ। [সৌন্দর্য্য।
সামীচীন্য, (সমীচীন) উৎকৃষ্টতা, উত্তমতা ;
সামীপ্য, (সমীপ) সমীপত্ব, নৈকট্য, সান্নিধ্য
সামুদ্র, (সমুদ্র) সমুদ্র লবণ ; করকচ্ লবণ ; ফেণ ; সমুদ্রজাত।
সামুদ্রক, সমুদ্রজাত লবণ ; মানবজাতীয় স্ত্রী পুরুষের করপদাদির চিহ্ন দ্বারা শুভাশুভ ফল প্রকাশক গ্রন্থ বিশেষ। [চিহ্নবেত্তা।
সামুদ্রিক (সমুদ্র) সমুদ্র সম্বন্ধীয়, স্ত্রী পুরুষের
সাম্পরায়িক, যুদ্ধ, রণ ; পারলৌকিক।
সাম্প্রত (সম্প্রতি) যুক্ত ; ইদানী এক্ষণে।
সাম্প্রতং, (সম্প্রতি) ইদানী, এক্ষণে।
সাম্প্রদায়িক, (সম্প্রদায়) সভ্য, সামাজিক ; সম্প্রদায়ের কর্ত্তা, দলপতি। [ক্রিয়া।
সাম্বৎসরিক, সংবৎসরে কর্ত্তব্য কর্ম্ম, বার্ষিক
সাম্বর, (সহ-অম্বর) বস্ত্রাবৃত বস্ত্রযুক্ত।
সাম্বরী, (সাম্বর) বাজিকরের স্ত্রী। [কারক
সাম্বাদিক, (সম্বাদ) নৈয়ায়িক ; দূত ; সম্বাদ-
সাম্য, (সম) সমতা তুল্যত্ব, সাদৃশ্য।
সাম্রাজ্য, (সম্রাজ) সমস্ত রাজা, রাজচক্রবর্ত্তিত্ব
সাম্মুখীন, [illegible] হওন ; আত্ম বক্ষণ। [সম্মত
সায়, (সহ-আয়) সন্ধ্যা, দিনান্ত ; স্বীকার ;
সায়ং (যৌ) সন্ধ্যা, দিনান্ত।
সায়ংকাল, সায়াহ্ন, সূর্য্যাস্তের সময়।
সায়ংকালীন, (সায়ংকাল) সন্ধ্যাকালে কর্ত্তব্য কর্ম্ম।

সায়ংসন্ধ্যা, সায়ংকালে কর্ত্তব্য উপাসনা বিশেষ।
সায়ক, (যো) শর, বাণ; খড়্গ, অসি।
সায়ন্তন, (যো) সায়ংকাল সম্বন্ধীয়।
সায়ন্তনী, (সায়ন্তন) সন্ধ্যাকালীনা, সন্ধ্যাকালে জাতা।
সায়াহ্ন, (সায়ং-অহন) পঞ্চধা বিভক্ত দিন-পঞ্চমাংশ, দিবসের শেষ মুহূর্ত্তত্রয়।
সাযুজ্য, (সাযুজ) সহযোগ; মুক্তিবিশেষ।
সায়ে, (যে) দিনান্তে, সায়ংকালে।
সার, (সৃ) বল; স্থিরাংশ; ধন; নবনীত; মজ্জা, অতি দৃঢ়; শ্রেষ্ঠ, তেজঃ।
সারক, (সৃ) রেচক, জয়পাল বীজ।
সারকুড়, গোময়াদি নিক্ষেপ স্থান।
সারগন্ধ, চন্দন, শ্রীখণ্ড।
সারগ্রাহী (সার-গ্রাহিন) সারগ্রহণ কর্ত্তা, [ভারবাহী।
সারঙ্গ, (সার-গম) চাতক পক্ষী; হরিণ; হস্তী; বাদ্য বিশেষ; ধনুঃ; আভরণ।
সারাঙ্গক, (সারঙ্গ) ব্যাধ, নিষাদ।
সারঙ্গী, সারঙ্গ) বাদ্যযন্ত্র বিশেষ।
সারজ, (সার-জন) নবনীত, ননী, মাখন।
সারণিক, (সরণি) পথিক, পান্থ।
সারণিকঘ্ন, (সারণিক-হন) দস্যু, ডাকাইত।
সারতরু, কদলীবৃক্ষ, কলাগাছ
সারথি, (সৃ) রথাদির ঘোটক নিয়োগ কর্ত্তা, যন্তা, সূত, রথনায়ক।
সারথ্য, (সারথি) সারথির কর্ম্ম।
সারদা, (সার-দা) সরস্বতী; দুর্গা; সারদায়িনী
সারদ্রুম, খদিরবৃক্ষ, খয়ের গাছ। [রহিত।
সারবর্জ্জিত, স্থিরাংশ রহিত, অসারবস্তু, সার-
সারমাটী, সারযুক্ত মৃত্তিকা, ওঁচলা।
সারামতি, বেদ, শ্রুতি; আপ্তবাক্য।
সারমৃত্তিকা, সারমাটী, গোময়াদি যুক্ত মৃত্তিকা, ক্ষেত্রের তেজস্কর মাটী।
সারমেয়, কুক্কুর, শ্বা, কুকুর।
সারমেয়ী, (সারমেয়) কুক্কুরী, শুনী।
সারলোহ, লৌহ সার, ইস্পাত।
সারল্য, (সরল) ঋজুভাব, অবক্রতা, সরলতা
সারসংগ্রহ, সার ভাগ আকর্ষণ পূর্ব্বক গ্রন্থ নির্ম্মাণ। [ভরণ।
সারস, (সরস্) পক্ষিবিশেষ; পদ্ম, কটিআ-
সারসন, কাঞ্চী, স্ত্রীলোকের কট্যাভরণ।
সারসী, (সারস) সারস পক্ষিণী।
সারস্বত, (সরস্বতী) বিপ্রভেদ, দেশবিশেষ।
সারস্বতব্রত, সরস্বতীর ব্রতবিশেষ।
সারস্বতোৎসব, (সারস্বত-উৎসব) সরস্বতীর
সারহীন, সারবর্জ্জিত, অসার। [দায়; হত্যা।
সারা, (সার) শুষ্ককরা; সকল, অখিল, সমু-
সারণ (সার) সম্পাদন; গুথরাণ: দৃঢ়করণ।
সারাণিভাটা, নদ্যাদির শেষ ভাটা।
সারাৎসার, সর্ব্বশ্রেষ্ঠ; অত্যুত্তমাংশ।
সারার্থ, (সার-অর্থ) স্থিরাংশ, সার বস্তু।
সারাল, তিল; সারযুক্ত, শক্ত।
সারি, (সৃ) পাশক পাশা; শ্রেণী, পংক্তি।
সারিকা, (সৃ) পক্ষিবিশেষ, শালিক পাখী।
সারিন্দা, বাদ্য যন্ত্র বিশেষ।
সারিবা, লতাবিশেষ, অনন্তমূল।
সারী, (সৃ) সারিকাপক্ষিণী; শালিক পাখী।
সারূপ্য, (সরূপ) মুক্তি বিশেষ; তুল্যাকৃতি, সমান রূপতা।
সারোদ্ধার, (সার-উদ্ধার) সারবস্তু গ্রহণ; নির্ব্বাচন পূর্ব্বক সার পদার্থ সংগ্রহ।
সার্থ, (সহ-অর্থ) জন্তুসংঘ; বণিক্ সমূহ; অর্থের সহিত বর্ত্তমান, অর্থযুক্ত, সাথী, সঙ্গী
সার্থক, (সহ-অর্থ) অর্থের সহিত বর্ত্তমান, অর্থ যুক্ত; ফলজনক, সফল।
সার্থকতা, সফলতা, সাফল্য, অভীষ্টসিদ্ধি।
সার্থক্য, (সার্থক) সাফল্য, সার্থকতা।
সার্থবাহ (সার্থ-বহ) বণিক্, বেণিয়া।
সার্দ্র (সহ-আর্দ্র) ভিজা, জলমিশ্রিত।
সার্দ্ধ, (সহ-অর্দ্ধ) অর্দ্ধ সহিত, অর্দ্ধের সহিত বর্ত্তমান, অর্দ্ধযুক্ত, দেড়।
সার্দ্ধং, (সহ-ঋধ) সহিত, সঙ্গ; একত্রে।
সার্পিষ, (সর্পিস্) ঘৃত সম্বন্ধীয় ঘৃত দ্বারা সংস্কৃত, ঘৃতপক্ক।
সার্পিষ্ক, (সর্পিস্) ঘৃত দ্বারা সংস্কৃত বস্তু।
সার্ব্ব, (সর্ব্ব) বুদ্ধ; সর্ব্ব সম্বন্ধীয়।
সার্ব্বকালিক, (সর্ব্বকাল) সর্ব্বকালোপযুক্ত, সকল সময়ে উৎপত্তিশালী।
সার্ব্বজনিক, (সর্ব্বজন) সর্ব্বজনসম্বন্ধীয়, সার্ব্বজনীন; সকল লোকের [illegible]।
সার্ব্বজনীনা, (সর্ব্বজন) সকল [illegible] সম্বন্ধীয়া।
সার্ব্বত্রিক, (সর্ব্বত্র) সর্ব্বত্র [illegible] সকল স্থানে ব্যাপক
সার্ব্ববর্ণিক, (সর্ব্ববর্ণ) সমস্ত [illegible] সম্বন্ধীয়; সকল বর্ণযোগ্য। [illegible]
সার্ব্ববেদ্য, (সর্ব্ববেদ) সকল বেদজ্ঞ, ব্রাহ্মণ,

সিন্ধুর, হস্তী, গজ, হাতী।
সিন্ধুরদ্বেষী, সিংহ, কেশরী, মৃগরাজ।
সিন্ধুলবণ, সৈন্ধব লোণ।
সিন্ধুশয়ন, বিষ্ণু, নারায়ণ।
সিন্ধুসঙ্গম, নদী আর সমুদ্রাদির পরস্পর মেলন। [জাত লবণ।
সিন্ধূদ্ভব, (সিন্ধু-উদ্ভব) সৈন্ধব লবণ, সমুদ্র-
সিপ্র, সরোবর বিশেষ; চন্দ্র; ঘর্ম।
সিপ্রা, নদী বিশেষ।
সিবর, হস্তী, মাতঙ্গ, করী।
সিম, সিমী, ফলবিশেষ।
সিম্বি, সিম, ফলবিশেষ।
সিম্বিজা, ধান্যবিশেষ, শমীধান্য।
সিম্বী, সিম, ফলবিশেষ।
সিয়ন, বস্ত্রাদি সীবন, সূচীকর্ম।
সিয়ান, চতুর, চালাক ধূর্ত। [দ্রব্য বিশেষ।
সিরকা, (শর্করা) ইক্ষুরস সম্ভব দ্রব্য
সিরা, (শিরা) রক্ত চলিবার পথ।
সিলাখানা, (ব ?) অস্ত্রাগার।
সিষাধয়িষা, (সাধ) সম্পূর্ণ করণেচ্ছা।
সিষাধয়িষু, (সাধ) সম্পূর্ণ করণেচ্ছুক
সিসৃক্ষা, (সৃজ) সৃষ্টিকরণের বাঞ্ছা।
সিহ্লক, গন্ধদ্রব্য বিশেষ সিহ্লা।
সিহ্লকী অন্ধ্রবিশেষ, সল্লকী।
সিক্তা, স্ফটিক।
সীকর, (সীক) শীকর, জলকণা।
সীতা, (ষি) লাঙ্গলপদ্ধতি, লাঙ্গলের রেখা; শ্রীরামপত্নী; স্বর্গগঙ্গা।
সীতাপতি, রামচন্দ্র, রঘুনাথ, শ্রীরাম।
সীৎকার, (সীৎ-কৃ) মনুষ্যদিগের শৃঙ্গারাগজন্য শব্দ, অব্যক্ত কণ্ঠধ্বনি বিশেষ।
সীদ্য আলস্য।
সীধু, মদিরা, কদম্বপুষ্পজাত মদ্য।
সীধুপুষ্প, কদম্ব; বকুল।
সীধুরস, আম্রবৃক্ষ, আঁবগাছ।
সীধুসংজ্ঞ বকুলবৃক্ষ, বকুল গাছ।
সীপ, তর্পণার্থ জলপাত্র, কোষা।
সীবন, (সিব্) সেলান, সূচীকর্ম, ফোঁড়ন।
সীবনী, লিঙ্গমণির অধঃসূত্র, লিঙ্গাগ্র হইতে গুহ্য পর্য্যন্ত সেলাই।
সীমন্ত, (সীম-অন্ত) সিঁতে, সংস্কারবিশেষ
সীমন্তোন্নয়ন, (সীমন্ত-উন্নয়ন) সংস্কারবিশেষ কেশবিন্যাস।
সীমন্তক, (সীমন্ত) সিন্দুর, সিঁদুর।

সীমন্তিনী, (সীমন্ত) স্ত্রী, নারী, রমণী।
সীমন্তোন্নয়ন, (সীমন্ত-উন্নয়ন) গর্ভ সংস্কার বিশেষ।
সীমা, (ষি) গ্রামাদির নির্ণীত প্রান্ত ভাগ।
সীমানা, (সীমা) অবধি; অবসান; গ্রামাদির নির্ণীত অন্ত ভাগ, সীমা।
সীমাবিবাদ, গ্রামাদির সীমা বিষয়ক কলহ।
সীমিক, বৃক্ষ বিশেষ; বল্মীক, সূক্ষ্ম কৃমি জাতি। [আকন্দ গাছ।
সীর, (ষি) সূর্য্য; লাঙ্গল, হল; অর্কবৃক্ষ,
সীরক, জলজন্তু বিশেষ, শিশুমার, শুশুক।
সীরপাণি, (সীরপাণি) বলদেব, বলরাম।
সীরী, (সীর) বলদেব, বলরাম, হলধর।
সীলন্ধ, মৎস্যবিশেষ, সীলিন্দা মাছ।
সীস, সীসক, ধাতুবিশেষ, সীসা।
সীসক, (সীস) ধাতুবিশেষ সীসা
সীসা, (সীসক) ধাতুবিশেষ, সীস।
সু, ভাল, সুন্দর শোভন। [গলিপথ।
সুঁড়ী, (সুট) অপ্রশস্ত পথ, ক্ষুদ্রবর্ত্ম, গ-
সুঁতী, (স্রোতস) ক্ষুদ্রখাল, নালা; জলপ্রণালী; মন্দ স্রোতঃ; ক্ষুদ্র জলপথ।
সুঁদরী, সুন্দর, বৃক্ষবিশেষ। [কুমুদ।
সুঁদী (সৌগন্ধিক) শ্বেতোৎপল, কৈরব,
সুকণ্টকা, (সু-কণ্টক) ঘৃতকুমারী।
সুকণ্ঠ সুস্বর বিশিষ্ট, সুন্দর গায়ক।
সুকণ্ডু, কণ্ডুরোগ, চুলকনা।
সুকন্দক, (সুকন্দ) পলাণ্ডু, পেঁয়াজ।
সুকন্দী, (সুকন্দ) শূরণ, ওল। [ধ্য সহজ।
সুকর, (সু-কৃ) সুখকর; অক্লেশসাধ্য, সুসা-
সুকরা, সুশীলা গো, সুন্দর গোরু।
সুকর্ণী, লতা বিশেষ, রাখাল শসা।
সুকর্মা, (সু-কর্মন) যোগ বিশেষ; বিশ্বকর্মা; শোভন কর্মযুক্ত, সৎ ক্রিয়ান্বিত।
সুকল, (সু-কল) দাতা ভোক্তা বা কর্তা।
সুকাণ্ড, কারবেল্লী লতা, করলা উচ্ছা; সুন্দর কাণ্ডযুক্ত।
সুকাণ্ডী (সুকাণ্ড) ভ্রমর, [illegible]।
সুকুন্দক, (সুকন্দ) পলাণ্ডু, পেঁয়াজ।
সুকুমার, কোমলাঙ্গ, ললিত; উত্তম বালক।
সুকুমারক, (সুকুমার) তমালপত্র; সুন্দরবালক।
সুকুমারা, (সুকুমার) জাতী পুষ্পলতা; নব মালিকা; কদলী; পৃক্কাশাক, পিড়িং শাক মালতী লতা।

সুঘটন, সুযোগ, সুন্দর সম্ভাবনা।
সুচতুর, গুণবান, চালাক।
সুচরিত্র, উত্তম স্বভাব, সুন্দর রীতি।
সুচরিত্রা, সাধ্বী, শোভন চরিত্রযুক্তা।
সুচর্ম্মা, (সু-চর্ম্মন) ভূর্জ্জবৃক্ষ ; শোভনচর্ম্ম বিশিষ্ট।
সুচক্ষু উড়ুম্বরবৃক্ষ, কুম্ভীরগ্রাহ ; সুন্দর লোচন, উত্তম দৃষ্টি।
সুচারু, (সু-চারু) মনোহর, সুন্দর, মনোজ্ঞ।
সুচিত্রক, (সু-চিত্র) মৎস্যরঙ্গ পক্ষী মাছরাঙ্গাপাখী ; চিত্রসর্প, চিতিসাপ ; সুন্দর চিত্র যুক্ত।
সুচিন্তিত, উত্তমরূপে চিন্তাকরা, ভালরূপে ঠাহরাণ।
সুচির, (সু-চির) চিরকাল, বহু সময়।
সুচিরায়, দেবতা, সুর, অমর।
সুচুটী, অস্থ্যাদি উদ্ধরণার্থ লৌহাদি নির্ম্মিত যন্ত্র বিশেষ, চিমটা।
সুচেতাঃ, (সু-চেতস) সতর্ক, সচকিত ; সুন্দর চিত্ত যুক্ত।
সুচেলক, (সু-চেল) শোভন বস্ত্র, সরু কাপড়
সুচ্ছত্রী শতদ্রু নদী, শতলজ।
সুজন, (সু-জন) সাধু, সজ্জন, সল্লোক।
সুজনতা, (সুজন) সৌজন্য, সুশীলতা।
সুজন্মা, (সু-জন্মন) সুজাতক, ঔরসজাত।
সুজল, কমল, পদ্ম ; সুন্দর জল।
সুজল্প, বাক্য বিশেষ। উৎপন্ন।
সুজাত, পৈতৃক গুণানুবর্ত্তী, উত্তমরূপে
সুজি, (শস্য) গোধূম চূর্ণ বিশেষ ; নির্যণ্টপত্র
সুজীর্ণ, অতিশয় পুরাতন ; সুপাক।
সুড়ঙ্গ, (সুরঙ্গ) সন্ধি ছিদ্র ; গর্ত্ত।
সুড়ি, (সুট) নিম্ন ; ক্ষুদ্র ; অপ্রশস্ত।
সুডৌল (সু-ডৌল) সুগঠন, সুন্দর আকৃতি
সুঢপ, (সু-ঢপ) সুগঠন, সুন্দর আকৃতি।
সুত, (সু) পুত্র, সন্তান ; তনয়।
সুতনু, নারী, শোভন শরীর। রূপলাবণ্যবিশিষ্ট।
সুতপ, (সু-তপস) সূর্য্য ; মুনি ; শোভন
সুতরাং (সু) অবধারিতার্থ প্রতিপাদক পদ ; অবধারণ, অবশ্য ; কাজে কাজে।
সুতর্দ্দন, কোকিল, পিক, পরভৃত।
সুতল, (সু-তল) নাগলোক, বিশেষ, পাতালের ষষ্ঠ খণ্ড। [illegible]
সুতহিবুকযোগ, বিবাহে অতি প্রশস্ত যোগ
সুতা, (সুত) স্ত্রী অপত্য, কন্যা, দুহিতা।
সুতাত্মজ, (সুত-আত্মজ) পৌত্র ; দৌহিত্র।
সুতাত্মজা, (সুত-আত্মজা) পৌত্রী ; দৌহিত্রী।
সুতান, সুস্বর, উত্তম গান, সুরাগ।
সুতার, (সু-তার) সুগন্ধ, [illegible]।
সুতার্থী (সুত-অর্থিন) পুত্রার্থী, পুত্রাকাঙ্ক্ষী।
সুতি, [illegible] স্রোতঃ, খালের তুল্য, [illegible]
সুতিক্ত, অতিশয় তিক্ত।
সুতিক্তক, (সুতিক্ত) ভূনিম্ব ; চিরতা।
সুতী, (সুত) পুত্রেপ্সুক, পুত্রার্থ আচরণ কর্ত্তা ; পুত্রবান।
সুতীক্ষ্ণ, অতিশয় প্রখর ; শোভাঞ্জনবৃক্ষ, শজিনা গাছ ; মুনি বিশেষ।
সুতুঙ্গ, নারিকেল বৃক্ষ, অতিশয় উচ্চ।
সুত্রামা, ইন্দ্র, সুররাজ, দেবেন্দ্র।
সুত্য, (সু-ৎ) সুরা, [illegible] প্রয়োগের নাভ।
সুদণ্ড, (সু-দণ্ড) বেত্র, বেত।
সুদন্ত, (সু-দন্ত) নট ; শোভন দন্ত।
সুদর্শন, (সু-দর্শন) ইন্দ্রনগর ; বিষ্ণুচক্র ; শোভন দর্শন, সুদৃশ্য।
সুদর্শনচূর্ণ, জ্বররোগের ঔষধবিশেষ।
সুদর্শনদ্বীপ, দ্বীপবিশেষ, জম্বুদ্বীপ।
সুদর্শনী, (সুদর্শন) অমরাবতী, ইন্দ্রপুরী।
সুদাঁড়া, (সু-দাঁড়া) সুরীতি সুনিয়ম
সুদান্ত, (সু-দম) শাক্যমুনির শিষ্য বিশেষ।
সুদামা, মেঘ ; পর্ব্বত ; গোপ বিশেষ ; সমুদ্র ; শ্রীকৃষ্ণের শরণাগত বিপ্রবিশেষ।
সুদায় যৌবন বিশেষ ; যৌতুকাদি দান
সুদি, শুক্লপক্ষ, সিত পক্ষ
সুদিন, (সু-দিন) শুভ দিবস, উত্তম দিন।
সুদিনাহ, (সুদিন-অহন) প্রশস্ত দিন, পুণ্যাহ
সুদীর্ঘ, অতি বিস্তার, অতিশয় লম্বা।
সুদীর্ঘফলিকা, (সুদীর্ঘ-ফল) বার্ত্তাকু বিশেষ, সিজা বেগুণ।
সুদুঃখিত, অতিশয় ব্যথিত ; অত্যন্ত সন্তাপিত।
সুদুর্লভ, অতি অল্পে দুষ্প্রাপ্য, অতিশয় অপ্রাপ্য।
সুদুশ্চর, অতিশয় দুঃখে আচরণীয়।
সুদুষ্কর অত্যন্ত ক্লেশকর, দুঃসাধ্য, কষ্টসাধ্য
সুদুস্তর, অতিশয় দুঃখে তরণীয়, যাহার পার হওয়া দুঃসাধ্য।
সুদুস্ত্যজ, অতিশয় দুঃখে ত্যাজ্য, অতিশয় ক্লেশেও যাহা ত্যাগ করা না হয়।
সুদূর, অতি দূরবর্ত্তী, দবীয়ান, দবিষ্ঠ।
সুদূরপরাহত, অতিশয় দূরে নিরাকৃত ; চিরধ্বস্ত ; অত্যন্ত অপহৃত। [illegible]
সুদৃক, (সু-দৃশ) সুন্দর চক্ষুর্যুক্ত ; শোভন

সুপার্শ্ব, প্লক্ষবৃক্ষ, পাকুড়গাছ ; পক্ষিবিশেষ
সুপীড়ন, (সু-পীড়) অত্যন্তমর্দ্দন, গাচাপা, গাত্র মর্দ্দন।
সুপুত্র, পিত্রাদির কার্য্যকারী পুত্র, সৎসন্তান
সুপুত্রকা, (সুপুত্র) জতুকা, জোঁ।
সুপুরুষ, সৌন্দর্য্যান্বিত পুরুষ ; সৎপুরুষ।
সুপুষ্প, লবঙ্গ ; রক্তপুষ্পক, পারিজাত মাদার ; শিরীষ পুষ্প। [পুষ্প ; কদলী বৃক্ষ।
সুপুষ্পী (সুপুষ্প) শ্বেত অপরাজিতা ; দ্রোণ
সুপুর, বীজপুর, দাড়িম।
সুপুরক বকপুষ্প বৃক্ষ, বক ফুলের গাছ।
সুপ্ত, (স্বপ) নিদ্রিত, নিদ্রাগ, শয়িত।
সুপ্তঘাতক, হিংস্র হিংসক। [বধকারী।
সুপ্তঘাতী, (সুপ্ত-ঘাতিন) নিদ্রিত ব্যক্তির
সুপ্তজন, অর্দ্ধরাত্র ; নিদ্রিত লোক।
সুপ্তজ্ঞান, (সুপ্ত-জ্ঞান) স্বপ্ন, স্বপন।
সুপ্তি (স্বপ) নিদ্রা, তন্দ্রা, শয়ন, ঘুমান।
সুপ্রকাশ, সুদীপ্ত, সুন্দর আভাযুক্ত ; প্রস্ফুট
সুপ্রতিভ, (সু-প্রতিভা) মদিরা, সুরা, মদ।
সুপ্রতিষ্ঠিত, (সু-প্রতিষ্ঠা) উডুম্বর বৃক্ষ, ডুমুরগাছ ; সুন্দর প্রতিষ্ঠাযুক্ত প্রশংসিত
সুপ্রতীক (সু-প্রতি-ই) ঈশান দিগ্গজ ; শিব ; কামদেব ; শোভন অঙ্গ।
সুপ্রভ, (সু-প্রভা) সুন্দর প্রভাযুক্ত।
সুপ্রভা, শোভন দীপ্ত, বাকুচী, হকুচ।
সুপ্রভাত, (সু-প্রভাত) শুভ সূচক প্রাতঃকাল ; প্রভাতে পাঠ্য মঙ্গল জনক বাক্য ; প্রাতঃকাল। [বিশেষ।
সুপ্রভাতা, শোভনপ্রভাতযুক্ত রাত্রি, নদী
সুপ্রযুক্ত, শোভন প্রয়োগ বিশিষ্ট।
সুপ্রয়োগবিশিখ, সুশিক্ষিত বাণ ত্যাগকারী, সুধন্বা, ভাল তীরন্দাজ।
সুপ্রলভ, সুখলভ্য, অনায়াস প্রাপ্য
সুপ্রলাপ সুবচন, সুন্দর কথন। [যুক্ত।
সুপ্রসন্ন, (সু-প্রসন্ন) কুবের ; সুন্দর প্রসাদ
সুপ্রসাদ, (সু-প্রসাদ) শিব ; সুন্দর প্রসন্নতা
সুপ্রসিদ্ধ (সু-প্রসিদ্ধ) অতিশয় বিখ্যাত, অত্যন্ত প্রসিদ্ধ, প্রশংসিত।
সুপ্রিয়া, সুন্দর হৃদ্যা, শোভন প্রিয়া স্ত্রী।
সুফল কর্ণিকার বৃক্ষ ; দাড়িম, বদরী, কুল ; শোভন ফল দায়ক।
সুফেন (সু-ফেন) সমুদ্র ফেনা।
সুবক্ত্র, বন বাবুই, সুন্দর বদন।
সুবচন, শোভন উক্তি, সুন্দর কথন।
সুবচনী, (সু-বচন) দেবী বিশেষ, শুভসূচনী দেবী ; বিপদ্কালে স্ত্রীলোকদিগের পূজনীয়া দেবী।
সুবর্চী, (সু-বচ) বাগ্মী, বাচাল, সদ্বক্তা, সুমিষ্ট
সুবদন, (সু-বদন) উত্তমমুখ ; শোভন বদন, সুমুখ ; অগ্নি ; চন্দ্র।
সুবর্চলা, অতসী পুষ্প ; সূর্য্যমুখী পুষ্প ; দেশবিশেষ। [তেজস্বী।
সুবর্চ্চ, শোভন তেজো বিশিষ্ট ; অতিশয়
সুবর্চ্চিকা, জতুকা, জোঁ।
সুবর্ণ, (সু-বর্ণ) ধাতুবিশেষ সোনা, হেম, কনক, স্বর্ণ ; নাগকেশর বৃক্ষ ; অশীতি রক্তিকা পরিমিত স্বর্ণ ; ধুস্তুরবৃক্ষ, সুবর্ণ
সুবর্ণক, পিত্তল ; সুবর্ণযুক্ত ; সোঁদালী গাছ।
সুবর্ণকদলী, কদলীবিশেষ, চাঁপাকলা।
সুবর্ণকার, (সুবর্ণ-কৃ) স্বর্ণকার, সেকরা।
সুবর্ণগৈরিক, গৈরিক বিশেষ, বর্ণকমাটী, গেরি মাটী। [স্বর্ণমিশ্রিত
সুবর্ণঘটিত, (সুবর্ণ-ঘটিত) সুবর্ণ নির্ম্মিত ;
সুবর্ণবণিক, জাতি বিশেষ, সোনার বেণিয়া।
সুবর্ণবর্ণ, স্বর্ণতুল্য বর্ণ, সোনার ন্যায় রং।
সুবর্ণবর্ণা (সুবর্ণবর্ণ) হরিদ্রা, হলুদ, স্বর্ণযুক্ত
সুবর্ণযূথী, পুষ্পবিশেষ, স্বর্ণযুঁই।
সুবর্ণস্তেয়, (সুবর্ণ-স্তেয়) স্বর্ণচৌর্য্য।
সুবর্ণা, (সুবর্ণ) কৃষ্ণ অগুরু ; বর্ণক্ষীরী বৃক্ষ ; হরিদ্রা, হলুদ। [সুবর্ণ বৃক্ষ, ধুতুরা গাছ
সুবর্ণাখ্য, (সুবর্ণ-আখ্যা) নাগকেশর বৃক্ষ, ধু-
সুবয়াঃ (সু-বয়স) প্রৌঢ়া স্ত্রী, প্রবীণা।
সুবসন্ত, সুন্দর বসন্তকাল ; সুজাতীয় বসন্ত রোগ। [মোৎসব।
সুবসন্তক (সু-বসন্ত) উৎসব বিশেষ, মদ
সুবহ, (সু-বহ) সুখবাহ্য ; সম্যক্ বহ।
সুবহা, (সুবহ) শেফালিকা ; বীণা।
সুবাস শোভন গন্ধ ; উত্তম নিবাস।
সুবাসিনী (সু-বাসিন্) লতাবিশেষ ; সুখে বসতি কারিণী ; পিতৃগৃহে স্থিতা কন্যা ইত্যাদি। [মোক্ষদা, নির্ব্বাণ।
সুবিচার, উত্তম বিচার, সুন্দর বিচারপূর্ব্বক
সুবিদত্র (সুবিদ) কুটুম্ব, পরিজন।
সুবিদল (সুবিদ) অন্তঃপুর।
সুবিদল্লা, [illegible] নারী, বিবাহিতা স্ত্রী।
সুবিদ, (সু-বিদ্) পণ্ডিত [illegible]
সুবিদ্যা, (সু-বিদ্যা) উত্তম বিদ্যা, উত্তম বিদ্বান উত্তম বিদ্যাযুক্ত।

সুবিধ (সু-বিধ) উত্তম, সহজ, অনায়াস।
সুবিধা, (সু-বিধ) সুযোগ; সুন্দর পথ।
সুবিধি, (সু-বিধি) উত্তম বিধান, সুনিয়ম।
সুবিনীত, (সুবিনীত) অতিশয় বিনয় বিশিষ্ট; সুশিক্ষিত বিনয়ান্বিত।
সুবীরাম্ল, (সুবীর-অম্ল) কাঞ্জিক, কাঁজী।
সুবীর্য্য, বদরীফল, কুল; উত্তম বীর্য্য।
সুবুদ্ধি সুন্দর মতি; সুধী, বুদ্ধিমান।
সুবৃত্ত, সুন্দর বর্ত্তুল; শূরণ, ওল।
সুবেল, ত্রিকূট পর্ব্বত; প্রণত; শান্ত।
সুবেশ, সুন্দর বেশযুক্ত; শোভন, ভূষণ বিশিষ্ট, শ্বেত ইক্ষু।
সুবেশী, সুন্দর বেশযুক্তা, উত্তমভূষা বিশিষ্টা।
সুবোধ, উত্তম জ্ঞানযুক্ত; সুন্দর বুদ্ধিবিশিষ্ট।
সুব্রহ্মণ্য, কার্ত্তিকেয়; সুন্দর ব্রহ্মচর্য্য।
সুভগ, (সু-ভগ) সুদৃশ্য; শোভন ঐশ্বর্য্যাদি যুক্ত; টঙ্কণ, সোহাগা; চম্পক, চাঁপা; অশোক বৃক্ষ।
সুভগা (সুভগ) পতিপ্রিয়া, সৌভাগ্যবতী; কেউটিয়া মুতা; হরিদ্রা; নীলদূর্ব্বা; সুবর্ণ কদলী, চাঁপাকলা।
সুভগাসুত, সুভগা স্ত্রীর পুত্র।
সুভঙ্গ, নারিকেল বৃক্ষ। [শুভ মঙ্গলযুক্ত।
সুভদ্র, (সু-ভদ্র) বিষ্ণু; রাজা বিশেষ; শো-
সুভদ্রক, (সু-ভদ্র) বিমান, দেবরথ; বিল্ববৃক্ষ
সুভদ্রা, (সু-ভদ্র) শ্যামালতা; শ্রীকৃষ্ণের ভগিনী, অর্জ্জুন ভার্য্যা।
সুভদ্রেশ, (সুভদ্রা-ঈশ) অর্জ্জুন।
সুভাঞ্জন, শোভাঞ্জন বৃক্ষ, শজনা গাছ।
সুভাষিত, সুন্দর কথিত; বুদ্ধবিশেষ।
সুভিক্ষ, সুলভ ভৈক্ষ দ্রব্য, সুলভ ভিক্ষাযুক্ত কাল; শস্যাদির বাহুল্য সময়।
সুভূ, (সু-ভূ) সুজন্মা, সুজাত, উৎকৃষ্ট ভূমি।
সুভূতিক, (সু-ভূত) বিল্ববৃক্ষ, শ্রীফল গাছ।
সুভৃশ, বাঢ়, গাঢ়, অতিশয়।
সুভোক্তা, (সু-ভোক্তৃ) যথেষ্ট আহারকারী, অতিশয় ভোক্তা।
সুভ্রূ, (সু-ভ্রূ) নারী, সুন্দর জকুটা স্ত্রী।
সুম, পুষ্প, কুসুম; চন্দ্র; আকাশ।
সুমঙ্গল, শোভন কল্যাণ, অতিশয় শুভ।
সুমঙ্গলা, (সুমঙ্গল) গাভরম্ভাভাড় গাছ; অতিশয় মঙ্গলযুক্তা। [সুন্দর উক্তি, সুন্দর জ্যোতি শোভা, সম্যক প্রকারে
সুমতি, সুন্দর বুদ্ধিযুক্ত, উত্তম বুদ্ধি; (সুমতি-অস্) উত্তম বুদ্ধি সম্পন্ন।
সুমদন, আম্রবৃক্ষ, আমগাছ।
সুমদাত্মজা, অপ্সরা, স্বর্গবেশ্যা।
সুমধুর, (সু-মধুর) অত্যন্ত মিষ্ট বাক্য; অতিশয় মধুর রসযুক্ত। [শোভন মনে যুক্ত।
সুমন, গোধূম; গম; ধুস্তুর, ধুতুরা; পুষ্প।
সুমনঃফল, (সুমনস-ফল) জাতীফল, জায়ফল; কপিথ বৃক্ষ, কতবেল।
সুমনস, পুষ্প কুসুম।
সুমনা, (সুমনস) শোভন মনোবিশিষ্ট; পণ্ডিত; মালতী পুষ্প। [রাগ।
সুমনোরজঃ, (সুমনস-রজস) পুষ্পধূলি, পরাগ।
সুমন্তু, মুনিবিশেষ, অথর্ব্ববেদের শাখা প্রচারক মুনি; অতিশয় অপরাধী।
সুমন্ত্র, দশরথ রাজার সারথি এবং মন্ত্রী; উত্তম মন্ত্রণাকারী।
সুমানুষ, সজ্জন, উত্তম ব্যক্তি।
সুমিত্রা, (সু-মিত্র) দশরথ রাজপত্নী, লক্ষ্মণ ও শত্রুঘ্নের মাতা।
সুমিষ্ট, সুমধুর; মাধুর্য্যান্বিত।
সুমুখ, উত্তম বদন; গরুড় পুত্র; গণেশ; নাগবিশেষ; পণ্ডিত; বাবুই গাছ; মনোজ্ঞ, সুন্দর।
সুমুখী, সুন্দরী নারী, সুন্দর মুখযুক্তা।
সুমূল, শালপর্ণীবৃক্ষ; সুন্দর মূলযুক্ত।
সুমেখল, মুঞ্জ তৃণ; মুঞ্জলতা; শোভন মেখলা যুক্ত। [সম্পন্ন।
সুমেধা, (সু-মেধস) সুবুদ্ধি, সুন্দর বুদ্ধি স-
সুমেরু, (সু-মেরু) পৃথিবীর কীলকস্বরূপ পর্ব্বত; পর্ব্বতবিশেষ, রত্নসানু, সুরালয়।
সুমেরুশিখর, সুমেরু পর্ব্বতের শৃঙ্গ; দেবতাদিগের নিবাসস্থল। [সংলগ্নতা।
সুমেল, সুন্দর মেলন; অবয়বের সমতা;
সুযামুন, বিষ্ণু, অট্টালিকা, প্রাসাদ, পর্ব্বত বিশেষ; মেঘবিশেষ। [সদুপায়।
সুযোগ, সুঘটন, উত্তম সময়, সুন্দর লগ্ন,
সুর, (সুর) দেবতা, অমর; সূর্য্য, পণ্ডিত।
সুরকারু, বিশ্বকর্ম্মা, দেবতাদের শিল্পী সুর-
কুরুঙ্গচূড়ী, গুলঞ্চ লতা। [বিশিষ্ট।
সুরক্ত, শোভন রাগযুক্ত; অতিশয় রক্ত
সুরগণ্ড, রোগ বিশেষ, রাজগাঁড়।
সুরগুরু, বৃহস্পতি, সুরাচার্য্য
সুরগ্রামণী, (সুর-গ্রামণী) ইন্দ্র, সুরপতি।
সুরঙ্গ, (সু-রঙ্গ) হিঙ্গুল; গর্ত্তবিশেষ, সুড়ঙ্গ

সুরগবাতু, গৈরিক, গেরিমাটি।
সুরঙ্গা (সুরঙ্গ) সঙ্ক, সিঁধ, সুরঙ্গ।
সুরঙ্গিকা, (সুরঙ্গ) মূর্ব্বা লতা, মুজ।
সুরজ, (সু-রঙ্গস) কলঃ পনস বৃক্ষ, কাঁটাল।
সুরশ্রেষ্ঠ, ব্রহ্মা, বিধাতা, প্রজাপতি।
সুরঞ্জন, গুবা, বৃক্ষ, গুপ রীগাছ।
সুরত (সু-রম) মৈথুন, স্ত্রীসংসর্গ, নিধুবন।
সুরতক্রীড়া, শৃঙ্গার, মৈথুন, স্ত্রীসংসর্গ।
সুরতভাল, দূতী, কুট্টিনী।
সুরতা (সুর) দেবত্ব; সুরসমূহ। [তিকারক
সুর তাষক, কৌস্তুভমণি; দেবতাদের প্রী-
সুরথ, (সু-রথ) চন্দ্রবংশীয় রাজা বিশেষ।
সুরদারু (সুর-দারু) দেবদারু বৃক্ষ।
সুরদীর্ঘিকা, স্বর্গগঙ্গা, মন্দাকিনী।
সুরদ্রুম, (সুর-দ্রুম) দেবদারু বৃক্ষ। [দ্বেষী।
সুরদ্বিপ দেবহস্তী।
সুরদ্বেষ্টা, (সুর-দ্বেষ্টৃ) অসুর দানব, অমর
সুরধনুঃ, (সুর-ধনুস) ইন্দ্রধনু, রামধনুক
সুরধুনী গঙ্গা, জাহ্নবী, ত্রিপথগা।
সুরনদী, (সুর-নদী) গঙ্গা, জাহ্নবী।
সুর নিম্নগা, গঙ্গা, জাহ্নবী সুরধুনী।
সুরপতি, ইন্দ্র, শক্র, দেবরাজ।
সুরপথ আকাশ, গগণ, অম্বর।
সুরপর্ণ, (সুর-পর্ণ) ঔষধি বিশেষ। [বৃক্ষ।
সুরপর্ণিকা, (সুর-পর্ণ) বৃক্ষ বিশেষ, পুন্নাগ
সুরপাদপ কল্পবৃক্ষ দেবতারু গাছ।
সুরপুর, দেবালয়; স্বর্গ; অমরাবতী।
সুরপুরী, (সুর-পুরী) অমরাবতী, স্বর্গপুরী।
সুরপ্রিয়, ইন্দ্র, বৃহস্পতি; দেবহৃদ্য, দেব-
তাদের প্রীতিজন।
সুরপ্রিয়া জতীপুষ্প; স্বর্ণরম্ভা, চাঁপাকলা।
সুররন্ধ্র, (সুর-রন্ধ্র) আকাশ, গগণ, অম্বর।
সুরবল্লভা (সুর-বল্লভ) শ্বেতদূর্ব্বা, শাদাদুর্ব্বা
সুরবল্লী, (সুর-বল্লী) তুলসী বৃক্ষ।
সুরভি, (সু-রভ) সাধুগন্ধ, সুগন্ধ; চম্পক;
বসন্তঋতু; জাতীফল বৃক্ষ; গন্ধ তৃণ; বকুল
বৃক্ষ; চৈত্রমাস; নবমালিকা; ধেনু বিশেষ।
সুরভিকা, (সুরভি) স্বর্ণ কদলী চাঁপাকলা।
সুরভিগন্ধি, (সুরভি-গন্ধ) শোভন গন্ধযুক্ত।
সুরভিদারু, বৃক্ষবিশেষ সরলবৃক্ষ। [গাছ।
সুরভিপত্র, (সুরভি-পত্র) জম্বু বৃক্ষ, জাম-
সুরভিবল্কল, গুড়ত্বক্ ; দারুচিনী।
সুরভিবাণ, কামদেব মদন, কন্দর্প
সুরভা (সু-রভ) সুগন্ধি; ধেনুবিশেষ।

সুরমণীয় (সু-রম) সুরম্য, অতিসুন্দর।
সুরম্য (সু-রম) সুরমণীয়; মনোহর।
সুরর্ষি, (সুর-ঋষি) দেবমুনি নারাদাদি ঋষি
সুরলা, জাহ্নবী, গঙ্গা, নদী বিশেষ।
সুরলাসিকা, বংশীবাঁদা, বাঁশীর শব্দ।
সুরলোক, স্বর্গ, দেবালয়, অমরাবতী।
সুরশাখী (সুর-শাখী) কল্পবৃক্ষ, সুরতরু।
সুরস, (সু-রস) স্বাদু, সুন্দর রসযুক্ত; গন্ধ-
তৃণ; সিন্ধুবার বৃক্ষ, নিসিন্দাগাছ।
সুরসদ্ম, স্বর্গ, সুরলোক; দেবালয়।
সুরসরিৎ, (সুর-সরিৎ) গঙ্গা, ভাগীরথী।
সুরসা (সুরস) সুন্দর রসযুক্তা; তুলসী
ব্রাহ্মীবৃক্ষ; দুর্গা; নদী বিশেষ।
সুরসিন্ধু, গঙ্গা, জাহ্নবী, ভাগীরথী।
সুরসুন্দরী, স্বর্গবেশ্যা, অপ্সরা; দুর্গা;
যোগিনী বিশেষ।
সুরা, (সুর) মদ্য, মদিরা। [উৎপত্তিস্থান।
সুরাকর (সুর-কৃ) নারিকেল বৃক্ষ; মদ্য
সুরাঙ্গনা, (সুর-অঙ্গনা) দেবপত্নী, অপ্সরা।
সুরাচার্য্য, (সুর-আচার্য্য) বৃহস্পতি, দেব-
গুরু। দেশ।
সুরাজক (সু-রাজন) উত্তম রাজার অধিকৃত
সুরাজা (সু-রাজন) শোভন রাজা সুন্দর
নৃপতি।
সুরাজীবী, (সুরা-জীবিন) শৌণ্ডিক, শুঁড়ী।
সুরাপ, (সুরা-পা) সুরাপান কর্ত্তা, মদ্যপায়ী
সুরাপগ, (সুর-অপগ) গঙ্গা, সুরধুনী।
সুরাপাত্র, চষক, মদ্যপানের আধার।
সুরাপান, মদ্যপান, মদিরা সেবন [সুরামণ্ড
সুরাভাগ, মদিরার অগ্রভাগ, মদের গোড়া;
সুরারি, (সুর-অরি) অসুর, দৈত্য, দনুজ,
দানব, দেবতাদের শত্রু।
সুরারিহন্তা, বিষ্ণু, নারায়ণ, অসুর নাশক।
সুরার্হ (সুর-অর্হ) হরিচন্দন; স্বর্ণ।
সুরালয় (সুর-আলয়) সুমেরুপর্ব্বত; স্বর্গ,
দেবালয়; মদ্যালয়।
সুরাষ্ট্র দেশবিশেষ, সুরাট দেশ।
সুরাহ্বা, (হ্বাৎ) উত্তম পন্থা; সুবিধা।
সুরাহ্ব বৃক্ষবিশেষ দেবদারুগাছ।
সুরুঙ্গ শোভাঞ্জন বৃক্ষ সজিনা গাছ।
সুরুঙ্গা, (সুরঙ্গ) সিঁধ, সুড়ঙ্গ, সন্ধি মনোহর
সুরূপ, শোভন রূপবিশিষ্ট সুন্দর, মনোজ্ঞ।
সুরূপা) শালপর্ণী বৃক্ষ, শালপাইন
গাছ; সুন্দরী, উত্তম রূপযুক্তা।

সুরেজ্য, বৃহস্পতি, সুর গুরু।
সুরেজ্যা, তুলসী বৃক্ষ।
সুরেন্দ্র (সুর-ইন্দ্র) দেবরাজ,সুরপতি,ইন্দ্র
সুরেশ্বর, (সুর-ঈশ্বর) রুদ্র; ইন্দ্র; বিষ্ণু।
সুরেশ্বরী, স্বর্গগঙ্গা, মন্দাকিনী, দুর্গা।
সুরোত্তম, (সুর-উত্তম) সূর্য্য; দেবশ্রেষ্ঠ।
সুরোত্তর, (সুর-উত্তর) চন্দন, শ্রীখণ্ড।
সুরোদ, (সুরা-উদ) সুরাসমুদ্র।
সুর্মা, (বাং) পারদমিশ্রিত ধাতু বিশেষ।
সুলভ, (সু-লভ) সুখলভ্য, অনায়াস প্রাপ্য
সুললিত (সু-ললিত) সুন্দর মনোজ্ঞ,কোমল
সুলক্ষণা, (সু-লক্ষণ) উমার সখী বিশেষ; সুন্দর লক্ষণ যুক্তা।
সুলোচন, হরিণ; দুর্য্যোধন; সুন্দর চক্ষুর্যুক্ত
সুলোচনা, (সুলোচন) মাধবরাজপত্নী, উত্তম নয়নযুক্তা নারী।
সুলোহক, (সু-লোহ) পিত্তল, পিতল।
সুলোহিতা, (সু-লোহিত) অগ্নির জিহ্বা বিশেষ; সুন্দর রক্তবর্ণ।
সুশর্ম্মা, (সু-শর্ম্ম) নিন্দিত ব্রাহ্মণবিশেষ; শোভন সুখ বিশিষ্ট, রাজাবিশেষ।
সুশিখ, (সু-শিখা) অগ্নি; উত্তম শিখাযুক্ত।
সুশিক্ষিত, উত্তমরূপে শিক্ষা প্রাপ্ত।
সুশীত পীতচন্দন; অতিশয় শীতল।
সুশীতল, (সু-শীতল) গন্ধতৃণ, অতিশয় শীত গুণ বিশিষ্ট, অতিশয় স্নিগ্ধ।
সুশীল, শোভনশীল বিশিষ্ট,সচ্চরিত্র,সুস্বভাব
সুশীলতা, (সুশীল) সৎস্বভাব, সচ্চরিত্র।
সুশীলা, (সুশীল) শ্রীকৃষ্ণের মহিষী বিশেষ সৎস্বভাবা নারী। [সুরীতি।
সুশৃঙ্খল, উত্তম নিয়ম যুক্ত, সুধারান্বিত।
সুশৃঙ্খলতা, (সুশৃঙ্খল) সুধারা, উত্তম নিয়ম;
সুশ্রাব্য, (সু-শ্রু) সুন্দর শ্রবণযোগ্য, সুখশ্রবণ জনক সুমধুর, মিষ্ট। [সুন্দর।
সুশ্রী (সু-শ্রী) সুন্দর শ্রীযুক্ত, শোভনাকৃতি,
সুশ্রীকা, (সু-শ্রী) জন্তুবিশেষ, শল্লকী; সুরূপ সুন্দরী; শ্রী বিশিষ্টা।
সুশ্রুত, (সুশ্রু) বিশ্বামিত্র মুনিপুত্র, চিকিৎসা শাস্ত্রকর্ত্তা; চিকিৎসা গ্রন্থ বিশেষ।
সুষম, (সু-ষম) শোভন, সুন্দর; সম, সমান।
সুষমা, (সুষম) পরম শোভা।
সুষুপ্ত, (সু-স্বপ) সুষুপ্তাবস্থা, সুষুপ্তিযুক্ত, গভীর নিদ্রান্বিত।
সুষুপ্তি, (সুস্বপ) গভীর নিদ্রা, সুষুপ্তিযুক্তনিদ্রা।
সুষুম্না, মেরুদণ্ডের মধ্যে ইড়াপিঙ্গলা নাড়ী মধ্যস্থ নাড়ী বিশেষ। [উৎকৃষ্ট।
সুষ্ঠু, (সু-স্থা) প্রশংসার্থ; অতিশয়, উত্তম,
সুসংস্কৃত, ঘৃতাদি নানা দ্রব্যদ্বারা যত্ন পূর্ব্বক সংস্কৃত, ব্যঞ্জনাদি; পরিষ্কৃত; উত্তম সংস্কার বিশিষ্ট। [ভূষান্বিত।
সুসজ্জ (সু-সজ্জ) উত্তম সজ্জা যুক্ত, শোভন
সুসত্যা, (সু-সত্য) জনক রাজ ভার্য্যা।
সুসময়, উত্তম কাল; সম্পত্তির সময়।
সুসম্পদ, সৌভাগ্য, পরমভাগ্য, উত্তম ঐশ্বর্য্য বিশিষ্ট। [ধনাঢ্য।
সুসম্পন্ন, (সু-সম্পন্ন) উত্তমরূপে সাধিত;
সুসহ, (সু-সহ) সুখসহ্য, সুসহ্য। [সহজ
সুসাধ্য, অনায়াস সাধ্য, অক্লেশে সাধনীয়,
সুসার, (সু-সার) রক্ত খদির; অতিশয় সার বিশিষ্ট; কুলীন, প্রতুল। [ম বালুকা।
সুসিকতা, (সু-সিকতা) শর্করা, চিনী; উত্ত-
সুস্থ, (সু-স্থা) অরোগী, স্বচ্ছন্দ, নীরোগ।
সুস্থতা, (সুস্থ) আরোগ্য, স্বাচ্ছন্দ্য
সুস্থির, (সু-স্থির) স্থিরতর, অচঞ্চল; দৃঢ়।
সুস্না, দ্বিদল বিশেষ, খেঁসারীর দাল।
সুস্পষ্ট, অতিশয় ব্যক্ত, স্ফুট, সুপ্রকাশ।
সুস্বর, উত্তম কণ্ঠশব্দ; উত্তম রবযুক্ত।
সুস্বাদু, মিষ্ট, মধুর রসযুক্ত। [স্বাদুযুক্ত।
সুস্মিতা, (সু-স্মিত) স্ত্রীবিশেষ; সুন্দর ঈষদ্ধাস্য
সুহিত, সু-ধা বিহিত, তৃপ্ত।
সুহৃৎ, (সু-হৃদ) মিত্র, বন্ধু, সখা।
সুহৃদয় প্রশস্তমনাঃ সহৃদয়, শুদ্ধান্তঃকরণ
সুহৃদ্ভেদ, (সুহৃদ-ভেদ) সুহৃদ্ভঙ্গ, বন্ধুবিচ্ছেদ
সুই, (সূচি), সীবনার্থ সূক্ষ্ম লৌহ শলাকা বিশেষ [র; মৃগ বিশেষ।
সূকর (সূ-কৃ) শূকর, বরাহ, কুম্ভকার, কুক্কু-
সূকরী, (সূকর) বরাহক্রান্তা, সূকর জায়া।
সূক্ত, শোভন উক্তিবিশিষ্ট, বেদোক্ত স্তোত্র মন্ত্রাদি।
সূচ, (সূচি) কুশাঙ্কুর; সুঁই সুঁচ।
সূচক, (সূচ) পিশুন; সীবনদ্রব্য সূচ; কুকুর বিড়াল, কাক, পিশাচ, নাটকাদিতে সূত্রধার; জ্ঞাপক, প্রকাশক।
সূচন, (সূচ) জ্ঞাপন, বোধন; অনুষ্ঠান।
সূচনা, (সূচ) কল্পনা; অনুষ্ঠান
সূচাগ্র, (সূচ) সূচ্যগ্রবৎ সূক্ষ্মাগ্র, সরু আগা।
সূচি, (সূচ) সীবনী সূচ অগ্রভাগ; শিখা
সূচিক, (সূচ) সূচিজীবী, দরজী, সৌচিক।

সূচিজীবী, (সূচি-জীবিন) দরজী, সৌচিক।
সূচিত, (সূচ) কথিত ; বোধিত, জ্ঞাপিত।
সূচিপত্র, নিঘণ্ট পত্র ; তালিকা।
সূচিপুষ্প, কেতকী বৃক্ষ, কেয়াগাছ।
সূচিবদন, নকুল, বেজী ; মশক, মশা।
সূচিযান, গরুড়, বৈনতেয়।
সূচিরোমা, (সূচি-লোমন) বরাহ, শূকর।
সূচিশালি, সূক্ষ্ম শালি, সরুধান্য।
সূচী, (সূচ) সীবন দ্রব্য, সূচ, সূঁই।
সূচীপত্র, নিঘণ্ট পত্র, অনুক্রমণিকা।
সূচীপত্রা, (সূচী-পত্র) গণ্ডদূর্ব্বা, গাঠিয়া দূর্ব্বা।
সূচীপুষ্প, কেতকী পুষ্প, কেয়াফুল।
সূচীমুখ, হীরক ; সূঁচের ন্যায় মুখ, বাণ বিশেষ।
সূচীরোমা, (সূচী-লোমন) শূকর ; সূচী তুল্য লোম বিশিষ্ট।
সূচ্যগ্র, (সূচি-অগ্র) সূচের অগ্রভাগ।
সূচ্যাস্য, (সূচি-আস্য) মূষিক, উন্দুর, সূচের তুল্য মুখ।
সূত, (ষূ) সারথি ; ক্ষত্রিয় হইতে ব্রাহ্মণী গর্ভজ সন্তান ; বন্দী ; সূর্য্য ; পুরাণ বক্তা প্রসবকরা ; সূত্র।
সূতক, (ষূ) জন্ম ; জননাশৌচ।
সূতকা, (ষূ) সূতিকা, নবপ্রসূতা।
সূতকাগৃহ, সূতিকা গৃহ, প্রসবাগার।
সূতকাশৌচ, (সূতক-অশৌচ) প্রসবানন্তর প্রসূতির অশৌচ।
সূততনয়, (সূত-তনয়) কর্ণরাজ।
সূতলী, (সূত) রজ্জু, দড়ী, সূতা।
সূতা, (সূত্র) তন্তু, সূত।
সূতি, (ষূ) প্রসব ; সীবন, সেলাই।
সূতিকা, (ষূ) নব প্রসূতা।
সূতিকাগার, (সূতিকা-আগার) প্রসবগৃহ, প্রসবালয়।
সূতিকারোগ, নবপ্রসূতা স্ত্রীর পীড়াবিশেষ।
সূতিকাষষ্ঠী, সূতকাগারে পূজনীয়া দেবী বিশেষ।
সূতিগৃহ, প্রসবাগার, সূতিকা ঘর।
সূতিমাস, প্রসবমাস।
সূতীগৃহ, প্রসবাগার সূতিকালয়।
সূৎকার, অনুকরণ শব্দবিশেষ, সংকার।
সূত্থান, (সু-উত্থান) চতুর ; সুন্দর উত্থান।
সূত্যাশৌচ, (সূতি-অশৌচ) জননাশৌচ।
সূত্যা, যজ্ঞস্নান ; সোমলতা রসপান।
সূত্র, (সূত্র) সূতা, তন্তু ; অনেকার্থ বোধক সংক্ষিপ্ত বাক্য, ব্যাকরণের লক্ষণ।

সূত্রকণ্ঠ, ব্রাহ্মণ, বিপ্র, দ্বিজ ; খঞ্জন পক্ষী খঞ্জরীট ; কপোত, পায়রা।
সূত্রকোণ, বাদ্যযন্ত্র বিশেষ, ডমরু।
সূত্রগণ্ডিকা (সূত্র-গণ্ড) তন্তুবায়ের উপকরণ বিশেষ, সূতার নলী।
সূত্রতর্কুটী, (সূত্র-তর্কু) চরকার টেকো।
সূত্রধর, (সূত্র-ধৃ) বাড়ুই, ছুতার ; রঙ্গাবতারক।
সূত্রধার, শচীপতি, ইন্দ্র ; প্রধান নট ; রঙ্গাবতারক।
সূত্রপাত, স্থলমাপকরা ; গৃহাদির পত্তনার্থ-সূতা ফেলা।
সূত্রপুষ্প, কার্পাস, কাপাস।
সূত্রবেষ্টন, তন্তুবায়ের উপকরণ বিশেষ, তাসনী।
সূত্রযন্ত্র, সূত্রবেষ্টন কাষ্ঠ, তাঁত ; সূতপ্রস্তুত করিবার কল।
সূত্রলা, (সূত্র-লা) তর্কু, চরকার টেকো।
সূত্রামা, ইন্দ্র, দেবরাজ, পুরন্দর।
সূত্রী, (সূত্র) কাক, বায়স ; সূত্র বিশিষ্ট।
সূদ (ষূ) সূপকার, পাচক, রন্ধনকর্ত্তা ; সূপ ব্যঞ্জন ; অপরাধ ; পাপ। নিক্ষেপণ।
সূদন, অঙ্গীকার করণ ; বিনাশ করণ, হনন
সূন, প্রসব, পুষ্প ; বিকসিত ; জাত।
সূনা, পুত্রী ; বধস্থান, মৃগ পক্ষিদের হত্যা-স্থল ; মাংসবিক্রয়ী।
সূনী, ব্যাধ ; মাংসবিক্রয়ী
সূনু, (ষূ) পুত্র, তনয়, সন্তান, আত্মজ ; অর্ক বৃক্ষ, আকন্দগাছ।
সূনু, (ষূ) কন্যা, পুত্রী, তনয়া, দুহিতা।
সূনৃত, সত্য অথচ প্রিয়বাক্য ; মঙ্গল।
সূনৃতবাদী, সত্য অথচ প্রিয়বাক্য বক্তা, মিষ্ট ও প্রিয়ভাষী।
সূন্মদ, (সু-উন্মদ) উন্মত্ত, ক্ষিপ্ত, পাগল।
সূপ, (ষূ) ব্যঞ্জন বিশেষ ; দালি ; রন্ধনকর্ত্তা পাচক ; ভাণ্ড ভাঁড়।
সূপকার, (সূপ-কৃ) পাককর্ত্তা, পাচক, রসুইয়া।
সূপশ্রেষ্ঠ, দ্বিদল বিশেষ, মুগা, মুগ।
সূপাঙ্গ, (সূপ-অঙ্গ) হিঙ্গু, হিং।
সূর, (সূ) সূর্য্য, ভাস্কর, রবি, অর্কবৃক্ষ।
সূরণ, মূল বিশেষ, ওল।
সূরত, কৃপালু, দয়াবিশিষ্ট, দয়ালু।
সূরসূত, অরুণ, সূর্য্য সারথি।
সূরি, (সূর) পণ্ডিত, শাস্ত্রজ্ঞ ; সূর্য্য।
সূর্প, (সূর্প) শূর্প, কুলা।
সূর্ম্মী, রাজবিদ্রোহীর অঙ্গ বিশেষ।
সূর্য্য, (সূ) দিবাকর, দিনপতি ; দানব বি-শেষ।

সূর্য্যকান্ত, মণিবিশেষ ; স্ফটিক ; কাচমণি।
সূর্য্যকান্তি, (সূর্য্য-কান্তি) পুষ্প বিশেষ।
সূর্য্যকাল, দিবস, দিবা।
সূর্য্যগ্রহ, প্রথমগ্রহ ; আদিত্য ; সূর্য্যের গ্রহণ। [হওন।
সূর্য্যগ্রহণ, সূর্য্যোপরাগ, সূর্য্যের রাহুগ্রস্ত
সূর্য্যজ, (সূর্য্য-জন) সুগ্রীব বানর ; শনিগ্রহ
সূর্য্যজা, (সূর্য্য-জন) যমুনা নদী।
